ফেয়ার স্টেট এইগুলির বন্দোবস্ত করতে পারে না সেই গভর্নমেন্টের টেঁকা উচিত নয়। যে বিল আনা হয়েছে সেখানে আমাকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, এই বিলে বলা হয়েছে "সার্টেন সদর এ্যান্ড সাব-ডিভিসনাল হসপিটালস"। এই রাষ্ট্রের হাসপাতালগুলির মধ্যে কেন আবার পিক এ্যান্ড চুজ করা হ'ল তা জানি না। আমাদের প্রদেশ বা স্টেটের মধ্যে যেসকল হাঁসপাতাল আছে, তার মধ্যে সরকারী ছাড়া অনেক বেসরকারী হাঁসপাতালও আছে। কলকাতা সহরে এবং সদর ও সাবডিভিসনেও আছে। এর মধ্যে কেন বাছাবাছি করা হ'ল তার উদ্দেশ্য উনি বলেন নি। বড় বড় হাঁসপাতাল কলিকাতায় আছে, বেসরকারী হাঁসপাতালেও এনডাউমেন্ট আছে, ট্রাস্ট আছে, সবই আছে এবং একথা স্বীকার করা হয়েছে গভর্নমেন্টের বহু কম্যুনিকেতে যে কলিকাতায় এত রোগী আছে যে হাঁসপাতালগুলি অত রোগী দেখে উঠতে পারে না। মাঝে মাঝে সরকার জানান যে এত রোগী যেন কলকাতায় না আসে; এটা কাগজেও আমরা পড়েছি। কিন্তু রোগীরা কেন এখানে আসে, সে কারণ তিনি বলেন নি। সেই কারণ আমরা জানি। যে গভর্নমেন্ট এখানে আছে তা কংগ্রেসী গভর্নমেন্ট এবং আবাদী কংগ্রেসে রেজোলিউসান হয়েছিল সোশিয়ালিস্টিক প্যাটার্ন প্রবর্তন করার জন্য। যদিও আমাদের মুখ্যমন্ত্রী সম্প্রতি বাইরে জনসভায় বলে ফেলেছেন যে, সোসালিস্ট প্যাটার্ন তিনি বোঝেন না, কিন্তু তাঁরা এটা বুঝতে বাধ্য, কারণ রেজোলিউসান হয়ে গেছে সোশিয়ালিস্টিক প্যাটার্ন করতে হবে। কিন্তু আমরা দেখছি হাঁসপাতালগুলির চিকিৎসার ব্যাপারে ক্যাপিটালিস্টিক টাইপ চলছে। কেন হচ্ছে তাই জানাচ্ছি। সদর এবং সাবডিভিসনে হাঁসপাতাল আছে। স্বাস্থ্যমন্ত্রীমহাশয় জানেন, তিনি একজন এ্যানাটমির টিচার ছিলেন, আমিও এ্যানাটমির টিচার, তিনি আমার কো-একজামিনার ছিলেন। তিনি জানেন স্টম্যাকের ক্যাপাসিটি কি? মেডিকেল কলেজে রোগীরা পার ক্যাপিটা ডায়েট পায় ২৷৷০ টাকা। পটলডাঙ্গা হসপিটালে ২৷৷০ টাকা পায় আর উল্টোডাঙ্গায় ১৩ আনার বেশী পায় না। তাহ'লে আমরা কি ধরে নেব যে, পটলডাঙ্গার রোগীদের ২৷৷০ টাকা খাবার পাকস্থলী আছে আর উল্টাডাঙ্গার হাঁসপাতালের রোগীরা ১৩ আনার বেশী খেলে মরে যাবে। এই যে ব্যবস্থা, এখানে আমি জিজ্ঞাসা করতে চাই যে, মেডিকেল কলেজের জন্য এ্যামেনিটিজ দরকার তা আমরা জানি, যদি ইউনিফরমিটিজ অব এ্যামেনিটিজ হ'ত তাহ'লে সারা বাংলাদেশে সেটা সংগত হ'ত। আমাদের সদর সাভডিভিসনাল হাঁসপাতালগুলির কথা জানি, সেখানে ৫ আনা ৬ আনা যদি খেতে পায় তাহ'লে তাদের সৌভাগ্য বলতে হবে। এই হচ্ছে অবস্থা। যদি শুধু মন্ত্রীমহাশয় সার্টেন সদর এবং সাব-ডিভিসনাল হসপিটালস না বলতেন তাহ'লে এই বিলকে আমরা অভিবাদন করতাম। আমরা এই বিলকে অভিবাদন করতাম যদি মন্ত্রীমহাশয় সমস্ত বেসরকারী হাঁসপাতাল যাহা পশ্চিম বাংলায় আছে তাদের সমস্ত ব্যয়ভার তাঁরা তুলে নিতেন এবং একই রকম চিকিৎসার ব্যবস্থা করতেন। আমি আপনার কাছে জানাচ্ছি কি রকম হয়। সদর সাবডিভিসন হাঁসপাতাল চন্দননগরে একটি আছে, সেখানে ডাক্তার আছে। আগে যখন চন্দননগর এ্যাডমিনিস্ট্রেটিভ কাউন্সিলের তত্ত্বাবধানে ছিল তখন সেখানে লোকাল এ্যাডমিনিস্টেসানের চোখের সামনে ছিল এবং তারা যে কোন সময়ে ইন্সপেকসান করতে যেতে পারতো এই সম্ভাবনার দরুণ হাঁসপাতালের স্টাফের একটা ভয় ছিল। কিন্তু এখন তাদের প্রভুরা থাকেন রাইটার্স বিল্ডিংসে। অতএব তাঁরা সেখানকার লোককে কেয়ার করেন না। রাইটার্স বিল্ডিংসের কর্তৃপক্ষকে যদি কোন রকমে সন্তুষ্ট করা যায় তাহ'লে তাদের চাকরী থাকবে। এফিসিয়েন্সি থাক আর নাই থাক তার জন্য কিছু যায় আসে না। আপনারা জানেন বেঙ্গল টেলিফোন আগে কি ছিল আর এখন সরকারের হাতে এসে কি হয়েছে। মন্ত্রীমহাশয় সবই জানেন কিন্তু তাদের এফিসিয়েন্সি বার ঠিকই থাকে। আমাদের ওখানের একটা হাঁসপাতালের কথা বলছি। ৬ই মার্চ একটা পেসেন্ট ভর্তি হয়, ২৬ দিন হাঁসপাতালে থাকে এবং তারপর ডিসচার্জ করা হয়। ডিসচার্জ কার্ডে ডায়াগনসিস ছিল জ্বর, ফিভার। এখানে আমার মেডিসিনের শিক্ষক আছেন, যিনি আমাদের মেডিসিন পড়িয়েছিলেন—ডাক্তার বন্ধুরাও আছেন। তাঁরা জানেন

fever is not a diagnosis, it is a sign or a symptom.

একথা আমার শিক্ষকমহাশয়ই শিখিয়েছেন, আমরাও শিখেছি। ৬ বছরের মেয়েটির জ্বর এবং কাসি ছিল। চন্দননগরের হাঁসপাতালে এক্স-রে ইনস্টলেসান আছে, রেডিওলজিস্ট আছে, তা

সত্ত্বেও ডায়াগনসিস হ'ল ফিভার! তাকে পাঠানো হ'ল আউটডোরে। সেখানে চীফ মেডিকেল অফিসার তাকে এক্স-রে করবার জন্য হুগলী ইমামবাড়া হাঁসপাতালে পাঠিয়ে দিলেন। তাঁরা রিপোর্ট দিলেন

"Extensive bilateral infiltration in both lungs."

তারপরে তাকে শ্রীরামপুরে টি, বি, ক্লিনিকে নিয়ে যাওয়া হ'ল। তারা বললেন, কেসটা বহু এ্যাডভান্সড হয়ে গেছে, অনেক দেরী হয়ে গেছে। আপনারাই ভেবে দেখুন হস্পিটালের এটা কি রকম স্ট্যানডার্ড অব এফিসিয়েন্সি। শুধু এখানে এনডাউমেন্ট ট্রাস্ট ফান্ড এ্যাডমিনিস্ট্রেটর-জেনারেলের হাতে দিয়ে দিলেই প্রদেশের স্বাস্থ্যোন্নতি হবে না। তাহ'লে বলতে হবে যে ফান্ড কার হাতে গেল কি না গেল সেটাই বড় কথা নয়, এই ফান্ডগুলিকে রেগুলারাইজ করা দরকার। তাই যদি ইমপ্রুভমেন্ট করতে হয়, উন্নতি করতে হয়, তাহ'লে দু'টো জিনিষ দেখতে হবে। সুধীরবাবু এখানে আইনের কথা বলে গেছেন, আমি আইনের কথা জানি না, সেইজন্য আইনের কথা তুলবো না। কিন্তু আমি জানাতে চাই, হাঁসপাতালে চিকিৎসার যদি উন্নতি করতে হয়, যদি ওয়েলফেয়ার স্টেটের পত্তন করতে হয়, যদি সোসালিস্ট প্যাটার্ন অব সোসাইটী করতে হয়, তাহ'লে এ পথে হবে না—এ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সি এবং প্রফেসনাল এফিসিয়েন্সি এই দুই দিকেই দেখতে হবে। এ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সি আনতে গেলে ভিজিল্যান্স এবং ইন্সপেকসান চাই। রাইটার্স বিল্ডিংসে বসে এ্যাডমিনিস্ট্রেসান চালালে জলপাইগুড়ির হস্পিটাল কেয়ার করবেন না। জলপাইগুড়ির লোক মরলো কি বাঁচলো, কেন মরলো সেটা রাইটার্স বিল্ডিং থেকে বিচার করা যাবে না। সরকারের অনেক ডেপুটী ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেস আছে, কিন্তু আমি জানি না তাঁরা বৎসরে কতবার মফঃস্বলের হাঁসপাতালগুলি ইন্সপেক্ট করেন। তাদের এফিসিয়েন্সি সম্বন্ধে কি করছেন? আপনি শুনলে আশ্চর্য হবেন কি পদ্ধতিতে ডাক্তারী করা হয়। কিছুদিন পূর্বে হুগলীতে একজন সিভিল সার্জেন্ট ছিলেন। তিনি চক্ষু চিকিৎষায় পারদর্শী।

[4-30—4-40 p.m.]

সেই যে চক্ষু চিকিৎসা বিশারদ চোখের যদি ছানি পড়ে তাহ'লে তা দ্বারা উপকার হয়। একথা ঠিক কিন্তু সেখানে যদি একটি ইমার্জেন্সি কেস, একটা এ্যাকিউট এ্যাপেন্ডিসাইটিস বা ডিফিকাল্ট লেবার আসে তাহ'লে পর উপযুক্ত ট্রিটমেন্ট করা হয় না, সেটা মেডিকেল কলেজে পাঠিয়ে দিতে হয়। চন্দননগরের হাঁসপাতালেও এরূপ ঘটনা ঘটেছে। সেখানে একজন এফ, আর, সি, এস, সিভিল সার্জন, চীফ মেডিক্যাল অফিসার। তিনি একাধিক সিম্পল ফ্র্যাকচার কেসের চিকিৎসা না ক'রে আর,জি,কর হস্পিটালে পাঠিয়ে দিয়েছেন। ধরুন, রিটেনসান অব ইউরিন, যার জন্য সুপ্রাপিউটিক অপারেশন প্রয়োজন, এই সমস্ত কেস যে কোন ভাল ডাক্তার এমন কি লাইসেনসিয়েট ডাক্তারেরও এ জিনিষ চিকিৎসা করা উচিত। কিন্তু তা না ক'রে রিলিফ করার জন্য যদি কলকাতায় পাঠিয়ে দেওয়া হয় তাহ'লে কলকাতার হাঁসপাতালে ভীড় হবে না কেন? এই পলিসির জন্য কে দায়ী? যদি প্রত্যেক জেলায়, সদর হাঁসপাতালে এফিসিয়েন্ট ডাক্তার দেওয়া হ'ত তাহ'লে এ জিনিষ হ'ত না। ব্যবস্থা এমনভাবে করা হ'ক, এমনভাবে এ্যারেঞ্জ করা উচিত যাতে মেডিক্যাল, সার্জিক্যাল এ্যান্ড গায়নোকোলজিক্যাল, যে কোন রকম ইমার্জেন্সি কেস যেন ট্যাকল করা যায়। অবশ্য এসকল ছাড়াও এমন অনেক কেস আছে যা কলকাতায় আসবে।

তারপর নর্থ বেঙ্গলে জলপাইগুড়িতে, বর্ধমান ও বাঁকুড়ায় যে মেডিকেল স্কুলগুলি ছিল তা উঠিয়ে দিয়ে চারটি মেডিক্যাল কলেজ করা হয়েছে এবং সব কয়টিই এই কলকাতায় সেন্ট্রালাইজ করা হয়েছে। কিন্তু এরকম কোন্ স্টেটে আছে? মাদ্রাজে যতগুলি মেডিক্যাল কলেজ আছে সে সবগুলি কি মাদ্রাজ সহরে? বোম্বেতে যে মেডিক্যাল কলেজ আছে সে সবগুলি কি বোম্বাই সহরে? এমন কি বিহারে যে দু'টি মেডিক্যাল কলেজ আছে তার একটি দ্বারভাঙ্গায় ও অন্যটি পাটনায়। কিন্তু বাংলাদেশে সবে ৪টি মেডিক্যাল কলেজ তার সব কটিই কলকাতার বুকে। তাতে সমস্ত বাংলাদেশের লোক যদি কলকাতায় আসে তাহ'লে কি লোকের দোষ? একথাই জিজ্ঞাসা করছি।

আজকে আপনারা জানেন—পাকিস্থান হওয়ার পর উত্তরবঙ্গ কলকাতা তথা পশ্চিম বাংলা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। সেখানে ট্রেনে বা নৌকা ক'রে মন্ত্রীমহাশয় যদি একবার ঘুরে আসেন তাহ'লে আমরা জানি কলকাতায় ফিরে এসে তাদের গা টেপাতে হবে। এই তো অবস্থা। এখন উত্তরবঙ্গের কোন কমপ্লিকেটেড কেস, গ্যাসপিং পেসেন্ট যদি আজ কলকাতার পথে গাড়ীতে মারা যায় তাহ'লে তার জন্য দায়ী হবে কে? আজ শুধু কলকাতায় না ক'রে জলপাইগুড়িতেও যদি একটা আলাদা মেডিকেল কলেজ করা হ'ত এবং সেখানে ফার্স্ট গ্রেড ডক্টর রাখা হ'ত, ফিজিসিয়ান, গায়নোকোলজিক্যাল অবসটেরিক্স সার্জন ইত্যাদির ব্যবস্থা হ'ত তাহ'লে একদিকে স্থানীয় লোকেরা যেমন চিকিৎসার সুযোগ পেয়ে উপকৃত হ'ত অন্যদিকে স্থানীয় ডাক্তাররাও কনসাল্টেসানের সাহায্য পেত। তাহ'লে কলকাতায়ও ভীড় কমিত। মফঃস্বলে রোগীদের খাদ্যের যে অবস্থা সে আপনারা হয়ত জানেন—কলকাতার হাঁসপাতালে ২৷৷৹ টাকার ডায়েট আর মফঃস্বলে ৷৴১০ আনার ডায়েট—এই তো অবস্থা। যদি এফিসিয়েন্ট এ্যাডমিনিস্ট্রেসান হ'ত তাহ'লে আজ ৷৴৹ আনার "সিন্নী" খেয়ে মফঃস্বলে রোগীদের পড়ে থাকতে হ'ত না। এই যে অবস্থা, এই যদি পলিসি হয় তাহ'লে আমি বুঝতে পারি না ওয়েলফেয়ার স্টেট বলবার মানে কি। এরা সোশিয়ালিস্টিক প্যাটার্ন অব সোসাইটী করছেন কিন্তু জলপাইগুড়িতে রোগী ৷৴১০ আনা খাবে আর কলকাতায় রোগী ২ টাকা খাবে—

is it in keeping with the socialistic pattern or spirit?

আমি একথা জিজ্ঞাসা করছি। এ্যান্টিবায়োটিক ড্রাগস মেডিক্যাল কলেজে দেওয়া হয় কিন্তু সদর এ্যান্ড সাবডিভিসনাল হসপিটালে কি এ্যান্টিবায়োটিক ড্রাগ দেওয়া হয়? সেখানে চরণামৃত দেওয়া হয়ত হয় না কিন্তু মিকশ্চার বলে যে পদার্থ ওখানে দেওয়া হয় তার যে কি স্ট্যানডার্ড তা কি আপনারা জানেন না, না মন্ত্রীমহাশয় জানেন না? আমি আমার নিজের হাঁসপাতালের কথাই বলি। ওয়ার টাইমে যে কুইনাইন ৫ গ্রেণ ক'রে দেওয়া হ'ত, অনুসন্ধান ক'রে দেখা গেল তাতে ৫ গ্রেণ ক'রে থাকে না—অথচ যেখানে ৫ গ্রেণ ক'রে ঔষধ দেওয়া দরকার সেই ম্যালেরিয়াতে যদি তার কম দেওয়া হয় তাহ'লে রোগ সারবে কি ক'রে? চায়ের চিনি কমবেশী হ'লে চেখে হয়ত বুঝা যায় কিন্তু কুইনাইন তেতো, তাতে পাঁচ গ্রেণ আছে কি কম আছে তা চেখে বুঝা যায় না—এই যে অবস্থা তাতে মফঃস্বলের রোগী যদি কলকাতায় এসে ভীড় জমায় তাহ'লে এটা কি তাদের দোষ?। মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে, এই বিল আনবেন না। তিনি এনডাউমেন্ট ও ট্রাস্ট ফান্ড রেগুলারাইজেসানের কথা বলেছেন। ১২ বছরে যদি রেগুলারাইজড না হয়ে থাকে তাহ'লে আরও দু'বছর অপেক্ষা করলে বিশেষ ক্ষতি হবে না। ১৪ বৎসর রামচন্দ্রের বনবাস হয়েছিল কিন্তু বিলের বনবাস হবে না। তাই বলছি এমন বিল নিয়ে আসুন যে বিলের মধ্যে সোশিয়ালিস্টিক প্যাটার্ন রিয়ালি দেখতে পাব, যে বিল এনে একটা গভর্নমেন্ট ওয়েলফেয়ার স্টেট বলে গর্ব করতে পারবেন। তারপর বর্তমানে যে সমস্ত হাঁসপাতাল আছে তাতে, আপনারা জানেন, মন্ত্রীমহাশয়ও জানেন, এই রকম কমপ্লেন্ট হয় যে, ডাক্তাররা সময়মত যেতে পারেন না, তাতে রোগীদের কষ্ট হয় কিন্তু অনারারী এ্যাপয়েন্টমেন্ট—তারাও তো পেটে খাবে—ঠিক সময়ে যেতে যদি না পারে তাহ'লে দোষই বা কাকে দেব? মন্ত্রীমহাশয় ইন্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট যখন ছিলেন তখন অনেক ভাল ভাল কথা বলেছিলেন—ইন্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েশনে নেতা হিসাবে তার যে স্পিরিট ছিল, আদর্শ ছিল আশা করি এখানেও সেই আদর্শ, সেই স্পিরিট দেখতে পাব; তা না হয়ে যে বিল হচ্ছে সার্টেন হসপিটালস পিক এ্যান্ড চুজ কেন করা হ'ল তা বুঝতে পাচ্ছি না। এখানে রাখহরিবাবু বল্লেন, বাঁকুড়া মিশনারী হাঁসপাতাল, বাঁকুড়া সম্মিলনী হাঁসপাতালকে কেন ত্যাজ্যপুত্র করা হ'ল? মন্ত্রীমহাশয় কি জানেন না যে, বাঁকুড়া সম্মিলনী, বাঁকুড়া মেডিক্যাল স্কুলকে কলেজ করবার চেষ্টা করেছিল? ইউনিভার্সিটি সিন্ডিকেট ইউন্যানিমাসলি এ্যাপ্রুভাল দিয়েছে, শুধু চ্যান্সেলরের এ্যাপ্রুভাল বাকী ছিল। জানি না কোন্ কারণে এই এ্যাপ্রুভাল বাকী রয়েছে! ইউনিভার্সিটি থেকে ইন্সপেক্টর গিয়েছিলেন ইন্সপেক্ট করতে। ইন্সপেক-সানের পর বল্লেন, কতকগুলি গলদ আছে। শ্রীকুমারবাবু এখানে ব'সে আছেন, তিনিও সেই সময় সিন্ডিকেটে ছিলেন, তিনিও জানেন কি গলদ আছে, কেন তাকে এ্যাফিলিয়েসান দেওয়া হ'ল না? এই ত্রুটিগুলি সংশোধন করবার জন্য বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে উন্নয়ন করবার জন্য সম্মিলনী ২ লক্ষ ২৷৷৹ লক্ষ টাকা খরচ করল এবং সিনেট এ্যাফিলিয়েসান দিল, কিন্তু কার

অসন্তুষ্টির জন্য কোনখানে হোচট্ খেল যার জন্য ফর্মাল্ এ্যাপ্রুভাল দেওয়া হ'ল না? আশা করি গভর্নমেন্ট এবং মন্ত্রীমহাশয় এ বিষয়ে অনুসন্ধান করবেন। তারপর ভোর কমিটির রিপোর্ট কি ছিল? তাতে ছিল বেশী কলেজ করা হ'ক, সদর এ্যান্ড সাবডিভিসনাল হসপিটাল করা হ'ক, সেটা ডিসস্ট্রিক্টওয়াইজ না হ'ক অন্ততঃ বাইরে করা হ'ক, কিন্তু সে জিনিষ এখানে দেখতে পাচ্ছি না। মুখ্য মন্ত্রীমহাশয় সেই রিপোর্টের একজন সাক্ষরকারী ছিলেন কিন্তু সেই রিপোর্টে যা রেকমেন্ডেসানস ছিল এখানে তা কার্যে পরিণত করার কোনও লক্ষণ দেখতে পাচ্ছি না। আজকে সদর ও সাবডিভিসনাল হাঁসপাতালের কতকগুলির এনডাউমেন্ট ও ট্রাস্ট ফান্ড সম্বন্ধে ব্যবস্থা করাটাই যদি একমাত্র উদ্দেশ্য হয় এনডাউমেন্ট ও ট্রাস্ট ফান্ড যা ছিল সেগুলি এ্যাডমিনিস্ট্রেটর-জেনারেলের হাতে দেওয়া তাহ'লে তাতেই কি বাংলাদেশের স্বাস্থ্যের উন্নতি হয়ে যাবে? ইম্পিরিয়াল ব্যাঙ্কের টাকা সেন্ট্রাল ব্যাঙ্কে রাখলেই কি দেশের স্বাস্থ্যের উন্নতির পরাকাষ্ঠা হয়ে যাবে? কোন্ ইউনিফরমিটির কথা মন্ত্রীমহাশয় বলছেন সেটা আমরা জানতে চাই। হাঁসপাতালে কি দেখতে পাই?

Uniformity in administrative, efficiency, uniformity as regards amenities, diet, medicine, etc.

এই সমস্ত ইউনিফরমিটির ব্যবস্থা হচ্ছে কি? কোথাও কিছু দেখতে পাই না। তারপর বলা হয়েছে এনডাউমেন্ট কন্ডিসান প্রাইভেট হসপিটালে যা আছে তা বজায় রেখে দেব। প্রাইভেট হসপিটালে এনডাউমেন্ট কন্ডিসান কিছু কিছু এমন আছে যাতে কম্যুনাল বা ডিফারেন্সিয়াল ট্রিটমেন্ট হতে পারে। সে সব সর্ত ইন্ডিয়ান কন্সটিটিউসানের বিরোধী হবে। যেমন, মাড়োয়ারী হাঁসপাতালে মাড়োয়ারী ছাড়া ভর্তি হতে পাবে না, ইসলামিয়া হসপিটালে মুসলমান ছাড়া ভর্তি হতে পাবে না। তারা হয়ত বলবেন, না, এমন কিছু কন্ডিসান তাতে নাই। সেকুলার স্টেট আমাদের, তাই কম্যুনাল কোন কন্ডিসান রাখতে পারে না, তবে এমনিভাবে কন্ডিসানগুলো রাখা হয়েছে যেন মাড়োয়ারী হাঁসপাতালে মাড়োয়ারী এবং ইসলামিয়াতে মুসলমান ছাড়া ভর্তি হতে না পারে। এনডাউমেন্ট ট্রাস্টে সে রকম যদি থাকে তাহ'লে আইন ক'রে তার বিহিত করা যায় কিনা সে বিষয়ে সচেষ্ট হওয়া উচিত। এফিসিয়েন্সি ইন এ্যাডমিনিস্ট্রেসান যদি করতে হয় তাহ'লে হাঁসপাতালে যারা যায় সেইসব লোকের মতামত তাদের দৃষ্টি এড়াবার যাতে কোন উপায় না থাকে সেই ব্যবস্থা করা উচিত। যদি তা না ক'রে সাইড ট্র্যাক করার ব্যবস্থা করেন তাহ'লে এফিসিয়েন্সি ইন এ্যাডমিনিস্ট্রেসান কোন দিন হবে না।

আমি আপনাদের কাছে নিবেদন করবো কোন্ পার্টি কি বলছে সেদিকে না ঝুঁকে বিলটাকে আরও বৃহত্তর করুন এবং এমন বিল নিয়ে আসুন যাতে শুধু মন্ত্রীমহাশয় এবং বাংলা গভর্নমেন্টের নয়, সারা বাংলাদেশের গৌরব হবে এবং জনসাধারণ সত্যই মনে করবে যে সত্যই এটা একটা ওয়েলফেয়ার স্টেট; তা যদি না হয় তাহ'লে দেশের যে অবস্থা তাতে সব রোগ বেড়েই যাবে।

[4-40—4-50 p.m.]

কেন এত রোগ হচ্ছে? কি কি কারণে এত রোগ হচ্ছে তা ভাবা উচিত। এইসব দিক ভেবে, বিবেচনা ক'রে এইসব সদর হাঁসপাতাল করা উচিত। আমি মেডিক্যাল কলেজে সম্প্রতি গিয়েছি। সেটা টিচিং হসপিটাল। সেখানে বেডের পাশে ছেলেরা দাঁড়াতেই পারে না। সেখানে ক্লিনিকস দেওয়া হবে কেমন ক'রে? আপনারা অনুগ্রহ ক'রে গিয়ে দেখে আসবেন ছেলেরা দাঁড়াতে পারে কি না। এটা সত্যিই আশ্চর্যের বিষয় যে, মেডিক্যাল কলেজে এমন একটা অবস্থা হতে পারে যে, ছেলেরা দাঁড়াতে পারে না। টিচাররা বেডের পাশে ছাত্রদের নিয়ে দাঁড়াতে পারেন না। কত রকম ইনফেকসান নিয়ে রোগী আসে। হয়ত একজন টাইফয়েড রোগী সাসপেক্টেড টিউবারকুলার রোগীর পাশে সিট পেল। তার টাইফয়েড সেরে গেল, কিন্তু টিউবারকুলার রোগীর ঘনিষ্ঠ সংস্পর্শে থাকায় বাড়ী যাওয়ার সময় ড্রপলেট ইনফেকসান নিয়ে বাড়ী গেল। এই তো হয়েছে আমাদের দেশের সায়েন্টিফিক হসপিটালের অবস্থা। অনুগ্রহ ক'রে আপনারা যান, দেখে আসুন আজ মেডিক্যাল কলেজে কি অবস্থা হয়েছে। একটা টিচিং হসপিটালের অবস্থা এরকম হতে পারে তা দেখে না এলে বিশ্বাস হবে না। মফঃস্বলের হাঁসপাতালগুলির যদি উন্নতি করতে চান তবে এ্যাডমিনিস্ট্রেটিভ

এফিসিয়েন্সি ও প্রফেসানাল এফিসিয়েন্সি দুদিকেই নজর দিতে হবে। রাইটার্স বিল্ডিংসে বসে ডেপুটী ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেসের নাম্বার বাড়ালেই হবে না। স্থানীয় লোক আছেন, মিউনিসিপ্যালিটি আছে, ইলেক্টেড বডি আছে, ইন্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসান আছে, আপনাদেরও বিশিষ্ট লোক আছেন, তাঁদের নিয়ে ইন্ডিয়ান মেডিক্যাল এ্যাসোসিয়েসানের সহযোগিতায় এমন হাঁসপাতাল তৈরী করুন যাতে লোকে হাঁসপাতালের উপর বিশ্বাস রাখতে পারে। আমাদের দেশে কিছুদিন পূর্বে লোকে হাঁসপাতালে যাবার নাম করলেই আতঙ্কিত হ'ত এবং মনে করত হাঁসপাতালে ভর্তি হওয়া মানেই মৃত্যু। এখন মফঃস্বলে এই অবস্থাই চলছে। সেখানে লোকে হাঁসপাতালের চেয়ে মাদুলীর উপর বেশী বিশ্বাস রাখে কেন? কারণ হাঁসপাতালের ব্যবস্থার উপর তাদের আস্থা নেই। তারা মনে করে হাঁসপাতালে যাওয়া মানে স্থির মৃত্যু।

Mr. Speaker: Mr. Chatterjee, your time is over.

Dr. Hirendra Kumar Chatterjee:

আচ্ছা, তাহলে আমি বসছি। পরে বিশেষ করে বলব।

Mr. Speaker: I did not like to interrupt because it was your maiden speech and the Parliamentary convention is that if a member speaks for the first time he should not be interrupted. I ought to tell you that the debate should always be relevent. It is a circulation motion but you have practically covered the whole medical administration. Henceforth you should try to confine yourself to the subject matter of the debate.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I have listened to the friends opposite. Sir, you have rightly pointed out the irrelevancy of the points raised by my friend Dr. Chatterjee. So far as the other points raised by Mr. Banerjee I would say that since Government have taken over charge of these sadar and subdivisional hospitals funds, as far as could be made available, have been utilised for improving the conditions of those hospitals. The hospitals at Jalpaiguri, Burdwan, Darjeeling, Berhampore, Balurghat, Suri and Malda are district hospitals and have been upgraded. It cost us at the rate of about 8/10 lakhs to bring each of them up to the modern standard. Regarding subdivisional hospitals—Siliguri, Raiganj, Vishnupur, Rampurhat, Jhargram and Bongaon have been taken up for improvement. Some of them have already been improved and works are in progress in others. My object in bringing forward this Bill before this House is to get your assent so that Government can go on spending money over these institutions which have become to all intents and purposes State institutions. When the amendments will be moved it will be seen that some more hospitals have been sought to be brought in. But I would say that only those hospitals which have been taken over by the Government are intended to be brought under the provisions of this Bill. We are alive to the difficulties of non-official institutions existing all over the State and whenever appeals were made to us we have tried our utmost to make financial aid available to these non-official hospitals to the best of our ability. Sj. Rakhahari Chatterjee has mentioned about the Bankura Sammilani Hospital. Probably many do not know that during the last four years Government have made available 1 lakh 97 thousand rupees to this hospital. I had been to Bankura Sammilani Hospital and to my amazement I found no improvement made in the hospital by proper utilisation of this sum of money. The money was perhaps diverted in trying to improve the school to make it fit one for University affiliation as a Medical College but that is not the point before us. So far as the point raised by Sj. Sudhir Ray Chaudhuri, an astute lawyer, I can assure him through you Sir, that Government have not suffered even the loss of a penny by this belated Bill. The money is lying with the trustees—either the District Magistrate or the Chairman of the Municipality

or the Chairman of the District Board or the trustees of the donors. Only money could not be made available to us for utilisation for the purpose for which these funds were endowed. That is why we want to regularise the whole thing by bringing it under one agency. We have suggested to make the Official Trustee as the truste of all the trusts so that we can utilise thereby the money that are lying in trust. He can rest assured that no money will be lost to the Government and there is no question of limitation so far as these trusts are concerned. This is not a property transaction. This is utilisation of a sacred trust and I do not think there will be any loss on that account. Dr. Chatterjee has waxed eloquence about the welfare State. I am one of those who believe no less than him that the patients' care should be the concern of the State. In this State we are devoting each year enhanced expenditure so that positive health can be achieved in this State of ours. If statistics can have any value the death rate has decreased considerably in this State of ours. How can that be possible unless the Government is managing the hospitals in a more efficient manner? I wish we could take over all the hospitials but the private sector should also have some scope for work and non-official institutions have played their part admirably well in the past. I do not think by merely taking them over by Government there will be brought an atmosphere of reliability. Much has been said about the sadar and subdivisional hospitals, as so many death-traps where people come in not to be relieved of their suffering but to be relieved of their human existence. But even then I can tell the House that the number of patients seeking succour in these institutions have increased not only because disease and death have increased but because of the economic conditions prevailing in the country and the apprehension which people had in the past about scientific medicines has gradually disappeared and people have commenced to appreciate the beneficial measures which are made available in these hospitals.

[4-50—5-15 p.m.]

Dr. Chatterjee has mentioned about the Chandernagore Hospital. We from this State of ours have not changed the personnel of this hospital. The personnel remain the same although the hospital has vested in us, the Government of West Bengal, on the 2nd of October last year. If the defect is there in the personnel's behaviour towards the patients, seen ("Question" from the Opposition benches) it is not the responsibiiity of the Government because this Government in course of these few months have not done some such thing so that the very behavioiur, the character and the mental outlook of the medical personnel attached to the Chandernagore Hospital can get so bad as that.

Regarding inspection and other factors our agencies are there. They are doing their utmost to see that the staff in these hospitals do perform their duty which is their legitimate obligation and the people do get the best from them. I do not think, Sir, by agreeing to the motion for circulation of the Bill we will gain anything. On the contrary, I think the delaying tactics will be followed and it will be difficult for the Government to proceed ahead with the upgrading programme of these hospitals in course of time.

The other hospitals which need special consideration, if they agree and if we find funds enough and resources enough to take them over certainly we will do so with the greatest amount of pleasure. But I am now confining the consideration to the 36 hospitals whose names have been included in the schedule.

Sir, I think, although belated, nothing is to late in the day. Let us do what is possible to take them over on a permanent and legal basis and do our

utmost to improve these hospitals. That is the aim behind the objective of this Bill. With these words, Sir, I oppose the circulation motion.

The motion of Sj. Tarapada Bandopadhyay that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1955, was then put and lost.

Mr. Speaker: The other amendment No. 2 of Sj. Rakhahari Chatterjee falls through.

The motion of the Hon'ble Dr. Amulyadhan Mukherji that the Sadar and Subdivisional Hospitals Bill, 1955, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 1(*1*), lines 1 and 2, for the words "Sadar and Subdivisional Hospitals" the words "State Hospitals" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 1(*2*), in line 3, after the word "appoint" the words "which shall not be later than 1st April, 1956" be inserted.

Dr. Narayan Chandra Ray:

আমার এ্যামেন্ডমেন্টটা ইন কিপিং উইথ দি প্রব্লেম—যেটা ডাঃ হীরেণ চ্যাটার্জী আমাদের সামনে রেখেছেন। আমি চেয়েছি এই এ্যামেন্ডমেন্টে যে সদর এ্যান্ড সাবডিভিসনাল হসপিটালের বদলে স্টেট হসপিটাল কথাটা সাবস্টিটিউট করা হ'ক। তার মানে এর মধ্যে বিরোধিতার কোন ভাব নাই। আমি যেটা চাচ্ছি, উনি যেটা চাচ্ছেন, সেটা আরও একটু বৃহত্তর ক'রে স্টেট হসপিটাল ক'রে কলিকাতা পর্যন্ত সমস্ত হাঁসপাতালগুলি নিয়ে নেন। কেন? আপনি জানেন ভবিষ্যতে ভারতবর্ষ তথা বাংলাদেশে ফাইভ ইয়ার প্ল্যান্ বা অন্য কোন প্ল্যানের মধ্যে চিকিৎসাকে যদি কেন্দ্রীভূত ক'রে ফেলা হয়, তাহ'লে আমি বিশ্বাস করি চিকিৎসা বিকেন্দ্রীকরণ করতে গেলে প্রতিষ্ঠানগুলিকে বিকেন্দ্রীকরণ না করলে চলবে না। উনি বলেছেন পাবলিক সেক্টর রাখতে চাই। ওটা শুধু একটা কথার কথা নিয়েছেন। সেখানে ফাইভ ইয়ার প্ল্যান ও ইকনমিক্সের কথা আনা হয়েছে—পাবলিক সেক্টর ইন মেডিসিন। যেখানে পাবলিকের ট্যাঁকে পয়সা নাই, যেখানে সাধারণ মানুষ চাচ্ছে হাঁসপাতালগুলি সব এক জায়গায় আসুক সেখানে ইকনমিক্সের বড় বড় কথা হচ্ছে। উনি পাবলিক সেক্টর ইন মেডিসিন রাখতে চান। কিন্তু ইকনমিক্সের কন্ট্রোভার্সি এখন ইকনমিক্সে থাক। আমি অনুরোধ করছি আগে হাঁসপাতালগুলি সেন্ট্রালাইজড করুন; পরে যা আছে তা পরে দেখা যাবে।

Sj. Jnanendra Kumar Choudhury:

আমার এ্যামেন্ডমেন্টটা হচ্ছে, উনি এর একটা ডেট ফিক্স করেন নাই সেই ডেট তিনি ফিক্স করুন। স্টেট ম্যানেজড করছেন যখন, তখন সেটা ফুল-ফ্লেজেড স্টেট হসপিটাল হয়ে যাবে, সেটা কবে থেকে হবে, তার কোন ডেট এখানে না থাকায় আমি একটা ডেট মেনসান করতে বলছি। এর আগে এস্টেটস্ এ্যাকুইজিসান এ্যাক্টের যেমন ডেট মেনসান করা ছিল, ১৩৬২ সালের ১লা বৈশাখ। তাই আমি বলছি

"It shall come into force on such date as the State Government may by notification in the Official Gazette, appoint, but not later than the 1st April, 1956".

এইটা করা হ'ক। কেন না, সরকারের অনেক বিষয়ে দেখা যায় ফুল-ফ্লেজেড গভর্নমেন্ট হসপিটাল হয়ে গেলে কতকগুলি এ্যাডভান্টেজ আছে। সেখানে যারা টেম্পোরারীভাবে সার্ভ করছে, তাদের সুবিধা আছে। অবশ্য এতে লজ্জিত হবার কারণ নাই। যাঁরা চাকরী করছেন স্টেট হসপিটাল হ'লে পর পার্মানেন্ট হতে পারবে। তাতে ক'রে তাঁরা অনেক সুযোগ সুবিধা পাবেন। তাই একটা টাইম ফিক্স করা হ'লে ভাল হয় যে এই সময়ের মধ্যে এটা নিয়ে নেবেন।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, as I have explained earlier, we are concerned with those hospitals which are already in our possession. By making the term wide we will bring in complication the results of which it will be very difficult to assess at this stage. I want to make it clear further that if the authorities of any institution cannot run it properly and want to make it over to the Government, we will certainly look into it with the utmost amount of sympathy and concern.

With regard to the amendment of Sj. Jnanendra Kumar Chaudhury to fix date as 1st April, 1956, I think, Sir, we will be able to give effect to the provisions of the Bill, if it is enacted, much earlier than 1st April, 1956. Therefore, there will hardly be any room for any difficulty which he visualizes. None will be adversely affected if the Bill is passed and I can assure you, Sir, and the members through you that no delay will occur from our side to give effect to the provisions of the Bill.

Therefore, I am unable to accept either of the amendments.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 1(*1*), lines 1 and 2, for the words "Sadar and Subdivisional Hospitals" the words "State Hospitals" be substituted, was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 1(*2*), in line 3, after the word "appoint" the words "which shall not be later than 1st April, 1956" be inserted, was then put and lost.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that clause 2(*b*) be omitted.

এতে বলবার কিছু নাই। এটা প্রথম এমেন্ডমেন্টটার কোরোলারী এর আরগ্যুমেন্টও ঐ একই।

The motion of Dr. Narayan Chandra Ray that clause 2(*b*) be omitted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

[At this stage the House was adjourned till 5-15 p.m.]

[*After adjournment*].

[5-15—5-25 p.m.]

Clause 3

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 3(*1*)(*a*), in line 6, after the word "Government" the words "and be State property" be inserted.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 3(*1*)(*c*), line 3, for the words "as from that day" the words "as from the date of their appointment" be substituted.

Sj. Subodh Banerjee; Sir, I beg to move that in clause 3(*1*)(*c*), lines 6 to 8, for the words beginning with "may be determined by" and ending with "before that day" the words "are applicable to Government employees but in no case shall the special amenities or benefits, if any, existing before that day be withdrawn" be substituted.

Mr. Speaker: Amendments Nos. 10 and 11 are out of order.

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমার এমেন্ডমেন্টটা কিছুই নয়। আমার এমেন্ডমেন্ট হচ্ছে—

(1)(a) "that the said hospitals together with all lands, buildings, erections, fixtures, furniture, equipments, stores, drugs, monies, contracts,debts and all other assets and liabilities thereof shall, subject to sub-section (*2*), stand transferred to the State Government and be State property."

যদি কোন লিগ্যাল ডিফেক্ট থাকে বা যদি কোন রকম গলদ থাকে সেইজন্য স্টেট প্রপার্টি করা হউক। এই এমেন্ডমেন্ট থাকলে কোন কালে কোন কোয়েশ্চেন উঠতে পারবে না। এই আমার এমেন্ডমেন্ট।

Dr. Narayan Chandra Ray:

এই ক্লজ (৩)(১)(সি) সেকসানের এ্যামেন্ডমেন্টের উদ্দেশ্য হচ্ছে যে সব 'পার্সনস এমপ্লয়েড' আছে তাদের সার্ভিস রেগুলারাইজ করা হবে কি না। কিন্তু 'অবজেক্টস্ এ্যান্ড রিজনস্'এ এমন কতকগুলি ভেগ কথা রয়েছে যেটা ক্ল্যারিফাই না করলে গরীব কর্মচারীদের পক্ষে মন্ত্রীমহাশয়ের কাছে রাইটার্স বিল্ডিংসে দরখাস্ত পেশ করা এবং সুবিচারের আশা করা মুস্কিল। এখানে লেখা আছে—

"Existing employees of the hospital who are already treated as temporary Government servants shall be deemed to be full-fledged Government servants from the aforesaid date".

এই 'এ্যাফোরসেড ডেট' সম্বন্ধে একটা ক্ল্যারিফিকেসান এবং মডিফিকেসান চাইছি। এই কথা অনুসারে লীগ্যালি টেকন ওভার হ'লে পর তারা যদি গভর্নমেন্ট সার্ভিসে টেম্পোরারী হিসাবে দুর্ভিক্ষের সময় থেকে ৪৩তে আসে আর আজ এই ৫৫তে ল ইন অপারেসান হবার পর সে কথা মানে কি তারা পার্মানেন্ট সার্ভেন্ট ফ্রম দ্যাট ডেট হবে? সে সম্বন্ধে ক্ল্যারিফিকেসান নাই, এ্যাক্ট হয়ে আছে। এ্যাজ ফ্রম দি ডেট অব হিজ এ্যাপয়েন্টমেন্ট হ'লে যখনই সে হাঁসপাতালে ঢুকছে তা সেটা প্রাইভেটলি ম্যানেজড থাক আর যাই থাক—যেমন কারখানায় যারা কাজ করে, বা সম্পত্তি হস্তান্তর হ'লেও যে মনিবেরই কাজ হবে তার কাজ সেইদিন থেকেই কাউন্টেড হবে এই নিয়ে বাহিরে চারিধারে গণ্ডগোল মিট করা হয়। কিন্তু সরকার যেখানে নিচ্ছেন সেখানে সাধারণ মানুষের চেয়ে সরকারের কাছে লোক বেশী সুবিধার আশা করে। সুতরাং এখানে ক্ল্যারিফিকেসান থাকা উচিত যে যেদিন আইন পাশ করেছেন সেইদিন থেকে না যেদিন টেক ওভার করেছেন সেইদিন থেকে? আর একটা কথা হচ্ছে, তারা সেই হাঁসপাতালে যখন কাজ করত তখন তারা পার্মানেন্ট ছিল, তারা পার্মানেন্ট সার্ভেন্টস অব দি হসপিটাল ছিল। কিন্তু সরকার নিচ্ছেন ব'লে সে কি টেম্পোরারী অফিসার অব দি গভর্নমেন্ট হয়ে থাকবে। সরকার যে দিন নিচ্ছেন ১৫ বছর পরে সে বেঁচে কাজ করবে মাত্র দু'বছর। টেম্পোরারির জায়গায় পার্মানেন্ট সার্ভিস ফর টু ইয়ার্স এটা করায় লাভ হবে কি? যদি এতটুকু উদারতা থাকে এটা দয়া ক'রে গ্রহণ করলে সব সমাধান হয়।

Sj. Subodh Banerjee:

মীঃ স্পীকার, স্যার! আমার সংশোধন প্রস্তাব যে সমস্ত শ্রমিক কর্মচারী হাঁসপাতালে কাজ করছে তাদের সম্বন্ধে। এখানে এই বিলে একটা কথা বলা হয়েছে যে, তাদের চাকরীর সর্ত কি হবে তা সরকার পরে ঠিক করবেন। এ যে কোন্ ধরণের কথা তা বুঝি না। যে মুহূর্তে সরকার হাঁসপাতালগুলোকে গ্রহণ ক'রে নিয়েছেন সেই মুহূর্ত হতেই এই সমস্ত কর্মচারীরা সরকারী কর্মচারী ব'লে বিবেচিত হওয়া উচিত। শুধু তাই নয়। কেবলমাত্র আইনসম্মত করার জন্য যেদিন থেকে হাঁসপাতালগুলো এই বিলের জোরে নেওয়া হবে সেই দিন হতে তাদের সরকারী কর্মচারী ধরলে হবে না; যবে থেকে কার্যতঃ সরকার এই হাঁসপাতালগুলো গ্রহণ করছেন তবে থেকে তাদের সরকারী কর্মচারী ব'লে বিবেচনা করা উচিত এবং সরকারী কর্মচারীর চাকুরী সম্পর্কে যে সমস্ত সর্ত, যে টার্মস এ্যান্ড কন্ডিসান্স, সেগুলি সেদিন থেকে তাদের প্রতি প্রযোজ্য হওয়া উচিত। একথা সরকার কোন জায়গায় বলেন নি। যবে থেকে আইনত গ্রহণ করেছেন এই বিলের মারফৎ তবে থেকে এই আইনগুলি তাদের প্রতি প্রযোজ্য হবে এই

কম মনে হচ্ছে। তাও আবার ভবিষ্যতে সরকার কি আইন করবেন তা আমরা জানি না। আমি মনে করি যে, সরকারী কর্মচারীদের চাকুরীর টার্মস এ্যান্ড কন্ডিসান্স যা আছে সেগুলো এদের প্রতি প্রযোজ্য হওয়া উচিত। সাথে সাথে একথাও বলা উচিত যে, বর্তমানে বিশেষ সুখসুবিধা তাদের যদি কিছু থেকে থাকে তাহ'লে সেগুলি কেড়ে নেওয়া হবে না। আজকালকার দিনে শ্রমবিরোধ মেটাবার জন্য যে সমস্ত ট্রাইবিউন্যাল গঠিত হচ্ছে তার সর্বত্রই এই নীতি স্বীকার করা হয়। ট্রাইবিউন্যাল যে এ্যাওয়ার্ড দেন সেখানে পরিষ্কার ক'রে ব'লে দেওয়া হয়—বর্তমানে যে সমস্ত সুখসুবিধা আছে তা কোনক্রমে কেড়ে নেওয়া হবে না। সেই সমস্ত দিকে লক্ষ্য না রেখে সরকার বিলে বলেছেন এ্যাজ মে বি ডিটারমিন্ড বাই দি স্টেট গভর্নমেন্ট। এই ভাষা অস্পষ্ট ও ভবিষ্যতে কি হবে তা এ থেকে জানা যায় না। তাই সে জায়গায় আমার বক্তব্য—

as are applicable to Government employees but in no case shall the special amenities or benefits, if any, existing before that day be withdrawn.

মোট কথা, এই সমস্ত হাঁসপাতালের কাজে নিযুক্ত কর্মচারী এবং শ্রমিকদের সরকারী কর্মচারী হিসাবে ব্যবহার করতে এবং সরকারী কর্মচারীদের প্রতি চাকরীর সর্ত যা যা প্রযোজ্য সেই সমস্ত কর্মচারীদের প্রতি সেই সেই সর্ত প্রয়োগ করতে এবং যদি কোন বিশেষ সুখসুবিধা এই সমস্ত কর্মচারী পেয়ে থাকেন তাহ'লে তা অব্যাহত রাখতে হবে—এই আমার সংশোধনের বক্তব্য।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I have listened to the argument put forward by Shri Jnanendra Kumar Chaudhury. I do not find that it will be necessary to accept his amendment. That the property shall be transferred to the State Government is implicit enough, also that this would be run as a Government institution.

So far as Dr. Ray's amendment is concerned he wants to clarify, rather he wants to get an assurance from the Government—whatever earthly assurance is possible I have provided in the Objects and Reasons as well as in the Bill itself. I may inform you, Sir, when the institutions were taken over by the Government the employees themselves chose to be treated as temporary Government servants with the rights and privileges which they were then enjoying, namely, contributiion to the Provident Fund and utilisation of admissible leave rules, etc.

[5-25—5-35 p.m.]

Those things are now in observance. After the Bill is passed, they will be treated not as temporay Government servants but as permanent Government employees with all the privileges attached to the permanent employees of the State and I do not think any of the employees of any category will stand to lose in any way. On the contrary, I am positive that they will gain financially as well as from the status point of view. Therefore, I do not see any point in accepting any of the amendments. I, therefore, oppose all the amendmetns.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that in clause 3(*1*)(*a*), in line 6 after the word "Government" the words "and be State Property" be inserted was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 3(*1*)(*c*), line 3, for the words "as from that day" the words "as from the date of their appointment" be substituted was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3(*1*)(*c*), lines 6 to 8, for the words beginning with "may be determined by" and ending with "before that day" the words "are applicable to Government employees but in no case shall the special amenities or benefits, if any, existing before that day be withdrawn" be substituted was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

New Clause 4A.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that after clause 4 the following new clause be inserted, namely:—

> "4A. In order to ensure efficiency in the administration of the said hospitals and to create confidence in public mind, the State Government shall appoint one hospital Committee for each hospital consisting of 50 per cent. of the members from local municipal bodies, 25 per cent. of the members from local members of the Indian Medical Association to be nominated by the local Indian Medical Association and the balance 25 per cent. of the members being nominated by the State Government of which the local M.L.A. shall be one."

মাননীয় স্পীকারমহাশয়, যে এ্যামেন্ডমেন্ট আমি দিয়েছি সেই এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে গোড়াপত্তনের সময় আমি আমার বক্তব্য পূর্বেই বলেছি। আমি একথা জানাতে চাই যে, হাঁসপাতালে রোগী যাওয়ার কথা আমার বন্ধু এবং মন্ত্রীমহাশয় বলেছেন, যে সেখানে বেশী লোক যাচ্ছে এবং সেইজন্য রোগীর সংখ্যা বাড়ছে। রোগীর সংখ্যা দু'রকমে বাড়ে—এক হাঁসপাতালের উপর আস্থা থাকলে পরে কিম্বা শাসনপদ্ধতি ভাল হ'লে পরে।

Mr. Speaker: You can speak on those things in the third reading, but now confine yourself to your amendment.

Dr. Hirendra Kumar Chatterjee: I am speaking on my amendment. সেই কথাই বলছি, রোগী বেশী হচ্ছে সেইজন্য আরো বেশী প্রয়োজন হয়েছে এই এ্যামেন্ডমেন্টের। কারণ সকলেই জানেন, সংবাদপত্রে কলকাতার হাঁসপাতালগুলির ব্যবস্থার বিরুদ্ধে কী বেরিয়েছে এবং সেটা যে দায়িত্বজ্ঞানহীন কাগজে বেরিয়েছে তা নয়, যে কাগজকে সরকার খাতির করেন এমন কাগজে বেরিয়েছে। সেইজন্য এই এ্যামেন্ডমেন্টের প্রয়োজন হয়েছে। যে হাঁসপাতালে রোগী আসবে সেখানে এ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সির উপর লক্ষ্য রাখবার জন্য লোক থাকা প্রয়োজন। আমার মনে হয়, এই এ্যামেন্ডমেন্টটা মন্ত্রীমহাশয়ের নিজেরই গ্রহণ করা উচিত। এবং যাঁরা আমাদের ওদিকে বসে আছেন তাঁরা যেখান থেকে এসেছেন, সদর বা সাবডিভিসন, সেখানকার হাঁসপাতালে কি কি কাজকর্ম চলছে সেটা স্থানীয় দায়িত্বজ্ঞানসম্পন্ন লোকেদের হাতে দেওয়ার জন্য আমার এ্যামেন্ডমেন্টে বলেছি। যেখানে মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশান আছে সেখান থেকে যারা নির্বাচিত, অর্থাৎ জনসাধারণের যাদের উপর আস্থা আছে, এমন লোক থাকবে। ইন্ডিয়ান মেডিকেল এসোসিয়েশান, যেখানে আমাদের বর্তমান স্বাস্থ্যমন্ত্রী সভাপতি ছিলেন, তিনি নিজেই এই দাবী করেছিলেন। সেই ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশান যার একদিন সভাপতি ছিলেন আমাদের বর্তমান মুখ্য মন্ত্রীমহাশয়। এই ইন্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশান একটা সর্ব-ভারতীয় সংগঠন, গভর্নমেন্ট রেকগনাইজড এবং এখান থেকে লোক এলে প্রফেসানাল এফিসিয়েন্সি এবং এ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সি কি রকমভাবে চলছে, রোগীর কি রকম ব্যবস্থা করা হয়েছে, সেগুলি তাদের চোখের সামনে থাকবে। এটা সত্য কথা যে, রাইটার্স বিল্ডিংসে বসে এখান থেকে শত শত মাইল দূরে যারা আছে তাদের প্রতি দৃষ্টি দেওয়া সম্ভবপর নয়। এটা মন্ত্রীমহাশয় নিজেও স্বীকার করবেন, অনেক সময় তাঁরা এটা বলেও থাকেন যে, এতদূর থেকে সব দেখাও তাঁদের পক্ষে সম্ভবপর নয়। এটা যদি স্থানীয় একটা হসপিটাল কমিটিকে দেওয়া যায় এবং তাদের কি কর্তব্য সেটা নির্দেশ করা যায় তাহ'লে অন্ততঃ সেখানকার যাঁরা কর্মচারী এবং ডাক্তার আছেন, তাঁরা একটু সচেতন

হবেন একথা আমরা সকলেই জানি। স্বাস্থ্য মন্ত্রীমহাশয় চন্দননগর হাঁসপাতালের ডাক্তারদের সম্পর্কে বলেছেন যে, তাঁরা পূর্বেকার শাসন পরিষদের দ্বারা নিযুক্ত হয়েছিলেন। আমি মন্ত্রীমহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, চন্দননগরে যেসব ডাক্তার এ্যাপয়েন্টেড হয়েছিল সেগুলি কংগ্রেস কর্মপরিষদের আমলে। সেকথা বোধ হয় স্বাস্থ্য মন্ত্রীমহাশয় জানেন না অথবা জেনেও বলেন নি। এ্যাডমিনিস্ট্রেটিভ কাউন্সিলের আমলে স্থানীয় তীক্ষ্ম দৃষ্টি থাকায় একটা মরাল টোন ছিল সেটা এখন আর নেই। তার কারণ তখন এ্যাডমিনিস্ট্রেটিভ কাউন্সিল ছিল এবং তারা যেতে পারতেন হাঁসপাতালে রোগীদের অবস্থা দেখবার জন্য, তাই তখন ডাক্তাররাও খুব সচেতন ছিল। কিন্তু বর্তমানে মাত্র কয়েক মাস পশ্চিমবঙ্গ গভর্নমেন্টের হাতে যাওয়ার ফলে আমরা দেখতে পাচ্ছি কি অবস্থা দাঁড়িয়েছে। স্বাস্থ্য মন্ত্রীমহাশয় নিশ্চয়ই এই সকল অভিযোগ জ্ঞাত আছেন। আগে চন্দননগরে স্থানীয় লোকেরা যদি কোন কিছু কমপ্লেন্ট করতেন তখন হসপিটাল অথারিটিজ সেটা অবহিত হয়ে শুনতেন। কারণ তাদের ধারণা ছিল এই নিয়ে অনেক কিছু হবে, স্থানীয় এ্যাডমিনিস্ট্রেটিভ কাউন্সিল হয়ত তাদের বিরুদ্ধে স্টেপ নেবেন। কিন্তু এখন কে কার ধার ধারে? তাঁরা মনে করেন যে, গভর্নমেন্ট রাখলে তাঁদের মারে কে? এই তাঁদের এ্যাটিচুড! তাদের ধারণা "এখন পাকা গভর্নমেন্ট সার্ভিস, ফান্ডামেন্টাল রাইটে হাত দিলে সুপ্রীম কোর্ট পর্যন্ত চলে যাব, আমাদের চাকরী যাবে না"। এখন অবস্থা এমন হয়েছে যে, একজন হয়ত টিউবারকিউলোসিস রোগীর পাশে আর একটি রোগীকে শুতে হয়, এইসব জিনিষ সরকারের চক্ষে পড়তে পারে না। যখন কোন ডাইরেক্টর বা ডেপুটী ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেস যান, তখন সেটা আগে থেকে জানিয়ে দেওয়া হয় এবং তখন হাঁসপাতালের সুইপাররা পর্যন্ত তিন দিন আগে থেকে সব পরিষ্কার করতে আরম্ভ করে, জামাকাপড় কাচতে আরম্ভ করে, এমনভাবে ক'রে রাখে যেন কত পরিষ্কার! আমাদের দেশে একটা কথা আছে—আটপৌরে এবং পোষাকী, সেখানেও তাই। কাজেই তাঁরা সেখানকার দৈনন্দিন অবস্থা সম্বন্ধে সম্পূর্ণ অবহিত হতে পারেন না। মন্ত্রীমহাশয় যদি আমার এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ না করেন তাহ'লে বুঝতে হবে যে, মন্ত্রী হবার পূর্বে তিনি যে ধারণা পোষণ করতেন, যে আদর্শে বিশ্বাস করতেন, এখন তার বিপরীত আচরণ করছেন। আমি এখানে কোন দলগত কথা বলছি না। যারা কলকাতার বাইরে থাকেন তাদের কথা বিবেচনা ক'রে আপনারা দেখুন এতে কিছুই নেই, আছে শুধু লোকাল একটা কমিটি থাকার কথা। কারণ আমি পূর্বেই বলেছি, ঔষধের ত্রুটি সম্বন্ধে একটা ভয়ংকর জিনিষ আছে। লিকেজ অব মেডিসিন—এটা একটা বড় জিনিষ এবং সেখানে কি স্ট্যান্ডার্ডে ঔষধ দেওয়া হচ্ছে সেটার প্রতিও লক্ষ্য রাখতে হবে। ম্যালেরিয়া হয়েছে, কুইনাইন খাইয়ে জ্বর ছাড়ে না, ডোজ ঠিকমত না দিতে পারলে কি ক'রে সারবে? রোগীদের কি রকমভাবে খাওয়ানো হয়, তাদের জলমিশ্রিত দুগ্ধ বা দুগ্ধমিশ্রিত জল দেওয়া হয় কি না সেটার দিকে দৃষ্টি নিশ্চয়ই রাখা দরকার। ডাইরেক্টর অব হেল্থ সার্ভিসেসরা যখন ইন্সপেক্ট করতে যান তখন একেবারে "গোয়ালিণী মার্কা" খাঁটী দুগ্ধ দেবার ব্যবস্থা হয়, রান্না ভাল হয়, মাছের সাইজটাও একটু উন্নততর রকমের হয়। এইগুলিই দেখবার জন্য, রোগীদের প্রতি যাতে সুবিচার হয় সেইজন্য এই এ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে। আশা করি, মন্ত্রীমহাশয় এই এ্যামেন্ডমেন্টটিকে অন্ততঃ গ্রহণ করবেন। (শ্রীযুত আনন্দগোপাল মুখার্জীঃ ডাঃ চ্যাটার্জীর এইগুলি বেশ ভাল ক'রেই জানা আছে।) নিশ্চয়ই, জানা আছে বলেই ত বলছি।

The Hon'ble Dr. Amulyadhn Mukharji: Sir, so far as the Government hospitals in Calcutta are concerned, we have got visiting committees mostly composed of non-official members of the public. So far as the district and subdivisional hospitals are concerned, although these have been taken over by the Government there are committees composed of representatives of the people mostly non-official in character. I do not think any provision is necessary in the Bill. Government hospitals at the present moment have got visiting Committees but these committees meet once a month and go there according to the roster maintained by the Chairman of the committee. They visit the hospital once a month and then they meet at the end of every quarter to discuss about the recommendations and when the recommendations come to the Government, as far as feasible and practicable, Government

accept those recommendations in improving the conditions in this hospital. That is the existing practice. I do not think there need be any departure. After these hospitals are taken over by the Government I can assure you, Sir, that these visiting committees will function without any watertight compartment as apprehended by Dr. Chatterjee. I do not think inclusion of this provision is necessary in the Bill; therefore I oppose it.

[5-35—5-45 p.m.]

Dr. Hirendra Kumar Chatterjee: On a point of information, Sir. This committee that is appointed may go once a month as the Hon'ble Minister says, but I want to know from him whether there is any provision for surprise visits.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Yes, they have the right. Only they have got to inform the Superintendent that they would come. All facilities are givien to the members of the visiting committee to go round the hospital any time day and night. I had been a member of the visiting committee, Medical College Hospital, before I came here and I visited the hospital times without number, and I had nothing but unstinted co-operation from the hospital staff.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that after clause 4 the following new clause be inserted, namely:—

> "4A. In order to ensure efficiency in the administration of the said hospitals and to create confidence in public mind, the State Government shall appoint one Hospital Committee for each hospital consisting of 50 per cent. of the members from local municipal bodies, 25 per cent. of the members from local members of the Indian Medical Association to be nominated by the local India Medical Association, and the balance 25 per cent. of the members being nominated by the State Government of which the local M.L.A. shall be one." was then put and lost.

Clause 5

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 5, in line 1, after the words "make rules" the words "which shall be placed before the Assembly" be inserted.

আমার এমেন্ডমেন্ট হচ্ছে যেসমস্ত প্রপার্টি ম্যানেজমেন্ট এবং সার্ভিস রুলস সম্বন্ধে রুলস হবে তা এই এসেম্ব্লি হলে দিতে হবে।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I do not think it is practical to frame rules and get asent of the Assembly. So many Acts have been passed by this House, and probably many will be passed in future if every rule that has to be framed under any Act has got to be placed before the Assembly. I do not think Government will be able to give effect to the provisions of the Act. Therefore, I do not think it is possible to accept the suggestion of Dr. Ray. This is of a most impractical nature and character. Therefore I have no other option left but to oppose it.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 5, in line 1, after the words "make rules" the words "which shall be placed before the Assembly" be inserted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Schedule

Sj. Rakhahari Chatterjee: Sir, I beg to move that in the Schedule after "Item No. 33 Bankura Sadar Hospital" the "Item 33(A), Bankura Sammilani Hospital" be inserted.

Mr. Speaker:

আবার আপনি বাঁকুড়া হাসপাতাল সম্বন্ধে বলুন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: According to the Trust deed it will go to the R. G. Kar Medical College Hospital——

Sj. Rakhahari Chatterjee:

মিঃ স্পীকার, স্যার, একটা কথা আছে—মিথ্যা বহু লোকে মিলে বহু রকমভাবে বহুবার ধরে যদি বলে তাহ'লে সেটা সত্যে পরিণত হয়। সাহিত্যিক শরৎচন্দ্র ১৯২৫ সালে বলেছিলেন, মিথ্যা ক্রমাগত বলে গেলে মানুষ সেই মিথ্যাকেই সত্য বলে গ্রহণ করতে বাধ্য হয়। এখানেও সেই ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। ডাক্তার মুখার্জী উদ্বোধনী বক্তৃতায় বাঁকুড়া সম্মেলনী সম্বন্ধে যে কথা বলেছেন সেটা এর মধ্যে প্রযোজ্য। তিনি বলেছেন যে ১ লক্ষ ৯৭ হাজার টাকা দেওয়া হয়েছে, একথা মোটেই সত্য নয়। বাজেটে আমরা দেখতে পাচ্ছি এই টাকা ড্রেসার্স ট্রেনিং ক্লাশের জন্য খরচ করা হয়েছে। এর থেকে এক পয়সাও হাঁসপাতালের জন্য খরচ করা হয় নি।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: For the hospital.

Sj. Rakhahari Chatterjee:

বাজেট দেখুন হাঁসপাতালের জন্য আছে কিন্তু চার বৎসরের মধ্যে এক পয়সাও দেওয়া হয় নি। আমি অনুরোধ করছি, আপনি দয়া ক'রে বাজেটটা দেখুন, এটা দেওয়া হয়েছে ফর ড্রেসার্স ট্রেনিং ক্লাশ। দুঃখের কথা এখানে বাক্ স্বাধীনতা থাকার জন্য সত্যের অপলাপ করা হচ্ছে, এই কথা যদি বাইরে বলতেন তাহ'লে এই চ্যালেঞ্জ আমরা এ্যাকসেপ্ট করতে পারতাম। তিনি বলেছেন, যে টাকা সম্মেলনীকে দেওয়া হয়েছিল সে টাকা মিসস্পেন্ট করা হয়েছে। এত বড় কথা বলে তিনি সত্যের অপলাপ করেছেন।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I have never said that.

Sj. Rakhahari Chatterjee: You said it. If you withdraw it, I shall be very glad.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: You can see the proceedings.

Sj. Rakhahari Chatterjee:

ইউ সেড সো। তাঁরা জানেন যে, অডিটেড এ্যাকাউন্ট গভর্নমেন্টকে দেওয়া হয় না। কিন্তু এঁরা সেই অডিটেড এ্যাকাউন্টের মূল্য দেন না। তাঁরা একটা কথা বলতে চান—গিভ ব্যাড নেম এ্যান্ড হ্যাংগ হিম। এখানে অপবাদ দেওয়া খুব সহজ কিনা, কারণ এর মধ্যে বিতর্কের কোন সুযোগ পাওয়া যায় না। বাংলাদেশের স্বাস্থ্যের উন্নতির জন্য হাঁসপাতালগুলি গভর্নমেন্টের ম্যানেজমেন্টে গেলে কাজ ভাল হবে এতে কারো দ্বিমত নাই, কিন্তু আমরা চাই যে এটাকে ব্যাপক করা হ'ক। ডাঃ রায় বলেছেন যে, আইনে বাধা আছে। আইনে যদি বাধা থাকে তাহ'লে সেটা অপসারণ করুন। আজকে এত বড় একটা পার্মানেন্ট সেটলমেন্ট, তা উড়িয়ে দিতে পারলেন, আর তাহ'লে একটা হাঁসপাতালকে না নেবার কোন কারণ নেই। আজকে এই সম্মেলনীকে বিমাতাসুলভ মনোভাব নিয়ে দেখা হচ্ছে। বাঁকুড়া জেলার সদর হাঁসপাতালে যে উপকার হয় না তা নয়, কিন্তু এই সম্মেলনীতে শুধু বাঁকুড়া সদরের নয়, বাইরের বহু লোকও এর দ্বারা উপকৃত হচ্ছে। তাই আপনারা এই নীতি বর্জন করুন। মেডিক্যাল কলেজ করার কথা নয়, অন্ততঃ বিল ক'রে সম্মিলনী হাঁসপাতালকে নিন, তা না হ'লে কেমন ক'রে এটাকে ওয়েলফেয়ার স্টেট বলছেন? গভর্নমেন্ট বলছেন যে পাবলিক ট্রাস্ট, এতে তাদের ক্ষমতা নেই। একথা আমিও বলছি যে, সম্মেলনীকে গভর্নমেন্ট নিজেদের হাতে হ্যান্ড ওভার করতে পারেন না। কিন্তু আইনের ক্ষমতা তাদের আছে। তাই আমি অনুরোধ

করছি, আর কালবিলম্ব না ক'রে এটাকে নেবার ব্যবস্থা করুন। গভর্নমেন্টের আইন করার ক্ষমতা আছে। তারপর আইন ক'রে আপনারা ভিজিটিং মেম্বার নিযুক্ত করুন, তা না হ'লে তাদের পকেটম্যান বা যারা তাদের ইয়েসম্যান আছে তারাই যাবে..............

Mr. Speaker: That is not within the scope of your amendment.

Sj. Rakhahari Chatterjee: Sir, I am not going to speak in the third reading. I shall finish my speech for both second reading and third reading together.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He is making out a case for the Government taking over the Bankura Sammilani Hospital.

Sj. Rakhahari Chatterjee: If I can get some assurance from the Chief Minister about that, then I shall not speak anything more.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Minister has already agreed.

Sj. Rakhahari Chatterjee: He has not yet, Sir.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I will tell you about that in reply.

Sj. Rakhahari Chatterjee: If he says so, then I will take my seat. I am glad to know that the Hon'ble Minister will be pleased to accept my suggestion. I convey my thanks and gratitude to the Hon'ble Minister before and in anticipation of the acceptance of the Bankura Sammilani Hospital.

With these words, I take my seat.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: So far as Sj. Chatterjee's point of view about the Bankura Sammilani Hospital is concerned, Government, I can tell you, was very anxious to take the management of the Bankura Sammilani Hospital. I had been there on two occasions since I have joined the Ministry. I had a threadbare discussion with many Governing Body members there, and I do not tell anything new to this House that Rs. 1,97,000 have been made over to the hospital. I repeat that—Sj. Chatterjee was present—this shows the sympathy of the Government towards the continuance of this hospital. They raised certain questions, and I would tell you, Sir, that the Governing Body members were divided—some wanted to carry it on as their own institution in spite of the financial difficulties. There were others who were eager to make it over to the Government, and they sent me papers which on scrutiny by our legal experts did reveal that in the event of the Bankura Sammilani Medical School and the Hospital being closed down, the property will accrue not to the Government or to any other institution or body, but to the R. G. Kar Medical College Hospital. That being the legal position, Government could not proceed to take charge of this Bankura Sammilani Hospital. I have, Sir, in the meanwhile consulted our experts and Government are seriously considering to acquire the Bankura Sammilani Hospitial to run it as a State institution.

[5-45—5-55 p.m.]

Our legal experts are looking at it and as soon as this is over I think it will be possible for the Government to take it over and run it as a State institution. I am at one with every section of the House particularly with those who hail from Bankura that Bankura is in a very bad condition so far as hospital arrangement is concerned. This town needs a full-fledged well-organised hospital. Our Chief Minister told the deputationists who met him to hand it over to the Government and I also gave some assurance to the members,

but there is a legal difficulty, which Mr. Chatterjee who is an astute lawyer is fully conversant with. If the legal riddles could be solved earlier I think it would have been possible to take it over by the Government, long ago. However let us hope for the best. If the legal formalities are over it would be possible for the Government to take it over unless of course our lawyer friends do not put in their brain and thought by bringing in cases against the Government by way of injunction, etc. But, Sir, I am pretty sure Government will take over the institution ere long. With these words, Sir, I formally oppose all the amendments proposed by Sj. Chatterjee.

The motion of Sj. Rakhahari Chatterjee that in the Schedule after "Item No. 33, Bankura Sadar Hospital" the "Item 33(A), Bankura Sammilani Hospital" be inserted, was then put and lost.

The question that the Schedule do form part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, I beg to move that the Sadar and Subdivisional Hospitals Bill, 1955, as settled in the Assembly be passed.

Dr. Narayan Chandra Ray:

মাননীয় অধ্যক্ষমহোদয়, আপনার মারফৎ আমরা আমাদের চিকিৎসামন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে জানিয়ে দিতে চাচ্ছি যে, এই যে বিল এসেছে ঠিক তার উপর আমাদের কোন বিরোধিতা নাই। কেন না, এই বিলটা এত ছোট এবং এত অকিঞ্চিৎকর যে, ১২ বৎসর পূর্বে যে হাঁসপাতালগুলো নেওয়া হয়েছে তাদের টাকা ম্যাজিস্ট্রেটের কাছে পড়ে রয়েছে। সেগুলি নেওয়ার উদ্দেশ্যেই এ বিলটা এসেছে। অবশ্য এর দ্বারা একটা সৎ কাজ করা হচ্ছে অর্থাৎ তাদের পার্মানেন্ট করা হচ্ছে। এই ছাড়া আর অন্য কোন উদ্দেশ্য নাই। এই রকম বিল যখন একটা এসেছে শুধু এটুকুতে আমরা ছেড়ে দিতে রাজী নই, কারণ চিকিৎসা সম্বন্ধে দেশের একটা যেমন নীতি আছে আমাদেরও তেমনি একটা নীতি আছে। এবং যখনই দেশের প্রয়োজন উপস্থিত হয় আমরা তখনই সেই সুযোগে সংশ্লিষ্ট মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর সম্মুখে আমাদের বক্তব্য পেশ ক'রে থাকি। আমাদের নীতি সত্যিকারের ঝগড়াঝাঁটির ব্যাপার নয়। আমাদের দেশে চিকিৎসাব্যবস্থা বাস্তবিক উন্নত এবং উচ্চতর করতে গেলে এবং সাধারণ মানুষের নিকট চিকিৎসা এ্যাভেলেবল করতে হ'লে দু'টো জিনিষ চাই। একটা হচ্ছে চিকিৎসা বিভাগে এবং সরকারী বিভাগের মনস্তত্ত্বের পরিবর্তন। আর একটা হচ্ছে সাধারণ চিকিৎসা-প্রতিষ্ঠান সম্বন্ধে একটা সুপরিকল্পিত নীতি। সেই নীতির কথা এখানে ভাল ক'রে বলছি। আমরা চাই প্রতিষ্ঠানগুলি কেন্দ্রীভূত হ'ক—সেন্ট্রালাইজেসান অব অল হস্পিটাল্স এবং ইন্সটিটিউসান্স। আমরা চাচ্ছি, সদর হাঁসপাতাল যা নেওয়া হয়েছে তাতেই আমরা রাজী নই। আমরা আপনাকে জানাচ্ছি এই চিকিৎসাব্যবস্থা কেন্দ্রীয়করণ করতে। আমরা বারেবারে বলে এসেছি যে, এখন যা অবস্থা চলছে তাতে চোখ দেখাতে হ'লে অথবা ছোট্ট একটা অপারেশান করতে হ'লে কলকাতায় আসতে হয়। আজ কলকাতা সহরে এফ,আর,সি,এস, ডি,জি,ও, ডি,ও,এম,এস, এবং টি,ডি,ডি, ডিগ্রী হোল্ডার ডাক্তার এত অধিক সংখ্যায় রয়েছেন যে তাঁরা বেকার হয়ে রয়েছেন। সরকার ইচ্ছা করলেই স্পেসালাইজড ট্রিটমেন্টের ব্যবস্থা ক'রে তাঁদের ডিসেন্ট্রালাইজড ক'রে দিতে পারেন। তার জন্য টাকা খরচ ক'রে বিভিন্ন জায়গায় হাঁসপাতাল করতে হবে। এক্‌জিস্টিং হস্পিটাল্স যা আছে তাদের একত্র এবং কেন্দ্রীভূত ক'রে নিয়ে গড়ে তুলতে হবে। অর্থাৎ আমরা একটা চিকিৎসার বনিয়াদ গড়ে তুলতে চাই, কিন্তু সবটা ভেঙ্গে আমরা সেটা করতে পারবো না। আমি জানি এই কথা শুনে এ'রা বলবেন, টাকা নাই। গভর্নমেন্টের যদি একটা সত্যিকারের পলিসি থাকে এবং আমাদের মতবাদে যদি বুঝতে পারেন সাধারণ মানুষের উপকার হবে, যদিও আমরা মুখ্যমন্ত্রীর কাছে শুনেছি যে, আগামী ফাইভ ইয়ার প্ল্যান এখন এ্যাবস্ট্র্যাক্ট আছে, পরে কংক্রিট ক'রে নেওয়া হবে—সেদিক থেকে আমি বলব, একটা ডিপার্টমেন্ট ক'রে চিকিৎসা-প্রতিষ্ঠানগুলো কেন্দ্রীভূত করার চেষ্টা করুন। কিন্তু হেল্থ ডিপার্টমেন্ট এমনই একটা ডিপার্টমেন্ট যে, মন্ত্রী পরিবর্তন হ'লেও অন্য মন্ত্রী আসবেন কিন্তু ডিপার্টমেন্টের মনস্তত্ত্ব

পরিবর্তন হয় না। এখানে এটা ব'লে রাখছি যে, এই প্ল্যানিং করার সময় সেন্ট্রালাইজেসান চিন্তা না করলে ডিসেন্ট্রালাইজেসান অব স্পেশাল সার্ভিসেস আনতে পারবেন না। এখন যা অবস্থা রয়েছে তাতে নূতন হাঁসপাতাল করতে পারবেন না। সেজন্যই বলছি ডাবল সিফ্‌ট ক'রে স্পেশালিস্টদের নিয়ে বাইরের হাঁসপাতালে এমপ্লয়মেন্ট করুন। এগুলো করার পক্ষে কোন অসুবিধা নাই, কারণ এরকম বিল আপনারা গাদায় গাদায় আনছেন, আমরা যে রকম বিলের কথা বলছি তা আপনারা অন্ততঃ একটা অর্ডিন্যান্স ক'রে হ'লেও আনতে পারেন, তাতে আমরা সুখীই হব, দুঃখিত হব না। আমরা যাই বলি না কেন, এই বিল পাশ হয়ে যাবে। সুতরাং এখানে বলে রাখি পরে যদি করতে পারেন চেষ্টা ক'রে দেখবেন। মাননীয় মন্ত্রীমহাশয়ের ২।৩টা কথা আমার কানে লেগেছে। আমি এখানে বাঁকুড়া সম্মিলনীর কথা বলছি। তিনি বলেছেন, ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তিনি আরো বলেছেন যে, এতেও কোন উন্নতি হয় নি। তিনি কি আশা করেছিলেন যে সেখানে বড় বড় ইমারৎ দেখতে পাবেন? একটা হাঁসপাতালে চার বৎসরে দু' লক্ষ টাকা দিয়েছেন। বৎসরে ৫০ হাজার টাকা। কিন্তু আমি শুনলাম, এ টাকা অন্য কারণে দেওয়া হয়েছিল। আর একটা কথা তিনি বলেছেন, হেল্‌থ ডিপার্টমেন্টের এক্সপেন্ডিচার বেড়ে যাচ্ছে। দেশের স্বাস্থ্য ভালো হচ্ছে এটা তার নমুনা নয়। সাধারণ মানুষ জানে না হেল্‌থ ডিপার্টমেন্টের এক্সপেন্ডিচার বাড়ছে কি না। আমরা হয়তো জানতে পারি। স্বাস্থ্যমন্ত্রী বলেছেন যে, দেশের লোকের স্বাস্থ্যের উন্নতি হচ্ছে, কিন্তু সেটা তার কৃতিত্বের জন্য নয়।

[5-55—6-5 p.m.]

লোকে নিজেদের ট্যাকের পয়সা খরচ ক'রে নিজেদের ছেলেমেয়েদের বাঁচান। নিজেদের ছেলেদের টি,বি, হ'লে না খেয়ে সেই পয়সা দিয়ে ছেলেদের বাঁচাবার চেষ্টা করেন। আজ জনসাধারণ না খেয়ে তাদের ছেলে, স্বামীকে বাঁচাচ্ছেন। সুতরাং আজ দেশে লোক বেশী মরছে কি কম মরছে, তা দেখিয়ে কোন কৃতিত্ব নেই। এবং সরকার কয়েক লক্ষ টাকা এ সম্পর্কে বেশী খরচ করেছেন বলেই অথবা লোক মরেছে কম, অতএব দেশের লোকের স্বাস্থ্য ভাল হয়েছে, এটা প্রমাণ নয়। তাদের স্ট্যাটিসটিক্স ডিপার্টমেন্ট হয়ত ঐটা পাবলিশ করবেন। কিন্তু আশা করবেন না যে, জনসাধারণ কখনও ঐটা বিশ্বাস করবে। এটা মন্ত্রীমহাশয়ের পক্ষে বলা মোটেই শোভন নয়। সত্যিই সকলে আমরা জানি আজ দেশের অর্থনৈতিক অবস্থা অত্যন্ত খারাপ এবং আমরা সকলে মিলে তার উন্নতিকল্পে চেষ্টা করেছি ও করছি। আমার প্রশ্ন হচ্ছে, এখন আমরা কি উপায় অবলম্বন ক'রে দেশের লোকের স্বাস্থ্য ভাল করতে পারবো। এই প্রশ্নটা রাজনৈতিক বা ঝগড়ার প্রশ্ন নয়। সুতরাং আমরা যখন কোন কথা বলি তা যদি মন্ত্রীমহাশয় একটু সহানুভূতি দিয়ে, বোঝবার দৃষ্টিভঙ্গী দিয়ে দেখেন এবং চিকিৎসার জন্য ভাল পদ্ধতি অবলম্বন করেন, তাহ'লে নিশ্চয়ই আমাদের সাহায্য পাবেন। কিন্তু যদি সর্বদা আমাদের একটা সন্দেহের চোক্ষে দেখেন তাহ'লে কখনও কনস্ট্রাক্টিভ লাইনে কোন কাজ হতে পারে না, সমস্ত কাজ আটকে যায়। সুতরাং এই বিলে যদি সত্যিই আমাদের সহানুভূতি নেবার ইচ্ছা থাকে তাহ'লে সেটা চিন্তা করুন। আমাদের কাছ থেকে আপনার যদি কোন প্রকার সাহায্য নেবার ইচ্ছা থাকে তা আমরা খুব ভাল, খুসী মনে, প্রাণপণে চেষ্টা ক'রে তা দেব। ইন এ স্পিরিট অব কো-অপারেশান যে আমরা কাজ করতে পারি না সেটা যে কত বড় মিথ্যা কথা, অসত্য তা প্রত্যেক দেশবাসীই অন্তরে অন্তরে জানে। এই বিলকে উল্লেখ ক'রে আমি যে কথাগুলি বলছি তা অবশ্য বিলের উপর প্রযোজ্য নয় এবং সেটা আমি বুঝছি ও আপনিও বুঝছেন। কিন্তু এরপরে ফাইভ ইয়ার প্ল্যান আসছে, তার জন্য নেকস্ট বাজেটে টাকা পাবেন। সুতরাং আজ থেকে যদি একটা সঠিক টাইমে প্ল্যান ক'রে কাজ করেন তাহ'লে এ সম্পর্কে একটা স্থায়ী প্রকৃত বনিয়াদ গড়ে তুলতে পারবেন। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

Sj. Benoy Krishna Chowdhury:

স্পীকারমহাশয়, এই বিলের সিডিউলে যে কয়েকটা হাঁসপাতালের উল্লেখ আছে তার মধ্যে বর্ধমানের ফ্রেজার হসপিটালের নাম আছে। সরকার প্রথম ১৯৪৩ সালে এর কর্তৃত্বভার নেন। বর্তমানে সরকার কতকগুলি হাঁসপাতালের ম্যানেজমেন্টের ভার নিজের হাতে নিচ্ছেন এবং অনেকগুলিই নিচ্ছেন না। কিন্তু যাদের ম্যানেজমেন্ট ১৯৪৩ সাল থেকে সরকার নিয়েছেন,

সেই ম্যানেজমেন্ট তাদের হাতে থাকাকালীন কি উন্নতি হয়েছে তা দেখা দরকার। সরকার দ্বারা এই নেওয়াটা ন্যায়সঙ্গত ও যুক্তিসঙ্গত হয়েছে কি না হয়েছে সেটা বোঝা যাবে। বর্ধমানের এই হাঁসপাতালের ম্যানেজমেন্টের ভার ১৯৪৩ সালে তাদের হাতে নেওয়া সত্ত্বেও সেখানে সত্যিকারের কোন উন্নতি হয় নি। সেখানে ক্রমে ক্রমে রোগীর সংখ্যা বেড়েছে। এটা শুধু একটা জেলার হাঁসপাতাল নয়, বলতে গেলে বলা যায় প্রায় চার-পাঁচটা জেলার। বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, এমন কি বাংলার বাইরে মানভূম, দুমকা থেকেও বহু রোগী চিকিৎসার জন্য এই হাঁসপাতালে আসে। এইরকম একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ হাঁসপাতাল, যেখানে জলপাইগুড়ি ও বর্ধমান, এই দুইটা জায়গায় কেন্দ্রীভূত হিসাবে রোগীরা চিকিৎসার জন্য আসে এবং কলকাতায় থাকার দিক থেকে ও হাঁসপাতালে ঢোকবার দিক থেকে সেখানে যে সমস্ত অসুবিধা রয়েছে সেগুলি বিবেচনা করলে দেখা যাবে এই হাঁসপাতালের গুরুত্ব অত্যন্ত বেশী। এই হাঁসপাতাল এতদিন তাঁদের কর্তৃত্বাধীনে থাকা সত্ত্বেও বিশেষ কোন উন্নতিমূলক ব্যবস্থা সেখানে দেখা যায় না। অপারেশান করবার জন্য একটি অপারেশান টেব্‌ল আছে। সেই একই টেব্‌লের উপর সেপটিক কেস এবং আদার কেসেসের অপারেশান করা হয়। এখানে দুটো অপারেশান টেব্‌ল থাকা একান্ত প্রয়োজন, কিন্তু তার কোন ব্যবস্থা নাই। সেখানে এককালীন ২৫০ জনের উপর রোগী থাকে, কিন্তু তাদের জলের জন্য কোন ভাল বন্দোবস্ত নাই। পূর্বে যেমন জলের ব্যবস্থা ছিল আজও তাই আছে, তার কোন উন্নতি হয় নাই।

তারপর সেখানকার আউট-ডোরে প্রতিদিন প্রায় ৪০০ রোগী চিকিৎসার জন্য আসে, কিন্তু এই আউট-ডোর ডিপার্টমেন্টের জন্য কোন ভারপ্রাপ্ত ডাক্তার নাই। এই রকম বহু অভিযোগ সেখানে রয়েছে। সেইজন্য আমার মনে হয় সরকার যেমন অন্যান্য ক্ষেত্রে বলেছেন উন্নতি করবার পরিকল্পনা নিয়েছেন তেমনি এখানেও যেন এইগুলি গ্রহণ করেন। সরকার যদি লোকের ভিতর এটা প্রমাণ করতে না পারেন যে, হাঁসপাতালে ম্যানেজমেন্টের ভার সরকারের হাতে গেলে পর সেখানকার অবস্থার উন্নতি হবে, তাহ'লে এই নেওয়ার কোন যৌক্তিকতা থাকবে না।

সেইজন্য আমার মনে হয়, সরকার এই যে বিল এনেছেন সেটা ভালই করেছেন, কিন্তু এই কর্তৃত্ব তাঁদের হাতে নেওয়ার সাথে সাথে এই সমস্ত হাঁসপাতালের উন্নতিবিধানকল্পে তাঁরা যেন আপ্রাণ চেষ্টা করেন এবং তাহ'লেই সত্যিকারের কাজ করা হবে এবং তাঁদের নেওয়ার সার্থকতা জনসাধারণের কাছে প্রমাণ হবে।

Sj. Mrigendra Bhattacharjya:

মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিল অবলম্বন ক'রে আমি একটা কথা বলতে চাই। সরকার যে সমস্ত হাঁসপাতাল নিচ্ছেন, সেই সমস্ত হাঁসপাতালের অবস্থা কি তা এই হাউসে গত বছর বলেছিলাম। দাসপুর থানায় হেল্থ সেন্টার গত বছর তৈরী হয়েছে বটে, কিন্তু সে বিল্ডিংগুলি ফেটে গেছে। এ বছর আবার নূতন বিপদ দেখা দিয়েছে। ছাদ ফেটে রোগীর মাথায় জল পড়ছে। ডোবাপুকুর, বনজঙ্গল ও নর্দমার ধারে এই হাঁসপাতাল করা হয়েছে। সরকার যে সমস্ত হাঁসপাতাল তাদের ম্যানেজমেন্টে নিয়েছেন, সেগুলির অবস্থা খারাপ; সে সম্বন্ধে এই হাউসে সরকারের দৃষ্টি আকর্ষণ করলেও তার কোন প্রতিকার হয় না।

Sj. Subodh Chowdhury:

মাননীয় স্পীকারমহাশয়, আমাদের কাটোয়া সাবডিভিসানাল হসপিটাল গ্রহণ করা হয়েছে। সরকার এটাকে ১৯৪৪ সালে তাঁদের ম্যানেজমেন্টের মধ্যে নিয়েছেন এবং '৪৪ সালের পর থেকে আজ পর্যন্ত এই ১১ বছরের মধ্যে তার কোন উন্নতির চেষ্টা করা হয় নাই। এই কাটোয়া সাবডিভিসানের ৩ লক্ষ ২০ হাজার লোক এই হাঁসপাতালের দ্বারা উপকৃত হয়। সেখানে মাত্র ১৮টি বেড আছে। কখনো কখনো এমন সময় আসে যে খাটের নীচে পর্যন্ত রোগী রাখতে হয়।

Mr. Speaker: In the third reading of the Bill you should confine yourself to the principles of the Bill as passed.

Sj. Subodh Chowdhury:

উনি তাঁর বক্তৃতায় এই কাটোয়া হাঁসপাতালের কথা বলে গেছেন বলেই বলছি।

Mr. Speaker: When the motion about the Schedule was there, why did you not speak on it. That was the time for it.

Sj. Subodh Chowdhury:

উনি যে বলে গেছেন, হাঁসপাতালের ‑উন্নতির জন্য সরকার হাতে নিচ্ছেন। আমি দেখাতে চাই এই হাঁসপাতালের কি উন্নতি গত ১১ বছরে সরকার কি করেছেন। জনসাধারণের পক্ষ থেকে আবেদন করা সত্ত্বেও এখন পর্যন্ত কোন রকম ব্যবস্থা সেখানে করা হয় নাই। অথচ তাঁরা নাকি হাঁসপাতাল বাড়াবার জন্য নানাভাবে চেষ্টা করছেন। সরকার জমি এ্যাকোয়ার করবেন বলে স্থির করলেন অথচ গতবার সে সিদ্ধান্ত অজ্ঞাত কারণে স্থগিত রাখা হ'ল। এখান থেকে লোক গিয়ে সে জমি দেখে এসেছেন, সরকার সেটা এ্যাকোয়ার ক'রে নেবেন, অথচ আজও তা হ'ল না। একজন ডাক্তারের পক্ষে দু'শো আউট-ডোর রোগী দেখা সম্ভবপর নয়। ফলে হাঁসপাতালের পেসেন্ট ভালভাবে এ্যাটেন্ডেড হয় না। এই হাঁসপাতালের সাথে একটি মাতৃসদন করার জন্য সরকারের নির্দেশমত ১৭,৫০০ টাকা তোলা হয়। কিন্তু সরকার টাকাটা চাইলেন কিন্তু কবে মাতৃসদন হবে তা বলতে রাজী না হওয়ায় আজও মাতৃসদন হয় নি। সরকার হাতে নিচ্ছেন ভাল কথা, কিন্তু এই হাতে নেওয়ার সাথে সাথে জনসাধারণ যেন উন্নতিটা অনুভব করতে পারে।

[6-5—6-10 p.m.]

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: I have listened to the debate all these two hours and I believe that I have already convinced the House so far as the different clauses of the Bill are concerned. So far as the principle is concerned, as pointed out by Dr. Narayan Ray, I can tell you, Sir, that Government policy is to upgrade all the district Hospitals—most of which have got beds between 40 and 50; the policy is to make them 116. As regards subdivisional hospitals which have got between 12 and 20 beds, the policy is to upgrade them to 58 beds—not only to provide them with beds but also to make available there specialists' services. The two Medical School Hospitals at Jalpaiguri and Burdwan have a sufficiently large number of staff of a specialist nature. These had teachers in every branch and their services have been retained at these hospitals in spite of the schools being closed down. We are adding to the number of medical officers to the district and subdivisional hospitals so that they are capable of meeting the growing demands of the people in respect of scientific medicine when they go to these hospitals. Our policy is to see that the services of these doctors are made available to the people in distress as far as possible. The policy is not to take over these institutions and to restrict their scope but to expand them—of course within the limitations of finance—as far as it is possible. Dr. Ray has said that the Second Five-Year Plan is on the anvil. I can assure him that we have made elaborate arrangements for expanding these facilities for our people. After it takes its final shape with the Planning Commission, I think you will all be pleased to know that we will make sufficient headway in rendering medical relief available to the people in greater extent.

With these words, Sir, I commend the Bill for the acceptance of the House.

The motion of the Hon'ble Dr. Amulyadhan Mukharji that the Sadar and Subdivisional Hospitals Bill, 1955, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Sj. Subodh Banerjee: Sir, before we adjourn I want to draw your attention to one fact. In the revised programme which has been distributed to us this day I find that Tuesday, the 16th August 1955, has been fixed for the presentation of Supplementary Budget.

Mr. Speaker: It is not the Supplementary Budget.

Sj. Subodh Banerjee: It is stated as "Excess Expenditure"——

Mr. Speaker: But that is not Supplementary Budget.

Sj. Subodh Banerjee: It is given here "Introduction, consideration and passing of the West Bengal Appropriation Bill, 1955". But up till now we have not received any copy of it so that we cannot move any amendment. We must know what this Appropriation Bill is so that we can participate in the debate.

Mr. Speaker: This is never circulated beforehand. Even for the Appropriation Bill leave has got to be taken of the House to introduce it.

Sj. Subodh Banerjee: How can it be done like that?

Mr. Speaker: That is for the House to decide. That is the usual form. The programme has already been circulated. The House stands adjourned till Tuesday, the 16th August, 1955, at 3 p.m.

Adjournment

The House was accordingly adjourned at 6-10 p.m. till 3 p.m. on Tuesday, the 16th August, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 16th August, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker(the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 194 members.

[3—3-10 p.m.]

Shooting on Goa satyagrahis

Mr. Speaker: Honourable members, before the normal proceedings of this House commence, I think I feel it my duty as custodian of the rights and privileges of this House to mention about a most tragic and serious event in modern history of India, viz., the shooting to death of twenty unarmed *satyagrahis* at Goa. (Sj. GANESH GHOSH: I think twenty-eight.) More than twenty—I have not got the exact figure. I think this event has cast not only gloom but a sense of horror and indignation in everybody's mind and, before the normal business of this House commences, I think we in this House should share our feelings on this matter calmly and composedly in a dignified way and as a mark of respect to the memory of the martyrs, I adjourn the business of the House for half an hour.

[At this stage the House was adjourned for half an hour.]

[*After adjournment.*]

[3-10—3-40 p.m.]

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Establishment of T.B. Clinics in the rural areas of Bankura district

***28. Sj. Probodh Dutt:** Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state—

(*a*) whether the Government has any plan for establishing any Tuberculosis Clinic in the rural areas of Bankura district; and

(*b*) if so, where and when?

Minister-in-charge of the Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji): (*a*) No.

(*b*) Does not arise.

Dr. Hirendra Kumar Chatterjee: Is the Hon'ble Minister satisfied that there is no utility in having a tuberculosis sanatorium there or, a clinic there?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: It is not possible to open tuberculosis clinics in villages where facilities of X'ray institution are not available.

Dr. Hirendra Kumar Chatterjee: Is there any scheme according to the Second Five-Year Plan to have one in the locality?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: We are trying to provide chest clinics in places where electric energy is available. So long as this is not available, there is no question of having any plan for it.

Sj. Gangapada Kuar: Will the Hon'ble Minister be pleased to state what arrangements are there in rural Bankura for the treatment of T.B. patients before they are actually admitted in any hospital?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: No arrangement for each district, particularly rural areas, is possible. The existing clinics and hospitals are meant to cater for the entire population of the State.

Construction of a Maternity and Child Welfare Centre at Nimtita, Murshidabad

***29. Janab Lutfal Hoque:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, মুর্শিদাবাদ জেলার নিমতিতা রেল স্টেসনের সন্নিকটে প্রসূতি সদনের জন্য একটি বাড়ী প্রস্তুত হইয়াছিল; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কতদিন হইল ঐ বাড়ী নির্মিত হইয়াছে,

(২) ইহাতে সরকার কত টাকা সাহায্য করিয়াছেন,

(৩) ইহা বর্তমানে চালু আছে কিনা,

(৪) চালু না থাকিলে, তাহার কারণ কি, এবং

(৫) এই প্রসূতি সদন সম্বন্ধে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) নিমতিতা রেল স্টেসনের সন্নিকটে প্রসূতি সদনের জন্য বাড়ীটির নির্মাণ সমাপ্ত হয় নাই।

(খ)(১) প্রশ্ন উঠে না।

(২) ২৭,০০০৲।

(৩) না।

(৪) বাড়ীটির নির্মাণ সম্পূর্ণ হয় নাই।

(৫) বাড়ীটি প্রস্তুত হইলে পর উহাতে একটি মাতৃ ও শিশুকল্যাণ কেন্দ্র প্রতিষ্ঠা করিবার পরিকল্পনা আছে।

Sj. Jyoti Basu:

এ বাড়ীটা কতদিন ধরে তৈরী হচ্ছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এই বাড়ীর যাঁরা উদ্যোক্তা ছিলেন, তাঁরা গভর্নমেন্টের দেয় ২৭ হাজার টাকা নিয়েছেন, নিয়ে যে কন্ট্রাক্টারের ওপর কাজের ভার দিয়েছিলেন তারা খানিকটা করে চলে গিয়েছে। সেটা এডজাষ্টমেন্ট হয় নি বলে সেখানকার স্থানীয় কর্তৃপক্ষ অন্য কোন কনট্রাক্টর দিয়ে কাজ করাতে পারেন নি। তবে আমি সম্প্রতি শুনলাম তারা ব্যবস্থা করেছেন, বোধহয় শীঘ্রই অসমাপ্ত কার্য সমাপ্ত করার ব্যবস্থা হবে।

Sj. Gangapada Kuar:

স্থানীয় কর্তৃপক্ষ কি কনট্রাক্টার নিয়োগ করেছিল?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

হ্যাঁ, লোকাল কমিটি যারা স্পনসারার্স তারাই নিযুক্ত করেন—
For the Maternity and Child Welfare Centre.

Tube-wells sunk in different unions under Goghat police-station, Hooghly

***30. Sj. Narendra Nath Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state—

(*a*) number of tube-wells (*i*) sunk by Union Boards and District Board, and (*ii*) sunk by Government in the different unions under Goghat police-station, Hooghly district;

(*b*) the scheme of Government, if any, for supply of drinking water in villages where there are no tube-wells;

(*c*) if it is a fact that tube-wells do not work in the northern part of Goghat police-station; and

(*d*) if so, what measures are being taken by the Government to combat these difficulties?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) A statement is laid on the Table.

(*b*) Masonry and ring-wells are provided in the non-tube-well areas.

(*c*) Yes.

(*d*) Construction, repairs, de-silting of masonry wells and ring-wells are undertaken to combat the difficulties.

Statement referred to in reply to clause (a) of starred question No. 30

	Total No. of existing tube-wells in police-station Goghat, district Hooghly.		
	Executed by Government.	Executed by District Board.	Executed by Union Board.
	1	2	3
1. Bengai ..	4	3	3
2. Raghubati ..	10	12	13
3. Bhadur ..	8	4	12
4. Kumarsha ..	8	1	14
5. Goghat ..	8	8	16
6. Kamarpukur ..	9	8	14
7. Mandaran ..	6	4	3
8. Hazipur ..	1	1	1
9. Nakunda ..	6	3	5
10. Sheora ..	13	4	4
11. Bali ..	15	2	6
12. Badanganj ..	1	1	..
13. Shyambazar ..	3	2	2
14. Paschimpara ..	3	1	..
15. Kumerganj ..	5	2	18
	100	56	111

Sj. Narendra Nath Ghosh:

কয়েকটি ইউনিয়নে—হাজিপুরে মাত্র ৩টি, বদনগঞ্জে মাত্র ২টি, পশ্চিমপাড়ায় মাত্র ৪টি, এবং শ্যামবাজারে মাত্র ৭টি বলেছেন। এই ইউনিয়ন বোর্ডগুলির জন্য বিশেষ কোন ব্যবস্থা করবেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

যে টাকা আমাদের হাতে আছে, তার দ্বারা যতবেশী সংখ্যক টিউবওয়েল করা বা মেরামত করা সম্ভবপর, তাই করা হচ্ছে। যে কয়টি জায়গার কথা প্রশ্নকর্তা বললেন, তা ছাড়া আরো অনেক জায়গা আছে সেখানেও অসুবিধা আছে। গভর্নমেন্টের যে টাকা বা সামর্থ্য আছে সেই অনুযায়ী যতবেশী সম্ভব করা হচ্ছে।

Sj. Biren Banerjee:

এইরকম কোন এরিয়া আছে যাকে আপনি নন্‌টিউবওয়েল এরিয়া বলছেন।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

যেখানে টিউবওয়েল করা যায় না, সয়েল ডিফিকাল্টির জন্য সেখানে ম্যাসোন্‌রী বা রিং ওয়েল করতে হয়।

Tube-wells in Contai subdivision

***31. Sj. Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, কাঁথি মহকুমায় ১৯৫২ সালে কতকগুলি নলকূপ বসাইবার প্রস্তাব মহকুমা জল সরবরাহ কমিটি কর্তৃক গৃহীত হইয়াছিল; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐসকল নলকূপের মধ্যে কতগুলি নূতন ও কতগুলি পুরাতন,

(২) ঐ প্রস্তাবিত নলকূপগুলির জন্য local contribution বাবদ টাকা পাওয়া গিয়াছে কিনা,

(৩) টাকা পাওয়া গিয়া থাকিলে, কোন্ কোন্ তারিখে কোন্ কোন্ নলকূপ বাবদ কত টাকা পাওয়া গিয়াছে,

(৪) ঐ নলকূপগুলি গত মার্চ মাসের মধ্যে বসান হইয়াছে কিনা,

(৫) না হইয়া থাকিলে, তাহার কারণ কি এবং ঐ নলকূপগুলির বাবদ সরকারী মঞ্জুরী টাকা ল্যাপ্স হইয়া গিয়াছে কিনা, এবং

(৬) ঐ নলকূপগুলির কাজ কবে শেষ করা হইবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) হ্যাঁ।

(খ)(১) ২৬টি নূতন ও ৩৬টি পুরাতন।

(২) ১৫টি নূতন ও ১৪টি পুরাতনের জন্য সামান্য টাকা আংশিকভাবে পাওয়া গিয়াছে।

(৩) তালিকা পৃথকভাবে দেওয়া হইল।

(৪) না।

(৫) অর্থের অপর্যাপ্ততা। সরকারী মঞ্জুরী টাকা ল্যাপ্স হয় নাই।

(৬) ৩টি পুরাতন নলকূপ পুনঃ প্রোথিত হইয়াছে। একটি নূতন কূপের কাজ ৯০০ ফিট নিম্নেও জল না পাওয়ার দরুণ পরিত্যক্ত হইয়াছে। ৭টি নূতন ও ১১টি পুরাতনের কাজ আরম্ভ হইয়াছে ও শীঘ্র শেষ করা হইবে। অবশিষ্টগুলি অর্থ ও মাল সরবরাহ করা হইলে আরম্ভ করা হইবে।

Statement referred to in reply to clause (খ) (৩) of starred question No. 31

LOCAL CONTRIBUTION প্রাপ্তির বিবরণ

নূতন নলকূপ বাবদ

থানা--কাঁথি।	প্রাপ্ত টাকা।	সদর ট্রেজারীতে জমার তারিখ।
(১) বড়বাড়িয়া ১৩নং ইউনিয়ন	২০০৲	২৫-২-৫৩
(২) তেঘরী ১৮নং ইউনিয়ন	২০০৲	২১-৩-৫৩
(৩) শুকুলিয়া ২নং ইউনিয়ন	২০০৲	১৯-২-৫৩
থানা--খেজুরী।		
(৪) টিকাশীপুর বাছেরা ২নং ইউনিয়ন	২০০৲	২৭-৩-৫৩
(৫) মুগুমারী ৬নং ইউনিয়ন	২০০৲	৭-৩-৫৩
(৬) মনবাইপুর ১২নং ইউনিয়ন	১২৫৲	৩০-৩-৫৩
(৭) পশ্চিম কুলটিকরী ১৩নং ইউনিয়ন	১২৫৲	৩১-৩-৫৩
(৮) উত্তর বাসুদেবপুর ১৫নং ইউনিয়ন	১২৫৲	৩১-৩-৫৩
থানা--ভগবানপুর।		
(৯) একতারপুর ২নং ইউনিয়ন	২০০৲	২১-৩-৫৩
(১০) বাহাদুরপুর ৭নং ইউনিয়ন	২০০৲	২১-৩-৫৩
(১১) ঢুমাগুরী ১১নং ইউনিয়ন	২০০৲	২১-৩-৫৩
(১২) ভোসলাগেড়িয়া ১৩নং ইউনিয়ন	২০০৲	২৪-১১-৫২
থানা--পটাশপুর।		
(১৩) পারুলিয়া ৯নং ইউনিয়ন	১৫০৲	২১-৩-৫৩
(১৪) বাগমারী ১১নং ইউনিয়ন	১৫০৲	২১-৩-৫৩
(১৫) ভাদুয়া ২নং ইউনিয়ন	১৫০৲	২১-৩-৫৩

পুরাতন নলকূপ বাবদ

থানা--কাঁথি।		
(১) দামোদরপুর ১২নং ইউনিয়ন	১৩০৲	২৫-২-৫৩
(২) চান্দবেড়িয়া ৪নং ইউনিয়ন	১৩০৲	২-২-৫৩
(৩) ডিহিমুকুন্দপুর ৫নং ইউনিয়ন	১৩০৲	২১-৩-৫৩
থানা--খেজুরী।		
(৪) টিকাশী বেলতলিয়া ২নং ইউনিয়ন	১৩০৲	২১-৩-৫৩
(৫) শ্যামপুকুর কাটকা ২নং ইউনিয়ন	১৩০৲	৩০-৩-৫৩
(৬) ঠাকুরনগর ১নং ইউনিয়ন	২০০৲	২০-৩-৫৩
থানা--এগ্রা।		
(৭) পানিপারুলঘাট ১৩নং ইউনিয়ন	১০০৲	৩১-৩-৫৩
(৮) উত্তরতাজপুর ৫নং ইউনিয়ন	১০০৲	৩১-৩-৫৩

থানা--এগ্রা।	প্রাপ্ত টাকা।	সদর ট্রেজারীতে জমার তারিখ।
থানা--রামনগর।		
(৯) জিনালপুর ৭নং ইউনিয়ন	১৩০৲	৩১-৩-৫৩
(১০) তেতুলতলা ৮নং ইউনিয়ন	১৩০৲	৩১-৩-৫৩
থানা--ভগবানপুর।		
(১১) খাজুরারী ৪নং ইউনিয়ন	১৫০৲	২১-৩-৫৩
(১২) কাজলানগর ৯নং ইউনিয়ন	১৫০৲	২১-৩-৫৩
(১৩) কুরালবার ৩নং ইউনিয়ন	১৫০৲	২১-৩-৫৩
থানা--পটাশপুর।		
(১৪) ফাজিলপুর ১২নং ইউনিয়ন	১০০৲	২১-৩-৫৩

Sj. Sudhir Chandra Das:

৫ নম্বর প্রশ্নের উত্তরে আপনি বলেছেন, অর্থের অপর্যাপ্ততা। সরকারী মঞ্জুরী টাকা ল্যাপস্ হয় নাই। মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ঐ বছরের জন্য কাঁথি মহকুমায় কতগুলি নলকূপের জন্য কত টাকা বরাদ্দ হয়েছিল, কত টাকা খরচ হয়েছে, এবং কতগুলি নলকূপ হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এমনি করে বলা সম্ভব নয়। আপনি প্রশ্ন করলে, নোটিশ দিলে সংগ্রহ করে জানাবো।

Sj. Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি কাঁথি মহকুমায় কনট্রিবিউসন জমা দেওয়া সত্বেও প্রস্তাবিত নলকূপ বাদ দিয়ে ১৯৫৪-৫৫ সালে ৫২টী নলকূপ কনষ্ট্রাকসন......

Mr. Speaker:

এ প্রশ্ন করবেন না।

Sj. Sudhir Chandra Das:

প্রশ্ন নয়, আমি বলছি মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি............

Mr. Speaker:

তা হোক একজস্টিভ উত্তর দেওয়া হয়েছে, এ প্রশ্ন করবেন না।

Sj. Sudhir Chandra Das:

৬এর উত্তরে বলেছেন যে একটি নূতন কূপের কাজ ৯ শত ফিট নিম্নে জল না পাওয়ার দরুন পরিত্যক্ত হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি, এটা কোন নলকূপ এবং কোন গ্রামে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সেটা আমি অফ হ্যান্ড বলতে পারব না, নোটিশ দিলে বলতে পারব।

Sj. Sudhir Chandra Das:

তাহলে ঐ যে পরিত্যক্ত হয়েছে, তার ফলে দেশের লোক যদি টাকা ফেরত চান তাহলে টাকা ফেরত দেওয়া হবে কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

যদি তাঁরা নলকূপ না চান, তাহলে নিশ্চয় ফেরত দেওয়া হবে।

Sj. Sudhir Chandra Das:

আপনি একথা জানেন কি, ৯ শো ফিট বসানোর ব্যবস্থা হচ্ছিল, কিন্তু তার ১ শো ফিট তলায় পরিস্কার জল পাওয়া যায় একথা আপনি জানেন কিনা?

Mr. Speaker:

আপনি তো জানেন প্রশ্ন করছেন কেন?

It is not for confirmation. You know it. You ask for information and not confirmation.

Sj. Sudhir Chandra Das:

আপনি একথা নির্দেশ দিয়েছেন কিনা সেখানে ডিপ্‌টিউবওয়েল ছাড়া, সারফেস টিউবওয়েল করা হবে না, এ কথাটা কি ঠিক?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

পোর্টেবল অর্থাৎ নির্ভরযোগ্য খাঁটি জলের জন্য যে লেয়ারে ভাল জল পাওয়া যায়, আমাদের এক্সপার্টরা সেই লেয়ারে সাধারণতঃ টিউবওয়েল করে থাকেন। সারফেস বা ডিপের প্রশ্ন নয়। সারফেস টিউবওয়েল কতকগুলি করা হয়েছিল কিন্তু সেগুলো সার্থক হয় নি। সেইজন্য যতদূর সম্ভব গভীর টিউবওয়েল করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

Sj. Sudhir Chandra Das:

সারফেস বা অগভীর টিউবওয়েলকে গভীর নলকূপ করবার জন্য আপনারা টাকা মঞ্জুর করেছেন কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

যে টাকা আছে সেই টাকা প্রত্যেক জেলার মধ্যে ভাগ করে দেওয়া হয়েছে।

Sj. Sudhir Chandra Das:

আপনারা যে তালিকায় এতগুলি নলকূপ দেখিয়েছেন হয় নাই ১৯৫৩ সালে টাকা দেওয়া সত্ত্বেও ১৯৫৫ সাল পর্যন্ত। মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি এবছর বাজেটে ঐ টাকা মঞ্জুর......

Mr. Speaker:

১৯৫৩ সালের প্রশ্ন করবেন না। ফ্রেস প্রশ্ন করবেন।

Bally Municipal Waterworks Scheme

***32. Sj. Biren Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state if it is a fact that repeated representations were made to the Government by Bally Jalkal Andolan Samity and other organisations and individuals for starting waterworks for Bally Municipality for improvement of water-supply arrangement?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether Government have as yet given effect to the scheme approved by the Ad Hoc Committee set up for the purpose of considering the projects for sewerage, water-supply and drainage of the said Municipality at an estimated cost of Rs.21,50,000 as was announced by the then Minister for Health and Local Self-Government in reply to Assembly starred question No. 34 on 14th February, 1950;

(*ii*) if not, the reasons therefor; and

(*iii*) whether Government consider the desirability of giving effect to the said scheme forthwith?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (*a*) Yes. Several representations were received.

(*b*)(*i*) No.

(*ii*) With available financial resources it was not possible to accommodate the scheme in the priority list owing to the high cost involved.

(*iii*) No. A revised scheme has, however, been prepared and is under consideration.

Sj. Biren Banerjee:

বি থ্রিতে উত্তর দিয়েছেন এটা কত টাকার স্কীম—এই রিভাইজড স্কীমটা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

২১ লক্ষ ৫০ হাজার টাকা ওরিজিন্যাল স্কীমে, আর একটা স্কীম করা হয়েছে ১৯ লক্ষ টাকার, সেটা সেকেণ্ড ফাইভ ইয়ার প্ল্যানে ইনক্লুসনের চেষ্টা করছি।

Sj. Biren Banerjee:

এই স্কীমের মধ্যে কি কি ইনক্লুড করা হবে—সিউয়েরেজ, ওয়াটার সাপ্লাই, ড্রেনেজ, এই তিনটাই কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এটা ওয়াটার সাপ্লাই-এর স্কীম, সিউরেজের সঙ্গে ওয়াটার-সাপ্লাই-এর কোন সম্পর্ক নেই।

Sj. Biren Banerjee:

শুধু ওয়াটার-সাপ্লাই?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

শুধু ওয়াটার-সাপ্লাই।

Sj. Biren Banerjee:

এটা কবে কার্যকরী হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সেটা বলেছি ফার্স্ট ফাইভ-ইয়ার প্ল্যানে এটাকে একোমোডেট করা যায় নি, সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানে এই স্কীমটা কনসিডার করা হবে। ফাইনালের সময় ইট উইল বি লুকড ইনটু।

Sj. Biren Banerjee:

আমরা কি ধরে নেব এটা কনসিডারেসন স্টেজে আছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

হ্যাঁ। কনসিডারেসন স্টেজে আছে।

Small-pox epidemic in Kharagpur town

***33. Dr. Krishna Chandra Satpathi:** Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, খড়্গপুর টাউন ও খড়্গপুর লোক্যাল থানায় সংক্রামক বসন্ত মহামারী আরম্ভ হইয়াছে;

(খ) সত্য হইলে, কোন্ থানার কোন্ কোন্ গ্রামে কত সংখ্যক নর, নারী ও শিশু মৃত্যুমুখে পতিত হইয়াছে;

(গ) মোট কত সংখ্যক লোক আক্রান্ত হইয়াছে;

(ঘ) উক্ত সংক্রামক ব্যাধি আয়ত্তে আনার জন্য এবং চিকিৎসা ও শুশ্রূষার জন্য কি কি বিশেষ ব্যবস্থা কোন্ তারিখ হইতে করা হইয়াছে; এবং

(ঙ) সরকার ঐসব স্থানে কোন্ সময় হইতে টিকা দেওয়ার কাজ আরম্ভ করিয়াছেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) খড়্গপুর টাউন থানায় বসন্তরোগ মহামারী আকারে আরম্ভ হইয়াছিল; খড়্গপুর লোক্যাল থানার অন্তর্গত কোন কোন গ্রামে বিক্ষিপ্তভাবে উক্ত রোগের প্রাদুর্ভাব হইয়াছিল।

(খ) ও (ঘ) বিবরণী উপস্থাপিত হইল।

(গ) ৩৫১ জন (৩০শে মার্চ, ১৯৫৫ পর্যন্ত)।

(ঙ) রোগ প্রার্দুভাবের বহু পূর্ব হইতেই ঐসব স্থানে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক (যথা রেলওয়ে কর্তৃপক্ষ, মিউনিসিপ্যালিটি ও জেলাবোর্ড) টিকা দেওয়ার কাজ আরম্ভ করা হইয়াছে। টাউন এলাকায় গত ৮ই মার্চ হইতে এবং গ্রাম্য এলাকায় ২১শে মার্চ হইতে সরকার টিকা দেওয়ার কাজ আরম্ভ করিয়াছিলেন।

Statement referred to in reply to clause (খ) of starred question No. 33

গ্রামের নাম।	মৃত্যুসংখ্যা (বার বৎসরের ন্যূনবয়স্ক)। পুরুষ।	স্ত্রী।	মৃত্যুসংখ্যা (বার ও তদূর্ধ্ব বৎসর বয়স্ক)। পুরুষ।	স্ত্রী।	মোট মৃত্যুসংখ্যা।
খড়্গপুর লোক্যাল থানা					
(১) কলাইকুণ্ডা	১	..	..	..	১
(২) আম্রাতলা	..	..	১	..	১
(৩) সাদতপুর	..	১	১	১	৩
(৪) কপোতিয়া	১	..	..	১	২
(৫) খুদামার	..	..	..	১	১
(৬) সুগুমিয়া	..	..	১	১	২
(৭) রাজপুরা	..	১	..	..	১
(৮) চণ্ডীপুর	..	..	১	..	১
(৯) মনেশ্বপুর	..	..	১	..	১
(১০) ধুলিয়াপোতা	..	..	..	১	১
(১১) রাধানগর	..	১	..	..	১
(১২) শাকমগুল	..	১	১	১	৩
(১৩) নারায়ণপুর	..	১	..	..	১
	২	৫	৬	৬	১৯
খড়্গপুর টাউন থানা					
(১) রেলওয়ে এলাকা	৮	৬	৪	৩	২১
(২) মিউনিসিপ্যাল এলাকা	২৬	২৮	৬	১	৬১
	৩৪	৩৪	১০	৪	৮২

Statement referred to in reply to clause (ঘ) of starred question No. 33

রোগ আয়ত্তে আনার জন্য এবং চিকিৎসা ও শুশ্রূষার জন্য নিম্নলিখিত ব্যবস্থা অবলম্বন করা হইয়াছেঃ—

১। **রেলওয়ে এলাকা।**—(ক) ১৯৫৫ সালের ১লা জানুয়ারী হইতে ৩০শে মার্চ পর্যন্ত ৭৪,২৪২ জনকে টিকা দেওয়া হইয়াছে।

(খ) বসন্ত রোগাক্রান্ত ব্যক্তিকে ইন্‌ফেক্‌শাস্‌ ডিজিজেজ্‌ হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে।

(গ) সংশ্লিষ্ট গৃহগুলি সম্যক্‌রূপে রোগবীজাণুমুক্ত করা হইয়াছে।

(ঘ) স্থানীয় সিনেমা মারফৎ এবং ম্যাজিক লণ্ঠনের সাহায্যে বসন্ত প্রতিরোধক ব্যবস্থা অবলম্বনের জন্য প্রচারকার্য চালান হইতেছে।

(ঙ) ইন্‌ফেক্‌শাস্‌ ডিজিজেজ্‌ হাসপাতালের বেডসংখ্যা ১৬ হইতে বর্দ্ধিত করিয়া ৪৬ করা হইয়াছে এবং নিম্নলিখিত অতিরিক্ত কর্মচারী নিযুক্ত করা হইয়াছেঃ

দুইজন এসিস্ট্যান্ট সার্জন (গ্রেড্‌ ২), একজন হস্‌পিটাল্‌ এটেনড্যান্ট, পাঁচজন ঝাড়ুদার এবং একজন আয়া।

রোগী হাসপাতালে স্থানান্তরিত করার জন্য রেলওয়ের নিজস্ব এম্বুলেন্স আছে।

২। **মিউনিসিপ্যাল এলাকা।**—(ক) ১৯৫৫ সালের ৩০শে মার্চ পর্যন্ত ৫৯,৫২০ জনকে টিকা দেওয়া হইয়াছে। মিউনিসিপ্যালিটি ডিসেম্বর মাসে একজন টিকাদার নিযুক্ত করিয়াছিল। ১৯৫৫ সালের ৩রা জানুয়ারী মিউনিসিপ্যালিটি আরও পাঁচজন টিকাদার এবং ৯ই মার্চ একজন স্যানিটারী ইন্সপেক্টর নিয়োগ করিয়াছে। মিউনিসিপ্যালিটির কর্মচারীদিগের সাহায্যার্থে সরকার নিম্নলিখিত কর্মচারিবৃন্দ প্রেরণ করিয়াছেনঃ—

৮।৩।৫৫ তারিখে ...	মোবাইল মেডিক্যাল ইউনিট	১
	স্যানিটারী ইন্সপেক্টর	১
	হেল্‌থ্‌ এসিস্ট্যান্ট	৩
১০।৩।৫৫ " ...	হেল্‌থ্‌ এসিস্ট্যান্ট	৭
২০।৩।৫৫ " ...	মোবাইল মেডিক্যাল ইউনিট	১
	স্যানিটারী ইন্সপেক্টর	১
	হেল্‌থ্‌ এসিস্ট্যান্ট	৪
২৬।৩।৫৫ " ...	হেল্‌থ্‌ এসিস্ট্যান্ট	৩
২৯।৩।৫৫ " ...	মোবাইল মেডিক্যাল ইউনিট	২
	হেল্‌থ্‌ এসিস্ট্যান্ট	৪

আটজন স্পেশাল পুলিশ কন্‌স্টেব্‌ল্‌ ২৪।৩।৫৫ তারিখ হইতে ব্যাপক টিকা অভিযানে সাহায্য করিতেছে।

(খ) ৭।৩।৫৫ তারিখ হইতে সরকার মিউনিসিপ্যালিটিকে ৮ হন্দর ব্লিচিং পাউডার সরবরাহ্‌ করিয়াছেন। ২৫৫ খানি গৃহ এবং ৪৪৬টি ড্রেন ইত্যাদি রোগবীজাণুমুক্ত করা হইয়াছে।

(গ) বসন্ত প্রতিরোধক ব্যবস্থা অবলম্বনের জন্য একটি সরকারী ভ্যান্‌ শহরের সর্বত্র প্রচার-কার্য চালাইতেছে।

(ঘ) মৃতদেহ সংকারের জন্য মিউনিসিপ্যালিটি ১৯।৩।৫৫ তারিখে চারজন এবং ২২।৩।৫৫ তারিখে একজন ডোম নিয়োগ করিয়াছে।

(ঙ) বারজন রোগী এ-পর্যন্ত হিজলী থানা স্বাস্থ্যকেন্দ্রে স্থানান্তরিত হইয়াছে।

(চ) বসন্তরোগ প্রতিরোধকল্পে এপিডেমিক্ ডিজিজেজ্ এ্যাক্টের অধীনে রেগুলেশন্ ২৬।৩।৫৫ তারিখ হইতে প্রয়োগ করা হইয়াছে।

(ছ) খড়্গপুর মিউনিসিপ্যালিটি হিজলী থানা স্বাস্থ্যকেন্দ্রসংলগ্ন স্থানে ১০-বেড সমন্বিত একটি খড়ের ঘর তৈরী করিয়াছে এবং ২৪।৩।৫৫ তারিখে তাহা সিভিল সার্জনের হস্তে ন্যস্ত করিয়াছে। প্রয়োজনমত তাহাতে আরও ৫টি বেড বাড়াইবার ব্যবস্থা আছে।

(জ) রোগী স্থানান্তরিত করিবার জন্য ১১।৩।৫৫ তারিখ হইতে খড়্গপুরে একটি সরকারী এম্বুলেন্স রাখা হইয়াছে।

(ঝ) এসিস্ট্যান্ট ডিরেক্টর অব্ হেল্থ্ (সংক্রামক ব্যাধি সম্পর্কীয়) খড়্গপুরে থাকিয়া সমস্ত ব্যবস্থা পরিদর্শন ও পরিচালনা করিতেছেন।

৩। **গ্রাম্য এলাকা**।—(ক) ৩০শে মার্চ পর্যন্ত ৪,৪৬৯ জনকে টিকা দেওয়া হইয়াছে। জেলা-বোর্ডের কর্মচারীদিগের (যথা, একজন স্যানিটারী ইন্সপেক্টর, একজন হেল্থ্ এসিস্ট্যান্ট, একজন অতিরিক্ত হেল্থ্ এসিস্ট্যান্ট এবং একজন টিকাদার) সাহায্যার্থে চারজন সরকারী হেল্থ্ এসিস্ট্যান্ট এবং একটি মোবাইল মেডিক্যাল ইউনিট ২১।৩।৫৫ তারিখে প্রেরণ করা হইয়াছে।

(খ) হিজলী থানা স্বাস্থ্যকেন্দ্রে সংক্রামক ব্যাধির জন্য ৪টি বেড আছে। প্রয়োজনমত সেখানে আরও ২টি বেডের ব্যবস্থা করা যায়। গ্রাম্য এলাকা হইতে দুইজন রোগী উক্ত স্বাস্থ্যকেন্দ্রে স্থানান্তরিত করা হইয়াছে। ২৪।৩।৫৫ তারিখে ঐ স্বাস্থ্যকেন্দ্রে আরও তিনজন পুরুষ নার্স, একজন ওয়ার্ড এটেন্ড্যান্ট এবং একজন ঝাড়ুদার প্রেরণ করা হইয়াছে।

(গ) মোবাইল মেডিক্যাল অফিসারগণ বাড়ি বাড়ি গিয়া ১৬৪ জন রোগীকে চিকিৎসা করিয়াছেন।

(ঘ) বসন্তরোগ প্রতিরোধকল্পে এপিডেমিক ডিজিজেজ্ এ্যাক্টের অধীনে রেগুলেশন্ ২৬।৩।৫৫ তারিখ হইতে মেদিনীপুর জেলার সর্বত্র প্রয়োগ করা হইয়াছে।

[3-40—3-50 p.m.]

Dr. Krishna Chandra Satpathi:

আমার সর্ট নোটিশ প্রশ্ন ছিল কিন্তু তার এতদিন পরে উত্তর দেওয়া হচ্ছে এবং তার মধ্যেও দেখছি কতকগুলি গোলমাল আছে। তাই আমি জানতে চাই (গ) প্রশ্নের উত্তর দিয়েছেন তাতে যে সংখ্যা দিয়েছেন ৩৫১ জন—এটা কোন তারিখ থেকে কোন তারিখ পর্যন্ত?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

৩১শে মার্চ পর্যন্ত।

Dr. Krishna Chandra Satpathi:

কোন তারিখ থেকে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

মার্চ মাসের প্রথম থেকে বোধ হয়।

Dr. Krishna Chandra Satpathi:

এটাও প্রথম সপ্তাহের জানুয়ারী থেকে আরম্ভ হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এখানে মার্চ মাসের ৩০ তারিখ পর্যন্ত হিসাব দেওয়া আছে যখন এপিডেমিক হয়।

Dr. Krishna Chandra Satpathi:

এখানে যে মোট-সংখ্যা দিয়েছেন ৩৫১ জন আক্রান্ত হয়েছে এবং ১০১ জনের মৃত্যু হয়েছে। এই সংখ্যা তথ্য কোথা থেকে পেলেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ষ্টাটিসষ্টিক্যাল বিভাগের যে তথ্য আছে, এই তথ্য তাদের কাছ থেকেই গৃহীত হয়েছে।

Dr. Krishna Chandra Satpathi:

এই ষ্টেটমেন্ট-এর মধ্যে আছে রেল কলোনীতে ৭৪,২৪২ জনকে টিকা দেওয়া হয়েছে এবং মিউনিসিপ্যাল এরিয়াতে ৫৯,৫২০ জনকে টিকা দেওয়া হয়েছে, তাহলে খড়্গপুরের টাউন এরিয়ার লোকসংখ্যা কত জানেন কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

সে তথ্য গত সেন্সাস রিপোর্ট দেখলেই পাবেন।

Dr. Krishna Chandra Satpathi:

গত ২২শে মার্চ ডাঃ রায় যে সংখ্যা দিয়েছিলেন সেই সংখ্যার সঙ্গে এই সংখ্যার মিল নাই কেন?

Mr. Speaker: Supplementary questionএ আরগুমেন্ট করবেন না।

Dr. Krishna Chandra Satpathi:

১৯৫১ সালের সেন্সাস-এ লোক সংখ্যা ছিল ১ লক্ষ ২৫ হাজার আর এই দুইটি সংখ্যা যোগ করলে দেখা যাচ্ছে যে ১ লক্ষ ৩৩ হাজার লোককে টিকা দেওয়া হয়েছে, এখানে আমার প্রশ্ন হচ্ছে যে লোক ছাড়াও গরু ছাগলকে টিকা দেওয়া হয়েছিল কিনা?

Mr. Speaker: That question does not arise. The figures are there.

Sj. Jyoti Basu: Sir, your notice has been drawn by the member concerned who has asked this question to this effect that this was a short notice question put last time, that is, before March, and the answer is being given now. There was a specific purpose in asking this question. Epidemic had broken out and scores of people were dying. At that time this question was given by the honourable member. This question was a short-notice question during the last session, not this session.

Mr. Speaker: I do not know on what date it was admitted.

Dr. Krishna Chandra Satpathi: It was admitted on 25th March, 1955.

Sj. Jyoti Basu:

আমার জিজ্ঞাস্য হচ্ছে আপনার কি মনে হচ্ছে এইসব দেখেটেখে। আমার আর কিছু বলার নেই।

Mr. Speaker: Most probably some of the questions came and were held over. I do not know. I will have to enquire.

Sj. Jyoti Basu:

আমাদের এসব অভ্যাস হয়ে গিয়েছে মানুষ মরে যাচ্ছে তবুও কংগ্রেস গভর্নমেন্টের কোন গ্রাহ্য নেই। তাই আমি আপনাকেই জিজ্ঞাসা করছি; আপনি স্পীকার, আপনার কি মনে হচ্ছে এইসব দেখেটেকে। আপনি কিছু কমেন্ট করুন তাহলেও কিছু মঙ্গল হবে।

Mr. Speaker: I have been commenting on a number of questions.

Sj. Jyoti Basu:

আপনার কমেন্টগুলি যদি বিরোধী পক্ষের দিকে যায় তবুও এদের লজ্জা নেই। তবুও যদি মাঝে মাঝে কিছু কমেন্ট করেন তাহলে কিছুটা ভাল হবে বলেই আমি মনে করি।

Mr. Speaker: I believe as a result of our efforts between Speaker and the Opposition the situation is improving.

Sj. Jyoti Basu:

এইসব জিনিষ এখানে চালু হয়ে দাঁড়িয়েছে। একটা প্রশ্ন করলে তা দেড়-দুই বৎসরের মধ্যে উত্তর পাওয়া যায় না।

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Sir, shall I throw some light on the point raised by friends opposite?

Mr. Speaker: Yes.

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: On receiving the short notice question I had to collect information from the Kharagpur area in the district of Midnapur, and I sent it to the Assembly Secretariat on the 6th of April, 1955, but as the Session was adjourned, probably this could not be included in the Agenda. My records show that I sent the reply to the Assembly Secretariat on the 6th of April, 1955.

Dr. Krishna Chandra Satpathi:

কিন্তু তার আগে ডাঃ রায় ২২শে মার্চ এবং ২৩শে মার্চ যে কথা বলেছিলেন......

Mr. Speaker: That does not arise here. You have got the information now.

Sj. Bankim Mukherji: Supplementary question, Sir,

যারা রাস্তায় মারা গিয়েছিল কিম্বা শ্মশানঘাটের কাছে মারা গিয়েছিল তাদের এই ভাইট্যাল ষ্ট্যাটিষ্টিক-এর মধ্যে ধরা হয়েছে কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এই রকম আনকেয়ার্ড ফর মারা গিয়েছে কিনা সে খবর আমাদের কাছে নেই। টোটাল ডেথ ফ্রম দিস ডিজিস যা আমরা স্টেটিষ্টিকস থেকে পেয়েছি সেই তথ্যই দিয়েছি।

Percentage of literates within Keshpur police-station, Midnapore

***34. Sj. Surendra Nath Pramanik:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) whether Government have any record of the present percentage of literates among males and females separately and among the total population within the Keshpur police-station, Midnapore;

(*b*) if so, what are the percentages;

(*c*) total number of—

(*i*) Primary Schools (Board managed),

(*ii*) M. E. Schools,

(*iii*) H. E. Schools,

(*iv*) Adult Education Centres—

(1) Private,

(2) Government aided,

(*v*) Libraries, and

(*vi*) Girls' Schools; and

(*d*) whether Government consider the desirability of adopting speedy measures for the development of education within the said area?

The Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose): (*a*) Yes, but not separately for males and females.

(*b*) 19·3.

(*c*) (*i*) 84.

(*ii*) 4.

(*iii*) 2.

(*iv*) 9—

(1) 2.

(2) 7.

(*v*) 3.

(*vi*) Nil.

(*d*) Yes.

Sj. Gangapada Kuar: Will the Hon'ble Minister be pleased to state whether Government have got any plan for immediate development of education within the said area?

Mr. Speaker: That question does not arise.

Dr. Atindra Nath Bose: With reference to answer (*d*), will the Hon'ble Minister be pleased to state what are the speedy measures that are going to be adopted by Government for the development of education within this area?

The Hon'ble Pannalal Bose: Government has already established two special cadre teacher schools. Now after all it is a thana in which the population is not large, and I find that it is 85,856. Of course the figure is taken from the 1951 census. I believe by this time this has increased.

Dr. Atindra Nath Bose: Is that the only measure intended to ameliorate the deficiency in all these spheres—primary schools, adult education and girls' schools?

The Hon'ble Pannalal Bose: The only measure adopted so far is to increase the number of primary schools by two. Already there were 84 schools; now it is 86.

Upper and Lower Primary Schools of Midnapore district

***35. Sj. Mrigendra Bhattacharjya:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি উচ্চ এবং নিম্ন প্রাথমিক বিদ্যালয় রাখার শেষ সিদ্ধান্ত হইয়াছে;

(খ) উক্ত স্কুলসমূহের মধ্যে কতগুলি প্রাইমারী সেক্‌শনের অন্তর্ভুক্ত করা হইয়াছে;

(গ) "প্রাইমারী সেক্‌শন্‌" নাম দেওয়ার কারণ কি;

(ঘ) ইহা কি সত্য যে, "প্রাইমারী সেক্‌শন্‌" স্কুলের শিক্ষকদের বহুদিন যাবৎ বেতন দেওয়া হয় নাই; এবং

(ঙ) যদি (ঘ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কতদিন তাঁহারা বেতন পান নাই এবং তাহার কারণ কি,

(২) উক্ত স্কুল শিক্ষকদের বাকী বেতন দেওয়া হইবে কিনা এবং হইলে, কবে হইবে,

(৩) ঐসকল বিদ্যালয়ের "সি" গ্রেডের শিক্ষকদের ছাঁটাই করা হইতেছে কিনা, এবং

(৪) হইয়া থাকিলে, তাঁহাদের বাকী বেতন মিটাইয়া দেওয়া হইবে কিনা?

The Hon'ble Pannalal Bose:

(ক) ৩,০৮৮টি।

(খ) ১৩৪টি।

(গ) উচ্চ বা মাধ্যমিক স্কুলের প্রাথমিক বিভাগ থাকিলে উক্ত বিভাগকে "প্রাইমারী সেক্‌শন্‌" বলা হয়।

(ঘ) ও (ঙ) (৩) না।

(ঙ) (১), (২) ও (৪) প্রশ্ন উঠে না।

[3-50—4 p.m.]

Sj. Mrigendra Bhattacharjya:

(ঘ) ও (ঙ) প্রশ্নের উত্তরে বলেছেন "না"। মন্ত্রী মহাশয়ের কি স্মরণ আছে গত বছর ছয় হাজার প্রাইমারী শিক্ষক যাঁদের ছাঁটাই করা হয়েছে এবং দুই বছর ধ'রে বেতন দেওয়া হয় নি তাদের দরখাস্ত আমি আপনার হাতে দিয়েছি।

Mr. Speaker:

সেটা তো তাহলে আপনি জানেন কনফারমেসন-এর জন্য প্রশ্ন না করে ইনফরমেসনের জন্য করুন।

Sj. Sasabindu Bera:

'ক' প্রশ্নের উত্তরে আছে মেদিনীপুর জেলায় কতগুলি উচ্চ এবং নিম্ন প্রাইমারী বিদ্যালয় আছে অর্থাৎ ৩,০৮৮, এর দ্বারা কি বুঝাচ্ছেন উচ্চ এবং নিম্ন বিদ্যালয়ের টোটাল ৩,০৮৮?

The Hon'ble Pannalal Bose:

১৯৫৪ সালের জানুয়ারির যে পাবলিসড লিষ্ট তা থেকে এটা নেওয়া হয়েছে।

Sj. Sasabindu Bera: My question has not been answered.

উচ্চ এবং নিম্ন প্রাথমিক বিদ্যালয় সম্বন্ধে শেষ সিদ্ধান্ত হয়েছে। আপনি কি বলছেন এটা হচ্ছে উচ্চ এবং নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের টোটাল?

The Hon'ble Pannalal Bose:

ডিষ্টিংসন নেই। ১, ২, ৩ এন্ড ৪ ক্লাশ পর্যন্ত সবই প্রাইমারি—আপার প্রাইমারি এবং লোয়ার প্রাইমারি।

Sj. Sasabindu Bera:

ফিগারটা কারেক্টলি বলুন।

The Hon'ble Pannalal Bose:

এটা অন্‌লি প্রাইমারি স্কুলস ওয়ান টু ফোর ক্লাশ পর্যন্ত প্রাইমারি হয়ে গিয়েছে।

Sj. Sasabindu Bera:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে এখন যে সমস্ত ইমারজেন্সি স্কীম-এ স্কুল হচ্ছে......

Mr. Speaker: That question does not arise out of this question.

Extension of service of Officers and Professors of the Calcutta University

***36. Sj. Subodh Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether extension of service after the age of retirement in the case of Officers and Professors of the University of Calcutta requires any reference to or approval by the Government?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what is the age of retirement in such cases;

(*ii*) what is the maximum age-limit beyond which no extension can be given; and

(*iii*) the names of those who have been given extension after reference to the State Government during the last three years and their ages?

The Hon'ble Pannalal Bose: (*a*) No, under the Calcutta University Act, 1951.

(*b*) Does not arise.

U.P. Schools under the Midnapore District School Board

***37. Sj. Kanai Lal Bhowmick:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার জেলা স্কুলবোর্ড কর্তৃক প্রদত্ত ইউ পি স্কুলের তালিক সরকারের তরফ হইতে পরীক্ষা সুরু হইয়াছিল কিনা;

(খ) হইয়া থাকিলে, তাহা শেষ করা হইয়াছে কিনা এবং ঐ পরীক্ষার রিপোর্ট বি এবং সরকার তাহা অনুমোদন করিয়াছেন কিনা;

(গ) অনুমোদন করা হইয়া থাকিলে, তাহা জেলা স্কুলবোর্ডের নিকট পাঠানে হইয়াছে কিনা;

(ঘ) পাঠানো না হইয়া থাকিলে, কেন পাঠানো হয় নাই এবং কতদিনের মধে পাঠানো হইবে;

(ঙ) আগামী ১৯৫৬ সালের ১লা জানুয়ারী হইতে সরকারী নূতন পরি কল্পনা চালু হইবার পূর্বে ঐ সরকারী অনুমোদিত তালিকা জেলা স্কুল বোর্ডের নিকট পাঠানো হইবে কিনা;

(চ) ইহা কি সত্য যে, ডি পি আই মেদিনীপুর জেলা স্কুলবোর্ডের উক্ত তদন্ত কার্য শেষ না হওয়া পর্যন্ত status quo maintain করার জন্য একটি সারকুলার দিয়াছিলেন; এবং

(ছ) সত্য হইলে, এ সারকুলারটি কত তারিখে দেওয়া হইয়াছিল এবং সারকুলার অনুযায়ী জেলা স্কুলবোর্ড status quo maintain করেছেন কিনা?

The Hon'ble Pannalal Bose:

(ক) ও (খ) হ্যাঁ, পরীক্ষিত ও অনুমোদিত হইয়াছে।

(গ) হ্যাঁ, পাঠান হইয়াছে।

(ঘ) ও (ঙ) প্রশ্ন উঠে না।

(চ) হ্যাঁ, দিয়াছিলেন।

(ছ) জানুয়ারী ১৯৫৩ সালে এবং *status quo* maintain করা হইয়াছে।

Proposed establishment of a Sanskrit University in the State

***38. Sj. Janardan Sahu:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that there has been a scheme of Government for starting a Sanskrit University in West Bengal?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) when the scheme will be given effect to; and

(*ii*) whether Government consider the desirability of giving effect to the scheme at an early date?

The Hon'ble Pannalal Bose: (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Janardan Sahu:
মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে স্যাংসক্রীট কলেজ হবার প্রস্তাব আগে এসেছে কিনা এবং গভর্নমেন্ট সেটা বিবেচনা করছেন কিনা?

The Hon'ble Pannalal Bose:
একটা প্রপোজাল হয়েছিল বটে, কিন্তু কোন স্কীম নেওয়া হয় নি।

Sj. Janardan Sahu: Sanskrit College
হবার কোন আবশ্যকতা আছে কি পশ্চিমবঙ্গে?

The Hon'ble Pannalal Bose: Sanskrit University
র জন্যে যে সংস্কৃত শিক্ষক পরিষদ আছেন আপনি যদি তাঁদের কর্তব্য বিবেচনা করে দেখেন তাহলে দেখবেন সেটা অনেকখানি ইউনিভার্সিটির মত আছে। অনুসন্ধান করে দেখা গেল যে এত ছাত্র নেই যাতে ইউনিভার্সিটি করা যায়।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Preventive measures against spread of diseases in Bankura district

14. Sj. Probodh Dutt: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(*a*) what is the number of deaths due to malaria, cholera, T.B., small-pox and typhoid in each year during the last 4 years in Bankura district; and

(*b*) what preventive measures, if any, were taken by the Government to check the spread of these diseases?

The Minister-in-charge of Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji): (*a*) A statement is laid on the Table.

(b) The following preventive measures were taken to check the spread of the diseases:—

Malaria.—Anti-malaria campaign by spraying all the areas with D.D.T. in the district is being carried out each year since 1950. Besides this, anti-malaria drugs were distributed free through the Civil Surgeon and the District Board.

T.B.—As a preventive measure against T.B., B.C.G. vaccination was carried out in Patrasayer Union Board in Vishnupore subdivision in February, 1954. 4,499 persons were examined by Tuberculin test amongst whom 1,770 persons were vaccinated with B.C.G. vaccine. Propaganda work on prevention of T.B. with the help of the Audio-visual Unit was arranged by the Bengal T.B. Association in Bankura and Vishnupore. Cinema demonstration on prevention of tuberculosis was also arranged by the District Publicity Unit.

Cholera, small-pox and typhoid.—Vaccination against small-pox, inoculation against cholera and typhoid, disinfection of water sources were carried on by the Public Health staff under the control of the local bodies as also by the Government Public Health staff posted under the Subdivisional Health Officers in the district. A large number of tube-wells were also sunk in the district to ensure supply of pure drinking water.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 14

	Deaths from—				
	Malaria.	Cholera.	T.B. of lungs.	Small-pox.	Typhoid.
1951 ..	1,734	124	454	1,371	148
1952 ..	1,333	139	484	205	164
1953 ..	1,038	205	430	5	179
1954 ..	599	44	395	63	206

Sj. Rakhahari Chatterjee: Will the Hon'ble Minister be pleased to state whether there has been any scheme to take other parts of the Bankura district in this T.B. preventive measures?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: The scheme is under expansion.

Bhagawanpur A. C. Hospital, Contai

15. Sj. Sudhir Chandra Das: Will the Hon'ble Minister-in-charge of the Public Health Department be pleased to state—

(ক) কাঁথি মহকুমার অন্তর্গত ভগবানপুর এ জি হাসপাতালের গৃহটি অত্যন্ত বিপজ্জনক অবস্থায় আছে—সরকার ইহা অবগত আছেন কিনা;

(খ) উত্তর হ্যাঁ হইলে, ঐ হাসপাতাল গৃহটি মেরামতের জন্য কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে এবং কত টাকা মঞ্জুর করা হইয়াছে; এবং

(গ) থানা স্বাস্থ্যকেন্দ্র প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত ঐ হাসপাতালে কয়টি শয্যা রাখা হইবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) হ্যাঁ।

(খ) ২,৭০১৲ টাকা মঞ্জুর করা হইয়াছে। আরও ৬,৪৫৩৲ টাকার এষ্টিমেট বিবেচনাধীন আছে।

(গ) যতদিন এ জি হাসপাতাল থাকিবে, ততদিন ১০টি বেড রাখা হইবে।

Sj. Sudhir Chandra Das:

ভগবানপুরের এ, জি, হসপিটালএ কত শয্যা ছিল?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

প্রথম ৫০টি ছিল। কমতে কমতে ২০ দাঁড়িয়েছে। এখন নতুন থানা স্বাস্থ্যকেন্দ্র হতে চলেছে সেখানে ১০টি নয়, ভুল দেওয়া আছে—২০টি বেড হবে।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি ডি, ডি, টি দেওয়া সত্ত্বেও মশা পালাচ্ছে না. তাতে কি বুঝা যাবে যে ডি, ডি, টির রেজিষ্টেন্স কমে গেছে?

[No reply.]

B.C.G. Vaccination in Burdwan district

16. Sj. Dasarathi Tah: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) বর্ধমান জেলার কোন্ কোন্ অঞ্চলে বি সি জি টিকা দেওয়া হইয়াছে;

(খ) এ-পর্যন্ত ঐ জেলার কতজন নরনারী ঐ টিকা গ্রহণ করিয়াছেন;

(গ) কতদিন হইতে ঐ জেলায় এই টিকা দিবার কাজ আরম্ভ হইয়াছে; এবং

(ঘ) বি সি জি টিকা দেওয়ার জন্য কোন্ শ্রেণীর কতজন কর্মচারীকে ঐ জেলায় নিয়োগ করা হইয়াছে এবং তাহাদের বেতনের হার কত?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

(ক) বর্ধমান জেলার নিম্নলিখিত অঞ্চলে বি সি জি টিকা দেওয়া হইয়াছেঃ—

(১) জামালপুর, ভাতার, রায়না ও খন্দঘোষ থানা বাদে সদর মহকুমার সর্বত্র;

(২) আসানসোল মহকুমার সর্বত্র;

(৩) কেতুগ্রাম ও মঙ্গলকোট থানা বাদে কাটোয়া মহকুমার সর্বত্র।

(খ) ১৯৫৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত ৭২৪,২০৬ জন নরনারীকে টিউবারকিউলিন টেষ্ট করা হইয়াছে এবং ২৯২,২৯৭ জনকে বি সি জি টিকা দেওয়া হইয়াছে।

(গ) ১৯৫১ সালের সেপ্টেম্বর মাস হইতে।

(ঘ) অত্রসহ বিবরণী প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (ঘ) of unstarred question No. 16

	মেডিক্যাল অফিসার।		নার্স।	পিয়ন।
১৯৫১ সাল।				
সেপ্টেম্বর	১	১ টি এইচ ভি*	১	১
১৯৫২ সাল।				
(iii) to request Government of India to provide funds for opening trade schools and multipurpose schools so that school students who are not fitted for higher studies might get opportunities for learning a trade;

(iv) to give facilities to energetic and meritorious young people to receive training in cottage industries, big or small, in other countries;

(v) to give such young persons when they return after receiving adequate training, financial assistance to set up the industries in which they would be proficient;

(vi) to make adequate arrangements for marketing of products of cottage industries with proper safeguards and guarantees; and

(vii) to publish appropriate literature giving all necessary information regarding the possibility of establising specific cottage industries in specified areas.

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in item (ii), after the words "co-operative basis" the following words be inserted, viz.,—

"(*a*) to instal electricity in rural areas".

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that at the end of the resolution the following items be added, viz.,—

"(viii) to stop any further retrenchment of workers and employees in mills, factories, commercial firms and Government Offices by enactment of suitable laws declaring rationalisation and retrenchment illegal;

(ix) to prevent by suitable legislation any fresh appointment ot aliens in the State;

(x) to grant unemployment bonus to the involuntary unemployed persons between the age limits of 18 years and 55 years, of the State".

Sj. Jyoti Basu: Sir, I beg to move that at the end of the resolution, the following items be added, viz.,—

"(viii) Introduce suitable and effective legislation with a view to prohibitng retrenchment and introducing new machines leading to retrenchment and work load.

(ix) Government should plan out alternative employment for all those whose retrenchment under the law cannot be prevented.

(x) Move the Government of India to institute a comprehensive scheme of unemployment insurance to cover all industrial workers, financed by the Government and employers.

(xi) Provide so long as the unemployment insurance scheme is not put through for a sum of Rs. 25 crores per annum for unemployment relief, calculated on the basis of Rs. 200 per unemployed person per year in the State.

(xii) Fix minimum wages for agricultural labourers.

(xiii) Government to plan out for each district work for rural unemployed in public and construction works.

(xiv) Undertake as an integral part of the Second Five-Year Plan a programme of developing heavy and basic industries.

(xv) Undertake the immediate implementation of projects like Durgapur Coke Oven Plant, etc."

Dr. Atindra Nath Bose: Sir, I beg to move that in item (ii), line 1, for the words "to set up" the following be substituted, viz.,—

"to demarcate the spheres of heavy machine industries and cottage industries so as to eliminate unequal competition between the two; and to encourage the setting up of".

I further beg to move that items (iv) and (v) of the resolution be omitted.

Mr. Speaker: There is another thing. May I tell Mr. Basu that resolution No. VIII is practically covered by your amendment now moved to this resolution. May I suggest that this resolution also may be discussed together. I am not asking that this resolution should be moved now, but these may be discussed together.

Sj. Jyoti Basu: Yes, the language is almost the same. But my only difficulty is that you are fixing only 10 minutes and in 10 minutes we shall not be able to make the whole speech on a very big resolution. So, some more time should be allowed. I shall cover the same ground.

Mr. Speaker: If I make it three hours and give each member 15 minutes, I think that will do. This is an important resolution.

Sj. Khagendra Nath Bandopadhaya:

মাননীয় স্পীকার মহাশয়, স্বাধীনতা লাভের পর আমাদের দেশে অনেক সমস্যা দেখা দিয়েছিল। কিন্তু আমাদের জাতীয় সরকার ইতিমধ্যে কতকগুলি সমস্যার সমাধান করেছেন। তারমধ্যে আমরা দেখতে পাচ্ছি খাদ্য সমস্যার সমাধান হয়েছে। সেচের কোন ব্যবস্থা ছিল না, কতকগুলি সুষ্ঠু সেচ ব্যবস্থার ফলে আমরা দেখতে পাচ্ছি সেখানে উন্নত ধরণের কৃষিকার্য্য করা সম্ভব হচ্ছে। শিক্ষার ক্ষেত্রে অনেকগুলি বিদ্যালয়—নূতন নূতন নানান রকমের বিদ্যালয় সরকার করেছেন। সবথেকে আজকে যে সমস্যা তীব্রভাবে এই পশ্চিম বাংলায় দেখা দিয়েছে সেটা হচ্ছে আনএমপ্লয়মেন্ট প্রবলেম অর্থাৎ বেকার সমস্যা এবং সেটা কি করে দূর করা যায় এটাই হচ্ছে মহা সমস্যা। আজকে পল্লী অঞ্চলে প্রায় সমস্ত কুটির শিল্পগুলি ধ্বংসের দিকে এগিয়ে গেছে এবং সে কথা চিন্তা করে আমি এই প্রস্তাব আপনার সামনে এবং এই হাউসের সামনে উপস্থিত করছি। দুর্গাপুর সম্বন্ধে কিছু বলতে গিয়ে আমি বলতে চাই যে দুর্গাপুরের নানান ইনডাষ্ট্রি সম্বন্ধে এবং দুর্গাপুর প্রজেক্ট সম্বন্ধে এই হাউসে অনেক আলোচনা হয়ে গেছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এর প্রয়োজনীয়তা সম্বন্ধে অনেক তথ্য পরিবেশন করে আমাদের শুনিয়েছেন। কাজেই সেদিক থেকে না গিয়ে আমি এই রেজোলিউসানের ১ নম্বর ধারায় আমাদের সরকারকে অনুরোধ জানাচ্ছি যাতে সদাশয় ভারত সরকারের সংগে এই ব্যবস্থাটি তাড়াতাড়ি হতে পারে, যাতে করে দুর্গাপুরে এই প্রস্তাবিত ইস্পাত কারখানা শীঘ্র স্থাপন করা সম্ভবপর হয়। আমি মনে করি যে এই ইস্পাত কারখানা যদি এখানে স্থাপন করা সম্ভব হয় তাহ'লে যে-সমস্ত মধ্যবিত্ত পরিবারের ছেলে, যার মধ্যে আমি নিজে মনে করি যে শতকরা ৪০ জন এই পল্লী অঞ্চলের লোক আজকে বেকার হয়ে রয়েছে এবং যারা আর্থিক কারণে শিক্ষাগত যোগ্যতার জন্য সরকারের নূতন নূতন পরিকল্পনার সুযোগ গ্রহণে বঞ্চিত রয়েছে তারা সেখানে কাজ পেতে পারে এবং স্বল্প শিক্ষিত বেকার যারা রয়েছে, যাদের আজকে চাকুরী দেওয়া সম্ভবপর হয় না, এই পশ্চিম বাংলায় এই রকম একটা বড় রকমের কারখানা যদি স্থাপন করা হয় তাহ'লে তারা কাজ পাবে বলে আমি মনে করি। পূর্ব্ববংগের সেই ছিন্নমূল উদ্বাস্তু ভাইরাও অনেকে এখানে কাজ পেতে পারেন এবং তাঁদের সেখানে সুষ্ঠু পুনর্ব্বাসন হবে বলে আমি মনে করি। কারণ ইতিমধ্যে আমরা দেখছি যে আমাদের এই পশ্চিম বাংলা সরকার রুরকেল্লায় যেখানে ইস্পাত কারখানা হচ্ছে সেখানে অনেকগুলি পরিবারকে পুনর্ব্বাসন এবং কর্ম্ম-সংস্থানের জন্য পাঠান হয়েছে। এরপর আমি কুটিরশিল্প সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই।

[3-50—4 p.m.]

আজকে বাংলাদেশের কুটিরশিল্পের অবস্থা সম্পর্কে আমরা বোধহয় সকলেই এক মত। আমরা দেখেছি বা দেখছি পল্লী অঞ্চলে তাঁতী, কামার, কুমোর, বিশেষতঃ কংস শিল্পি, তাদের অবস্থা আজকে মরণোন্মুখ বা ধ্বংসম্মুখ বললেই চলে। আমি বীরভূম জেলার তাঁতী-ভাইদের কথা জানি। আমার যেখানে বাড়ী সেখানে যে-সমস্ত কংস শিল্পী রয়েছে, যারা এই সেদিন যুদ্ধের দিনেও নানান কষ্ট করেও শিল্পকে বাঁচিয়ে রেখেছিল, আজ তাঁরা যদিও বা কষ্টেশিষ্টে মহাজনদের কাছ থেকে টাকা ধার করে কাজ করার চেষ্টা করতে যান, তাহ'লে তাঁদের সেই চেষ্টা ব্যর্থতায় পর্য্যবসিত হয়। আজকে তাঁরা বাজার পান না। কাজেই আমি আজকে সরকারকে অনুরোধ জানাতে চাই আমার এই প্রস্তাবের মাধ্যমে যে তাঁদের সেই সমস্ত কুটির শিল্পগুলিকে আজকে পুনরুজ্জীবিত করার ব্যবস্থা করা হোক এবং সেগুলি স্থায়িত্বের জন্য সেগুলি সমবায় ভিত্তিতে যাতে নূতন করে কাজ আরম্ভ করে সেদিকে যেন দৃষ্টি দেওয়া হয়। শুধু স্থায়িত্বের দিকে দৃষ্টি দিলে বা সমবায়ের ভিত্তিতে কাজ করলে

সুফল হবে না বলে আমি মনে করি। সেই সমস্ত শিল্পজাত দ্রব্য যাতে প্রকৃত ন্যায্য দরের বাজার পায় সেই দায়িত্ব আমাদের সরকারের গ্রহণ করা উচিত এবং কোন শিল্প যে শিল্প মরে গেছে তার আজকে পুনরুজ্জীবনের সম্ভাবনা আছে কি না বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে, আজকে সেখানে সেই শিল্প চলবে কিনা সে সম্বন্ধে পুস্তিকার মারফৎ আজকে জনসাধারণকে অবহিত করার প্রয়োজন আছে বলে আমি মনে করি।

তারপর আমার তৃতীয় প্রস্তাব হচ্ছে, আমাদের ট্রেড্ স্কুল এবং মালটিপারপাস স্কুল সম্বন্ধে। আমাদের সংবিধান বলছে যে ১৪ বছর পর্য্যন্ত লোকেদের আমাদের ফ্রি কমপালসারী এডুকেসান দিতে হবে। তা আমি যতদূর জানি আমাদের বর্ত্তমান পশ্চিমবঙ্গ সরকার সেইভাবে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার যে খসড়া রচনা করেছেন সেদিকে তাঁরা জোর নজর দিয়েছেন। কাজেই আজকে যখন বছরে মাত্র ৫টি করে বিদ্যালয়কে, টেকনিক্যাল সেকসন জুনিয়ার হাই স্কুলের সঙ্গে জুড়ে দিয়ে ৩৫টি এইরূপ স্কুল ইতিমধ্যে আমাদের বাংলাদেশে করা সম্ভব হয়েছে, সেগুলি যাতে আরও ব্যাপকভাবে করা যেতে পারে এবং সেখানে শুধু জুনিয়ার হাই স্কুলের সঙ্গে টেকনিক্যাল সেকসানকে জুড়ে দিলে হবে না। মাত্র ৭টি পলিটেকনিক্যাল স্কুল যা বাংলাদেশে হয়েছে, তাতেই শুধু হবে না, নূতন করে ট্রেড স্কুল দিতে হবে। যে সমস্ত ছাত্ররা বা যে সমস্ত গ্রামের লোকেরা আজকে ম্যাট্রিক পাশ করতে পারে নি তারা সেখানে ট্রেড শিক্ষার সুযোগ পাবে এবং সেদিকে আমাদের এগিয়ে যেতে হবে। আজকে মালটিপারপাস স্কুল আমাদের সরকার ইতিমধ্যে বিগত বছরে মাত্র ১৫টি করেছেন, সেজন্য তাঁরা ধন্যবাদের পাত্র। এবারে তাঁরা ৬০টি স্কুলের মঞ্জুরীর জন্য পাঠিয়েছেন এবং নিশ্চয়ই মঞ্জুরীও তাঁরা পাবেন। কিন্তু আমি মনে করি ব্যাপকভাবে প্রতিটি জেলায় এবং যেখানে এই সুযোগ দেওয়া হবে সেখানে শুধু টেকনিক্যাল ট্রেনিং দেওয়া নয়, সেখানে ক্র্যাফট্ ট্রেনিংও পর্য্যবসিত থাকবে। সেখানে সাইন্টিফিক ট্রেনিং নিয়ে, সেলফ-কনটেনড মানুষ হয়ে এমপ্লয়েবল হয়ে বেরিয়ে আসতেও পারবে, সেই রকম মালটিপারপাস স্কুলের সংখ্যা আজকে বাড়ান হোক। তাই আমি প্রস্তাব করছি যে এ-বিষয়ে যাতে পর্য্যাপ্ত অর্থ পাওয়া যেতে পারে সেজন্য আমাদের সরকার যেন ভারত সরকারের সঙ্গে চেষ্টা করেন।

এরপর আমি বলতে চাই সমস্ত দরিদ্র এবং মেধাবী ছাত্রদের কথা, যারা ঐ সমস্ত বিদ্যালয় থেকে শিক্ষা পাবে তারা আজকে ট্রেনিং-এর সুযোগ পাচ্ছে না। তাঁরা যেন সরকার থেকে সেই সমস্ত সুযোগ লাভে বঞ্চিত না হন, তাঁরা যেন বিদেশের সেই সমস্ত ট্রেনিং নিয়ে আসবার সুযোগ পান সেদিকে আমি জাতীয় সরকার অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারকে অনুরোধ জানাচ্ছি। তারপর আমি অনুরোধ জানাচ্ছি এই বলে যে সেখান থেকে যারা সার্থক শিক্ষা লাভ নিয়ে ফিরে আসবে এবং যোগ্য বলে বিবেচিত হবেন তাঁরা যদি নূতন কোন শিল্প প্রতিষ্ঠা করতে চান, সরকার যেন সেদিকে তাঁর দৃষ্টি রাখেন।

স্পীকার মহোদয়, এই কয়টি কথা বলে আমি যে প্রস্তাব এনেছি সংক্ষেপে আমি আমার মতামত ব্যক্ত করি এবং এই প্রস্তাব যাতে সর্ব্বসম্মতিক্রমে পাশ হয় এবং আমার বিরোধীপক্ষীয় মাননীয় বন্ধুরা যাঁরা এ্যামেণ্ডমেন্ট এনেছেন, এ্যামেণ্ডমেন্ট আনতে গিয়ে এমন একটা সুন্দর প্রস্তাব যেন আজকে খিচুড়ী না হয়ে যায়, সেদিকে লক্ষ্য রেখে তাঁদের এই সংশোধনী প্রস্তাব তুলে নেওয়ার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Sj. Ananda Gopal Mukherjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বন্ধু শ্রীযুক্ত খগেন ব্যানার্জ্জি যে প্রস্তাব এখানে উপস্থাপিত করেছেন সেই প্রস্তাবকে আমি আমার আন্তরিক সমর্থন জানাতে উঠে এই সম্বন্ধে দু'-একটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গের সামনে অনেক সমস্যা ছিল। এই সমস্যাগুলি সম্পূর্ণভাবে দূর না হলেও আজকে দেখতে পাচ্ছি যে বেশীর ভাগই দূর হয়েছে। কিন্তু সবচেয়ে বেশী করে যে সমস্যা আজকে পশ্চিমবঙ্গে দেখা দিয়েছে তা হচ্ছে বেকার সমস্যা। বাংলা দেশে, আপনার জনসংখ্যার অনুপাত প্রতি বর্গমাইলে ভারতের যে-কোন

দেশের চেয়ে বেশী। এখানে লক্ষ লক্ষ বাস্তুহারা ভাইরা এসেছে। আজকে এই ছোট দেশের উপর যে ভার পড়েছে তাতে বাংলাদেশের অর্থনৈতিক কাঠামো এবং সমাজ ব্যবস্থা ভেংগে পড়েছে—বিশেষ করে এই বেকার সমস্যার চাপে। এই বেকার সমস্যা সুষ্ঠুভাবে সমাধান করবার জন্য তাই আমরা আজ এই পশ্চিমবংগ সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে এই কথা বলছি যে এই বেকার সমস্যা দূর করার যেগুলি সুষ্ঠু পন্থা আছে সেইগুলি সম্বন্ধে তাঁরা সহানুভূতিশীল হয়ে এই সমস্যা সমাধান করুন। আজকে আমাদের দেশের কৃষি ব্যবস্থার যতই উন্নতি করি না কেন আমাদের যে পরিমাণ কৃষি ব্যবস্থা আছে তাতে বেশী লোককে কৃষি ব্যবস্থার মাধ্যমে এই সমস্যা সমাধান করা যাবে না। পশ্চিমবংগের এই সমস্যা সমাধান করবার জন্য সর্ব্বাগ্রে প্রয়োজন হবে শিল্পের উন্নতি করা। আজকে বড় শিল্প অর্থাৎ ব্যাসিক ইন্ডাষ্ট্রি এবং কুটীর শিল্প পশ্চিমবংগে প্রসার করে এই সমস্যার সমাধান করতে হবে। ব্যাসিক ইন্ডাষ্ট্রি বলতে আমরা এই কথা বলবো দুর্গাপুরে পশ্চিমবংগ সরকার যে গ্যাস প্ল্যান্ট করতে চাচ্ছেন সেখানে জাতীয় সরকারের পরিকল্পনাগুলির মধ্যে পশ্চিমবংগের এই ষ্টিল প্ল্যান্টটা গ্রহণ করা হক্। অত্যন্ত আনন্দের সংগে আমরা জানাচ্ছি যে পশ্চিমবংগ সরকার এই কোক ওভেন-এর কাজে যেভাবে এগিয়ে যাচ্ছেন তাতে অল্প সময়ের মধ্যেই এই কাজ সুরু হবে এবং এতে বেকার সমস্যা সমাধানের খানিকটা সহায়তা করবে। যদি ষ্টিল প্ল্যান্ট নেওয়া হয় তাহ'লে আমার মনে হয় পশ্চিমবংগের এই বেকার যুবক যারা দ্বারে দ্বারে ঘুরে বেড়াচ্ছে তারা একটা সুযোগ পাবে তাদের জীবনে প্রতিষ্ঠিত হবার জন্য। দুর্গাপুরের যে অবস্থা, যে পজিসন সে-সম্বন্ধে যদি আমরা চিন্তা করি এবং সেখানে যে রিসোর্সেস আছে তার সম্বন্ধে যদি আমরা চিন্তা করি তাহ'লে আমার মনে হয় দুর্গাপুরে ষ্টিল প্ল্যান্ট করার কোন বাধা আসবে না। এখানে ষ্টিল মার্কেট—ভাল আয়রন ওর পাওয়া যায় এবং রেল কমিউনিকেসন দুর্গাপুরের সংগে কলিকাতার আছে। সুতরাং দুর্গাপুরের যে সুযোগ সুবিধা আছে তা অন্য কোথাও নেই। এ ছাড়া দামোদর পরিকল্পনা শেষ হবার সংগে সংগেই দুর্গাপুর কলিকাতার সংগে নদী-পথেও যুক্ত হবে। এই যোগাযোগের মধ্যে দিয়ে দুর্গাপুর ও কলিকাতার দূরত্ব অত্যন্ত নিকট হয়েছে। এবং কলিকাতা এর বেষ্ট মার্কেট। এই দুর্গাপুরের সমস্ত রকম সুযোগ আছে বলে আমি মনে করি ; কেন্দ্রীয় সরকার এইগুলি উপলব্ধি করবেন। আজকে দেখছি যে এই দুর্গাপুরের কাছে কয়লা আছে, আয়রন ওর আছে এবং যোগাযোগের ব্যবস্থা আছে, এই অঞ্চলে ষ্টিল টেকনিসিয়ানস্ আছে, এখানে ষ্টিল প্ল্যান্ট-এর সমস্ত রকম সুযোগ আছে। তাই আজকে আমরা পশ্চিমবংগ সরকারের মাধ্যমে বারবার কেন্দ্রীয় সরকারকে জানাচ্ছি যে এই বেকার সমস্যা দূর করার জন্য পশ্চিমবংগের এই দুর্গাপুরে অবিলম্বে ষ্টিল প্ল্যান্ট করা হক্।

[4—4-10 p.m.]

পশ্চিম বাংলায় শুধু ষ্টিল প্ল্যান্ট করে বেকার সমস্যার সমাধান করা যাবে না। আজকে পশ্চিম বাংলার গ্রামে গ্রামে যে-সমস্ত বেকার যুবক আছেন তাদের নূতন গঠনমূলক পরিকল্পনার মাধ্যমে বিদ্যুৎশক্তি সরবরাহ হবার পর যদি গ্রামে গ্রামে কুটীর শিল্প সমবায়ের মাধ্যমে গ'ড়ে উঠে তাহ'লে সেই যুবকদের নিযুক্ত করা সম্ভব হবে। আমি তাই সদাশয় সরকারের কাছে জানাচ্ছি আজ পশ্চিম বাংলার গ্রামে গ্রামে যে-সমস্ত শিল্পী আছে, যে-সমস্ত যুবক আছে, আজ যাতে তাদের সামনে এই সুযোগ আসে সেই ব্যবস্থা করতে হবে। আমি দেখেছি যে গতবার পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় পশ্চিম বাংলা সরকারের পক্ষ থেকে ৭৬ লক্ষ ৯৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছিল। আমরা শুনেছি আগামী পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবংগ সরকারের তরফ থেকে কুটীর শিল্পের জন্যে ছোট এবং বড় ৮ কোটি ৪৮ লক্ষ ৩৫ হাজার টাকা দাবী করা হয়েছে। এই কুটীর শিল্পকে যেভাবে জাগিয়ে তোলা যায় পশ্চিম বংগ সরকার সেদিকে দৃষ্টি দিয়েছেন। গ্রামে যে-সমস্ত শিল্পী আছেন তাঁদের বড় কথা উপযুক্ত মূলধন—তার অভাবে প্রস্তুত জিনিষপত্র বাজারে বিক্রী করতে না পারায় কুটীর শিল্প মরে যেতে বসেছে। সেজন্যে পশ্চিম বাংলা সরকার যে মেজারস বা ষ্টেপস্ নিতে যাচ্ছেন তা অভিনন্দনযোগ্য। সেই সংগে ব'লব সরকার যে-সমস্ত কুটীর শিল্প করেছেন, তাঁতী ছাড়াও অন্যান্য যাঁরা আছেন তাঁদেরকে র মেটিরিয়েলস্ দেবার জন্য

পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় ৫১ লক্ষ টাকা ধরেছেন এবং তাঁত-শিল্পের জন্যে ২ কোটি টাকা ধার্য্য করেছেন। আমরা এক্ষেত্রে বলতে চাই যে আজ পশ্চিম বাংলায় আরও নূতন ধরণের কুটীর শিল্প করা যায় কি না? আজ যে শিক্ষার পদ্ধতি আছে তাতে হাজার হাজার যুবক প্রতি বছর শিক্ষিত হ'য়ে বেরুচ্ছেন, অথচ উপযুক্ত কাজ না থাকায় বেকার হয়ে থাকছেন। সরকারের যে-সমস্ত ভোকেশান্যাল স্কুলস্, টেকনিক্যাল ইন্‌ষ্টিটিউশনস্ আছে তা থেকে যে-সমস্ত ছেলে বেরিয়ে আসছেন উপযুক্ত চাকুরী তাঁরাও পাচ্ছেন না। এদিকে নজর দিতে হবে। শুধু শিক্ষিত করলেই বেকার সমস্যার সমাধান হবে না। যে পরিমাণ যুবক শিক্ষিত হবে সেই পরিমাণ ইণ্ডাষ্ট্রি বা অন্য স্কোপ তাদের সামনে থাকা দরকার। সেজন্যে বাংলা সরকার এবং জাতীয় সরকার একযোগে বাংলার এই সমস্ত তরুণ যুবকদের জন্যে এরকম ব্যবস্থা করুন যাতে ভারতবর্ষের বাইরে গিয়ে ছেলেরা নূতন নূতন কুটীর শিল্প গড়বার জন্যে স্পেসিফাইড্ ট্রেনিং নিয়ে আসতে পারেন। এরা শিক্ষাপ্রাপ্ত হ'য়ে এসে চাকুরীর জন্যে ঘুরে না বেড়িয়ে উপযুক্ত কুটীর শিল্প গড়বার সুযোগ যেন পান। তাঁরা যেন উপযুক্ত আর্থিক সাহায্য পান, তাঁদের উৎপন্ন দ্রব্য যাতে বাজারে বিক্রী করতে পারেন সেদিকেও দৃষ্টি দিতে হবে। আগামী পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় এই সমস্ত কুটীরজাত দ্রব্য বাজারে বিক্রীর জন্যে ৬৮ কোটি টাকা ধার্য্য করা হয়েছে। লক্ষ লক্ষ যেসব উদ্বাস্তু ভাইয়েরা এসেছেন তাঁদের জন্যে জাতীয় সরকারকে দিয়ে বাংলা সরকার যা করিয়েছেন তার জন্যে আমরা আনন্দিত। রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট-এর চেষ্টায় প্রায় এক লক্ষ উদ্বাস্তু বেকার ভাইয়েরা চাকুরী পেয়েছেন, প্রায় ১৯ হাজার যুবক যুবতীকে ট্রেনিং দেওয়া হয়েছে কুটীর শিল্পে, ৬ হাজার ট্রেনিং পাচ্ছেন এবং আরও দেখছি জাতীয় সরকারের কাছে পশ্চিম বঙ্গ সরকার প্রায় ৮ কোটি টাকার দাবী জানিয়েছেন যাতে তারা এখানে বড় এবং ছোট ইণ্ডাষ্ট্রি গড়ে বেকার সমস্যার সমাধান করতে পারেন। এই অনুরোধ গৃহীত হ'লে তাতে প্রায় ৩২ হাজার লোক ডাইরেক্টলি এমপ্লয়েড হবেন এবং প্রায় এক লক্ষ লোক ইনডাইরেক্টলি এমপ্লয়েড হবেন। এই সঙ্গে ব'লব যারা এই পশ্চিমবঙ্গের ছেলে তাদের দিকে সরকারের দৃষ্টি যেন আকৃষ্ট হয়। উদ্বাস্তু ভাইদের জন্যে যেমন সরকার আগ্রহান্বিত আমরা ব'লব এদেশে যারা শিক্ষিত বেকার তাদের সম্পর্কেও বাংলা সরকার জাতীয় সরকারের কাছে নূতন পরিকল্পনা যেন দেন, যাতে বিভিন্ন শিল্প গঠনের মাধ্যমে এই দেশের মাটীতে তারা প্রতিষ্ঠিত হতে পারে। এইভাবে সর্বদিক থেকে আনএমপ্লয়মেন্ট প্রোব্লেম দূর করবার চেষ্টা করা দরকার। আমরা জানি আমাদের যিনি নেতা তার যে বিরাট উদ্যোগ, উদ্যম এবং কর্ম্মপ্রচেষ্টা আছে তাতে তিনি পশ্চিম বাংলার সমস্ত সমস্যারই সুষ্ঠু সমাধানে সমর্থ হবেন।

Sj. Jyoti Basu:

স্পীকার মহাশয়, যে প্রস্তাবটি এখানে রাখা হয়েছে এবং সমর্থিত করা হয়েছে তার মূল কতকগুলি বিষয় আমি সমর্থন করি এবং বেকার সমস্যা নিয়ে যে কতকগুলি প্রস্তাব করা হয়েছে তা সমর্থনযোগ্য, অবশ্য ২।১টি বিষয় যা আছে তার বিশেষ কোন অর্থ আছে ব'লে আমার মনে হয় না, তাতে শুধু টাকাই নষ্ট হবে। যেমন বলা হয়েছে বিদেশে আমাদের ছেলেদের পাঠান, এটা একটা খুব বড় কথা নয়। ট্রেনিং যা প্রয়োজন এখানে তা পেতে পারে। আমরা জানি কুটীর শিল্প শেখবার জন্য বাইরে যাবার দরকার নেই, আমাদের দেশেই সেটা হ'তে পারে। যদি কোন বিশেষ ব্যাপারে দরকার হয়, বাইরে থেকে বিশেষজ্ঞ এনে আমরা সেই জিনিষ শিখে নিতে পারি। এর জন্য টাকা খরচ করার প্রয়োজন নেই। গরীব দেশের যত টাকা বাঁচান যায় ততই মঙ্গল। তাছাড়া, আমি সংশোধনী যা এনেছি সেটা এই কারণে যে আমার মনে হয়েছে যে বক্তৃতায় ডাঃ রায় থেকে আরম্ভ ক'রে যাঁরা প্রস্তাব রাখেন তাঁরা একইরকম কথা বলেন, কিন্তু সমাধানের কথা যখন বলেন তখন মনে হয় সমস্ত গুলিয়ে যায়, যেন মনে হয় বাস্তবটা তাঁদের সামনে নেই। এজন্যে আমি কতকগুলি প্রস্তাব এখানে রেখেছি, যদি শুধু খিঁচুড়ী পাকাবার জন্যে না হয় এবং এগুলি গ্রহণ করা হয় এবং গৃহীত হ'লে পরে এটা সর্ব্বাঙ্গীন হবে এবং সমস্যা সমাধান করতে পারবে। এজন্যেই এগুলি রেখেছি।

[4—4-10 p.m.]

তবে অসুবিধা হচ্ছে—প্রথম দিকে যেটা বলেছিলাম ডাঃ বিধানচন্দ্র রায়কে—যে, যদি আমরা ঐ দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা আলোচনা করতে পারতাম তাহ'লে আমাদের পক্ষে সুবিধা হ'ত। ডাঃ রায় যা কিছু বলেছেন তাতে বোঝা যায় তিনি কেন্দ্রের সঙ্গে একমত নন্ অনেক মূল ব্যাপারে। এইটাই আমাদের মনে হচ্ছে বিশেষ করে তাঁর লেখা, কথাবার্তা ও রেডিও থেকে বক্তৃতা শুনে। তাই যদি হয়, তাহ'লে সেগুলি এখানে এলে আজ সত্যিকারের ছবিটা পেতাম—বাংলা দেশে কি কাজ করতে যাচ্ছেন সেটা বুঝতে পারতাম। কুটীর শিল্পের কিছু ভাল করবো, আর একটা ইস্পাতের কারখানা দুর্গাপুরে করবো, এ-কথা তিনি বলেছেন, কিন্তু শুধু এর দ্বারাও সমস্ত বেকার সমস্যা দূর করা যায় না। সাধারণভাবে ঐ সম্পর্কে আলোচনা না হ'লেও, যেটুকু জেনেছি তারই ভিত্তিতে আমি এখানে কতকগুলি কথা রাখছি। প্রথমত আপনারা লক্ষ্য করবেন আমি বলতে চাচ্ছি বেকার যারা এখন আছেন, এবং পরে আরও যারা বেকার হবেন, বিশেষ ক'রে শিল্প ক্ষেত্রে, তাঁদের বিষয় আমি বলছি। এদের জন্য একটা ব্যবস্থা করা দরকার যতদিন চাকরী এরা না পায়। সেই সময়ের জন্য এরা একটা ভাতা ইত্যাদি যাতে পায় তার ব্যবস্থা করা প্রয়োজন। এইরকম কতকগুলি প্রস্তাব আমাদের আছে। কথা উঠতে পারে চিরকাল কি এরা বেকার থাকবে? চিরকাল হয় ত এরা বেকার থাকবে না। কিন্তু যে পথে, যেভাবে আমাদের সরকার কাজ করছেন, তাতে স্বভাবতই আস্থা আসতে পারে না। তাঁদের প্রথম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা থেকে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে তার থিয়োরেটিক্যাল্ আলোচনায় কোন লাভ নেই, আমাদের যা প্র্যাক্‌টিক্যাল্ অভিজ্ঞতা আছে সেই দিক থেকে আলোচনা করছি। কংগ্রেস পক্ষ এ-কথা স্বীকার করেন যে বেকারের সংখ্যা আজ বাংলার এবং ভারতের সর্ব্বত্র ভয়ংকর রকম বেড়ে গিয়েছে। তাঁরা তাঁদের প্রথম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার দ্বারা এই সমস্যার সমাধান করতে পারেন নি। বরং এখানে এমনি একটা অবস্থা হয়েছে, অর্থাৎ পরিকল্পনা যত বাড়ছে ততই আমরা দেখছি বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। সেই দিক থেকে আমরা দেখছি এটা ত নয় যে পরের পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় সব সমাধান হয়ে যাবে। সেইজন্য আমি বলছি অন্যান্য দেশে, সে ক্যাপিটালিষ্ট দেশ হোক বা না হোক সেখানে বেকার থাকে, যেমন আমেরিকা, ইংল্যান্ড, ফরাসী দেশে আছে, তেমনি আমাদের এখানেও সেইভাবে বেকার থাকবে। সুতরাং তাদের জন্য একটা ব্যবস্থা অবলম্বন করা উচিত। অঙ্ক দিয়ে দেখাবার সময় নেই, বর্ত্তমানে বেকারের সংখ্যা কত তা সবার জানা আছে। সরকারী তথ্য, তাঁদের ষ্ট্যাটিষ্টিক্যাল্ ব্যুরো থেকে যেটা করা হয়েছিল ১৯৫০ সালে—সেখানে বলা হয়েছে যে সেন্সাস্ রিপোর্ট-এ আগে গ্রামের মধ্যে সমস্ত জড়িয়ে একেবারে যারা বেকার, যাদের কোন কাজ নেই—১৯৫৩ সালে যা ছিল, তা থেকে ১৯৫৪-৫৫ সালে যা দাঁড়িয়েছে তার সংখ্যা হচ্ছে প্রায় ১২ লক্ষ। এদের একেবারে কোন চাকরী নেই, পশ্চিম বাংলায়। আর যাদের আংশিকভাবে চাকরী আছে, যাদের আণ্ডার-এমপ্লয়েড বলা হয়, তার কোন হিসাব-নিকাশ পাওয়া মুস্কিল, তবে যতটা সরকারী সেন্সাস্ ও সার্ভে-তে আছে, সেগুলি ঘেঁটে যা পাওয়া গিয়েছে তা থেকে দেখছি এদের সংখ্যা সহরে পাঁচ লক্ষের কিছু উপরে হবে, এবং গ্রাম যদি ধরি, অর্থাৎ রুর‍্যাল জায়গায় ৮২ লক্ষের মত হবে। অর্থাৎ প্রায় ৮৭ লক্ষের কিছু উপরে হচ্ছে আংশিক বেকার। তারা কতক সময় কাজ পায়, কিছু রোজগার করে, কিন্তু বাকী সময় বসে থাকে। ডাঃ রায় বলেছেন ২৷৷· কোটী লোকের মধ্যে শতকরা ৫ ভাগ লোক একেবারে আন্‌এমপ্লয়েড্, আর শতকরা ৪০ ভাগ আণ্ডারএমপ্লয়েড্, এরা আংশিকভাবে কাজ করে। ডাঃ রায় তাঁর বাজেট স্পীচ-এ বলেছিলেন ১৯৫৩-৬১ সালের মধ্যে ১৬ লক্ষ লোককে চাকরীর ব্যবস্থা করে দিতে হবে, এবং তার জন্য তিনি বাড়িয়ে হিসাব ধরে বলেছিলেন প্রায় ১৪শো কোটী টাকা খরচ হবে; কিন্তু এখন ত তার কিছু ঠিক হয় নি। তাঁরা ঠিক করেছেন বাংলা দেশে দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার ব্যাপারে ৩৮৭ কোটী টাকা খরচ করবেন। কাজেই সমস্ত দিক থেকে ধরে নিচ্ছি যে আমাদের দেশে বেকার থাকবে। তাই আমার প্রস্তাবে বেকার সমস্যা সমাধানের জন্য কয়েকটি কথা বলেছি; সেটা আপনারা লক্ষ্য করবেন। আইন বা যেরকম করে হোক, বর্ত্তমানে বিভিন্ন কারখানায়

যে শ্রমিক ছাঁটাই, রিট্রেঞ্চমেন্ট চলেছে তা যাতে বন্ধ করা যায় তার জন্য ব্যবস্থা অবলম্বন করা প্রয়োজন। আমি বলছি নূতন নূতন মেসিন এনে লোককে বেকার করে দেওয়া উচিত নয়। মেসিন হ'লে লোক বেকার হয়ে যাবে, সুতরাং এতে আমাদের আপত্তি আছে, বিদেশ থেকে মেসিন আনা বন্ধ করে দেওয়া হোক। কেন্দ্রীয় সরকার থেকে বলা হয়েছিল রেশানালাইজেসন উইদাউট্ টিয়ারস্ করা হবে, কিন্তু আমরা দেখছি রেশানালাইজেসন উইথ টিয়ারস্—এই জিনিষটা বাংলা দেশের সর্ব্বত্র হচ্ছে। দেখছি দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় ভারত সরকার জুট ইণ্ডাষ্ট্রী, টেক্‌ষ্টাইল ইণ্ডাষ্ট্রী প্রভৃতিকে কোটী কোটী টাকা দেবেন মেনে নিয়েছেন, আমেরিকা থেকে নূতন মেসিনারী এনে প্রোডাক্‌শন্ বাড়াবার জন্য। তার মানে আমরা ধরে নিতে পারি যে বেকারের সংখ্যা সেখানে থাকবে এবং আরও বাড়বে। পরিকল্পনা নিয়ে প্রোডাক্‌শন্ বাড়ান যেতে পারে, ক্যাপিটালিষ্ট দেশেও প্রোডাক্‌শন্ বাড়ে, এমন কি সোশিয়ালিষ্ট পেটার্ণ না হ'লেও প্রোডাক্‌শন্ বাড়তে পারে। আমরা দেখেছি ১৯৫১-৫৫ সাল পর্য্যন্ত শতকরা ৪০ ভাগ ইণ্ডাষ্ট্রিয়েল প্রোডাক্‌শন্ বেড়েছে। কিন্তু আমরা দেখতে পাই সর্ব-ভারতীয় ক্ষেত্রে এই নিয়ে শতকরা ১৮·২, সেখানকার লোক সংখ্যা যারা কারখানায় কাজ করে, কমে গিয়েছে। এবং বাংলাদেশে শতকরা ৭·২ লোক সংখ্যা শ্রমিক এবং কর্ম্মচারী কমে গেলো এই পাঁচ-ছয় বছরের মধ্যে। এই সমস্ত তথ্য থেকে আমার এই কথাগুলি রাখছি; এইগুলি যদি রাখা হয় তাহ'লে সর্ব্বাঙ্গীন হয় দু'-দিক থেকে। তাহ'লে বেকার সমস্যার খানিকটা সমাধান হ'তে পারে ব'লে আমি মনে করি।

দ্বিতীয়তঃ দেখছি যে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে এই দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনার মধ্যে সেটা না বললে চলছে না—ডাঃ রায় ডাইরেক্টর অব্ ইণ্ডাষ্ট্রিজ-কে বললেন, "ওহে, একটা প্ল্যান করে দাও ত, যাতে দুই লক্ষ লোককে চাকরী দেওয়া যেতে পারে"। তিনি দু'মাস পরে একটা প্ল্যান নিয়ে এসে বললেন, দু'লক্ষ কেন ছয় লক্ষ লোককে চাকরী দেবার ব্যবস্থা আমি করেছি। এই ব'লে তিনি একটা আশ্চর্য্য রকমের প্ল্যান নিয়ে এসেছেন যার দ্বারা বেকার সমস্যা সমাধান হবে না। শুধু চাকরী দেবার ব্যবস্থা করলেই সমস্যার সমাধান হবে না; তার উপর তিনি নিয়ে এলেন একটা ফেমিলি প্ল্যানিং এই বেকার সমস্যা সমাধান করবার জন্য। লোকের জন্মরোধ করে এই সরকার বেকার সমস্যার সমাধান করতে চান। কিন্তু সরকারের পক্ষে এই জন্মনিয়ন্ত্রণ করা মুস্কিল হচ্ছে। তারপর বাংলাদেশে বিহার, ইউ, পি,র লোক এসে লুটেপুটে খাচ্ছে, তারা বাংলাদেশ থেকে বহু টাকা বাইরে পাঠিয়ে দেয়। তার জন্য আমাদের সরকারও ব্যবস্থা করছেন এই রিফিউজিদের বাইরে পাঠিয়ে দেবেন, আর তারা সেখান থেকে বাংলাদেশে টাকা পাঠাবেন, তাহ'লেই সব মিটমাট হয়ে যাবে। জানি না কংগ্রেস রাজত্বের দেশে বসে এ-কথা বলছি, না অন্য কোন দেশে বসে কথা বলছি।

এই পরিকল্পনায় এক কোটি বার লক্ষ গাছ লাগাবার ব্যবস্থা হয়েছে—সুপারি গাছ থেকে আরম্ভ করে আম গাছ, জাম গাছ প্রভৃতি নানা রকম গাছ বসান হবে। এই গাছ পোতার ব্যাপারে বর্ত্তমানে ৬ লক্ষ বেকারের মধ্যে এক লক্ষ লোক কাজ করতে পারবে। এমন বিরাট এক বন-মহোৎসবের কাজ তাঁরা করছেন।

তারপর বলা হয়েছে তাঁরা সমস্ত বাচ্চা ছেলেদের ট্রাইসাইকেল চড়াবেন। আগে তাদের খাবার-টাবার দেবার ব্যবস্থা করুন, তা না হ'লে বাচ্চা ছেলেদের পক্ষে তিন-চাকার সাইকেল চড়া মুস্কিল হবে। এই রকম আরও সব আশ্চর্য্য ধরণের পরিকল্পনা তাঁদের আছে। এখন বিপদ হচ্ছে এই যে, সেখানে মূল সমস্যা সমাধানের কোন উপায় নাই, এবং তার কোন ব্যবস্থাও তাঁরা সেখানে করেন নাই। আজ দেশের লোকের ক্রয় ক্ষমতা কি করে বাড়বে সে ব্যবস্থা তাঁদের নাই। দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় সেচের ব্যবস্থা, জলের ব্যবস্থা হ'ল বটে; কিন্তু সেটার উপর ট্যাক্স বসিয়ে লোকের কাছ থেকে টাকা আদায় করে নেবারও ব্যবস্থা হ'ল। তারপর দেখছি উৎপাদন বাড়ান হচ্ছে বটে, কিন্তু কৃষিজাত দ্রব্যের দাম কমে যাওয়ার ফলে হাজার হাজার চাষী, কৃষকের ক্রয় ক্ষমতাও কমে গেল—তারা জিনিষ কিনতে

পারছে না, অথচ আবার জাপান থেকে ছেলেদের টাকা দিয়ে কুটীর শিল্প শিখিয়ে আনবেন, কিন্তু তারপর দেশে যেসব মাল তৈরী হবে সেই সমস্ত মাল কিনবে কে?

[4-20—4-30 p.m.]

কাজেই আমরা বলি—বারে বারে বলেছি এবং তা এখনও বলি—দুটো জিনিষ একসঙ্গে করতে হবে। গ্রাম এবং সহর দুটোই একসঙ্গে নিয়ে চলতে হবে,—ভারী শিল্প গড়তে হবে, কৃষককে জমি দিতে হবে। এই কথা আমরা বলি, কিন্তু তাঁরা কর্ণপাত করবেন না। ভারী শিল্পের ব্যাপারে আমরা দেখেছি ডাঃ রায় বল্ছেন সেখানে কেন্দ্রের সঙ্গে ঝগড়া যে ভারী শিল্প দিয়ে কি হবে? তিনি বাজেট বক্তৃতায় গতবার বলেছিলেন, এবং বাংলাদেশের মত জায়গায় সমস্যাটা যেভাবে দেখিয়েছিলেন যে ভারী শিল্প গ'ড়ে তোলা ছাড়া অন্য উপায় নাই, তাতে আজকে সেই ব্যাপার নিয়ে কেন্দ্রের সঙ্গে ঝগড়া লাগিয়ে যতটুকু করতে চাইতেন এখন সেটুকুও করতে চান না, সেখানে বাধা দিচ্ছেন।

এখন আমরা দেখছি ইংরাজ ব্যবসাদারদের মুখপাত্র "ক্যাপিটাল" বিধান বাবুকে সমর্থন করছেন। তাতে বলছে উনি ঠিক বলছেন, জওহরলাল-টালের বাজে কথা, বড় বড় কথাই বলছে। সেইজন্য এখনও প্ল্যানটা আমরা পাই নি। এখানকার শিল্পপতিরা কিরকম বিধানবাবুকে ভালবাসেন তা জানি, এবং বিদেশীরা যে আমাদের দেশের উন্নতি বা মঙ্গল চাইবে না এটা আমরা নিশ্চয় মনে করতে পারি। সেইজন্য তিনি বলেছেন এটা তারা নিশ্চয় মানবে। শুধু একটা ইস্পাত কারখানা নয়; এখানে ইস্পাত কারখানা করা হউক, কোক্ প্ল্যান্ট করা হউক। এটা ভাল জিনিস, কত লোক সেখানে চাকরী পাবে, আশপাশের লোক ত চাকরী পাবেই। এর সঙ্গে সঙ্গে বলি আরও অসংখ্য ব্যবস্থা করতে হবে--মেশিন বিল্ডিং কারখানা, ভারী শিল্প কারখানা গ'ড়ে তোলা হউক, তা না হ'লে আমাদের বাংলাদেশের পক্ষে বেঁচে থাকা অসম্ভব। আসল কথা হচ্ছে যে আমাদের সরকারকে এ-কথা বলতে গিয়ে ব'লব যে আপনারা যদি বলেন যে আমরা সোস্যালিজম্-এর পথে যাচ্ছি তবে আমি বলছি যে এটা সোস্যালিজম নয়, সোস্যালিজ্ম্-এর ধাঁচা। তার মানে আজ টাটা থাকবে, বিড়্লা থাকবে, ইংরাজ থাকবে, বিদেশী শোষণ থাকবে, সাহেবেরা থাকবে, আর তাঁরা ঐভাবে সোস্যালিষ্ট ধাঁচে এগুবেন। আমরা বল্ছি এটা ধনতান্ত্রিকের পথ, এই পথে এ্যামেরিকা গিয়েছে, এই পথে ব্রিটিশ গিয়েছে, সে পথে আমরা চলতে পারব না। কারণ, ব্রিটিশ, এ্যামেরিকা যখন এগিয়েছে তখন ঐ বিদেশীরা শোষণ কোরে বিদেশ থেকে লুণ্ঠন কোরে নিজেদের শিল্প গ'ড়েছে। আমাদের দেশে এখন জমিদারদের খেসারত দিতে হবে, রাজা-মহারাজার কাছ থেকে টাকা নেওয়া হবে না এবং কথা হচ্ছে জনসাধারণের উপর ট্যাক্স চাপিয়ে টাকা তোলা হবে। এটা ধনতান্ত্রিকের পথ। এ পথে যদি আমরা যাই তাহ'লে বেকার সমস্যা বা কোন সমস্যাই দূর হবে না।

[At this stage the blue light was lit.]

আর এক মিনিট। এখানে কি করতে হবে? বিলাতে আন্এমপ্লয়মেন্ট ইন্সিওরেন্স আছে, এ্যামেরিকারও কিছু আছে ঐ ধনতান্ত্রিকের দেশে। আমাদের দেশেও আমরা কতকগুলি প্রপোজাল দিয়েছি এবং আমরা বলছি এগুলো মানলে কতকটা সমাধান হ'তে পারবে।

তারপর আর একটা প্রস্তাব আমরা এখানে রেখেছি। সেনসাস্ রিপোর্ট দেখুন কত ক্ষেত-মজুর বাংলাদেশে রয়েছে। তাদের নিম্নতম মজুরী বেঁধে দেওয়ার ব্যাপারে সরকার মোটেই অগ্রসর হচ্ছেন না। সেখানে ১৯৪৮এর মিনিমাম্ ওয়েজেস্ এ্যাক্ট-ই ধরা হয়েছে। বলা হয়েছিল ৩১শে ডিসেম্বর ১৯৫৪ সালের মধ্যে বিভিন্ন প্রদেশে বা ষ্টেটে এই রকম আইন করা হবে যাতে এগ্রিকালচারাল লেবারারের একটা ব্যবস্থা হয়। কিন্তু আমরা দেখছি দিল্লী, কচ্ছ, উত্তর প্রদেশ, পেপ্সু, রাজস্থান, পাঞ্জাব—এইসব স্থানে এই রকম আইন হয়েছে, কিন্তু বাংলাদেশে এখনও এই রকম ধরণের আইন হ'ল না। কাজেই আমরা এখানে এই রকম প্রস্তাব রেখেছি এবং সেইটাই আমাদের মূল কথা সংশোধনের। এর বেশী আর বলতে পারলাম না,—সময় কম। এই কয়টি কথা বলতে গিয়ে ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে এই কথা

বল্‌ছি যে এইসব আলোচনা বৃথা যদি না আমরা দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় বাংলাদেশ কি বলতে চায় সেটা জানতে পারি। এটা সমস্ত বাঙালীর কাছে মূল কথা যে কোন পথে এগুতে চাইছি এবং জনসাধারণের তাতে লাভ হবে কি না। আমাদের অভিজ্ঞতা রয়েছে প্রথম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা বাস্তবিক ভাল নয়; আজ সমস্ত দেশ বেকার সমস্যায় ছেয়ে গিয়েছে।

Sj. Jogesh Chandra Gupta: Mr. Speaker, Sir.

(Sj. JYOTI BASU:

বাংলাতেই বলুন না।)

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অপোজিশন লীডারের আদেশক্রমে আমি দুটো কথা বাংলায়ই বলব। খগেনবাবু যে প্রস্তাব আমাদের সমক্ষে উপস্থিত করেছেন সেটা সময়োচিত এবং সমীচীন হয়েছে। আমি সেই প্রস্তাবের দ্বিতীয় ও ষষ্ঠ পর্য্যায় যা লিখেছেন সেই সম্বন্ধে অল্প কিছু আলোচনা করব।

দ্বিতীয় দফায় এই রয়েছে—

"To set up cottage industries on the widest possible scale preferably on co-operative basis."

এবং ষষ্ঠ পর্য্যায়ে আছে—

"To make adequate arrangement for the marketing products of cottage industries with proper safeguards."

এই দুটী ধারায় যে বিষয়ের উল্লেখ হয়েছে তারজন্য প্রিপারেটরী কিছু কাজের প্রয়োজন হবে, সেই কথাটা আমি আজ এখানে বলতে চাই, এবং সেই প্রিপারেটরী কাজ আমাদের এই ষ্টেটে যে কিছুটা আরম্ভ হয়েছে তার প্রতি আমাদের সকলের মনোযোগ আকৃষ্ট হওয়া উচিত, এবং সকলেরই সে বিষয়ে সহায়তা করা উচিত। আমাদের ভিলেজ এক্‌শেঞ্জ সিসটেম-এর প্রোগ্রাম সকলের কাছেই প্রচারিত হয়েছে। আমি জানি না সভ্যগণ সে বিষয়ে কতটা মনোযোগ দিয়েছেন, এবং সে বিষয়টা প্রণিধান করবার কতটা চেষ্টা করেছেন। এই যে ভিলেজ এক্‌শেঞ্জ প্রোগ্রাম-এর উদ্দেশ্য হচ্ছে আমাদের জনগণের জীবিকার্ মান উন্নত করা, এবং তাদের ভিতর সমবায়ের নীতিবোধ জাগানো, এবং সমবায় সম্বন্ধে জ্ঞান তাদের মনে ভালো করে প্রতিভাত করা। এবং এই যে প্রোগ্রাম, এই প্রোগ্রামের প্রধান উদ্দেশ্যই হচ্ছে— অর্থ ছাড়াও যাতে একে অন্যের শ্রমের দ্বারা নিজেদের জীবনের মানের উন্নতি সাধন করতে পারে। এইটেই হচ্ছে এর মুখ্য উদ্দেশ্য। এই ভিলেজ এক্‌শেঞ্জ প্রোগ্রামে, প্রথমতঃ আমাদের রুরাল যে মাস্‌ তাদের যে বছরের বেশীর ভাগ সময় অবসর থাকে সেটাকে কাজে লাগানো, এবং গ্রামে যেসব র-মেটিরিয়ালস্‌ থাকে সেগুলির সাহায্যে কতকগুলি প্রয়োজনীয় জিনিষ কিছুটা করবে, এবং অপরেও সেই সেই রকম জিনিষ তৈরী করে উপরি লাভ পাবে—এই হচ্ছে এর মূল নীতি।

অর্থের অভাবে, আমরা জানি, জনসাধারণ তাদের জীবনের অত্যন্ত প্রয়োজনীয় যে জিনিষ তা জোগাড় করতে পারে না।

[4-30—4-40 p.m.]

কিন্তু এই রকমভাবে অবসর সময়ে, আইডল্‌ আওয়ারস ইউটিলাইজ করে এবং আনইউটিলাইজড্‌ লোকাল মেটিরিয়ালস সেটাকে যদি তারা নিজেরা কাজে লাগাতে পারে তাহ'লে যে জিনিষটা তারা তৈরী করবে সেই জিনিষটা দিয়ে পরস্পরের অনেক অভাব পূরণ হ'তে পারে। এইভাবে কিছু কাজ আরম্ভ হয়েছে। এই কাজে যদি আমরা অগ্রসর হ'তে পারি, যদি আমরা সকলে এই বিষয়ে একটু মনোযোগী হয়ে এই প্রোগ্রামে একটু সাহায্য করি তাহ'লে আমরা সফলতা লাভ করবো। কারণ এই জিনিষটাকে যদি কার্য্যকরী করতে হয়, এই প্রোগ্রামকে যদি সফল করতে হয়, তাহ'লে প্রয়োজন হবে আমাদের

মধ্যে এই ভাবটা আনা, আমাদের প্রয়োজনীয় জিনিষ আমাদের প্রতিবেশী দ্বারা প্রস্তুত হ'লে সেটা আমরা ব্যবহার করবো, কিন্তু সেটা বিদেশ থেকে বা অন্য জায়গা থেকে এলে সেটা আমরা গ্রহণ করবো না। এই যে ভাব, যেটা স্বদেশী ভাব, স্বদেশী আন্দোলনের মূল যে ধারা ছিল, সেটা নিয়ে যদি আমরা অগ্রসর হই, তাহ'লে এই কাজে আমরা অগ্রসর হ'তে পারবো। বিশেষ করে গ্রামে, আমাদের দুঃখের সঙ্গে স্বীকার করতে হচ্ছে যে, সমবায় মনোভাবের অভাব আমাদের রয়েছে, অথচ আমরা ভবিষ্যতে যেকোন উন্নতির পরিকল্পনা করছি তাকে সমবায় ভিত্তিতে আমরা এগিয়ে দিতে চাচ্ছি। সুতরাং এই যে একটা প্রারম্ভিক কাজ এর ভেতর দিয়ে সমবায় মনোভাবটা আসবে, একে অন্যের সঙ্গে কি করে সমবায় মনোভাব নিয়ে অগ্রসর হ'তে পারি, সেই শিক্ষা আমাদের নিতে হবে। সেই শিক্ষা যদি না হয়, তাহ'লে রেজলিউসনে যেসব কথা বলা হয়েছে, সেগুলি কার্য্যকরী করা সহজ হবে না। সুতরাং আমি আজ এই কথাই বিশেষ করে বলতে চাই রেজলিউসনে যেসব কথা দেওয়া হয়েছে সেগুলি অত্যন্ত প্রয়োজনীয় এবং সেগুলি আমাদের কার্য্যকরী করতে হবে। কিন্তু কার্য্যকরী করবার জন্য ষ্টেট্‌ গভর্ণমেন্টের যে প্রয়াস সেই প্রয়াসের জন্য আমাদের যে প্রস্তাব করা হয়েছে সেই প্রয়াসটা তখনই সফল হবে যখনই জনগণের ভেতর এই একটা সমবায় মনোভাব—নিজেদের পরিশ্রমের দ্বারা সমবায় পদ্ধতিতে একে অন্যের উন্নতি সাধন করবার যে প্রচেষ্টা—এটা দেখা দেবে। এটা যদি না করা যায় তবে সরকার কতকটা ব্যবস্থা করলেই সেই ব্যবস্থা ফলবতী হবে না। এবং আমি, অধ্যক্ষ মহোদয়, একটু স্মরণ করিয়ে দিতে চাই যে, যখন এস্‌টেট্‌স একুইজিসন এ্যাক্টের সিলেক্ট কমিটির রিপোর্ট হয়েছিল তখন একটা কথা আমি বলেছিলাম যে ইন্টারমিডিয়ারিদের জমি নিয়ে তাদের যে ক্ষতিপূরণ দেওয়া হবে সেই ক্ষতিপূরণ কতক নগদ, কতক বণ্ডে দিলে তত উপকার হবে না। তার পরিবর্ত্তে যদি গভর্ণমেন্ট যে জায়গায় সেসব সুযোগ-সুবিধা রয়েছে সেটা দেখে তাদের ভবিষ্যতে কোনরূপ শিল্প এবং কোনরূপ ব্যবসার ব্যবস্থা করে দেন তাহ'লে তাদের শিল্প ব্যবসার উন্নতি হবে, তাদের ভবিষ্যতও পরিষ্কার হয়ে যাবে এবং আমি আশা করেছিলাম যে অনেক ইন্টারমিডিয়ারী, তারা সহজে রাজী হবেন যদি এইরকমভাবে তাদের ব্যবস্থা করে দেওয়া যায়। তারা এতদিন পর্য্যন্ত জমির উপস্বত্বের উপর নির্ভর করছিলেন। সুতরাং সরকার থেকে তাদের প্রত্যেকটা বিষয়ে একটা ব্যবসার ব্যবস্থা করে দেওয়া, তাদের যন্ত্রপাতি এবং কি জিনিষ কিরকমভাবে করলে ভাল হয় সেটা যোগাড় করে দেওয়া এবং কিছুদিন পর্য্যন্ত তাদের সেইসব কাজ করবার জন্য সাহায্য করলে পরে তাহ'লে যারা জমি হারিয়ে অসুবিধায় পড়েছে, তাদের উপকার হবে, দেশেরও সমৃদ্ধি বৃদ্ধি হবে। সুতরাং আমি সরকারের কাছে এই দুটো জিনিষ রাখতে চাই এবং জনসাধারণের কাছে আমি জানতে চাই যে যদি উন্নতি করতে হয় তাহ'লে সমবায় ভিত্তিতে কাজ করতে হবে। এই জিনিষটি বিশেষ ক'রে আমি এখানে রাখছি এবং আশা করি আমরা এবং সরকার উভয়েই আমাদের কর্ত্তব্য পালন করলে আমরা এই বিষয়ে অগ্রসর হ'তে পারবো।

Dr. Srikumar Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আজকে যে প্রস্তাবটি উপস্থাপিত করা হয়েছে এর মধ্যে কোন বিতর্কের অবকাশ বিশেষ নেই। কেন না এই যে মূল প্রস্তাব এবং আমাদের বিরোধীদলের বন্ধুরা যে-সমস্ত সংশোধনী প্রস্তাব এনেছেন—

[Laughter from Opposition benches.]

যেটা পার্লামেন্টারী ল্যাংগুয়েজ সেটা ত ব্যবহার করতে হবে—যে সমস্ত সংশোধনী প্রস্তাব এখানে আনা হয়েছে, তার উদ্দেশ্য হচ্ছে একই—সরকারের দৃষ্টি আকর্ষণ করা। আজকে বাংলাদেশের যেটা প্রধান সমস্যা, যাতে আমাদের জীবনীশক্তি সম্পূর্ণ ক্ষয় হচ্ছে, যাতে আমাদের সমৃদ্ধির পথে বাধা সৃষ্টি হচ্ছে, সেই যে বেকার সমস্যা তা দূর করতে গেলে পরে কার্য্যকরী ব্যবস্থা কি গ্রহণ করা দরকার, এটা হচ্ছে উভয়পক্ষীয় যে প্রস্তাব তারই উদ্দেশ্য। মূল প্রস্তাবে একটা দিকের উপর জোর দেওয়া হয়েছে এবং সংশোধনীর বিভিন্ন প্রস্তাবে আরও বিভিন্ন দিকের উপর জোর দেওয়া হয়েছে। কিন্তু আমাদের যে প্রস্তাবটা

গ্রহণ করতে হবে সেই প্রস্তাবটা একটা মূলনীতি অনুসারে হওয়া দরকার। বেকার সমস্যার সমাধান করতে গেলে পরে যেসমস্ত কাজ করা দরকার, তার যদি একটা তালিকা তৈরী করতে হয় সেই তালিকা অনন্ত হবে, তার শেষ হয় ত পাওয়া যাবে না। সুতরাং যে প্রস্তাবটা আমরা এই বিধানসভা থেকে গ্রহণ করবো, তারজন্য সেই মূলনীতির উপর একটা যেন সংগতি থাকে এবং নানা জাতীয় বিরোধী প্রস্তাব যেন এক সংগে না হয় এদিকে আমাদের লক্ষ্য রাখা দরকার। মূল প্রস্তাবে যে কয়টি কথা বলা হয়েছে তাতে প্রথমে বলা হয়েছে যে দুর্গাপুরে যে ইস্পাতের কারখানাটি নির্ম্মাণ করা হচ্ছে সেটা যাতে তাড়াতাড়ি শেষ করা হয়, কেন না তার দ্বারা বেকার সমস্যার সমাধানের উপায়ে খানিকটা সহায়তা হবে। আর দুটো কথা বলা হচ্ছে, কুটীর শিল্পের ব্যবস্থা এবং উন্নতি করণ, তার প্রতি বিশেষ জোর দেওয়া হয়েছে, আর শিক্ষাব্যবস্থার উপর খানিকটা জোর দেওয়া হচ্ছে কেন না আমরা একটা জিনিষ ভুলে যাই যে কেবল উপকরণ বৃদ্ধি করলে পরে যে কেবল বেকার সমস্যার সমাধান হবে তা নয়, উপকরণের সংগে সংগে আমাদের মনটাকেও প্রস্তুত করতে হবে, যাতে আমরা শ্রমবিমুখ না হই, যাতে আমরা উপকরণগুলিকে কাজে লাগাতে পারি, যাতে আমরা মিথ্যা সম্ভ্রমের মোহে শ্রম থেকে নিজেদের দূরে সরিয়ে না রাখি। এই সমস্ত উপকরণগুলি কাজে লাগানোর যে মনোবৃত্তি সেটাকে অর্জ্জন করতে হবে। এখানে যেসমস্ত সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার মধ্যে দেখতে পাচ্ছি আমার বন্ধু শ্রীযুক্ত জ্যোতি বসু কতকগুলি শ্রমনীতি সংক্রান্ত প্রস্তাব এনেছেন। এখানে এগুলির প্রয়োজনীয়তা থাকতে পারে। কিন্তু আমরা যেখানে দেশের ধনবৃদ্ধির উপায় করছি সেখানে যদি বলা হয় যে যারা এখন চাকরী করছে তাদের যেন নূতন করে বেকার করা না হয় তাহ'লে প্রস্তাবটির সহিত সংগতি ঠিক থাকে বলে মনে হয়, কাজেই আমাদের কুটীর শিল্প এবং অন্যান্য উপায়ে যাতে ক'রে দেশের ধনবৃদ্ধি হ'তে পারে এবং যাতে ক'রে বেকার সমস্যার সমাধান হ'তে পারে, এগুলির উপর আমাদের বিশেষ জোর দেওয়া প্রয়োজন।

[4-40—4-50 p.m.]

শ্রীযুত জ্যোতি বসু আর যেটা বলেছেন—

"Government to plan out for each district work for rural unemployed in public and construction works".

এটা বাস্তবিক ভাল প্রস্তাব। কেন না আমাদের গ্রাম্য জীবনযাত্রা যদি ভারমুক্ত না হয়, যদি গ্রাম্যজীবনে স্বচ্ছলতা না আসে, গ্রাম্য জীবনযাত্রার ভাল ব্যবস্থা সরকার যদি না করে, তাহ'লে শুধু শুধু প্রস্তাব গ্রহণ করে আমরা যে কাজে এগিয়ে যাব তা মনে হয় না।

আর ২৫ কোটি টাকার ইনসিওরেন্স স্কীম-এর কথা হচ্ছে। এটা হলো একটা দূর-প্রসারী পরিকল্পনার অন্তর্ভুক্ত। আমার কথা হচ্ছে—দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনা যে পর্য্যন্ত না পাচ্ছি ততক্ষণ ২৫ কোটি টাকা খরচ করার যুক্তিযুক্ততা আছে কিনা এবং কতখানি সম্ভব হবে এবং আমাদের রাজ্যের ক্ষমতার মধ্যে আছে কিনা সেটা এখন বলা অত্যন্ত শক্ত। সুতরাং আমি একথাই বলব প্রধানত যা রয়েছে, প্রস্তাবে যার উপর আমরা জোর দিতে চাই সেটা হচ্ছে কুটির শিল্পের উন্নতিকরণ এবং শিক্ষাব্যবস্থার এমন একটা পরিবর্ত্তন যাতে নানামুখী বৃত্তিমূলক শিক্ষা দেওয়ার ব্যবস্থা হয়, এবং যেসমস্ত ছাত্র উচ্চ শিক্ষার উপযোগী নয় তারাও যাতে একটা বিশিষ্ট মনোবৃত্তি অর্জ্জন করে সেদিকে লক্ষ্য রাখা একান্ত দরকার। তারপর আর কতকগুলি সমস্যা হচ্ছে—

[Interruptions.]

"to set up Cottage Industries on the widest possible scale, preferably on co-operative basis."

আমাদের দেশে এখন দামোদর পরিকল্পনা এবং ময়ূরাক্ষী পরিকল্পনার একটা গৌণ ফল হচ্ছে—বিদ্যুৎশক্তি প্রসার। সেই প্রসারের সংগে সংগে আমাদের যদি সুষ্ঠু পরিকল্পনা না

থাকে তাহ'লে সেই বিদ্যুৎশক্তির সার্থক প্রয়োগ করতে আমরা পারব না। সেজন্য আমাদের আগামী বছরের মধ্যে পল্লী-অঞ্চলে বিদ্যুৎশক্তির যাতে প্রসার হয় তারজন্য সরকারের প্রয়োজন এমন একটি সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করা, এমন কুটির শিল্প নির্দ্দিষ্ট করা, যেখানে উৎপাদিত বিদ্যুৎশক্তির প্রয়োগ সম্ভবপর হবে, যার ফলে আমাদের কুটির শিল্প উন্নতি লাভ করবে। এবং যাদের জন্য কুটির শিল্প গ্রহণ করছেন তাদের পক্ষে জীবিকা অর্জ্জন করার সুবিধা হবে। এখানে আর একটা প্রশ্ন আছে। বড় বড় যন্ত্রশিল্প ও কুটির শিল্পের মধ্যে সামঞ্জস্য স্থাপন আমাদের বেকার সমস্যার সমাধানের একটা অংগ। কেন না মূল প্রস্তাব যিনি উত্থাপন করেছেন বন্ধু খগেনবাবু তিনিও বলেছেন যে আমাদের কুটির শিল্প ধ্বংসমুখী অবস্থায়। বীরভূমের তাঁতশিল্প, বাসনশিল্প যেগুলি আগে সমৃদ্ধিশালী ছিল—দেশের মধ্যে বিশিষ্ট একটা স্থান ছিল—সেইসব শিল্প নাকি আজ ধ্বংসোন্মুখী হয়েছে। সেইসব শিল্পকে যদি পুনর্জ্জীবিত করতে হয় তাহ'লে সরকারের সুনির্দ্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করতে হবে। এবং দেখতে হবে সেইসব কুটির শিল্প নিজেকে প্রতিষ্ঠা করতে পারবে কিনা। তাই আমার মনে হয় তালিকাকে বেশী রকম স্ফীত না ক'রে যদি দুই একটি বিষয়ে জোর দিই তাহ'লে ভাল হবে। এবং সরকারকে অনুরোধ করি এই সমস্ত পরিকল্পনাকে একটি কেন্দ্রীভূত পরিকল্পনায় গ্রহণ করার জন্য এবং বাস্তবে রূপ দেওয়ার জন্য। এইভাবে যদি কার্যক্রম গ্রহণ করা যায় তাহ'লে আমার মনে হয় বেকার সমস্যা সমাধানের পথে খানিকটা অগ্রসর হ'তে পারবে। তথাপি আমরা খুব যে একটা আশা করতে পারি তা নয়—আমাদের অত্যন্ত সাবধানতার সংগে এবং অত্যন্ত বিবেচনা ক'রে এই প্রস্তাবগুলি গ্রহণ করতে হবে এবং যে প্রস্তাব গ্রহণ করবো সেটা কার্যকরী করবার মত অবস্থা আছে কিনা সেটাও সংগে সংগে দেখতে হবে। এবং দুটি মূল কাজ ক'বে কতকগুলি পরিকল্পনাকে বাস্তবরূপে কার্যক্রম করতে চেষ্টা করি তাহ'লে আমার মনে হয় বেকার সমস্যার সমাধানের পথে সম্পূর্ণ না হোক খানিক দূর অগ্রসর হ'তে পারবো।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমাদের দেশের বেকার সমস্যার সংগে অন্যান্য দেশের, বিশেষ করে পাশ্চাত্য পুঁজিবাদী দেশগুলির বেকার সমস্যার যে চরিত্রগত প্রভেদ আছে, সেটা বোঝা দরকার। যে-সমস্ত শিল্পপ্রধান দেশ পাশ্চাত্যে আছে তাদের বেকার সমস্যা হচ্ছে মূলতঃ ফ্রিকশান্যাল আন্‌এমপ্লয়েড-এর সমস্যা। কোন বিশেষ কারণে অথবা যুদ্ধ বা বাজার মন্দার জন্য যখন শিল্পগুলিতে সংকট দেখা দেয় তখন শিল্প থেকে শ্রমিক ছাঁটাই করে দেওয়া হয় কিংবা তারা অন্যত্র কাজের সন্ধানে যায়। এই ধরণের বেকার যারা তাদের আমরা অর্থনীতিতে ফ্রিক্‌শান্যাল আন্‌এমপ্লয়েড বলি এবং এই ধরণের বেকারদের সমস্যা হচ্ছে পাশ্চাত্য শিল্পপ্রধান দেশগুলির সমস্যা। আমাদের দেশের দিকে যদি তাকাই তাহ'লে দেখব এখানকার বেকার সমস্যা সম্পূর্ণ আলাদা জাতের। আমাদের দেশের সমস্যা হচ্ছে তাদের নিয়ে যাদের অর্থনীতিতে বলা হয়, লর্ড কিনসের কথায় ইন্‌ভলান্টারী আন্‌এমপ্লয়েড এবং মিসেস রবিনসনের ভাষায় ডিস্‌গাইস্‌ড্‌ আন্‌এমপ্লয়েড। এইসব বেকার কেবলমাত্র তারাই নয় যারা শিল্প থেকে ছাটাই হয়ে যাচ্ছে। এরা হচ্ছে তারা যাদের চাকরী নেই, কাজ করতে ইচ্ছা আছে অথচ কাজ করার সুবিধা নেই। এরা হচ্ছে তারা যারা আণ্ডার-এম্‌প্লয়েড, বছরের মধ্যে ৬ মাস বা তার বেশী যাদের চাকরী থাকে না। পশ্চিম বাংলায় এই ইনভলান্টারি ও ডিস্‌গাইস্‌ড্‌ বেকারের সংখ্যা হচ্ছে ১ কোটি ৩ লক্ষের মত। ১৯ বছর থেকে আরম্ভ করে ৫৫ বছরের লোককে কর্ম্মক্ষম ধরলে কর্ম্মে ইচ্ছুক বেকারের সংখ্যা এই দাঁড়ায়। কিন্তু বাস্তবে ৫৫ বছর পরেও এবং ১৯ বছরের আগেও আমরা কাজ করি। এই বিরাট কর্ম্মক্ষম অংশ ছেড়ে দিলাম। ১৯ থেকে ৫৫ বছরের কর্ম্মক্ষম অংশ যদি আমরা ধরি তাহ'লে কর্ম্মে ইচ্ছুক এইরকম বেকারের সংখ্যা হ'ল ২ কোটি ৪৮ লক্ষ মোট জনসংখ্যার মধ্যে ১ কোটি ৩ লক্ষ। এ ছাড়া ফ্রিক্‌শনল আন্‌এমপ্লয়েড্‌ তো আছেই। সুতরাং আমাদের এই পশ্চিম বাংলার ইন্‌ভলান্টারী আন্‌এমপ্লয়েড এবং ডিস্‌গাইস্‌ড আন্‌এমপ্লয়েড-এর সংখ্যা মোট জনসংখ্যার অর্দ্ধেক। অর্থাৎ শতকরা ৫০ ভাগ লোকের হাতে পুরো কাজ বা আদৌ কাজ নেই।

[4-50—5 p.m.]

এই রকম অবস্থা দূর করতে হ'লে কয়েকটা ছোট ছোট শিল্প, কয়েকটা বেসিক ইণ্ডাষ্ট্রি গড়লেই চলবে না। এই বেকার সমস্যা দূর করতে হোলে ভূমি ব্যবস্থার আমূল সংস্কার করতে হবে এবং গ্রামের লোকদের কমপক্ষে বাঁচার মত জমি দেওয়ার ব্যবস্থা করতে হবে। যেসব ক্ষেতমজুর আছে, ভূমিহীন চাষী আছে, যারা কর্ম্মে ইচ্ছুক অথচ যাদের কাজ নেই, তাদের হাতে জমি দিয়ে তাদের বেকারত্ব দূর করতে হবে। এই কাজ না করলে আভ্যন্তরীণ বাজারের সংকোচন দূর হবে না এবং ফলে দেশকে শিল্পোন্নত করাও সম্ভব হবে না। এই বাস্তব অবস্থা হওয়া সত্ত্বেও ল্যান্ড রিফরমস্ বিলে এমন কিছু ব্যবস্থা দেখি না যাতে এদিক থেকে কিছু আদায় করা যেতে পারে। দ্বিতীয় নম্বর কি? সরকার বলেছেন যে, দেশে শিল্পোৎপাদন বাড়াতে হবে এবং আমাদের দেশকে শিল্পোন্নত করতে হবে। প্রথম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা চালু করার সময় তাঁহারা বলেছিলেন যে, এই দেশকে শিল্পোন্নত করবার প্রাথমিক সর্ত্ত হিসাবে ভূমি সমস্যার সমাধানের উপর জোর দেওয়া হোল এবং দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় খসড়া প্রস্তাবে তাঁরা বলছেন যে, দেশকে শিল্পোন্নত করবেন অথচ বাস্তবে কি দেখা যাচ্ছে? ভূমিব্যবস্থার আমূল সংস্কারের কথা ব'লে যা করা হ'ল তাতে চাষীর হাতে জমি না দিয়ে পুঁজিবাদী চাষবাসের ব্যবস্থা অর্থাৎ ক্যাপিটালিষ্ট ফার্ম্মিং করার ব্যবস্থা হ'ল। শিল্প গড়ার কথা বলা হচ্ছে অথচ শিল্পোন্নতির অন্তরায় যে ভূমিব্যবস্থা তাকে টিকিয়ে রাখা হচ্ছে। প্রতিটি ক্ষেত্রে এই contradiction between the so-called desire for industrialisation and the actual steps taken লক্ষ্য করা যাচ্ছে। অর্থাৎ সরকার যে কাজগুলি করছেন এবং যে উদ্দেশ্যের জন্য কাজগুলি করা হচ্ছে বলা হচ্ছে তার মধ্যে বিরোধ রয়েছে। আবার দেখুন, সরকার বলছেন বেকার সমস্যার সমাধান করবেন দেশে নূতন নূতন শিল্প গড়ে অথচ বাস্তবে দেখছি প্রতিদিন শ্রমিক কর্মচারী ছাঁটাই করার জন্য বেকারের সংখ্যা বাড়ছে। ডাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় একটু আগে বলে গেলেন যে, ছাঁটাই সম্বন্ধে বলার কি প্রয়োজন আছে, তা তিনি বোঝেন না। এটা তিনি বুঝবেন না। আগে হয় ত বুঝতেন এখন আর বুঝবেন না। এইটুকু একটা শিশু বোঝে যে, যদি বেকার সমস্যার সমাধান করতে হয় তাহ'লে প্রতিদিন ছাঁটাই করে নূতন বেকারের সৃষ্টি করা চলতে পারে না, এটা এমন কিছু শক্ত বিষয় নয় যে এটা তিনি বুঝতে পারলেন না। এমন লোক ত আমাদের দেশে আছে যারা ৬৪ বৎসর চাকুরী করার পরেও তাদের বেকার হওয়ার ভয় দূর হয় না; চাকুরীর মেয়াদ শেষ হবার পরও তারা চাকুরী যাতে থাকে তারজন্য তদ্বির করে। এরাই আবার শ্রমিক কর্ম্মচারী ছাঁটাই করার পক্ষে মত দেয়। যারা ৬৪ বৎসর বয়সে বাড়ী, গাড়ী, মোটা ব্যাংক ব্যালেন্স থাকা সত্ত্বেও বেকার হবার ভয় করে তারা যখন ছাঁটাই করা যুবক শ্রমিক বা কর্ম্মচারীরা ছাঁটাইএর প্রতিবাদ করে তখন কি করে ছাঁটাইএর পক্ষে কথা বলে তা বুঝি না। এর নাম চূড়ান্ত সুবিধাবাদ। একধারে সরকার শিল্প গড়তে যাচ্ছেন বেকার সমস্যা সমাধান করবার জন্য—অন্ততঃ মুখে এই কথা বলছেন আদতে চাচ্ছেন পুঁজিবাদী সমাজ ব্যবস্থাকে সংগঠিত করতে—আর অন্য দিকে নতুন বেকার সৃষ্টি করছেন—এ কেমনধারা নীতি?

পাট শিল্পের দিকে যদি তাকান যায় তাহ'লে দেখি সেখানে প্রায় শতকরা ২৫ ভাগ শ্রমিককে ছাঁটাই করে দেওয়া হচ্ছে কিংবা কম কাজ দিয়ে কম মজুরী দেওয়া হচ্ছে। ব্যাংক ও সওদাগরী অফিসগুলিতে প্রত্যেক দিন কর্ম্মচারী ছাঁটাই হচ্ছে। রেশনালাইজেসনের নামে ওয়ার্কলোড্ বাড়ান হচ্ছে এবং ধীরে ধীরে নতুন করে লোক ছাঁটাই করা হচ্ছে। পরিকল্পনা যত বড় হউক না কেন—৭ সের ওজনের হউক আর ২০ সের ওজনের হউক—তার কোন মূল্য নাই যদি গণজীবনে তার ভাল ফল নিয়ে আসতে না পারে। আপনাদের প্রথম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা আনার পর বেকারের সংখ্যা বেড়ে গিয়েছে। আমি বলি না যে, কোন পরিকল্পনার দ্বারা রাতারাতি হাওয়া পাল্টিয়ে দেওয়া যায়। তাই প্রথম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার দ্বারা বেকার সমস্যার সমাধান করতে হবে—এই আশা আমি করি নি।

কিন্তু সমস্যার সমাধান না হ'লেও বেকারের সংখ্যা যাতে না বাড়ে তার ব্যবস্থা তো করতে হবে। কিন্তু তা কি হয়েছে? বেকারের সংখ্যা বৃদ্ধি হয়ে যাচ্ছে যে প্রতি বছর তাকে রোধ করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন? সুতরাং এক নম্বর কথা—যে শ্রমিক কর্ম্মচারী ছাঁটাই চলেছে তাকে আইন করে বন্ধ করতে হবে যাতে আর ছাঁটাই না করা যায়। দ্বিতীয় নম্বর কথা—শিল্পের উন্নতি উৎপাদন প্রণালীর অর্থে রেশনালাইজেসান আমরা চাই। কিন্তু আমরা এখানে দেখতে পাচ্ছি কি? রেশনালাইজেসানের মানে দাঁড়িয়েছে ছাঁটাই। ছাঁটাই না করে যদি আপনারা রেশনালাইজেসন করতে অর্থাৎ

if you can develop industrial potentiality and efficiency,

তাহ'লে আমাদের কোন আপত্তি নাই। আমাদের দেশ সমাজতান্ত্রিক দেশ হলে এটা করা যেত। বিজ্ঞানের নতুন নতুন আবিষ্কার শিল্পের ক্ষেত্রে নতুন নতুন যন্ত্রের উদ্ভাবনের পথ খুলে দেয়। উন্নত ধরণের লেবার-সেভিং মেসিন সমাজতান্ত্রিক দেশে ছাঁটাই-এর জন্য ব্যবহৃত হয় না; বেকার বৃদ্ধির কাজে লাগান হয় না, কাজের ঘন্টা কমান কিংবা পরিশ্রম হ্রাসের কাজে তাকে লাগান হয়। আমাদের দেশে তা হয় না; কোন পুঁজিবাদী দেশেই তা হয় না। কারণ পুঁজিবাদী দেশে বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে শোষণমূলক সমাজ ব্যবস্থায় বিরোধ থাকে; বিজ্ঞান এগিয়ে যেতে চায়, নতুন যন্ত্রপাতি আবিষ্কার করে মানুষের শ্রমকে কমিয়ে আনতে চায়—আর পুঁজিপতি শ্রেণী চায় সেই যন্ত্রকে কাজে লাগিয়ে অল্প লোক দিয়ে বেশী কাজ করিয়ে আরও বেশী মুনাফা লুঠতে। ফলে যেখানে মানুষের সুখ-সমৃদ্ধি বৃদ্ধি হওয়ার কথা সেখানে পুঁজিপতি দুনিয়ায় নতুন যন্ত্রের আবিষ্কারে দুঃখ-দুর্দ্দশা বাড়ে, বেকারের সংখ্যা বেড়ে যাওয়ায়। তাই দেখি যে, আমেরিকার মত অত বড় শিল্পোন্নত দেশেও এক কোটির মত পূর্ণ বেকার, এবং ৬৩ লাখের মত অর্দ্ধবেকার। গ্রেট ব্রিটেনের মত দেশেও বিরাট বেকার বাহিনী রয়েছে। সুতরাং পরিষ্কার বুঝা দরকার যে, যতদিন পুঁজিবাদী সমাজ ব্যবস্থা থাকবে ততদিন এই বেকার সমস্যা থাকবে। যদিও তাকে যতখানি সমাধান করতে পারা যায় তার ব্যবস্থাও করতে হবে। "সোস্যালিষ্টিক প্যাটার্ন অফ সোসাইটি"র জয়গান কেউ কেউ করেছেন, আমাদের খেয়াল রাখা দরকার যে, যতদিন উৎপাদনের চালক শক্তি পরিবর্ত্তিত না হচ্ছে অর্থাৎ যতদিন লাভের উদ্দেশ্যে উৎপাদন চালিত হবে ততদিন বেকার সমস্যার সমাধান হ'তে পারে না। কংগ্রেসের সোসিয়ালিষ্টিক প্যাটার্ন অফ সোসাইটিতে উৎপাদনের সেই মুনাফার উদ্দেশ্য থেকে গিয়েছে। তাই এই প্রস্তাবের বাস্তব রূপায়ণে সমাজতন্ত্র আসতে পারে না; এর মধ্যে দিয়ে বড় জোর কিছু শিল্পের রাষ্ট্রীয়করণ হোতে পারে। কিন্তু পুঁজিবাদী রাষ্ট্রের অধীনে রাষ্ট্রীয় করনের মানে সমাজতন্ত্রীকরণ নয়। পুঁজিবাদী রাষ্ট্রের অধীনে রাষ্ট্রীয় করনের মাধ্যমে

development of State monopoly capitalism হয়

রাষ্ট্রীয় পুঁজিবাদের জন্ম হয়—এ-কথা ভাল ক'রে বুঝা দরকার। কংগ্রেসী পরিকল্পনার মারফত সেই ষ্টেট মনোপলি ক্যাপিটেলিজম বৃদ্ধির ও তাকে সংহত করার চেষ্টা হচ্ছে। ভারতবর্ষের পুঁজিপতিরা যাতে নিজেদের মধ্যে, পারস্পরিক প্রতিযোগিতা না করে পরিকল্পনা অনুযায়ী চলে, সাধারণভাবে ভারতীয় পুঁজির শক্তি বৃদ্ধি করে, সেই হ'ল পরিকল্পনার আর একটি উদ্দেশ্য।

Through the growth and development of State monopoly capitalism and attempts to consolidate capitalist order under the slogans of national unity for national interest and of socialistic pattern of society the Indian capitalist class is taking to the fascistic path.

সুতরাং সাধারণ মানুষের জীবন সমস্যার সমাধান তাতে হোতে পারে না এটা পরিষ্কার বুঝা দরকার।

তারপর তৃতীয় কথা হ'ল বিদেশ হ'তে লোক আমদানী সম্পর্কে। আমাদের দেশে বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে অথচ নিত্য নতুন লোক বিদেশ থেকে চাকুরীর জন্য আমাদের

এখানে আনা হচ্ছে। গত ৫ বৎসরের মধ্যে এই বাংলাদেশে প্রায় আড়াই শতের মতন লোককে মোটা মোটা মাহিনায় বিদেশ থেকে আনা হয়েছে। এরা সকলে শিল্প বিষয়ে বিশেষজ্ঞ নয়। বড় বড় সওদাগরী অফিসে মোটা মাহিনায় চাকুরী করবার জন্য তাদের নিয়ে আসা হয়েছে। আর শিল্প বিষয়ে বিশেষজ্ঞও যদি হয় তবে তার ব্যবস্থাও অন্য রকম করা দরকার। ভারতীয় ছাত্রদের এই বিশেষজ্ঞদের অধীনে দিয়ে বলে দিতে হবে যে, নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ছাত্রদের এমনভাবে শিখিয়ে দিতে হবে যাতে তারা শিক্ষার পর স্বাধীনভাবে কাজের দায়িত্ব নিতে পারে। এইভাবে দেশের ছেলেরা সেই সমস্ত শিল্পের ভার গ্রহণ করার উপযুক্ত হবে এবং দেশকে বিদেশীর মুখাপেক্ষী হয়ে থাকতে হবে না। চীনে দেখে এসেছি সেই রকম জিনিষ চলেছে। সোভিয়েট টেক্‌নিশিয়ানরা আসছেন এবং দু'বছরের মধ্যে চৈনিক ছাত্রদের স্বাধীনভাবে দায়িত্ব গ্রহণ করার উপযুক্ত করে দিয়ে যাচ্ছেন। তারপর চৈনিক ছাত্ররা নিজেরাই শিল্পে বিশেষজ্ঞ হিসাবে কাজ চালাচ্ছে। কিন্তু ভারতবর্ষে সে-রকম কোন ব্যবস্থা নেই। সুতরাং ঐ ধরণের পথ যদি না নেন তাহ'লে বিদেশ থেকে লোক আসবে এবং দেশের টাকা বয়ে নিয়ে যাবে, সাম্রাজ্যবাদী শোষণের এও একটী দিক মনে রাখতে হবে।

চতুর্থতঃ যতদিন না এদেশের লোককে চাকুরী দিতে পারছেন ততদিন বেকার ভাতা দিতে হবে। এটা সোজা কথা। কংগ্রেস পক্ষ থেকে যে চীনকে অথবা রাশিয়াকে গালাগাল দেওয়া হয় সেখানে বেকার নেই। ১৯৪৯ সালে চীনের মত একটা পিছিয়ে পড়া দেশে জনসাধারণ ক্ষমতা গ্রহণ করেছে কিন্তু এখন সেখানে একজনও বেকার নেই। স্পীকার মহাশয়, আপনিও সেখানে গিয়েছেন, আমিও গিয়েছি; সেখানে একটা ভিখারী পথে দেখি নি। আর আমাদের এখানে ভিখারী রাস্তায় গাদায় গাদায় ভর্ত্তি। যাকে সেখানে কাজ দিতে না পেরেছে যেমন দক্ষিণ চীনের একটি অংশে—সেখানে তারা বেকার ভাতা দিচ্ছে। এখানকার সরকারের কাগজে ত নাম ভয়ানক, ভারতবর্ষের ইজ্জত নাকি একেবারে হু-হু করে পণ্ডিত নেহরু বাড়িয়ে তুলেছেন এবং ডাঃ রায়ও নাকি পশ্চিম বাংলাকে খুব বাড়িয়ে তুলছেন। এতই যদি করে থাকেন তাহ'লে দেশের বেকার লোককে কিছু বেকার ভাতা দিয়ে বাঁচবার ব্যবস্থা করুন। কাজ না দিয়ে, ভাতা না দিয়ে "আরাম হারাম হ্যায়" যারা ব'লে তারা দেশের শত্রু। এ-কথা আজকে পরিস্কার করে বুঝা দরকার।

Sj. Jagannath Mazumdar:

অধ্যক্ষ মহাশয়, খগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় আজকে যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাব সমর্থন করছি। এই প্রস্তাবটাকে প্রথমতঃ আমাদের দেখতে হবে, দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার পরিপ্রেক্ষিতে। এর ভিতর প্রথমেই আছে দুর্গাপুরে ষ্টীল প্ল্যান্টের কথা এবং এটা বৃহৎ শিল্পের ভিতর পড়ে। দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার প্রধান কথা বৃহৎ শিল্পের উপর এবারে বড় বেশী জোর দেওয়া হবে এবং বৃহৎ শিল্পে শুধু জোর দিলেও চলবে না কুটির শিল্পের ক্ষেত্রেও জোর দিতে হবে এবং যেগুলি নিত্যব্যবহার্য্য জিনিষ সেগুলি কুটির শিল্পের মারফত যতদূর সম্ভব তৈরী করতে হবে। এই দুই পন্থা তাঁরা ঠিক করেছেন এবং আর একটী জিনিষের উপর তাঁরা খুব বেশী জোর দিয়েছেন এবং সেটা হচ্ছে আনএমপ্লয়মেন্ট-এর উপরে। আমাদের দেশে যে আনএমপ্লয়মেন্ট রয়েছে এবং ভবিষ্যতে হবে সেই আনএমপ্লয়মেন্ট দূর করতে হবে। খগেন বাবুর প্রস্তাব এই জিনিষটার উপর দাঁড়িয়ে আছে। এখানে প্রস্তাবটি যে দৃষ্টিভঙ্গীর উপর এবং যে পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে রয়েছে সেই দিক থেকে দেখতে হবে, এবং প্রস্তাবটি এই দিক থেকে না দেখতে পাওয়ার জন্য বিরুদ্ধ পক্ষের এই আলোচনাগুলি অবাস্তব ও অবান্তর হয়েছে। প্ল্যানিং কমিশন টেনটেটিভ প্ল্যান যা দিয়েছেন তার ৮ নম্বর পৃষ্ঠার ২৯ নং প্যারাগ্রাফেতে আছে—

A large increase in employment opportunities must be regarded as a principal objective—The kingpin—of the Second Plan.

এই আন্‌এম্‌প্লয়মেন্ট দূর করা তাঁদের অন্যতম প্রধান উদ্দেশ্য। আর তাঁরা ঠিক করছেন যে ১ কোটী ২০ লক্ষ এমপ্লয়মেন্ট সৃষ্টি করতে হবে তাঁরা যে বিভিন্ন পরিকল্পনা

করছেন তার দ্বারা। এই পশ্চিম বাংলায় আনএমপ্লয়মেন্ট বা বেকারত্ব ভীষণ একটা সমস্যার আকার ধারণ করেছে। বাংলাদেশ বিভক্ত হওয়ায় পশ্চিমবাংলা পেয়েছে বাংলাদেশের সমস্ত ভূমিখণ্ডের ⅓ অংশ এবং আজকে এই পশ্চিমবঙ্গে ২॥ কোটি লোকের বাস, বছরে ১·২৫ জন করে শতকরা জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে। এই জনসংখ্যা বৃদ্ধির হার ধরলে আমরা দেখতে পাই যে প্রায় ৩ লক্ষ লোক প্রত্যেক বৎসরে পশ্চিমবঙ্গে বাড়ছে। আর আমরা আজও যদি দেখি তাহ'লে দেখব যে প্রায় ৮ শত থেকে ১ হাজার উদ্বাস্তু এই পশ্চিমবঙ্গে আসছে। তাহ'লে এক বছরের এই উদ্বাস্তুর আগমনের হিসাব যদি আমরা ধরি তাহ'লে দেখি প্রায় ৩ লক্ষ উদ্বাস্তু পশ্চিমবঙ্গে আসবে। বছরে ৩ লক্ষ উদ্বাস্তু এবং জনসংখ্যা বৃদ্ধির হার যদি হয় ৩ লক্ষ তাহ'লে এই ৬ লক্ষ লোক পশ্চিমবঙ্গে জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে। এই ৬ লক্ষ লোকের মধ্যে সকলকেই কার্য্যক্ষম বলব না।

[5—5-10 p.m.]

দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনার যে হিসাব এ'রা করেছেন তদনুযায়ী শতকরা ৪০ ভাগ লোককে আমরা কার্য্যক্ষম বলব। শতকরা ৪০ ভাগ লোককে যদি আমরা কার্য্যক্ষম বলি তাহ'লে ২ লক্ষ ৪০ হাজার লোক প্রতি বছর আরও কার্য্যক্ষম হয়ে আসছে এই পশ্চিম বাংলায়। তাহ'লে বুঝা যাচ্ছে যে, যা আমাদের বেকার রয়েছে এবং যা হচ্ছে এটা একটা বিরাট আকার ধারণ করছে এবং আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে প্রায় ১৬ লক্ষ লোকের চাকুরীর ব্যবস্থা করতে হবে এবং তাহ'লে ৫ বছরের ভিতর দ্বিতীয় পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় আমাদের সেই রকম হিসাবে কার্য্য করতে হবে। কারণ ২ লক্ষ ৪০ হাজার নূতন কার্য্যক্ষম লোকের প্রত্যেক বছর কর্ম্ম সংস্থান করা এবং যারা বেকার আছে তাদেরও কর্ম্ম সংস্থান করা এ একটা বিরাট ব্যাপার।

এই সমস্যা সমাধান করতে হ'লে পশ্চিম বঙ্গে ছোট বড় উভয়বিধ শিল্পের প্রসার করতে হবে।

প্রথমতঃ দুর্গাপুরে আমাদের একটী "রুঢ়" প্রদেশের মত একটি শিল্পাঞ্চল তৈরী করতে হবে। পশ্চিমবাংলায় যে জমি রয়েছে সেই জমিতে যে অধিকতর লোক রুজি রোজগার করতে পারবে তার সম্ভাবনা নাই। পশ্চিম বাংলায় ভূমির পরিমাণ লিমিটেড। এখানে একমাত্র আমাদের উপায় আছে যদি আমরা ইণ্ডাষ্ট্রিয়েল ক্ষেত্রে বা শিল্পে উন্নতি লাভ করতে পারি। দুর্গাপুরে রুঢ় প্রদেশের মত একটা প্রদেশে পরিণত করতে পারলে তবে হয় ত বাংলাদেশের বাঁচবার উপায় আছে এবং সেখানে বৃহৎ শিল্প হিসাবে একটা কোক প্ল্যান্টের পরিকল্পনা সেখানে হয়েছে। আমার মনে হয় হয় ত ভারত গভর্ণমেন্ট সেটা অনুমোদন করেছেন এবং আমরা দেখতে পেলাম সেই পরিকল্পনা খাতে খরচের জন্য একটা এসটিমেটে প্রায় ১২ কোটী টাকা ধরা হয়েছে। সুতরাং সেখানে কয়েকটি প্রয়োজনীয় জিনিষ তৈরী হবে, কোক তৈরী হবে, গ্যাস তৈরী হবে এবং ইলেকট্রিসিটি তৈরী হবে। তা ছাড়া আলকাতরাজাত বিভিন্ন প্রকারের রাসায়নিক দ্রব্যও তৈরী হবে। এই যে ইলেকট্রিসিটি তৈরী হবে তার পরিমাণ ৬০ হাজার কিলোওয়াট। এখানে যদি একটা ষ্টীল প্ল্যান্ট হয় এবং ষ্টীল প্ল্যান্টের হিসাব দেখেছিলাম যে সেই ষ্টীল প্ল্যান্টে প্রায় ৫০ হাজার কিলোওয়াট বিদ্যুতের দরকার হয়। কোক প্ল্যান্ট থেকে যে ইলেকট্রিসিটি তৈরী হবে বা বিদ্যুৎ তৈরী হবে সেই বিদ্যুতে ষ্টীল প্ল্যান্টও ব্যবহার হ'তে পারে। সেই দিক থেকে মনে হয় কোক প্ল্যান্টে একটা বৃহত্তর ষ্টীল প্ল্যান্টের বিকাশ বা তার আগমন বার্ত্তা নির্দ্দেশ করছে এই আমরা ধরে নিতে পারি। এই বৃহত্তর শিল্পের প্রয়োজন ছাড়াও এই প্রস্তাবের ভিতর রয়েছে ক্ষুদ্র শিল্প বা ক্ষুদ্র কুটির শিল্প প্রসারের প্রয়োজন। সমস্ত ভারতবর্ষের হিসাবে দেখি যে কুটির শিল্পে বা ক্ষুদ্র শিল্পে নিয়োজিত লোকের সংখ্যা বৃহত্তর শিল্পের চেয়ে অনেক বেশী এবং ক্ষুদ্র শিল্পের দ্বারা এত লোক যখন নিয়োজিত তখন আমরা যদি শুধু বৃহত্তর শিল্পের প্রসারের দিকে নজর দিই তাহ'লে আমরা হয় ত প্রডাকশন বেশী করতে পারব কিন্তু প্রডাকশন বেশী করতে পারলে ত আমাদের সমস্যা দূর হবে না, কারণ তার ফলে আমাদের দেশে বেকারের সংখ্যা আরও বেশী বেড়ে যাবে। সুতরাং আমাদের

এমপ্লয়মেন্টও সৃষ্টি করতে হবে। আমাদের দেশ জনবহুল দেশ, যদি জনবহুল না হোত তবে রাশিয়া বা আমেরিকার মত শুধুমাত্র বৃহৎ শিল্পের প্রসারে দেশের মানুষ ও সম্ভার নিয়োগ করলেই সমস্যা মিটে যেত। এবং তাহ'লে হয় ত আমাদের সমস্যার সমাধান করা সোজা হোত। আমাদের বন্ধুরা যেসব "ক্রিটিসিজম্" করেছেন সেসব ক্রিটিসিজম্ আমাদের দেশের এই বিশেষ অবস্থা বিবেচনা না করেই করেছেন। কিন্তু আমাদের জনবহুল দেশে শুধু প্রোডাকসন বাড়ালে চলবে না। একদিকে প্রোডাকসন যেমন বাড়াতে হবে তেমনি আর একদিকে এমপ্লয়মেন্টও বাড়াতে হবে। আমরা দেখছি যে প্রোডাকসন বাড়াতে গেলে বৃহৎ শিল্প ও কলকব্জার প্রয়োজন, কিন্তু বৃহৎ বৃহৎ কলকব্জা নিয়োজিত করলে মানুষের এমপ্লয়মেন্ট কমে যায়। অপর পক্ষের বন্ধুরা বৃহৎ শিল্পের পক্ষপাতী হ'লেও রেশনালাইজেসন চান না। সত্য কথা, আধুনিক যন্ত্র আমদানী হোলে মানুষের চাকুরী কমে যাবে। আমরা যদি শুধু উৎপাদন বেশী করতে যাই এবং সমস্ত আধুনিক দেশের সংগে পাল্লা দিয়ে উৎপাদন বাড়াতে চাই, এবং তার জন্য বৃহৎ বৃহৎ কলকারখানা স্থাপন করে ক্ষুদ্র শিল্পগুলি উৎখাত করি, তাহ'লে আমরা দেখতে পাই যে আমাদের চাকুরীর সংখ্যা কমে যাচ্ছে। তখন ঐ বেকার সমস্যা আরও ভীষণাকার ধারণ করবে। শুধু বৃহৎ শিল্প নিয়ে আমরা চলতে গেলে আমাদের দেশের বহু লোক বেকার হয়ে পড়বে, সেজন্য বৃহৎ শিল্পের সংগে ক্ষুদ্র শিল্পেরও প্রয়োজন রয়েছে, কুটির শিল্পেরও প্রয়োজন রয়েছে উভয়বিধ শিল্পের মধ্যে একটি সামঞ্জস্য সাধন করতে হবে। ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্পগুলিকে আজকে বাঁচাতে হ'লে তাকে গতানুগতিক পথে গেলে চলবে না। সেজন্য প্ল্যানিং কমিশন একটা কথা বলেছেন যে, কুটির শিল্পকে নব রূপে রূপায়িত করতে হবে, নব পর্য্যায়ে আসতে হবে এবং টেক্নোলজিক্যাল এডভান্সমেন্টের উপায়ও বের করতে হবে। কারণ একদিকে বৃহৎ শিল্পে যদি খুব বেশী উৎপাদন হয় সমস্ত কুটির শিল্প সেই বৃহত্তর শিল্পের জিনিষগুলি ব্যবহার করবার মত ক্ষমতা তার অর্জ্জন করা চাই, তা না হ'লে একটা ভয়ানক বিপর্য্যয়ের সৃষ্টি হতে পারে। সেজন্য আমাদের দেশের ছেলেরা যদি কুটির শিল্পের এই টেক্নোলজিক্যাল উন্নতির জন্য বাহিরে যায় এবং দেশের মধ্যে যদি বিশেষজ্ঞ আসে সেটা কিছু খারাপ কথা নয়। তাহ'লেও অপর পক্ষের বন্ধুরা দেখাচ্ছেন যে সেটা খারাপ। আমাদের কুটির শিল্পকে যদি একটা নব রূপ দিতে হয়, বৃহত্তর শিল্পজাত সমস্ত জিনিষ ভাল করে ব্যবহার করবার ক্ষমতা তাদের যদি অর্জ্জন করতে হয় তাহ'লে আমাদের দেশের ছেলেদের বাহিরে পাঠাতে হবে এবং বাহিরের থেকে আমাদের বিশেষজ্ঞও আনতে হবে। এই কথা বলে আমি এই প্রস্তাব সমর্থন করছি।

Sj. Bejoylal Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার মাননীয় বন্ধু খগেন বাবু আমাদের দেশে দিগন্তপ্রসারী বেকার সমস্যার সমাধানের জন্য যে-সমস্ত উপায়ের কথা বলেছেন আমি সর্বান্তঃকরণে সেগুলি সমর্থন করছি। আমাদের দেশের এই বিরাট বেকার সমস্যা সমাধানের জন্য এক দিকে যেমন বৃহৎ যন্ত্র শিল্পের প্রয়োজন আছে সেই রকম গ্রামে গ্রামে কুটির শিল্পগুলিকে লালন করবার প্রয়োজন আছে। যন্ত্র শিল্প এবং কুটির শিল্পের ভিতর কোন মৌলিক বিরোধিতা নাই। যেখানে যার প্রয়োজন আছে সেখানে তার প্রয়োজনকে স্বীকার করতে হবে এবং আমরা জানি যে, মহাত্মা গান্ধী, যাঁকে আমরা জাতির জনক বলে থাকি তিনি কেবল কুটির শিল্পের উপর জোর দেন নি। যেখানে বৃহৎ শিল্প করতে হবে যেমন জাহাজ শিল্প, বিদ্যুৎ শিল্প, প্রকাণ্ড প্রকাণ্ড লৌহ শিল্প, সেখানে এদের উপর তিনি জোর দিয়েছেন। আমরা দেখতে পাই যে তিনি কুটির শিল্প এবং বৃহৎ যন্ত্র শিল্প উভয়কেই যথাযোগ্য স্থান দিয়েছেন এবং এটা খুব যুক্তিযুক্ত এবং সমীচীন হয়েছে। এই প্রস্তাবগুলির মধ্যে আমি এখানে দ্বিতীয় বিষয়টীর উপর একটু জোর দিয়ে দু'-একটা কথা বলতে চাই। আমাদের দেশের বেশীর ভাগই গ্রাম এবং এই গ্রাম্য জীবনের উন্নতির উপর বিশেষভাবে আমাদের জাতির সর্ব্বাঙ্গীণ উন্নতি নির্ভর করছে। কারণ গ্রামে যারা থাকে তাদের উদয়াস্ত মেহনতের ফলে যে ফসল উৎপন্ন হয় সেই উৎপন্ন ফসলের উপরে জাতির অস্তিত্ব নির্ভর ক'রে থাকে এবং আমাদের যত প্রকারের প্রয়োজন আছে, সকল প্রয়োজনের বড়

প্রয়োজন হচ্ছে আমাদের অন্ন এবং বস্ত্র। গ্রামের চাষীরা অন্নদাতা। এই অন্নদাতা চাষী যদি মারা যায় তবে আমরা যত বড় বড় পরিকল্পনা করি না-কেন সেইসব পরিকল্পনা বালুর উপর ইমারত গড়ার মত একটা পণ্ডশ্রম হবে। তাই আমাদের সকলের আগে প্রয়োজন আমাদের গ্রামীণ সভ্যতাকে গ'ড়ে তোলা, যতে গ্রামের অন্নদাতা চাষী যারা তারা সুস্থ মন এবং সবল দেহ নিয়ে গ্রামের মাটিতে সুখে স্বচ্ছন্দে বসবাস করতে পারে। আমাদের এই গ্রাম্য চাষী যারা শতকরা প্রায় ৮০ জন—তাদের জীবনকে সুখময় করতে হোলে শুধু চাষের উপর নির্ভর করলে হবে না। তাদের যে সময় কোন কাজ থাকে না, যখন বেকার হয়ে তারা বসে থাকে সেই সময় যাতে তারা কাজে লাগাতে পারে তার জন্য গ্রামে গ্রামে কুটির শিল্পগুলির প্রবর্ত্তন করতে হবে। এ-বিষয়ে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের কংগ্রেস গভর্ণমেন্ট, কেন্দ্রে এবং প্রদেশে প্রদেশে এই কুটির শিল্পের প্রবর্ত্তন নিয়ে যথেষ্ট মাথা ঘামাচ্ছেন। এবারকার হরিজন পত্রিকায় দেখতে পাচ্ছি যে, দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় অল-ইণ্ডিয়া খাদি এণ্ড ভিলেজ ইণ্ডাষ্ট্রি বোর্ড ৩ শত ১৭ কোটী টাকা বরাদ্দ করেছেন এই শিল্পগুলির উন্নয়নের জন্য। এই টাকাটা যদি আমরা লাগাতে পারি তাহ'লে দু-হাজার নয়-শত বাইশ কোটী টাকার মাল আমরা উৎপাদন করতে পারব এবং সাড়ে পচাত্তর (৭৫॥) লক্ষ লোকের বেকার সমস্যার সমাধান আমরা করতে পারব। আমরা বাংলাদেশের পক্ষ থেকে দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার যে-সমস্ত সুপারিশ দিয়েছি তাতেও দেখতে পেয়েছি যে গ্রাম্য শিল্পের উপর বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। এই উপলক্ষ্যে আমি দু-একটী কথা বলব সভাপাল মহাশয়কে। যাদের গ্রাম্য জীবনের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় আছে তাঁরা জানেন যে এই যন্ত্র যাকে আমি যন্ত্রাসুর বলব—এই যন্ত্রাসুর কি ক'রে গ্রাম্য জীবনকে আক্রমণ করছে এবং এই গ্রাম্য জীবনকে পঙ্গু ক'রে দেবার চেষ্টা করছে।

[5-10—5-20 p.m.]

আমি এখানে নদীয়া জেলা সম্পর্কে বিশেষ ক'রে বলছি যে, আমাদের গ্রামে গ্রামে চালের কলগুলি আস্তে আস্তে ঢুকছে এবং একটি গ্রামে যদি চালের কল ঢোকে তাহ'লে বুঝতে হবে যে সেখানে যেসমস্ত মেয়ে ঢেঁকিতে ধান ভেঙ্গে খায় তাদের জীবন পঙ্গু হ'য়ে যাবার উপক্রম হবে। এই সমস্ত চালের কল বাঘিনীর মতো। হরিণীর পালে বাঘ পড়লে যেমন হয় গ্রামের চেলুতির জীবনে চালের কলগুলির প্রভাব তেমনি মারাত্মক হ'য়ে দেখা দিয়েছে। বিশেষ ক'রে আমাদের কুটির শিল্পের যিনি মন্ত্রী মহাশয়—এখানে আমি বাঁকী মন্ত্রীদের দেখতে পাচ্ছি না, আমি বিশেষ ক'রে তাঁর দৃষ্টি এ-বিষয়ে আকর্ষণ করছি এবং এখানে কৃষিমন্ত্রীও আছেন। এই চালের কলের আক্রমণ থেকে যদি আমরা গ্রামের বিধবা এবং দুঃস্থা যেসব অনাথা মেয়েরা আছে—যারা ধান ভেঙ্গে কোন রকমে উদরান্নের ব্যবস্থা করে তাদের উদ্ধারের যদি কোন ব্যবস্থা না করতে পারি তাহ'লে আমরা বলব যে আমাদের গ্রামের এই বেকার সমস্যা আরও জটিল হ'য়ে দেখা দেবে। সেজন্য আমাদের এমন ব্যবস্থা অবলম্বন করা উচিত যাতে গ্রামের বেকার সমস্যা আরও জটিল ক'রে না তুলি।

কেবল একথা নয়, তেলের কল সম্পর্কেও আমি আজ ব'লব। আমাদের জেলায় অনেক গ্রামে এইসব তেলের কল ধীরে ধীরে বর্দ্ধিত হচ্ছে, যার ফলে যারা ঘানি ভেঙ্গে খায় তাদের জীবনও প্রায় পঙ্গু হবার উপক্রম হচ্ছে।

[At this stage the red light was lit.]

সর্ব্বশেষে আজকে আমার বন্ধু খগেন বাবু যে প্রস্তাবগুলি আপনাদের সামনে উপস্থিত করেছেন আমি সর্বান্তঃকরণে সেইসব প্রস্তাব সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার যে সংশোধন প্রস্তাব তা হচ্ছে—

to instal electricity in rural areas.

বিজয়লাল বাবু যে কথা বললেন গ্রামের উন্নতির জন্য, সেটা করতে হ'লে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা উচিত; বিদ্যুৎ সরবরাহ না করলে গ্রামের উন্নতি হবে না।

আমি দেখে এসেছি মহীশূরের গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হয়। আপনারা যদি মহীশূরে যান দেখবেন কি সুখে স্বচ্ছন্দে তারা জীবন যাপন করছে। সামান্য গ্রামে ঢুকে দেখলাম সেখানে সন্ধ্যাবেলায় তাদের যে পার্ক আছে সেখানে রেডিও চল্‌ছে; যেখানে রাস্তা নাই, কিছু নাই, সেখানেও এরকম দেখেছি যে ছোট ছোট বাড়ীতে ইলেকট্রিক আলো জ্বলছে; জল তোলবার কাজের জন্য বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আমাদের গ্রামেও যদি বিদ্যুৎ সরবরাহ করা হয় তাহ'লে গ্রামের শ্রী ফিরে যাবে। এ-সম্বন্ধে আর একটা কথা হচ্ছে যে যেখানে রেল লাইন আছে সেখানে সেই রেল লাইনের টেলিগ্রাফ পোষ্ট ধ'রে অনায়াসে বিদ্যুৎ সরবরাহ করা যেতে পারে।

বিদ্যুৎ সরবরাহ করলে তা থেকে যে উপকার হবে সংক্ষেপে তা বলতে চাই। প্রথমতঃ এখনকার কালে দেখছি চাষের সময় জলের অভাবে অনেক সময় চাষের দুর্গতি হয়। চাষ যেভাবে হ'লে ভাল ফসল জন্মাবে সেভাবে হ'তে পারে না এবং ফসলও তেমন জন্মায় না। যদি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হয় তাহ'লে পাম্প সাহায্যে জল দিয়ে খুব কম খরচে গ্রামে আবাদ হ'তে পারবে, অন্য কাজের জন্যও জল পাবে। মালাবারে দেখে এসেছি বছরে একটা জমিতে ৩ বার ধান হয়। আমরাও এখানে যদি প্রচুর জল দিতে পারি তাহ'লে অন্ততঃ কিছু জমিতে বছরে ৩ বার ধান পেতে পারব। আজ এষ্টেট একুইজিশন এ্যাক্ট পাশ হওয়ার পর মাত্র ২৫ একর কোরে জমি রাখতে পারা যাবে। কাজেই আর এক্‌স্টেন্‌সিভ্ কাল্টিভেশন চলবে না, এখন ইন্‌টেন্‌সিভ্ কাল্টিভেশন করতে হবে। ইন্‌টেন্‌সিভ্ কাল্টিভেশন করতে হ'লে জমি থেকে যাতে খুব বেশী ফসল আদায় করা যায় তার চেষ্টা করতে হবে। সে চেষ্টা করতে হ'লে প্রচুর জলের প্রয়োজন। সেই প্রচুর জলের জন্য ইলেকট্রিসিটি থাকলে যত সহজে হবে, অন্য কোন প্রকারে তত সহজে হবে না।

তারপর গ্রামে আরও অন্যান্য অনেক ফসল জন্মাবে। যেসব পতিত জমিতে চাষ-আবাদ করা যায় না, এবং যেসব পতিত অবস্থায় আছে সেই সব পতিত জমিতে নানা রকম ফসল হ'তে পারবে। এখন অন্য প্রদেশ থেকে বহু জিনিষ—সরিষা, গম, প্রভৃতি—আন্‌তে হয়; সেগুলি তখন অনায়াসেই এই বাংলাদেশে উৎপন্ন হ'তে পারবে যদি প্রচুর পরিমাণে জল মাঠে দিতে পারি।

Mr. Speaker:

আরও এমেণ্ডমেন্ট আছে.

[5-20—5-30 p.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

তারপরে গ্রামে গ্রামে বিদ্যুৎ সরবরাহ যদি করা যায় তাহ'লে ছোট ছোট কারখানা স্থাপিত হ'তে পারে। গ্রামের চাষীদের অনেক সময়—বছরে ৬ মাস—কাজ থাকে না, এবং সেই ৬ মাস বেকার হ'য়ে ব'সে থাকে। যদি বিদ্যুৎ সরবরাহ করা হয় তাহ'লে ৬ মাসের মধ্যে অনেক কাজ করতে পারে।

তারপর আর একটা জিনিষ আছে। আমি আমেরিকার একটা বইএ পড়েছিলাম তাতে লেখা আছে ভারতবর্ষের কোন একটা চাষীকে ধ'রে নিয়ে গিয়ে যদি আমেরিকায় যেকোন একটা চাষীর বাড়ীতে বসিয়ে দেওয়া যায় তাহ'লে সে দেখবে যে বাড়ীতে বসেই ৫ একর জমিতে জল দিতে পারে। বাড়ীতে বসে একটা সুইচ্ টিপে দিলেই ৩ ঘন্টায় কি ২॥ ঘন্টায় জমি জলে ভর্ত্তি হয়ে যাবে, বাড়ীতে বসেই মাঠে জল সরবরাহ হয়ে গেল। অধিকাংশ জায়গায় ইলেকট্রিসিটি আছে ১০ ক্রোস্ হোক্ বা ১৫ ক্রোস্ হোক্। তারপরে প্রত্যেক গ্রামে রেডিওতে প্রত্যেকদিন বাজারে জিনিষের কিরকম মূল্য থাকে সেগুলি তাদের বুঝিয়ে দেওয়া হয় এবং এইজন্য কেউ তাদের ঠকাতে পারে না। যেমন আমাদের দেশে পাড়াগাঁয়ে চাষীদের ঠকিয়ে ধান বা অন্যান্য জিনিষ কম মূল্যে কেনে, সেখানে সেটা

করতে পারবে না। কারণ রেডিও থেকে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রত্যেককে প্রত্যেকটি জিনিষের দাম ব'লে দেওয়া হয়। তারপর আর একটা জিনিষ আছে সেটা আমি দু'-বৎসর ধ'রে ব'লে আসছি। জাপানে যেভাবে শিক্ষা-প্রণালী প্রবর্ত্তিত হয়েছে সে সম্বন্ধে।

Mr. Speaker:

আপনার এ্যামেন্ডমেন্ট ত ছিল শুধু ইলেকট্রিসিটি সম্বন্ধে দু' লাইন।

Sj. Jnanendra Kumar Chaudhury:

এ-বিষয়গুলিও খুব দরকারী, স্যার। আমি বলছি জাপানে যে শিক্ষা-প্রণালী আছে, সেখানে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা দেওয়া হয়। সেখানে প্রাথমিক শিক্ষা সকল ছেলেদের দেওয়া হয়। যে ছেলেরা বেশী মেধাবী তাদের জেনারেল লাইনে দেওয়া হয়, আর যারা কম মেধাবী তাদের, নানাজাতীয় কারবার, কারিগরী বিভাগে দেওয়া হয়। এগুলি আমার প্রস্তাবের ভেতর আছে। আমি এটা দু'বছর ধ'রে এই হাউসে ব'লে আসছি। আমাদের এখানেও শিক্ষা-প্রণালী এইরকম করা দরকার। এবং গ্রামে যাতে ইলেকট্রিসিটি বিশেষভাবে করা হয় সেই অনুরোধ আমি করছি। দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় এটা আছে। যাতে গ্রামে গ্রামে ইলেকট্রিসিটি হয় সেই অনুরোধ করছি।

Dr. Radhakrishna Pal:

মিঃ স্পীকার, স্যার, আজকে আমি একজন কংগ্রেসের সদস্য।

[Laughter and interruption.]

আমি বাস্তবিকই বলবো

it is praiseworthy for the Congress Government.

তাদের পক্ষ থেকে এই বেকার সমস্যার সমাধান, কুটীর শিল্প সমস্যার সমাধান, এইসব ভাল ভাল জিনিষ আসে, এটা সত্যই প্রশংসনীয়। আরামবাগ সম্বন্ধে আমাকে বাধ্য হয়ে জানাতে হচ্ছে। যাদবেন্দ্র বাবু এখানে আছেন—আপনি জানেন যে, আরামবাগ আপনার নেক্স্টনেবার—আমি আপনার প্রতিবেশী। সুতরাং আপনি জানেন সেখানে কুটীর শিল্প সমস্ত ধ্বংসোন্মুখ। সেখানে মৃৎ শিল্পের যে বিরাট ব্যবসা, সে আজ শুধু ক্ষয়িষ্ণু নয়, শেষ হ'য়ে এসেছে এবং সেখানে বদনগঞ্জের যে তাঁত, আট হাজার তাঁতী সেখানে আজ বেকার।

[Interruption.]

আমি বলছি যে আপনারাও কিছু দিন বাদে বেকার হবেন। [কমিউনিষ্টদের প্রতি] আপনাদের বেকারত্ব আমরা আনবো—সেটাই বলছি। আজ বাংলার এই ১৫।১৬ লক্ষ বেকারীর সমস্যার সমাধান সম্পর্কে আমার বন্ধুবর খগেন ব্যানার্জ্জি যে প্রস্তাব এনেছেন তাতে আমি সত্যই খুসী হয়েছি।

[এ ভয়েস! গোবর খেয়েছিলেন কে?]

আমার গোবর, আপনাদের নরবররূপে দেখা দেবে। সুতরাং আমার মনে হয়, মাননীয় স্পীকার মোহদয়, বাংলার ১৬ লক্ষ বেকারের কথা আমি বহুদিন ধ'রে আলোচনা করেছি। যদি তাদের ডালভাতের সমস্যার সমাধান আমরা করতে পারি তাহ'লে আমাদের দেশে এক নব রূপ ফুটে উঠবে, আমাদের দেশ সত্যিকারের এক আনন্দময় দেশ হবে। সেজন্য আমি আজ কুটীর-শিল্প মন্ত্রীমহাশয়কে জানাবো যে আরামবাগের সমস্ত শিল্প আজ নষ্ট হয়ে যাচ্ছে, যেমন তুলোট পেপার, তুলোট কাগজ, সেগুলি আজ ধ্বংস হয়ে যাচ্ছে। আরামবাগের বালি, দেওয়ানগঞ্জের যে কাঁসা-পিতলের কারবার যেখান থেকে সমস্ত বড়বাজারে এই কাঁসা-পিতল আমদানী হয়, তাও আজ ধ্বংসোন্মুখ এবং আপনি পাঁজামহাশয় সবচেয়ে বেশীই জানেন যে গৌরহাটি এবং বদনগঞ্জ, শ্যামবাজারে এক বিরাট তন্তুবায় সম্প্রদায় আছে, আমি তাদের সম্বন্ধে জানাচ্ছি, আপনি তাদের কুটীর শিল্পের যা কিছু সম্বল আছে সেটা নিয়ে তাদের কাছে হাজির করুন এবং তাদের যে আজ দুঃখ-দুর্দ্দশা সেটা সত্যিকারের যদি আমরা লাঘব করতে পারি তাহ'লে এই কংগ্রেস গভর্ণমেন্টের সকলে জয়গান গাইবে। এবং

আমার মনে হয় সেদিক দিয়ে আমি বলবো সত্যিকারের যদি আমাদের এই হাউসের লেফ্‌টিষ্ট এবং রাইটিষ্ট সব লোক যেমন একতাবন্ধ হয়ে বলছি বেকার সমস্যার সমাধান হোক—আমি যাদব বাবুকে বলবো, তাঁর কুটীর শিল্পের জন্য তিনি বাংলার মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান এবং তাঁর দ্বারা সেন্টার থেকে বেশী ক'রে টাকা নিয়ে এসে বেকারী ১৬ লক্ষ লোকের মুখে হাসি ফুটিয়ে তুলুন এবং বিশেষ ক'রে আমার একটি ছোট্ট মহকুমায়, যেখানে ৪ লক্ষ লোকের বাস, তার মধ্যে ২৫।৩০ হাজার যে বেকার আছে তাদের সমস্যার সমাধান করুন, এবং তাহ'লে আমার মনে হয় নেক্‌স্‌ট ইলেকসনে আমাদের আর আসতে হবে না। (এ ভয়েসঃ আপনি ত আসবেন।) না, সেই এস্‌পিরেসন আমার নেই। আমি জানি এই বেকার সমস্যার সমাধান হ'লে ১৬ লক্ষ লোকের মুখে হাসি ফুটে উঠবে, প্রয়োজন নেই এই এম এল এর সিটে। আজকে আমি একথা বলবো যে, আজকে খগেন বাবু যে প্রস্তাব এনেছেন এবং আমার আনন্দ ভাই যেটা সমর্থন করেছেন এবং বামপন্থীরাও এবিষয়ে একমত সেটা যদি সত্যই সমাধান করা হয়, কুটীর শিল্পের জন্য সেন্টার থেকে বেশী ক'রে টাকা এনে, তবে, মাননীয় স্পীকার মহোদয়, আমার মনে হয় দেশ সত্যিকারের একটা নূতন রূপ ধারণ করবে যেখানে কোন কোয়েশ্চেন থাকবে না, কোন বেকার সমস্যা থাকবে না এবং কোথাও কোন ব্যাপারে ষ্ট্রাইক্‌ করার ধূঁয়ো উঠবে না এবং সকল দিক থেকে দেশে একটা শান্তির আবহাওয়া ব'য়ে যাবে এবং আমাদের দেশে এক নূতন রূপ স্বতঃস্ফূর্ত্ত হয়ে উঠে এক বিরাট আকার ধারণ করবে। আমি বলবো মাননীয় পাঁজামহাশয় "শিবাস্তে সন্তু পন্থানম্‌"। জয়হিন্দ্‌।

[5-30—5-40 p.m.]

Sj. Satyendra Prasanna Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আজ হাউস-এর সামনে শ্রীখগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় যে রিজলিউসন এনেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। আনএম্‌প্লয়মেন্ট সমস্যাটা দিন দিন খুবই প্রকট হয়ে উঠছে। প্রতি বছর ২০ পার সেন্ট ক'রে বেকার বেড়ে চলেছে। এখন যদি এই বেকার সমস্যা রোধ করতে হয় তবে ঘরে ঘরে কটেজ ইণ্ডাষ্ট্রি গ'ড়ে তুলতে হবে সমবায় পদ্ধতিতে। এই সমবায় পদ্ধতি গড়তে হ'লে আমাদের প্রত্যেককে সমবায় মনোভাব গ'ড়ে তুলতে সচেষ্ট হ'তে হবে। আজ দেখা গেছে যে বেশীর ভাগ সমবায় পদ্ধতি অকৃতকার্য্য হয়েছে। তাই আমি মনে করি যেখানেই আমরা কো-অপারেটিভ স্কীম কটেজ ইণ্ডাষ্ট্রি খুলি না কেন সেইখানে কো-অপারেটিভ মনোভাব গ'ড়ে উঠে তা একান্তভাবে চেষ্টা করা উচিত। এর জন্য গভর্ণমেন্ট থেকে আলাদা খরচা করে লোক রেখে কো-অপারেটিভ কটেজ ইণ্ডাষ্ট্রিকে ভালভাবে প্রতি গ্রামে গ্রামে চালু করা উচিত। কটেজ ইণ্ডাষ্ট্রি চালু করতে সর্ব্ব প্রথম প্রয়োজন চিপ্‌ ইলেক্‌ট্রিসিটি—তা ব্যারেজগুলির কল্যাণে এই পশ্চিমবঙ্গে পাওয়া যাবে। কিন্তু দু'-চার বছরে উত্তর বাংলার অবস্থা হয়ে উঠবে অতীব শোচনীয়। সেখানকার লোকেরা বার বার বন্যায় বিধ্বস্থ হয়ে সর্ব্বস্বান্ত হয়ে পড়েছে। তাদের ইনকাম কৃষি ছাড়া বাড়ানোর আর কোন উপায় কিংবা সুযোগ নাই। তারা চিপ্‌ ইলেক্‌ট্রিসিটি পাবে না। সেখানে কোন সমবায় আন্দোলন নেই। তারা পড়ে আছে দারিদ্র ও বেকারত্বের মধ্যে। তাই আমি গভর্ণমেন্টকে বলি—এই দুই বাংলার মধ্যে সাম্যভাব রাখতে হ'লে উত্তর বঙ্গের দিকে দৃষ্টি দিতে হবে। কেবল বন্যার সময় কিছু সাহায্য দিয়ে দায়িত্ব শেষ করলে চলবে না। তাদের বেকার সমস্যার সমাধান করতে হবে, তাদের অর্থনৈতিক অবস্থাকে উন্নত করতে হবে। কুচবিহারে যে তামাকের চাষ হয় তা থেকে আমরা অনায়াসে চুরুটের কটেজ ইন্ডাষ্ট্রি গ'ড়ে তুলতে পারি। উত্তর বঙ্গের নানা জায়গায় ইউরোপিয়ান কম্পানিগুলো ফরেন সিপমেন্ট-এর জন্য যে জুট-এর পাক্কা বেইল করতো সেখানে বহু লোক কাজ করতো। আজ সেসব কোম্পানিগুলি উঠে যাওয়ায় বহু লোক বেকার হয়ে গিয়েছে। যেমন রেলিস ইণ্ডিয়া লিঃ, হলদিবাড়ীতে বহু পাট কিনে বিদেশে চালান দিত সেইসব ফার্ম-এ বহু লোক কাজ করত। আজ তারা সব বেকার হয়ে পড়েছে। আমার মনে হয় সেইসব ফার্মগুলি গভর্ণমেন্ট থেকে নিয়ে যে-কোন একটা ইণ্ডাষ্ট্রি গ'ড়ে তোলা উচিত। আজ এইসব জায়গা কলকাতার কাছে নয় ব'লে তারা কোন আন্দোলন করতে পারছে না। তাই আমি মনে করি

এইসব জায়গায় কিছু কিছু জুট দিয়ে কটেজ ইণ্ডাষ্ট্রি গ্রো করান উচিত। আমাদের ওদিকে জুট-এর থেকে একরকম জিনিষ তৈরী হয় তাকে বলে মেখলি। এটা সুন্দর সতরঞ্চির মত এবং বহুদিন থেকে এ ইণ্ডাষ্ট্রিটা প্রায় লুপ্ত হ'তে চলেছে। এটা মেখলিগঞ্জ সাবডিভিসন-এর নাম অনুসারে নাম হয়েছে মেখলি। এর বাজার এখনও আছে। এটা পিওর কটেজ ইণ্ডাষ্ট্রি। কৃষকেরা নিজেরা বাড়ীতে ব'সে স্বামীস্ত্রীতে, ছেলেমেয়ে মিলে তৈরী করে, এবং নিজেরই জমির পাট দিয়ে। আজ এই ইণ্ডাষ্ট্রি লোপ পেতে বসেছে কেন? জমি থেকে পাট না উঠতেই কৃষক পাট বিক্রী করে দিচ্ছে, তার পরিবারের পাঁচটি পোষ্যের ভরণপোষণের জন্য। কৃষক পাট ঘরে রাখতে না পারাতে সে কুটির শিল্প আজ লোপ পেয়ে যাচ্ছে। কাজেই কৃষকেরও বেকার সমস্যা আজ শোচনীয়ভাবে দেখা দিয়েছে। এই ইণ্ডাষ্ট্রিকে গ্রো করার জন্য পাট ওরা হাতে রাখতে পারছে না। এই ক'রে না পারছে নিজের অর্থনৈতিক অবস্থাকে উন্নত করতে না পারছে নিজের সংসারের বেকারদের কর্ম্ম সংস্থান করতে। তাই আমি অনুরোধ করছি যে—

Co-operative basis on widest possible scale and Cottage Industry grow করাতে।

Dr. Atindra Nath Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাবের যা মূল নীতি এবং মর্ম তাকে খুব আনন্দের সংগে গ্রহণ করছি। খুব আনন্দের কথা যে আজ বেকার সমস্যা দূর করবার জন্য বে-সরকারী প্রস্তাব কংগ্রেস পক্ষ থেকে এসেছে। আজ এই সমস্যা দল নির্বিশেষে, মত নির্বিশেষে, সকলের কাছেই গুরুতর হয়ে উঠেছে। সুতরাং কংগ্রেস সদস্যরা যে এই সম্বন্ধে অবহিত হয়েছেন এটা অত্যন্ত আশার কথা। কিন্তু তার সংগে সংগে আশংকা হয় ঐ দিকে মন্ত্রীমহাশয়দের আসনগুলি শূন্য কেন? তারা কি নন্-অফিসিয়াল রিজলিউশন-এর আলোচনাগুলি নিতান্ত অবান্তর বলে মনে করেন, না শুধু বিরোধীদলকে বলার সুযোগ দেওয়া প্রয়োজন তাদের কথা কার্যকরী করার প্রয়োজন নেই বলে মনে করেন?

অধ্যক্ষ মহাশয়, যদিও আমি এই প্রস্তাবের সারমর্ম্মকে আনন্দের সংগে অভিনন্দন করছি তবুও এই কথা গোড়ায় স্বীকার করা দরকার যে এর মধ্যে যেসকল পন্থার প্রস্তাব করা হয়েছে, তার দ্বারা কুটীর শিল্পের উদ্ধার অথবা তার দ্বারা বেকার সমস্যা সমাধান হওয়া সম্ভব নয়। শুধু কুটীর শিল্পকে শিশুর মত স্পুন ফিডিং করলেই তার দ্বারা কুটীর শিল্পকে পুনর্জীবিত করা সম্ভব নয় অর্থাৎ তার দ্বারা বেকার সমস্যা সমাধান করাও সম্ভব নয়। আরো বহু জিনিষের প্রয়োজন। এই প্রস্তাবের ভূমিকায় বলা হয়েছে—

the following steps to relieve the growing unemployment in the State.

অর্থাৎ এই প্রস্তাবের মূল উদ্দেশ্য হচ্ছে বেকার সমস্যার সমাধান করা। বেকার সমস্যার সমাধান শুধু কুটীর শিল্পকে পুনর্জীবিত করলেই হবে না। এখানে যে সমস্ত আর্থিক প্রশ্ন আছে এবং তার যা সমাধান তার কিছুটা ইংগিত অন্যান্য সংশোধনী প্রস্তাবে এবং ৮নং প্রস্তাবে আছে। তার জন্য সরকারের শিল্প পরিকল্পনার আমূল পরিবর্ত্তন করা দরকার। এবং তার সংগে সংগে একটা আর্থিক পরিকল্পনা এবং আবশ্যকমত সংগঠন দরকার। বেকার সমস্যা একটা বিচ্ছিন্ন সমস্যা নয়, এর মূল সুদূরপ্রসারী। তাই শুধু কুটীর শিল্পকে পুনর্জীবিত করলেই বেকার সমস্যা সমাধান হতে পারে বলে আমি মনে করি না। এখানে দৃষ্টান্ত হিসাবে বলছি যে কুটীর শিল্প ছাড়াও বড় বড় যন্ত্র শিল্পের মধ্যে দিয়ে বেকার সমস্যা আংশিকভাবে দূরীকরণ করা সম্ভব। যদিও আজকে সরকার যন্ত্র শিল্পের মধ্যে দিয়ে বেকার সমস্যা দূর করতে চাচ্ছেন কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে আমাদের দেশে যেসমস্ত যন্ত্র শিল্প আছে তার অধিকাংশই অবাঙ্গালীদের হাতে এবং সেখানে উপযুক্ত বাঙ্গালী ছেলেদের বাদ দিয়ে অবাঙ্গালীদের গ্রহণ করা হচ্ছে। আজকে এই সমস্যা সমাধান করতে হলে এই সমস্ত জায়গায় বাংলাদেশের শিল্পতে বাঙ্গালী ছেলেদের সর্ব্বাগ্রে নেওয়া দরকার। অবশ্য যেখানে উপযুক্ত বিশেষজ্ঞ বাঙ্গালী ছেলে পাওয়া যাবে না সেখানে অবাঙ্গালীকে নেওয়া চলতে পারে। সেইজন্য

এই প্রস্তাবের ধারাগুলি যে পথে যাচ্ছে তাতে মনে হয় এইগুলি বিচ্ছিন্ন ও সর্ব্বাত্মক নয়। দুটী ছাড়া এতে অন্য যে ধারা আছে তার সংগে আমি একমত। সেইজন্য এই অসম্পূর্ণতাকে সম্পূর্ণ করবার জন্য যে সব সংশোধনী প্রস্তাব দিয়েছি তা গ্রহণ করা উচিত। তাহলেই এই প্রস্তাব সম্পূর্ণ হতে পারে এবং কার্য্যকরী হতে পারে। প্রথম কথা হচ্ছে যে কুটীর শিল্প ও যন্ত্র শিল্পের ক্ষেত্র ভাগ করে দেওয়া দরকার। তাছাড়া কুটীর শিল্প দাঁড়াতে পারবে না এবং বেকার সমস্যারও সমাধান হবে না। এ আজকের কথা নয়, গত ৫০ বৎসর ধরে স্বদেশী আন্দোলনের সময় থেকে এই জিনিষ চলে আসছে। বাংলাদেশের জাতীয় আন্দোলন কুটীর শিল্প নিয়েই সুরু হয়েছে, তখন আমরা দেখি যে—

Village Industries Association, Spinners Association,

প্রভৃতি হয়েছে, মহাত্মা গান্ধীর মত জননায়ক প্রচার করেছেন কিন্তু কুটীর শিল্প তার যোগ্য স্থান অধিকার করতে পারেনি। ৬নং প্রস্তাবে বলা হয়েছে যে প্রচার কার্য্য করতে হবে, সাহিত্য ছাপাতে হবে, অনেক কিছু করতে হবে কিন্তু আজ ৫০ বৎসর ধরে কি এর প্রচার কার্য্য হয়নি? তবু কেন আজকে কুটীর শিল্প তার পায়ে দাঁড়াতে পারেনি?

[5-40—6-5 p.m.]

সে কাজ করতে হলে প্রথমে সীমা ভাগ করে দেওয়া দরকার। মেসিন টুলস, মেসিন পার্টস আছে—শুধু কনজিউমার গুডস নয়, নিত্য ব্যবহার্য্য বহু জিনিষ চাই। তাছাড়া কি কি যন্ত্র কোন্ কোন্ কুটীর শিল্পের ভিত্তিতে তৈরী হতে পারে সেই সীমা নির্দেশ করে দেওয়া দরকার। কোন জায়গায় কুটীর শিল্পের সংগে যন্ত্র শিল্পের অসম প্রতিযোগিতা হতে দেওয়া চলবে না, যা বন্ধ না করার জন্য এত বছর কুটীর শিল্পকে বাঁচানর চেষ্টা ব্যর্থ হয়েছে সেটা দেখা দরকার। সেজন্য আমার প্রথম সংশোধনী প্রস্তাব যেটা রয়েছে—

"to demarcate the spheres of heavy machine industries and cottage industries so as to eliminate unequal competition between the two; and to encourage the setting up of, etc."

তারপরে আসছে যে কথা—

"Cottage industry on widest possible scale preferably on co-operative basis."

এখানে একটু পরিবর্ত্তন করার প্রয়োজন আছে। সরকার নিজের উদ্যোগে সমবায় প্রতিষ্ঠান স্থাপন করে কুটীর শিল্পকে প্রসার করবেন তা নয়, যেখানে জনসাধারণ উদ্যোগ করবে সেখানে সাহায্য দিতে হবে। তারপর শুধু কুটীর শিল্প, যন্ত্র শিল্পের সীমা ভাগ করে দিলে চলবে না। তার মধ্যে যতটুকু যন্ত্র প্রবর্ত্তন করা দরকার সেটুকু করা দরকার শ্রমিক বা কৃষক যে যন্ত্র চালাতে পারে যার দ্বারা মুনাফা বাড়ানর সুবিধা হয় কিন্তু সে যন্ত্রবশ না হয়ে পড়ে, উৎপাদন বেশী হয় অথচ উৎপাদনকারীরা মরে না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। আমাদের জ্ঞানবাবু বলেছেন—ইলেকট্রিফিকেশন-এর কথা। তার সংগে যতটুকু মিনিমাইজ করা সম্ভব হয় তা করতে হবে। আর ৫নং, ৬নং ধারা তুলে দেওয়া দরকার। এতে আছে আমাদের দেশের তরুণদের বাইরে পাঠিয়ে কুটীর শিল্প শিখিয়ে এনে এদেশে তা প্রবর্ত্তন করা, শুধু তাই নয় আসবার পর সরকারী সাহায্যে তাদের প্রতিষ্ঠিত করতে হবে। অধ্যক্ষ মহোদয়, আমাদের বর্ত্তমান শিক্ষাপদ্ধতি আমাদের স্বার্থপর করে তুলেছে। বেকার সমস্যা সমাধানের জন্যে যে শিক্ষা দেব তাতেও তাই করা হবে এটা উচিত নয়। তাকে টাকা দিয়ে বিদেশে পাঠিয়ে শিক্ষা দিয়ে আবার টাকা দিয়ে প্রতিষ্ঠিত করা হবে,—এতে কোন সর্ব্বাংগীন মংগল হতে পারে না। বিদেশী কোন কুটীর শিল্পের যদি উন্নয়ন পরিকল্পনা থাকে, যেমন ডেনমার্কে, সুইডেনে বা স্ক্যাণ্ডিনেভিয়াতে আছে তা দেখে এসে এখানে প্রচলন করা যেতে পারে। কিন্তু তার জন্যে দল বেঁধে সরকারী টাকায় বাইরে যাবার দরকার নেই। কিছু লোককে সেখানে পাঠিয়ে কুটীর শিল্প বিশারদ করিয়ে এনে তাদের দ্বারা এখানে প্রচার করুন। প্রস্তাবে কোন খিঁচুরী পাকাবার জন্যে বা আমূল পরিবর্ত্তনের জন্যে এই সংশোধনী আনিনি, যা আছে তাকে রাউণ্ড অফ করবার জন্যে ২।১টি প্রস্তাব এনেছি, তা গ্রহণ করতে প্রস্তাবককে অনুরোধ করছি।

Mr. Speaker: There are only two speakers on Government side and two speakers on the other side.

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[6-5—6-15 p.m.]

Sj. Nishapati Majhi:

স্পীকার মহাশয়, আমার বন্ধু খগেনবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের সংশোধনী প্রস্তাব উপস্থাপিত করেছেন জ্যোতিবাবু। জ্যোতিবাবু তার প্রস্তাবের অনুকূলে এ কথা বলেছেন যে "বাস্তবটা ছোট ক'রে দেখা হচ্ছে—বাংলা দেশে ডাক্তার রায় কি করবেন বোঝা যাচ্ছে না"। স্যার, বড়ই দুঃখের কথা যখনই কোন বাস্তব কাজে আমরা অগ্রসর হই তখনই অযথা কতকগুলো প্রস্তাব উপস্থাপিত করে তাঁরা এই কথাই জনগণকে বোঝাতে চায় যে এটা বাস্তব নয়। আজ যদি ভালভাবে এই প্রস্তাবের মধ্যে জ্যোতিবাবু প্রবেশ করতেন তা হলে এ জিনিষটা স্পষ্টভাবে দেখতে পেতেন যে বাংলায় একদিন যেমন শিল্পী ছিল বাংলার পল্লীতে ১৮টা করে পাড়া থাকত, কোন পাড়ায় কাঁসারী কোন পাড়ায় শাঁকারী কোন পাড়ায় কর্মকার চর্মকার এবং তাঁতি কুল, এইসব অবস্থান করত আজ সেই বাংলার শিল্প জীবন নষ্ট হতে বসেছে। এখানে সেগুলি উদ্ধার করার চেষ্টা হচ্ছে। আজ সেগুলি লোপ পাওয়ার জন্যই বেকার সমস্যা দিনে দিনে প্রবল হয়ে উঠছে। প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় তাই আমার সরকার কৃষি উন্নয়ন কাজে এবং শিল্পোন্নয়ন কাজে অগ্রসর হয়েছিলেন তাতে একটা অভিজ্ঞতা লাভ করেছেন। তার কর্মপন্থা এমনভাবে বিস্তার হয়েছে যাতে জনগণের আস্থা এবং সহযোগিতা উত্তরোত্তর বৃদ্ধি হচ্ছে। তাই বিচলিত হয়ে জ্যোতি বসু মহাশয় বলেছেন যে আইন করে আজ ছাঁটাই বন্ধ করতে হবে। আইনের কোন প্রয়োজন নেই। ডাক্তার রায় এখানে যা ঘোষণা করেন সেটা কার্যকরী হয়। তিনি একদিন বলেছিলেন যে আমি ছাঁটাই বন্ধ করব। খাদ্য বিভাগের কর্মচারীদের ছাঁটাই হতে দেবো না। তার ফলাফল কি তাঁরা কসে কোন দিন দেখেন? ৭,৯৪৫ জন কর্মী আজ সরকারী ৩৮টি বিভাগে পুনরায় নিযুক্ত হয়েছেন। এবং তাঁরা ভালভাবে কাজ করছেন। ভারত সরকারের দপ্তরে প্রায় ৭০০ জন নিযুক্ত হয়েছেন, যা কোন দিন আশা ছিল না। কিন্তু ডাক্তার রায়ের নেতৃত্বে তা সম্ভব হয়েছে। এরূপ অবস্থায় আইন করবার কথা উঠে না এবং ছাঁটাই করার কথাটা এই প্রস্তাবের সংগে আলোচনা করা যায় না—বিষয়টা একেবারে অবান্তর। স্যার, বেকারদের মধ্যে দুটো দিক দেখবার আছে। একটা সহর অঞ্চলের বেকার। এখানে কেউ হয়ত পরিপূর্ণভাবে বেকার, কেউ হয়ত অর্থাভাবে বেকার, কেউ হয়ত সামান্য কিছু বেকার। তার সমস্ত সংখ্যা হয়তঃ ১২।১৪।১৫ লাখ হতে পারে। গ্রাম অঞ্চলের বেকারকেও তিন ভাগে বিভক্ত করা যেতে পারে। যেমন শিক্ষিত বেকার, অর্ধশিক্ষিত বেকার, আর অশিক্ষিত বেকার। গ্রাম অঞ্চলের শিক্ষিত বেকার পর পর দুটি বছরে যা আবেদন করেছিল তার হিসাবে দেখা যাচ্ছে যে ১৩৫৩ এবং ১৩৫৪ সালে এই রাজ্যে ২৬,৫০৯ জন আর ১৯,৫২০ জন মোট ৪৬ হাজার ১১০ জন দরখাস্ত করেছিলেন। কিন্তু সেইসব শিক্ষিত বেকার বন্ধুগণের ভিতর প্রায় শতকরা ৩০ জন সাক্ষাতের নোটিশ পেয়েও উপস্থিত হন নাই। অতএব এখানে সরকার ১৯,৯৫৯ জনকে কর্মে নিযুক্ত করেছেন। প্রস্তাবের একটা অংশের উপর আমার বন্ধু জোর দিয়েছেন যে সমাজ শিক্ষক আজ এমন চাই যারা এই পল্লীশিল্পকে নূতন করে গড়ে তুলবে। পল্লীশিল্পের মধ্যে যারা কঠোর পরিশ্রম করতে অভ্যস্ত নয় তাদের কোন স্থান নাই। আজকে তাই মাল্টিপারপাস স্কুল বা অন্য কোন কারিগরী বিদ্যালয় স্থাপন করা যায় এবং তার যদি গ্রামের বুকে বুকে প্রতিষ্ঠিত করতে পারা যায় তাহলে এই বিদ্যাদানের সংগে সংগে বেকারের সংখ্যা বৃদ্ধি হবে না। এখানে হাতে এবং কলমে কাজ করে তারা মানুষ হতে পারবে, তারা চাষ করতে পারবে, তারা শিল্পী হতে পারবে। সুখের বিষয় যে আমার এই পশ্চিমবাংলায় ডাক্তার রায়ের নেতৃত্বে বাঁকুড়া, বীরভূম, বর্ধমান, হুগলী, মেদিনীপুর, কুচবিহার, দার্জিলিং, মালদা, মুর্শিদাবাদ, ২৪-পরগণা, পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি প্রভৃতি জেলায় এম, এ পাশ ১৪৯ জন এবং ১,৯৪৪ জন বি,এ, পাশ যুবকের মধ্যে অনেকেই সমাজশিক্ষার

কাজে ব্রতী হয়েছেন। ৬,০৯৮ জন আই,এ পাশের মধ্যে অনেকেই একদিকে লেখাপড়া শেখাচ্ছেন এবং সমাজের বিষয় নানা তথ্য সংগ্রহ করছেন। ৩৭,৯১৯ জন ম্যাট্রিক পাশের মধ্যে অনেকেই আজ পল্লী বিদ্যালয়গুলিতে এমনকি প্রায় ৫ হাজার নূতনভাবে বিদ্যালয় প্রতিষ্ঠিত করে শিক্ষা দানে ব্রতী হয়েছেন। এরূপ অবস্থায় জ্যোতিবাবু যদি পঞ্চ-বার্ষিকীর রূপ দেখেও না দেখেন তা হলে আমরা দুঃখীত। আমি মনে করি যে দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনাকে সামনে রেখে আমার বন্ধু (এক মিনিট স্যার) খগেনবাবু যে প্রস্তাব উপস্থিত করেছেন সেটা বাংলার পক্ষে এবং বাঙ্গালী জাতির পক্ষে অন্ন সমস্যার একটা প্রধান পথ দেখিয়েছেন। হয়ত বেকার সমস্যা শুধু কুটীর বা বৃহৎ শিল্প কাজের উপর নির্ভর করে সমাধান হবে না। আরও অনেক কিছু কাজ তার সংগে করতে হবে। কিন্তু এটা প্রধান কাজ। জমিদারী উচ্ছেদ করে আজকে ভূমি উন্নয়নের একটা নব পরিকল্পনা সামনে এসেছে। পঞ্চায়েত্ ইংরেজ গভর্ণমেন্ট ধ্বংস করে দিয়ে গিয়েছিল তাকে নূতন করে প্রতিষ্ঠিত করবার যেমন আমাদের একটা কল্পনা কার্যে পরিণত হতে চলেছে তেমনিভাবে আমরা পল্লীতে পল্লীতে কুটীর শিল্পগুলিকে দুর্গাপুর শিল্প কারখানাকে প্রতিষ্ঠিত করব। কামার, ছুতার, চাষী এই কাজের জোরে একই পরিবারভূক্ত হবে। আশা করি এই কাজের রূপ জ্যোতিবাবুকে দেখাতে পারবো। দ্বিতীয় পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় বেকার সমস্যার সমাধান করাই যে আমাদের প্রধান কাজ হবে তাতো জ্যোতিবাবু ভাল করেই জানেন।

Sj. Basant Lall Murarka:

माननीय स्पीकर महोदय,

जो प्रस्ताव खगेन बाबू ने आपके सामने पेश किया है मैं उसको समर्थन करने के लिये खड़ा हुआ हूं। हमारे देश में सब से बड़ा समस्या बेकारी का समस्या है इसलिए इसको दूर करना ही होगा। इस प्रस्ताव में इसकी दवा मिल सकती है इसके अलावा और और जो उपाय हैं उससे भी बेरोजगारी दूर हो सकती है।

मैं कहूंगा कि हमारे नेता बिधान बाबू Central Government **से २० करोड़ रुपया बंगाल में ले आयें। १० करोड़ से १०० (एक सौ) बड़े बड़े कारखाने खोले जायें और बाकी १० करोड़ से एक लाख ग्राम में फी ग्राम को हजार हजार रुपए देकर ग्राम उद्योगों को चालू किया जाये। इससे हमारे बंगाली भाईयों का बेरोजगारी समस्या भी दूर होगा और कुटीर उद्योगों को भी उन्नति होगी। और दूसरी तरफ हमारे बंगाली भाईयों को काम भी मिलेगा। जितने भी यहां कारखाने हैं जहां रोज मजदूर काम करते हैं वहां ऐसा कानून बनाया जाए कि १०० में ७५ काम करने वाले बंगाली भाईयों को लिया जाये। इससे भी बेरोजगारी कुछ दूर हो सकती है।**

इसके बाद मैं हमारे नेता से अनुरोध करूंगा कि ज्यादा से ज्यादा बंगाली भाईयों को व्यापार का काम सिखलाया जाये। व्यापार करने से बेरोजगारी दूर हो जायेगी। इस तरह से भी बंगाल के बेकारी समस्या का समाधान हो सकता है।

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকার মহোদয়, আলোচ্য প্রস্তাবে দুর্গাপুরে একটা ইস্পাতের কারখানা প্রতিষ্ঠানের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করা, কুটীর শিল্পের জন্য অর্থ চাওয়া এবং শিল্প শিক্ষাদানের জন্য লোককে উৎসাহ দান করা—এ কথা শুনলে সবাই খুসী হবেন এবং প্রস্তাবের প্রতি প্রথমে অভিনন্দন জানাবেন। তবু এ প্রসংগে সবচেয়ে বড় কথা এই প্রস্তাবে যা উঠেছে সেটা হচ্ছে সরকারের বেকার সমস্যা সমাধানের প্রচেষ্টা। এই বেকার সমস্যা সমাধানের পথে রাখা হয়েছে এই বিশেষ ব্যবস্থার একটা আবেদন। কিন্তু এখানেই সব গোলমাল হয়ে যাচ্ছে—ঐ বেকার সমস্যা সমাধান সত্যই কি আমরা চাচ্ছি, তারজন্যই কি আমরা দুর্গাপুরে এই শিল্প প্রতিষ্ঠান চাচ্ছি? তাই যদি হয় তা হলে প্রথম মনে হবে যে কি

উদ্দেশ্যে এই ষ্টীল প্ল্যান্ট দুর্গাপুরে আসবার কথা উঠেছে? সেটা কাদের হাতে আসবে, সেটা কি সর্ব্ব ভারতীয় পরিকল্পনার অংগ হিসেবে আসবে? জাতীয় পরিকল্পনার ব্যাপারে আমাদের যাঁরা প্রধান, তাঁদের কাছে শুনে আসছি—আমাদের যে দ্বন্দ্ব ও প্রতিবন্ধক সেটা অত্যন্ত মৌলিক, এবং সেটা প্রাইভেট সেক্টর ও পাবলিক্ সেক্টর নিয়ে। এখন এই দুটার মধ্যে এটা কার সেক্টর-এ আসবে। এটা ঠিক না করে সেংশন-এর কথাটা অবাস্তব হয় না কি? এখন কথা উঠেছে এই দুর্গাপুর সম্বন্ধে যা ডিসিশন হয়েছে তাতে দেখা যায় যাঁরা অগ্রসর হয়েছেন তাঁদের আগ্রহ প্রাইভেট সেক্টর-এর জন্য। তাঁরা বিদেশীর সংগে যোগাযোগে সেখানে এই শিল্প প্রতিষ্ঠা করতে যাচ্ছেন। সেখানে আমাদের সরকারের সংগে বিদেশীর যোগাযোগ না হয়ে, আমরা দেখতে পাচ্ছি সেখানে ব্যাক্তিগত পুঁজিপতিদেরকে। এবং সেখানে অসুবিধা হয়ে পড়েছে এই যে তাঁরা অগ্রসর হচ্ছেন দেশাত্মবোধে উদ্বুদ্ধ হয়ে নয়, পুঁজিপতিদের লাভের জন্য তাঁরা এগিয়ে আসছেন।

[6-15—6-25 p.m.]

কাজেই প্রথম কথা হচ্ছে—এখানে আমরা বেকার সমস্যার সমাধান যে চাইছি, তা যদি চাই তা হলে বেসিক ইন্ডাষ্ট্রির সম্বধে প্রথম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনার যে প্রস্তাব ছিল, যে বেসিক ইন্ডাষ্ট্রিকে আমরা জাতীয়করণ করব—নেশনালাইজ করব সেইটে গোড়ার কথা বলে মেনে নিতে হয়। কিন্তু সে নীতি এখন অনুসৃত হচ্ছে না—এখানেই গোড়ায় গলদ এসে পড়েছে, এখানেই সমস্ত পরিকল্পনায় আমাদের সমস্ত ব্যাপারে আমাদের কথায় ও কাজে দ্বন্দ্ব লাগিয়ে দিচ্ছি। তাই বেকার সমস্যার সমাধান যদি চাই তা হলে প্রথম কথা হচ্ছে, সমগ্র বেকার সমস্যার সর্বাত্মক সমাধান আমরা চাই কি না। কোন বেকার শ্রেণীকে কোন স্থানে কিছুদিন থাকবার এবং খেটে খাবার ব্যবস্থা করে দি আর যদি বলি আর বাদ বাকি মানুষ আমরণ বেকার হয়ে থাকবে, তবু যদি বলি বেকার সমস্যার সমাধান করছি—এর কোন নৈতিক ভিত্তি থাকে না। তা হলে ভাবতে হয় সারা বাংলা তথা ভারতবর্ষ ক্রমে বেকার হয়ে উঠবে। আজ সারাদেশে যা কিছু আছে সম্পদ, সেটা জাতীয় সম্পদ বলে গণ্য হচ্ছে না। এ দেশে কারা আজ খেতে পায় না পায় সমগ্র জাতির পক্ষে সেটা বড় প্রশ্ন হয়ে নেই। এখন সমগ্র জাতির অধিকাংশ কর্মক্ষমদের কাজ নেই। অর্দ্ধেককে কাজ দিয়ে খাইয়ে রাখব, তাদের দ্বারা উৎপাদনশীল শিল্প গড়ে তুলব, আমাদের কিছু লোক খেতে পাবে আর যারা খেতে পাচ্ছে না তারা মরে যাক—ঠিক এইভাবে যদি কথা বলি সেটা দায়ীত্বশীলের কথা হয় না। বেকার সমস্যার কথা নিয়ে যখন কথা ওঠে,—আমরা রেশনালাইজেশন-এর কথা শুনি এবং ভয়ার্ত হই। কারণ, এখানে রেশনালাইজেশন মানেই হচ্ছে রিট্রেঞ্চমেন্ট। আমাদের সার্বিক প্রয়োজনের সংগে আয়োজনের সম্পর্ক নেই। বৈজ্ঞানিক যুগে মানুষের আয়াস আরাম বেড়ে যাবে, প্রত্যেকের হাতে পয়সা বেড়ে যাবে—এ কামনা আমরা প্রত্যেকেই করব। এখানে কেউ গরুর গাড়ীতে চড়বে মোটর গাড়ি ছেড়ে—এ আমরা কেউ চাইব না। আমরা চাইছি—আমাদের প্রত্যেকটী মানুষের ব্যবস্থা কালই কি করব। পাঁচ বছরে কতককে স্বয়ংসম্পূর্ণ করব তারপর ১০ বৎসরে আর কতককে সুখী করব এবং ইত্যবসরে অসংখ্য বেকার মরে নিস্কৃতি পাবে, এই ব্যবস্থায়—এইভাবে অগ্রসর হলে ঐ যে বলেছি—রেশনালাইজেশন অ্যান্ড রিট্রেঞ্চমেন্ট-এর দ্বন্দ্ব ত র আর শেষ নেই।

তারপরে আসা যাক পরিকল্পনার কথায়। এর দ্বারা আচম্বিক একটা কিছু করতে হবে—এ নিয়ে আনন্দ করতে পারেন তারাই দুচার জন যাঁদের আনন্দ করব র সুযোগ আছে। কিন্তু ক্রন্দন ছাড়া যাঁদের আর কিছু নাই, না খেয়ে মরা ছাড়া যাদের আর কোন পথ নাই তারা এর দ্বারা আনন্দলাভ করতে পারে না। যদি সত্যই বেকার সমস্যার সমাধান করতে চান তাহলে এসে পড়ুন—প্রত্যেকটী মানুষের জন্য দায়িত্ব নিয়ে অগ্রসর হতে হবে পথ কেটে। আগেই বলেছি যে আমাদের দেশে জাতীয় ধনের বৃদ্ধি পায় তা কে না চাইছে। কিন্তু জাতীয় মানে—বির্লার হাতে ধন বৃদ্ধি, বা অগণিত নির্ধনের পাশে দুচার জন কোটিপতি হয়ে যাবে—এটা নেশানাল ইনকাম গঠনের পথ নয়। নেশানাল ইনকাম্ হচ্ছে—জাতির যত অর্থ আছে, তার উৎপাদন, তার বন্টন, তার কর্তৃত্ব সমস্ত জাতির উপর নির্ভর করবে,—তারই নাম জাতীয় ইনকাম—এইটে যখন লোকে বুঝতে পারবে—তখন আমি নির্ধন হই, আমি দরিদ্র হই তবু আমার দেশে সবার

কল্যাণে, আমাকে এইভাবেই আজ চলতে হবে—কষ্টবরণ করতে হবে বলে প্রত্যেক মানুষ এই আদর্শের পিছনে এসে দাঁড়াবে। জাতীয় আয় মানে কি কতক লোকের অপরিমিত অর্থ যাক, আমরা সেই অংকে আমাদের শূণ্যমাত্রিক আয়ের অংক যোগ করি আর মনে করি আমি জাতির একজন, আমার দায়িত্ব হল—শুকিয়ে মরা, না খেয়ে মরা, আর আমার জীবন নিয়ে পুঁজিপতিরা ছিনিমিনি খেলবেন,—হাড়ভাঙ্গা খাটুনি খেটে যাব, তবু আনএম্প্লয়মেন্ট ইনসিওরেন্স পর্য্যন্ত পাব না!! তাই যেখানেই বেকার সমস্যার কথা ওঠে সেখানেই দেখি দৃষ্টিভংগীর গলদ। এখানে আমাদের দৃষ্টিভংগী হবে মায়ের দৃষ্টিভংগী বা বাপের দৃষ্টিভংগী, সন্তানের প্রতি মা বাবা যেমন মনে করতে পারে না ৫টী ছেলের তিনটী ছেলে মরে যাবে, আর দুইটী ছেলে বড় হবে,—তেমনি মনগড়া এক সমাজবাদের নামে কতিপয়ের স্বার্থে গোটা দেশকে বলি দেয়া চলে না। আমাদের সমাজবাদ এই রকম মনোভাবের স্বীকৃতি নিয়ে যদি হয় তাহলেই সে ঠিকভাবে অগ্রসর হতে পারে। সমাজবাদের কথা যে উঠেছে—সেই সমাজবাদ বুঝতে পারি। কংগ্রেস জগতের সামনে প্রচার করছে—আমরা সমাজবাদী হচ্ছি, কিন্তু তার সমাজবাদের অর্থ জাতির জায়গায় কতিপয়ের সর্বগ্রাসী মুখ এসে পড়েছে। মুখে এক কথা বলা কাজে আর একটা করে যাওয়া। এই জিনিষটাতেই আসল গলদ। তাই বলছি—গোড়াতেই একটা——

[At this stage the red light was lit.]

আর দুমিনিট বলব,—গোড়াতেই একটা দৃষ্টিভংগীর আমুল পরিবর্তন দরকার। কংগ্রেসের তরফ থেকে বলা হয়েছে—আমাদের বেকারদের মধ্যে বাস্তুহারা বেকার একটা বিরাট সমস্যা। বাস্তুহারা বেকারেরা শুধু মুখ নিয়ে খাব, খাব করে আসে নাই, তাঁরা দুটো করে হাত ও একটা করে মাথা সংগে নিয়ে এসেছে, তারা কাজও কিছু করতে চাইবে। সদা সর্বদা জাতীয় পরিকল্পনার জিগির শুনছি। ৩৬ কোটি মানুষের মধ্যে অর্দ্ধ কোটি বাস্তুহারা যদি এসে থাকে পূর্ব বাংলা থেকে সেই মানুষগুলির সমস্যা ৯ বছরের মধ্যে আমরা সমাধান করতে পারছি না। কথা হল আরো নূতন বাস্তুহারা আসছে বলে সমস্যার সমাধান করতে পারছি নে, পুরাণা যারা রয়েছে তাদের বাদ রেখে দেব, নূতন যারা এসেছে তাদের জন্য প্রথমে পরিকল্পনা করব, এটা কি দায়িত্বশীল মনোভাবের পরিচয়? দ্বিতীয় মহাযুদ্ধের ফলে এই দুর্ভাগ্যের কারণ অনেক দেশেই হয়। জার্ম্মাণী তার এক কোটি বাস্তুহারাকে আপন ৪ কোটি জনসংখ্যার মধ্যে ৬ বছরের পরিকল্পনা বলে গ্রহণ করে নিয়েছে। বাস্তুহারার বেকার সমস্যা নিজেরা না খেয়ে আধপেটা খেয়ে সমাধান করতে পেরেছে। সেখানে সব কিছুর সমাধান হয়। আমরা ৩৬ কোটি জনসংখ্যার মধ্যে ১ কোটির কম বাস্তুহারাকে ৯ বছরে মাথা গুজবার স্থান, কর্ম-সংস্থান দিতে পারিনে? তাই বলছি—আমাদের আশু প্রয়োজন, একটা সর্বাত্মক জাতীয় দৃষ্টিভংগীর এবং জাতীয় পরিকল্পনার। সমগ্র জাতির মধ্য থেকে যদি একটা স্যাংশন গ্রহণ করতে পারি, তাহলে কেন্দ্রীয় কর্ত্তৃপক্ষের কাছ থেকে স্যাংশন পেতে মুস্কিল হবে না।

আমরা জানি, বর্ত্তমানে দেশের সংগে সরকারের সম্বন্ধ নাই, এখানে আমাদের কর্ত্তৃপক্ষ যা করতে চান তাতে তাদের মনের সংগে মুখ এক নয়। তাই আমাদের এখানে সমস্যার সমাধান নাই। তাই বলছি যদি বেকার সমস্যার সমাধানকল্পে ব্যাপক দৃষ্টিভংগী গ্রহণ করা যায় তাহলে কুটীর শিল্প, বৃহৎ শিল্প ও বাস্তুহারার সংগে কোন পারস্পরিক অসংগতি থাকে না—এই কাজে সার্বিক দায়িত্বে অগ্রসর হয়ে বাংলা সরকার সারা ভারতবর্ষের সামনে একটা আদর্শ প্রতিষ্ঠিত করে দিন।

Sj. Dalbahadur Singh Gahatraj: Mr. Speaker, Sir, I rise to support the Non-official Resolution moved by my honourable friend Sj. Khagendra Nath Bandopadhaya. I do so with great pleasure in view of the great possibilities that the Resolution envisages. The Leader of our Party as well as that of the House the Hon'ble Chief Minister Dr. Bidhan Chandra Roy will surely, in his wisdom, implement it as early as possible and practicable. A habitual speaker, and for the matter of that an orator as I am not, I apprehend, I may not be able to create any very profound impression upon

and to convince the House with my arguments. Yet, I would endeavour to speak as affectively as I possibly can, confined within my limitations that I am fully aware of.

On a perusal of the Resolution, my first reaction is that I am glad to find the inclusion of my Darjeeling district within the purview of the Resolution. I do not, of course, mean to suggest by this that Darjeeling has been neglected prior to this; far from it; but, owing to the illiteracy and the general backward character of the people of the hill-area it has provided the reactionary elements a field for their reactionary ideas to thrive and thus mislead the ignorant mass there to the grave detriment of the cause of my people.

[6-25—6-35 p.m.]

I can clearly see, Sir, that the implementation of the Resolution will bring about an all round development of my district including that of its cattle and mineral wealth, as also tap other sources which are lying latent. I am also perfectly sure that this Resolution will pull up the backward classes of the hill-area to transform them into useful citizens. In their days of sun-shine they will realise that all their prosperity is the outcome of the fillip they had received from the present Government of the Hon'ble Dr. Roy. I may be permitted to choose a few examples to substantiate my view-point. In the first instance, implementation of the Resolution shall produce horses required for the cavalry and put a stop to their import from Australia. Similarly woollen goods will be produced in large quantities for marketing not only within this State but also outside. Thus being available for export they will add to the wealth of our State. The necessity for their import from Ludhiana, Ladakh and other places will cease. The raw wool required for the purpose will be had from Tibet through Sikkim and this is exactly what will follow from the implementation of the Resolution before us.

I do not like to take more of the precious time of the House by multiplying such examples and dilating upon them, as I hope and trust I have been able to put forth my reasons for supporting the Resolution tabled by my honourable friend Sj. Khagendra Nath Bandopadhaya which appears to me to be specially commendable—pregnant as it is with vast possibilities for our State, as I have already said.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, before I go to the resolution which has been moved by Shri Khagendra Nath Bandopadhaya I would like to refer in brief to the amendments that have been put and which I will try and show do not fit in with the resolution that we have put forward before the House.

Sir, Shri Jnanendra Chaudhury has said that there should be electricity installed in rural areas. That is a very good idea and I might tell him that we are going in that direction. We have got to distribute not only electricity which is being generated from Mayurakshi and a share from the Damodar Valley Corporation but also from the new thermal plant which is going to be installed in Durgapur. It has to be distributed mainly of course to the urban areas but also extensively to the rural areas, but I do not want to put that in this resolution because the objective of this resolution is the development of cottage industries for the purpose of relieving growing unemployment. Now, Sir, if a man is allowed to have a handloom of an improved type he can probably get by his work, say, Rs. 60 or Rs. 70 a month and probably each handloom will employ four people, but if it is a power-loom the production will increase but the number of unemployed will be increased also. It is a question of finding out at a particular moment what would be our objective. If the objective is more

production and production of a good and competitive type, of course, power-loom is necessary; but if it is a question of relieving unemployment, one power-loom will take off or displace probably 6 or 8 handloom workers, and therefore we do not propose to make that a very important item in a resolution of the type that we have put forward.

Sir, with regard to Dr. Atindra Nath Bose, I will refer to the portion of his resolution regarding demarcation between machine and cottage industry. I may say at once that it is not merely that we do not want to demarcate between heavy industries and cottage industries but I want cottage industries and heavy industries to go together and I will show you how. It will be an evil day if we think in terms of heavy industries alone in this province of ours. Therefore, it is not necessary to demarcate but it is necessary to integrate the working of a heavy industry with that of cottage industry.

I am surprised—I think Dr. Atindra Nath Bose is a teacher—if I am wrong he will correct me—I do not appreciate his amendment that we should not allow any person, meritorious young men, to go abroad to receive training in cottage industries in other countries. As I said before, in our young days we used to hear a song—

"দেশ দেশান্তে যাওরে আন্‌তে
নব নব জ্ঞান
নব উদ্যমে নব উৎসাহে—"

something like this. The fact is you have got to go outside if you want to get new ideas. The world is moving fast and it would be a very evil day if in this country we think that we are isolated from the rest of the world. We cannot be isolated. I will go everywhere; I will go to the United States of America, I will go to the Soviet Republic, I will go to England—I will go everyhere, not by sacrificing my own individuality but certainly I will get whatever they can give me for the purpose of developing my own country.

Dr. Atindra Nath Bose: I do object to this. This is quite out of the point. I did not object to students going outside to get special training. I think Dr. Roy was not present in the House when I spoke.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I am sorry if I were not in the House. You want to omit items (iv) and (v).

Dr. Atindra Nath Bose: You were not here to listen to my speech.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That may be; you want by your amendment that items (iv) and (v) of the resolution be omitted. I am talking on that.

With regard to the other amendment which has been moved by Shri Jyoti Basu, the main question that Shri Jyoti Basu is referring to is the question of retrenchment from industrial concern whether the retrenchment is due to other causes or due to rationalisation and he proposed a particular method of relieving those who will be retrenched. Sir, I made enquiries and I found that in the year 1953—this question of retrenchment and unemployment in the industry is a subject of the Concurrent List—the Government of India has already passed an Act which makes arrangement under the law for giving retrenchment benefit of a certain type to those who are retrenched and who remain outside the industry. Secondly, it is the duty of the Labour Department in each State to see that no unnecessary retrenchment is resorted to. I made enquiries from my friend the Labour Miinster and he tells me that nearly 150 cases of such retrenchment are now under the consideration of the Tribunals. This is one way

of doing it; the other way suggested is that we should provide for unemployment insurance. Sir, in the first place I cannot forget that this province of ours, probably the whole of India, is more agricultural than industrial. All this idea my friends put forward before the House is derived from the industrial country where 70 per cent. or 80 per cent. people are taken to industry. It is a very moot question which has been discussed in various quarters as to whether our country should follow the lead of other countries and make it more industrial than agricultural. My own view is it would be an evil day for us to be more or less under the pressure of industrialism. I will tell you why presently.

The next question is the question of rationalisation. It is prefectly true that rationalisation should be avoided or should be done only under very special conditions, namely, that for those who are about to be retrenched on account of rationalisation, there should be alternative procedure by which the retrenched worker can be employed. I may tell the House that I have sent for the different jute mill industrialists and I have told them that the only way they can rationalise the rationalisation is not merely to rationalise the workers but also to rationalise so far as the salary and emoluments of the bigger employees are concerned, namely, the managers, etc. Retrenchment cannot be on one side only or in one place only.

[6-35—6-45 p.m.]

I cannot say that they will agree with me, but it is one of my duties to show that rationalisation is possible only if the whole industry is rationalised from my point of view. Secondly, process of rationalisation means adoption of machinery. It would be possible, and we are considering that possibility very carefully, to have a producers goods industry where machine will be made here instead of being imported from abroad. You are assuming that every rationalisation means importation of machinery from abroad. I say No. We would provide as far as possible producers goods industry where machines will be manufactured here, and the manufacture of such producers goods and their distribution will employ a certain number of people who would be otherwise retrenched. Sir, in this connection there has been always a discussion about nationalisation. I find there is one resolution about nationalising the Calcutta Electric Supply Company. I have said before, and I repeat again, that the view of the Government of India with which I agree is that if you are to nationalise, in view of the fact that we have not got the money to nationalise every industry in this country, it is better to spend the money that we have, not in purchasing old descripit machinery and institutions but to have new ones. It is from that point of view that we agreed to have a new thermal plant rather than take the old thermal plant of the Electric Supply Company. I do not believe in it. I say this that time is bound to come when all these industrial concerns will have directly or indirectly to come in touch with the Government. As a matter of fact, at the present moment, every industry or industrial concern is under the control of the Central Government Act where a licence has to be taken and it is subjected to various processes of control which I think is as much as we should go through now. Now the question comes in about private sector and public sector. The public sector in this country has been defined as the Government sector which is a welfare Government or a welfare State, which means that any work that the Government is doing should be done with the people, with the connivance of the people. If you take that definition, what is the difference between the private sector and public sector excepting one—source of income and where does the profit go. Therefore, if you have a private sector and if you make arrangements, as I think the New Companies

Act is going to make arrangements, that no private sector will be allowed to have uncontrolled profits out of it, but whatever profits they get, would be distributed in the interests of the people as a whole, I do not personally see any difference between one and the other.

Sj. Ambica Chakrabarty: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22, lines 2 to 4, for the words "for such period as may be specified in the notification" the words "for six months" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22, in line 5, after the words "may be made" the words "for the purpose" be inserted.

Sj. Bibhuti Bhushon Ghose: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22, lines 6 and 7, the words "and as to whose integrity and suitability it is satisfied" be omitted.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22, lines 6 and 7, for the words "as to whose integrity and suitability it is satisfied" the words "who is either a Member of Parliament, or State Legislature or Elected Member of Corporations or Municipalities or Chairman of District Board or Union Board or Principal of a college or a Headmaster of a school" be substituted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22, in line 7, after the words "it is satisfied" the words "by process of election for the purpose held under rules prescribed by the Government" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in claust 3, after the proposed section 22, the following proviso be added, namely:—

> "Provided that if the people of the local area object to any such appointment, there will be no such appointment."

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that in clause 3, after the proposed section 22, the following proviso be added, namely:—

> "Provided that if more than half of the population of the local area for which a Justice of the Peace is appointed demand the removal of such person or persons, the State Government shall immediately cancel his or their appointment as Justices of the Peace."

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 3, after the proposed section 22, the following proviso be added, namely:—

> "Provided that no Justices of the Peace shall have power of arrest."

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 3, item (*b*) of *Explanation* to the proposed section 22, be omitted.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 3, for the proposed sections 22A(1) and 22A(2) the following be substituted, namely:—

> 22A.(1) A Justice of the Peace shall do everything in his power to prevent unnecessary harassment of the public and help the public in every possible way."

Sj. Bibhuti Bhushon Ghose: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22A(1), line 2, the words "for the purpose of making arrest" be omitted.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22A(1), lines 4 to 6, the words beginning with "and of an officer-in-charge" and ending with "section 55" be omitted.

Sj. Bibhuti Bhushon Ghose: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22A(1), in line 6, after the words "section 55" the words "except the powers of making arrest" be inserted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, after the proposed section 22A(1), the following proviso be added, namely:

> "Provided that no arrest shall be made unless a thorough enquiry is made and there is *prima facie* a good case for arrest."

Sj. Jnanendra Kumar Chaudhury: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22A(3)(*i*), in lines 3 and 4, after the word "volunteer" the words "or members of the public" be inserted.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 3, the proposed section 22A(3)(*i*)(*a*), be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22(A)(3)(*i*)(*a*), line 1, for the words "in taking or preventing the escape of" the words "in arresting or in taking before the officer-in-charge of the nearest police-station or in preventing the escape of" be substituted.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 3, in the proposed section 22A(3)(*i*)(*b*), lines 2 and 3, for the words beginning with "a breach of the" and ending with "tranquillity" the words "rowdyism, snatching, molestation, pick-pocket and breach of peace and tranquillity arising out of communal trouble" be substituted.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 3, the proposed section 22A(4) be omitted.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 3, in proposed section 22B(1)(*c*)(*ii*), line 1, after the words "any statement" the words "in the presence of at least two respectable persons of the locality" be inserted.

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 3, the proposed section 22B(2) be omitted.

Sj. Ambica Chakrabarty:

মাননীয় সভাপতি মহাশয়, অনির্দ্দিষ্ট সময়ের জন্য এদের এপয়েন্ট করা হচ্ছে। কারণ সাধারণতঃ যারা এপয়েন্টমেন্ট পাবেন তারা অনির্দ্দিষ্ট কালের জন্য পাবেন। আমার এ্যামেন্ড-মেণ্টটা হচ্ছে যে অনির্দ্দিষ্ট কালের জন্য এদের এপয়েন্ট করা হবে, কিন্তু কারা এপয়েন্টমেন্ট পাবে, কাদের এপয়েন্ট করা হবে তা দেশের জনসাধারণ জানে না। অথচ এদের এপয়েন্টমেন্ট করার পরে জনসাধারণের আস্থা এদের প্রতি থাকবে কিনা, এরকম নিশ্চয়তা নেই। কাজেই যে লোকগুলিকে এপয়েন্ট করা হবে তাদের অনির্দ্দিষ্ট কালের জন্য এপয়েন্ট না করে একটা নির্দ্দিষ্ট সময়ের জন্য এপয়েন্ট করে একটা ট্রায়াল দেওয়া প্রয়োজন। তবে এরা জনসাধারণ আস্থাভাজন যদি হয়, তবে এদের স্থায়ী কিছু কালের জন্য করা যেতে পারে। এক কথায় যদি জনসাধারণের আস্থাভাজন না হয় এমন লোককে যদি এপয়েন্টমেন্ট দেওয়া হয় তাহলে তাতে জনসাধারণের ক্ষতি হবে এবং এটা অনির্দ্দিষ্ট কালের জন্য থাকলে পরে জনসাধারণের স্বার্থ-পরিপন্থী হবে। কাজেই লোকগুলিকে যখন এপয়েন্ট করা হবে একটা নির্দ্দিষ্ট সময়ের জন্য, একটা নির্দ্দিষ্ট সময়ের মধ্যে যদি জনসাধারণের আস্থাভাজন হতে পারেন, তাহলে তাঁদের পোষ্টটা যতদিন পর্য্যন্ত প্রয়োজন ততদিন কনটিনিউ করা যেতে পারে। তা যদি না হয় তাহলে ৬ মাস পরে এই সমস্ত লোককে যাতে না রাখা হয়, তার ব্যবস্থা এই ক্লজের মধ্যে থাকা প্রয়োজন ছিল। কারণ যাদের এপয়েন্টমেন্ট দেবেন, তাদের উপর জনসাধারণের কোন অধিকার থাকবে না। কিন্তু তারা যদি জনসাধারণের দ্বারা ইলেক্টেড হত, তাহলে জনসাধারণ এদের প্রতি একটা অনাস্থা নিয়ে আসতে পারত। কিন্তু ইলেক্টেড না হয়ে সরকারের দ্বারা নিযুক্ত হওয়াতে সে বিষয়ে জনসাধারণের কোন অধিকার থাকবে না। সে জন্য এই এপয়েন্টমেন্ট অনির্দ্দিষ্ট কালের জন্য না করে ৬ মাসের জন্য এদের এপয়েন্ট করা হোক। কাজেই এই সংশোধন করবার জন্য আমি এই এমেন্ডমেন্ড দিচ্ছি। মন্ত্রীমহাশয় এই যে একটি অপ্রয়োজনীয় বিল নিয়ে এসেছেন, এই অপ্রয়োজনীয় বিলটীর উপর জনসাধারণের কিছু অধিকার এবং আস্থা থাকবার জন্য এটাকে অন্ততঃ কিছু নির্দ্দিষ্ট সময়ের জন্য করা হোক, অন্ততঃ ৬ মাসের জন্য। এর মধ্যে যদি তাঁরা ভাল কাজ করেন, জনসাধারণের যদি এদের বিরুদ্ধে কিছু বলবার না থাকে তাহলে আবার ৬ মাস পড়ে বাড়িয়ে দেওয়া যেতে পারে। এটা আমার এই এমেন্ডমেন্টের উদ্দেশ্য।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমার প্রথম যে সংশোধনী প্রস্তাবটা সেটা একটা ফরম্যাল ব্যাপার। বক্তব্য হল যে, এই সরকার যে বিল এনেছেন তার ২২ নম্বর ধারায় একটা কথা আছে
such rules as may be made,
ওখানে ফর দি পারপাস দেওয়া দরকার। কারণ অনেক আইন সরকার করেন কোন আইন সেখানে প্রয়োজ্য হবে সেটা নির্দ্দিষ্ট করার জন্য
such rules as may be made for the purpose
এই কথা থাকা উচিত ছিল এবং সে দিক থেকে আমি ফর দি পারপাস কথাগুলো যোগ করার পক্ষপাতী। দ্বিতীয় কথা হল এই যে, সরকারপক্ষ ইচ্ছা করলে যে কোন লোককে জাষ্টিস অফ দি পিস নিযুক্ত করতে পারবেন। আমাদের অভিজ্ঞতা হল এই যে, এইসব পদে সাধারণতঃ যেসব লোকেদের নিযুক্ত করা হয় তাঁরা আসেন এমন সব পরিবার থেকে যাদের ইতিহাস জনতাকে শোষণ করার, অত্যাচার করার ইতিহাস। পুঁজিপতিদের লোক, জমিদারের ছেলে, শিল্পপতিদের ছেলেরা জাষ্টিস অফ দি পিস হয়ে এসে বসছেন। তাঁদের হাতে সমস্ত ক্ষমতা থাকায় ইচ্ছামত নিরঙ্কুশভাবে তাঁরা জনতার উপর অত্যাচার চালিয়ে যাচ্ছেন। এই ব্যাপার চলছে এবং চলবে। সরকারের কাছে যাঁরা অত্যন্ত সৎ বলে মনে হয় জনতা তাঁদের অত্যন্ত অসৎ বলে জানে এবং সরকারের কাছে যাঁরা কর্ম্মিষ্ঠ, আদতে তাঁদের চেয়ে অপদার্থ খুব কমই আছে। যারা জনসাধারণকে বেশী করে শোষণ করছে, মারপিট করছে, এটা আজকের দিনের অভিজ্ঞতা না দীর্ঘদিনের অভিজ্ঞতা, তারাই সরকারের চোখে কর্ম্মঠ। ইংরাজ আমলে যে সমস্ত অফিসাররা স্বাধীনতা সংগ্রামে লিপ্ত জনসাধারণকে আচ্ছা করে পিটতে পেরেছিল তারাই ইংরাজের কাছ থেকে সত্যিকারের প্রশংসা পেয়েছিল। সেই সমস্ত অফিসারগুলিও এই কংগ্রেসী শাসনে খুব কর্ম্মিষ্ঠ এবং উপযুক্ত বলে স্বীকৃত হয়েছে। প্রমোশন তাদেরই হচ্ছে এটা দেখা গেছে। সুতরাং আমাদের অভিজ্ঞতা এই কথা বলে যে, এমন লোককে সাধারনতঃ সরকার এইসব পদে নিযুক্ত করেন যারা জনসাধারণের স্বার্থের বিরোধী, যারা কায়েমী স্বার্থের ধারক, বাহক এবং রক্ষক। সেদিক থেকে আমাদের বক্তব্য হচ্ছে জনতার হাতে ক্ষমতা দেওয়া হোক্ তাতে যদি কোন জায়গায় জনসাধারণ বোঝে যে কোন জাষ্টিস অফ দি পিস জনসাধারণের স্বার্থের বিরুদ্ধে কাজ করছে, তাহলে তাকে সরিয়ে দেওয়ার অধিকার জনসাধারণের থাকবে। ডাঃ রায় এবং সরকারপক্ষের সকলেই বলেন জনসাধারণের সঙ্গে কর্তৃপক্ষের একটা বন্ধুত্বপূর্ণ সংযোগ স্থাপন করা দরকার। এই বন্ধুত্বপূর্ণ সংযোগ স্থাপন করতে গেলে জনসাধারণের হাতে ক্ষমতা দেওয়া দরকার, তাদের ঘাড়ে শাসন চাপিয়ে দিলে চলবে না। একজন অফিসার কিংবা কোন লোককে জনসাধারণের ঘাড়ের উপরে চাপিয়ে দিলেন, জনসাধারণ যন্ত্রনায় ছটফট্ করলেও তারা তাকে ঘাড় থেকে নাবাতে পারবে না—এইরকম ব্যবস্থা করলে কোনদিনই বন্ধুত্বপূর্ণ আবহাওয়া তৈরী হয় না। সরকার এই কাজ করতে যাচ্ছেন। তাই আমার বক্তব্য যে, কোন জাষ্টিস অফ দি পিস নিয়োগ সম্বন্ধে স্থানীয় জনসাধারণের যদি আপত্তি থাকে, তাহলে সেই জাষ্টিজ অফ দি পিস নিয়োগকে নাকচ করে দিতে হবে। এই আমার বক্তব্য এবং সেখানে আমার সংশোধনী তা হচ্ছে এই—

> "Provided that if the people of the local area object to any such appointment, there will be no such appointment."

এই হল আমার দুই নম্বর সংশোধনী প্রস্তাব। তৃতীয় নম্বর হচ্ছে ২২নং ধারা সম্পর্কে। প্রস্তাবিত ২২-এর ধারায় জাষ্টিস অফ দি পিসের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে যে, তিনি গ্রেপ্তার করতে পারবেন, গ্রেপ্তার করে কাছাকাছি থানায় নিয়ে যেতে পারবেন এবং আরও অনেক কিছু করতে পারবেন। আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই—"প্রাইমা ফেসি" কোন 'কেস' থাকুক আর নাই থাকুক পুলিস গরীব মানুষকে ধরে নিয়ে গিয়ে থানায় অত্যাচার করে। এটা একেবারে নিত্য নৈমিত্তিক ব্যাপার। এটা কেবলমাত্র কোলকাতায় নয়, মফঃস্বলেও আছে। ভাগচাষের সমস্ত সুযোগ, সমস্ত আইন মাড়িয়ে থানায় ধরে নিয়ে গিয়ে ভাগচাষীকে ঠেঙ্গানি দেওয়া হল এবং বলা হল যে তুমি যদি জোতদারদের বিরুদ্ধে কথা বল তোমাকে হাজতে পুরে দেব। কোন অনুসন্ধান নেই, কিছু নেই। এটা রোজই প্রায় চলছে।

[10-30—10-40 a.m.]

সুতরাং এই ঢালাও ক্ষমতা, এই গ্রেপ্তার করার নিরঙ্কুশ ক্ষমতা কোন রকমে কোন সরকারী কর্মচারীদেরে হাতে দেওয়া যেতে পারে না এবং জাষ্টিস অফ দি পিসের হাতেও দেওয়া যেতে পারে না। সে দিক থেকে আমার বক্তব্য হচ্ছে, প্রাইমা ফেসি কেস যদি দাঁড়ায়, তবে গ্রেপ্তার করতে পারবেন। তা ছাড়া গ্রেপ্তার করাও চলবে না। তাই আমার সংশোধনী প্রস্তাব হল এই—

"Provided that no arrests shall be made unless a thorough enquiry is made and there is *prima facie* a good case for arrest."

কেস আছে মনে করলেই হবে না। মামলা তার বিরুদ্ধে দাঁড় করান যায়, গ্রেপ্তারের "গুড কেস" হওয়া চাই। আদালতে যেভাবে কথা বলে সেইভাবেই দিয়েছি যে এনকোয়ারী আগে হবে এবং অনুসন্ধান করবার পর যদি দেখা যায় যে সত্যি সত্যি কোন লোকের বিরুদ্ধে একটা কেস দাঁড় করান যেতে পারে তবেই তাকে গ্রেপ্তার করা যেতে পারে। কোলকাতায় আপনি জানেন যে, প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট পুলিসের নিন্দা করেছেন এবং অন্যান্য কোর্টও করেছেন। কোন রাজনৈতিক দলের কর্মীদের জব্দ করা দরকার, অমনি তাড়াতাড়ি তার নামে একটা ডাকাতি কেস জুড়ে দিয়ে পুলিস তাকে ধরে নিয়ে গেল, হয়রানি করল, তারপর তাকে ছেড়ে দিল কিছু নেই বলে। এই কাজ হামেশাই হচ্ছে। যে প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট, এক দিক থেকে বলতে গেলে যাঁকে পুলিসেরই ম্যাজিষ্ট্রেট বলা যায় এবং সাধারণতঃ দেখা যায় যে পুলিসের পক্ষ সমর্থন করার জন্যই যিনি আছেন তিনিও পুলিসের এইসব কাণ্ডজ্ঞানহীনতা এবং অত্যাচারমূলক ব্যবহারের প্রতিবাদ করেছেন। তাই আমার বক্তব্য যে, জাষ্টিস অফ দি পিসকে ঢালাই ক্ষমতা দেবার আগে এই প্রভিসোটা যোগ করা উচিত যে, অনুসন্ধান করা হবে এবং এই অনুসন্ধানের কালে যদি প্রমাণ হয় যে সত্যি সত্যি কোন লোকের বিরুদ্ধে মামলা দায়ের করার মতন ঘটনা আছে তাহলেই তখন তাকে গ্রেপ্তার করতে পারা যাবে, তা ছাড়া আর গ্রেপ্তার করতে পারা যাবে না। এটাই হচ্ছে আমার মূল বক্তব্য। তারপর আমার যে চতুর্থ সংশোধনী প্রস্তাব সেটা মোর অর লেস ফরম্যাল। ওটার উপরে কথা বলার কিছু নেই।

Sj. Bibhuti Bhushon Ghose:

আমার প্রথম সংশোধন প্রস্তাব—

"and as to whose integrity and suitability it is satisfied".

এ সম্বন্ধে আমার প্রথম কথা হচ্ছে যে আমাদের অতীতের অভিজ্ঞতা রয়েছে যখনই সরকার এই ধরণের কোন আইন তৈয়ার করেন এবং যখনই সরকার কোনও লোককে মনোনয়ন দেন তখনই সেই মনোনীত ব্যক্তিটি বিশেষ রাজনৈতিক দলভুক্ত হন। অবশ্য এটা তাঁরা অস্বীকার করতে পারেন, কিন্তু আজকে এটা স্বতঃসিদ্ধ। অতএব আজকে যে মনে করেছেন এর ইনটিগ্রিটী আছে, বা সুটেবিলিটী আছে অতএব একটা হ'রে ন'রে শঙ্করাকে—তাঁদের একটা লোককে দিয়ে দিচ্ছেন। কিন্তু তা ঠিক না; দেখতে হবে যে লোকটাকে মনোনীত করছেন তার হাতে কতখানি আইনতঃ ক্ষমতা দেওয়া হচ্ছে। যে লোকটাকে ফার্ষ্ট ক্লাস ম্যাজিষ্ট্রেট-এর পাওয়ার দেওয়া হচ্ছে সে লোকটা যে কি ধরণের মানুষ হবে, আইন তৈরী করবার আগে তার মিনিমাম কোয়ালিফিকেশন কি হবে সেটার কথা এখানে বলেন নি। উনি সেটা বলেন নি, কিন্তু অত্যন্ত ইনোসেন্ট ওয়ে-তে করছেন, এমন কোন অসদুদ্দেশ্য নেই; কিন্তু আমরা যে ঘর পোড়া গরু, সিঁদুরে মেঘ দেখলেই চমকে উঠি। আমরা মনে করি যে ইনটিগ্রিটী এবং সুটেবিলিটীর নাম দিয়ে তাঁদের যারা ধারক এবং বাহক তারা নিজেরা ক্ষমতায় আসীন হয়ে অন্যান্য রাজনৈতিক দলকে বিপদে ফেলবে। এর অনেক প্রমাণ আছে। যে কোন কারণে আজকে যদি একজন কংগ্রেসের চার আনার সভ্য একটা কথা বলে তখন পুলিস তার এ্যাকশন নেয়, আর সেখানকার স্থানীয় এম, এল, এ, সে, যদি তার প্রতিবাদ করে ত সেটা গ্রাহ্যই হয় না। অতএব এর দ্বারা আমরা এইটুকু সিদ্ধান্ত করতে পারি যে এই যে ইনটিগ্রিটী এবং সুটেবিলিটীর কথা, এ আপনাদের ইচ্ছানুযায়ী দেবেন, কাজেই সেটা তুলে দিন। আপনাদের যদি সদুদ্দেশ্য থাকে—সদুদ্দেশ্য আছে এ কথা কেবল মুখে বল্লেই হবে না, কাজের দ্বারা

প্রমাণ ক'রতে হবে, এবং সেই প্রমাণ করার ক্ষেত্রে এই মিনিমাম কোয়ালিফিকেশন কি সেটা বলতে হবে।

Mr. Speaker:

আপনি এর পরেরটা বলুন।

Sj. Bibhuti Bhushon Ghose:

স্যার, আমার ১৯নং আর একটি সংশোধন প্রস্তাব আছে—

"For the purpose of making arrest" be omitted.

আমার কথা হচ্ছে যাকে তাকে যেখান সেখান থেকে জাস্টিস অফ দি পিস-কে ধরে আনার ক্ষমতা দিলেন, তাতে বলি যে, আজকে কংগ্রেসীদের হাতে যে ক্ষমতা তার উপর তাদের গ্রেপ্তার করবার ক্ষমতা যদি দেওয়া হয় তাহলে সাধারণ মানুষ একেবারে মরে যাবে।

[কংগ্রেস পক্ষ হইতে হাস্যধ্বনি]

আপনারা হাসুন আর যা কিছু করুন, যা বাস্তব পরিস্থিতি তা অস্বীকার করলে চলে না। আগে মাননীয় বক্তা যা বলেছেন তাতে মনে হয় তখন তারা হাতে আইন নেবে। আপনারা যতই তাদের উত্যক্ত করবার চেষ্টা করবেন তারা উত্যক্ত হয়ে আইন হাতে নিলে অবস্থা কি হবে ভাবুন। এমনিই দেখা যায় যে কোন কারণে বিপদে ফেলার জন্য পুলিসের হাতে ব্যাপক ক্ষমতা দেওয়ার জন্য কোন লোককে গ্রেপ্তার করা যাবে,

for an indefinite period.

৬ মাস, ৮ মাস, ১০ মাস, এমন কি ১ বছর হাজতে রাখা যাবে। এ কথা সত্য বলছি কি বাজে বলছি তা আইনমন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই জানা দরকার। তারপরে এক বছর বাদে হয়ত দেখা গেল তার বিরুদ্ধে কোন অভিযোগ নাই। অতএব তাকে এক বছর ধরে বিনা কারণে যে হাজতে রাখা হল তার কৈফিয়ত নেবার কি অধিকার নেই জনসাধারণের? এইভাবে পুলিসের হাতে আইনের অপপ্রয়োগ হচ্ছে। তারপরে যে ধরণের মানুষেরা ও'দের সঙ্গে আসে তাঁদের হাতে যদি মানুষকে গ্রেপ্তার করবার পরোয়ানা দেওয়া যায় তাহলে সাধারণ মানুষের জীবন বিপর্যস্ত হবে এবং সাধারণ মানুষ অতিষ্ঠ হয়ে উঠবে। সেইজন্য অন্ততঃ গণতন্ত্রের মর্য্যাদা রাখার জন্য, অন্ততঃ এইসব সাধারণ মানুষের জীবনটাকে একটু নিশ্চিন্ত করবার জন্য আজকে আইনসভায় এই রকম একটা কুখ্যাত আইন করা উচিত নয়। যে মানুষের মিনিমাম কোয়ালিফিকেশন জানলাম না তাকে গ্রেপ্তার করবার ক্ষমতা দেওয়া হবে!

সেইজন্য আমার পরিষ্কার বক্তব্য যে, অভিযোগ প্রমাণিত হওয়ার পরে কিংবা অনুসন্ধান দ্বারা অভিযোগ প্রমাণিত করবার যথেষ্ট তথ্য হাতে থাকলে তবে গ্রেপ্তার করা যেতে পারে। অতএব এই গ্রেপ্তার করবার যে ক্ষমতা এই ক্ষমতা যাকে তাকে দিয়ে আজ যখন সাধারণ মানুষের ভাল করতে পারছি না, তখন আর মন্দ কোরে নিজেরা অভিশাপ কুড়াবেন না, তাদের জীবন অতিষ্ঠ করবেন না।

আমার আর একটা প্রস্তাব———

Mr. Speaker:

আপনার ঐ ১৯নং ও ২১নং ত একই।

Sj. Bibhuti Bhushon Ghose:

একটু তফাৎ আছ। যে কথা উনি বললেন—আরও পুলিসের দরকার———

Mr. Speaker:

ঐ ১৯ ও ২১নং এমেন্ডমেন্ট ত এক ধরণেরই, আলাদা কোরে বলার দরকার কি?

Sj. Bibhuti Bhushon Ghose:

আমি বলছি একজন অফিসার-ইন-চার্জের যে ক্ষমতা সেই ক্ষমতা একজন সাধারণ মানুষকে দেওয়া হচ্ছে—এটা পড়ে দেখলেই বুঝবেন। আমি বলছি তাহলে সোজাসুজি আরও পুলিস অফিসার বাড়ান, এই রকমভাবে আপনাদের মনোনীত মানুষকে না এনে।

[10-40—10-50 a.m.]

কারণ পুলিসকে যে ব্যাপক ক্ষমতা দেওয়া হয়েছে সেই ব্যাপক ক্ষমতা এদের একটা ইঙ্গিতে বা এঁদের একটা ইচ্ছানুযায়ী একটা মানুষের হাতে দেওয়ার কি কারণ থাকতে পারে? সেইজন্য পরিষ্কার করে আমাদের বক্তব্য হচ্ছে, আপনি এই যে ব্যাপক ক্ষমতা একটা মানুষকে দিতে যাচ্ছেন, সেটা অন্ততঃ যাতে করে সেই লোকটা মানুষের বিশ্বাসভাজন হয়! সেই লোকটা মানুষের বিশ্বাসযোগ্য হয় এটা প্রমাণিত করবার জন্য একটিমাত্র উপায় হচ্ছে মনোনীত না করে তাদের নির্ব্বাচিত করুন, নির্ব্বাচনের দ্বারা তারা আসুক এবং আমাদের একজন মাননীয় সদস্য যা বলে গেছেন যে তার একটা লিমিট বেঁধে দিন। টাইম-লিমিট করে দিন যে এতদিনের মধ্যে তাদের যোগ্যতার পরিচয় দিতে হবে, তা যদি না হয় তাদের উইথড্র করে নিতে হবে। সেজন্য আমি বলি এই ধরণের একটা কুখ্যাত বিল যে কোন মানুষকে বিপর্য্যস্ত করতে পারবে, যে কোন মানুষকে সায়েস্তা করতে পারবে। তাদের খেয়ালগুলি চরিতার্থ করবার জন্য এই ব্যাপক ক্ষমতা দেওয়ার পূর্ব্বে তাদের অন্ততঃ মিনিমাম কোয়ালিফিকেশন জানিয়ে দেবার চেষ্টা করুন এবং তাদের এতখানি ব্যাপক ক্ষমতা দেবেন না রাজনৈতিক দলগুলিকে পর্য্যুদস্ত করবার জন্য।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় সভাপাল মহাশয়, আমার এ্যামেণ্ডমেন্টটা খুব ছোট। সেটা হচ্ছে এই যে, যেখানে সরকার জাষ্টিস অফ দি পিসের মনোনয়নের ভার নিয়েছেন এবং যেখানে এদের নিয়োগ করবার ব্যাপারটা আছে সেখানে তাঁরা ইচ্ছামত করতে পারবেন বলে বলেছেন। আমার বক্তব্য হচ্ছে যে, পার্লামেন্টের সদস্য, স্টেট লেজিসলেটিভ-এর সদস্য, কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির সদস্য, ডিষ্ট্রিক্ট বোর্ড, ইউনিয়ন বোর্ড-এর সদস্যদের অথবা প্রিন্সিপাল বা হেডমাষ্টার মহাশয়দের মধ্য থেকে জে, পি, মনোনয়ন করতে হবে। এই কথা বলার পিছনে আমার যুক্তি হচ্ছে এই যে, এঁদের ওপর জনসাধারণের আস্থা আছে, তাঁরা নির্ব্বাচিত হয়ে এসেছেন এবং তাঁদের সঙ্গে জনসাধারণের যোগাযোগ রয়েছে। সুতরাং তাঁদের যে কোন কাজ যদি অন্যায় হয়, তাহ'লে পরে সেই কাজের দরুণ জনসাধারণের কাছে তাঁদের জবাবদিহি করতে হবে এই ভয়তে তাঁরা অন্যায় কাজ থেকে নিবৃত্ত হবেন এবং হয়তো তাঁরা ভাল কাজই করবেন—এটা অন্ততঃ আশা করতে পারা যায়। তা ছাড়া হেডমাষ্টার, প্রফেসর বা প্রিন্সিপাল এইসব জাতীয় মানুষের উপরে জনসাধারণ বিশেষ আস্থা রেখে থাকে। সেদিক থেকে তাঁদের মধ্যে থেকে যদি আমরা জাষ্টিস অফ দি পিস নিয়োগ করি তাহলে আমার মনে হয় সেটা যুক্তিযুক্ত পন্থা হবে। কিন্তু এটা যদি না হয় এবং সরকার যদি নিজের হাতে জে, পি, মনোনয়নের নিরঙ্কুশ ক্ষমতা রেখে দেন, সেই ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রীমহোদয়কে স্মরণ করিয়ে দিতে চাই আপনার মাধ্যমে যে, অনাহারী ম্যাজিষ্ট্রেট, অর্থাৎ যাদের অনারারী ম্যাজিষ্ট্রেট বলা হয়, তাঁদের সম্পর্কে খবর কাগজে প্রতিদিনই বিভিন্ন অভিযোগ পাওয়া যায়। তিনিও তা দেখতে পেয়েছেন। তাই এই সমস্ত অনারারী ম্যাজিষ্ট্রেট সম্পর্কে আইনমন্ত্রী একটি সুষ্ঠু নীতি অবলম্বন করতে যখন চেয়েছেন, তার ব্যতিক্রম ঘটাবার জন্য কোনও কোনও বিশেষ দপ্তরের মন্ত্রীমহোদয়ের কাছেও তদ্বির করা হয়েছে। এই রকম দৃষ্টান্ত বহু দেওয়া যায়। শুধু তাই নয়, এই ধরণের অনারারী ম্যাজিষ্ট্রেট যারা হবে, তাদের যোগ্যতা বি, এ, পাশ হওয়া দরকার। আইনমন্ত্রীর কাছে অন্য দপ্তরের মন্ত্রীরা, দল ও আত্মীয় পোষণের জন্য অনুরোধ করে থাকেন, ম্যাট্রিকুলেটকে অনারারী ম্যাজিষ্ট্রেট করা হোক। এ ছাড়া যে অনারারী ম্যাজিষ্ট্রেটের দোষ প্রমাণিত হয়ে সাজা হয়েছে তাকে পুনঃনিয়োগের জন্যে মন্ত্রীদের কাছ থেকেই তাঁর কাছে অনুরোধ আসে। মন্ত্রীদের সম্পর্কেই যেখানে ঘুষ, দুর্নীতি, স্বজন-পোষণ, ব্যভিচার প্রভৃতির অভিযোগ প্রমাণিত করেও যেখানে কোনও ফল হয় না, সেখানে জে, পি, সম্পর্কেও এই একই অবস্থা পরিলক্ষিত হবে। সেই

জন্যেই মন্ত্রীমহোদয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে, যদি এই রকম ধরণের একটা বলিষ্ঠ নীতি না রাখেন, যাতে জনসাধারণের আস্থাভাজন লোককে তিনি নিয়োগ করবেন, আমার সংশোধিত প্রস্তাব অনুযায়ী ধরা বাঁধা নীতি যদি তাঁর না থাকে তাহলে তাঁর যে সততার কথা আমরা জানি মন্ত্রীসভার অন্যান্যদের হীণ ও কুট চক্রান্তে তা ব্যর্থ হয়ে যাবে। এই ক্ষেত্রে আমি তাঁকে আরও একটা ঘটনা উল্লেখ করতে পারি। বেলেঘাটা অঞ্চলেরই ঘটনা। ঐ অঞ্চলে কয়েকজন কংগ্রেস দলভুক্ত ও বি সি রায় পলিও ক্লিনিকের সহিত যুক্ত ব্যক্তিকে স্থানীয় ব্যাপারে শিয়ালদহের ম্যাজিস্ট্রেটও বেলেঘাটা থানা "এনকোয়ারী" করবার ভার দিয়ে থাকেন। অথচ আমরা জানি এই অঞ্চলের যাবতীয় দুষ্কৃতি যা ঐ অঞ্চলে ব্যাপকভাবে দেখা দিয়েছে, গুন্ডামী থেকে নারী হরণ এমন কি "মিলন মন্দির" গঠন করে চাঁদা আদায়ের নামে দাঙ্গা হাঙ্গামা এদের প্রত্যক্ষ সহযোগিতায় হয়ে থাকে। এই সমস্ত বদলোকগুলি মানুষকে অযথা নিপীড়নের জন্যে মিথ্যা সাক্ষ্য, মিথ্যা মামলা প্রভৃতি দায়ের করে প্রকৃত শান্তিকামী ভদ্র ব্যক্তিদের জীবন দুর্বিসহ করে তুলেছেন। নারিকেলডাঙ্গা অঞ্চলে কোনও একটা নারীসংক্রান্ত ব্যাপারে বেলেঘাটা থানায় এ'দেরই একজন এমন মিথ্যা রিপোর্ট দেন যে, আমি পুলিস কর্তৃপক্ষকে প্রকৃত তথ্য জানিয়ে তাঁদের অনুসন্ধান করতে অনুরোধ করায় তদন্তকারী ব্যক্তিটীর ষড়যন্ত্রের কথা উদ্ঘাটিত হয়। শুধু তাই নয়, অথচ এই রকম ব্যক্তিরা অসৎ পুলিস অফিসারদের সহযোগিতায় এমনভাবে একটা ষড়যন্ত্রমূলক ব্যবস্থা করেন যার ফলে সেখানকার সং ও আত্মমর্য্যাদাসম্পন্ন পুলিস অফিসারদের বিব্রত বোধ করতে হয়। শুধু তাই নয় এই ধরণের জঘণ্য মানুষগুলো প্রাদেশিক কংগ্রেসের সভাপতি, সম্পাদক থেকে আরম্ভ করে চুণোপুটিদেরও মাথার মণি হয়ে থাকেন। এমন কি নেতা বলে এরা মন্ত্রীদের কাছে এসে নানান রকমের খোসামদ তোষামদ এবং মোসাহেবী করেন এবং কেউ কেউ বিভিন্ন রকম উপঢৌকন দিয়ে থাকেন, তার ফলে মন্ত্রীদের কারও কারও কাছ থেকে সংশ্লিষ্ট পুলিস অফিসারের কাছে নির্দেশ পর্যন্ত যায় যে, ওরা যা বলছে তাই শোন। এই রকম ধরণের ঘটনা সেখানে অহরহঃ ঘটে। সুতরাং এই জাতীয় লোককে আজকে যদি জাষ্টিস অফ দি পিস করেন তাহলে যে শান্তি শৃঙ্খলা দেশের জনসাধারণ চাচ্ছে, তাকে বিঘ্নিত করা হবে। সেদিক থেকে আপনাদের এটা বিশেষ করে বিবেচনা করবার জন্য আমি বলব। জাষ্টিস অফ দি পিসের ক্ষমতা এমন সমস্ত লোকের হাতে দেওয়া উচিত, যারা এই ভার পাওয়ার উপযুক্ত। একজন ব্ল্যাক মার্কেটিয়ারের উপরে অথবা একজন ম্যাসেজ বাথের প্রোপ্রাইটারের হাতে যদি ভার দেন তাহলে এই ভার পেয়ে নিজের স্বার্থ সিদ্ধির জন্য এই ব্যাপক ক্ষমতা তারা ব্যবহার করবে। এই ধরণের বহু মানুষের সঙ্গে আপনাদের মধ্যে আজকে যারা শাসনব্যবস্থা চালাচ্ছেন তাদের সংযোগ আছে। আর তাঁরা নিজেরাও জানেন যে, তারা পুলিসের সঙ্গে সহযোগিতায় কেমন করে দেশেরে মানুষের ভেতর একটা সন্ত্রাসের সৃষ্টি করছে। সেদিক থেকে বিচার করে আমি আমার যে প্রস্তাব উপস্থিত করেছি, তার যুক্তিযুক্ততা আপনি নিশ্চয় স্বীকার করবেন এবং আমার সংশোধনী প্রস্তাবকে মেনে নেবেন।

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকারমহাশয়, এই উপস্থিত বিলের ৩ নম্বর ক্লজের মধ্যে প্রস্তাবিত ২২ নম্বর সেকসানের ৭ নম্বর লাইনে আমি একটি এ্যামেণ্ডমেণ্ট, একটি সংশোধনী আনতে প্রস্তাব করছি। তার প্রধান উদ্দেশ্য হচ্ছে এই ২২ নম্বর সেকসানে সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয় যা এর মধ্যে প্রকাশ করেছেন—সেটা হচ্ছে নিয়োগের প্রশ্ন। জাষ্টিস অফ দি পিস নিয়োগ করা হবে, সেই নিয়োগের প্রশ্নটা অফিসিয়াল গেজেটে সরকার যদি ঘোষণা করেন এবং সেই আইন যেটা সরকার রচনা করবেন, সেই আইন অনুযায়ী তাঁরা যদি সন্তুষ্ট হন যে এই বিশেষ ব্যক্তিকে এইস্থলে নিযুক্ত করা যেতে পারে তাহলে তাঁদের নিযুক্ত করবেন। আমি সেই স্থলে বলছি যে, সরকার যদি স্বরচিত সেই আইনের বলে সন্তুষ্ট হতে চান তাহলেও যেন সেখানে নির্বাচন পন্থাটা অবলম্বন করেন

by process of fundamental rules as prescribed by the Government.

এই কথাগুলি তাই যথাস্থানে জুড়ে দিতে চাইছি আমি। এই যে ইলেকশন এতে যথার্থ কোন একটা মৌলিক পরিবর্ত্তন আসছে না। কিন্তু উদ্দেশ্য যদি প্রস্তাবকের হয় এবং যে একটা

উদ্দেশ্য তিনি প্রকাশ করেছেন অবজেক্টস এ্যান্ড রিজনস-এর মধ্যে সেটা যদি সত্য হয়, যদি এই বিল প্রগতিপন্থী হয় তাহলে কমিশনারদের হাত থেকে নামে মাত্র ক্ষমতা নেওয়ার কোন অর্থ হয় না। তাহলে এই নিয়োগের প্রশ্নে এই কথাটা আসছে যে সেটা প্রগতিমুখী হোক এবং স্থানীয় যে জনপ্রিয় এবং মাননীয় ব্যক্তিকে নির্দ্ধারণের জন্য একটা মনগড়া পন্থাকে নির্দ্ধারণ না করে, সেই নির্দ্ধারণের পন্থাটা নির্বাচনের পথে নেওয়া হোক। এই বিশেষ কাজে যাকে নিয়োগ করা হবে, জনসাধারণ যদি মনে করে যে তিনিই যোগ্য ব্যক্তি তাহলে তাঁকে নেওয়া হোক, এইটুকুন সম্মান জনসাধারণকে করা হোক। জনসাধারণের নাগরিক অধিকার খর্ব করার ব্যাপারে অখণ্ড ক্ষমতা দেয়া হচ্ছে এই জাষ্টিস অফ দি পিস-এর হাতে। সেই লোকটি জনসাধারণের মধ্যে যে কোন ব্যক্তিকে যখন তখন বাঁধতে পারেন, তল্লাসী করতে পারবেন এবং ব্যক্তি বিশেষের ডাইং ডিক্লারেশন ব্যাপারে সত্য মিথ্যা যা কিছু বলবেন তাই সেখানে ধার্য্য হবে। ফার্ষ্ট ক্লাস ম্যাজিষ্ট্রেটের দায়িত্বের মতন এই সমস্ত গুরুত্বপূর্ণ ব্যাপারে তাঁকে ক্ষমতা দেওয়া হয়েছে। যেখানে শান্তি শৃংখলাভঙ্গের আশংকা রয়েছে, সেখানে তিনি বিচার করবেন সত্যিই সেই শান্তি শৃংখলাভঙ্গ হবার আশংকা আছে কি না। এমন গুরুত্বপূর্ণ ব্যাপার যার উপরে দেওয়া হবে, জনসাধারণের আস্থা তার উপরে আছে কি না সেটা প্রথমে দেখতে হবে। এতে সরকারের কোন প্রকার ভয়ের কারণ নেই। কাজেই যে সমস্ত ক্ষেত্রে কথা উঠেছে এম, এল, এ, সম্বন্ধে এই সার্কুলেশনের বিরুদ্ধে আলোচনায় সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয় বলেছেন যে, জাষ্টিস অফ দি পিস পদে এম, এল, এ, নিয়োগের কথা আনলে পর পলিটিক্স-এর কথা এসে পড়ে। পলিটিক্সে তাঁর একটা আতংক আছে দেখছি। কংগ্রেসটাও পলিটিক্যাল পার্টি বৈ ত নয়, যাই হোক, সেই পলিটিক্সের মধ্যে থেকেও এই সমস্ত লোক যখন সেখান থেকে জনসাধারণের ভোটে নির্ব্বাচিত হয়ে এসেছেন, তখন পলিটিক্সকে এত অপাংক্তেয় করে দেয়া কি যুক্তিসংগত? তা ছাড়া সেখানে শুধু কংগ্রেসের হাতে সবগুলি আসন পড়বে তিনি বলেছেন, সেটা সত্য নয়। কতকগুলি জায়গায় কংগ্রেস ছাড়া এখনও অন্য ব্যক্তি আছেন, সেই ব্যক্তিরাই আসবেন। কিন্তু কংগ্রেস যদি নির্ব্বাচনের জোরে সব কয়টা আসন নিয়ে যায় তাতেও আমাদের আপত্তি নেই। কাজেই সেখানে যে কংগ্রেসীরা আছেন তাঁরাই আসুন। অথবা সেইভাবে যে কটা কনষ্টিটুয়েন্সি দল-বিশেষের আয়ত্বে আছে, সেই কটা থেকে তারই প্রতিনিধি আসুক, তাহলেও খুব অসুবিধা হবে না। যা হোক আমি সে জন্য বলছি না তা শুধু এম, এল, এর মধ্যে সীমাবদ্ধ রাখতে। এই কথা বলছি যে একটি বিশেষ যোগ্যতা বা বিশেষ যোগ্য ব্যক্তিকে সেখানে যদি নিতে হয়, তাহলে সেখানে যোগ্যতার একটা ডেফিনিসান করে দেওয়া দরকার। তাহলে আমার আপত্তি নেই। আর যদি নির্ব্বাচনের জন্য আইন সরকার করেন, তাতেও আমার আপত্তি নেই। কিন্তু সেটা নির্ব্বাচন আশ্রয় করে জনসাধারণের দিক থেকে তাকে আনা হোক যাকে এত বড় একটা ক্ষমতা দেওয়া হচ্ছে।

আর একটা কথা, এখানে আমাদের সার্কুলেশন বিরোধী আলোচনাতে মাননীয় মন্ত্রী-মহোদয় বলেছেন। তার মধ্যে তিনি বলেছেন যে ২৫ সেক্শন কেন রিপিল করে দিচ্ছেন। ২৫ সেক্শন অফ দি ওরিজিন্যাল এ্যাক্ট কেন বাতিল করে দিচ্ছেন। সে সম্বন্ধে......

Mr. Speaker: The third reading is the proper time for replying to the Minister. Here you should confine yourself to your motion.

Sj. Jyotish Joarder:

এর মধ্যে তার অবকাশ আছে আমি দেখাতে পারবো। এখানে এই এ্যামেন্ডমেন্টের মধ্যে এ আলোচনার প্রয়োজন আছে, স্যার। এখানে আলোচ্য ধারার শেষ লাইনেতে আছে যে একটা বিশেষ স্থানে একাধিক ব্যক্তিকে তাঁরা জাষ্টিস অফ দি পিস হিসাবে নিয়োগ করতে পারবেন। ঠিক এই কথা আছে দেখুন, এখানে ৯ নম্বর লাইনে—

more than one Justice of the Peace may be appointed for the same local area.

এই কথা লেখা আছে যে সেখানে একাধিক ব্যক্তিকে তাঁরা রাখতে পারবেন। তাহলে সেখানে জাষ্টিস অফ পিসের ব্যাপারে ২৫ সেক্শনএ যে সুযোগ ছিল, যে এক্স-অফিসিও অধিকার

ছিল, সেটা লুপ্ত করে দেবার কোন একটা বিশেষ কারণ দেখা যায় না। অবশ্য দেবার জন্য আমার বিশেষ কোন লাভের কারণ ছিল না। কিন্তু যখন এই কথা উঠেছে তাতে আমি বলছি যে তিনি সেখানে বলেছেন যে সেটা অকেজো হয়ে আছে, সেই এ্যাপয়েন্টমেন্টের কোন সার্থকতা নেই। যেখানে সত্যিকারের একটা জাস্টিস মানুষ পেতে পারে, সেখানে সেটা না বহাল রাখতে একটা আশঙ্কা থেকে যাচ্ছে। অথচ সেই জায়গাটা তাঁরা বাতিল করে দিচ্ছেন।

এই এ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে যাতে একজন গণ্যমান্য ব্যক্তি, যাকে জনসাধারণ মনে করবে, তাহলে তাঁকেই যেন নেওয়া হয়। জাস্টিস অফ দি পিস হিসাবে যদি সেখানে হাইকোর্টের একজন জজ থাকেন কোন লোকালিটিতে বা সেখানে যদি একজন সেসন জজ থাকেন, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট একজন যদি থাকেন, প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট যদি একজন থাকেন তাহলে জনসাধারণ ত্রাহি মধুসূদন বলে তাদের হাতে গিয়ে পড়লে হয়ত তাঁরা সেখানে কিছুটা ইন্টারফিয়ার করতে পারবেন। তাহলে জনসাধারণ হয়ত একটু বিশ্বাস করতে পারত যে এই নিয়োগের মধ্যে হয় ত একটুখানি সৎ উদ্দেশ্য আছে। সেখানে একটা পরিত্রাণ তারা হয় ত পেতে পারত। কিন্তু এখন দেখা যাচ্ছে যে সেটা বাতিল করে দেওয়া হচ্ছে এই নিয়োগের ক্ষেত্রে। অথচ সেখানে মনগড়া উপায়ে জোহুকুম মানুষ আনা হচ্ছে। কারণ সেখানে ইলেকশন হলেই পলিটিক্স এসে পড়বে, পলিটিক্স আমাদের সরকারী কর্তৃপক্ষের একটা ভীষণ আতঙ্ক দেখা যাচ্ছে। এইসব কারণে বলছি এটা একটা ভয়াবহ ব্যাপার হয়ে পড়বে। সরকার বাঁ হাতে যা দিচ্ছেন ডান হাতে তাও আবার কেড়ে নেবার মতলব করছেন।

একবার বলা হয়েছে যে পুলিস কমিশনারের হাত থেকে ক্ষমতা নেওয়ার দরকার তাহলে জনপ্রিয় ব্যক্তিকেও আনবেন, গণ্যমান্য ব্যক্তিকেও আনবেন, তারপরে আবার দেখা যাচ্ছে যে, পন্থাটি এমন করছেন, যাতে করে তাদেরকে জনসাধারণ শ্রদ্ধা করতে পারে, যাদের কথার উপর একটু আস্থা আসতে পারে, তাদেরকে প্রথমে বাতিল করে দিচ্ছেন, তারপর আনছেন যে, সরকার যে কোন রকমভাবে সন্তুষ্ট হলেই হোল, তাদের মনগড়া মত যাকে খুসী নিয়ে করবেন। আগে বৃটিশ চেয়েছিল যে, খাস বৃটিশ প্রজা এবং তাবেদার ছাড়া তারা আর কাউকে রাখবেন না, এ'রা এখন চাচ্ছেন যে আমাদের মনগড়া লোক ছাড়া আর কাউকে এর মধ্যে রাখবেন না। সেইজন্য বলছি যে, এখানে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এসে পড়ছে, এবং সেইজন্য আমার এই সংশোধন প্রস্তাব এবং আমি মনে করি যে, যদি সৎ উদ্দেশ্য থাকে এবং সৎ উদ্দেশ্যের সঙ্গে কাজের সম্বন্ধ যদি এই কর্তৃপক্ষ রাখতে চান তাহলে আমার এই প্রস্তাব গ্রহণ করতে হবে এবং তাহলে জনসাধারণ বিশেষ করে আমাদের এই প্রস্তাব সম্বন্ধে সরকারী মতামত দেখে বিশেষভাবে চিন্তা করবেন, ও নিশ্চয়ই তাঁরা দাবী করবেন যে আপনারা এইভাবে নিয়োগ-বদল করুন। তা না হলে জনসাধারণ কিভাবে বিশ্বাস করবে যে সত্যিকারের জাস্টিসেস অফ দি পিস-এর ভিতর জাস্টিস বলে একটা জিনিষ আপনাদের মনেও আছে?

Dr. Hirendra Kumar Chatterjee:

আমার সংশোধনী প্রস্তাব হচ্ছে ২২নং সেক্শনে ৩নং ক্লজ-এর পরে এইটে এড করবার জন্য—

After the proposed section 22 in clause 3 the following proviso be added, namely:—

"Provided that if more than half of the population of the local area for which a Justice of the Peace is appointed demand the removal of such person or persons, the State Government shall immediately cancel his or their appointment as Justices of the Peace."

এই যে সংশোধনী প্রস্তাব এটা আমার বন্ধু অম্বিকাবাবু এবং সুবোধবাবুর কাছাকাছি হিসাবে ধরে নেওয়া যেতে পারে। আমার কথা হচ্ছে যে কংগ্রেসে গভর্ণমেন্ট নিশ্চয়ই গণতন্ত্র বিশ্বাসী। বিশেষ করে নির্বাচনের সময় গণতন্ত্র সম্বন্ধে ভাল ভাল কথা দেখেছি তাদের প্লাকার্ডে এবং অতএব এটা তারা নিশ্চয়ই বিশ্বাস করেন। তা যদি হয় তাহলে অন্ততঃ আমি আশা করব যে মন্ত্রীমহাশয় এই সংশোধনী যেটা গণতন্ত্রসম্মত সেটা গ্রহণ

করবেন। কারণ তিনি বলেছেন যে জনসাধারণের সেবার এবং উপকারের জন্য এই জাষ্টিস অফ দি পিস এপয়েন্ট করা হচ্ছে। জনসাধারণের অধিকাংশ—যদিও জনসাধারণের মধ্যে ভাল লোক আছেন আবার মন্দ লোক আছেন—তবুও মোর দ্যান হাফ যদি চায় যে আর আমাদের উপকারের দরকার নেই এবং এই বন্ধুটির দ্বারা আমাদের উপকার হচ্ছে না বা অপকার হচ্ছে তাহলে নিশ্চয়ই মন্ত্রীমহাশয় স্বীকার করবেন—যেহেতু তিনি গণতন্ত্র বিশ্বাসী—যে সে রকম উপকারী বন্ধুকে না রাখাই ভাল। সেইজন্য আমরা এই এমেন্ডমেন্টটা দিচ্ছি। যদি ও'রা গণতন্ত্র বিশ্বাস করেন এবং যাদের জন্য ও'রা এপয়েন্ট করতে যাচ্ছেন তাঁরা যদি বলেন যে আমাদের ওটা দরকার নেই বা উপকারের প্রয়োজন নেই তাহলে জোর করে উপকার করবই এটা অন্ততঃ মন্ত্রীমহাশয়ের ইচ্ছা নয়। এই গণতন্ত্র সম্মত ব্যবস্থাটাকে যদি ওঁরা মেনে নেন এবং সেখানকার অর্ধেকের বেশী লোক যদি বলে যে এই জাষ্টিস অফ দি পিস-এর দ্বারা কাজ হচ্ছে না বা আমাদের কোন উপকার হচ্ছে না বা আমাদের সেবা হচ্ছে না—আমাদের অপকার হচ্ছে তাহলে তাকে সেখান থেকে রিমুভ করা হবে গভর্ণমেন্টের দ্বারা। এটাই হচ্ছে আমার সংশোধনী প্রস্তাব এবং আশা করি মন্ত্রী মহাশয় এটা গ্রহণ করে গণতন্ত্রের সম্মান রক্ষা করবেন।

Sj. Ganesh Ghosh:

মাননীয় স্পীকারমহাশয়, জনসাধারণের ভিতর থেকে নূতন জাষ্টিস অফ দি পিস নিয়োগ করে তাদের গ্রেপ্তার করার ক্ষমতা দেওয়া হচ্ছে। কেন দেওয়া হয়েছে জানি না, মন্ত্রী মহাশয় একটু আগে বললেন অনেক কাজ বেড়ে গিয়েছে। অনেক জায়গায় তাদের পাশপোর্ট ইত্যাদি দিতে হয় কিন্তু জনসাধারণকে গ্রেপ্তার করবার অধিকার তাদের দেওয়া হচ্ছে কেন? এবং ক্ষমতা যা দেওয়া হচ্ছে অপরাধ নিবারণ করবার জন্য অর্থাৎ কিনা তিনি যদি মনে করেন শান্তিভঙ্গের আশঙ্কা আছে, তিনি যদি মনে করেন পাবলিক ট্রান্‌কুইলিটী ডিষ্টার্বড হতে পারে তখন তিনি ব্যবস্থা গ্রহণ করতে পারেন এইসব কথাগুলি অত্যন্ত ব্যাপক, এবং সুবিধামত নিজেদের দৃষ্টিভঙ্গীর নিজরোই প্রত্যক্ষ সমর্থক—এভাবে এইসব কথাগুলিকে বিকৃত করা যায়—অন্য রকম অর্থ করা যায়।

[11—11-10 a.m.]

এ সবগুলি বিকৃত করা যায় বা অন্যরকম অর্থ করা যায়। আজকের দিনে দেখছি সাধারণ আইনসঙ্গত ষ্ট্রাইক হলে তার উপর পুলিস অত্যাচার চালায়। গ্রামের কৃষকেরা তাদের ন্যায়সঙ্গত অধিকারের জন্য প্রচেষ্টা করলে পুলিস তাদের উপর জুলুম চালায়। জমিদার যাই করুক কিছু হয় না, পুলিস তাকে রক্ষা করে। কারখানার মালিকেরা জঘন্য অত্যাচার করলেও তাদের কিছু হয় না। গ্রেপ্তার যাদের করা হয়, তাদের বিরুদ্ধে কোন সত্যিকারের চার্জ নেই, কি ব্যাপার, না তাদের দ্বারা নাকি পাবলিক ট্রান্‌কুইলিটী ডিষ্টার্বড হবার সম্ভাবনা। আমি শুধু মন্ত্রীমহাশয়কে বলব এদের হাতে গ্রেপ্তার করবার ক্ষমতা কেন থাকবে? আইডেন্টিটী করবার, সার্টিফিকেট দেবার অধিকার দিন, ডকুমেন্ট এটেষ্ট করবার ক্ষমতা দিন, লোকের পাসপোর্ট চাহিদা বেশী সে বিষয়ে অধিকার দিন। গ্রেপ্তার করবার অধিকার কেন দিচ্ছেন? অধিকার দেওয়া হচ্ছে পুলিস বা ভলান্টিয়ার ফোর্সএর উপর আদেশ দিবার অধিকার দেওয়া হয়েছে। তিনি যখন মনে করবেন শান্তিভঙ্গের আশঙ্কা রয়েছে তখন যা কিছু করতে পারবেন, হয়ত তিনি গুলি চালাতে পারবেন। আজকাল তো সাধারণ কনেষ্টবল পর্যন্ত গুলি চালায়, তাতেও কি হচ্ছে না? যাদের পুলিস অফিসার বলে জানি না তাদের উপর ক্ষমতা দেওয়া হচ্ছে গুলি চালনার—সেইখানে আমাদের আপত্তি। অর্থাৎ, উদ্দেশ্য যদি সত্যিকারের অপরাধ নিবারণের, যেমন—

snatching, rowdism, molestation, pick-pocket and communal trouble

জনিত যে সমস্ত শান্তিভঙ্গের আশঙ্কা তা বন্ধ করবার জন্যে চেষ্টা—তাহলে এদের হাতে সেই ক্ষমতা দিন আপনাদের সমর্থন করব। কিন্তু ব্যাপকভাবে এরকম ক্ষমতা দিলে আপত্তি আছে। বিশেষ করে এমন কতকগুলি লোকের হাতে গ্রেপ্তার করবার ক্ষমতা দেওয়া হয়েছে যাদের অনেকেই ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্যে এর অপপ্রয়োগ করতে পারে। যদি কেউ চুরি

করে, ডাকাতি করে, হত্যা করে, পিক্-পকেট করে তখন অনেকগুলি লোক যদি গিয়ে তাদের ধরে তাহলে বুঝা যায় সত্যিকারের একটা অপরাধ সংঘটিত হয়েছে। কিন্তু একটি লোক তার খুসীমত অনেক সময় নিজের স্বার্থসিদ্ধির জন্যে নিজের হাতের ক্ষমতা ব্যবহার করতে পারে। চিন্তা করে দেখলে মন্ত্রীমহাশয় বুঝবেন যে গ্রেপ্তারের অধিকার এদের দেওয়ার কোন অর্থ হয় না। আমরা জনসাধারণ হিসাবে দাবী করি যে অন্ততঃ পক্ষে প্রাথমিকভাবে কারও বিরুদ্ধে অপরাধ প্রমাণ করা না হলে তার স্বাধীনতা যেন কেড়ে নেওয়া না হয়, সেই অধিকার ক্ষুণ্ণ করার যে ক্ষমতা সেটা কতকগুলি লোকের হাতে দেওয়া অবিচারমূলক এবং অন্যায় এবং তাই অনুরোধ করব যে জাষ্টিস অফ দি পিস-এর হাতে গ্রেপ্তার করবার অধিকার যেন না দেওয়া হয়।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় সভাপাল মহাশয়, আমার এই ব্যাপারে যে কয়টী এ্যামেণ্ডমেন্ট আছে তার মধ্যে প্রথমে আমি আপনার কাছে বলতে চাই যে ২৪ নম্বরে যেটা আছে সেটা ভুল আছে, ২২এ দ্যাট্ উইল বি বি। প্রথমে বক্তব্য হচ্ছে এই বিলে এই ধারাটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ধারা এবং এ ধারার ভিতর দিয়ে জাষ্টিস অফ দি পিসের এ্যাপয়েন্টমেন্ট, এবং তার ক্ষমতা দেওয়া আছে। আমার বক্তব্য যে ক্লজ ৩ আইটেম বি—

of the explanation of the proposed sub-section be omitted.

এখানে এই ধারাতে বলা আছে যে কলিকাতা এবং তার অন্যান্য সমস্ত অঞ্চল, যে সমস্ত অঞ্চলে নোটিফিকেশন দিয়ে জানান হবে। আমার বক্তব্য হচ্ছে এই যে, এই বিলটি বিশেষ ভাল নয় এবং এর দ্বারা অনেক কিছু খারাপ হোতে পারে। তাঁরা প্রথমে এইটি কলিকাতার উপর দিয়ে একস্পেরিমেন্ট করুন তারপর ডিস্ট্রিক্ট-এর অন্যান্য এলাকায় চালু করবার চেষ্টা করবেন। আমার বক্তব্য হচ্ছে যে বিলে সেই সমস্ত ধারা সন্নিবেশিত করা হয়েছে এবং তার ফলে যে কারণ দেখান হয়েছে এবং যে এই কারণের জন্য বিলটি আনা হয়েছে সে কারণ মফঃস্বল অঞ্চলে খুব বেশী প্রযোজ্য হবে ব'লে আমার মনে হয় না। প্রথম কথা হচ্ছে, মফঃস্বল অঞ্চলে যে পুলিস আছে পপুলেসনের তুলনায় তা যথেষ্ট। তারা জনসাধারণের উপর যে রকমভাবে উপকারই বলুন আর অপকারই বলুন যেভাবে করছে তার উপর আর পুলিসী ক্ষমতা অন্য লোককে দিয়ে তাদের উপর আর অত্যাচার করবার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি না। কলিকাতার পপুলেসন যদি এরা বেশী মনে করেন তাহ'লে সেখানে জাষ্টিস অফ দি পিস কি করে না করে দেখা যাক, তারপর অন্যান্য অঞ্চলে প্রযুক্ত করা ভাল হবে।

আমার দ্বিতীয় এ্যামেণ্ডমেন্ট আছে যে, আমি অবশ্য নীতিগতভাবে বিরোধী যে এই জাষ্টিস অফ দি পিস-এর হাতে এ্যারেষ্ট করার এবং অন্যান্য ক্ষমতা দেওয়া হউক। তাহ'লে যখন মন্ত্রীমহাশয় ওটা করতে বদ্ধপরিকর তখন পুলিস ষ্টেশনে অফিসার-ইন-চার্জ্জ এবং পুলিস অফিসারের হাতে যে সমস্ত ক্ষমতা সেই সমস্ত ক্ষমতা জাষ্টিস অফ দি পিসের হাতে দেবার কোন প্রয়োজন নাই।

তৃতীয়, আমার বক্তব্য হচ্ছে যে, বিলের সাব-সেকশনে প্রস্তাবিত ২২ নম্বরে ১এর বি-তে যে কথা বলা আছে—

prevention of crime in general and particular,

পুলিস অফিসারকে সাহায্য করবার জন্য এই যে ক্ষমতা এটা অত্যন্ত খারাপ। তার কারণ হচ্ছে এই প্রিভেন্সন-এর ভেতর দিয়ে আমরা অনেক কিছু আইনের ফাঁক দেখতে পাই। পুলিস অফিসার অতীতে জনসাধারণের উপর এবং রাজনৈতিক কর্ম্মীদের উপর যথেষ্ট অত্যাচার করেছে। আপনি বোধ হয় জানেন সিকিউরিটি এ্যাক্ট যেটা এখান থেকে পাশ হয়েছে তার সেকশন ১১(৩) সম্বন্ধেও ঠিক এই প্রিভেন্ট করার জন্য পুলিসকে এ্যারেষ্ট

করার ক্ষমতা দেওয়া হচ্ছে এবং প্রতিবাদ করা সত্ত্বেও সেই ক্ষমতাটি যে কি খারাপভাবে এবং কি অন্যায়ভাবে প্রযুক্ত হচ্ছে তা বলা যায় না। আমি নিজে একজন ভুক্তভোগী। আমি আপনার কাছে এ-সম্বন্ধে বলছিলাম যে, প্রিভেন্‌শান অফ ক্রাইম—আমি ক্রাইম করতে যাচ্ছি মনে ক'রে পুলিস আমাকে ১১(৩) সিকিউরিটি এ্যাক্ট-এ এ্যারেষ্ট করল এবং আমায় ১১ দিন জেলের মধ্যে রেখে দিল। তারপর কোর্টের সামনে কোন কমপ্লেন আমার বিরুদ্ধে প্লেস করতে পারল না, তখন বাধ্য হয়ে ছেড়ে দিল। এইভাবে ক্ষমতার অপব্যবহারের আমি শুধু একটি উদাহরণ দিলাম। এইভাবে আরও যথেষ্ট ভুরিভুরি উদাহরণ দেওয়া যেতে পারে। কোথাও কিছু নাই কেউ হয় ত একটি স্লোগান দিয়েছে ব'লে ১১(৩) সিকিউরিটি এ্যাক্টে এ্যারেষ্ট করা হোল; কিংবা মনে করা যাচ্ছে যে এ হয় ত ভবিষ্যতে একটা অন্যায় কাজ করতে পারে সেজন্য এইভাবে আটক করা হোল। এইভাবে এটা অত্যন্ত খারাপভাবে প্রযুক্ত হচ্ছে। এখানে আমরা মনে করি এই প্রিভেন্সন করার এই ক্ষমতা জাষ্টিস অফ দি পিসের হাতে দেওয়া উচিত নয়। কাজেই সেটা এই ক্লজ থেকে বাদ দেওয়া হউক।

চতুর্থত, আমার বক্তব্য হচ্ছে যে, জাষ্টিস অফ দি পিসের হাতে যে-সমস্ত সার্টিফিকেট এবং এ্যাটেষ্টেশনের ক্ষমতা দেওয়া হচ্ছে তা দেওয়ার কোন প্রয়োজন নাই। প্রথম কথা সার্টিফিকেট ইত্যাদি ব্যাপারে মন্ত্রীমহাশয় যে কথা বললেন যে কোন ইনসিওরেন্স-এর টাকা তুলবার জন্য সার্টিফিকেট এবং এ্যাটেসটেসনের দরকার হয়। কিন্তু তারজন্য মিউনিসিপ্যাল কমিশনার আছেন, ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট আছেন, ডিষ্ট্রিক্‌ট বোর্ডের চেয়ারম্যান আছেন এবং এম, এল, এ-রা আছেন, তাই যথেষ্ট। তা ছাড়াও জাষ্টিস অফ দি পিস ক'রে আইন করার কোন প্রয়োজন বোধ করি না। কাজেই আমি মনে করি যে, প্রস্তাবিত সেকশন ২২-এর ৪ নং সাব-সেকশন বাদ দেওয়া হউক।

[11-10—11-20 a.m.]

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকারমহাশয়, আমার যে এ্যামেণ্ডমেন্ট আছে পাওয়ার অফ দি জাষ্টিস অফ দি পিস সম্বন্ধে, তাদের যে ক্ষমতা দেওয়া হয়েছে সেই ক্ষমতাকে আমি থামিয়ে দিতে চাই। এই আইনে যেভাবে ঢালাও ক্ষমতা দেওয়া হবে, আমাদের অভিজ্ঞতা আছে এবং সাধারণ লোকের অভিজ্ঞতা থেকেও দেখা যায় যে, এই ক্ষমতা দিলে ক্ষমতার অপব্যবহার করা হবে। শুধু অপব্যবহার নয় কিছু কিছু সদস্য যে ইংগিত করেছেন, আমার মনে হয় ইলেক্‌সনের পূর্ব্বে সে ইংগিত করা অত্যন্ত স্বাভাবিক। এখন থেকে যদি কিছু লোককে ওঁরা জাষ্টিস অফ দি পিস হিসাবে তৈরী ক'রে রাখেন তাহ'লে ১ বছর দেড় বছর বাদে যখন ইলেকসন আসছে সেই সময় তারা কাজে লাগাবে—ঐ উদ্দেশ্য যেন এর মধ্যে রয়েছে এবং এটা পরিস্কারভাবেই আমি মনে করি এবং সেই মনে করেই জাষ্টিস অফ দি পিসের ক্ষমতাকে যতদূর সম্ভব কমিয়ে নেবার চেষ্টা আমরা করছি। এই কমিয়ে রাখাটা কেন দরকার? প্রথমে শ্রীগণেশ ঘোষ বলেছেন যে তাদের এ্যারেষ্ট করবার ক্ষমতার প্রয়োজন কেন। মন্ত্রী-মহোদয় প্রথম প্রস্তাবনার সময়েতে যে বক্তৃতা দিয়েছেন তাতে একটী মুখ্য কথা বলেছেন যে গ্রাম দেশে আজকাল এ্যাটেসটেশন ইত্যাদির যথেষ্ট প্রয়োজন আছে। কিন্তু এ্যাটেসটেশনের যদি প্রয়োজন থাকে তাহ'লে এ্যাটেসটেশন করবার যথেষ্ট লোকও গ্রামে আছে। সেখানে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টরা আছেন, ডিষ্ট্রিক্ট বোর্ডের মেম্বাররা আছেন, আরও নানা সাত-পাঁচ আছেন, তাঁরা এ্যাটেসটেশন করতে পারেন। তার জন্য জাষ্টিস অফ দি পিস তৈরী করবার দরকার কি আছে? রাউডি, হোলিগ্যানিজম্‌দের যদি কেস করতে হয় এবং তারজন্য যদি জাষ্টিস অফ দি পিস করতে হয় তাহ'লে তাদের হাতে এইরকম ক্ষমতা দিলে তারা যাকে তাকে এ্যারেষ্ট করতে পারবে, যাকে খুসি বেঁধে নিয়ে যাবে, এই ক্ষমতা দেওয়ার কোন প্রয়োজন নাই। তারজন্য পুলিস আছে, তারজন্য পাবলিক আছে এবং তারজন্য পুলিসে ত টাকা কম খরচ হচ্ছে না। সেখানে পুলিসকে 'ভাল ক'রে খাটান, পুলিসকে ভাল ক'রে কাজ করান তাহ'লে জাষ্টিস অফ দি পিস করবার দরকার হবে না। সেজন্য আমার সংশোধনী

প্রস্তাবের প্রথমে যে কথাটা আছে সে আগে শুধু এইটুকু করা হোক, যে আননেসেসারি হ্যারাসমেন্টের হাত থেকে রেহাই পেয়ে লোকে নির্ব্বিবাদে বাস করুক।

Mr. Speaker: The language is very vague; it is not suitable for legislation.

Sj. Biren Banerjee: This piece of legislation is very vague too.

আমি সেটা স্বীকার করে নিয়ে এই কথা বলব যে ঐ পিস অফ লেজিসলেশানটা অত্যন্ত ভেগ, তাঁরা কোন ডিফাইন করছেন না, যে কোন রকমের লোককে তাঁরা জাষ্টিস অফ দি পিস করবেন।

Mr. Speaker: That is no reason for your amendment to be vague.

Sj. Biren Banerjee:

লেজিসলেশানের ভেগ এ্যামেণ্ডমেন্ট দিয়ে তাদের ভেগলেশ আরও বাড়ান এবং আরও অপব্যবহার করতে যদি না চান তাহ'লে মন্ত্রী মহোদয়কে আমি বলতে চাই যে, আমাদের এ্যামেণ্ডমেন্টগুলি ঠিক সেই পর্য্যায়ের আছে। যদি সত্যসত্যই কোথাও মারামারি হয়, কোথাও কমিউন্যাল ডিণ্টারব্যান্স হয় বা কোথাও ঐরকমের রাউডি এলিমেন্টসরা হঠাৎ এসে পড়ে সেখানে, যদি কোন জাষ্টিস অফ দি পিস থাকেন এবং যাতে পুলিসের হাত থেকে আননেসেসারি হ্যারাসমেণ্ট না হয় তারজন্য প্রটেকশন করুন এবং এইজন্য আমার প্রথম প্রস্তাবটা, এই ২২এ এবং ২২-এর এ, বি, এই দুটো তুলে দিয়ে শুধু এইটুকু রাখুন যাতে ক'রে পুলিস হ্যারাসমেণ্ট না করতে পারে।

দ্বিতীয় এ্যামেণ্ডমেন্ট যেটা সেটা হচ্ছে যে, যদি জাষ্টিস অফ দি পিস রাখতে হয় এবং তাকে ঐ ষ্টেটমেন্ট রেকর্ড করতে হয় অর্থাৎ মৃত্যুকালীন জবানবন্দী গ্রহণ করতে হয় তাহ'লে অন্ততপক্ষে দুজন রেসপন্সিব্যাল পারসনকে সাক্ষী রেখে সেই জবানবন্দী নেওয়া হউক। জাষ্টিস অফ দি পিস এ'রা হয় তো যাকে খুসি তাকেই করবেন এবং এ'দের মনে মনে যে কি আছে না আছে তা আমাদের সামনে পরিষ্কার নয়। আমার কথা হচ্ছে যে লোক জাষ্টিস অফ দি পিস হবেন তিনি অন্ততঃ দুটি রেসপনসেবুল পারসনকে সামনে এনে সেই মুমূর্ষু লোকের মৃত্যুকালীন জবানবন্দী রেকর্ড করুন এবং সেই রেকর্ডটা ম্যাজিষ্ট্রিয়েল রেকর্ড হিসাবে পরিগণিত হউক, তা না হ'লে তিনি নিজের মন গড়া কি লিখবেন না লিখবেন কিছুই ঠিক নাই। আজকালকার যা অভিজ্ঞতা তাতে জানি যে ডাক্তারের কাছে মৃত্যুকালীন জবানবন্দী গৃহীত হওয়ার পরেতে এবং যদি সেখানে ম্যাজিস্ট্রেট পর্যন্ত নিয়ে যাওয়া না যায় তাহ'লে দেখা যায় যে ডাক্তারের কাছে শেষ জবানবন্দীর যে ফাইণ্ডিংস তার বহু অদলবদল হয়ে গিয়েছে, আর কোর্ট কাছারীতে যাঁরা যান তাঁদের এবং মন্ত্রীমহাশয়ের নিজেরও এই বিষয়ে যথেষ্ট ব্যুৎপত্তি আছে। সেজন্য আমি বলব যে, জাষ্টিস অফ দি পিসের হাতে যদি এই ক্ষমতা দেন তাহ'লে দু'জন রেসপেকটেবাল লোকের সামনে সেই রেকর্ড করা হউক। এটা অত্যন্ত সোজা কথা এবং সেই সংগে সংগে ওরই রিলেশনে ডাঃ নারায়ণ রায়ের প্রস্তাব। এজন্য আমি বলি যে, এটা করার সংগে সংগে, স্পীকারমহাশয়, আপনি যদি অনুমতি দেন তাহ'লে ঐটি আমার নামে মুভ করছি। সেটা ওর সংগে রিলেটেড এবং সেজন্য ঐ জায়গাটায় proposed section 22BII.

এটাকে অমিট করতে বলা হয়েছে, অর্থাৎ সোজা কথা হচ্ছে যে জাষ্টিস অফ দি পিস যাকে করা হবে না হবে সে সম্পর্কে আমাদের সামনে কোন কিছু রাখা হয় নি। বাস্তবিক পক্ষে সে সম্পর্কে আমাদের যথেষ্ট সন্দেহ আছে, যথেষ্ট আশংকা আছে এবং এত কথাতেও সেই আশংকা নিরসন হচ্ছে না। মন্ত্রীমহাশয় যদি সেই আশংকার নিরসন না করতে পারেন তাহ'লে আমি বলব যে এই লেজিসলেশনে যেটা আনা হয়েছে এটা লুকিয়ে-চুরিয়ে আনা হয়েছে। জাষ্টিস অফ দি পিস কোন লোককে করতে চান, কোন পরিষ্কারভাবে তা বলা নাই। কোন ক্যাটিগরীর লোক জাষ্টিস অফ দি পিস হবে? যাদের সোশ্যাল ইনটিগ্রিটি আছে এবং অমুক আছে ইত্যাদি বললে যথেষ্ট হয় না। সেখানে স্পীকারমহাশয় যদি আপনি দেখেন

তাহ'লে ব্ঝতে পারবেন যে, যে ভেগনেস এর মধ্যে দেওয়া আছে, আমার এ্যামেণ্ডমেণ্ট তার থেকে কম ভেগনেস আছে ব'লে আমি মনে করি। সেজন্য আমার বক্তব্য হচ্ছে যে এই জাস্টিস অফ দি পিস তৈরী করতে হোলে লোক বেছে কর্ন এবং সংগে সংগে তার পাওয়ারকে আনলিমিটেড করবেন না, তাকে সংযতভাবে প্রয়োগ কর্ন এবং তাকে দিয়ে যদি ম্ত্যুকালীন জবানবন্দীর রেকর্ড নিতে হয় তবে সেই ম্ত্যুকালীন রেকর্ডকে ২ জন সাক্ষীর সামনে নেওয়া হউক এবং সাক্ষীর সামনে নিয়ে তাকে ম্যাজিস্ট্রেটের পাওয়ার-এর পর্যায়ে ধরবেন না। তিনি এ্যাটেষ্ট কর্ন বা দরখাস্ত কাউন্টার-সাইন কর্ন তাতে আপত্তি নাই। কিন্তু যেখানে জীবন-মরণ সমস্যা সেখানে লোককে ধ'রে নিয়ে গিয়ে নির্যাতন করবার সমস্যা, সেখানে প্লিসের জায়গা ক'রে দেওয়ার সময় ভেবেচিন্তে করা উচিত। সেজন্য আমার এই সংশোধনী প্রস্তাব আশা করি মন্ত্রীমহাশয় এই য্ক্তিপ্র্ণ দ্ষ্টি দিয়ে দেখবেন।

[11-20—11-30 a.m.]

Sj. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সবাই মনে করি 'জাস্টিস অফ দি পিস' নিয্ক্ত করবার কারণ নেই। কারণ, সমস্ত প্রদেশের চেয়ে প্লিসের সংখ্যা আমাদের বাংলায় বেশী। তা সত্ত্বেও যদি নিয্ক্ত করেন তাহ'লে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি তিনি যখন নিয্ক্ত করতে বদ্ধপরিকর তখন কর্তব্যনিষ্ঠ, সৎ, যোগ্য ব্যক্তিকে নিয্ক্ত কর্ন। তা যদি হয় তাহ'লে আমি যে এ্যামেণ্ডমেণ্ট এনেছি সেটা গ্রহণ করা উচিত। বিলে আছে—

> "Justice of the Peace for any local area shall have power in such area to call upon any member of the police force on duty or any volunteers."

আমি এখানে যোগ কোরতে চাই—

> "Or members of the public to aid him in taking on preventing the escape of any person and so on."

এই যে আমি 'মেম্বারস অব দি পাব্লিক' কেন বললাম, তার কারণ এই যে, যে-সময় দেখা যায় কোন দাংগা-হাংগামা হচ্ছে বা কোন রাউডি এলিমেণ্ট গোলমাল করছে সে সময় সেখানে অনেক ক্ষেত্রে দেখা যায় যে প্লিস থাকে না, বা প্লিসকে পাওয়া যায় না, আর ভলান্টিয়ারকেও আমরা দেখতে পাই না। এইসব জায়গায় সাধারণ ভদ্রলোক যদি জেনারেল পাবলিকের হেলপ নিয়ে এ্যারেণ্ট করেন সেটা তাঁরা করবেন না কেন?

এইজন্য আমার এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে যে সাধারণ পাবলিককে নিয়ে যদি এ্যারেণ্ট করতে হয় বা রাউডি এলিমেণ্টকে দমন করতে হয় বা কোন রকম কমিউন্যাল ডিস্টার্ব্যান্স বন্ধ করতে হয়, বা কোন রকম চুরি, ডাকাতি বা হাংগামা হচ্ছে সেইসব বন্ধ করতে হয়, তাহ'লে তাঁরা জেনারেল পাবলিকএর সাহায্য কেন নেবেন না, তার কোন কারণ দেখতে পাই না। সেইজন্য আমি বলি এর সংগে সাধারণ লোকের সাহায্য নেওয়া দরকার; আর এইট্কু বিলের মধ্যে থাকলে ভাল হয়। এই এ্যামেণ্ডমেণ্টে আমার এইট্কু বক্তব্য।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, my friend Shri Bibhuti Ghose seems to think that the powers sought to be given to a Justice of the Peace would be that of a first class magistrate. I am afraid he has not read the Bill at all. The powers which are sought to be given to the Justices of the Peace are attestation of documents, issuing identity certificates and if in the process of preventing breach of the peace or preventing an offence being committed he arrests a person, his duty is to take him forthwith to the police-station and make him over to the police officer, and it is for the police officer to re-arrest him. If there is a breach of the peace he has got to make an enquiry and to make a report to the nearby Magistrate or the police officer. These are all the powers that are going to be given to a Justice of the Peace. Sir, the President, Union Board or a Member of the District Board cannot exercise these powers. Therefore, it is necessary that the powers should

expressly be given to a class of persons who are going to be selected and appointed by the Government for the exercise of these powers. Sir, when you pass an Act and appoint certain officers and you indicate there what powers he has to exercise and what duty he has to perform, it is essential that you should prescribe his territorial jurisdiction. Likewise it is necessary that you should indicate in his appointment the period for which he is appointed. You cannot make a statutory provision which will govern all cases fixing, say, six months or a year for the appointment of a particular person. The appointment has to be made according to exigencies, demand in the area, kind of persons available for appointment, and so on. Certain rules will be framed under this Act and the rules will indicate the circumstances in which the officer so appointed may be removed, so that, if you appoint him for a period and he is found satisfactory, you can re-appoint him or extend his appointment. If he is found to be not satisfactory, you need not re-appoint him or you may even remove him. If during the period for which he is appointed there is a complaint and you find him to be unsatisfactory, you can always remove him. The power of appointment also implies the power of removal. You need not take a referendum, you need not take votes or collect objections from the people of the locality. If there is well-founded objection by certain persons living in the locality then the officer is liable to be removed. Why should we wait until the people of the locality as a whole raise objection? There would be no difficulty at all. Sir, have you ever heard of a police officer or a magistrate being appointed upon election or by the people of the locality casting votes?

Sj. Bibhuti Bhushon Ghose:

পুলিস কি ম্যাজিস্ট্রেট হবে?

The Hon'ble Satyendra Kumar Basu: Of course he will be a magistrate and a police officer. He has got to be selected and you have got to select the best man available in the area. The appointment cannot be limited to any particular profession or any particular class of people. You have to select the best man available in the area as far as possible. Now, if you have to depend on election, naturally the candidates will have to be supported by the different political groups and a very unsatisfactory result will follow. That is, Sir, my answer to some of the points raised by my friends. My friends have said that he should not have any power of arrest. Now, if you appoint a man for the purpose of preventing a breach of the peace it is assented that he should have power of arresting a person responsible for committing the breach of the peace, and the only power which will be given to this officer will be to arrest such a person, and take him to the nearest thana and hand him over to the police officer to make such enquiry and to take such action as may be desirable. Therefore, the power of arrest is necessary. It is true that the power which is given to this particular officer is slightly more than what is given to a private person under section 59 of the Criminal Procedure Code. But if you appoint a respectable man of the area, you must give him some responsibility and some power equal to the power of the officer in charge of police station or a magistrate conducting preliminary enquiry in a case.

I regret, Sir, I am unable to accept any of the amendments.

The motion of Sj. Ambica Chakrabarty that in clause 3, in the proposed section 22, lines 2 to 4, for the words "for such period as may be specified in the notification" the words "for six months" be substituted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 3, in the proposed section 22, in line 5, after the words "may be made" the words "for the purpose" be inserted, was then put and lost.

The motion of Sj. Bibhuti Bhushon Ghose that in clause 3, in the proposed section 22, lines 6 and 7, the words "and as to whose integrity and suitability it is satisfied" be omitted, was then put and lost.

[11-30—11-40 a.m.]

The motion of Sj. Suhrid Kumar Mullick Chowdhury that in clause 3, in the proposed section 22, lines 6 and 7, for the words "as to whose integrity and suitability it is satisfied" the words "who is either a Member of Parliament, or State Legislature or Elected Member of Corporations or Municipalities or Chairman of District Board or Union Board or Principal of a college or a Headmaster of a school" be substituted was then put and a division taken with the following result:—

AYES—49.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish (Ghatal)
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Provash Chandra
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—125.

Abdullah, Janab S. M.
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
দ্বারা কোন কাজ করান যাচ্ছে না। যখন এর আগে শান্তি ব্যাহত হয়েছিল যখন কমিউন্যাল রায়ট হয়েছিল, দেশে চুরি-ডাকাতি অনেক বেড়ে গিয়েছিল তখন কিছু করা হোল না। কিন্তু এখন সরকারই বলছেন যে তা কমে গেছে। কিন্তু এই অবস্থাতে জাষ্টিস অফ পিস নিয়োগ করার প্রয়োজনীয়তা সরকার মনে করেন কেন? এই শান্তির সময় জাষ্টিস অফ পিস এ্যাপয়েন্ট করা বা ব্যাপক ক্ষমতা দেওয়ার কি প্রয়োজনীয়তা আছে তা আমরা বুঝতে পারছি না। এখন পুলিস রাষ্ট্র চলছে—অসংখ্য পুলিস ওঁদের রয়েছে, পুলিস খাতে অনেক ব্যয় হচ্ছে। এই এত পুলিস থাকা সত্ত্বেও আবার একটা বিল আসছে ক্যালকাটা এ্যাণ্ড সুবার্ব পুলিস এ্যামেণ্ডমেন্ট বিল। সেখানেও এই পুলিসের কাজে সহায়তা করবার জন্য একটা বিল নিয়ে আসছেন। আবার এর পরও আবার কতকগুলি জাষ্টিস অফ পিস করে তাদের হাতে পুলিসের ক্ষমতা দেওয়া হচ্ছে এবং এর ফলে যে লোকগুলি আসছে তারা অনারারী—এটা আমার বন্ধু বিভূতি বাবু বলেছেন। কিন্তু এখানে তা কিছু দেখছি না। তারা অনাহারী হবেন না আহারী হবেন, না ঘুষখোরী হবেন? এই তিনটার কোনটাই দেখতে পাচ্ছি না। আহারী হ'লেও বিপদ, অনাহারী হ'লেও বিপদ। আহারী হ'লে পাবলিক মানি পুলিসের খাতে এত যাচ্ছে আবার সেখানে আহারীর কাছে কত যাবে তা আমরা জানি না—আশা করি এটা নির্দ্দিষ্ট ক'রে মন্ত্রী মহাশয় বলবেন। আর যদি অনাহারী হন তাহ'লে এই অনাহারীরা দেশের জনসাধারণের কাছ থেকে তাদের আহারের ব্যবস্থা ক'রে নেবেন—কেন না তাদের সার্টিফিকেট দিতে হবে এবং অন্যান্য বহুবিধ কাজ করতে হবে। কারণ আমরা সাধারণতঃ দেখতে পাই ইউনিয়ন বোর্ড প্রভৃতির যাঁরা প্রেসিডেন্ট ইত্যাদি যাঁরা আছেন তাঁদের নামে নানা রকম দুর্ণাম বদনাম আছে। অনেকে টাকা পয়সা নিয়ে থাকেন সার্টিফিকেট দেবার জন্য। এ সমস্ত কথা আমরা শুনতে পাই। যাদের এতগুলি ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে যে দেশের লোকদের কাছে বিপদ ঘনাইয়া আসবে তাতে কোন সন্দেহ নেই। আমি বলতে মোটেই লজ্জা বোধ করছি না যে দেশের লোকের এখন যা চরিত্র তাতে এতগুলি ক্ষমতা একটি লোকের হাতে দেওয়া ঠিক হবে না। আমাদের এই ২শ বৎসরের বৃটিশ শাসনের ফলে আমাদের দেশের লোকের চরিত্র এমন নিম্নস্তরে গিয়েছে তা আর বলা যায় না। আমরা কি করে টাকা উপার্জ্জন করব এই আমাদের এখন মূল উদ্দেশ্য হয়ে পড়েছে এবং আমাদের সমাজের অধিকাংশ লোকই ঐভাবে টাকা সংগ্রহ করে। এখানে লোকগুলি কিরকম হবেন সেইটাই জানিয়ে দেওয়া উচিত ছিল। তাহ'লে এতে জনসাধারণের একটা আস্থা থাকত। অথবা জনসাধারণ দ্বারা নির্ব্বাচিত ব্যক্তিকে যদি এ'রা নিতেন তাহ'লে কোন কথা বলবার ছিল না। কারণ সরকার যাঁদের উপর সেটিসফাই হবেন তাঁদেরকেই নেবেন এই রকম কথাই এখানে রয়েছে। সেই লোকগুলি কারা? দলীয় লোক না অন্য কেউ? ধ'রে নিলাম যে যথোপযুক্ত লোককে নিলেন কিন্তু তাতেও কি কিছু হবে? আমি জানি কোন অনারারী ম্যাজিষ্ট্রেটের কথা। তিনি সম্ভ্রান্ত লোক—কিন্তু তার চরিত্রগত অনেক দোষ আছে।

[নয়েজ]

না মশাই, হাটে হাঁড়ি ভেঙ্গে দেবো। এই শুধু শুনে রাখুন—নাম আর করতে চাই না। তার চরিত্রগত দোষের জন্য তিনি তাঁর পাড়াতে অত্যন্ত ঘৃনিত এবং তার পাড়াতে তাঁর উপর উত্তম মধ্যমের ব্যবস্থাও হয়েছিল। কাজেই এই লোকগুলি এই ক্ষমতা পেয়ে কি করবেন না করবেন তার নিশ্চয়তা নেই। ক্ষমতা যখন পাবেন অনাহারী হোন আর আহারী হোন তিনি লোকের প্রতি অবিচার করতে পারেন এই আশঙ্কা আছে। জনসাধারণ যদি প্রয়োজন মনে করেন এবং যদি তাদের বিশ্বাসে, তাদের নির্ব্বাচনে এই লোক যদি ঠিক করতেন তাহ'লে আমাদের বলবার কিছু ছিল না। এই লোককে গ্রেপ্তার করবার ক্ষমতা দেওয়া হয়েছে।

[12-20—12-30 p.m.]

গ্রেপ্তার করবার ক্ষমতা পুলিসের রয়েছে বা জনসাধারণেরও রয়েছে, আবার এদের কেন এই ক্ষমতা দেওয়া হোল। যারা সং নাগরিক তারা সব সময় চেষ্টা করে পুলিসকে

প্রতিনিধি হয়ে এক বাক্যে দৃঢ় কণ্ঠে ঘোষণা করছি যে তাঁরা যে জনমতের দাবী করেন এবং ডাঃ রায় যে বলেন জনমত তাঁদের দিকে তবে আমরা যে বল্লাম যে বেশ সেই জনমতের বিচারের উপরে যে লোকগুলিকে এই জাষ্টিস অফ পিস করা হবে, তাদের জনতার দরবারে দাঁড় করিয়ে দেওয়া হোক। তারা নির্ব্বাচন করুক। তখন তিনি বল্লেন নির্ব্বাচন টির্ব্বাচন এসব বিরাট ব্যাপার, এসব হবে না। কেন হবে না? যদি নির্ব্বাচনের অধিকারে এসে তাদের এখানে এই কুখ্যাত আইন করবার অধিকার থাকে তাহ'লে এটা কেন হবে না? এই লোকটিকে যে ব্যাপক ক্ষমতা দেওয়া হচ্ছে যে প্রয়োজনবোধে যেকোন মানুষকে সে গ্রেপ্তার করতে পারবে—যেকোন মানুষের সর্ব্বনাশ ঘটাতে পারবে—যেকোন মানুষকে বিনা বিচারে গ্রেপ্তার করে ফেলতে পারবে—যে কেউ যদি তার ন্যায্য দাবী নিয়ে আন্দোলন করে সেখানে সেই জাষ্টিস অফ পিস তাকে কয়েদী করতে পারবে—যেখানে মজুর তার ন্যায্য দাবী নিয়ে ট্রেড ইউনিয়ন করবে সেখানে কায়দায় তাকে আটকে রেখে দেওয়া হবে এটা কিরকম? শুধু তাই নয়, ঐ মানুষটিকে ফার্ষ্ট ক্লাস ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা দেওয়া হচ্ছে এমন কি তাকে ডাইং ডিক্লারেসনের অধিকারও দেওয়া হচ্ছে। এত ব্যাপক ক্ষমতা একটি মানুষকে দেওয়া হচ্ছে, অথচ এই গণতন্ত্রের ধ্বজাধারী কংগ্রেসী সরকার তাদের জনতার সামনে দাঁড় করাতে কিন্তু কিন্তু করছেন। তার উদ্দেশ্যটা কি? কেন তাদের এই কিন্তু কিন্তু ভাব? কেন তাদের এই দুরভিসন্ধিপূর্ণ মনোভাব। কিসের জন্য তারা ভয় পাচ্ছেন এই আইনটিকে নির্ব্বাচিত প্রতিনিধির দ্বারা প্রচলিত করতে? তার ভয় পাবার কারণ আমি উল্লেখ করেছি—তিনটি কারণ আমি উল্লেখ করেছি। একটি হচ্ছে আজকে চাষীদের ঠ্যাঙ্গাবার দরকার আছে—তাদের গণতান্ত্রিক আন্দোলনকে ঠেকাবার দরকার আছে। মজুরকে ঠেঙ্গাবার দরকার আছে—তাদের ন্যায্য অধিকারের দাবীকে ক্ষুন্ন করবার দরকার আছে। আর সবার চেয়ে প্রয়োজন আছে আগামী নির্ব্বাচনে সাধারণ মানুষকে ভীত, সন্ত্রস্ত ক'রে তুলে জোর ক'রে, জবরদস্তি ক'রে তাদের দিকে নিয়ে আসার। এই হচ্ছে তিনটি কারণ। তিনি কোন যুক্তি দিতে পারেন না যে এই আইনের প্রয়োজন আছে। যে আইন ইংরাজ পর্য্যন্ত পরিত্যাগ করেছিল আজকে এই গণতান্ত্রিক যুগে, আজকে কংগ্রেস সরকার সমাজতন্ত্র রাষ্ট্র গ'ড়ে তুলবার জন্য এই আইনটিকে জনসাধারণের ঘাড়ে চাপিয়ে দেওয়া মানেই হচ্ছে একটা ষড়যন্ত্র। আমি সেইজন্য আবার অনুরোধ করছি। আশা করি তাদের সুবুদ্ধি উদয় হবে। তারা অন্ততঃ জনতার দাবী স্বীকার ক'রে নেবেন। জনমত এই আইনকে চায় কি না সেটা বিচার করবার জন্য এইটিকে সার্কুলেসনে দেবেন ব'লে আশা করি। তারা নিশ্চয়ই চান না এই আইনটিকে গায়ের জোরে পাশ করতে। এ-কথা ঠিক যে এই আইনের যে কুফল তা শান্ত জনতা মেনে নেবে না কিছুতেই। তাদের ন্যায্য অধিকারে হাত দিলে পরে তাহা রুখে দাঁড়াবে। সাধারণ মানুষ কিছুতেই মেনে নেবে না, যদি আজ রাজনৈতিক কারণে তাদের জীবনকে পঙ্গু ক'রে দেওয়া হয়। পশ্চিম-বাংলার মানুষ কিছুতেই এটা মেনে নেবে না যদি এটা ষড়যন্ত্রপূর্ণ হয় বা একটা দুরভিসন্ধিপ্রসূত হয় যাতে পশ্চিম-বাংলার মানুষকে কায়দা ক'রে কংগ্রেসে নিয়ে আসা হবে। সেইজন্য এখনও সময় আছে, আমি আপনাদের কাছে অনুরোধ করছি যে এই কুখ্যাত আইনটিকে পশ্চিম-বাংলার ঘাড়ে চাপিয়ে দেবার পূর্ব্বে জনমত এটা চায় কিনা তা দেখবার জন্য আপনারা এটা প্রচার করুন। যদি এটা করতেই হয় তাহ'লে জনসাধারণের দ্বারা নির্ব্বাচিত প্রতিনিধিকে নিয়ে করুন। আপনারা তৈরী করুন যে মিনিমাম কোয়ালিফিকেসন তার কি হওয়া দরকার। যদি একটা চাকরীর জন্য আপনাদের কাছে এপ্লাই করতে হয় সেখানেও একটা কোয়ালিফিকেসন থাকে, আর আজকে যাকে এই ব্যাপক ক্ষমতা দিচ্ছেন তার মিনিমাম কোয়ালিফিকেসনটাকে বেঁধে দিতে ভয় পাচ্ছেন। কি অভিসন্ধি আছে আপনাদের মনে তা পরিষ্কার মানুষ বুঝতে পারছে। তাই আমি অনুরোধ করি যে এই কুখ্যাত আইনটিকে আপনারা প্রত্যাহার করুন এবং জনমতের দাবীকে স্বীকার করে নিন।

[12-30—12-42 p.m.]

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, I do not see any virtue in repeating the same thing. No ground has been made out to justify the

suggestion made by my friends opposite. Sir, the next election is not our headache at all. If past history is any indication, my own feeling is that there will be nobody in the Opposition benches after the next election.

This measure is undoubtedly a democratic measure, because it does not propose to strengthen the hands of the police. On the other hand, it proposes to vest a respectable gentleman of an area with certain powers to assist the people of the locality and also the administration. The object of this Bill is to enable the Government to select a respectable gentleman of the locality, about whose integrity there cannot be any doubt and invest him with certain powers to maintain peace and law and order in the area. He will also assist the people in getting their papers and documents attested. An M.L.A. cannot attest every document which requires attestation. Therefore you have to invest some officer with powers to attest all documents properly. So far as these officers are concerned, they will not be remunerated, because if it is a question of giving them any remuneration you have to provide for that in the Bill, but there is no such provision in the Bill at all. Sir, if the best man of the locality is a dishonest man, if that is the idea of my friends, then God bless us!

Sir, I have indicated briefly the reasons for bringing this Bill before the House. At the present moment there is necessity for such officers in different parts of the mufassal. There has been an influx of refugees. They have got to take loans from the Government and their papers have to be attested. As a result of the partition, passports have to be obtained; people have to apply for visas, and so on and so forth. Therefore there is a demand for such officers in various parts of the province.

There is another necessity. Section 22 of the Criminal Procedure Code which enables the Government to appoint Justices of the Peace does not set forth his powers or duties. Therefore it is necessary that such powers and duties should be prescribed.

Sir, comment has been made that the Justice of the Peace will make over the person arrested to the officer-in-charge of the Police Station, and then he shall arrest him. It is necessary, and that is consistent with the Criminal Procedure Code that the arrested person should be formally rearrested by the officer-in-charge of the Police Station for taking the next step or further action. It is for him to release the person concerned on bail or let him off altogether upon the result of the investigation or detain him.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the Code of Criminal Procedure (West Bengal Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed, was then put and a division taken with the following result:—

AYES—111.

Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan

Digar, Sj. Kiran Chandra
Gahatraj, Sj. Dalbahadur Singh
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Karan, Sj, Koustuv Kanti
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Majumdar, Sj. Byomkes
Mal, Sj. Basanta Kumar
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Keshab Chandra
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Rajkut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Shukla, Sj. Krishna Kumar
Singha Sarker, Sj. Jatindra Nath
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

NOES—43.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Dr. Hirendra Kumar
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish (Ghatal)
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Provash Chandra
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Tah, Sj. Dasarathi

The Ayes being 111 and the Noes 43, the motion was carried.

Ruling on the point of order raised by Sj. Ganesh Ghosh regarding the admissibility of the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955.

Mr Speaker: As regards the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, Sj. Ganesh Ghosh raised a point of order as to whether under one Amending Bill two Acts can be amended. Well, this is the first time this question has been raised in this House. I could not lay my hands on any previous ruling, but I have hunted up several precedents both of this House and of the Centre and of the House of Commons, and I find that not only Amending Acts but there have been instances where by one Act several Bills have been consolidated, by one Act several Bills have been repeated, by one Act several Bills have been amended. An identical question has been raised for the first time in this House. So far as the Central Assembly is concerned under the Government of India Act, 1935, Section 321, 18 Acts were repealed partially and wholly. As late as 1955 under the Finance Act, 1955, three Acts were amended namely, Income-tax Act, Indian Tariff Act, and Central Excise Act. Under the Representation of the Peoples Amendment Bill now pending before the House two Acts—Part III States Amendment Act as also Provisions of the Indian Penal Code are being amended. In this House in 1952 an identical Act, The Calcutta and Suburban Police (Amendment) Bill was passed whereby the Calcutta Police Act as also the Suburban Police Act were amended. Apart from that I had to consider the technical objections. For every technical objection I have to see how does it affect the merits of the case. The only point is that if Government had brought two Bills the same discussion would have been made. So how is the Legislature affected? Therefore, I do not think there is any bar for one Amending Bill to be brought to amend two Acts. In that view of the matter I hold that on Monday after the questions the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, will be taken up. The House stands adjourned till 3 p.m. on Monday next.

Adjournment.

The House was accordingly adjourned at 12-42 p.m. till 3 p.m. on Monday, the 22nd August, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 22nd August, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 11 Deputy Ministers and 192 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Appointment of teachers under "Special Cadre" Scheme in Malda district

***68. Sj. Dharani Dhar Sarkar:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) মালদহ জেলার ১৯৫৪ সালের জান্‌য়ারী মাস পর্যন্ত কতজন স্পেশাল ক্যাডারকে চাকুরী দেওয়া হইয়াছে;

(খ) কতজনের দরখাস্ত পড়িয়াছিল, এ'দের মধ্যে I.A./I.Sc., B.A./B.Sc., M.A./M.Sc. ও Matric-এর সংখ্যা কত;

(গ) স্পেশাল ক্যাডার নির্বাচনের জন্য সরকার যে বোর্ড তৈরী করিয়াছেন তাহার সভ্যদের নাম কি;

(ঘ) স্পেশাল ক্যাডার শিক্ষক নিয়োগের সময় তাঁহাদের নিকট হইতে কোন প্রতিশ্রুতিপত্রে সই করাইয়া লওয়া হয় কিনা; এবং

(ঙ) হইলে, কির্‌প প্রতিশ্রুতিপত্র সই করান হয়?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose):

(ক) কাহাকেও না। এই পরিকল্পনা ১লা ফেব্রুয়ারী, ১৯৫৪ হইতে কার্যকরী হইয়াছে।

(খ) ৪৯৫ জনের—

(*a*) I.A./I.Sc.	... ...	৭৮ জন
(*b*) B.A./B.Sc.	.. ..	১৮ „
(*c*) M.A./M.Sc.	... ...	২ „
(*d*) Matric	... .	৩৯৭ „

(গ) মালদহ জেলা নির্বাচনী সমিতির সভ্যগণের নাম—

(১) শ্রীযুত রামপ্রসন্ন রায়—সভাপতি, জেলাবোর্ড, মালদহ।

(২) শ্রীমতী উমা রায়।

(৩) শ্রীযুত শচীন মিত্র।

(৪) মালদহ জেলার স্কুলসমূহের পরিদর্শক।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Pay of primary school teachers under "Special Cadre" Scheme

***69. Sj. Lalit Kumar Sinha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) স্পেশ্যাল ক্যাডার-এ বর্তমান বৎসরে নিযুক্ত প্রাথমিক শিক্ষকগণের বেতনের হার কত;

(খ) সমযোগ্যতাসম্পন্ন পূর্বনিযুক্ত প্রাথমিক শিক্ষকগণের বেতনের হার কত;

(গ) ইহা কি সত্য যে, ২৪-পরগণা জেলার ৫ হাজার প্রাথমিক শিক্ষক নিয়মিত বেতন পাইতেছেন না এবং অনেক শিক্ষকের ৩ মাস হইতে ৪ মাস পর্যন্ত বেতন বাকী পড়িয়া আছে; এবং

(ঘ) সত্য হইলে, তাহার জন্য দায়ী কে এবং সরকার ইহার প্রতিকারের কি ব্যবস্থা করিয়াছেন?

The Hon'ble Pannalal Bose:

(ক) বিবৃতি এতৎসহ উপস্থাপিত হইল।

(খ) ম্যাট্রিকুলেট সর্বসমেত ৫৭৷৷· টাকা।

(গ) না। ২৪-পরগণা স্কুলবোর্ড কর্তৃক পরিকল্পিত প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকের বেতন ১৯৫৫ সালের জুন মাস পর্যন্ত দেওয়া হইয়াছে।

(ঘ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ক) of starred question No. 69

এম্-এ, এম্-এসসি, বি-এ, বি-এসসি অনার্স অথবা শিক্ষণপ্রাপ্ত বি-এ, বি-এসসি।	বেতন ১০০৲+মাগ্গীভাতা ৩৫৲=সর্বসমেত ১৩৫৲ টাকা।
বি-এ, বি-এসসি ...	বেতন ৭০৲+মাগ্গীভাতা ৩৫৲=সর্বসমেত ১০৫৲ টাকা।
আই-এ, আই-এসসি ...	বেতন ৬০৲+মাগ্গীভাতা ২০৲=সর্বসমেত ৮০৲ টাকা।
ম্যাট্রিকুলেট ...	বেতন ৪৫৲+মাগ্গীভাতা ১২৷৷· =সর্বসমেত ৫৭৷৷· টাকা।

Sj. Lalit Kumar Sinha:

যখন স্পেশাল কেডারের শিক্ষকদের প্রথম নিযুক্ত করা হয় তখন স্পেশাল কেডারের শিক্ষকেরা পেতেন ৫৭৷৷০ টাকা বেতন আর স্কুলের শিক্ষকদের বেতন ৪৭ টাকা ছিল কি না?

The Hon'ble Pannalal Bose:

তখন ঐ রকমই ছিল এখন সমান করে দেওয়া হয়েছে, সকলেই ৫৭৷৷০ টাকা পান কেবল প্রধান শিক্ষক ৫৭৷৷০+৫=৬২৷৷০ টাকা পান।

Sj. Lalit Kumar Sinha:

মন্ত্রী মহাশয় যে উত্তরে বলেছেন যে ২৪-পরগণা জেলা স্কুল বোর্ড কর্তৃক পরিকল্পিত প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকের বেতন ১৯৫৫ সালের জুন মাস পর্যন্ত দেওয়া হইয়াছে——

The Hon'ble Pannalal Bose:

আমি ত আগেই বললাম যে জুলাই মাস পর্য্যন্ত দেওয়া হয়েছে।

Sj. Lalit Kumar Sinha:

কিন্তু ১৯৫৪ সালের জুলাই থেকে ১৯৫৫ সালের জানুয়ারী পর্য্যন্ত বাকি ছিল?

The Hon'ble Pannalal Bose:

পাঁচ মাসের বাকি ছিল কি না জানি না, ২।১ মাস বাকি হতে পারে। তার কারণ জানা আছে এবং একাধিক বার বলেছি।

Sj. Lalit Kumar Sinha:

এই যে পাঁচ মাস বেতন বাকি ছিল সে বাকি বেতন দেবার জন্য দায়ী কে ছিল—সরকার, না আর কেউ?

The Hon'ble Pannalal Bose:

পাঁচ মাস বাকি ছিল—স্বীকার করি না।

Sj. Biren Banerjee:

আপনি যে বলেছেন ২।১ মাস বাকি ছিল—তাই বা থাকে কেন?

Mr. Speaker:

উনি ত তা অনেকবার বলেছেন।

The Hon'ble Pannalal Bose:

হতে পারে বলেছি। প্রাইমারী শিক্ষকদের বেতন দেওয়া হয় ১টা ফাণ্ড থেকে, সেস্ এবং এডুকেশন ট্যাক্স সেই ফাণ্ডে যায়। আর যদি কম পড়ে গভর্ণমেন্ট দেন, সেসের আদায় অনিশ্চিত, সব বছর সমান নয়, দ্বিতীয়তঃ এডুকেশন ট্যাক্স এমনভাবে এসেস্ড হয় যে অত্যন্ত আশ্চর্য্যরকম কম বলে মনে হবে, আর তৃতীয়তঃ নভেম্বর মাসে যে বাজেট দেওয়া হয় অনেক সময় বাজেটে টাকা থাকে না, কাজেই এমনও হয়েছে যে গভর্ণমেন্টকে ক' লক্ষ টাকা দিয়ে পূরণ করতে হয়েছে।

Collection of information about the activities of the teachers and students of schools in the State

***70. Sj. Biren Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) whether Education Department of the West Bengal Government is collecting information about the activities of the teachers and students of West Bengal schools for the last seven years;

(*b*) whether an urgent circular was sent to all the schools of West Dinajpur from the Office of the District Inspectress of Schools, Jalpaiguri, asking them to furnish reports about the activities of students and teachers;

(*c*) if so, the nature of the report that is being collected; and

(*d*) the purpose for which it is being collected?

The Hon'ble Pannalal Bose: (*a*) Yes, in relation to strikes and indiscipline.

(*b*) Yes.

(*c*)(*i*) Cause and nature of the incident;

(*ii*) Part played by students and/or teachers;

(*iii*) Measures taken by the authorities of the institution; and

(*iv*) Steps taken, if any, against students and/or teachers.

(*d*) For the information of Government.

Sj. Biren Banerjee:

এ খবর নিয়ে কি করা হয়েছিল?

The Hon'ble Pannalal Bose:

খবর নিয়ে কিছুই করা হয় নাই, তবে গভর্ণমেন্টের এইসব খবর রাখা দরকার যে কোন স্কুলে কিরকম ডিসিপ্লিন আছে বা নাই; কিন্তু এতে করে কোন স্যাকশন নেওয়া হয় নাই।

Sj. Biren Banerjee:

তাহলে এই খবর নেওয়াটা কি শুধু খবর নেওয়ার সেক-এই না এর অন্য কোন পার্পাস আছে?

The Hon'ble Pannalal Bose:

আমার মনে হয় এডুকেশন মিনিষ্টার-এর কর্ত্তব্য সমস্ত স্কুল কিভাবে চলছে তা লক্ষ্য রাখা এবং কোথায় ষ্ট্রাইক হয়—বা ছাত্রদের মধ্যে ইনডিসিপ্লিন আছে কি নাই মাঝে মাঝে সেটা খবর রাখা দরকার।

Sj. Subodh Banerjee:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ইনফরমেশনগুলো কার কাছ থেকে নেন?

The Hon'ble Pannalal Bose:

এ সব ইনফরমেশন হেডমাষ্টাররাই দেন।

Sj. Subodh Banerjee:

হেডমাষ্টারদের সম্বন্ধে ইনফরমেশন কে দেন?

The Hon'ble Pannalal Bose:

আমি ঠিক বলতে পারি না, তবে বোধ হয় ইন্‌স্পেক্টারদের কাছ থেকে নেওয়া হয়।

Directions from Government to all secondary schools of Midnapore district for submission of detailed reports on students' strikes since 1947

***71. Sj. Amulya Charan Dal:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে—

(১) মেদিনীপুর জেলার স্কুল ইন্‌স্পেক্টর সম্প্রতি মেদিনীপুরের সমস্ত সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের সেক্রেটারীর নিকট একটি সার্কুলার পাঠাইয়াছেন, এবং

(২) সার্কুলারে সেক্রেটারীকে ১৯৪৭ সালের পর হইতে আজ পর্যন্ত তাঁহার স্কুলে ছাত্রদের যে-সব ধর্মঘট হইয়াছে বা বিশৃঙ্খলা দেখা দিয়াছে তৎসম্পর্কে একটি বিস্তারিত রিপোর্ট স্কুল ইন্‌স্পেক্টরের নিকট পাঠাইবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কাহার নির্দেশে এরূপ রিপোর্ট চাওয়া হইয়াছে, এবং

(২) এরূপ রিপোর্ট চাহিবার কারণ কি?

The Hon'ble Pannalal Bose:

(ক) হ্যাঁ।

(খ)(১) সরকারের নির্দেশে।

(২) সরকারের অবগতির জন্য।

Sj. Mrigendra Bhattacharjya:

এই যে ২নং উত্তরে বলেছেন সরকারের অবগতির জন্য এর অন্তর্নিহিত অর্থ কি?

Mr. Speaker:

অবগতির আর অন্তর্নিহিত অর্থ কি থাকতে পারে?

Sj. Balailal Das Mahapatra:

যে রিপোর্ট পাওয়া গিয়াছে তাতে কত শিক্ষক ধর্ম্মঘটে যোগ দিয়েছে?

The Hon'ble Pannalal Bose:

নোটিশ না দিলে বলতে পারব না।

Sj. Balailal Das Mahapatra:

যে সব শিক্ষক ধর্ম্মঘটে যোগ দিয়েছেন তাদের কোন প্রকার শাস্তি দেবার ইচ্ছা সরকারের আছে কি?

Mr. Speaker:

উনি ত বলেই দিয়েছেন, ভালো করে পড়েন না কেন?

Realisation of education tax during the last five years

***72. Sj. Lalit Kumar Sinha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) the amount of money realised under education tax in each district of West Bengal during the last five years;

(*b*) how the money realised on account of education tax has been spent;

(*c*) whether the primary teachers were so long exempted from paying the tax;

(*d*) if it is a fact that from this year they are to pay this tax;

(*e*) if so, under what rule or regulation the primary teachers are made to pay this education tax from this year; and

(*f*) what is the rate of taxation fixed for the primary teachers?

The Hon'ble Pannalal Bose: (*a*) A statement is laid on the Table.

(*b*) Utilised by the respective District School Boards for purposes mentioned in section 38 of the Bengal (Rural) Primary Education Act, 1930 (Act VII of 1930).

(*c*) Yes, prior to the amendment of section 34 of the Bengal (Rural) Primary Education Act, 1930, by the West Bengal Government (West Bengal Act XXIV of 1950) in April, 1950.

(*d*) No, from 1951-52.

(*e*) Does not arise in view of the reply given at (*c*) above.

(*f*) Same as in other cases.

Statement referred to in reply to clause (a) of starred question No. 72

Name of the district.	Amount of education tax realised during the years—														
	1949-50.			1950-51.			1951-52.			1952-53.			1953-54.		
	Rs.	a.	p.	Rs.	a.	p.	Rs.	a.	p.	Rs.	a.	p.	Rs.	a.	p.
24-Parganas ..	612	0	0	3,249	4	0	1,932	8	3	2,504	6	0	5,346	11	6
Midnapore ..	3,809	11	0	13,288	2	6	20,815	2	3	30,026	1	7	34,124	8	6
Hooghly ..	13,228	0	0	13,139	0	0	13,971	0	0	13,363	15	3	13,232	5	6
Jalpaiguri ..	5,000	0	0	3,000	0	0	4,379	0	0	3,000	0	0	5,131	0	0
West Dinajpur	5,314	0	0	2,756	3	6	3,639	2	0	5,665	4	9	5,607	0	6
Nadia ..	2,171	6	3	1,466	7	6	3,079	8	0	12,632	8	0	24,377	14	9
Howrah ..	6,566	4	9	7,112	10	9	10,783	1	9	13,167	2	6	7,704	7	6
Birbhum ..	27,598	13	4	28,845	0	9	25,917	0	0	36,774	0	9	27,013	6	6
Murshidabad ..	2,694	0	0	4,219	0	0	6,540	0	0	7,899	0	0	10,016	0	0
Darjeeling ..	Nil			Nil			Nil			Nil			160	4	0
Burdwan ..	18,965	6	6	24,784	8	3	24,729	0	9	27,674	15	2	17,254	9	3
Bankura ..	8,800	10	6	6,881	5	9	7,616	14	6	8,833	11	9	20,365	3	6
Malda ..	5,502	3	6	4,487	0	0	4,118	3	6	3,112	11	0	5,386	0	0
Cooch Behar ..	Education tax has not been introduced in the district.														

Introduction of free and compulsory primary education in the State

***73. Sj. Surendra Nath Pramanik:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government have any scheme for introduction of free and compulsory primary education throughout the State of West Bengal?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) how long Government will take to implement the scheme;

(*ii*) what are the main features of the scheme; and

(*iii*) what is the total number of primary schools which have been proposed for Midnapore district in the said scheme and the number of such schools that have been recognised and aided by the District School Board of Midnapore?

The Hon'ble Pannalal Bose: (*a*) Yes. There is a plan for the introduction of universal compulsory free primary education in rural araes in the State of West Bengal.

(*b*) (*i*) As funds are available and within about ten years.

(*ii*) The plan "A Ten-Year Plan for Free Compulsory and Universal Primary Education for Rural West Bengal" is laid on the Table.

(*iii*) Under the Free Primary Education Scheme there are now 3,840 free primary schools including "new" primary schools set up by the Board under the Expansion Scheme in the district of Midnapore. Total enrolment in these schools stand at 348,842 against a total school-going population of

465,921, i.e., 75 per cent. are already in attendance. This indicates that pupils are being attracted to schools without compulsion. Government are, however, reviewing the position. Introduction of compulsion in Midnapore district is not contemplated, so long as the voluntary scheme remains effective.

Statement referred to in reply to clause (b)(ii) of starred question No. 73

The Ten-Year Plan, which will have to be introduced gradually in well-provided areas, will proceed from area to area, covering each year about one-tenth of the rural areas of the districts. With a view to making adequate provision for accommodation for the additional children to be brought under this scheme, and also for providing proper facilities for the education of the children of workers, arrangements have been made to run the existing schools in two shifts for which provision has also been made for two additional teachers for each school on an average. Besides, provision has been made under the Ten-Year Plan for the training of teachers required for the schools. The Ten-Year Plan is further strengthened by starting new schools under the scheme for expansion of education and social welfare services in rural areas and also by appointing additional teachers in existing schools having regard to the increase in the number of scholars.

[3-10—3-20 p.m.]

Dr. Atindra Nath Bose: Has the scheme been started?

The Hon'ble Pannalal Bose: The scheme is being given effect to.

Dr. Atindra Nath Bose: My question was, whether this 10-Year Plan was started or is it yet to start?

The Hon'ble Pannalal Bose: We are making considerable progress with the scheme.

Sj. Ganesh Ghosh: In answer (*b*) what age group has been contemplated to be included in the Plan.

The Hon'ble Pannalal Bose: Until recently the age group was 6 to 11. Now we are taking 12 years, viz., class V.

Sj. Ganesh Ghosh: After ten years——?

The Hon'ble Pannalal Bose: In ten years class V will be taken as part of the primary education.

Sj. Sasabindu Bera: With respect to (*b*)(*i*) "within about ten years"—from which date is it?

The Hon'ble Pannalal Bose: Ten years from today.

Sj. Sasabindu Bera: How is that? The scheme has not started yet or has it started?

The Hon'ble Pannalal Bose: The scheme is running today, as it appears from day to day the number is varying; I keep information about admissions. The total number of students in free primary schools is nineteen lakhs twenty-one thousand odd.

Dr. Atindra Nath Bose: What is the Hon'ble Minister's latest information about the progress of the scheme.

Mr. Speaker: That is not a proper supplementary question.

Opening of free primary schools in Chhatna constituency in Bankura district

***74. Sj. Probodh Dutt:** *Will the Hon'ble Minister-in-charge of* the Education Department be pleased to state—

(*a*) how many schools with their locations have been started up till now in Chhatna constituency, district Bankura, for imparting free and compulsory education to the boys and girls; and

(*b*) whether Government consider the desirability of increasing the number of such schools in the rural areas of the said constituency?

The Hon'ble Pannalal Bose: (*a*)(*i*) 128 in Chhatna police-station; (*ii*) 57 in Saltora police-station; and (*iii*) 49 in four Unions (viz., Hatagram, Brahmandiha, Raghunathpur and Bheduasole) of Indpur police-station.

(*b*) Government are prepared to consider the question if and when the number of children of school-going age in the said constituency so justifies.

Status of the primary school teachers who have passed the Matriculation examination in one subject

***75. Sj. Lalit Kumar Sinha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) প্রাথমিক শিক্ষকদের কেহ ম্যাট্রিকের প্রধান বিষয়গুলির যে-কোন একটিতেও পরীক্ষা দিয়া উত্তীর্ণ হইলে তাঁহাকে ম্যাট্রিক-পাশ শিক্ষকের সুযোগ-সুবিধা দেওয়া হইবে বলিয়া একটি সার্কুলার সরকার হইতে প্রচারিত হইয়াছিল কিনা; এবং

(খ) এইরূপ এক বিষয়ে উত্তীর্ণ শিক্ষকদিগকে ম্যাট্রিক-পাশ বলিয়া গ্রহণ করা হইয়াছে কিনা?

The Hon'ble Pannalal Bose:

(ক) ও (খ) না।

Sj. Lalit Kumar Sinha:

আপনি উত্তরে না বলেছেন, ইউনিভার্সিটি থেকে নোটিশ ছিল এবং সরকার থেকে সেটা অনুমোদন করা হয়েছে এবং বহুদিন যাবৎ শিক্ষকরা বেতন পাচ্ছিল (ম্যাট্রিক ষ্ট্যান্ডার্ডের) এটা ঠিক কি না এটা আপনি জানেন কি?

The Hon'ble Pannalal Bose:

এ প্রশ্ন কেন করেছেন তা আমি জানি। কোন কোন ট্রাইবাল এরিয়াতে ট্রাইবাল টিচার্স যারা ম্যাট্রিক পাশ করতে পারেনি কিন্তু ইম্পর্টান্ট সাবজেক্টগুলি পাশ করেছিল তাদের কখন কখন নেওয়া হয়।

Sj. Jnanendra Kumar Chaudhury:

মেদিনীপুর জেলার পটাশপুর থানায় কোন কোন ঘটনা হয়েছে——

Mr. Speaker:

পটাশপুরের প্রশ্ন এখানে এপ্লাই কেন করা হচ্ছে?
Potashpur does not apply here.

Sj. Jnanendra Kumar Chaudhury:

উনি ট্রাইবাল এরিয়ায় নেওয়া হয়েছে বলেছেন, আমি বলছি ট্রাইবাল এরিয়া নয় এমন জায়গায়?

Mr. Speaker: In the supplementary question the *Minister is not* expected to be ready with answer in respect of a particular union.

Sj. Jnanendra Kumar Chaudhury:

একটা বিষয়ে একজামিন দিয়ে পাশ করে সে ম্যাট্রিকুলেট সার্টিফিকেট পেয়েছে কি না (যেটা ট্রাইবাল এরিয়া নয়)?

The Hon'ble Pannalal Bose:

ট্রাইবাল এরিয়ায় নয় এমন কোন জায়গায় আজকাল নেওয়া হয় নি।

Sj. Jnanendra Kumar Chaudhury:

আজকালকার নয়, ৪।৫ বছর আগে?

Mr. Speaker:

এ প্রশ্ন আসে না। এটা পুরানো খবর।

Implementation of Minimum Wages Act, 1948, in the case of agricultural labour

***76. Sj. Ajit Kumar Basu:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) if it is a fact that in the case of agricultural labourers Minimum Wages Act, 1948, has not been implemented in West Bengal, though it was to have been by 31st December, 1953;

(*b*) if so, the reasons thereof; and

(*c*) whether Government have any scheme for the implementation of the said Act throughout the State this year?

Minister-in-charge of the Labour Department (the Hon'ble Kali Pada Mookerjee): (*a*) No. In the first instance, the Act had been made applicable to Darjeeling and Jalpaiguri districts by 31st December, 1953.

(*b*) and (*c*) Government propose to implement the Act gradually to other districts.

Sj. Monoranjan Hazra:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় এই আইন প্রবর্ত্তনের পর কি অভিজ্ঞতা তাঁরা লাভ করেছেন?

Mr. Speaker: Experience is not a question of fact.

Sj. Monoranjan Hazra:

কি ঘটনার উপর গ্রাজুয়ালী তাঁরা অন্যান্য জেলায় করবেন সে ঘটনাগুলি জানাবেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

আপনার প্রশ্নটা সঠিক বুঝতে পারলাম না।

Sj. Monoranjan Hazra:

দার্জিলিং এবং জলপাইগুড়িতে মিনিমাম ওয়েজেস্ এ্যাক্ট প্রবর্ত্তনের পর অন্যান্য জেলায় যে সমস্ত ঘটনাগুলি ঘটেছে, তথ্য দিয়ে সেগুলি বলবেন কি?

Mr. Speaker:

তথ্য দেবেন কি করে নোটিশ না দিলে?

The Hon'ble Kali Pada Mookerjee:

সেখানে বিশেষ কোন উল্লেখযোগ্য ঘটনা ঘটেনি।

Sj. Jyoti Basu: With respect to answer (*a*) the Minister has said "No", but there were two parts of that question. My question is, was the Act to have been implemented in West Bengal by the 31st December, 1953.

The Hon'ble Kali Pada Mookerjee: I have already said in my answer that it has been extended to the two districts of West Bengal.

Sj. Jyoti Basu: My question is, was it to have been implemented in the whole of West Bengal according to that Act by December, 1953?

The Hon'ble Kali Pada Mookerjee: My answer is quite categorical. It was not wholly implemented in the whole of West Bengal but it was implemented in so far as the two districts of West Bengal are concerned.

Sj. Jyoti Basu:

আমি বাংলায় বলছি। উনি বুঝতে পারছেন না।

Mr. Speaker:

উনি ত পয়েন্ট ক্লিয়ার করেছেন।

Sj. Jyoti Basu:

আমার কোয়েশ্চেন হচ্ছে ৩১ ডিসেম্বর, ১৯৫৩ সালের মধ্যে এটা সমস্ত বাংলাদেশে করার কথা ছিল কি না আইনানুযায়ী এটা জানাবেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

আইনানুযায়ী মিনিমাম ওয়েজেস এ্যাক্ট—

The Act was extended to Jalpaiguri and the district of Darjeeling, but the Government of India subsequently amended the provisions of the Act and they have given sufficient power to the State Government because of the fact that none of the State Governments were in a position to implement the Act in the whole of those States.

[3-20—3-30 p.m.]

Sj. Jyoti Basu: With respect to Darjeeling and Jalpaiguri is the Minister aware that despite the fact that it has been extended there, the agricultural labourers are not getting the minimum which has been fixed?

The Hon'ble Kali Pada Mookerjee: I am not aware of the fact because agricultural labourers have not approached the Government on any specific grievances of theirs.

Sj. Jyoti Basu: With respect to other districts when is the plan likely to be ready?

The Hon'ble Kali Pada Mookerjee: I cannot give you a definite date but we are corresponding with the different departments of the State Government, the Agriculture Department and other allied departments, so that we might take a decision in the matter at an early date.

Implementation of the Minimum Wages Act, 1948, in the State

***77. Dr. Ranendra Nath Sen:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*i*) in how many industries the Minimum Wages Act, 1948, has been implemented in this State; and

(*ii*) whether, in accordance with the Act, Minimum Wage Boards or Sub-Committees have been set up in those industries where the Act has been implemented?

(*b*) If the answer to (*a*)(*ii*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether the present minimum wages have been fixed up for those industries in consultation with the Boards or Sub-Committees, if any;

(*ii*) whether the Government is considering the revision of the existing minimum wages scale in consultation with the Boards and Sub-Committees formed in those industries;

(*iii*) in how many industries such Boards or Sub-Committees have been formed according to Minimum Wages Act; and

(*iv*) how many Boards are functioning at present?

The Hon'ble Kali Pada Mookerjee: (*a*)(*i*) Eleven.

(*ii*) Yes. Committees, Advisory Committees and Advisory Board have been set up.

(*b*)(*i*) In five employments minimum wages have been fixed on the basis of the reports submitted by the Minimum Wages Committee appointed under section 5(1)(*a*) of the Act for the purpose. In other employments procedure under section 5(1)(*b*) of the Act was adopted.

(*ii*) Yes.

(*iii*) Five.

(*iv*) One Minimum Wages Advisory Board is functioning at present as required under section 7 of the Act.

Sj. Biren Banerjee: Supplementary question, Sir.

আপনি এ(১)এর উত্তরে বলেছেন ইলেভেন—তার নামগুলি বলবেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee: Yes. Rice mill, flour mill, tobacco including *biri* manufacture, cinchona, tea plantation, oil mill, local authority, road construction and building operations, public motor transport, tannery and leather manufacture, agriculture in Darjeeling and Jalpaiguri districts.

Employees' State Insurance Scheme

***78. Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) when the Employees' State Insurance Scheme is going to be wholly implemented in West Bengal;

(*b*) whether from the very beginning the families of the workers will be covered by the scheme;

(*c*) if not, when the Government propose to include workers' families in this scheme;

(*d*) what arrangements the Government propose to make for the specialised treatment of workers;

(*e*) what arrangements there will be for supply of costly medicines, X-ray plates and certificates for laboratory tests to the workers free of charge or at a concessional rate;

(*f*) whether the Government has considered the demand of All-India Trade Union Congress for representation in the Central and Medical Benefit Council and its Regional Councils;

(*g*) when the Statutory Regional Board for West Bengal is going to be formed; and

(*h*) till its formation, whether the Ad Hoc Regional Board is in existence?

The Hon'ble Kali Pada Mookerjee: (*a*) On the 14th August, 1955.

(*b*) No.

(*c*) Government will consider this after the scheme is applied to workers.

(*d*) Adequate arrangements are being made for specialised treatment. A scheme has been drawn up by the Medical and Public Health Department and approved by the Cabinet.

(*e*) Costly medicines, X-ray plates, etc., will be supplied to the workers free of charge.

(*f*) The State Government is not concerned. It is a matter for the Government of India.

(*g*) A Regional Board has already been set up.

(*h*) Does not arise.

Dr. Narayan Chandra Ray: Supplementary question, Sir.

এই যে এখানে আনসার (সি)তে বলেছেন

"Government will consider this after the Scheme is applied to workers" mean after it extends to the whole of Bengal

না যেটুকু করেছেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

যেটুকু হয়েছে সেটুকু।

Dr. Narayan Chandra Ray: Supplementary question, Sir, to answer (*e*). Costly medicines এর

এ কথা বলা হয়েছে—এর মানে কি এই যে, যা আপনাদের সিডিউলএ দেওয়া আছে, না ডাক্তার যেসব কষ্টলি মেডিসিন দেবেন?

The Hon'ble Kali Pada Mookerjee:

সিডিউলএ দেওয়া আছে।

Dr. Narayan Chandra Ray:

(এফ)এ যে কমিটির কথা বলছেন সে সম্পর্কে

is there any Trade Union included at all? A.I.T.U.C.-

এর প্রশ্ন রয়েছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

হয়েছে, রিজিওনাল বোর্ড হয়েছে।

Dr. Narayan Chandra Ray:

কোন ইউনিয়ন?

The Hon'ble Kali Pada Mookherjee: Regional Board, A.I.T.U.C., I.N.T.U.C., Hind Mojdoor Sabha.

Dr. Narayan Chandra Ray: Regional Board

স্থাপন করেছেন ষ্টেট গভর্ণমেন্ট না গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়া?

The Hon'ble Kali Pada Mookerjee: Government of India.

Dr. Narayan Chandra Ray:

আনসার্ (এইচ)এ আগেকার এড্হক রিজিওনাল বোর্ড যেটা ছিল is that now a statutory Board?

The Hon'ble Kali Pada Mookerjee: That was not a statutory Board. It was formed by the Government of India for a specific purpose and for a specified period and it was dissolved by the Government of India.

Dr. Narayan Chandra Ray: And it was a new one?

The Hon'ble Kali Pada Mookherjee: Yes.

Employees' State Insurance Scheme

***79. Dr. Ranendra Nath Sen:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(*a*) whether Employees' State Insurance Scheme is going to be launched in the industrial areas around Calcutta;

(*b*) if so, when it is going to be launched;

(*c*) if it is a fact that the workers are not putting their signature on the agreement paper; and

(*d*) if so, the reasons therefor and the steps Government propose to take in the matter?

The Hon'ble Kali Pada Mookerjee: (*a*) Yes, in Calcutta city and Howrah district.

(*b*) On the 14th August, 1955.

(*c*) and (*d*) Yes, 133,218 out of 236,000 workers got their names registered up to 26th March, 1955. The A.I.T.U.C. raised certain objections. The points have, however, been clarified by correspondence and discussion and work of registration is proceeding. The total number of workers registered as on the 19th July, 1955, comes to 143,036.

Dr. Narayan Chandra Ray:

এখন বর্তমানে হোয়েন ইট ইজ ইন অপারেসন কোন অবজেকসন পেয়েছেন কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

অবজেকসন অনেক জায়গা থেকে এসেছে।

Dr. Narayan Chandra Ray:

যেসব অবজেকসনস এসেছে তার দুই একটা ইনষ্টান্স বলতে পারবেন কি? এবং অন হোয়াট গ্রাউণ্ড এসেছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

অবজেকসন নানা জায়গা থেকেই এসেছে। কাজে কাজেই বিশদভাবে বলতে হলে নোটিশ ছাড়া বলা সম্ভব নয়।

Sj. Ganesh Ghosh:

রেজেষ্ট্রী করেছে এমন ওয়ারকার্সদের টোটাল পার্শেন্টেজ কত?

The Hon'ble Kali Pada Mookerjee:

ফিগার ত দেওয়া হয়েছে।

Sj. Biren Banerjee:

আপ টু ডেট ফিগার আপনার কিছু আছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

আজ পর্য্যন্ত নাই, কয়েকদিন আগে পর্য্যন্ত পেয়েছিলাম। দেড় লক্ষ একসিড করে গিয়েছে।

Sj. Bibhuti Bhushon Ghosh:

১৪ তারিখের পর থেকে আজ পর্য্যন্ত আপনার কাছে কোন রিপোর্ট নাই কি?

The Hon'ble Kali Pada Mookerjee:

বলেছি ত কয়েকদিন আগে পর্য্যন্ত দেড় লক্ষ একসিড করে গিয়েছে।

Sj. Bibhuti Bhushon Ghosh:

এই যে সমস্ত প্রশ্ন এ,আই,টি,ইউ,সি দ্বারা সমাধান হয়েছিল তারপর ১৪ তারিখে এটা ইম্প্লিমেন্টেড হবার পর ওয়ারকার্সরা এটা রিফিউজ করেছে কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

যেখানে ইম্প্লিমেন্টেড হয়েছে সেখানে ১০০ পার্শেন্টই হয়েছে। এর বাইরে কোথাও সম্ভব হয়নি। বম্বেতে রেজিস্ট্রেশন ৪ লক্ষের মধ্যে২৫ হাজার নিয়ে ষ্টার্ট করেছিল, আমরা ২ লক্ষ ৩৩ হাজারের মধ্যে দেড় লক্ষ নিয়ে ষ্টার্ট করেছি। আগে থেকে রেজেষ্ট্রী করা সম্ভব নয়।

Sj. Bibhuti Bhushon Ghosh:

শ্রমিকদের কাছ থেকে প্রবল বিরোধিতার সম্মুখীন হয়েছেন কি না?

The Hon'ble Kali Pada Mookerjee:

যতদূর জানি ভলান্টারি রেজিষ্টার করেছে।

Sj. Bibhuti Bhushon Ghosh:

আমি জিজ্ঞাসা করেছি রিফিউজ করেছে কি না।

Mr. Speaker: That does not arise out of this question.

Sj. Bibhuti Bhushon Ghosh:

শ্রমিকদের মধ্যে যারা মিনিমাম ওয়েজেস পায় তাদেরও বেতনের কার্টেলমেন্ট হবে বলে এই প্রশ্নটা এসেছে, স্যার।

The Hon'ble Kali Pada Mookerjee:

যখন ইম্প্লিমেন্টেড হবে তখন কনসিডার করা হবে—
when implemented all the provisions of the Act will come into operation.

Sj. Bibhuti Bhushon Ghosh:

মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই এই যে কনট্রিবিউসন করা হবে কর্মচারীদের পক্ষ থেকে তা কাটবার অধিকার আছে কি না। মিনিমাম বেসিক ওয়েজই ঠিক হল না, আইনতঃ এরকম ফোর্সিবল কার্টেলমেন্ট করার অধিকার আছে কি না?

Mr. Speaker: That is a matter of interpretation of the Act.

Sj. Jyoti Basu: Is it a fact that the A.I.T.U.C. representative urged for including the workers' families in the scheme?

The Hon'ble Kali Pada Mookerjee: Yes.

Sj. Jyoti Basu: And since then what has happened?

The Hon'ble Kali Pada Mookerjee: Nothing has happened because it can be done only on an All-India basis.

Sj. Jyoti Basu: Has the recommendation been sent by the Labour Minister to that effect?

The Hon'ble Kali Pada Mookerjee: It was discussed when the Labour Minister of the Union Government came here.

Dr. Kanailal Bhattacharya:

আপনি বলেছেন দেড় লক্ষ রেজিষ্ট্রেসন করেছে, সব কি ভলান্টারি রেজিষ্টেসন হয়েছে?

The Hon'ble Kali Pada Mookerjee:

নিশ্চয়ই।

Dr. Kanailal Bhattacharya:

মালিকদের পক্ষ থেকে কোন কোয়ারসন হয়েছে কিনা?

Mr. Speaker: That does not arise out of this question.

Dr. Kanailal Bhattacharya:

এই রকম কোন রিপ্রেজেন্টেসন এসেছে কিনা।

Mr. Speaker: It is a question about facts. That is not a supplementary arising out of this question.

Dr. Kanailal Bhattacharya:

আমার সাপ্লিমেন্টারি হচ্ছে এই যে দেড় লক্ষ লোক রেজিষ্ট্রেসন হয়েছে, তারা কি ইচ্ছা করেই রেজিষ্ট্রেসন করেছে?

The Hon'ble Kali Pada Mookerjee: Registration voluntary হয়েছে, আপনি যেটা জানতে চাচ্ছেন সেরকম কোন ঘটনা হয়েছে কি না I have already said that I am not aware of it.

Dr. Kanailal Bhattacharya:

আচ্ছা, আমার প্রশ্ন——

Mr. Speaker:

আরও সাপ্লিমেন্টারিজ?

Dr. Kanailal Bhattacharya:

আপনি যদি এভাবে ইমপেসেন্ট হয়ে পড়েন তাহ'লে আমাদের পক্ষে প্রশ্ন করা মুস্কিল হয়ে পড়ে

Mr. Speaker: Can you say how many supplementaries have been rejected?

[3-30—3-40 p.m.]

Dr. Kanailal Bhattacharya: This is the first time I am putting.

আপনি এখানে বলেছেন যে
the Act has been wholly implemented in West Bengal.
অথচ এখানে বলা হয়েছে, হাওড়া এবং ২৪-পরগণা।

The Hon'ble Kali Pada Mookerjee: The Act has been wholly implemented in certain parts of West Bengal.

Dr. Kanailal Bhattacharya: But certain parts of West Bengal এখনও নেই। আমি জিজ্ঞাসা করছি অন্যান্য এলাকায় কতদিনের মধ্যে এটা ইমপ্লিমেন্টেড হবে সে সম্বন্ধে কোন স্কীম আছে কি?

The Hon'ble Kali Pada Mookerjee: I cannot tell you definitely.

Sj. Biren Banerjee:
ইহা সত্য নয় যে রিজিওনাল বোর্ড
along with the Government recommend
করেছেন যাতে ফ্যামিলি ইনক্লুডেড হয়?

The Hon'ble Kali Pada Mookerjee: I had a discussion with the Central Minister on the basis of certain discussions with the Regional Board.

Sj. Biren Banerjee: My question is whether Government has sent any recommendation or not?

The Hon'ble Kali Pada Mookerjee: I am not aware of it. I have discussed this point with the Central Minister, but whether a letter has been formally forwarded to him I do not know.

Sj. Bibhuti Bhushon Ghosh:
মাননীয় মন্ত্রী মহাশয়, জানেন কি যে হাওড়া জেলায় বিভিন্ন চট্‌কল এবং সূতাকল সমবেতভাবে তাদের অথরিটিজ-এর কাছে স্টেট ইনসিওরেন্স-এর জন্য কনট্রিবিউসন না করার জন্যে অনুরোধ করেছে?

Mr. Speaker: Put a separate question.

Sj. Bibhuti Bhushon Ghosh:
কেন, সেপারেট কোয়েশ্চেন কেন, এ থেকেই তো আসে।

Mr. Speaker:
স্পেশালি করলে কি করে হবে?
It does not arise out of this.

Sj. Bibhuti Bhushon Ghosh:
জানেন কি না কোন কোন মিলে এরকম ঘটনা ঘটেছে?

The Hon'ble Kali Pada Mookerjee:
আমার কাছে এরকম রিপ্রেজেন্টেসন স্পেসিফিক্যালি আসেনি।

Sj. Bibhuti Bhushon Ghosh:
খবরের কাগজে দেখেন নি?

The Hon'ble Kali Pada Mookerjee:
খবরের কাগজে দেখার কথা এর মধ্যে কি আছে?

Closure of a number of depots by Messrs. Allen Berry & Co.

***80. Sj. Biren Banerjee:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state if it is a fact—

(*i*) that Messrs. Allen Berry & Co. have closed down their departments at Jodhpur, Hazra Road and Howrah; and

(*ii*) that a large number of their employees have become unemployed?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reason for closing down of their various departments; and

(*ii*) what steps Government propose to take to save those employees from unemployment?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether there have been disputes between the employees and the management of the said firm in respect of wages, salaries and Provident Fund at the time of closing down those departments;

(*ii*) if so, whether Government set up any tribunal for settling the dispute;

(*iii*) if not, why;

(*iv*) whether Government have any information about the stock of commercial cars remaining undisposed at the time of closing of the depots; and

(*v*) whether Government extended any help to the firm to save the industry?

The Hon'ble Kali Pada Mookerjee: (*a*) Yes.

(*b*) (*i*) The closure of some of the departments was due to slump in business and financial difficulties.

(*ii*) A court of enquiry was set up under section 6 of the Industrial Disputes Act, 1947, to investigate the reasons of closure of so many depots in quick succession. Besides, the following cases of—

(1) dismissal of the employees of Howrah Depot *en masse*,

(2) dismissal of 490 employees of Head Office and Hazra Works, and

(3) closure of Head Office and Hazra Works,

were referred for adjudication.

(*c*)(*i*) The Company's depots at Jodhpur, Sodepore, Howrah, Brooklyn, Ondal and Konnagar were closed down in quick succession in 1949. When the depots at Howrah and Jodhpur were closed down, certain demands relating to pay, dearness allowance, etc., were pending conciliation. During the early part of 1952, the workshop and Head Office at Hazra Road, the showroom at Park Street and other godowns in the suburbs were closed down, but no disputes of general nature over pay, dearness allowance, Provident Fund, etc., were pending at the time of such closure.

(*ii*) and (*iii*) No, since the closure of many depots in quick succession gave rise to the more important issue of unemployment, Government set up a court of enquiry to find out the reasons of such closure.

(*iv*) No.

(*v*) No, and the Company did not ask for any assistance from Government.

Dismissal of workmen by Messrs. Albert David & Co.

***81. Sj. Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

সেখানে একদিকে 'পুলিশ ফোর্স'-এর স্থলে 'স্পেশাল কনষ্টেবল্' করে দেবার, এবং অপর দিকে নূতন ১৪এ সেকসন-এর বলে স্পেশাল পুলিশ অফিসার-এর এক গোটা বাহিনী গঠন করার অস্বাভাবিক দাবী কি করে উঠল? কিন্তু সেই স্পেশাল পুলিশ অফিসার আছে কাজের জন্য নয়। এখানে একটা স্পেশাল কনষ্টেবল ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এবং ইমারজেন্সীকে লোপ করে দেওয়া হোল। নূতন যে পুলিশ ফোর্স সেটা ঢুকল কোথায়? যে কোন জায়গায়। কাজেই সরকার যদি ইচ্ছা করে, এবং মেজরিটি নাম্বার যখন আছে, যা খুশী পাশ যখন তাঁরা করতে পারেন, তখন কোন বিলে কি ঢুকিয়ে দেবেন তার কিছুই ঠিক নাই। কোন সেকসনের পিছনে কি যে ঢুকিয়ে দিচ্ছেন তার কিছুই ঠিক নাই। এইজন্যই বলছি যে এই বিলটা একটা অসঙ্গতিতে পূর্ণ। এটা একটা ভয়াবহ বিল হয়ে সমস্ত দেশকে ভয়ার্ত করবার জন্য আসছে। এটা জনসাধারণের সঙ্গে কো-অপারেসন করবার জন্য নয়। সেইজন্য এখনও কর্তৃপক্ষকে বলছি এটাকে সার্কুলেসন-এ দিয়ে জনসাধারণের মত নিন। নইলে এই যে তাড়াতাড়ি যেখানে যা খুশী ঢুকিয়ে দিয়েছেন এর জন্য প্রায়শ্চিত্ত করতে হবে। এমন ধারা তাড়াহুড়া করবেন না। সংযত হয়ে এটাকে আনুন এবং যদি জনপ্রিয় কাজই করতে চান তাহলে জনগণের সামনে এই বিলকে ছেড়ে দিন এবং সবাই সেটাকে বিবেচনা করুক। তারপর তার মতামত নিয়ে নিজেদের শান্ত মনে

এটাকে আবার নূতন করে ড্রাফ্‌ট করুন। এতে এটা সর্বাঙ্গসুন্দর হবে। তাহলেই কার্যতঃ উদ্দেশ্য সফল হইতে পারে।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, ক্যালকাটা এ্যান্ড সুবারবান পুলিশ এ্যামেণ্ডমেন্ট বিল-এর আমি বিরোধিতা করি। বিরোধিতার প্রথম কারণ হল এই যে রাষ্ট্রব্যবস্থা আমাদের দেশে কায়েম হয়েছে সেই রাষ্ট্রব্যবস্থার দীর্ঘ ৭ বছরের ইতিহাসে এইটুকু আমরা দেখেছি যে, জনসাধারণের স্বার্থ এখানে রক্ষিত হচ্ছে না। কি অর্থনৈতিক পরিকল্পনার দিক থেকে, কি সামাজিক দৃষ্টিভঙ্গীর দিক থেকে, কি রাজনৈতিক ব্যাপারে, সমস্ত ক্ষেত্রেই আমরা দেখছি যে, বিশেষ একটি শ্রেণীর অর্থাৎ ধনিক শ্রেণীর স্বার্থরক্ষা করার জন্য সমস্ত শাসননীতি চালিত এবং শাসনযন্ত্র নিয়োজিত হয়ে আছে। সেক্ষেত্রে নূতন ক'রে পুলিসবাহিনী বৃদ্ধির অর্থ সেই শাসনযন্ত্রকে আরও সংবদ্ধ ও শক্তিশালী করা, জনসাধারণকে অত্যাচার করার জন্য শক্তি বৃদ্ধি করা। তাই পুলিশ বৃদ্ধির প্রস্তাবের আমরা বিরোধিতা করি।

আইনে আছে যে, পুলিশ শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য নিযুক্ত। কিন্তু আজ পর্যন্ত এই অভিজ্ঞতা সাধারণ খেটে খাওয়া মানুষের হয়েছে যে, শান্তি শৃঙ্খলা রক্ষার নামে সাধারণ মানুষকে হয়রাণি করে এবং ধনিক শ্রেণীর স্বার্থ রক্ষা করাই পুলিশের একমাত্র কাজ। শ্রমিক আন্দোলনের দিকে যদি তাকান তাহলে দেখবেন যে, জোর করে ধর্মঘট ভাঙ্গা থেকে আরম্ভ করে মালিকের স্বার্থ রক্ষা করার জন্য যতরকম দালালির কাজ আছে তার সব কয়টি পুলিশ করে আসছে। চাষী আন্দোলনের ক্ষেত্রে আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা হল এই যে, বর্গাদার আইনের সমস্ত ধারাকে উপেক্ষা ও লঙ্ঘন করে সাধারণ চাষী, বর্গাদারকে গ্রেপ্তার করে তাদের হয়রান করা পুলিশের কাজ। এমনও দেখেছি যে, জমিদার, জোতদারদের স্বার্থ রক্ষা করার জন্য সাধারণ চাষী পরিবারের ইজ্জৎ পর্যন্ত এরা রাখেনি। বাড়ী ঘর ভেঙ্গে দিয়েছে, সব জ্বালিয়ে দিয়েছে এবং স্ত্রীলোকদের উপর পাশবিক অত্যাচারও পর্যন্ত করেছে। শান্তি শৃঙ্খলার নামে এদের কাজের নমুনা হল এই। শ্রেণীবিভক্ত সমাজে শাসক শ্রেণীর স্বার্থ টিকিয়ে রাখার নাম শান্তি রক্ষা; আমাদের দেশের পুঁজিপতি এবং জমিদার, জোতদারদের শোষণ ব্যবস্থা রক্ষা করে পুলিশ শান্তির নাম করে। তাই যারা এই শোষণের প্রতিবাদ করে তারাই পুলিশের চোখে শান্তিভঙ্গকারী। এই কারণেই সমগ্র পুঁজিবাদী দুনিয়ায়, সেই হিসাবে আমাদের দেশেও, পুলিশ শাসনের ইতিহাস হল শ্রমজীবী মানুষকে অত্যাচার করার ইতিহাস। তাই তারা আরও অধিক সংখ্যায় নিযুক্ত হউক এটা আমরা চাই না। এই অত্যাচারের জন্য আমি কনষ্টেবল, দারোগা বা জমাদারদের তত দোষ দেব না, যত দোষ দেব শাসনযন্ত্রের, শাসননীতির ও পরিচালকবর্গের অর্থাৎ সরকারের। কারণ এইসব ক্ষুদে পুলিশরা আদতে কি? They are mere logs in the entire machinery of administration. যে শ্রেণীর স্বার্থ রক্ষা করার জন্য রাষ্ট্র যন্ত্র চালিত হচ্ছে, সেই শ্রেণী জনতাকে অত্যাচার করার জন্য দায়ী, সেই শ্রেণীর মুখপাত্র সরকার এবং সরকারী নীতি এর জন্য দায়ী। সুতরাং সেই ধনিক শ্রেণীর সরকারের হাতে নূতন করে পুলিশ বৃদ্ধি করার কোন ক্ষমতা আমরা দিতে রাজী নই—এই কথা পরিষ্কার করে আজকে বলতে চাই।

[4-40—4-50 p.m.]

তারপর দ্বিতীয় কথা। মুখ্যমন্ত্রী বলেছেন যে, যাদের এই বিশেষ পুলিশের কাজে নিযুক্ত করা হবে তারা দায়িত্বশীল ও সাধু নাগরিক হবে। দায়িত্বশীলতা ও সাধুতার নমুনাও আমরা দেখেছি। জাষ্টিস অফ দি পিস নিয়োগের বেলায় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, খুব ভাল ভাল লোককে ঐ কাজে নিযুক্ত করা হবে। আমরা শুনলাম যে, কেশোরাম কটন মিলসের সঙ্গে সংযুক্ত ট্যাক্স ফাঁকি দেবার কাজে লিপ্ত, ট্যাক্স এনকোয়ারি কমিটি কর্তৃক তিরস্কৃত একজন 'বাগরি'কে সরকার জাষ্টিস অফ পিস নিযুক্ত করেছেন। এই ব্যাপার হচ্ছে। এই যখন আপনাদের সততার নমুনা, তখন বিশেষ পুলিশ বাহিনীতে কারা আসবে তা বুঝতে অসুবিধা হয় না। আপনারা কি ধরণের লোক নেবেন তা আমরা পরিষ্কার করে জানি। তাছাড়া

আরও আমরা দেখছি যে, এই বিশেষ পুলিশ বাহিনীর লোকেরা হবে অনারারী অফিসার। বিনা মাহিনায় খাটলে, চলবে কেমন করে তাদের সংসার। বিনা মাইনের অফিসার আজকের দিনে হতে পারেন দুই জাতের লোক। এক যাদের প্রচুর টাকাপয়সা আছে, ব্যাঙ্কে মোটা ব্যালান্স আছে, যাদের না খেটে খেলে চলে তাঁরাই এই ধরণের অনারারী সার্ভিস দিতে পারেন। কিংবা তাঁরাই দিতে পারেন যাঁরা অসাধু এবং অনারারী সার্ভিসের নাম করে অসাধু উপায়ে কিছু পয়সা কামিয়ে নেওয়া যাদের উদ্দেশ্য। একটা গল্প আছে যে, সমুদ্রের ঢেউ গুনতে দেওয়া হয়েছিল একজন অফিসারকে, সেই সমুদ্রের ঢেউ গোণার মধ্য দিয়ে সে প্রচুর টাকা কামিয়ে নিয়েছিল। এখানেও সেইরকম অবস্থা হবে কি না কে জানে। বিনা মাইনের কাজ কেন, মাইনে দিন, ঘুষ নেবার দরকার থাকবে না। তাহলে দেখা গেল যে, এই কাজ দিতে হবে ধনীর ছেলেদের, যাদের মাইনে না নিলেও চলবে। এই ধরণের বিশেষ পুলিশ অফিসার সেই শ্রেণী থেকে আসবে যে শ্রেণী হচ্ছে ধনবান, যে শ্রেণী হচ্ছে পুঁজিপতি, জমিদার শ্রেণী। এই শোষক শ্রেণীর বিদ্বেষ এবং ঘৃণা সাধারণ মানুষের উপর কি তা আমরা ভাল করে জানি। সেইদিক থেকে বিচার করলে এতটুকুও সন্দেহ থাকে না যে এই বিশেষ পুলিশ বাহিনী সাধারণ মানুষকে চূড়ান্তভাবে অত্যাচার ও শোষণ করবে। তাই আমি বলব যে, বিলে পরিষ্কার করে বলে দেওয়া দরকার সাধারণ মানুষ হতে স্পেশাল অফিসার নেওয়া হবে। ডাঃ রায় বলেছেন স্পেশাল কনষ্টেবুলারি ডি ফ্যাক্টো জিনিষ; তাকে ডি-জ্যুরে করা হচ্ছে এই বিলের দ্বারা। জিজ্ঞাসা করি এই স্পেশাল কনষ্টেবুলারীর মধ্যে কারা এতদিন ছিলেন? বড় বড় অফিসার, গভর্ণমেন্ট অফিসার এবং বড়লোকের ছেলেরা মোটর গাড়ী যাদের আছে এ'রাই সব ছিলেন এতে। এই কাজের জন্য সাধারণ মানুষকে কোনদিন কি ডেকেছেন? যদি বলেন যে দেশে শান্তি রক্ষা করতে হবে, যদি বলেন দেশের জনসাধারণের সঙ্গে সংযোগ ভালো করে রক্ষা করতে হবে—যা মুখে বলছেন—তাহলে জনসাধারণের কাছে খুলে দিন এই সমস্ত পদ। আপনারা কেন ভাড়াটে পুলিস রাখেন? জনসাধারণকে শিক্ষা দিন শান্তি শৃঙ্খলা রক্ষার কাজে; জনসাধারণকে সামরিক শিক্ষা দিন; আর্মস এ্যাক্ট তুলে দেবার জন্য আপনারা আন্দোলন করুন। জনতার হাতে আজকে অস্ত্র তুলে দিন, তাদের সংগঠিত করান। তারা চোর, ডাকাত, সামাজিক শত্রুদের প্রতিরোধ করবে। জনতার উপর যদি আস্থা না থাকে তাহলে আপনারা গণতন্ত্রের কথা বলবেন না। বলতে পারেন যে এ্যান্টি-স্যোসাল এলিমেন্টস আছে। আমি মেনে নিলাম যে সমস্ত লোক সমান নয়, কেউ কেউ সমাজবিরোধী কাজে লিপ্ত আছে। জনতা যদি সশস্ত্র থাকে, তারা যদি সংগঠিত থাকে তাহলে এই সমাজবিরোধী শক্তি থাকলেও তারা মাথা তুলতে পারবে না; তাদের দূর করবে সশস্ত্র সংগঠিত সাধারণ মানুষ। সরকারের ঐ ভাড়াটে পুলিসের দরকার হবে না। কিন্তু তা সরকার করতে রাজী নন। কেন রাজী নন? কারণ সরকার এবং তাঁদের অনসৃত নীতি জনসাধারণের স্বার্থের পরিপন্থী। তাঁরা চান ধনিক শ্রেণীর শাসন ও শোষণ কায়েম রাখতে। তাই জনসাধারণ যদি সশস্ত্র ও সংগঠিত হয় তাহলে জনসাধারণ যে কোনদিন এই কায়েমী স্বার্থের রক্ষক রাষ্ট্রকে উচ্ছেদ করে দিয়ে গণরাষ্ট্র কায়েম করবে, তারা পুলিসি রাষ্ট্র ভেঙ্গে দিয়ে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠা করবে। সেজন্য যাতে জনসাধারণ সংগঠিত এবং সশস্ত্র না হতে পারে তার পাকা ব্যবস্থা করার জন্য এই বিল আনা হচ্ছে। সুতরাং আমি মুখ্যমন্ত্রীকে বলব যে, যদি আপনি মনে করেন যে সমাজবিরোধী শক্তিকে দূর করা দরকার, যদি আপনি মনে করেন যে, চুরি, ডাকাতি প্রভৃতি বন্ধ করা দরকার তাহলে ধনীরদুলালদের বিশেষ পুলিস অফিসার নিযুক্ত করে তা হবে না। সেজন্য সাধারণ মানুষকে অস্ত্রশস্ত্র দিয়ে সজ্জিত করার ব্যবস্থা করুন তাহলে সমস্ত ঠিক হয়ে যাবে। আর আপনি যদি সাধারণ মানুষের আস্থা-ভাজন হন, তাহলে নিশ্চয় তারা আপনার কথা শুনবে। অস্ত্র পেলে তারা খুন খারাপি করবে এমন কোন মানে নেই। অন্যান্য দেশে আর্মস এ্যাক্ট নেই। সেখানকার লোকেরা পরস্পরের মধ্যে খুন খারাপি করছে না। আমাদের দেশের জনসাধারণ বা তাই করবে কেন?

সর্বশেষে বোঝা দরকার এই খুন খারাপি বা অপরাধপ্রবণতা দূর করা যায় না পুলিস রেখে। মানুষকে প্রকৃত শিক্ষা দিন, তার দায়িত্বজ্ঞান বৃদ্ধি করুন, শোষণ বন্ধ করুন। মানুষ যখন বুঝবে এই রাষ্ট্র তার, মানুষ যখন বুঝবে সাধারণের স্বার্থের জন্য এই সরকার এগিয়ে এসেছে, সরকারী নীতি সেই উদ্দেশ্যে পরিচালিত হচ্ছে, তখন মানুষ সরকারের সঙ্গে

সহযোগিতা করবে। তার আগে যত বড়ই প্রচার বিভাগ রাখুন না কেন, যত বড়ই ঢাক পেটান না কেন জনতা কোন দিনই সরকারের সঙ্গে সহযোগিতা করবে না। এই বিষয়ে এতটুকু সন্দেহ নেই।

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Deputy Speaker, Sir, when this Bill is read with the Bill that was enacted on Saturday last regarding the appointment of Justices of the Peace—one who has eyes to see will not hesitate in saying that both these Bills have been brought as an outcome of a well-laid conspiracy to deprive the people of the little civil liberty that is left to them and to establish a completely police Raj in the country. Dr. Roy is thinking in the line what the Britishers thought about a hundred years ago. The difference is what they hesitated to do he is anxious to accomplish that. The provisions are there already for reserve forces to be called only in cases of emergency but what he is trying to do now is to make a permanent force—a permanent establishment. The other day the Judicial Minister while explaining the purport of that Bill wanted us to believe that it was a simple Bill but in fact it was not so. So did Dr. Roy today while introducing this Bill as if it were quite innocent and innocuous but we know what he is going to do and we shall resist him in doing that with all the powers that we have. We would like to hear Dr. Roy explaining to the House how is he going to shape the welfare State—a socialistic State—with police force all around us. We thought that he will be gradually diminishing the police force—a man like him would devise ways and means by which the police force could gradually be eliminated. We thought that good relations would be brought amongst the people in various classes so that the intervention of the police may be at least diminished. If he is at all a capable man, if he has really done something good to the people why is he seeking the help of more police force? Is he going to maintain his power with the help of that police force, is it necessary that before the election he should increase his power and that of his party men who, he thinks, will not be able to come to the Assembly in majority? If that is so, let him have it. If that is not so, if it is not to the interest of the State he should explain to the people why he has brought in this Bill.

[4-50—5 p.m.]

In the Statement of Objects and Reasons it has been tried to explain that this Bill is being brought to foster a sense of civic duty among the members of the public. If that is so, we would appeal to the Chief Minister to circulate this Bill among the people to ascertain their views, whether really they feel that by this Bill civic duty would be fostered in them. Sir, it will create confusion; it will bring about complications; there will be no bounds so far as corruption is concerned if this Bill is introduced. I will presently explain the inconsistencies in the Bill but before I do that one has to bear in mind that if a Bill like this is enacted it will bring perpetual misery to the people. Dr. Roy will not be able to get out of it; if once he is police-minded he will continue to be so up to his last day. He has already increased the police expenditure; he has already increased the number of police in this truncated West Bengal. Expenditure under police head is mounting up year by year. He is still trying to have more police. If he does not get out of this police-mindedness he will involve us in an atmosphere where we will see danger, difficulty and chaos.

This Bill has been very ill drafted. It is full of lacunae. No responsible Government would bring a Bill of such importance without even caring to look at it as to what they contain. Sir, firstly, it shall

consist of special police officers. The number is not given. How many? A hundred or a thousand or tens of thousands? This force shall consist of as many special police officers as may be appointed by the Commissioner of Police. So the Commissioner of Police can go on appointing as many police officers as he likes. Are we not entitled to know—the people of the country and the members of the Opposition—what is your number? Why don't you disclose the number of this force? This number is going to be specified by the State Government. When? In what manner? Why should the Government keep back the number of this force? Tell us, is it one thousand, two thousand or five thousand? This vague language about the number cannot be tolerated by us.

Now, the Commissioner of Police by this Bill has been authorised to frame regulations, but there is nothing about the power—he has not been given any authority to prescribe the powers of the police officers. That being so, we have to take it that these officers will have the unrestricted powers of police officers as stated in clause 4: that is, they shall have the same powers, privileges and protection and the same duties and shall be liable to the same penalities as ordinary police officers. What are the powers of these police officers? Who are these police officers? I think a person is a police officer from the Commissioner of Police to an Assistant Sub-Inspector, unless he is a constable; if he is not a constable he is a police officer. By this statute the powers of the police officers are given to these special police officers. There is no restriction about these. There is nothing to indicate that any rules will be prescribed by Government for giving them any particular power. They are having all the powers of the police officers, and in my view Government will be in extreme difficulty in prescribing powers for these police officers as they have not chosen to do so in the Bill itself.

Now, Sir, these officers will be part-time and honorary. I do not believe any gentleman worth the name will accept the position of a police officer who will be a part-time man and who will serve honorary. He has got to get something. He has got to earn his living out of it. If he is employed elsewhere, and if he is working there during the day, you have to keep these people for night work. Even then, can you expect a man working every night as a police officer, while he is working elsewhere in day time to earn his living, to do it for nothing? He must make money out of it. There is a proverb that a mother in Bengal prays that her son be appointed a Daroga, a police officer. Why? Not for the salary of the police officer that Dr. Roy pays—because of other advantages—because of the money that is available from other sources. That is why this is aspired after by a common man. You will appoint a man who is without employment and vest him with unrestricted powers and then let him loose to loot the people, to harass the people. You will be bringing in a reign of terror everywhere, in every locality. You will make the life of the people intolerable. We want to live peacefully and not in hell. We are getting a thing which will be creating a hell o f this city. If in a locality a person whom you will appoint as an honorary special police officer, is not respected and honoured every morning he will do mischief; he will create faction; he will side with the people who will wish him selam and put some money in his hands. He will take people to the local thana and see that they are victimised. If this be the contact of the people with the police I leave you here. But this is no contact, this is really torture of the people and by torturing them you will keep them at your disposal. The people who are bad, the people who are notorious in the locality will veer round these officers, form a group of themselves with these officers at their head and have a link with the Chief Minister to let us down. That is not the proper way of doing things.

[5—5-10 p.m.]

You have not made out any case whatsoever to justify this measure. So we are justified, we are entitled to say that this is being done to suppress all sorts of legitimate and legal movements and legal demonstrations in the locality. One should have the right to express himself freely and openly. If you guard each and every individual by a police officer in every lane that is not fair to him. Even if you want to do it, have the courage to face the people, go to the people with this Bill and have their views on this Bill. I am sure you will not be able to face a single meeting in the town of Calcutta and I am sure that no gentleman worth the name will support these nefarious activities of yours. With these words I will again request Dr. Roy to have this Bill circulated and to elicit public opinion on this Bill. It is a very serious Bill, it is the death blow to democracy. Sir, it will kill the entire civil liberty of the people and he must face people so that the people can know him in his real garb.

Sj. Jogesh Chandra Gupta: Mr. Speaker, Sir, I was filled with dismay when I heard sweeping condemnation from the other side of the police from top to bottom, police who belong to our community and have not come from any foreign land, and I say that if there is such wide range corruption amongst the police officers, then do we not admit the necessity that we must curb their anti-social activities? We must also have more public vigilance so that the corrupt police officials may not go on doing their nefarious work. Sir, it is said that we should elicit public opinion. I ask you, Sir, is it necessary to circulate this Bill to get the public opinion that anti-social elements must be curbed? Is it necessary to circulate this Bill in order to find out what public vigilance can be arranged to put down anti-social elements as also corruption amongst the police?

[Interruptions.]

I have heard without any interruption. Why are you so impatient? Why are you trying to interrupt me, I do not know. Just listen to what I say. I am as painfully conscious as my friends on the other side, I am as much ashamed to own that the police force is not better, I mean the lower ranks are not better than what they are.

[Interruptions.]

Do they say that the Commissioner of Police and the Deputy Commissioner of Headquarters who are concerned in the matter of recruitment are corrupt? I have seen their activities. Do they say Rai Bahadur Satyendra Nath Mukherji, who has practically by his drive against anti-social elements made Calcutta safer, is corrupt? Therefore why condemn all and sundry? Therefore if the top is not corrupt for a very long time the subordinates will not be allowed to go on in the way that they are doing. What here is sought for is this that we shall bring in from amongst the members of the public some people who will exercise public vigilance both against the anti-social elements as also against the activities of the corrupt police. (Dr. KANAILAL BHATTACHARYA: That is not the object of the Bill.) It has been said that is the object. If you want to attribute some motive in order to justify some of the speeches from the opposition benches, Dr. Roy or the Congress Party cannot help. I can tell you at once that there can be no election motive in this matter.

The next point that has been made is there is not a single man who will come forward to work in an honorary capacity. That again is a very sweeping condemnation of ourselves. I have seen, I shall tell you there are men who have worked, who have come forward to work in the special constabulary without payment. I know Sir L. P. Misra, I know

Dr. Trivedi, I know P. K. Sen and others who are Deputy Commanders of the Calcutta Special Constables. They work hard. They think that they should render some service to make a better India. There are, I hope, many men and I do not share their pessimism that there are no men available in Calcutta who will not work for the betterment of the life of the Calcutta citizens without getting some money. That again is condemning ourselves, each one of us I say. Therefore, I say I am filled with dismay. If you want to oppose then during opposition speeches I expect that the hon'ble members will be so responsible that they would not condemn themselves and condemn the whole of the Calcutta citizens that there is not a single man who will be available without payment. I have seen them at work. I have tried to co-operate with them.

[Interruptions.]

There is no doubt I have myself seen that amongst the Special Constabulary also some people are there who are trying to further their own interest. Well, I have this much faith that if this is brought to the notice of the authority, the Deputy Commissioner, Headquarters, or the Commissioner of Police is certainly going to remove those people who are doing that kind of work.

Sir, the question has been asked why don't you fix the number. Then again we have given answer to that question. The number will be according to the number of men who will come forward—respectable men who will come forward and will serve. I am of opinion that if a very great number will come forward then only we shall be able to stop corruption amongst the ranks, then only we will be able to minimise the cost, the mounting cost under the head "Police". (Sjkta. MANI KUNTALA SEN: আড়াই কোটি মানুষকে পুলিশ বানিয়ে দিন।)

We ought to be, each free Indian, if it is in his heart that he will see that corruption is a thing of the past, that crime does not spread. The sooner we realise that each free citizen would be more vigilant as to devote more time for the purpose of improving the police force as also putting down the anti-social elements the better for us; so that let us all think—we at least the members of this Legislature ought to think—that it is our duty to be policemen, it is our duty to do it and we ought not to be ashamed in furthering this cause.

[Interruptions.]

[5-10—5-20 p.m.]

Therefore, I say it is not necessary for the purpose of finding out the public opinion to circulate this Bill. We know the public are tired of anti-social elements, they want the corrupt police not to go on, they want that the police expenditure should not mount up. Therefore, this attempt to enlist non-official help in this matter will be welcomed by the public. The success of the scheme will depend upon the persons who will come forward and I have no doubt that reliable persons will come forward.

The police of the lower ranks may be corrupt, but I must say—I have taken a little interest in vigilance parties and special constabulary—I have seen that in the upper ranks the Commissioner of Police, the Deputy Commissioner of Headquarters and persons like Sj. Satyendra Nath Mukherji are working in such a way that you can depend on them and you can come forward to co-operate with them.

Dr. Narayan Chandra Ray:

অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এই বিলটা আনবার সময় যেমন মিষ্ট ভাষায়, নরম সুরে কথাটা আনলেন, তাতে এই কথাটা বলতে হচ্ছে যে তিনি সিংহ রাশির

পুরুষ, সিংহ গর্জ্জনে কথা বলাই তার শোভা পায়, নরম সুরে বললে আমার ভাল লাগে না। তিনি আমার মাস্টার মহাশয়, তার ঐ সিংহ মূর্ত্তিই পছন্দ করি। যাই হউক তিনি বলেছেন যা ছিল ডি-ফ্যাক্টো তাই হলো ডি জিওর। এটা কি সত্য যারা রাস্তায় ট্রাফিক কন্ট্রোল করতো, ফুটবল মাঠে গোলমাল থামাতো তারা হলো ডি ফাক্টো এটা হলো ডি জিওর। আপনি নিশ্চয় বুঝেছেন এর মধ্যে আরও গভীরতর ব্যাপার আছে। শুধু ডি ফাক্টো, ডি জিওর ব্যাপার আছে তা নয়। লিআইসন কথাটা এখানে অপব্যবহার হয়েছে। এটা পুলিসের সঙ্গে জনসাধারণের ভেদ সৃষ্টি করাই হয়েছে। যদি এই পুলিস অফিসার সাধারণ মানুষ দ্বারা নির্বাচিত হতো এবং তাদের পরামর্শ নিয়ে কাজ করবে এইরকম বিধান থাকতো তাহলে বুঝতাম লোকের পুলিসের সঙ্গে সংযোগ ঘটেছে। একজন মেম্বার অত্যন্ত বেদনা পেয়েছেন পুলিসকে কেন এত অবিশ্বাস করছি। কারণ তিনি বলেছেন পুলিসের নীচের লোকের মধ্যে কেউ কেউ চুরী করতে পারে কিন্তু বড় বড় অফিসারদের মধ্যে কেউ করে না। তিনি একটা কথা ভুলে গিয়েছেন যে আজ থেকে ১০।১২ বৎসর আগেকার কথা ঐ পুলিস তার উপর কি ব্যবহার করেছেন। ১৯৩০ সালে যখন মেদিনীপুরে মেয়েদের উপর পুলিসের অত্যাচার চলেছিল তখন তিনিই পাঠিয়েছিলেন তা ইনভেষ্টিগেসন করতে। কেউ কখনও শুনেছে স্বাধীনতা পাওয়ার পর যে লোক যত বেশী পিটিয়েছিল তাকে তত বেশী বড় পোষ্ট দেওয়া হবে। যে লোক জেলে গেল, স্বাধীনতার পরও গুলি খেল যে, সেতো আপনার এই স্বাধীনতাকে সন্দেহ না করে পারে না। আজকে যদি আপনি মনে করেন যে এই পুলিসদের সন্দেহ করবার কোন কারণ নেই, তার অর্থ এই যে সেই পুলিস আজ আপনাকে সেলাম করছে সাহেবের বদলে, আপনার সামনে হাসিমুখে কথা বলছে কিন্তু সাধারণ মানুষ যারা তাদের সামনে দাঁড়াচ্ছে, তারা গুলি আর লাঠি পেটা খাচ্ছে। আগে তারা শিকার করতে যেত বনে, আর এখন তারা শিকার করে রাস্তার মানুষ। আমার আসল বক্তব্য মুখ্যমন্ত্রীর সামনে এবার বলছি। আপনি দুই দিন আগের প্রশ্নের জবাবে একটা জবাব দিয়েছিলেন যে রাস্তায় মেয়েদের দিকে চেয়েছে তার থেকে আরম্ভ করে খুন খারাপি, সবই এ্যান্টি-সোসিয়াল একটিভিটিজ-এ ফেলেছেন। আমি বলবো বাংলার মনীষীদের মধ্যে আপনি একজন মিসগাইডেড মনীষী। আপনার সুপিরিয়ার এনালিটিকাল পাওয়ার আছে কিন্তু আপনি প্রবীণ লোক হলেও এইখানে অতি সাধারণ বুদ্ধির কাজ করছেন। একটা স্কুলের ছেলে কোন মেয়েদের দিকে চেয়েছিল সেই অপরাধ কি রাহাজানি বা অন্য জঘন্য অপরাধের পর্য্যায়ে ফেলবেন? খবর আপনি যা পেয়েছেন পুলিসের কাছ থেকে পেয়েছেন, আমাদের কাছ থেকে জানতে চান নি। আপনি যে ২৫ হাজার লোকের কনভিকসন দিয়েছেন আপনি কি নিজে অনুসন্ধান করেছেন কোন কোন টাইপএর লোক এরা। আপনি কি জানেন যারা এখানে বসে আছেন তাদের প্রত্যেকেই ছেলে বয়সে মেয়েদের দিকে তাকাতেন। আমার মনে আছে আমি তখন স্কুলের ছাত্র, বেথুন কলেজের মেয়েদের গাড়ীর দিকে তাকাতাম—সেই অপরাধে যদি আমার কনভিকসন হতো তাহলে আজ আমার এখানে এম,এল,এ, হয়ে আসতে হতো না। আপনি ডাক্তার হিসেবে ছোট ছেলেকে বাঁচিয়ে তোলেন, আপনি এই শিশুরাষ্ট্রকে বড় কোরবেন তা না আপনি কোথায় কোন ছোট ছোট ছেলেরা কোন মেয়েদের দিকে চেয়েছে তারজন্য তাদের ঐ পকেটমারা, গুণ্ডা, প্রভৃতিদের সঙ্গে একসঙ্গে ফেলে কনভিকসন দিলেন।

[5-20—5-30 p.m.]

কলিকাতার সহরে যারা পকেট মারে, যারা চুরী করে, যারা ছোরা মারে, যারা ক্রিমিনাল ব্যাড ক্যারেক্টার্স তাদের পুঙ্খানুপুঙ্খ লিষ্ট পুলিসের কাছে আছে আপনি খোঁজ করে দেখুন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি তিনি যদি সত্যিই সিরিয়াস হন, তিনি যদি জানতে চান তাহলে লিষ্ট অফ অফেন্ডার্স খুলে দেখুন যে, যারা আপনার ড্রাইভএর আগে এ-যাবৎকাল লিষ্টেড ছিল, তারা পুলিসের কাছে সাজা পেয়ে থাক বা না থাক, সত্যি করে বলুন এই সমস্ত অফেন্ডার্স যারা লিষ্টএ আছে তাদের কয়জনকে সাজা দেওয়া হয়েছে? আপনার ২৫ হাজারের মধ্যে যদি ১০০ জনকেও সাজা দেওয়া হয়ে থাকে তাহলেও আমি বলবো আপনার কাজ ব্যর্থ হয়েছে। (এ ভয়েসঃ কে বললে এদের ধরা হয় নি?)

আপনি আমার কাছ থেকে শুনে নিন, সত্যিকার যারা ক্রিমিনাল অফেন্স করে আসছে, তাদের কেউ জেলে যায় নি। তারা চুপ করে বসে আছে। হয়ত পুলিস বলবে তারা এখন ত কিছু করে নি, অতএব তাদের কি করে ধরবো। কেন, আপনাদের ত প্রিভেন্টিভ ডিটেনসন এ্যাক্ট রয়েছে, ইচ্ছা করলেই তাদের আটক করতে পারেন? অথচ আজকে একটি ছেলে কোন মেয়ের দিকে একটু তাকিয়েছে বা হেসে ফেলেছে বলে তাকে ধরেছেন। আর যে চিরকাল চুরী করে আসছে, তিন মাস আগেও যে চুরী করেছে তাকে ধরা হয়নি কেন? আপনি ডাক্তার মুখ্যমন্ত্রী হিসাবে আপনার এটা এনালিসিস করে দেখা দরকার। যারা অফেণ্ডার্স তারা টেম্পোরারিলি সত্যেন মুখার্জীর ভয়ে হয়ত অফেন্স না করতে পারে। আর একটি স্কুলের ছেলে তার জীবন ব্যর্থ করে দেবেন, তার এই সামান্য অপরাধের জন্য। আমি জিজ্ঞাসা করেছিলাম আপনি তাদের যে সাজাগুলি দিয়েছিলেন এগুলি কোর্ট ক্রাইম বলে গণ্য হবে কি না? আপনি তাদের উপর যে ছাপ দিয়ে দিচ্ছেন, তাতে ভবিষ্যতে যখন তারা বড় হয়ে উঠবে তখন তারা চাকরী করতে পারবে না। ইফ ইউ আর সিরিয়াস তাহলে এ সম্বন্ধে খোঁজ করুন, ছেলেদের গার্ডিয়ানসদের প্রাইভেটলি ডেকে পাঠান, পুলিসকে ডাকবেন না, কারণ তারা পুলিসকে যমের মত ভয় করে, দেখবেন কত এইরকম ধৃত ছেলে পুলিসের কাছে টাকা ঘুষ দিয়ে খালাস পেয়েছে।

সত্যিকারের যে সমস্ত অফেণ্ডার্স তাদের কয়জন ধরা পড়েছে, সেটা এনালিসিস করে দেখুন। পুলিসের চেয়ে আপনাকে আমরা বেশী বিশ্বাস করি; আপনি যদি মনে করেন যে আমি ভুল বুঝে থাকি তাহলে আপনি আমাকে সংশোধন করবেন।

[At this stage the Red Light was lit.]

আমার লালবাতি জ্বলে উঠেছে, সুতরাং আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি। আমি শেষ যে পয়েন্টগুলি উল্লেখ করে বললাম, আশা করি সে সম্বন্ধে অনুসন্ধান করে তার রায় দেবেন।

Dr. Kanailal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটি পেশ করতে গিয়ে মুখ্য মন্ত্রীমহাশয়ের কাছ থেকে যে কথাগুলি শুনলাম তার সঙ্গে আমরা বাস্তব যে ছবি দেখি তার বিশেষ কোন মিল দেখতে পেলাম না। স্পেশাল পুলিশ অফিসার কোনদিন চোখে দেখিনি; তবে স্পেশাল কনষ্টেবল বলে যাদের কলকাতার খেলার মাঠে দেখি অথবা যাদের কলকাতার রাস্তায় সময় সময় ট্রাফিক কন্ট্রোল করতে দেখি, তাদের যে ক্ষমতা এবং এই বিলে আজকে স্পেশাল পুলিশ অফিসারদের যে ক্ষমতা দেওয়া হচ্ছে তার মধ্যে প্রধান মন্ত্রী মহাশয় হয়ত কোন তফাৎ না দেখতে পারেন, কিন্তু, আমি মনে করি এর মধ্যে যথেষ্ট আকাশপাতাল তফাৎ রয়েছে। স্পেশাল কনষ্টেবল যেগুলি গ্রামের মধ্যে দেখতে পাই তারা সাধারণতঃ ক্রিমিনালস হয়, তারা পুলিশ থানায় হাজিরা দেয় এবং তাদের একটিভিটিজ যাতে কন্ট্রোল করা যায় সেই উদ্দেশ্যে তাদেরকে সরকারকে স্পেশাল কনষ্টেবলস নিযুক্ত করতে দেখেছি। কিন্তু এখানে স্পেশাল পুলিশ অফিসারসদের যে কাজে তুলে দেওয়া হচ্ছে তা যদি সত্যই হয় তাহলে আমি মনে করবো আমাদের দেশের গণতন্ত্রের সমাধি হতে চলেছে। এই বিল শুধু একটা ন্যাক্কারজনক তা নয়, এই বিল পাশ হয়ে আইনে পরিণত হয় তাহলে বুঝতে হবে বাংলা দেশের জনসাধারণের পক্ষে একটা মস্ত বড় দুর্দ্দিন আসছে; এবং তার কারণ ষ্টেটমেন্ট অফ অবজেক্টস এণ্ড রিজনসএ যাই দেওয়া থাক না কেন, আমরা মনে করি এই বিলের সাহায্যে সাধারণ জনকতক মানুষকে পুলিশ অফিসারের সমস্ত ক্ষমতা হাতে যদি তুলে দেওয়া যায় তাহলে আজকে আমাদের পুলিশ যে জনসাধারণের সেবক না হয়ে জনসাধারণের শোষকরূপে বিরাজ করছে, সেই পুলিশ অফিসারকেই আরও বাড়ান হবে এবং তার দ্বারা জনসাধারণের কোন উপকার হবে না। বিলের উদ্দেশ্য সম্পর্কে বর্ণনা করে বলা হয়েছে গণসংযোগ স্থাপন করবার জন্য এই সমস্ত পুলিশ অফিসারস নিয়োগ করা হচ্ছে। আমি মুখ্য মন্ত্রীমহাশয়ের কাছ থেকে জানতে চাই বর্ত্তমানে পুলিশ ফোর্সে যে সমস্ত পেড পুলিশ অফিসারস আছেন, তারা কি আমাদের সোসাইটির নন্? তাঁদের সঙ্গে কি আমাদের সোসাইটির যোগাযোগ নেই যে হঠাৎ জন কয়েক লোককে স্পেশাল পুলিশ অফিসারএর পদে য়্যাপয়েন্ট করে দিলেই পুলিশের সঙ্গে আমাদের যোগাযোগ বৃদ্ধি পাবে,

অথবা আমাদের সঙ্গে সৌহার্দ্দপূর্ণ সম্পর্ক স্থাপন হবে? আমি মনে করি এই বিলের পিছনে আরও কতকগুলি অন্তর্নিহিত উদ্দেশ্য রয়েছে। কারণ কয়েকদিন পূর্ব্বে ক্রিমিনাল প্রসিডিওর কোড এ্যাক্ট সম্পর্কে যে এমেণ্ডেড বিল আনা হয়েছিল, সেইসময় ঐ বিলের আলোচনা প্রসঙ্গে আমি বলেছিলাম জাষ্টিস অফ দি পিসকে যেসমস্ত ক্ষমতা দেওয়া হয় নি আজ এইসমস্ত স্পেশাল পুলিশ অফিসারদের যথেষ্ট পরিমাণ ক্ষমতা দেওয়া হচ্ছে। এই ক্ষমতা যদি তারা পায়, তাহলে তাদের মাইনা না পেলেও চলবে। আমরা বিভিন্ন তথ্য পরিবেশন করে দেখিয়েছি যে পুলিশ অফিসারদের মধ্যে দুর্নীতি কিভাবে বেড়ে যাচ্ছে এবং তার জন্য জনসাধারণ কিভাবে দুর্ভোগ ভোগ করছে। এই বিল পাশ হলে যে অবস্থা সৃষ্টি হবে, তাতে জনসাধারণের দুর্ভোগ আরও বেড়ে যাবে। সেই অবস্থার সঙ্গে তুলনা করা যায় চিয়াং কাই সেকএর আমলে চীনের যে অবস্থা ছিল। চীন-এতে সেই সময় আমরা শুনেছি ওয়ার লর্ডসরা তাদের সৈন্যদের মাইনে দিতে পারত না বলে জনসাধারণের মাঝখানে তাদের ছেড়ে দেওয়া হ'ত এবং তারা জনসাধারণকে লুঠপাট করে তাদের নিজেদের পকেট ভরাত। এখানেও সেই প্রসেসটা নেওয়া হবে, তবে ততটা ব্রুট হবে না, কিছুটা মার্জিত হবে; কিন্তু তাহলেও বলবো সরকারের এই জনকতক সমর্থকদের পুষ্ট করবার জন্য তাদের সরকারী অর্থে পুষ্ট না করে জনসাধারণের মধ্যে ছেড়ে দেওয়া হবে, তাদের হাতে খানিকটা ক্ষমতা দিয়ে এবং যে ক্ষমতার বলে তারা জনসাধারণকে শোষণ করবে, তাদের উপর জুলুম চালাতে থাকবে। এর সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে এই বিলের মধ্যে স্পেশাল পুলিশ অফিসারসদের কোয়ালিফিকেসনস সম্পর্কে কোন নির্দেশ দেওয়া নাই। যে সমস্ত পুলিশ অফিসার বর্তমানে বাংলাদেশে আছে তাদের গুণাগুণ জানা আছে; তাদের গুণাগুণ বিচার ক'রে তবে তাদের এপয়েন্ট করা হয়, এবং তার জন্য পাবলিক সার্ভিস কমিশন বসে। কিন্তু এই সমস্ত স্পেশাল পুলিশ অফিসারদের ডাইরেক্ট এপয়েন্ট করবেন পুলিশ কমিশনার। তাদের কি গুণাগুণ হলে নেওয়া হবে সে সম্বন্ধে এই বিলের মধ্যে কোন কিছু মেনসন্ নেই। সেদিক থেকে আমি মনে করি, এবং যেকথা আমার পূর্ববর্তী বক্তা সুধীরবাবু ব'লে গেলেন যে ভদ্রলোকের ছেলেরা এই কাজ করতে এগিয়ে আসবে না; বেশীর ভাগ যারা আসবে তারা সমাজের নিম্নশ্রেণীর লোক। শ্রীযুক্ত জে, সি, গুপ্ত মহাশয় বলেছেন বেশী লোক না এলেও যে কয়জন আসবে, তাদেরই এই পুলিশ অফিসারের পদে নিয়োগ করা হবে, এবং তাদের নিয়ে কাজ চালান হবে। কিন্তু আমি বলবো যারা আসবে তারা উচ্চ শ্রেণী থেকে আসবে না, তারা হবে নিম্নশ্রেণীর, অশিক্ষিত শ্রেণীর লোক। এবং তাদের হাতে যদি এই ক্ষমতা দেওয়া যায় তাহলে তারা সেই ক্ষমতার বলে জনসাধারণের উপর অত্যাচার করবে। এ ছাড়া হয়ত কিছু লোক একটা রাজনৈতিক দল থেকে আসবে, অর্থাৎ কংগ্রেস দল থেকে কিছু লোক আসবে এর সংখ্যা বৃদ্ধি করবার জন্য। তাঁরা এই ক্ষমতা হাতে নিয়ে জনসাধারণকে শোষণ করবার জন্য ভর্তি হবেন। সেইজন্য এই ধারাগুলি বিলের মধ্যে থাকার দরুণ, আমি তার প্রতিবাদ করছি এবং সব দিক দিয়ে এই বিলের বিরোধিতা করছি।

[5-30—5-40 p.m.]

Sj. Rameswar Panda:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল এসেছে এর নাম
Calcutta and Suburban Police Amendment Bill.

এর উদ্দেশ্য বলতে গিয়ে বলা হয়েছে—এতে পুলিশের সঙ্গে জনসাধারণের সঙ্গে কনটাক্ট হবে এবং তারা কো-অপারেশন পাবে। আমার মনে স্বভাবতঃই এই প্রশ্ন জেগেছে—এতকাল যে আইন চ'লে এসেছে যে আইনের বলে পুলিস প্রায় ৯০ বছর কাজ করে এসেছে, তাতে তারা জনসাধারণের সঙ্গে বেশী সংযোগ স্থাপন করতে পারে নাই বা জনসাধারণকে তারা আকর্ষণ করতে পারে নাই, এবং সেই দোষ নিবারণ করার জন্য নূতন স্পেশাল কনষ্টেবল ও স্পেশাল পুলিস অফিসারের পদ সৃষ্টি হচ্ছে। এতে মনে হয়, বাস্তবিকপক্ষে যাঁরা স্পেশাল পুলিস অফিসার হবেন, তাঁদের গুণ, তাঁদের কর্ম, তাঁদের এলোকেসন অফ ডিউটি, তাঁদের প্রমোসন, ডিসিপ্লিন, এমন কি পানিসমেণ্ট, লিভ এবং রেজিগনেসন্ যা কিছু সব পুলিশ অফিসারদের

মতন হবে। যদি পুলিস এতদিন ধরে গণতন্ত্রের মধ্যে কাজ করে জনসাধারণর আস্থা, প্রীতি ও শ্রদ্ধা আকর্ষণ করতে না পেরে থাকে, তাহলে এইরকম নূতন শ্রেণীর যাঁরা ভর্তি হবেন তাঁরা কি করে জনসাধারণের আস্থাভাজন হবেন তা বুঝতে পারি না। একমাত্র যা প্রভেদ সাধারণ পুলিসের সঙ্গে এ'দের তা হচ্ছে এ'রা বিনা পয়সায় কাজ করবেন,—অনারারী অফিসার হিসাবে কাজ করবেন। অনারারী অফিসার হিসাবে কারা কাজ করতে পারেন? দুই শ্রেণীর লোক কাজ করতে পারেন, এক যাঁদের পয়সার কোন অভাব নাই, আর যাঁরা ভাগ্যান্বেষী কিছু পয়সা করতে চান। সেইজনাই বোধ হয় যে লোকেরা নিযুক্ত হবেন, তাঁদের যোগ্যতার কোন ব্যাখ্যা দেওয়া হয় নাই। যাই হোক না কেন তাঁরা যে গভর্নমেন্টকে সন্তুষ্ট করতে, গভর্নমেন্টের মনোমত লোকদের পেটোয়া লোকদের প্রতি দৃষ্টি রাখবেন, তাতে সন্দেহ নাই।

তাদের পয়সা না দিলেও, তাদের পানিসমেণ্টের ব্যবস্থা এর মধ্যে রয়েছে, চাকরীর বেতন নাই অথচ পানিসমেণ্ট!! প্রকৃতপক্ষে যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে তা সাধিত হবে বলে যথেষ্ট সন্দেহ আছে। বাস্তবিকপক্ষে জনসাধারণের সঙ্গে পুলিসের ক্লোজার কনটাক্ট দ্বারা কো-অপারেশন এণ্টাবলিস করার দরকার হয়, তাহলে পুলিসকে এরকম শিক্ষা দেওয়া হোক যাতে জনসাধারণের শ্রদ্ধা প্রীতি ও আস্থা অর্জন করতে পারে। এ পর্যন্ত যদি পুলিশ জনসাধারণের মনে বিশ্বাস স্থাপন করতে না পেরে থাকে তাহলে নূতন একদল লোক নিযুক্ত করলেই যে তারা জনসাধারণের আস্থা লাভ করতে পারবে এ বিশ্বাস আমি করি না।

Sj. Amarendra Nath Basu:

আজ এই যে বিলটি সম্বন্ধে আলোচনা হচ্ছে আমি খুব সংক্ষেপে দু-চার কথা বলতে চাই। এই বিলটির মধ্যে আমরা এইটুকু পাচ্ছি যে, পুলিশের কাজে পুলিশকে সাহায্য করবার জন্য, অবসর সময়ে পুলিসের কাজ করবার জন্য কিছুসংখ্যক লোককে পুলিস সাজ-পোষাক পরিয়ে তাদের সঙ্গে যুক্ত করা হবে। সেটা থেকে তাঁরা একটা জিনিস পাবেন সেটা হচ্ছে পুলিস জনপ্রিয় হবেন তাঁদের চেষ্টায়। পুলিশের সঙ্গে জনসাধারণের যোগাযোগ বাড়বে এবং মোটামুটি সেটা একেবারে নিখরচায়। এমন একটি ভাল প্রস্তাবের বিরুদ্ধে বিরোধী পক্ষরা দাঁড়িয়েছেন এতে মনে হয় নিশ্চয়ই কংগ্রেসপক্ষের অনেকে ভাবেন যে সমালোচনা করা বা গাল দেওয়া এদের স্বভাব। কিন্তু আমি বলি তা নয়। এ বিলটি এমনি একটা মারাত্মক বিল, বিপদজনক বিল, এই বিলে আমি বলছি আমাদের বিশেষ কিছু করতে পারবে না কিন্তু জনসাধারণ যারা, নিরীহ লোক তারা আরও বিপদে পড়বে। গণসংযোগ হাজার হাত দূরে চলে যাবে। আজ যদি পুলিসের সংখ্যারই অভাব হতো, যদি পুলিশের প্রয়োজন হোত এবং বর্তমান কংগ্রেস সরকার তা যদি অনুভব করতেন তাহলে তাঁদের বলা উচিত ছিল আর দিন কতক অপেক্ষা করা। সামনের বাজেট যখন আলোচনা হবে তখন ১১র জায়গায় না হয় ১৫ কোটি টাকা করে নিতেন। আমরা সকলে মিলে বাধা দিলেও যেহেতু আপনারা সংখ্যায় অধিক আছেন তা ক'রে নিতে পারতেন এবং পুলিসের সংখ্যা বাড়িয়ে দিতে পারতেন। রাবণের দশটা মাথা ছিল এবং সে দশটা মাথা রাম সামলাতে পেরেছিল এবং আর দুটো মাথা থাকলেও তা সামলাতে পারত। পুলিসের যে সংখ্যা আছে তার উপরে যদি আরও বেশী সংখ্যা ক'রে দেন তা হ'লেও—যতই আপনারা ভাবেন—বিরোধী দাঁড়িয়ে থাকতে পারবে। এই কথার উপর আমি দুটো কথার জোর দেব। এই যে আপনারা মনে করেছেন যে, এতে জনসাধারণ তাদের কাজের সহযোগিতা করবে এবং এতে জনসাধারণ একটু প্রীত হবেন, পুলিসের উপর তাঁদের যে মনোভাব আছে সেটা তাদের দূর হবে, এটা একেবারেই ভুল। পুলিসের বিরুদ্ধে সাধারণ মানুষের যে রাগ তা দু'দিক থেকে। একদিক থেকে হচ্ছে গভর্ণমেন্টের নীতি। শ্রমিক মহিলাদের উপর গুলী চালালেন, তাদের মেরে ফেললেন—এতে পুলিসের উপর সাধারণ মানুষের ভাল ভাব আসবে না। হাড়কলে মেয়ে-পুরুষদের পুলিস লাঠি দিয়ে পেটালে তা দেখে পাড়ার হাজার হাজার লোকের ভালবাসা আসবে না। কাজেই সরকারের নীতিটা যদি সেদিক থেকে পরিবর্তন হয় তখন পুলিশের উপর আর রাগ ঘৃণা হবে না। গুপ্ত সাহেব ' বলেছেন যে, পুলিসের মধ্যে এরকম অসৎ লোক নেই, আবার বলেছেন আছে। আমার কথা হচ্ছে এই যে, পুলিসের' মধ্যে যাঁরা কাজ করছেন, সংখ্যায় কম ব'লে যে তাঁরা ভাল কাজ করতে পারছেন না তা নয়, সংখ্যায় আরো বেশী হ'লে যে তাঁরা ভাল কাজ করতে পারবেন তা নয়। আমি যতটুকু দেখেছি, তাতে এই দেখেছি যে, সাধারণ চোর

ডাকাত যারা মদ বিক্রী করে তাদের সঙ্গে পুলিসের সঙ্গে মনে হয় যোগাযোগ আছে। সেই যোগাযোগের জন্য যদি পাড়ার লোক ফোন করেও তাদের ডাকে যে অমুক জায়গায় একটা অন্যায় হচ্ছে আপনারা আসুন, তাহলে তারা আসতে দেরী করে এবং এলেও পরে দেখা যায় তার কোন ফল হচ্ছে না। এমন কি আমি যখন নিজে কোন পুলিসের বড় অফিসারকে বলি যে, আপনারা তো সেই পুরাতন পুলিস, একটা ভাঙ্গা রিভলবার ধরতে কত অত্যাচার করেছেন, আর চোখের সামনে এইগুলো হয়, আপনারা পারেন না ঠিক করতে। তাঁরা বলেন, আমরা জানেন তো একটা কনষ্টেবলকে ওখানে দাঁড় করিয়ে দিয়েছিলাম, সে দু'-চার টাকা খেয়ে এইরকম কাজ করে। কাঁহাতক আমরা কি করি। সেইজন্য এইভাবে লোকসংখ্যা না বাড়িয়ে পুরাতনকে যদি ছাঁটাই করতে হয় তা করে নূতন কিছু ভাল লোক, দেশে যেসব ভাল ছেলে আছে তাদের নিযুক্ত করুন। তাদের মধ্যে কিছু সংখ্যক যদি ভাল ঢুকতে পারে তাহলে তার দ্বারা বিশেষ কিছু কাজ হবে। আর একটা কথা হচ্ছে যে বিনা মাহিনায়। এই সভাতেই যখন আমাদের পক্ষ থেকে আমরা বলেছি যে, অমুককে তিন হাজার টাকা মাইনে দিয়ে কেন রাখা হচ্ছে আপনারা দেড় হাজার টাকা তাকে দিন তখন মন্ত্রী মহাশয়রা একসঙ্গে চিৎকার করেছেন যে, কম মাইনে দিলে কর্মচারী সৎভাবে কাজ করতে পারে না। সৎ থাকতে পারবে না। এই কথা এই সভাতেই মন্ত্রী মহাশয়রাই বলেছেন। কিন্তু আজকে তাঁরা বলছেন যে, বিনা মাইনেতে তোমরা সৎভাবে কাজ করবার জন্য এসো।

[5-40—6 p.m.]

আর একটা কথা, যারা আজ এ কনষ্টেবলের কাজ করে যাচ্ছে এবং যাদের প্রচুর প্রশংসা আমাদের মুখ্যমন্ত্রীমহাশয় করলেন তারাও যে কিরকম কাজ করে, অতটুকু ক্ষমতা পেয়েও যে তারা জনসাধারণের উপর কিরকম অত্যাচার করে, সে খবর ওঁর কাছে আসে না, এলেও তিনি শোনেন না। আমি জানি যে, দুর্গাপূজার সেবাকার্যের সময় তারা ভাল কাজ করে। আমি এও জানি স্পেশাল কনস্টেবল যারা ঐ পুলিসের ধাঁচে তারা সার্বজনীন দুর্গাপূজার মাঠে মদ খেয়েও ঢুকেছে এবং সাধারণ মানুষ তাদের তাড়িয়ে দিয়েছে। পাড়ার দুই পক্ষে গুণ্ডা মারামারি করছে, রাত ১২টার সময় আমি গিয়ে উপস্থিত, দেখেছি যে ঐ দু'পক্ষেরই স্পেশাল কনস্টেবল হচ্ছে সর্দার। এটাও আমি নিজে দেখেছি। লাভের মধ্যে এই হবে, সাধারণ মানুষের যারা ১০০ হাত দূরে থাকত তারা আজ পাড়ায় পাড়ায় থানা তৈরি করবে ডাঃ রায়ের ইচ্ছায়। ঐ যে অফিসারটি স্পেশাল অফিসার হবেন তাঁর বাড়ীতে আরও জনকতক লোক জুটবে এবং সেখানে একটি ছোটখাট থানা হবে এবং তাতে পাড়ার নিরীহ লোকরা এতদিন হয়ত দশজনকে সেলাম দিয়ে আসছিল আজকে তাদের আবার এই ১১ জনকে সেলাম দেবার ব্যবস্থা করে দিচ্ছেন। আমি নিশ্চিত বলতে পারি, এর দ্বারা জনসাধারণের পুলিসের উপর তাদের মনোভাব বদলাবে না। এর দ্বারা সাধারণ মানুষের কোন উপকার হবে না। এর দ্বারা বরঞ্চ পল্লীর লোকের উপর পীড়নই চলবে এবং পল্লীর লোকের যে ঘুষ দেবার মাত্রা সেমাত্রা আরও কিছু বেড়ে যাবে। আমি জানি একটা খবর—থানায় একটি সাধারণ মানুষকে নিয়ে গিয়ে মারপিট করা হোল—তারপর তিনি যখন পুলিস কমিশনারের কাছে দরখাস্ত করলেন এবং যখন পুলিস কমিশনার বিচার বিভাগে পাঠিয়ে দিলেন, তখন সেই অফিসারের বিরুদ্ধে তখনই এক দল লোক লেগে গেল, ভাই তুমি এ কেসটা মিটিয়ে নাও, এসব ঝঞ্ঝাটের মধ্যে যেও না—ও নাহয় এক থানা থেকে আর এক থানায় চলে যাবে। এইসব কাজ কারা করছে? এইসব কাজ করছে, গুপ্ত সাহেব যাদের প্রশংসা করলেন, এই স্পেশাল কনষ্টেবলরা। এখনও ঐ ধাঁচের লোক আছেন। সেইজন্য আমি মোটামুটি এই কথা বলি, এর দ্বারা কোন উপকার হবে না। যদি কিছু অন্ততঃ ভাল হ'ত তাহলে নিশ্চয় আমরা এটা বিবেচনা ক'রে দেখতাম। আজ যদি সরকার সত্যিই জনপ্রিয় হতে চায় তাহলে তার অন্য পথে যাওয়া উচিত। আজ যদি সরকার এটা করতেন যে, আমরা এই কলকাতার সহরে ১ হাজার নৈশ বিদ্যালয় খুলব, বিনা মাইনেতে আমরা এক হাজার লোক চাই যারা পড়াতে পারবে—আমরা ঘর দেবো, বাড়ী দেবো, আলো ক'রে দেবো—বিনা মাইনেতে শিক্ষক আসুক—তাহলে আমরা সবাই মিলে যোগাড় করে দিতাম এক হাজার ছেলে। এক হাজার ছেলে তাদের পড়াত, তাদের অন্ততঃ কিছুটা লেখাপড়া শেখাত এবং তার দ্বারা সত্যিই সরকার জনপ্রিয় হ'ত, তার দ্বারা তারা আমাদের সহযোগিতা পেতেন।

আজকে চার পাঁচ রকমের পুলিস বিভাগ আছে, সশস্ত্র আছে, শস্ত্রহীন আছে, আবার এমন এক-রকমের পুলিস আছে তারা স্কুলে আছে, কলেজে আছে, বেসরকারী প্রতিষ্ঠানেতে আছে, পল্লীতে আছে, ক্লাবে আছে এবং সব জায়গায় আছে এবং তাদের উৎপাতের ঠেলায় সাধারণ মানুষ বিপন্ন। আবার এইরকম একটা আধা পুলিস, পুলিসের ধাঁচে আর একটা পুলিস বাহিনী করবার কি কারণ আছে? তাই আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি, এটা প্রত্যাহার ক'রে নিতে, এ আর জনমতের নিকট পাঠাবার কোন প্রয়োজন নেই এবং এটা প্রত্যাহার করে নিয়ে আপনি যেটা বলেন সময় নষ্ট না করা তাই করুন। আমিও সময় নষ্ট করতে চাই না। এইরকম বাজে বিল নিয়ে এসে ওরকম সময় নষ্ট যেন না করেন।

[At this stage the House was adjourned till 6 p.m.]

(*After adjournment.*)

[6—6-10 p.m.]

Janab A. M. A. Jaman:

মিঃ স্পীকার, স্যার, আজকে এই যে বিলটা এসেছে—

Calcutta Police and Suburban Police (Amendment) Act

এই সম্বন্ধে অনেক কথা এ'রা বলেছেন। আমরা সব সময় দেখে আসছি যে, যখনই গভর্নমেন্ট পক্ষ থেকে কোন সুষ্ঠু ও ভাল জিনিস আসে তখনই বিরোধী দলেরা তীব্র ভাষায় তার প্রতিবাদ করেন। তাঁরা জানেন যে, গভর্নমেন্ট যদি পপুলার হয়, গভর্নমেন্ট যদি ভাল কাজ করে জনসাধারণের সহযোগিতা পায় তাহ'লে তাদের অস্তিত্ব থাকবে না। তার প্রমাণ দেশ-বাসী পেয়েছেন। তাঁদের অনেক অভিযোগের মধ্যে তাঁরা একথাও বলেছেন যে, সেই পুরানো পুলিসই রয়ে গিয়েছে। পুরানো তো অনেক কিছুই হতে পারে। পুরানো বাংলাদেশ তথা পুরানো ভারতবর্ষ রয়ে গিয়েছে। এ'দের কথামত করতে গেলে পুরানো ভারতবর্ষ ছেড়ে দেওয়া দরকার। বাংলাদেশও ছেড়ে দেওয়া দরকার। ইংরাজ এসেছিল, এখন চলে গিয়েছে। এখন কংগ্রেস রাজত্ব চলছে। অন্যরকম পলিসি চলছে। তাই পুলিসেরও আর সেইদিন নাই। একথাটা যদি তাঁরা চিন্তা ক'রে দেখেন তাহ'লে আমার মনে হয় তাঁদের বলবার কিছু থাকে না। এই যে স্পেশাল পুলিস হচ্ছে তাঁরা সব অনারারি হবেন। এই নিয়ে কিছু কথা হয়েছে। একটা কথা বলা হয়েছে বেতন ছাড়া কে কবে কাজ করেন। এখানে আমি শুধু এই কথা বলতে চাই, এই যে তাঁরা এখানে এসেছেন—এসেম্বিতে এসেছেন, তাঁরা কি শুধু বেতনের জন্যই এসেছেন?—শুধু ২০০৲।২৫০৲ টাকা পাবেন বলেই এসেছেন? এটাই কি তাঁরা মনে করেন? এই দিকটা একটু ভেবেচিন্তে দেখা দরকার। আর একটা কথা, তাঁরা ভুলে গিয়েছেন দেশের লোক বুঝি দান করতে চায় না। শ্রমদানের কথা তো বেশীদিনের কথা নয়। এটাকে তাঁরা শুনেন নি? দেশবাসীর ত্যাগের কথা কি এ'রা ভুলে গিয়েছেন? দেশ-বাসীকে উচ্ছৃংখল জনতার হাত থেকে রক্ষা করার জন্য আজ আবালবৃদ্ধবনিতা সমাজসেবার কাজে অনুপ্রাণিত হয়ে এগিয়ে আসেন এটা কি তাঁরা ভুলে গিয়েছেন? এ'রা লালচোখে দুনিয়াকে দেখেন—সেই চোখে দেখা এখন চলবে না। এই জিনিসটা একবার ভেবে দেখবার জন্য তাঁদের অনুরোধ করি। এখন কতরকম অসুবিধার সম্মুখীন হতে হয়। থানা বহু দূরে থাকার দরুণ জনসাধারণ প্রয়োজনের সময় পুলিসের সাহায্য গ্রহণ করতে পারে না, নানারকম হয়রাণির দ্বারা নাস্তানাবুদ হতে হয়। এই বিলের দ্বারা প্রতি পল্লীতে পল্লীতে পুলিস অফিসার হবে—আর তাহ'লে অনেক উপকারই হবে—এতে তাঁদের ইষ্ট ছাড়া অনিষ্ট হবে না। গুণ্ডার উপদ্রব কমবে। তাদের অস্তিত্ব লোপ পেয়ে যাবে। যদি দেশবাসীকে বাঁচিয়ে রাখতে চান, ট্রামবাস পুড়িয়ে মানুষকে উচ্ছৃংখলতার পথে এগিয়ে না নিতে চান তাহলে দেশে শান্তির আবহাওয়া সৃষ্টি করতে হবে; দেশে শান্তি বহাল করতে হবে। গুণ্ডামী বদমাইসী দ্বারা কাজ হবে না, রাস্তাঘাটে গুণ্ডামী করা চলবে না।

Sj. Ambica Chakrabarty: On a point of order, Sir,

উনি কি আমাদের লক্ষ্য করে এসব ব'লছেন?

Mr. Speaker: He is not attacking anybody in particular.

Janab A. M. A. Jaman: Special Police Officer সম্বন্ধে আশঙ্কা প্রকাশ করা হয়েছে যে, তাঁরা ঘুষ খাবেন। আমি এখানে বলতে চাই, যাঁরা দেশের কাজ করবেন তাঁরা ঘুষ খেয়ে কাজ করবেন এমন আশঙ্কাপ্রকাশ অমূলক এবং ভুল। আমাদের মধ্যে কয়জন এম, এল, এ, ঘুষ খেয়ে কাজ করেন? আমি আবার বলছি দেশে এমন অনেকেই আছেন যাঁরা বিনা প্রতিদানে দেশের স্বার্থে দানই করে যেতে চান। আর সেইসব লোককেই স্পেশাল পুলিসে নেওয়া হবে। আমার আরেক বন্ধু বলেছেন যে, যেভাবে বিল করা হয়েছে তাতে এই কাজে যোগদান করার জন্য শুধু নিম্নশ্রেণীর লোকই এগিয়ে আসবে। মাননীয় স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি স্পষ্ট করে ওঁদের জানিয়ে দিতে চাই যে, নিম্নশ্রেণীর কথা এইপ্রথম ওঁদের মুখে শুনা গেল। ওঁদের মুখে এসব কথা শোভা পায় না। আরেকটা কথা বলতে চাই। অমরদা বলেছেন পুলিসের উপর দুই কারণে লোকের রাগ রয়েছে। একটা হচ্ছে পুলিস গভর্নমেন্টের পক্ষ নেয়। দ্বিতীয় হচ্ছে পুলিস লোকের উপর গুলী চালায়। আজকাল দেশে একটা অনিষ্টকর প্রথার সৃষ্টি হয়েছে। যখন তখন যেকোন কারণে শ্রমিক, কৃষক, ছাত্রদের মুখরোচক কথা ব'লে এসেম্বি্ল ঘেরাও করার জন্য নিয়ে আসেন —তাদের বলা হয় এসেম্বি্ল ঘেরাও করলে বোনাস পাওয়া যাবে, এটা সেটা পাওয়া যাবে, দাবী-দাওয়া আদায় হবে। এ'রা কোন মুখে একথা বলেন জানি না। পুলিস জনসাধারণের সেবার জন্য, শান্তি আনয়নের উদ্দেশ্যেই রয়েছে—এবং উচ্ছৃঙ্খলতা দমন করবার জন্য। একথা ভুলে গেলে চলবে না। এ'রা যা বলেন, সেটাই যদি সত্য হ'ত তাহলে বাংলাদেশের তথা ভারতবর্ষের ১২।১৪ আনা লোক ওঁদের দলেই থাকত, কংগ্রেসে থাকত না। আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, এই এসেম্বি্ল ৩য় বর্ষ গিয়ে ৪র্থ বৎসরে পড়ল—এই কয় বৎসরে জনসাধারণ তাঁদের মনোনীত মেম্বারদের দ্বারা এই ধারণার অপোজ করে এসেছে। স্পেশাল পুলিস বিলটা সার্কুলেট করার কথা অনেকে বলেছেন। বলেছেন এই বিলের দরকার নাই, কোন যৌক্তিকতা নাই। কিন্তু দেশবাসী তাঁদের কথা মানে না। আজ আর দেশবাসীকে ভুল বোঝান চলবে না—চলে না। এজন্য আমি দেশবাসীকে ধন্যবাদ দিচ্ছি। আজ জনসাধারণ গভর্নমেন্টের সঙ্গে নিজেদের স্বার্থ মিলিয়ে চলতে শিখেছে। আজ জনসাধারণের মধ্যে থেকে স্পেশাল পুলিস বাহিনীতে যোগ দেবার জন্য এগিয়ে আসবে। কাজেই আমার মনে হয় জনসাধারণ তাঁদের ভাঁওতায় ভুলবে না।

[6-10—6-20 p.m.]

Sj. Raipada Das: Mr. Speaker, Sir, the co-operation between the public and the police is undoubtedly desirable. But the measure that has been contemplated in the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, is a most impractical one. For, who are the people that will be prepared to render unpaid services to the police? Either they must be men who have dedicated themselves to the service of humanity and have nothing to expect in return. Or, they must be a class of vagabonds who have got nothing to do but to go about loafing and often indulging in anti-social activities. The first type of men are very rare in the country. Indeed, they have become rarer after independence. Again, the few that are available will resent being appointed special police officers and dancing to the tune of the Commissioner or Deputy Commissioner of Police. They have their own way of serving their country and her people. The second type is not very hard to get. But the unholy combination of these people with the corrupted police will not help cure the malady the Government seeks to cure. These people will harass the public in various ways, accept illegal gratification in lieu of pay, as they would, of a certainty, come to look upon it, both on their own behalf and on behalf of the masters they serve. Thus, the proposed measure, instead of creating a civic sense among members of the public, will help a section of them practise corruption with impunity and oppress people in season and out of season on the flimsiest grounds. They will be a standing menace to the healthy and normal life of the society. The crying need of the country is to check and eliminate corruption which seems to have been let loose since

independence. It has vitiated not only the police but all categories of service from the top to the bottom. Our social life itself has been devastated by this ever-growing and ever-spreading vice. *It must be* checked and not only checked, but rooted out if free India is to remain free and move towards progress and prosperity. The contemplated measure will not touch even the fringe of the colossal problem. In no way will it help society but will result in making it more depraved and more unhealthy.

There are enough police in the land. What the Government has got to do is that it must not only increase the efficiency of the police but must look to their integrity. The corrupted police cannot be expected to check corruption—far less to eradicate it. Let Government face this stupendous problem boldly and in a realistic way with a view to finding out a proper solution, instead of tinkering with such half-hearted measures as the one contemplated in the Bill before us. Mere multiplication of police without any attempt at improving their efficiency and integrity will never deliver the goods. The police hold a key-post in the administration. If it gets weak and cankerous, the whole administration will crumble down.

Sj. Ganesh Ghosh:

স্পীকার স্যার, কলকাতা এবং উপকণ্ঠে স্থায়ী পুলিস ব্যবস্থা বাড়াবার জন্য এই বিল আনা হয়েছে, অথচ বলা হচ্ছে যে, পুলিসের সঙ্গে জনসাধারণের ঘনিষ্ঠ সংযোগ স্থাপন করা এবং জনসাধারণের মধ্যে নাগরিক চেতনা বৃদ্ধি করা এর উদ্দেশ্য। কিন্তু কিভাবে জনসাধারণের নাগরিক কর্তব্যের চেতনা বৃদ্ধি পাবে সে সম্পর্কে কিছু বলা হয় নি। এই বিশেষ পুলিস অফিসারের কি ফাংসন তারও আভাষ দেওয়া হয় নি। স্বভাবতঃ বর্তমানে যে পুলিস অফিসার যে কর্তব্য করেন এবং যেভাবে করলে নতুন অফিসারেরা যে তার চেয়ে নতুনভাবে কিছু করবেন সে সম্বন্ধে প্রধানমন্ত্রী কিছু বলেন নি। এই সমস্ত পুলিস অফিসার হিসেবে যাদের নিয়োগ করা হবে তাদের কি গুণ থাকবে তার কিছু বলা হয় নি। গত পরশু যে জাষ্টিস অফ পিস সম্বন্ধে আলোচনা হলো সেথায় বলা হয়েছে

"They must be citizens of India and as to whose integrity and suitability the Government is satisfied."

এই কথা বলেছিলেন। কিন্তু এই যে পুলিস অফিসার, কনস্টেবল নেওয়া হবে

with all the powers of the police officers

তাদের গুণের সম্বন্ধে কিছুই বলা হয় নি। সুতরাং

any cattle-lifter, horse thief, pick-pocket, smuggler

যে-কেউ এই পুলিস অফিসার হিসেবে মনোনীত হতে পারবেন, এমনকি গুপ্তচরও বাদ পড়বেন না। এই পুলিস অফিসারের কি কেডার হবে বলা হয় নি। শেষকালে দেখা যাবে যে, একজন সাব-ইন্‌স্‌পেক্টরের চেয়ে একজন স্পেশাল পুলিসের জন্য টাকা বেশী খরচ হবে। কেন বলা হল না, এদের জন্য কিছু খরচ করা হবে না। আশ্চর্য এই যে, এতদিন বাদে কংগ্রেস মন্ত্রী বুঝতে পেরেছেন যে, জনসাধারণের সঙ্গে পুলিসের সংযোগ নাই। এবার সেই সংযোগ স্থাপন করা প্রয়োজন। ১৯৪৭এর পর থেকে সমস্ত বড় বড় নেতারা বলে থাকেন, পুলিস বদলে গেছে। বর্তমান পুলিস জনসাধারণের সেবক। তাদের সঙ্গে সংযোগ রক্ষা করে চলে। জনসাধারণ যেমন ক'রে ১৯৪৭ সালে পুলিসকে সন্দেহ করত, ভয় করত, বর্জন করে চলত আজকের দিনেও কি তা বদলে গিয়েছে? সাধারণ পুলিসের প্রতি আজও সেই সন্দেহ পোষণ করে যে, তারা ধনিক, মালিক কিম্বা জমিদার—এদের পক্ষে। তাই সাধারণ মানুষের পুলিসের প্রতি বিতৃষ্ণা, অবিশ্বাস, তাই থানায় যাবার নাম শুনলে কেঁদে ফেলে। নেতারা যখন বলছেন, জনসাধারণের সেবক হচ্ছে পুলিস—জনসাধারণ সে কথায় বিশ্বাস করে না কেন? কারণ ১৯৪৭ সালের আগে ইংরাজ সাম্রাজ্যবাদীরা পুলিসকে যেমন মনোভাব তৈরি করতে শিখিয়েছিলেন, জনসাধারণকে শত্রু হিসেবে দেখতো, তাদের প্রতি যেমন দৃষ্টিভঙ্গী গড়ে তুলতো, আমাদের শাসকেরা সেই নীতি অনুসরণ ক'রে চলছেন। তাই আজও পুলিসের প্রতি জনসাধারণের সন্দেহ, ভয়, ঘৃণা একটুও কমেনি। ১৯৪৭ সালের আগে তারা জনসাধারণের

বিরুদ্ধে জঘন্যতম অপরাধ করেছিল, বৃটীশ শাসকদের নির্দেশে তারা জনসাধারণের বিরুদ্ধে জঘন্যতম অত্যাচার করেছিল। আজও দেখা যায় জনসাধারণের বিরুদ্ধে অপরাধ, অত্যাচার করা হয়। আমাদের শাসকেরা তেমনি তাদের প্রশ্রয় দেন। এই যে পুলিসের জঘন্যতম অত্যাচারের অগণিত উদাহরণ আছে; এই যে কোচবিহারে গুলী চললো, অসহায় নরনারী প্রাণ দিলু, এই যে বিচারবিভাগীয় তদন্তের দাবীর ফলে সরকার হাইকোর্টের জাজ দিয়ে তদন্ত কমিশন গঠন করতে বাধ্য হয়েছিল এবং সেখানে আমরা জানি, বিশ্বাস করবার অনেক কারণ আছে, বিচারপতি গুহরায় পুলিসের বিরুদ্ধে মন্তব্য করেছেন এবং তাদের শাস্তির দাবী করেছেন। কিন্তু আমাদের সরকার কি করলেন—রায় চেপে দিলেন এবং বল্লেন, জন-স্বার্থের জন্য সেটা প্রকাশ করা হবে না। দাবী উঠল অপরাধীদের সাজা দাও। আমরা জানি সেই জঘন্যতম অত্যাচারী পুলিস অফিসারের প্রোমোশন দেওয়া হয়েছে।

[6-20—6-30 p.m.]

বৌবাজারের মোড়ে বাংলাদেশের মেয়েরা—তাদের স্বামী ও সন্তানদের মুক্তির জন্য দাবী করলে তাদের গুলী ক'রে হত্যা করা হ'ল। বলা হ'ল—তারা বোমা ফেলেছে। আমরা জানি মেয়েরা বোমা ফেলে নাই, অন্যেরা ফেলেছে। কিন্তু দুর্ভাগ্যক্রমে নারীরা মরলো পুলিসের গুলীতে। কিন্তু এই নারী হত্যাকারীর বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত পর্যন্ত হ'ল না। অথচ সেই পুলিসের প্রমোশন হয়েছে। বিগত ট্রাম আন্দোলনের সময় লালবাজার হেড-কোয়ার্টার্সের বড় বড় দু'-তিনজন অফিসারের বিরুদ্ধে—গুপ্তমহাশয় বললেন, বড় বড় অফিসাররা খুব ভাল হয়--ব্যাপক বিক্ষোভ হ'ল। কংগ্রেসী কাগজ লিখলো বাংলাদেশের পুলিশ সাম্রাজ্যবাদীদের জারজ সন্তান। তাদের বিরুদ্ধে দাবী উঠলো বিচার বিভাগীয় তদন্ত চাই। তা করা হ'ল কি? নারীদের ধর্ষণ করা হ'ল, বাড়ীর চারতলা থেকে চুল ধরে নামিয়ে আনা হ'ল, তাদের সাজা হ'ল কি? আমরা জানি তাদের উল্‌টে প্রমোশন হয়েছে।

তারপর বর্ধমান জেলার কেতুগ্রাম থানায় পুলিস গিয়ে একটা বিশেষ সম্প্রদায়ের নারীদের উপর অত্যাচার করলো, ধর্ষণ করলো, তার ফলে ব্যাপক দাবী উঠলো বিভাগীয় তদন্তের। কি হ'ল? কিছুই হ'ল না। মেয়েরা ধর্ষিতা হয়েছে মিথ্যা কথা নয়, বাড়ী লুট হয়েছে সেটাও মিথ্যা কথা নয়। তারা কি সেজন্য সাজা পেয়েছে? বিভাগীয় শাস্তিও কিছু দেওয়া হয় নাই। এবং তারা প্রমোশন পেয়েছে।

তারপর চিৎপুর থানার একজন সার্জেন্ট একটা ছোট ছেলেকে ধ'রে নিয়ে গিয়ে বেদম মারলো। তার গায়ে ১৮টি বড় বড় ঘা হ'ল। ছেড়ে দেবার পর সে বেলগাছিয়া মেডিকেল কলেজে দেখিয়ে সার্টিফিকেট নিল এবং আদালতে মামলা করলো। সে বিষয়ে বিভাগীয় তদন্তের দাবী উঠলে বলা হলো মোকর্দমা হচ্ছে, এখন কিছু করতে পারবো না। তিনি বললেন—

You will realise that it will be difficult for me to intervene at this stage. I will, however, keep in touch with the case and as soon as the enquiry is over, I shall be in a position to come to a decision.

তিনি আরো বললেন—

He also said,—I may also say, that I have had enquiry made departmentally, but I cannot give you the details at this stage.

এই ডিপার্টমেন্টাল এনকোয়ারিতে তিনি স্যাটিসফায়েড হয়েছেন কি? থানায় ধ'রে নিয়ে একটা ছেলের উপর অমানুষিক অত্যাচার করা হ'ল। তার সাজা হয়েছে কি? পুলিস তাদের ভয় দেখিয়ে মামলা মিটমাট করেছে। সেখানে পুলিসের সাজা না হয়ে বরং প্রমোশন হয়েছে। এইভাবে কি পুলিসকে প্রশ্রয় দেওয়া হচ্ছে না?

তারপর বীরভূমে যে ঘটনা হয়ে গেল, সে সম্পর্কে এখন কিছু বলবো না। পুলিসের দৃষ্টিভঙ্গীর আমূল পরিবর্তন না করে, অপরাধী পুলিসের কঠিনতম সাজা না দিয়ে, জন-সাধারণের কাছে পক্ষপাতহীন কোন উদাহরণ না দেখিয়ে, এই পুলিসের সঙ্গে গণসংযোগ করতে বলা অর্থহীন। এই বিল সম্পর্কে তাঁরা যা বলেছেন, তাঁরা সত্য কথা বলেন নি। এর উদ্দেশ্য অন্য কিছু। এই কলিকাতা সহরে স্পেশাল কনস্টেবল সৃষ্টির ব্যবস্থা আছে।

তার উপর আবার স্পেশাল পুলিস অফিসার সৃষ্টি করা হবে। অপরাধ কি দেশে বেড়েছে? দেশে পুলিসের সংখ্যা কত বেড়েছে তার একটু- তুলনামূলক হিসাব দেখাচ্ছি। ইংরেজ আমলে ১৯৪২ সালে ছিল ২,০৮২ জন লোকের জন্য একজন পুলিস; ১৯৪৬ সালে ব্যাপক রাজনৈতিক আন্দোলনের সময় ১,৮৬৬ জন লোকের জন্য একজন পুলিস ছিল; আজকে কলিকাতায় অগণিত ডি. আই. বি. ওয়াচারে ছেয়ে আছে. ডিটেকটিভে ভরে গেছে, তাদের ও ইণ্টার্ণ ফ্রণ্টিয়ার রাইফেলস্কে বাদ দিয়ে, ন্যাশনাল ভলাণ্টিয়ার ফোর্স বাদ দিয়ে, এখন ১৯২·৩ জনের জন্য একজন পুলিস আছে। তারপর এক হাজার আই. বি. ওয়াচার ও ডি. ডি. ওয়াচার ধ'রে নিয়ে দেখা যায় ১৮৭·৫৭ জন লোক পিছু একজন ক'রে পুলিস আছে। তার উপর শুনলাম ৯৪৭ জন স্পেশাল পুলিস অলরেডি আছে। তাহ'লে দেখা যাবে ১৬৬·১ জন লোকের জন্য একজন পুলিস আছে। এতেও যদি অপরাধ না কমে, এতেও যদি জনসংযোগ না হয়, তাহ'লে আর কিছুতেই হতে পারে না। বর্তমান দুর্নীতিপরায়ণ পুলিসকে দিয়ে গণসংযোগ হবে না।

ওঁরা বলেছেন বড় পুলিস ভাল। বর্তমান কংগ্রেসী বন্ধু নেপাল রায় গতবার উত্তর কলিকাতার পুলিস সুপারিনটেণ্ডেণ্টের বিরুদ্ধে জঘন্যতম অভিযোগ করেছিলেন। তাঁর প্রমোশন হয়েছে। শ্রীযুক্ত বঙ্কিম মুখার্জী প্রতি বাজেট সেসনে পুলিসের বিরুদ্ধে বলেন। তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয় না। ইংরেজ আমলের মত পুলিস জঘন্যতম অপরাধ করবার পরও এই কংগ্রেসী সরকার তাদের সস্নেহে প্রশ্রয় দিচ্ছেন। যে পুলিসের বিরুদ্ধে জনসাধারণের প্রচণ্ড বিক্ষোভ আছে, সেখানে জনসংযোগ হয় না। তাসত্ত্বেও পুলিস বাড়ান হচ্ছে। আমি বিশ্বাস করি নিশ্চয়ই এর পিছনে কোন রাজনৈতিক উদ্দেশ্য আছে। আমি বলবো এই পুলিস বাড়িয়ে বিরোধী পক্ষকে দখল করা যাবে না। যতক্ষণ সামর্থ্য থাকবে, বিরোধী পক্ষ লড়াই করে যাবে। সত্যি যদি চান—তাহ'লে পুলিসকে এমন শিক্ষা দেন যাতে জনসংযোগ হতে পারে, পুলিস সত্যিকারের জনসেবক হতে পারে।

Sj. Nepal Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, একটু আগে গণেশবাবু যে কথা বললেন যে, কয়েকজন পুলিস অফিসারের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে--আমরাও চাই না এইরকম কোন দুর্নীতিপরায়ণ অফিসার এখনও থাকুক। আমার সম্পূর্ণ বিশ্বাস আছে ডাঃ রায় নিশ্চয়ই এই সমস্ত দুর্নীতি-পরায়ণ পুলিস অফিসারদের নিশ্চিহ্ন করবেন। (এ ভয়েস্ ফ্রম অপোজিসন বেঞ্চঃ উনি আপনার কেসে কি করেছেন?) আমরা কখনই বরদাস্ত করবো না দেশের মধ্যে দুর্নীতিপরায়ণ কোন পুলিস অফিসার আর থাক্। ইংরাজ যা করেছে, তা করেছে; কিন্তু আমরা আর কিছুতেই এই দুর্নীতি সহ্য করবো না. দেশের মধ্যে দুর্নীতি আর কিছুতেই চালাতে দেবো না।

[বিরোধী পক্ষ হতে তুমুল গোলমাল।]

ওঁদের সম্বন্ধে যদি বলতে যাই তাহলে অনেক ইতিহাস বলতে হয়। আমি কারও পার্সোনাল ম্যাটার নিয়ে, কাউকে এটাক করতে বা আলোচনা করতে চাই না। আমি, স্যার, কিছু কিছু এই বিলকে সমর্থন করি। (এ ভয়েসঃ কিছু কিছু সমর্থন করেন কেন?) আজকে বোধ হয় আপনাদের ভয় হচ্ছে আগামী ইলেকসন্-এ জিততে পারবেন না বলে, এবং সেইজন্য আপনারা নার্ভাস ও অস্থির হয়ে পড়েছেন। [বিরোধী পক্ষ হতে তুমুল হট্টগোল।] (ভয়েসেসঃ বেরোও ওখান থেকে। যা জিতবে খালি নেপাল রায়।) এই স্পেশাল কনস্টেবলদের সম্বন্ধে আমি দু'-একটা কথা বলবো। আমি কয়েক বছর ধ'রে কলকাতায় আছি এবং ইতিপূর্বে আমি এই সমস্ত স্পেশাল কনস্টেবলদের বিষয় নিয়ে ক্রিটিসাইজ করেছি, তার কারণ তাদের সম্বন্ধে আমি সব জানতাম না। (এ ভয়েস্ ফ্রম অপসিসন্ বেঞ্চেস্ঃ এখন কি আপনার জ্ঞানচক্ষু উন্মীলন হয়েছে?) আমি আপনাদের মত হিপক্রিট নই, আমি যেটুকু জানি তা সোজাসুজি বলি।

Mr. Speaker: You need not address them. You address me.

Sj. Nepal Chandra Roy: Special constable

সম্বন্ধে যেটুকু অভিজ্ঞতা আমার আছে তা থেকে আমি বলছি। (এ ভয়েস্ঃ হঠাৎ আজ কোথা থেকে এত অভিজ্ঞতা সঞ্চয় করলেন?) তাঁরা আমাদের খেলার ফুটবল মাঠে পাবলিক

সার্ভিস্ দিয়েছেন। আমরা তাঁদের কলকাতার রাস্তায় ট্রাফিক কন্ট্রোল করতে দেখেছি, এবং কলকাতার সহরের নানান রোগ যখন এপিডেমিক ফর্ম-এ দেখা দিয়েছে তখন জনসাধারণের সেবা করেছেন, কলেরার ইনঅকুলেশন দিয়েছেন, বসন্তের টিকা দিয়েছেন। এই সমস্ত জনহিতকর কাজ করতে আমরা দেখেছি। (বিরোধী পক্ষ থেকে জনৈক সদস্যঃ তার জন্য পুলিস অফিসারকে পাঠিয়ে দিতে হবে নাকি?)

[6-30—6-40 p.m.]

স্যার, আজকে আমি এখানে একটা জিনিষ রাখতে চাই, আজকে যেটা সবচেয়ে বড় জিনিষ সেটা হ'ল আমাদের দেশের রাউডিজম্। (নয়েজ ফ্রম দি অপোজিসন বেঞ্চেস্ঃ তোমাদের মত লোক বাহিরে আছে, সেইজন্য রাউডিজম কর্মপ্লিটলি বন্ধ হ'তে পারে না।) স্যার! গুণ্ডাইজম এণ্ড রাউডিজম পুলিসকে আজ বন্ধ করতে হবে। আজ কলিকাতার একটা থানার এলাকায় ৩ লক্ষ লোকের বাস, আর থানায় থাকে সামান্য কয়েকজন অফিসার এবং কনষ্টেবল। এ অবস্থায় তারা রাউডি এলিমেন্ট বন্ধ করতে পারে না। অতএব তা যদি করতে হয় তাহলে আজ স্পেশাল পুলিস অফিসারের সত্যই প্রয়োজন। একথা, স্যার, আমি যখন ও দলে ছিলাম তখনও বলেছি যে, রাউডিজম বা উচ্ছৃংখলতা বন্ধ করতে হ'লে, ডাকাতি বন্ধ করতে হ'লে আজকে সরকারের প্রয়োজন বজ্রকঠিন হস্তে তাদের দমন করা। স্যার! আমি দেখেছি, স্পেশাল কনস্টেবল যাদের নিযুক্ত করা হয়েছে তারা ভাল ভাল ঘরের ছেলে; সেইরকম দেখেই নেওয়া হয়েছে। ২।৪ জন খারাপ যে নেওয়া হয় নি তা বলছি না; দু'চারটে খারাপ লোক ঢুকে পড়েছে, ওদের আজকে বেছে বেছে সরিয়ে দিতে হবে; তাহ'লে ফোর্স ভাল হবে।

স্যার! আমার অপোজিট পার্টির ওঁরা বলেছেন যে, তাঁরা ২৫ হাজার লোককে নাকি ধরেছেন। রায়বাহাদুর মুখার্জী এ বিষয়ে অনেক কাজ করেছেন। একথা সকলেই জানেন যে, এই ২৫ হাজারের মধ্যে কয়েক হাজার লোককে গুণ্ডা ব'লে ধ'রে ওয়ার্ণিং দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে, আর সত্যিকারের যারা ক্রিমিনাল তাদের কনভিকসন দেওয়া হয়েছে এবং এটা ভালভাবে নিরীক্ষণ এবং বিচার ক'রেই দেওয়া হয়েছে। এসব আমি বেশ ভালই জানি; কারণ, আমি পুলিসকে সহায়তা করেছি, একাজে তাদের সহযোগিতা দিয়েছি; কিন্তু আজকে যাঁরা লম্বা লম্বা কথা বলছেন, তাঁরা তার কিছুই করেন নি। তাঁরা দূর থেকে ঢিল মারতে চান।

তারপর অনেকে বলেছেন, খরচ হবে। কিন্তু স্যার! আমি বলছি এই স্পেশাল কনস্টেবল যারা আছে তারা নিজেদের জামাকাপড় নিজেরাই ক'রে নিয়ে কাজ করছে। একটা পয়সাও স্পেশ্যাল কনষ্টেবলের জন্য সরকারের খরচ নেই; অথচ আমরা কি পাচ্ছি? আজকে স্পেশাল কনষ্টেবল মানে ডিসিপ্লিনড্ বাংলার যুবক। আজ দেশের যারা ইন্ডিসিপ্লিনড্ তাদের ডিসিপ্লিন্ শিক্ষা দেবার জন্য কয়েক হাজার লোকের প্রয়োজন এই কলিকাতা শহরেই। কয়েক হাজার লোকের মধ্যে এই শিক্ষা দিয়ে আমরা সমাজকে ভবিষ্যৎ উন্নতির দিকে এগিয়ে দিতে পারব, অন্ততঃ বাঙালীকে কেউ ইন্ডিসিপ্লিনড্ বলবে না। আজকে বলতে পারি—

"it is a boon to the country"

যদি বিপক্ষীয় বন্ধুরা বিরোধিতার খাতিরে এই বিরোধিতা করেন তাহ'লে এটা অত্যন্ত দোষের হয়। স্যার! আমার বন্ধু সুবোধ ব্যানার্জী কয়েকটা কথা বলেছেন। তিনি বলেছেন যে, এই স্পেশাল অফিসার বা স্পেশাল গার্ড হয়ত স্ট্রাইকের ব্যাপারে ঠেঙাবার কাজে তাদের লাগান হবে। একটা এক্জাম্পলও কি দিতে পারেন যে, কখন কোন স্পেশাল কনস্টেবলকে মিলের কাজে ব্যবহার করা হয়েছে? কোন জায়গায় তা দেখাতে পারবেন না। তাই যেমন যাদের কুকুরে কামড়ায় তারা জল দেখলে ভয় পায়, তেমনি আজকে ওঁদের অবস্থাও তাই হয়েছে; জল দেখেই ভয় খাচ্ছেন। (বিপক্ষ দল হইতেঃ "ব'স, ব'স"।)

আমি স্যার! আর একটা কথা ব'লব, সেটা হচ্ছে ওঁরা বলেছেন যে, "ইলেকশন ক্যাম্প" তৈরী করছেন। আমি বলি তোমরা ইলেকশনে এত ভয় পাও কেন? এই যে গুণ্ডা দমন করার জন্য এই সব করা হচ্ছে এ না হলে পরে হয়ত ওঁদের ঐ সামনের বেঞ্চে ৩।৪ জনের বেশীই থাকবে না ব'লেই মনে হয়। স্যার! আমি এই বিলটা সমর্থন করছি এবং বলছি

যে, বারবার এজন্য দাবী তুলেছি—যাতে বাংলার লোক শান্তিপূর্ণভাবে জীবনযাপন করতে পারে তার জন্যই এই বিল আনা হয়েছে। যখন ওদিকে ছিলাম তখনও সমর্থন করেছি, আজও করি। কিন্তু ওঁরা যে কেন বিরোধিতা করছেন বুঝতে পারছি না।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের সামনে আর একটি অনিষ্টকর এবং আপত্তিকর বিল আনা হয়েছে। আমি আশ্চর্য হচ্ছি যে, গত শনিবার দিন তাঁরা যে ফৌজদারী কার্যবিধি সংশোধন বিলটি ভোটের জোরে পাশ করিয়ে নিয়েছেন তার থেকে তাঁদের সুবুদ্ধি হওয়া উচিত ছিল। সেদিন বিরোধী দল বিলটি প্রত্যাহারের জন্য আবেদন নিবেদন করেছেন, বিরোধিতা করেছেন, তৎসত্ত্বেও একটু কোন পরিবর্তন না করে সেটা পাশ করিয়ে নেওয়া হয়েছে এবং আমি মনে করি তার দ্বারা সরকার সমস্ত পশ্চিমবাংলার পল্লীতে পল্লীতে পুলিস রাজ কায়েম করবার পাকাপোক্ত ব্যবস্থা করিয়ে নিয়েছেন। আজকে আবার লক্ষ্য করছি কোন অস্বাভাবিক অবস্থা না থাকা সত্ত্বেও তাঁরা সহরের জন্য ঐ ধরনের অন্য একটি বিল এনেছেন। আমি স্বীকার করি অস্বাভাবিক অবস্থায়, যেমন সাম্প্রদায়িক দাঙ্গার সময় বা রাষ্ট্রের বিরুদ্ধে অভ্যুত্থানকালে অতিরিক্ত পুলিস বাহিনীর প্রয়োজন, কিন্তু আমাদের কোটি কোটি টাকা খরচ করে যে বিরাট পুলিস বাহিনী গ'ড়ে তোলা হয়েছে, বিশেষ কারণ না থাকা সত্ত্বেও আবার কলিকাতা ও সুবার্বাণ পুলিস আইন সংশোধন করে অবৈতনিক স্পেশাল পুলিস অফিসারদের অন্য একটি বিরাট বাহিনী গ'ড়ে তোলা হচ্ছে কেন? আমার মনে হয় কিছুদিন পূর্বে পুলিশেরা যেভাবে বিদ্রোহী হয়ে উঠেছিল ডাঃ রায় সেজন্য হয়ত এখন আর তাদের বিশ্বাস করতে পারছেন না এবং সেজনাই এই বিশাল পুলিস বাহিনী গঠন করছেন, অথবা আমি মনে করি যে, জাগ্রত জনসাধারণের পশ্চাতে পুলিশ দল লেলিয়ে দেবার জন্য—তাদের ন্যায়সংগত দাবীকে চুরমার করে দেবার জন্য, আবার একটি পাকাপাকিভাবে পুলিসবাহিনী তৈরী করা হচ্ছে। আমি বিশ্বাস করি যে, হয়ত তাঁরা মনে করছেন, এই পুলিসবাহিনীর দ্বারা গ্রামে গ্রামে, পল্লীতে পল্লীতে, অলিগলিতে পুলিস সৃষ্টি করে, সেখানে কৃষক আন্দোলনকে, সেখানে শ্রমিক আন্দোলনকে, সেখানে ছাত্রদের আন্দোলনকে, সেখানে যুবসমাজের আন্দোলনকে দমিয়ে দিতে পারবেন এবং শেষ পর্যন্ত আগামী নির্বাচনের প্রস্তুতির জন্য এই পুলিস বাহিনীকে কাজে লাগাতে পারবেন। তাঁরা সেদিন বলেছেন যে, গণতন্ত্রকে বজায় রাখবার জন্য তাঁরা এইসব করছেন। যাঁরা কথায় কথায় বলেন কল্যাণমূলক রাষ্ট্র কিন্তু তাঁরা যে পুলিসী রাষ্ট্র করতে যাচ্ছেন তার জন্য তাঁদের লজ্জা পাওয়া উচিত। যাঁরা কথায় কথায় অহিংসা এবং শান্তির কথা বলেন, কিন্তু এইরকম বন্দুক উঁচিয়ে, লাঠি উঁচিয়ে শান্তির কথা বা অহিংসার কথা বলা যায় না—একথা তাঁদের স্মরণ রাখা উচিত। জামান সাহেব কিছুক্ষণ পূর্বে বৃটিশ সরকারের শাসনের কথা উল্লেখ করেছিলেন, আমি সেই বৃটীশ সরকারের শাসন সম্পর্কে এই কথা বলতে চাই, তারা একদিন এই ফৌজদারি কার্যবিধি আইন ও ভারতীয় দণ্ডবিধি আইনকে অস্ত্ররূপে ব্যবহার করে জাগ্রত ভারতবাসীকে—মুক্তিকামী ভারতবাসীকে পর্যুদস্ত করবার জন্য ও তাদের ভীত সন্ত্রস্ত করবার জন্য কাজে লাগিয়েছিল।

[At this stage the blue light was lit.]

Mr. Speaker:

রিপিট করছেন সব।

Sj. Balailal Das Mahapatra:

যে কুখ্যাত এণ্ডারসনী শাসন—উইলিংডনী শাসন এই বাংলাদেশে কুখ্যাত হয়ে রয়েছে আজ ডাঃ রায় সেই উইলিংডনী শাসনের—এণ্ডারসনী শাসনের প্রবর্তন করবার চেষ্টা করছেন এবং আমি মনে করি যে, আজও ডাঃ রায় যদি সতর্ক না হন, আজও যদি এই বিল প্রত্যাহার করে না নিয়ে ক্ষমতার অপব্যবহার করেন তাহলে বাংলাদেশের ইতিহাস লেখকরা তাঁকে বাংলাদেশের টেগার্ট নামে—বাংলাদেশের এণ্ডারসন নামে, আখ্যাত করবে—একথা আজ তাঁদের স্মরণ রাখতে হবে। এই বিলে পুলিস অফিসারের ক্ষমতা দিয়ে যে স্পেশাল পুলিস অফিসার নিয়োগ করবার ব্যবস্থা করা হচ্ছে আমি মফঃস্বলের লোক—তাই আমি বলতে চাই যে, মফঃস্বলে এখনও

পর্যন্ত দারোগার যে ব্যাপক অত্যাচার, সে সম্বন্ধে আমার অভিজ্ঞতা রয়েছে। আমার কনষ্টিটিউয়েন্সীর কথা বলব।

[At this stage the red light was lit.]

আর দু' মিনিট, স্যার। গণেশ ঘোষ মহাশয় পুলিস অত্যাচার সম্বন্ধে অনেক কথা বলেছেন, আমি তার পুনরুল্লেখ করব না। আমি আমার কনষ্টিটিউয়েন্সীর কথা বলছি। গত ২৫শে এপ্রিল আমার নির্বাচনকেন্দ্র রামনগর থানার পুলিসেরা সেরপুর নামক একটি গ্রামে ঢুকে যেভাবে অত্যাচার করেছে, তা ১৯৪২ সালের পুলিসী অত্যাচারকে হার মানিয়ে দেয়। পুলিস গ্রামের মধ্যে ঢুকে মারপিট করেছে, লাথি মেরে ভাতের হাঁড়ি ভেঙ্গে দিয়েছে এবং জিনিসপত্র তছনছ করেছে-লুটপাট করেছে। ঐ পুলিসের অত্যাচারে গ্রামের লোক ৩।৪ দিন পালিয়ে গিয়েছিল।

[6-40—6-50 p.m.]

এইসব কারণে আজকে জনসাধারণ পুলিসের সঙ্গে সহযোগিতা করতে পারে না। আর এই অবস্থায় তিনি নূতন পুলিসবাহিনী গঠন করতে যাচ্ছেন। পুলিস সেখানে জনসাধারণের সহযোগিতা পাবে না, এবং সেখানে জনসাধারণের নাগরিক বুদ্ধি ও কর্তব্যবুদ্ধি জাগ্রত হবে না। আজকে শতকরা ৯৫ জন পুলিসের সঙ্গে গুন্ডা দলের, ডাকাত দলের এবং পকেটমার দলের সঙ্গে সম্পর্ক রয়েছে—এটা কে না জানে। কাজেই যদি মনে করেন যে, সত্যকারের গুন্ডাদমন করতে হবে এবং পকেটমারকে দমন করতে হবে, তাহলে এ উপায়ে কোনদিন হতে পারে না। কারণ যে পুলিসের মধ্যে শতকরা ৯৫ জন দুর্নীতিপরায়ণ রয়েছে তাদের দিয়ে সমাজের মঙ্গল হতে পারে না। শ্রীযুত জে, সি, গুপ্ত মহাশয় বলেছেন যে, তাদের ভিতর যদি ভদ্রলোক যায় তাহলে তারা সৎ হতে বাধ্য। কিন্তু পুলিসের কাজে কোন ভদ্রলোক সহজে যেতে প্রস্তুত নয়। সেখানে আমি বলি যে, তাঁরা নূতন করে আবার বিল নিয়ে আসুন এবং এই বিলকে প্রত্যাহার করে নিন। বাংলাদেশের দিকে তাকিয়ে এবং যাতে বাংলাদেশের উপর অত্যাচার না হয়, কোন অপকার না হয় সেইদিকে তাকিয়ে এই বিলকে প্রত্যাহার করুন এবং সত্যিকারের জনসাধারণের সেবার ভিতর দিয়ে জনসাধারণের সত্যিকারের সহযোগিতা পাবার চেষ্টা করুন।

Sj. Ambica Chakrabarty:

মাননীয় স্পীকার মহাশয়! এই বিল আনার মূল উদ্দেশ্য কি তা বুঝতে কারুর বাকী নেই। কারণ এই রাষ্ট্রে বেতনভোগী অনেক পুলিস রয়ে গেছে। নিম্নপদস্থ উচ্চপদস্থ অনেক পুলিস অফিসার রয়ে গেছে এবং অবিভক্ত বাংলা থেকে এখন পুলিসের সংখ্যা বেড়েছে এটা প্রত্যেকেই জানেন। আগে ১৩ মাইলে একজন পুলিস ছিল, আর এখন ১০ মাইলে তিনজন পুলিস হয়ে গেছে এবং এত পুলিস থাকা সত্ত্বেও যেখানে গণসংযোগ হচ্ছে না এবং জনগণের নাগরিকদের প্রতি কর্তব্য পালন করা হচ্ছে না সেখানে আবার কয়েকটা স্পেশাল পুলিস অফিসার নিয়োগ ক'রে জনসংযোগ যে হবে একথা কি ক'রে সম্ভবপর। একথার যৌক্তিকতা আমি কিছুতেই বুঝতে পারছি না। তবে জনগণের সঙ্গে গণসংযোগ করতে পুলিস অফিসারের দরকার হচ্ছে এই কারণে যে বিভিন্ন দিক দিয়ে সরকারি সংগঠনকে গ'ড়ে তুলবার আজ প্রয়োজন। সেই কথা না ব'লে ভুয়া গণসংযোগের নাম দিয়ে স্পেশাল অফিসার কতকগুলি নিযুক্ত ক'রে সাধারণ মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে। এই লোকগুলি কে হবে, সেকথা এখানে উল্লেখ না থাকলেও আমাদের বুঝবার বাকী নেই যে কে এই সমস্ত ঘরের খেয়ে মামার বাড়ির মহিষ চরাবে। এই লোকগুলি কারা আমাদের বুঝবার একটুও বাকী নেই। যারা ঘরের খেয়ে মামার বাড়ির মহিষ চরায় তাদের চরিত্র সম্বন্ধে বিশেষ বিশ্লেষণ করবারও প্রয়োজন নেই।

আমি আমার নিজের কন্সটিটিউয়েন্সিতে যে একটা ঘটনা ঘটেছিল সেই সম্বন্ধে বলবো। গত এক বৎসর আগে আমি বলেছিলাম যে, স্পেশাল কনস্টেবলরা হাই পুলিস অফিসারদের এজেন্ট। তারা সেখানে গিয়ে তাদের নর্তকী সরবরাহ করতেন, বিনা ভাড়ায় প্রমোদাগার যোগাড় ক'রে দিতেন। সেখানে নাচ-গান-বাজনা-স্ফূর্তি হবার জন্য তারা সব কিছু সরবরাহ করতেন, না করলে তাদের বিপদ ছিল। আবার পাড়ার লোকেরাও তাদের ভয়ের চোখে দেখতো।

এইরকম স্পেশাল কনস্টেবল এখনও আছে এবং কোন্ শ্রেণী থেকে তারা আসে তাও জানা আছে। এই স্পেশাল অফিসাররা অবৈতনিক। অতএব যিনি আগ্রহ ক'রে এতে আসবেন তিনি যে কোন্ শ্রেণীর লোক হ'তে পারেন সে বিষয়ে বলার কোন প্রয়োজন নেই। তারপর বিনা বেতনে কাজ করতে যারা আসবেন তারা পার্টটাইম অর্থাৎ অল্প সময়ের জন্য আসবেন। সেই সময়ের মধ্যে তাঁরা কতখানি কাজ করতে পারবেন? যাঁরা এত সময় পেয়েও জনসংযোগ করতে পারলেন না, আর বিনা বেতনে অল্প সময়ের জন্য লোক এসে কি ক'রে জনসংযোগ করবে?

[Noise and interruptions from Congress Benches.]

একটা কথা উঠেছে যে পুলিস ভাল লোক, পুলিসের অনেক প্রশংসা সরকার পক্ষ করেছেন। পুলিস যদি ভাল লোক হবে, পুলিসের এত প্রশংসায় যদি পঞ্চমুখই হবেন, তবে পুলিস গত সাত বৎসরে গণসংযোগ করতে পারলো না কেন? তাহ'লে আজকে এই স্পেশাল পুলিস অফিসারের প্রয়োজন হ'ল কেন?

Mr. Speaker:

একথা অনেকে ব'লে গেছেন, নূতন কিছু বলুন।

Sj. Ambica Chakrabarty:

কাজেই এই বিলের দ্বারা প্রমাণ হচ্ছে যে, মন্ত্রীমহাশয় পুলিসের প্রতি অনাস্থা প্রকাশ করছেন। এই বিলের মধ্যে, স্যার, পুলিসের প্রতি অনাস্থার ভাব রয়ে গেছে। তা যদি না হবে তাহ'লে এই পুলিসকে বাদ দিয়ে আবার এই স্পেশাল পুলিস নিযুক্ত করার কি কারণ আছে? কাজেই বিরোধী পক্ষের যে সমালোচনা, সেই সমালোচনা যে যথাযথ সেজন্য আমি এইটুকুন বলতে চাই যে, এই পুলিস অফিসারদের গুণকীর্তন না ক'রে যদি অনাস্থাই এই পুলিসের উপর থাকে তাহ'লে এই স্পেশাল পুলিসের উপরে কি ক'রে সাধারণ মানুষের আস্থা আসবে তা আমরা বুঝতে পারছি না।

[Noise and interruptions.]

গুপ্তমহাশয় ব্যারিস্টার লোক। তিনি তাঁর ব্যারিস্টারি বুদ্ধিতে বলেছেন যে, পুলিসরাও আমাদের দেশের লোক, তাদের প্রতি আপনাদের এত বিক্ষোভ, এত নিন্দা করার কি কারণ আছে। সত্যি কথা, তিনি ব্যারিস্টার মানুষ, দেশের লোক যদি চোর হয় তাহ'লে তাদের বিরুদ্ধে কিছু বলা চলবে না যেহেতু তারা দেশী। দেশী চোরদের বিরুদ্ধে কিছু বললে সেটা বিদেশী মনোভাব হবে। তিনি চোরডাকাতদের মামলা নেন, দেশী চোরদের তিনি মামলা নিয়ে থাকেন। কারণ তারা দেশী চোর। তাদের মামলা নিতে কোন আপত্তি নেই। বিদেশী চোর হ'লে হয়ত তিনি মামলা নেন না। তাঁর কথার এই হচ্ছে অর্থ যে, দেশী অন্যায়কারীদের বিরুদ্ধে কিছু বলা চলবে না। আমাদের কথা হচ্ছে, স্পেশাল পুলিস অফিসার নিযুক্ত ক'রেও গণসংযোগ হবে না। জনসাধারণকে বুঝতে দিন এটা জনসাধারণের রাষ্ট্র। পুলিসেরা জনসাধারণের সেবক।

যে পুলিস বাহিনী আপনাদের আছে তাদের আপনারা হটাতে পারেন না। কারণ আপোষে আপনারা ক্ষমতা নিয়েছেন। সেই সময় যে পুলিস ছিল, সেই পুলিসের হাতে ডাঃ রায়ের হাত-পা সমস্ত বাঁধা আছে। তাদের বিরুদ্ধে তিনি কিছুই করতে পারেন না। আমাদের যখন এ্যারেস্ট ক'রে নিয়ে গিয়ে বিনা বিচারে আটক করেন তখন ডাঃ রায়কে যখন বলি তখন তিনি বলেন যে, আমি ত বুঝি বাবা, কিন্তু পুলিস অফিসার তোমাদের বিরুদ্ধে যে রিপোর্ট দিচ্ছে তাদের কি ক'রে বোঝাই। কাজেই এখানে যারা স্পেশাল পুলিস অফিসার হবে তাদের আওতায় গিয়ে হয়ত ডাঃ রায় পড়বেন। যে সরষে দিয়ে ভূত তাড়াবেন সেই সরষের মধ্যে হয়ত ভূত থেকে যাবে। কাজেই এটা যে জনগণের রাষ্ট্র এই কথাটা জনসাধারণকেও বুঝতে দিন এবং পুলিসদেরও বুঝতে দিন। তাহ'লে স্পেশাল পুলিসের দরকার হবে না।

জনগণের স্বার্থে যখন এই স্পেশাল পুলিস হবে সেখানে জনগণের মতামত গ্রহণ করুন। কমিশনারদের হাতে ক্ষমতা দিতে যাচ্ছেন অথচ যে কমিশনারকে তার নিজের দেশে অর্থাৎ বর্তমান পুলিসেরা তাকে বাবা ব'লে ডাকলো না আর পরের, অন্য ছেলেদের নিয়ে এলে তাঁকে

তারা বাবা ব'লে ডাকবে এ কি ক'রে বিশ্বাস করা যায়! তাঁর বেতনধারী পুলিসরা তাঁর হুকুম মানে না, জনসংযোগ করে না, সৎপথ অবলম্বন করে না। আর বিনা বেতনধারী পুলিস কি তাঁর হুকুম মানবে, জনসংযোগ করবে? এটা কোনদিনই সম্ভব হতে পারে না। কাজেই পুলিস কমিশনারের হাতে এই ক্ষমতা না দিয়ে জনগণের স্বার্থে যদি এই পুলিস অফিসার নিযুক্ত করেন তাহ'লে জনগণকে বাদ দিয়ে হবে না। গুপ্তসাহেব বলেছেন যে, দেশে সৎলোক আছে। জানি দেশে তাঁর মতন সৎলোক অনেক আছেন। জনসাধারণের দ্বারা নির্বাচিত হয়ে এই স্পেশাল পুলিস অফিসার নিযুক্ত হবার ব্যবস্থা করুন। কমিশনারের হাতে ক্ষমতা দিবেন না যদি হয় তাহ'লে আমাদের কিছু বলবার থাকবে না। আর এই স্পেশাল পুলিস এই নাম না দিয়ে যদি শান্তিরক্ষক নাম দিতেন তাহ'লে ভাল হোত। পুলিসের নাম দেওয়াতে এটা খুবই ঘৃণিত হয়েছে। যে পুলিসের নাম লোকে শুনতে চায় না, সেই পুলিসের নাম না দিয়ে যদি আপনারা অন্য একটা নাম দিয়ে এই বিলটা নিয়ে আসতেন তাহ'লে আমাদের কিছু বলবার থাকত না।

মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা যে বিল এনেছেন সেই বিল যে কত দুর্বল তার প্রমাণ হিসাবে আমি বলতে চাই যে, যারা দু'দিন আগে এই সাইডে ব'সে খুবই পুলিসের বিরুদ্ধে গলাবাজি করেছে তারা যখন গলাবাজির যৌক্তিকতা সমর্থন করবার জন্য আজ সরকার পক্ষে উঠে গেছেন তখন বুঝা গেছে এই বিল কত দুর্বল। কাজেই এই বিল সম্বন্ধে আর বিশেষ কিছু বলতে চাই না। আমি বলছি এই বিলের মূল উদ্দেশ্য হচ্ছে জাস্টিস অফ পীস করছেন, স্কুলের শিক্ষকদেরও স্পেশাল কেডার করছেন এবং কংগ্রেস সেবাদল তৈরি করছেন, ন্যাশনাল ভলান্টিয়ার কেডার করছেন, তার উপর একটা স্পেশাল পুলিস ক'রে যে সরকার ধ্বসে পড়বার উপক্রম হয়েছে তাকে ঠেস দিয়ে রাখবার এই ব্যবস্থা কেন? কিন্তু এসব ক'রে কিছুতেই কিছু হবে না। আগামী ইলেকশনে জিতবেন কি হারবেন সেটা প্রশ্ন নয়। জনগণ আপনাদের চায় কি না সেটাই হচ্ছে প্রশ্ন। তাই আমি অনুরোধ করছি এই প্রতিক্রিয়াশীল বিলটা সার্কুলেশনে দেবার জন্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I understand that there are thirteen members from one party of the Opposition, the Communist Party, who are vocal on this Bill. That gives me the impression that in their heart of hearts they feel the weakness of their position. They want to strengthen the argument by repeating the argument over and over again. Not only that, they begin to indict the conduct of the Police when they are considering the special police officers.

[6-50—7 p.m.]

The Speaker was helpless—you, Sir, were helpless—because though the police was there, it was a different type of police from the police about whom we have heard so much criticism. Before I answer these criticisms I want to bring to the notice of members something which I said before and I repeat again—because from one or two of the speeches I found that they have not appreciated the position. The position today is that under the Police Act of 1861 there is today the arrangement for a special police force in the whole of Bengal except that portion which is controlled by the Acts of 1866, namely, the Calcutta Police Act and the Calcutta Suburban Police Act. If you look at the rules that have been framed under the Act of 1861, you will find there a paragraph which says "in order that this organisation may be efficient in time of emergency it is essential that instructions should be given in times of peace. Occasional or periodical parades shall be held at which lectures should be delivered by regular officers on their powers and duties." Therefore, whatever you do with regard to the present Amending Bill, the Act which governs the whole of Bengal provides not merely for a Special Constabulary, Special Police Officers and Constables such as we are proposing in this Bill, but there are also given to these police officers powers of all special constables for arresting any person committing in their view any of the following

offences, namely, murder, murderous assault, robbery and arson. A special constable may arrest without a warrant any person committing in his presence in any public street or public place for assault or any other offence, and if when asked by such special constable to give his name and address, he refuses to give his name or gives a name and address which such special constable has reason to believe to be false or is unknown or when the person is unknown to such special constable and his name and address cannot be ascertained, such police constable is given the power of restraining him if there is any obstruction or any other form or method to prevent any one from going to his work or business, stopping or turning back any vehicle, forcing any one to get down from his conveyance, placing barriers across any public road to hinder traffic or cutting any telegraph, telephone or electric wire. Throughout the whole of Bengal this Act is now in operation, and therefore all that we did was or attempted to do was to bring the Calcutta Police Act and the Calcutta Suburban Police Act in tune with the provisions of the Act for the whole of Bengal. For some reason or other in the Calcutta Police Act and the Calcutta Suburban Police Act this particular method has not been properly dealt with, nor have there been any rules governing the recruitment, etc., or indicating the powers, the privileges as well as the liabilities of such police officers. Paragraph 2 is meant to be included in the Calcutta Police Act and paragraph 4 is meant to be included in the Calcutta Suburban Police Act. If you look at 2 and 4, you will find that they are practically identical in terms and language. Then, as regards paragraph 3—I do not know why—but in the Calcutta Suburban Police Act there is a provision for police officers without any other arrangements made for recruitment, etc.—there is no provision for constables. Sir, whenever you think in terms of a police officer you have got to think in terms of constables. In the Act of 1861 which applies to the whole of Bengal, there is a provision for police officers as well as police constables. This particular amending Bill is merely for the purpose of regularizing what has happened or what is happening in the rest of Bengal today, what operates in the rest of Bengal today. Sir, somebody thought that I was trying to make a fun of it. The Special Police Force contains such persons—I can give out certain names and then you can judge for yourself whether they are মাধরা of the police or they have anything to do with the Government. The first name I find is Sir L. P. Misra, Kt., who is now General Manager of the Hindusthan Motors; the second is Dr. B. P. Trivedi, M.B. (Cal.), D.B. (Lond.), F.N.I., who has now retired from Government service; the third name is Professor S. P. Biswas, M.A., Vice-Principal, Scottish Church College; the fourth name is Dr. Sunil Chandra Dutt, who is a prominent public worker, an ex-army officer and a local influential person; the fifth name is Shri P. K. Sen, Manager, Calcutta Insurance Company, a prominent public worker; the sixth name is Shri Ganesh Chandra Dey, Manager, A. H. Wheeler & Co. and Secretary, Calcutta South Club, and a prominent social worker; the seventh name is Shri B. B. Roy, the well-known judge of wrestling tournaments; the eighth name is Shri K. C. Bose, Zeminder and ex-A. R. P. Officer. Then there is Ram Chandra Sarma, Zeminder and local influential person. I find here the name of Shri K. C. Das, Director, Calcutta Insurance Company. There is also Shri P. N. Mullick, Assistant Electrical Engineer, Government of West Bengal. The names of Shri T. A. Gasper, businessman and prominent social worker, Hrishikesh Mitra, prominent public worker, Himangshu Sekhar Mitra, prominent public worker and ex-Civic Guard Officer, Shri Monindra Dutta, Advocate, and prominent public worker, Shri Sailendra Nath Mitra, ex-Government employee, Cossipore Gun and Shell Factory, Shri H. P. Mukherji, local influential person, Dr. J. C. Banerji,

M.B., Professor, Calcutta Medical College Hospital and Shri J. K. Sarbadhikari, prominent public worker and local influential person are also there. They are neither members of the Congress nor are they murderers and pick-pockets such as my friend Shri Ganesh Ghosh was depicting. It is an evil day when we begin to think that our best men who have given of their best in the last five years or six years to the service of humanity free of charge cannot be trusted by us. I have sympathy, I have pity for my country, for my province. I still maintain that Bengal has got the reputation of giving forth prominent persons who have lived a life of self-abnegation and selfless work. Look at the different hospitals in Calcutta. Hundreds of doctors have been treating patients there free of charge. Look at the different areas where we are now working up National Extension Development Block and the Community Development Block and you will find that the country has far moved beyond the ken of my friends on the opposite side. My friend Shri Jyoti Basu says I am thinking of a hundred year old Act. I am thinking of what Bengal is to be in future. If you have not got prominent men who are prepared to devote their life for the sake of their country, I feel very sad. I am perfectly sure that every member who comes, as my friend Zaman has very rightly said, every member who comes here to serve the Province as a Member of the Assembly, surely does not come here for the purpose of Rs. 200. There is the service which people do to their own sphere of life and it is only for us to find out the proper men and give them the proper facility for work. What this particular Bill has done is to try and make arrangements so that these officers may have a particular training, may have some control over the policemen with whom they have to deal and may be responsible for keeping order in a certain area.

[7—7-10 p.m.]

Sir, at the present moment they are doing jobs such as control of the traffic, control of the crowds that come to the football matches or control of the crowd during festivals—Holi and so on. It is possible that when they are properly trained and when they are properly selected they may be utilised for taking a larger share in the protection of the people. Sir, it has been said that these men would be the limb of the police. There is no greater travesty of truth than to utter this particular phrase. My friend Shri J. C. Gupta will know and I have said the other day in answering a particular question that whenever it has been found that a Vigilance Party like the East Karaya Vigilance Party has been found not to do work properly, I think, at the instance of the Karaya people, this Vigilance Party was taken off the road. As I have said there may be some people coming to the Special Constabulary whose work may not be very satisfactory and it would be the duty both of the Police Commissioner and of the Government to see that these men go out of it, but just what I want to do is I want each one of them to be the protector of the area in which he lives. There should be continuous touch between the people of the locality and the leader. There is in the Act of 1861 a provision that there should be a Section Leader; here also these men should be such as would be selected for the purpose of getting in touch with the people of the locality so that the evil elements which are there may not take the upper hand.

It has been said that these men have got the power to arrest. I hope they have the power to arrest and they will arrest in a proper manner, legal manner, whenever they find that the police is not on the spot and some urgent action has to be taken. Sir, I am assuming Shri Jyoti Basu's statement that the police is corrupt, the police takes bribe. What I said the other day was if the police takes bribe the man who gives the bribe is equally guilty—I maintain that. Therefore assuming that the police

takes bribe, assuming that they oppress the people, what is the remedy? They are your people; as Shri J. C. Gupta said, they are your kith and kin, but there will be a time lag. I am glad to say—I am wanting to give a certificate in this connection because the police have been wantonly attacked in this hall today—I assure you that the police is getting better and better everyday—I say this without any fear of contradiction. Look at the way the police behaved the other day on the 16th August, how they managed the crowd on that day, the crowd which was in tension, and I admire the way in which the police have restrained themselves and went through the whole day's travail without any great incident. Everybody has appreciated that except those who do not have eyes to see or ears to hear.

Sir, I do not want to pursue this particular point any further. I do say it would be a calumny to say that the 800 or 900 men who are now serving are not honest men unless they are proved to be otherwise or that they do not know how to serve the people without fear and hindrance without getting any remuneration for that purpose, and I hope and trust thousands will come forward in this manner to help the people, to help the Government and the police.

With these words, Sir, I move my motion.

The motion of Sj. Ambica Chakrabarty that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1955, was then put and a division taken with the following result:—

AYES—42.

Baguli, Sj. Haripada
Bandyopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Ghosal, Sj. Hemanta Kumar
Ghosh, Sj. Ganesh
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Khan, Sj. Madan Mohon
Mahapatra, Sj. Balailal Das
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Provash Chandra
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

NOES—127.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abdul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath

Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Karan, Sj, Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Khatick, Sj. Pulin Behary
Mahammad Ishaque, Janab
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammad Mumtaz, Maulana.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Munda, Sj. Antoni Topno
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Rai, Sj. Shiva Kumar
Rajkut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Mahitosh
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

The Ayes being 42 and the Noes 127, the motion was lost.

Mr. Speaker: The rest of the amendments fall through.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, be taken into consideration was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 7-10 p.m. till 3 p.m. on Tuesday, the 23rd August, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, Tuesday, the 23rd August, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 195 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Procession of refugees in front of the Central Refugee Rehabilitation Office at Middleton Row, Calcutta, on 18th November, 1954

***39. Sj. Ambica Chakrabarty:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Police) Department be pleased to state if it is a fact—

(*i*) that about 2,000 refugees (men and women) were going in a procession to see the Hon'ble Minister in charge of Refugee Rehabilitation Department of the Government of India with a view to place their demands before the latter on the 18th November, 1954; and

(*ii*) that police resorted to *lathi* charge on those refugees in front of the Central Refugee Rehabilitation Office at Middleton Row, Calcutta?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reasons as to why police resorted to *lathi* charge on the refugees;

(*ii*) how many persons—men, women and children—were injured due to *lathi* charge on that day;

(*iii*) how many persons both men and women were arrested;

(*iv*) is it a fact that a number of refugee men, women and children were found missing after the incident;

(*v*) if so, number of men, women and children found missing; and

(*vi*) whether they have been found out by this time?

Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department [the Hon'ble Renuka Ray (on behalf of the Minister-in-charge of the Home (Police) Department]: (*a*)(*i*) On 18th November, 1954, about 600 deserter refugees (including women and children) from Bihar and Orissa collected in front of the gate of the Branch Secretariat, Ministry of Rehabilitation, Government of India, at Middleton Row and tried to force their way into the premises.

(*ii*) and (*b*) (*iv*) No.

(*b*) (*i*), (*ii*), (*v*) and (*vi*) Do not arise.

(*iii*) 27 men and 4 women were arrested.

Sj. Ambica Chakrabarty:

মিডলটন রোতে যে সময় রিফিউজিরা গিয়েছিল-সেই সময় কি সেকসন ১৪৪ জারী ছিল?

The Hon'ble Renuka Ray: They tried to force their way into the premises and that had to be prevented. They were sitting there for three hours and they were told that Mr. Khanna and other officers were at the Government House. They went on sitting there till 11-35. Then they tried to force their way into the premises and it was then that the Police had to interfere.

Sir, I can read out the whole statement.

Mr. Speaker: The question is a simple one whether section 144 was enforced in that area.

The Hon'ble Renuka Ray: I do not think so.

Sj. Ambica Chakrabarty:

মিনিস্টারদের সঙ্গে রিফিউজিরা ওখানে সব সময় দেখা করতে পারে—এই রীতি আছে, এটা ঠিক কি না?

The Hon'ble Renuka Ray:

দেখা করবার সময় আগে ঠিক ক'রে নিলে দেখা করতে পারে নিশ্চয়ই। কিন্তু যখন গভর্নমেন্ট হাউসে অফিসারদের নিয়ে মিনিস্টার্স কনফারেন্স হচ্ছিল সেই সময় ওখানে তারা দেখা করতে আসে। সেই সময় তাদের সঙ্গে কি ক'রে দেখা করা সম্ভব? তখন তারা সেখানে ছিলেন না।

Sj. Ambica Chakrabarty:

পুলিশ এদের বাধা দেবার কারণ কি?

The Hon'ble Renuka Ray: They tried to force their way into the premises. It was only then that the Police interfered. There was no *lathi* charge.

Sj. Ambica Chakrabarty:

সেখানে মিনিস্টার্স কোয়ার্টারে যে রেগুলার পুলিস থাকে, তা ছাড়া আর কোন অতিরিক্ত পুলিশ ছিল কি না?

The Hon'ble Renuka Ray:

অতিরিক্ত পুলিশ ছিল না তবে লোকগুলি যখন জোর ক'রে ভেতরে ঢোকবার চেষ্টা করেছিল তখন কয়েকজনকে ডাকা হয়েছিল।

Sj. Ambica Chakrabarty:

সেখানে কতজন পুলিশ ছিল?

Mr. Speaker: That does not arise.

Sj. Ambica Chakrabarty:

কোন পুলিশ রিকুইজিশন করা হয়েছিল কি না রেফিউজীদের উপর লাঠি চার্জ করবার জন্য?

The Hon'ble Renuka Ray: There was no *lathi* charge.

Sj. Ambica Chakrabarty:

আপনি বলেছেন সেখানে কোনরকম লাঠি চার্জ হয় নি; কিন্তু যুগান্তর, আনন্দবাজার ও বসুমতী কাগজে তাদের উপর লাঠি চার্জ করা হয়েছিল ব'লে রিপোর্ট বেরিয়েছিল—তার কোন প্রতিকার গভর্নমেন্ট তরফ থেকে করা হয়েছিল কি না?

The Hon'ble Renuka Ray: I cannot help that. I am telling you the fact.

Sj. Ganesh Ghosh: How did the Police interfere? What was the procedure, what was the method in which the Police interfered when the refugees forced their way into the office?

The Hon'ble Renuka Ray:

পুলিশ ভালভাবেই তাদের নিষেধ করেছিল।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

ভদ্রভাবে।

Sj. Ganesh Ghosh: I did not get my answer.

Mr. Speaker: What is your question?

Sj. Ganesh Ghosh: It is stated that the Police did not resort to *lathi* charge but interfered when the refugees forced their way into the office. I asked "how did the Police interfere?"

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: They pleaded with them.

Sj. Ganesh Ghosh: I want it from her.

The Hon'ble Renuka Ray: I can give the full reply, but it will take a little time to read out.

Mr. Speaker: That is not wanted.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have said that the Police pleaded with them, argued with them, cajoled them and they went away.

Sj. Ganesh Ghosh: Did the injuries occur simply due to cajoling and arguing? How did the refugees get injuries?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot give you any more answer.

Mr. Speaker: What is your question?

Sj. Ganesh Ghosh: The question is there, how many persons were injured. She said there was no *lathi* charge. The Police interfered. I wanted to know "how did the Police interfere".

The Hon'ble Renuka Ray: Three policemen were injured. When the refugees tried to force their way into the building—

Sj. Ganesh Ghosh: Was there any communique to this effect that three policemen were injured?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Kanksa camp in Asansol subdivision

***59. Sj. Dasarathi Tah:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) উদ্বাস্তু পুনর্বাসনের জন্য বর্ধমান জেলায় আসানসোল মহকুমায় কাঁকসা ক্যাম্পের জঙ্গল পরিষ্কারের জন্য কত টাকা ব্যয় হইয়াছে;

(খ) উক্ত জঙ্গলের পরিমাণ কত ছিল এবং কতজন লোককে এজন্য খাটানো হইয়াছিল; এবং

(গ) এই কাজ যখন হইয়াছিল তখন কে জেলা রিলিফ অফিসার ছিলেন?

Sjkta. Purabi Mukhopadhyay [on behalf of the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department (the Hon'ble Renuka Ray)]:

(ক) ২৭,২০৫৷৷০ টাকা, কিন্তু পুনর্বাসনের জন্য নহে।

(খ) আনুমানিক ২০০ একর জঙ্গল ছিল। ২,৭১৩ জন লোককে এইজন্য খাটানো হইয়াছিল।

(গ) শ্রীদেবপ্রসাদ বন্দ্যোপাধ্যায়।

Sj. Dasarathi Tah:

এই যে (ক) প্রশ্নের উত্তরে বলেছেন, ২৭,২০৫৷৷০ ব্যয় হয়েছে, কিন্তু সেটা পুনর্বাসনের জন্য নয়; তাহ'লে এই টাকাটা কিসের জন্য খরচ হয়েছে বলবেন কি?

Sjkta. Purabi Mukhopadhyay:

ক্যাম্প করবার জন্য।

Sj. Dasarathi Tah:

এই যে (খ)তে আছে আনুমানিক ২০০ একর জঙ্গল ছিল, সমস্ত ক্যাম্পটা কি এই এলাকায়?

Sjkta. Purabi Mukhopadhyay:

ওটা একটা মিলিটারী এরিয়া, বহুদিন পড়ে থাকায় তার চারপাশে জঙ্গলে ভরে গিয়েছিল। ঐ ক্যাম্পের সমস্ত ছেলেমেয়েদের খেলাধূলার জন্য যাতে কোন অসুবিধা না হয়, সেইজন্য ওটা পরিষ্কার রাখা হয়েছে। শুধু ক্যাম্পের সাইডটাই নয়, তার চারিপাশে অসুখবিসুখ বা কোন ডেঞ্জার না আসতে পারে, তার জন্য পরিষ্কার করা হয়েছে।

Sj. Dasarathi Tah:

এই আসানসোল মহকুমায় আরও অনেক ফাঁকা জায়গা রয়েছে, সেখানে ক্যাম্প না ক'রে এই জঙ্গলে কেন ক্যাম্প করেছেন?

Sjkta. Purabi Mukhopadhyay:

আলাদা ক্যাম্প তৈরী করতে গেলে খরচ অনেক বেশী পড়তো। কাজেই সেখানে যে হাটমেন্ট ছিল তার চারিপাশের জঙ্গল পরিষ্কার না করলে ক্যাম্প করা যায় না।

Sj. Dasarathi Tah:

এই যে ২,৭১৩ জন লোককে এইজন্য খাটান হয়েছে, তার মধ্যে কতজন উদ্বাস্তু?

Sjkta. Purabi Mukhopadhyay:

তাদের সকলেই উদ্বাস্তু।

Settlement of refugees in the Andaman Islands

***60. Dr. Atindra Nath Bose:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) whether any representation has been made by any section of the people of the Andaman Islands to the members of the West Bengal Cabinet visiting the Andaman Islands that settlement of outsiders in the Andamans should be on the basis of equal quota from all the States in India and that there should be no preference for East Bengal refugees; and

(*b*) if the reply to (*a*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps Government have taken to impress upon the Government of India that the arrangements now obtaining in the matter of settling East Bengal refugees in the Andamans should not be disturbed?

Sj. Bijesh Chandra Sen (on behalf of the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department): (*a*) No.

(*b*) Does not arise.

Rehabilitation Schemes for Nangi-Batanagar refugees

***61. Sj. Natendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) whether the Nangi 1st Scheme in the district of 24-Parganas was abandoned after its publication in the *Calcutta Gazette;*

(*b*) if so, what is the reason therefor and at whose recommendation the said scheme was finally dropped;

(*c*) whether Government have dropped the Nangi 2nd and Jogannathnagar Schemes;

(*d*) if so, the reasons therefor;

(*e*) when the Bangla-Jogtala Scheme was finalised;

(*f*) the reason for the delay, if any, for implementing the scheme; and

(*g*) what steps, if any, Government propose to take to secure land for early rehabilitation of the Nangi-Batanagar refugees?

Sj. Bijesh Chandra Sen: (*a*) and (*c*) Yes.

(*b*) On the Collector's recommendations as the lands were found to have been brought under cultivation.

(*d*) As the area was considered to be too small for making a colony feasible.

(*e*) It has not yet been finalised.

(*f*) Filing of petitions of objection to the acquisition.

(*g*) Government are trying to find out waste lands and to acquire them.

Relief to refugee students of primary schools under Bongaon Municipality

***62. Sj. Lalit Kumar Sinha:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) বনগাঁ মিউনিসিপ্যালিটির অধীন ৫টি প্রাথমিক বিদ্যালয়ে উদ্বাস্তু ছাত্রদের পাঠ্য-পুস্তকক্রয় ও বেতন বাবদ পুনর্বাসন দপ্তর হইতে সাহায্য দেওয়া হয় কিনা;

(খ) ১৯৫৪-৫৫ সালের ফেব্রুয়ারী, ১৯৫৫ পর্যন্ত ঐ সাহায্যের পরিমাণ কত;

(গ) বনগাঁ মিউনিসিপ্যালিটি সংস্থাপিত হইবার পর ছাত্রদত্ত বেতনের হার কমিয়া যাওয়ায় পুনর্বাসন সাহায্যের অর্থ উদ্বৃত্ত হইয়াছে কিনা; এবং

(ঘ) উদ্বৃত্ত টাকা মিউনিসিপ্যালিটি প্রত্যর্পণ করিয়াছে কিনা?

Sjkta. Purabi Mukhopadhyay:

(ক) হ্যাঁ, দেওয়া হয়।

(খ) ৪,৭৪৪॥• আনা।

(গ) হ্যাঁ, হইয়াছে।

(ঘ) এই প্রশ্ন উঠে না, কারণ পুনর্বাসন দপ্তর হইতে সাহায্যের টাকা স্কুল কর্তৃপক্ষকে দেওয়া হয়, মিউনিসিপ্যালিটির তাহা প্রাপ্য নয়।

Sj. Lalit Kumar Sinha:

স্কুল কর্তৃপক্ষ সে টাকা ফেরৎ দিয়াছিল কিনা?

Sjkta. Purabi Mukhopadhyay:

সব টাকা ফেরৎ দিয়েছে।

[3-10—3-20 p.m.]

Medical aids to refugee T.B. patients in the State

***63. Dr. Narayan Chandra Ray:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(*a*) what are the medical facilities in respect of tuberculosis and other diseases like typhoid, etc., given to—

(*i*) refugees in camps,

(*ii*) refugees scattered over the city of Calcutta, and

(*iii*) refugees in suburbs of Calcutta;

(*b*) to which department the application for medical help is to be made by the refugees; and

(*c*) whether the help is given in money or in goods?

Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department (the Hon'ble Renuka Ray): (*a*)(*i*) Separate hospitals for T.B. patients have been provided at Dhubulia and Chandmari with a total number of 150 beds. As for other diseases, preventive measures such as vaccinations, etc., are given; besides there is a provision in every camp for a hospital at the rate of one bed for every thousand inmates.

(*ii*)(1) 150 beds are maintained.

(2) Outdoor Dispensary attached to K. S. Roy Hospital at Jadavpur for outdoor patients.

(*iii*) Refugees in suburbs of Calcutta—

Tuberculosis.—There is provision for 200 free beds for refugee T.B. patients. There are also 4 mobile units for treatment of T.B. patients at their houses with headquarters at Krishnagar, Kanchrapara, Chinsura and Barrackpore.

Other diseases.—There is no special provision but highest priority is given to admission of refugees in free beds at hospitals in the muffasil.

(*b*) For admission to different beds the non-camp refugees in Calcutta should apply to Special Officer, Medical Relief, attached to the Office of the Controller of Relief and Rehabilitation, Calcutta, at 10A, Auckland Road, Calcutta. Others should apply to the District Officer.

(*c*) Help is given by way of actual treatment either in hospitals or even at home as specified above. Besides this there is provision for sanction of grants for purchase of medicine and food to different patients in general and T.B. patients in particular.

Dr. Narayan Chandra Ray:

এই যে .

150 beds in Dhubulia and Chandmari

তাদের ষ্ট্যান্ডার্ড কি অর্ডিনারি টি, বি, হাসপাতালের

standard?

or just a shelter to die in.

The Hon'ble Renuka Ray: They are sheltered there, treated there and it is on the same basis as in Jadabpur. I may inform the honourable member that we are having 250 more beds and have applied for 3,000 beds to the Government of India.

Dr. Narayan Chandra Ray:

এই যে ১৫০ বেড্স আর মেনটেইন্ড যা (ii) (ii)(1)এর উত্তরে দিয়েছেন সেটা কোথায়?

where are these beds?

The Hon'ble Renuka Ray: They are at Jadabpur, Kanchrapara and Beliaghata.

Dr. Narayan Chandra Ray:

এই যে ১০০ বেড হাসপাতাল-এর মধ্যে কি বেলেঘাটা ইনক্লুডেড?

The Hon'ble Renuka Ray: Beliaghata is included. I think now separate beds are maintained in other places.

Dr. Narayan Chandra Ray: 200 beds for T.B. patients outside Calcutta—

এ কি কাঁচরাপাড়া আর ডিগ্রিতে?

The Hon'ble Renuka Ray:

হাঁ।

Dr. Narayan Chandra Ray:

এই যে ১৫০ আর ২০০ বেড্স ৫০০ বেডের মধ্যে, আপনি যে তিন হাজার বেডের এ্যাসুরেন্স দিয়েছেন তার ভিতর কি ইনক্লুডেড?

The Hon'ble Renuka Ray:

এইসব বেড আগে থাকতেই ছিল।

We had a survey made recently some months back of the number of T.B. patients and from that we found that we need 3,000 beds. We have sent up a recommendation for 3,000 extra beds and 250 have been sanctioned.

Dr. Narayan Chandra Ray:

এই যে রেফিউজি টি, বি, বেড এর জন্য কি

have you got a selection board as in other hospitals.

না এম্নি দরখাস্ত দিলেই হয়।

The Hon'ble Renuka Ray: The Public Health Department does it.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Refugee colonies within Midnapore district

30. Sj. Amulya Charan Dal: Will the Hon'ble Minister in charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ জায়গায় উদ্বাস্তু কলোনী তৈরী করা হইয়াছে;

(খ) এই কলোনীগুলির নাম কি এবং কোন্ কলোনীতে কত উদ্বাস্তু পরিবার থাকেন;

(গ) কত একর জমি এই পরিবারগুলির মধ্যে বিলি করা হইয়াছে; এবং

(ঘ) এই পরিবারগুলিকে অন্য কোন কলোনীতে স্থানান্তরিত করার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি?

The Minister for Refugee Relief and Rehabilitation (The Hon'ble Renuka Ray):

(ক) খড়্গপুর থানার অন্তর্গত তালবাগিচা, মেদিনীপুর থানার অন্তর্গত খয়েরউল্লা চক ও তান্তিগোরিয়া, ডেবরা থানার অন্তর্গত বান্‌সদা, এবং গড়বেতা থানার অন্তর্গত চন্দ্রকোণা রোড অঞ্চলে উদ্বাস্তু কলোনী তৈরী করা হইয়াছে। এতদ্ভিন্ন খড়্গপুর থানার অন্তর্গত বালিয়া শ্যামেশ্বরপুর, শালবনি থানার অন্তর্গত চণ্ডিপুর ও খাস জঙ্গল অঞ্চলে কলোনী স্থাপনের জন্য উন্নয়নকার্য সুরু করা হইয়াছে।

(খ) কলোনীর নাম।	উদ্বাস্তু পরিবারের সংখ্যা।
(১) তালবাগিচা আরবান কলোনী	৩৬৩
(২) খয়েরউল্লা চক আরবান কলোনী	২৩৩
(৩) তান্তিগোরিয়া কলোনী	২৫
(৪) বান্‌সদা বারুজীবি কলোনী	৮৯
(৫) চন্দ্রকোণা রোড কলোনী	৩৪

(গ) ২১৩.৫৪ একর।

(ঘ) না।

Sj. Madan Mohon Khan:

আপনি যে বলেছেন, মেদিনীপুর জেলায় এত উদ্বাস্তু পরিবার রয়েছে, তারা কি এখনো সেখানে বাস করছে?

Sj. Bijesh Chandra Sen:

এখনো সেখানে আছে।

Sj. Ambica Chakrabarty:

আপনি যে বলেছেন তাঁতিগোরিয়ায় ২৫, বাঁশদা ৮৯ আর চন্দ্রকোণায় ৩৪ জন—এত অল্পসংখ্যক লোকের কত পরিমাণ জমিতে বাসস্থান আছে?

Sj. Bijesh Chandra Sen:

টোটাল দেওয়া হয়েছে, আলাদা জানতে চাইলে নোটিশ চাই।

Sj. Ambica Chakrabarty:

এখন কত সংখ্যক লোক আছে? ২৫, ৩৪, ৮৯—এতে খুব কম ক'রেই আছে। সেখান থেকে বাস্তুহারারা কি ডেজার্ট ক'রে চলে গেছে?

Sj. Bijesh Chandra Sen:

ওটা ছোট জায়গা; অল্প লোকই থাকে।

Dr. Jatish Ghosh:

এ ছাড়া, মেদিনীপুর জেলার আর কোন জায়গায় উদ্বাস্তু ক্যাম্প আছে কি না?

Sj. Bijesh Chandra Sen:

এ তো আলাদা প্রশ্ন; সেটা জানাতে পারি কি ক'রে?

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Forestry in Sagar and Kakdwip police-stations

***83. Sj. Haripada Baguli:** Will the Hon'ble Minister-in-charge of the Forests Department be pleased to state—

(ক) সাগর থানায় ও কাকদ্বীপ থানায় সরকারী ও বে-সরকারী সংরক্ষিত বনের পরিমাণ কত (পৃথক্ পৃথক্ভাবে), এবং ইহা মোট জমির কত অংশ;

(খ) ইহা কি সত্য যে, বাউণ্ডারী বাঁধের বহিঃপার্শ্বস্থ প্রায় সমস্ত বন লাটদারগণ প্রজাবিলি করিয়াছেন ও করিতেছেন এবং ২৪-পরগণা খাসমহল কর্তৃপক্ষ খাসমহলের অধিকৃত বন অঞ্চল প্রজাবিলি করিতেছেন;

(গ) উক্ত অঞ্চলে বনসংরক্ষণ ও বনসৃষ্টির জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(ঘ) থাকিলে, তাহা কিরূপ?

Minister-in-charge of the Forest and Fisheries Department (the Hon'ble Hem Chandra Naskar):

সাগর থানা

সরকারী সংরক্ষিত বনের পরিমাণ—৬৬৩·২১ একর।

কোন বে-সরকারী সংরক্ষিত বন নাই।

মোট জমির শতকরা প্রায় ·৪৬২ অংশ।

কাকদ্বীপ থানা

সরকারী সংরক্ষিত বনের পরিমাণ—১২১,৬৬৯·৪০ একর।

কোন বে-সরকারী সংরক্ষিত বন নাই।

মোট জমির শতকরা প্রায় ৭৭·৩৪ অংশ।

(খ) (১) বাঁধের বহিঃপার্শ্বস্থ বন লাটদারগণ কর্তৃক বিলি সম্বন্ধে সরকারের কিছু জানা নাই।

(২) খাসমহলের কোন বনে প্রজাবিলি হয় নাই।

(গ) সরকারী সংরক্ষিত অঞ্চলে ২৪-পরগণা ভুক্তির কার্যপদ্ধতি অনুসারে বনসংরক্ষণ ও পুনর্জননের ব্যবস্থা করা হইয়াছে।

(ঘ) এই অঞ্চলের বনে নানাজাতীয় গাছ আছে। উহা বাড়ে কম এবং আকারে ছোটই থাকিয়া যায়। এইসকল বনকে স্বাভাবিকভাবে সংরক্ষণ করিতে হয়। সেইজন্য গাছ কাটিবার সময় বেশী ফাঁক রাখিয়া কাটা হয় না। যেখানে গাছ বেশী ঘন সেখান হইতে কাটিয়া জঙ্গল পাত্লা করা হয় এবং আগাছা, রোগাক্রান্ত ও নষ্ট গাছ কাটিয়া

ফেলা হয়। যাহাতে ভাল গাছগুলি স্বাভাবিকভাবে বাড়িয়া উঠিতে পারে গাছকাটার সময় সে-বিষয়ে লক্ষ্য রাখা হয়। ইহা ব্যতীত উপযুক্ত স্থানে বীজ রোপণ করিয়া গাছ জন্মাইবার পরীক্ষামূলক ব্যবস্থাও করা হইয়া থাকে।

Sj. Biren Banerjee:

এই যে এখানে দেওয়া আছে—সাগর থানায়, কাকদ্বীপ থানায় মোট জমির পরিমাণ, সাগর থানায় আপনি দেখিয়েছেন জমির শতকরা দশমিক ৪২৬ অংশ, কাকদ্বীপ থানায় মোট জমির প্রায় শতকরা ৭৭·৩৪ অংশ—এই অঙ্কের কোন ইতরবিশেষ হয় কি?

The Hon'ble Hem Chandra Naskar:

কোন কোন জায়গায় হয়, কোন কোন জায়গায় হয় না।

Sj. Biren Banerjee:

আমার প্রশ্নটা ছিল—এ সম্পর্কে সরকারী দপ্তরে হিসাব রাখা হয় কি না?

The Hon'ble Hem Chandra Naskar:

সকল জায়গায়ই ওয়ার্কিং প্ল্যান আছে, সেই অনুসারে গাছ কাটা হয় এবং সংরক্ষণ করা হয়।

Sj. Biren Banerjee:

আপনি বলেছেন খ(১) বাঁধের বহিঃপার্শ্বস্থ বন লাটদারগণ কর্তৃক বিলি সম্বন্ধে সরকারের কিছু জানা নাই—তার মানে কি?

The Hon'ble Hem Chandra Naskar:

এগুলি বেসরকারী বন; যেগুলি সরকারী সেগুলি আমরা জানি। কিন্তু যেগুলি লাটদারদের জমি, লাটদারগণ কোথায়, কাকে বিক্রয় করছে কি না, সেগুলি আমাদের অফিসাররা আমাদের সংক্রান্ত নয় ব'লে খবর রাখেন না।

[3-20—3-30 p.m.]

Sj. Biren Banerjee:

এটা কি সত্য যে, সুন্দরবনে বন কমে যাচ্ছে আস্তে আস্তে?

The Hon'ble Hem Chandra Naskar:

আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না।

Sj. Biren Banerjee:

আমার প্রশ্নটা হচ্ছে, সাগর থানা এবং কাকদ্বীপ থানায় বন বাড়ছে না কমছে?

Mr. Speaker: That is a broad question and does not arise out of this as a supplementary.

Sj. Biren Banerjee:

প্রতি বছরে বন বাড়বার কথা, কিন্তু এই যে বললেন ৬৬৩·২১ একর পরিমাণ সংরক্ষিত বন আছে, সেখানে বাড়ছে না কমছে?

The Hon'ble Hem Chandra Naskar:

বন বাড়ছে। আপনাদের জানান হচ্ছে যে, সাগর থানায় যদিও ৬৬৩·২১ সংরক্ষিত বন আছে, তা বাড়াবার জন্য, নূতন বন সৃষ্টির জন্য, কালেক্টরের কাছে প্রোপোজাল দেওয়া হয়েছে।

Sj. Biren Banerjee:

প্রোপোজাল কবে দেওয়া হয়েছে।

The Hon'ble Hem Chandra Naskar:

এই বছর দেওয়া হয়েছে।

Sj. Provash Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় (ক)-এর উত্তরে বলেছেন যে, সাগরদ্বীপ থানা ও কাকদ্বীপ থানায় বন মোট জমির ৭৭·৩৪ অংশ, কিন্তু এই তথ্যটা তিনি কোথায় পেলেন?

The Hon'ble Hem Chandra Naskar:

আমাদের রেকর্ড থেকেই বলছি।

Sj. Dasarathi Tah:

ওখানে একজাতীয় গাছ আছে যা নাকি বাড়ে কম, সেগুলি ছোটই থেকে যায়। সেগুলি বাড়াবার জন্য কি ব্যবস্থা আছে?

The Hon'ble Hem Chandra Naskar:

সুন্দরবনে এমন অনেক গাছ আছে যা ৭। ৮ বৎসরেও বাড়ে না; তবে আমরা সেজন্য ব্যবস্থা করছি।

Sj. Provash Chandra Roy:

মন্ত্রীমহাশয় এই যে বললেন, কাকদ্বীপ ও সাগর থানায় মোট জমির ৭৭·৩৪ অংশ বন, সেটা যে ঠিক নয় সে বিষয়ে একটু তদন্ত করবেন কি?

Mr. Speaker: That is a hypothetical question.

Scarcity of fuel wood in the rural areas of Bankura district

*84. **Sj. Probodh Dutt:** Will the Hon'ble Minister-in-charge of the Forests Department be pleased to state—

(*a*) if it is a fact that there is scarcity of fuel wood in the rural areas of Bankura district; and

(*b*) if so, what steps, if any, Government propose to take to increase the fuel wood resources of the district?

The Hon'ble Hem Chandra Naskar: (*a*) No.

(*b*) Does not arise.

Sj. Rakhahari Chatterjee:

বাঁকুড়া জেলায় জ্বালানী কাঠের অভাব নাই এই তথ্য তিনি কোন্ ভিত্তিতে বলছেন?

The Hon'ble Hem Chandra Naskar:

আগে আমরা দরখাস্ত পেয়েছিলাম, তারপর আর পাই নি। গাছ কেটে নেবার জন্য দরখাস্ত করা হয়েছিল এই ব'লে যে কাঠের অভাব হয়েছে। কিন্তু আমরা অনুসন্ধান ক'রে দেখেছি যে, এখন সেখানে নূতন কাঠের অভাব হয় নি।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, ১৯৫৪ সালে কোন্ জঙ্গল থেকে কত কাঠ কাটা হয়েছে?

Mr. Speaker: The question relates to scarcity of fuel wood in the district of Bankura. The question of felling of trees does not arise out of it.

Sj. Rakhahari Chatterjee:

১৯৫৩-৫৪ সালে ফেলিং কম হয়েছে না বেশী হয়েছে?

Mr. Speaker: Felling is not a question of Forest. That supplementary does not arise out of this.

Sj. Rakhahari Chatterjee:

জঙ্গলের গাছ ছাড়া বাঁকুড়ায় ফুয়েলের আর কোন ব্যবস্থা আছে কি?

Mr. Speaker: That is what you are assuming.

The Hon'ble Hem Chandra Naskar:

অনেক সময় অনেক জায়গা থেকে কয়লা সেখানে যায়।

[Laughter.]

Sj. Rakhahari Chatterjee:

আচ্ছা, বাঁকুড়া জেলায় প্রচুর ফুয়েল আছে, এটা জানলেন কোথা থেকে?

The Hon'ble Hem Chandra Naskar:

অনুসন্ধান ক'রেই জানতে পেরেছি।

Sj. Rakhahari Chatterjee:

বাঁকুড়া থেকে আপনার কাছে দরখাস্ত এসেছে, সেগুলি পেয়েছেন কি না? ফুয়েলের যে অভাব নাই এ সম্বন্ধে নিশ্চিন্ত হয়েছেন কি?

The Hon'ble Hem Chandra Naskar:

সেই সব দরখাস্ত অনুসন্ধান ক'রে আমি দেখেছি যে, কাঠ সেখানে মজুত আছে।

Sj. Rakhahari Chatterjee:

ফুয়েল যাতে পাওয়া যায় সেজন্য কোন নির্দেশ আপনার ডিপার্টমেন্টকে দিয়েছেন কি?

Mr. Speaker: You cannot cross-examine the Minister to get the information.

Different products of Government forests in Sunderbans Division

***85. Sj. Nalini Kanta Haldar:** Will the Hon'ble Minister-in-charge of the Forests and Fisheries Department be pleased to state—

(*a*) the different varieties of the products of Government forests in the Sunderbans; and

(*b*) their quantities and the value each fetched in 1951-52, 1952-53, 1953-54 and 1954-55?

The Hon'ble Hem Chandra Naskar: (*a*) The following products are available in the Government forests in the Sunderbans Division:—

A.—Major—

(*i*) Timber.

(*ii*) Fuel.

B.—Minor—

(*i*) Honey.

(*ii*) Bees wax.

(*iii*) Golpatta.

(*iv*) Hantal.

(*v*) Dhani grass.

(*vi*) Miscellaneous (shell, etc.).

(*b*) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of starred question No. 85

	1951-52.		1952-53.		1953-54.		1954-55.	
	Quantity.	Value.	Quantity.	Value.	Quantity.	Value.	Quantity.	Value.
		Rs.		Rs.		Rs.		Rs.
Timber ..	2,224,000 c.ft.	2,83,470	1,742,000 c.ft.	1,78,620	1,340,000 c.ft.	2,09,054	1,320,500 c.ft.	1,98,832
Fuel ..	1,366,000 c.ft.	86,320	2,050,000 c.ft.	67,340	961,000 c.ft.	94,588	1,461,600 c.ft.	1,21,233
Honey ..	814 mds. 35 srs.	77,965	635 mds. 7 srs.	59,807	529 mds.	48,024	289 mds. 15 srs. 6 chs.	30,619
Bees wax ..	80 mds. 7 srs. 13 chs.	20,844	76 mds. 25 srs.	13,132	88 mds. 20 srs.	15,225	131 mds. 30 srs.	22,749
Golpatta ..	45,200 mds.	4,987	31,701 mds.	3,175	67,650 mds.	7,446	64,372 mds.	7,209
Hantal ..			890,125 mds.	4,960	88,675 mds.	3,548	159,053 mds.	6,399
Dhani grass		42,944 (Hantal, Dhani grass and Miscellaneous together)	950 mds.	38	1,200 mds.	48	500 mds.	20
Miscellaneous (shell, etc.).			88,450 mds.	25,296	88,675 mds.	25,384	124,225 mds.	24,218

Sj. Nalini Kanta Haldar:

স্টেটমেন্টে দেখছি ১৯৫১-৫২ সাল থেকে ১৯৫৪-৫৫তে মধুর কোয়ান্টিটি কমে কমে ২৮৯ মণ ১৫ সের ৬ ছটাকে এসে দাঁড়িয়েছে—এর কারণ কি?

The Hon'ble Hem Chandra Naskar:

আপনার প্রশ্নটা বুঝতে পারলাম না।

Mr. Speaker: He wants to know why there is a reduction in the value of money.

The Hon'ble Hem Chandra Naskar:

আগে চিনি যা পাওয়া যেত তার চেয়ে বর্তমানে অনেক বেশী পরিমাণ পাওয়া যাচ্ছে। লোকে বেশী চিনি পাচ্ছে ব'লে মধুর চাহিদা কমে গিয়েছে। হানি সেই পরিমাণ নিচ্ছে না।

Dr. Kanailal Bhattacharya:

আপনি কি বলতে চাচ্ছেন—প্রোডাকশন কমেছে না বিক্রী কমছে?

The Hon'ble Hem Chandra Naskar:

প্রোডাকশন যথেষ্টই আছে। হানি রিফাইন ক'রে বিক্রী করা হয়। যদি ডিমান্ড না থাকে তবে গভর্নমেন্ট হানি রেখে অনর্থক টাকা নষ্ট করতে চায় না। আমরা ৭০০।৮০০ মণ কিনে যা বিক্রী করি তা ছাড়াও কিছু কিছু প্রাইভেট সেল হয়। ডিমান্ড যদি বেশী হয় তাহ'লে আমরা আরও স্টক করতে পারি।

Sj. Nalini Kanta Haldar:

এই মধু বিক্রী করছেন সেটা কি গভর্নমেন্ট খাস থেকে বিক্রী হয় না প্রাইভেট এজেন্সী মারফৎ?

The Hon'ble Hem Chandra Naskar:

কতক কো-অপারেটিভ মারফৎ, কিছু আলিপুর অফিস থেকে এবং রাইটার্স বিল্ডিংয়ে বিক্রী হয়।

Sj. Nalini Kanta Haldar:

মধু কিনে নিয়ে গভর্নমেন্ট যেটা বিক্রী করেন সেটা জেনুইন কি না বলতে পারেন কি?

Mr. Speaker: That is not a supplementary arising out of this question.

Sj. Sasabindu Bera:

হানি তৈরী হবার পর এই যে বিজ ওয়াক্স থাকে সেটা দ্বারা কি করা হয়?

Mr. Speaker: That is not a proper supplementary question.

[3-30—3-40 p.m.]

Sj. Provash Chandra Roy:

এই যে ফিগার দিয়েছেন তাতে দেখা যাচ্ছে ১৯৫১-৫২ সালে যা তিনি বিক্রী করেছেন তার পরিমাণ ২২ লক্ষ ২৪ হাজার কিউবিক ফুট, ১৯৫৪-৫৫ সালে ১৩ লক্ষ ২০ হাজার ৫০০—এই কমবার কারণটি কি বলবেন?

The Hon'ble Hem Chandra Naskar:

প্রত্যেক জিনিষ একটা ওয়ার্কিং প্ল্যান অনুযায়ী যেরকম দরকার সেইরকম ফেলিং করা হয়। কাজেই কোন বছর বেশী কোন বছর কম। তাতে বন কমে নি, ১৬।১৭ মাইল বন যা আছে তাই আছে।

Sj. Biren Banerjee:

বার বার আপনি ওয়ার্কিং প্ল্যানের কথা বলছেন—ওটা কি জিনিষ?
What is that working plan?

The Hon'ble Hem Chandra Naskar:

আপনি দয়া ক'রে অফিসে আসবেন, বুঝিয়ে দেব।

[Laughter.]

Sj. Provash Chandra Roy:

এই ফিগার থেকে কি বুঝায় যে তাঁর পরিচালনার ফলে.........

Mr. Speaker:

'বুঝায়'
আপনি যা খুসী বুঝতে পারেন।

Sj. Provash Chandra Roy:

যা ছিল ১৯৫১ সালে, ১৯৫৪ সালে দেখা যায় তার অর্ধেক মাত্র। এই হারে কি কমতে থাকবে?

Mr. Speaker: That is not a supplementary.

Sj. Dasarathi Tah:

মন্ত্রীমহাশয় জানিয়েছেন, মধুর চাহিদা কমে যাচ্ছে। এই মধু শিল্পের উন্নতির জন্য আমাদের হাউসের মেম্বারদের কিছু মধু পান করাবার পরিকল্পনা আছে কি না?

[Laughter.]

Repair of different Khals in Midnapore district

***86. Sj. Nagendra Dalui:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার নিম্নলিখিত খালগুলি সংস্কারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেনঃ—

(১) শ্রীকণ্ঠ খাল (ময়না),

(২) পুরানো খাল (ময়না—তমলুক),

(৩) শঙ্করড়া (তমলুক),

(৪) প্রতাপ খাল (মহিষাদল),

(৫) বাঁগুর খাল (তমলুক), এবং

(৬) দেওয়ান খাল (পাঁশকুড়া); এবং

(খ) ইহা কি সত্য যে, এই খালগুলির সংস্কার অভাবে চাষের ক্ষতি হইতেছে?

Minister-in-charge of the Irrigation and Waterways Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):

(ক) (১) শ্রীকণ্ঠ খালের বহিঃস্থ ও আভ্যন্তরিক অংশ
(outer channel and inner channel)
সংস্কার করার কাজ বর্তমান বৎসরে (১৯৫৫-৫৬) আরম্ভ হইয়াছে।

(২) পুরানো খাল নামে কোন খাল আছে বলিয়া সরকারের জানা নাই।

(৩) পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করার প্রস্তাব আছে।

(৪) তমলুক ও মহিষাদল থানায় প্রতাপখালি খাল (প্রতাপ খাল নহে) সংস্কারের পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করার প্রস্তাব আছে।

(৫) তমলুক সাবডিভিসনে বাঁগুর খাল নামে কোন খাল আছে বলিয়া সরকারের জানা নাই।

(৬) পাঁশকুড়া থানায় দেওয়ানখালি খাল (দেওয়ান খাল নহে) সংস্কারের পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করার প্রস্তাব আছে।

(খ) সম্পূর্ণ সত্য নহে।

Sj. Kanai Lal Bhowmick:

এই যে বলেছেন (ক)(১)এ বহিঃস্থ সংস্কার করা হচ্ছে। আভ্যন্তরীণ যেটা সেটা কত মাইল?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

ঠিক বলতে পারি না, মাইলখানেক হবে।

Sj. Kanai Lal Bhowmick:

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে বলেছেন, সে কি শুধু খাল সংস্কার না নতুন ধরণের কোন প্ল্যানও আছে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এই খাল সংস্কারের প্ল্যানে তাকে বাড়িয়ে দেওয়ার আরও এক্সট্রা করার তাই ব্যবস্থা আছে।

Sj. Kanai Lal Bhowmick:

তারপর এখানে যেটা বলেছেন (ছ)(খ), 'সম্পূর্ণ সত্য নয়'.... ...

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কিছু কিছু ক্ষতি হয়েছে।

Sj. Kanai Lal Bhowmick:

তার পরিমাণ কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

পার্সেন্টেজ কষা নেই।

Sj. Kanai Lal Bhowmick:

তমলুকের বাঁপুর খাল--বাগুড় নয়--সম্পর্কে বলতে পারেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

নূতন প্রশ্ন করবেন জবাব দেব। এই প্রশ্নে উনি বাগুরই লিখেছেন।

Irrigation schemes within Nayagram, Sankrail and Gopiballavpur police-stations

***87. Sj. Dhananjoy Kar:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) নয়াগ্রাম, সাঁকরাইল ও গোপীবল্লভপুর থানায় সেচ বিভাগদ্বারা কোথাও কোন সেচ-ব্যবস্থা হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, কোথায় ও কি প্রকারের সেচ-ব্যবস্থা হইয়াছে; এবং

(গ) হইয়া না থাকিলে, সরকারের ঐসকল এলাকায় সেচ-ব্যবস্থার কোন পরিকল্পনা আছে কিনা এবং তাহা কিরূপ?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

(ক) সাঁকরাইল ও গোপীবল্লভপুর থানার কিছু অংশে সেচ-ব্যবস্থা হইয়াছে। নয়াগ্রাম থানায় এখনও কিছু ব্যবস্থা হয় নাই।

(খ) সাঁকরাইল ও গোপীবল্লভপুর থানার কিছু অংশে সেচ বিভাগ কৃত ঝাড়গ্রাম ইরিগেশন প্রজেক্টের চম্পা ও কাওয়ারী খালের মধ্যে পাকা বাঁধ (weir) দিয়া সেচের ব্যবস্থা হইয়াছে।

(গ) গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় নিম্নলিখিত সেচ-পরিকল্পনাগুলি সরকারের বিবেচনাধীন আছে:—

গোপীবল্লভপুর থানা

(১) দোলং পরিকল্পনা; ও

(২) কেন্দুগেড়িয়া বাঁধ পরিকল্পনা।

নয়াগ্রাম থানা

(১) কাঞ্চন খাল বাঁধ পরিকল্পনা;

(২) মুরলী খাল বাঁধ পরিকল্পনা; ও

(৩) রঙ্গিয়াম খাল বাঁধ পরিকল্পনা।

Sj. Dhananjoy Kar:

এই যে বলেছেন, চম্পা কাওয়ারী খালের মধ্যে পাকা বাঁধ দিয়ে সেচের ব্যবস্থা হয়েছে, এতে কি পরিমাণ জমিতে জল পায়?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

পাঁচ হাজার একর।

Sj. Dhananjoy Kar:

আচ্ছা, এই যে দোলং পরিকল্পনা, এটা কি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা এখনও তৈরী হয় নি, সুতরাং কি ক'রে হবে?

Sj. Dhananjoy Kar:

এটা স্বতন্ত্রভাবে করবেন, না পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ফেলবেন?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

এখন থেকে কিছু বলতে পারি না।

Sj. Dhananjoy Kar:

কেন্দুগেড়িয়ার বাঁধ সেদিন আদিবাসী মন্ত্রী বলেছেন শেষ ক'রে দিয়েছেন—সেটা না আর একটা এটা?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

তা বলতে পারব না।

Sj. Dhananjoy Kar:

সুবর্ণরেখার দক্ষিণ দিকে কোন খাল করার পরিকল্পনা আছে কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

দক্ষিণ দিকে কি কি খাল আছে আমার মুখস্থ নেই।

Sj. Jnanendra Kumar Chaudhury:

এই যে দোলং পরিকল্পনা যা বলছেন, এটা কোথায় কি পরিকল্পনা হচ্ছে বলতে পারবেন কি?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

দোলং নদীকে বেঁধে তার থেকে সেচ দেওয়া যায় কি না এই পরিকল্পনা তৈরী হচ্ছে।

Sj. Jnanendra Kumar Chaudhury:

সেটা কোথায় বাঁধা হবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

কি জায়গা বলতে পারব না।

Supply of bonemeal for Narayangarh police-station, Midnapore

***88. Sj. Surendra Nath Pramanik:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার নারায়ণগড় থানার জন্য বর্তমান বৎসরে সরকার কি পরিমাণ bonemeal দেওয়ার ব্যবস্থা করিয়াছেন;

(খ) প্রতিমণ bonemeal-এর মূল্য কত;

(গ) ইহা কি সত্য যে—

(১) বর্তমান বৎসর স্থানীয় কৃষি বিভাগীয় কর্মচারীর পারমিট দ্বারা উক্ত সার বিক্রয়ের ব্যবস্থা না করিয়া সরাসরি এজেন্টের মাধ্যমে free sale-এ বিক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে, এবং

(২) উক্ত এজেন্ট চাষীদিগের নিকট ১/ মণ ধান লইয়া এক মণ bonemeal দিতেছেন এবং কোন কোন চাষীর নিকট নির্দিষ্ট মূল্য অপেক্ষা প্রতিমণে ২৲ টাকা অতিরিক্ত লইতেছেন; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকার ইহার প্রতিকারের কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(ক) মেদিনীপুর জেলায় বিক্রয়ের জন্য ১৯৫৫-৫৬ সালে ১,৪০০ টন, অর্থাৎ ৩৮,১৫০ মণ bonemeal বরাদ্দ করা হইয়াছে। নারায়ণগড় থানার প্রয়োজনীয় bonemeal ঐ বরাদ্দের মধ্যে ধরা আছে।

(খ) মেদিনীপুর জেলার বিভিন্ন মহকুমায় ডিপো হইতে খুচরা বিক্রয়ের জন্য প্রতিমণ bonemeal-এর নিম্নলিখিত মূল্য ধার্য হইয়াছে ঃ—

মেদিনীপুর (সদর—উত্তর)	৭৸৹ আনা
মেদিনীপুর (সদর—দক্ষিণ)	৭৸৶৬ পাই
তমলুক	৭৸৶৬ পাই
ঘাটাল	৭৸৶৹ আনা
কাঁথি	৮৲ টাকা
ঝাড়গ্রাম	৮৲ টাকা

(গ) (১) হ্যাঁ।

(২) সরকারের নিকট এইরূপ কোন অভিযোগ আসে নাই।

(ঘ) এই প্রশ্ন উঠে না।

Sj. Madan Mohon Khan:

গত বছর দামটা কি ছিল বলবেন কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

গত বছর বোনমিল বিতরণ করি নি। তখন ৬ৄ টাকা প্লাস ট্রান্সপোর্টেশন চার্জ যা হত। এবারে ওপ্‌ন ক'রে দিয়েছি যা খুসী লোকে নিতে পারে। ট্রান্সপোর্টেশন চার্জের জন্য ৭ টাকা থেকে ৮ টাকা হয়েছে।

Sj. Madan Mohon Khan:

মেদিনীপুর জেলাতে এ বছর কোন্ তারিখে বোনমিল পেঁছবে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

তারিখ মুখস্থ নেই।

Sj. Madan Mohon Khan:

আপনি কি জানেন চাষীরা বোনমিল পাচ্ছে না?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমার মনে হয়, ট্রান্সপোর্টেশনের অসুবিধার জন্যে কিছু দেরী হয়েছে, কিন্তু মেদিনীপুর জেলায় সব জায়গায় পেঁছে গিয়েছে এটা ঠিক।

Sj. Madan Mohon Khan:

বোনমিল কি দরে আপনি কেনেন?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: I ask for notice.

Scheme for construction of embankments within Gopiballavpur, Nayagram and Sankrail police-stations

***89. Sj. Dhananjoy Kar**: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও সাঁকরাইল থানায় ১৯৫৩-৫৪ ও ১৯৫৪-৫৫ সালের মধ্যে সেচ বিভাগের সেচের জন্য কোন বাঁধ করার পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি এরূপ কতগুলি বাঁধ করিবার পরিকল্পনা সরকারের আছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

(ক) সেচ বিভাগ হইতে ১৯৫৪-৫৫ সালে গোপীবল্লভপুর থানায় আশুই ধর্মপুর গ্রামে একটি বন্যানিবারণী বাঁধ পুনর্নির্মাণ করা হইয়াছে।

(খ) আপাততঃ অন্য কোন বাঁধের পরিকল্পনা নাই।

Sj. Dhananjoy Kar:

বন্যানিবারণী বাঁধ দ্বারা কি সেচের কাজও চলছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এতে সেচের কাজও চলছে, এটা ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে করা হয়েছে।

Sj. Dhananjoy Kar:

সেচের কাজও হচ্ছে কি?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

সেচের কাজও হচ্ছে বলেছি তো।

[3-40—3-50 p.m.]

Sj. Dhananjoy Kar:

এই বাঁধ বন্যায় যাতে না ভেঙ্গে যেতে পারে তার জন্য কি কোন আলাদা বন্দোবস্ত করা হয়েছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এ বিষয়ে আমি কোন তদন্ত না ক'রে উত্তর দিতে পারি না।

Sj. Dhananjoy Kar:

এই বাঁধের দ্বারা বন্যা নিবারণের কাজ ছাড়াও কি সেচের কাজ চলছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

হাঁ, এতে সেচের কাজও চলছে। এটা ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে করা হয়েছে।

Sj. Dhananjoy Kar:

বন্যা নিবারণ করা হচ্ছে, না সেচের কাজ হচ্ছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

আমি ত পূর্বেই বলেছি—সেচের কাজ হচ্ছে।

Sj. Dhananjoy Kar:

কিভাবে সেচের কাজ হচ্ছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

নোটিশ দিলে উত্তর দেবো।

Sj. Dhananjoy Kar:

এই বাঁধের জন্য কত টাকা খরচ হয়েছে?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এই বাঁধেতে সম্পূর্ণ খরচ হয়েছে—
Rs. 2,88,244 including bills in hand amounting to Rs. 20,836.

Sj. Dhananjoy Kar:

বন্যার জলে এই বাঁধটা যাতে ভেঙ্গে না যায় তার জন্য কোন আলাদা বন্দোবস্ত করা হচ্ছে কি না বাঁধকে রক্ষা করবার জন্য?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed:

এ বিষয় তদন্ত না ক'রে উত্তর দিতে পারি না।

Reconstitution of the Board of Wakfs, West Bengal

*90. **Janab Lutfal Hoque:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) when the present Board of Wakfs, West Bengal, was constituted;

(b) when the election to fill the elected seats of the Board was last made; and

(c) whether the Government have any scheme for selecting Muslims from different districts for the seats to be filled up by appointment by the State Government?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose): (a) The present Board of Wakfs was constituted on 4th June, 1949.

(b) December, 1954.

(c) Government will appoint seven members, but the Act does not say that the appointment will be district-wise.

Sj. Provash Chandra Roy:

এই যে প্রশ্নের (সি)তে বলা হয়েছে, সাত জন মেম্বারকে পরে এ্যাপয়েন্ট করা হবে, এখানে কি নীতির ভিত্তিতে তাদের এ্যাপয়েন্ট করা হবে মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

The Hon'ble Pannalal Bose:

খুব ভাল ভাল লোকদের বেছে নিয়ে তাদের এ্যাপয়েন্ট করা হবে।

Sj. Provash Chandra Roy:

খুব ভাল লোক, এটা স্থির করবেন কে?

The Hon'ble Pannalal Bose:

খুব ভাল লোকদের মধ্যে মুসলমানও আছে।
He must be a Muslim.

Sj. Provash Chandra Roy:

এটা কে ঠিক করবেন?

The Hon'ble Pannalal Bose:

গভর্নমেন্ট ঠিক করবেন।

Sj. Provash Chandra Roy:

তার মাপকাঠি, যোগ্যতা কি কি হবে?

The Hon'ble Pannalal Bose:

ভাল লোকের মাপকাঠির সংজ্ঞা নির্দেশ করা বা ঠিক করা কোন মানুষের সাধ্য নাই।

Dr. Hirendra Kumar Chatterjee:

তাহ'লে কি বুঝতে হবে গভর্নমেন্ট অতিমানুষ?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Dasarathi Tah:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি—এই যে ওয়াকফ্, এতে কি মুসলমান ছাড়া হিন্দু নিয়োগ করা চলে না?

Mr. Speaker: That is not a supplementary question. That is almost a fundamental conception.

Sj. Provash Chandra Roy:

১৯৪৪ সালে যে নির্বাচন হয়েছিল, সেই নির্বাচন কি পদ্ধতিতে করা হয়েছে, সেটা একটু উদ্ধৃত ক'রে মন্ত্রীমহাশয় বলবেন কি?

Mr. Speaker: That question does not arise out of this.

Non-payment of salaries of the primary school teachers of Howrah

***91. Sj. Lalit Kumar Sinha:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার অন্তর্গত বাগনানের সরকারী অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এবং হাওড়া জেলার অন্যান্য প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ গত ডিসেম্বর মাস হইতে বেতন পাইতেছেন না;

(খ) অবগত থাকিলে, ইহার কারণ কি; এবং

(গ) এই প্রাথমিক শিক্ষকগণ যাহাতে অবিলম্বে তাঁহাদের প্রাপ্য বেতন পান তাহার ব্যবস্থা সরকার করিয়াছেন কিনা?

The Hon'ble Pannalal Bose:

(ক) ১৯৫৩ সালের ডিসেম্বর ও ১৯৫৪ সালের জানুয়ারী, এই দুই মাসের বেতন সময়মত শিক্ষকগণ পান নাই।

(খ) জেলা স্কুলবোর্ডের তহবিল নিঃশেষিত হওয়াই ইহার কারণ।

(গ) হ্যাঁ।

Sj. Lalit Kumar Sinha:

এই যে ফান্ড নিঃশেষিত হয়ে গিয়েছে বলেছেন—সেটা পূরণ করবার কোন ব্যবস্থা হয়েছে কি না?

The Hon'ble Pannalal Bose:

এই তহবিল কম হ'লে তৎক্ষণাৎ গভর্নমেণ্ট থেকে একটা গ্রাণ্ট দিয়ে সেটা পূরণ ক'রে দেওয়া হয়। হয়ত কোন কোন ক্ষেত্রে একটু দেরী হতে পারে। আপনারা শুনে হয়ত আশ্চর্য হয়ে যাবেন এই হাওড়া জেলায় এ বৎসর দশ লক্ষ টাকা পাঠান হয়েছে।

Sj. Lalit Kumar Sinha:

এই যে দুই মাসের টাকা বাকী হয়ে পড়ে ছিল, তখন শিক্ষকদের আর্থিক অবস্থা কিরকম ছিল সেটা মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

Mr. Speaker: That is a matter of opinion.

Jitendra Narayan Roy Infant and Nursery School, Calcutta

***92. Dr. Atindra Nath Bose:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether Government have given any grant or aid to the Jitendra Narayan Roy Infant and Nursery School, Calcutta?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) what is the amount of grant or aid given from time to time; and

(*ii*) what is the constitution of the Governing Body of the J. N. Roy Infant and Nursery School and whether there is any nominee of the Government on the Governing Body?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether there are any other Infant or Nursery Schools in the State to which grants or aids were given by the Government; and

(*ii*) if so, what are the names of these schools and what is the amount of grant or aid received by each of them from time to time?

The Hon'ble Pannalal Bose: (*a*) and (*c*)(*i*) Yes.

(*b*)(*i*) Maintenance grant of Rs.600 per mensem.

(*ii*) A statement regarding the constitution of the Governing Body is laid on the Table. There is no Government nominee on the Governing Body.

(*c*)(*ii*) A list of other aided Infant/Nursery Schools is laid on the Table.

Statement referred to in reply to clause (*b*)(*ii*) *of starred question No. 92*

CONSTITUTION OF GOVERNING BODY OF J. N. ROY INFANT AND NURSERY SCHOOL, CALCUTTA

Name.	Address.	Category of representation.
(1) Shri Charu Chandra Biswas, M.A., B.L.	58, Puddapukur Road, Calcutta.	President.
(2) Dr. H. N. Ray, M.B., F.R.C.O.G. (London).	19/4, Madan Mitra Lane, Calcutta.	Honorary Treasurer.
(3) Mrs. Mrinmayie Ray	Ditto.	Honorary Secretary and Teachers' representative.
(4) Dr. Radha Binod Pal, M.A., D.L., Ph.D.	21, Beadon Street, Calcutta.	Eminent citizen.
(5) Dr. Srikumar Banerjee, M.A., B.L., Ph.D.	31, Southern Avenue, Calcutta.	Educationist.
(6) Shri Amrita Lal Majumdar, B.L.	39, Beadon Street, Calcutta.	Donors' representative.
(7) Mrs. Kanaklata Chatterjee.	166, Bowbazar Street, Calcutta.	Donor and benefactor.
(8) Mrs. Anjali Mukerjee	Ditto.	Ditto.
(9) Shri B. P. Khaitan, Attorney-at-Law.	1, Old Post Office Street, Calcutta.	Ditto.
(10) Shri H. K. Datta, B.E.	12, Mission Row, Calcutta	Benefactor.
(11) Mrs. Sarajubala Ghose	C/o *Amrita Bazar Patrika*, Ananda Chatterjee Lane, Calcutta.	Guardians' representative.
(12) Mrs. Manimala Das	125, Vivekananda Road, Calcutta.	Ditto.
(13) Dr. A. C. Dey, L.M.F.	4B, Benode Saha Lane, Calcutta.	Foundation Member of the Governing Body.

Statement referred to in reply to clause (c)(ii) of starred question No. 92

LIST OF AIDED INFANT/NURSERY SCHOOLS

Names of other aided Infant/Nursery Schools in the State.	Amount of annual maintenance grant.
	Rs.
(1) Sishu Niketan, 32/10A Beadon Street, Calcutta-6 ..	4,800
(2) Sishu Bhawan, 8 Bethune Row, Calcutta-6 ..	1,200
(3) Sishu Niketan, Jalpaiguri	2,400
(4) Sishu Mahal, Jalpaiguri	3,600
(5) Purnima Sammilani, Howrah	600
(6) Kindergarten School, Howrah, Sibpore	600

Dr. Atindra Nath Bose: Are there any rules regarding appointment, salary and service conditions of the teachers in that school?

The Hon'ble Pannalal Bose: As regards nursery schools, we do not accept any other responsibility except to the extent of seeing that the money we pay is properly spent.

Dr. Atindra Nath Bose: Is not that one of the criteria to judge whether the money is properly spent or not?

The Hon'ble Pannalal Bose: I visited the school once and found the ladies, who were teaching the little children, were very sensible.

Dr. Atindra Nath Bose: That was not my question. The Minister may say that he cannot reply. I wanted to know whether he is aware of any rules regarding the salary, service conditions, etc., of the teachers of that school. That was my question.

The Hon'ble Pannalal Bose: I cannot say without notice.

Dr. Atindra Nath Bose: Are there any tests or examinations to assess the attainments of the students of that school? Government is giving a grant to the school.

Mr. Speaker: Government is giving grants to 2,000/5,000 schools.

Dr. Atindra Nath Bose: What are the considerations upon which Government give grants to schools?

The Hon'ble Pannalal Bose: One consideration is the result of examinations, as you know.

Dr. Atindra Nath Bose: Is it a fact that the school is taking tuition fee in the primary section?

The Hon'ble Pannalal Bose: There is no primary section in the nursery school.

Dr. Atindra Nath Bose: This is a nursery and infant school and not merely nursery school. My question is, is there any primary section in that school?

The Hon'ble Pannalal Bose: No, primary section means a section for boys between the ages of 6 to 11 and their education must be free in the rural area—not here in Calcutta.

Sj. Biren Banerjee: Item (5) of the statement referred to in reply to clause (*c*) (*ii*)—Purnima Sammilani, Howrah—where is this situated?
এর ঠিকানাটা জানাবেন কি?

The Hon'ble Pannalal Bose:

এটা আমি জানি যে, এদের ৬০০ টাকা দেওয়া হয়েছিল। ঠিকানাটা ঠিক আমি বলতে পারলাম না।

Formation of Governing Bodies of colleges

***93. Sj. Mrityunjoy Pramanik:** Will the Hon'be Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) whether Government have laid down any rules or regulations guiding the aided colleges in forming their Governing Bodies;

(*b*) if so, what are those rules;

(*c*) whether any provision has been made for inclusion of a representative of guardians in the Governing Body of an aided college;

(*d*) whether the Burdwan Raj College receives any grant-in-aid from the Government;

(*e*) if so, from what year; and

(*f*) whether there is any guardian representative in the Governing Body of the said college?

The Hon'ble Pannalal Bose: (*a*) No, but it is reported that the Calcutta University which is the appropriate authority has the matter under their consideration.

(*b*) Does not arise.

(*c*) It is understood that the University has issued circulars to principals of affiliated colleges where two guardian representatives are proposed to be included in the Governing Bodies of the colleges.

(*d*) Yes, in lump but not on a permanent recurring basis.

(*e*) 1950-51.

(*f*) None at present.

Dr. Atindra Nath Bose: With respect to answer (*f*), did the Hon'ble Minister enquire why there were no guardians' representatives on the Governing Body of the Burdwan Raj College?

Mr. Speaker: It is said here that this is done by the University and not by the Government. How can the Minister answer that question?

Dr. Atindra Nath Bose: But that comes within the answer.

Mr. Speaker: The initiative is taken by the University. How can Government give the answer?

[3-50—4 p.m.]

Dr. Atindra Nath Bose: Can the Hon'ble Minister state as to whether at present there is any guardian representative in the governing body of that college?

The Hon'ble Pannalal Bose: For the information of the honourable member I may tell him that the rules for the constitution of governing body are different in the case of aided schools, colleges, sponsored colleges and merely affiliated colleges and not aided. And then there is a fourth class specially constituted under a special constitution. The University has postponed consideration of the last class, so that Maharaja of Burdwan's college governing body cannot now be interfered with.

Dr. Atindra Nath Bose: Will the Hon'ble Minister be pleased to state if there are any representatives of guardians in the governing body of the college now?

The Hon'ble Pannalal Bose: No.

Dr. Atindra Nath Bose: What is it—whether you cannot say or whether there is no member?

The Hon'ble Pannalal Bose: That is a very special constitution of Maharaja's nominees.

Adult Education Centres in the State

***94. Sj. Dharani Dhar Sarkar:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) পশ্চিম বাংলায় কতটি বয়স্ক শিক্ষাকেন্দ্র আছে;

(খ) এই শিক্ষাকেন্দ্রগুলিতে কতজন শিক্ষক আছেন;

(গ) এই শিক্ষকদের মাসিক কত করিয়া বেতন দেওয়া হয়;

(ঘ) এই শিক্ষাকেন্দ্রগুলিতে কি কি সাহায্যের ব্যবস্থা আছে;

(ঙ) শিক্ষকদের ট্রেনিং-এর কোথায় কি ব্যবস্থা আছে; এবং

(চ) বয়স্ক শিক্ষাকেন্দ্রে শিক্ষক নিযুক্ত হইবার যোগ্যতা কি?

The Hon'ble Pannalal Bose:

(ক) ১৯৫৩-৫৪ সালে—

আক্ষরিক শিক্ষাকেন্দ্র	৪৬৪
পূর্ণাঙ্গ সমাজশিক্ষাকেন্দ্র	৩২২
মোট ...	৭৮৬

(খ) ১৯৫৩-৫৪ সালে—

আক্ষরিক শিক্ষাকেন্দ্র	৪৬৪
পূর্ণাঙ্গ সমাজশিক্ষাকেন্দ্র	৬৪৪
মোট ...	১,১০৮

(গ) ও (ঙ) বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল।

(ঘ) শিক্ষকের ভাতা ও বোনাস বাদে আনুষঙ্গিক বিবিধ খরচ বাবদ মাসিক ১০৲ এবং একযোগে বই, শ্লেট, পেন্সিল, ইত্যাদি ও পেট্রোম্যাক্স আলো দিবার ব্যবস্থা আছে। কোথাও কোথাও কতকগুলি নিয়মাধীনে রেডিও দিবার ব্যবস্থাও করা হইয়াছে।

(চ) সাক্ষরকারী শিক্ষক প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ হইলেই ভাল হয়; তাঁহার সমাজশিক্ষা ট্রেনিং থাকা চাই। সামাজিক শিক্ষাদানের শিক্ষকের নিজস্ব শিক্ষার মান উচ্চতর স্তরের হইবে; তাঁহার সমাজসেবার প্রত্যক্ষ অভিজ্ঞতা, সঙ্গীত, অভিনয় ও জনসভায় বক্তৃতা প্রদানের ক্ষমতা এবং সংগঠনী শক্তি থাকা বাঞ্ছনীয়।

Statement referred to in reply to clause (গ) *of starred question No. 94*

আক্ষরিক শিক্ষাকেন্দ্র

	টাকা।	
আক্ষরিক শিক্ষকের ভাতা	১০৲	(মাসিক)
নিরক্ষরকে সাক্ষর করা বাবদ বোনাস (গড়ে)*	১০৲	"
মোট ...	২০৲	"

*একজন বয়স্ককে সাক্ষর করিতে পারিলে মাথাপিছু ১৲ টাকা।
একজন বয়স্কাকে সাক্ষর করিতে পারিলে মাথাপিছু ২৲ টাকা বোনাস দেওয়া হয়।

পূর্ণাঙ্গ সমাজশিক্ষাকেন্দ্র

	টাকা।	
সামাজিক শিক্ষাদানের শিক্ষকের ভাতা	৩০৲	(মাসিক)
আক্ষরিক শিক্ষকের ভাতা	১০৲	"
নিরক্ষরকে সাক্ষর করা বাবদ বোনাস (গড়ে)	১০৲	"

Statement referred to in reply to clause (ঙ) *of starred question No. 94*

ইতোপূর্বে প্রতিবৎসর বাণীপুর বুনিয়াদি শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয়ে সামাজিক শিক্ষা-শিক্ষণ শিবিরে শিক্ষকগণকে ৬ সপ্তাহব্যাপী ট্রেনিং দিবার ব্যবস্থা করা হইত।

এতদ্ব্যতীত নিম্নলিখিত সরকারী সাহায্যপ্রাপ্ত সংস্থাগুলিতে শিক্ষকগণ ট্রেনিং গ্রহণ করেন:—

(১) পশ্চিমবঙ্গ বয়স্ক শিক্ষা সমিতি।
(২) বিশ্বভারতী পল্লীসংগঠন বিভাগ।
(৩) বঙ্গীয় ব্রতচারী সমিতি।
(৪) রামকৃষ্ণ মিশন সারদাপীঠ, পোঃ বেলুড়মঠ, হাওড়া।

শিক্ষকগণকে লোকসঙ্গীত, কথকতাপাঠ ও অন্যান্য লোকরঞ্জন কলা বিষয়ে নিম্নলিখিত প্রতিষ্ঠানে শিক্ষণ-ব্যবস্থা করা হয়:—

(১) বঙ্গবাণী, নবদ্বীপ।
(২) রাধারমণ ভাগবত মহাবিদ্যালয়, নবদ্বীপ।
(৩) পণ্ডিত প্রভাতচন্দ্র গোস্বামীর চতুষ্পাঠি, কুচবিহার।

(৪) বাঁশীপুর লোকশিক্ষা সদন, ২৪-পরগণা।

(৫) কালিম্পং লোকশিক্ষা সদন, দার্জিলিং।

উপরোক্ত (১—৩নং) কেন্দ্রগুলিতে সরকার হইতে আর্থিক সাহায্য দেওয়া হইয়া থাকে। ৪—৫নং প্রতিষ্ঠান দুইটি খাস সরকারী পরিচালনাধীন।

Sj. Madan Mohon Khan:

আপনি বলেছেন, আক্ষরিক শিক্ষা কেন্দ্রে যে শিক্ষকেরা ১০৲ টাকা ভাতা পান ওরা পার্টটাইম ওয়ার্কার না ফুলটাইম ওয়ার্কার?

The Hon'ble Pannalal Bose:

পার্টটাইম ওয়ার্কার কিছু আছে।

Sj. Madan Mohon Khan:

ওরা স্পেশাল কেডার ছাড়া হতে পারে কি না?

The Hon'ble Pannalal Bose:

ওরা স্পেশাল ক্যাডেরের শিক্ষক নয়।

Sj. Bibhuti Bhushon Ghose:

স্পেশাল ক্যাডেরের শিক্ষকেরা ওখানে শিক্ষকতা করতে পারে কি না?

The Hon'ble Pannalal Bose:

এখনো করে নাই।

Sj. Madan Mohon Khan:

স্পেশাল ক্যাডেরের শিক্ষকেরা আক্ষরিক শিক্ষাকেন্দ্রে পার্টটাইম শিক্ষক হতে পারে কি না?

Mr. Speaker: It is not a question about special cadre. That question does not arise.

Sj. Madan Mohon Khan:

উনি ত বলেছেন ওরা পার্টটাইম ওয়ার্কার।

Sj. Balailal Das Mahapatra:

আপনি বলেছেন ৭৮৬টা বয়স্ক শিক্ষাকেন্দ্র আছে, এই কেন্দ্রগুলিতে কতগুলি ছাত্র অধ্যয়ন করে?

The Hon'ble Pannalal Bose:

আক্ষরিক মোট শিক্ষাকেন্দ্র ৭৮৬টা আছে—গড়ে ১০০ ক'রে ধরতে পারেন, আর পূর্ণাঙ্গ যেটাও প্রায় ১১০ বয়স্ক, মোট প্রায় এক লক্ষ।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় স্কুলের সংখ্যা দিয়েছেন, সে স্কুলের এগজিস্টেন্স আছে কি না মাঝে মাঝে সে খোঁজ নেন কি?

The Hon'ble Pannalal Bose:

আমাদের সব জেলায় ইন্সপেক্টর অব এ্যাডাল্ট এডুকেশন আছে।

Sj. Ambica Chakraborty:

এই সব শিক্ষকদের যোগ্যতা সম্বন্ধে বলেছেন যে, জনসভায় বক্তৃতাদানের ক্ষমতা এবং সংগঠনী শক্তি থাকা বাঞ্ছনীয়—এদের দ্বারা কি কি অর্গানাইজেশন সংগঠন করা হয়? এবং কি কি বিষয় বক্তৃতা দেওয়া হয়?

The Hon'ble Pannalal Bose:

এখানে সমস্তটা বলতে পারব না। তবে সমস্ত জিনিষগুলি যে সে লোকের কর্ম নয়—এ্যাডাল্ট এডুকেশন দেবার ক্ষমতা খুব কম লোকের আছে। একটা লোকের গ্রামে গিয়ে গ্রামের লোকদের ডেকে লেখাপড়া শেখানো—তার মধ্যে প্রাইমারী ও সেকেন্ডারী শিক্ষাই বেশী রয়েছে, তারপর নৈতিক শিক্ষা এবং গ্রামের লোকদের হাইজিন শিক্ষা দেওয়া—এসব সহজ কথা নয়।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন তাদের সংগঠনের ক্ষমতা থাকা দরকার এবং এতগুলি কাজ করতে হবে—আপনি কি মনে করেন ১০৲ টাকা বেতন দিয়ে এত কাজ করান যায়?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Provash Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় যে বলেছেন, আক্ষরিক শিক্ষাকেন্দ্রে এবং পূর্ণাঙ্গ সমাজ শিক্ষাকেন্দ্রে গড়ে একশ ক'রে ছাত্র শিক্ষা পায়—এ তথ্য তিনি কার মারফৎ পেয়েছেন তা জানাবেন কি?

Mr. Speaker:

উনি ত অনেকবার বলেছেন ডিপার্টমেন্ট থেকে,

It is a waste of time putting similar questions. Why do you put this question every time.

গভর্নমেন্ট কোথা থেকে আর পায়?—এই সব প্রশ্ন করায় সময় নষ্ট হয়ে যায়।

Sj. Provash Chandra Roy:

এই তথ্য সম্পর্কে তিনি ভাল ক'রে খোঁজ নেবেন কি?

The Hon'ble Pannalal Bose:

দরকার হ'লেই নেব। কোন জায়গায় ১০০, কোন জায়গায় ১২০, এইরকম ছিল।

Sj. Kanai Lal Bhowmick:

এই ধরণের কোন স্কুলে আপনি নিজে গিয়ে দেখেছেন একবারও?

The Hon'ble Pannalal Bose:

না, এ ধরণের স্কুল দেখি নি।

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে, বই, শ্লেট, পেন্সিল, পেট্রোম্যাক্স আলো, রেডিও দেবার ব্যবস্থা করা হয়েছে; এজন্য কি টেন্ডার আহ্বান করা হয়, না বাজার থেকে কেনেন?

Mr. Speaker: That is not a proper supplementary question.

Sj. Balailal Das Mahapatra:

এ জিনিষগুলো কেনা হয়?

Mr. Speaker: That question does not arise.

Sj. Subodh Banerjee:

আপনি বলেছেন যে আক্ষরিক শিক্ষকের ভাতা ১০৲ টাকা এবং সামাজিক শিক্ষাদানের শিক্ষকের ভাতা ৩০৲ টাকা—এদের কোন বেতন দেন না? এঁরা কি অনারারী সার্ভিস দেন?

Mr. Speaker:

উনি ত বলেছেন পার্টটাইম ওয়ার্কারের এ্যালাউন্স হিসাবে দেন।

Sj. Subodh Banerjee:

এটা এ্যালাউন্স না স্যালারী?

The Hon'ble Pannalal Bose:

এই শিক্ষকেরা ১০৲ টাকা ভাতা, ১০৲ টাকা বেতন আর ইকুইপমেন্ট, পেন্সিল প্রভৃতি.........

Sj. Subodh Banerjee:

বেতন ত দেখছি না—
where is the salary?

[No reply.]

Sj. Balailal Das Mahapatra:

পার্টটাইমের জন্য ১০৲ টাকা দেওয়া হয়; তারা কতক্ষণ কাজ করে?

The Hon'ble Pannalal Bose:

এক ঘণ্টা, দু' ঘণ্টা, তার মধ্যে রেডিও শোনাও আছে।

Sj. Provash Chandra Roy:

মাননীয় মন্ত্রীমহাশয়——

Mr. Speaker: Question time is over. The Hon'ble Irrigation Minister will now make a statement about the North Bengal flood.

PRESENTATION OF PETITION ON WEST BENGAL LAND REFORMS BILL, 1955.

Secretary: Sir, under rule 88, I have to report that one petition as per statement laid on the table, has been received relating to the West Bengal Land Reforms Bill, 1955, which was introduced in the Assembly by the Hon'ble Satyendra Kumar Basu, on the 24th February, 1955.

Petitions relating to the Bill to reform the law relating to land tenure consequent on the vesting of all estates and of certain rights therein in the State, which was introduced in the West Bengal Legislative Assembly on the 24th February, 1955:

Number of signatories.	Town or village.	District.
49	Arbandha Boalia	Nadia

[4—4-10 p.m.]

Mr. Speaker: Now the Irrigation Minister will make a statement about the North Bengal Flood.

STATEMENT ON THE FLOOD SITUATION

The Hon'ble Ajoy Kumar Mukherji: Mr Speaker, Sir, as in the last year, this year also several districts of the State—Jalpaiguri, Cooch Behar, Darjeeling, Malda, West Dinajpur and Murshidabad—have been stricken with floods. The full report about the flood situation in these districts and the measures taken by Government is naturally rather a long report. I do

not want to take up the valuable time of the House in reading out the full report. I am having it printed and shall have it distributed to the Members of the House some day next week. Meanwhile, I would like to make a concise report to the House.

After the devastating floods of last year, which had very seriously disrupted the communications in West Bengal, both the Railways and the Works and Buildings Department of this Government took up the urgent task of restoration of the communication system. They have accomplished this task very well. All the bridges on the roads and railways were either repaired or replaced by new bridges, permanent or temporary. The two rivers which have, however, remained unbridged were the Char Torsa and Sil Torsa. The bridging of these rivers involves a difficult technical problem which can be solved only after careful investigations.

With the assistance of the Government of India, the Irrigation Department of the State Government set themselves to tasks—first, investigations and surveys to serve as the basis of fundamental flood control measures and second, emergency protection works for certain limited areas.

The investigations and surveys have progressed well. The catchment areas of the river Teesta and its tributaries have been reconnoitered by teams of technical experts. A chain of hydrological observation posts has been set up, and a mass of data from different sources has been collected and is being correlated. The aerial photographic survey of the flooded area and the work of spot levelling, both undertaken by the Government of India, have made progress and will be completed during the next cold weather. With the co-operation of the Government of Bhutan a chain of river-gauge and rain-gauge stations are being set up in Bhutan. Most of them will be provided with wireless to serve as Flood Warning Stations also.

Emergency protection works were undertaken at different places at a total estimated cost of rupees two crore and nine lakhs. With the exception of one, the embankment in the Domohoni-Barnes areas, all of them have stood up to the floods this year. These works have protected several towns—Jalpaiguri, Cooch Behar, Alipur Duar, Siliguri and Mathabhanga and several tracts of the country-side against erosion and floods this year.

The floods which have taken place in various districts this year have affected a total area of about 1,250 square miles. Naturally great suffering has been caused as also damage, particularly to crops. Several hundreds of houses have had to be dismantled and removed from flooded or threatened areas, and about a hundred and fifty more houses have been virtually buried in silt and rendered permanently uninhabitable. But there have fortunately been very few losses of human lives or of cattle—thanks to the very prompt and energetic rescue and relief operations undertaken by the local officers of Government, leading men of the localities and non-official organisations. Only two deaths have been confirmed so far and one more reported. The reported loss of cattle is about fifty heads. Hundreds of families have been rescued from affected or threatened areas and given temporary shelter and relief.

This year's floods again disrupted railway and road communications at very many points. But restoration of communications has been prompt. At the moment all the breaches on the railway have been closed except for one on the Main line to Assam. The breaches on the major roads have also been restored. Free ferries have been provided across the unbridged rivers.

Necessary medical, sanitary and veterinary measures have been taken in the flooded areas and I am glad to be able to say that there has been no epidemic, either among men or animals, anywhere in the affected areas. Relief given by Government has taken the form of food, gratuitous relief,

boat-hire, free supply of clothes and blankets, water supply at places where people have taken shelter, agricultural loans, house-building grants and free supply of concentrates for cattle. About Rupees Six lakhs have been sanctioned for relief so far. Relief is continuing .in the affected areas Philanthropic organisations, such as the Red Cross and the Bharat Sevak Samaj and others, have also rendered valuable services to the affected people in various ways. By the free supply of aman seeds, for which Rs. 36,500 has been sanctioned so far, the people are being assisted to bring the lands back under cultivation.

The investigations and surveys for the formulation of fundamental flood control measures will be expedited to the utmost possible extent. The House, will, however, appreciate the fact that this will take some time, particularly when the rivers have their origin and their catchment areas in remote and inaccessible mountainous regions of Nepal, Sikkim, Bhutan and Tibet. Meanwhile, the trends of the rivers, the causes of flooding, the erosions during the present flood season have been carefully observed. Several more short-term protection schemes are being formulated now and will be executed before the next flood season. Moreover, the Government are proposing to provide about Rs. 7 crores for flood control works in North Bengal in the 2nd Five-Year Plan. The House will agree, I hope, Sir, that the engineers of the Railway and the State Government deserve congratulations in the manner in which they have worked against heavy odds since the last flood season and the success they have achieved in restoring communications both before and during the floods and in carrying through the emergency protection works. They can be relied on to do the very best possible in the future also.

Sj. Jyoti Basu: Sir, we have been told by the Minister that this is a very short statement and that the fuller one will be circulated to us next week. Therefore, we would like to have a debate on the statement otherwise one side of the picture, namely, that of the Government side, will be before us.

Mr. Speaker: When the statement will be circulated, we shall see that.

Now we shall take up the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, clause by clause.

GOVERNMENT BILL

The Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955

Clause 1

Mr. Speaker: The amendment of Sj. Madan Mohon Khan is out of order.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

[*Mr. Speaker: I take it that all the amendments are moved including those which have been given notice of by Sj. Balailal Das Mahapatra.*]

Sj. Jnanendra Kumar Chaudhury: I beg to move that in clause 2, for the words "special police officer" and "special police officers" wherever occurring, the words "gentleman entrusted with duties of police" and "gentlemen entrusted with duties of police" be respectively substituted.

Dr. Narayan Chandra Ray: I beg to move that in clause 2, in the proposed section 20A, for sub-section (1) the following sub-section be substituted, namely:—

"(1) There shall be a Reserve Force of Special Police Officers for the town of Calcutta, to be recruited from amongst the following categories of people, viz.:—

(a) Lawyers, (b) Doctors, (c) Professors, (d) Engineers, (e) Teachers of High Schools and such other persons who pay Income-tax. The services of those Reserve Special Police Officers shall only be requisitioned in cases of Communal trouble.".

Sj. Jyotish Joarder: I beg to move that in clause 2, in the proposed section 20A(1), in line 1, after the words "there shall be" the words "in case of a state of emergency being declared by the State Government" be inserted.

Sj. Jnanendra Kumar Chaudhury: I beg to move that in clause 2, in the proposed section 20A(1), line 3, for the word "town" the word "city" be substituted.

Sj. Jnanendra Kumar Chaudhury: I beg to move that in clause 2, in the proposed section 20A(1), in line 3, after the word "Calcutta" the words "as defined in the Calcutta Municipal Act, 1951" be inserted.

Sj. Ambica Chakrabarty: I beg to move that in clause 2, in the proposed section 20A(2), lines 1 to 4, for the words beginning with "as many" and ending with "by the State Government" the words "as many officers as there are police stations in Calcutta" be substituted.

Sj. Jyotish Joarder: I beg to move that in clause 2, in the proposed section 20A(2), in line 2, after the words "as may be appointed" the words "subject to the approval of a Selection Board elected by the State Assembly on proportional representative basis" be inserted.

Dr. Hirendra Kumar Chatterjee: I beg to move that in clause 2, the proviso to the proposed section 20A(2) be omitted.

Dr. Kanailal Bhattacharya: I beg to move that in clause 2, in the proposed section 20A(4), line 4, the word and comma "powers," be omitted.

Sj. Jnanendra Kumar Chaudhury: I beg to move that in clause 2, in the proposed section 20A(5), in line 3, after the words "police officer" the words "but shall be provided (free) with uniform and equipment" be inserted.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: I beg to move that in clause 2, in the proposed section 20A(5), lines 7 to 9, the words beginning with "or the Deputy Commissioner" and ending with "in writing" be omitted.

Sj. Balailal Das Mahapatra: I beg to move that in clause 2, in the proposed section 20A(1), in line 1, after the words "There shall be" the words "in an abnormal state of emergency only" be inserted.

I move that in clause 2, in the proposed section 20A(1), line 3, the words "town of" be omitted.

I move that in clause 2, in the proposed section 20A(1), in line 3, after the word "Calcutta" the words "Municipal area" be inserted.

I move that in clause 2, in the proposed section 20A(1), in line 3, after the word "Calcutta" the words "who shall be recruited from the respectable and trustworthy persons of the locality concerned" be inserted.

[4-10—4-20 p.m.]

Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Kali
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan

Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

NOES—47.

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Jatish (Ghatal)
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Khan, Sj. Madan Mohon
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mulliok Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sen, Dr. Ranendra Nath
Tah, Sj. Dasarathi

The Ayes being 131 and the Noes 47, the motion was carried.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I beg to move that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed.

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকারমহাশয়, যে বিলটি আনা হয়েছে, এই বিলটি শনিবারের বিলের একটি পরিশিষ্ট বলা চলে। এই বিল আনবার সময় মুখ্য মন্ত্রীমহাশয় বলেছিলেন, এই এ্যাক্টটা ১৮৬৬ সাল থেকেই আছে এবং স্পেশাল পুলিশ করবার তাতে একটি বিধি ছিল। দেখা যাচ্ছে যে, ৮৯ বছর পূর্বে এই বিলটি তৈরী হয়েছিল এবং ৮৯ বছর ধরে যে স্পেশাল পুলিশের কাজ করাবার চেষ্টা করা হয়েছিল, সেটা এই বিলের ভিতর দিয়ে আবার আজকে চেষ্টা করা হচ্ছে। এই বিলটা যখন আনা হয়েছিল তখন বলা হয়েছে যে এর উদ্দেশ্য হচ্ছে পুলিশের আর জনসাধারণের সঙ্গে সংযোগ স্থাপন করা। অর্থাৎ এই বিলটাকে, "ঘটক বিল" বলা চলে। পুলিশের সঙ্গে জনসাধারণের "ঘটকালি" করবার জন্য আর একটি বাহিনী দরকার, অর্থাৎ "ঘটক বাহিনী" তৈরী করতে হবে। ৮৯ বছরেতে সেই ঘটক বাহিনী দ্বারা যা সম্ভব হয় নাই, আজকে সেই অসম্ভব জিনিষটা মুখ্য মন্ত্রীমহাশয় সম্ভব করতে চাইছেন। ৮৯ বছর পূর্বে অর্থাৎ ইংরাজ আমল থেকে স্পেশাল পুলিশ তৈরী করবার চেষ্টা হয়েছিল, যে কর্তব্য তারা সম্পাদন করবে তাও ঠিক হয়েছিল, কিন্তু আমি মুখ্য মন্ত্রীর কাছ থেকে জানতে চাই তাদের সেই বিলের উদ্দেশ্য কি সার্থক হয়েছিল? ৮৯ বছর ধরে "ঘটকালি" ক'রে যদি

জনসাধারণ এবং পুলিশের সঙ্গে সংভাব না ঘটে থাকে, তাহ'লে আজকে কোন স্পর্শমণির স্পর্শেতে হঠাৎ এই ঘটক বাহিনী তৈরী করামাত্রই ৮৯ বছরের সেই ব্যর্থতা আজকে সার্থকতায় পরিণত হবে।

দ্বিতীয় জিনিষ হচ্ছে, এই বিলকে সার্থক করবার কথায় এবং এই স্পেশাল পুলিশ এবং পুলিশের কাজ সম্বন্ধে বলতে গিয়ে আমাদের মাননীয় মিঃ গুপ্ত বারবার সত্যেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের কথা বলেছেন। অতএব এই একটি মাত্র পুলিশ অফিসার ছাড়া আর দ্বিতীয় জনের কথা তাঁর মনে আসে নি। তিনি খুঁজে বার করতে পারেন নি, তাতেই মনে হয়
Exception proves the rules
সেইজন্যই তিনি একজনের বেশী নাম করতে পারেন নি। যদি মনে হত যে আমাদের সমস্ত পুলিশ অফিসার এফিসিয়েন্ট, তাহ'লে তিনি অন্ততঃ একজনের নাম উল্লেখ না ক'রে বহু লোকেরই নাম উল্লেখ করতে পারতেন। কিন্তু সে দিক থেকে যতবারই তিনি উল্লেখ করেছেন, ততবারই তিনি ঐ একটি লোকের নাম ক'রেই স্তব্ধ হয়েছেন।

তারপর কথা হচ্ছে, এই যে পুলিশ অফিসার হচ্ছে, এই পুলিশ অফিসারদের ক্ষমতা দেওয়া হচ্ছে সাধারণ মাইনে করা বেতনভোগী যে পুলিশ অফিসার আছে তাদেরই সমান এবং তাদের সমান অধিকারও থাকবে। আমরা জানি যে বেতনভোগী পুলিশ অফিসার যখন এ্যাপয়েন্ট করা হয় তখন তাদের জন্য একটা সিলেকশন কমিটি হয়, তাদের গুণাবলীর একটা বিচার হয় এবং তাদেরও পাবলিক সার্ভিস কমিশনের মত একটা কমিশন আছে, যারা তাদের গুণাবলীর বিচার ক'রে তাদের এ্যাপয়েন্টমেন্ট রেকমেন্ড করেন। কিন্তু যদি ডিউটিজ ও পাওয়ার একই হয়, তাহ'লে এদের নিয়োগের জন্য এইরকম কমিশনের দ্বারা গুণাবলীর বিচারের পদ্ধতি নেই কেন এবং সেজন্য এই পদ্ধতির অভাবে তাদের হাতে ক্ষমতা ছেড়ে দেবার যে যৌক্তিকতা আছে সেটা আমরা স্বীকার করতে পারছি না। পাবলিক সার্ভিস কমিশনের ভেতর দিয়ে যদি এই সিলেকশনটা হ'ত, বা সেই কমিশনের ভেতর দিয়ে যদি তারা আসতেন তাহ'লে তারা অনারারীই হোন আর যাই হোন, কাহারো আপত্তি থাকত না। তা না ক'রে, এইরকম একটা প্রাইভেট সার্ভিস কমিশন অর্থাৎ একা পুলিশ কমিশনার বা ডেপুটি কমিশনারের দ্বারা সিলেকশন ও এ্যাপয়েন্টমেন্টের কি প্রয়োজন আছে সেটা আমরা বুঝতে পারলাম না। ঠিক এইজন্যই দেশের সাধারণের বিশ্বাস তাদের উপর কমবে এটা স্বাভাবিক, এতে অন্ততঃ আপত্তি করবার কিছু কারণ নেই। এ ছাড়া আমাদের এক বন্ধু প্রস্তাব করেছেন যে, অন্ততঃ এই এ্যাসেম্বলির প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশনে গঠিত যদি একটা সিলেকশন কমিটি হয়, তাহ'লে সেটা একটা কমিশনের মতনও হ'ল এবং তার উপরে জনসাধারণের পূর্ণ রিপ্রেজেন্টেশন থাকবে, সুতরাং তার উপর জনসাধারণের আস্থা থাকবে, অতএব তার ভেতর দিয়ে আসবার কি যে প্রতিবন্ধক হচ্ছে সেটা আমরা বুঝতে পারছি না।

তারপরের কথা হচ্ছে, পুলিশ রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি যে, ক্রাইমস ইন ক্যালকাটা কমছে। আমি পুলিশ রিপোর্ট থেকে যে ফিগার্সগুলি পাচ্ছি সেটা আপনাকে দেখাচ্ছি যে ১৯৪৮ সালে কগনাইজেবল অফেন্স কোলকাতায় হয়েছিল প্রায় ১৮ হাজার, ১৯৪৯ সালে ১৬ হাজার ৩০০, ১৯৫০ সালে ১৪ হাজার ৮০০। অথচ মুখ্যমন্ত্রীর বাজেট খাতে আমরা দেখছি যে, বাংলাদেশের পুলিশের খরচা দিনের পর দিন বাড়ছেই। সেটার হিসাব হচ্ছে ৫ ক্রোর ৩০ লাখ ছিল ১৯৫১-৫২ সালে, ৫ ক্রোর ৭০ লাখ ছিল ১৯৫২-৫৩ সালে, ৫ ক্রোর ৮০ লাখ হ'ল ১৯৫৩-৫৪ সালে এবং ৫ ক্রোর ৯৭ লাখ অর্থাৎ প্রায় ৬ কোটি হ'ল ১৯৫৪-৫৫ সালে। এই বাজেট ফিগার্স ও ক্রাইমসের ফিগার্স তুলনা করলে দেখা যায় যে ক্রাইমসের গ্রাফের যখন ডাউন-ওয়ার্ড গ্রেডিয়েন্ট তখন খরচের গ্রাফের আপওয়ার্ড গ্রেডিয়েন্ট।

[5-10—5-20 p.m.]

আমার কয়েকজন বন্ধু, যাঁরা এখন ওদিকে আছেন, তাঁরা তাঁদের গত মার্চ মাসে বাজেট স্পীচে বলেছিলেন অনেক কিছুই এই পুলিশ বিভাগ সম্বন্ধে। শ্যামপুকুর থানার পুলিশ

স্টেসনের ও,সি,র ইল-বিহেভিয়ারের জন্য একজন বন্ধু ১০০ টাকার কাট মোশন এনেছিলেন, যেমন—

"failure of the Government in stopping gambling".

এর জন্য সেই বন্ধুটিই এনেছিলেন ১০০ টাকার কাট মোশন, যেমন—

"Malpractices prevail in the Traffic Police Department"

তারজন্য এনেছিলেন ১০০ টাকার কাট মোশন, যেমন—

"Police atrocities on street hawkers"

তারজন্য এনেছিলেন ১০০ টাকার কাট মোশন সবই সেই একই বন্ধু। আমি জানি না, তিনি আজকে তাঁর ঐ মত পোষণ করেন কি না। আর এক বন্ধু, যিনি আজ ওদিকে আসন নিয়েছেন, তিনি দেখিয়েছিলেন যে যখন কোলকাতায় ভীষণ কম্যুনাল রাইঅট হচ্ছিল—১৯৪৬ সালে, তখন কোলকাতায় আর্মড পুলিশের সংখ্যা ছিল ৪২৬ এবং তার মধ্যে অফিসার ছিল ৫৬ জন্য; এবং তাদের পোষাকের জন্য খরচ হয়েছিল ৩ লক্ষ ৬৭ হাজার টাকা। আর ১৯৫৪-৫৫ সালে, যখন কংগ্রেস শাসনে পূর্ণ শান্তি বিরাজ করছে, তখন আর্মড পুলিশ ফোর্সের সংখ্যা হ'ল ২ হাজার ৯৪২ এবং অফিসার হ'ল ৫০১ জন। অর্থাৎ কম্যুনাল রাইঅটের সময়ে যে আর্মড পুলিশ ফোর্স ছিল তার সাধারণ সংখ্যার চেয়ে বর্তমানে তার অফিসারের সংখ্যা বেশী এবং এদের পোষাকের খরচা হ'ল ১৩ লক্ষ ৫১ হাজার টাকা অর্থাৎ ১৯৪৬ সাল অপেক্ষা প্রায় দশ লক্ষ টাকা বেশী। আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, এই যে জিনিষটা হচ্ছে ক্রাইমের জন্য এ সম্বন্ধে যদি ডিবেট করতে হয়, তাহ'লে এখানকার পুলিশের উপরেতে লোকের আস্থা থাকে না। তিনি আমার চেয়ে অনেকবার বিলেত গেছেন, আমি মাত্র একবার গেছি। তিনি সেখানে সেখানকার পুলিশের কার্যপদ্ধতি দেখে এসেছেন। মুখ্যমন্ত্রী তাঁর বাজেট স্পীচেতে বলেছিলেন যে, লন্ডন পুলিশ নাকি তাঁকে বলেছিলেন যে ৭৫ পারসেন্ট ডিটেকশন অব ক্রাইমস সেখানে জনসাধারণ করে পুলিশের সাহায্য ব্যতিরেকে। আমি জানতে চাই, এখানে জনসাধারণ সেই ৭৫ পারসেন্ট ক্রাইমস ডিটেকশন করে না কেন? তার কারণ সকলেই জানেন। এখানে জনসাধারণ পুলিশকে আস্থার চক্ষে দেখে না, বিশ্বাস করে না। যাঁরা বিলাতে গেছেন তাঁরা সকলেই জানেন যে সেই দেশের পুলিশ হচ্ছে জনসাধারণের বন্ধু, জনসাধারণের আস্থাভাজন। আমি যখন গিয়েছিলাম সেখানকার কোন রাস্তা চিনি না। কিন্তু যেমনি আন্ডারগ্রাউন্ড টিউব স্টেশন থেকে উঠে রাস্তায় এসে দাঁড়ালাম অমনি ১০ সেকেন্ডের মধ্যে পাশে এসে একজন পুলিশ হাজির এবং বললেন—

"At your service, Sir. Can I help you?"

এটাই ছিল তার প্রথম কথা। প্রত্যেক জায়গায় আমি এইরকম দেখেছি। পুলিশের এই বন্ধুসুলভ ব্যবহার ও শিষ্টাচার পেয়েছি। এডিনবারোতে পাশপোর্ট অফিসে গেছি, সেখানেও গিয়ে দাঁড়াবার সঙ্গে সঙ্গে পুলিশ এসে প্রথম কথা তার বললে—

"Good morning, Sir, at your service. Can I help you?"

আর এখানকার পুলিশের কথা—শ্যামবাজারের মোড়ে একটি বৃদ্ধ বাস্তুহারা বৃদ্ধার হাত ধরে নিয়ে যাচ্ছে। সেখানেতে মোড়ে দাঁড়িয়ে আছেন একজন পুলিশ কনস্টেবল, ডিউটি করছিলেন অর্থাৎ খৈনী টিপছিলেন। বৃদ্ধ তাকে জিজ্ঞাসা করলেন, "উল্টাডাঙ্গা যাবো কোন্ রাস্তায়?" তার উত্তর হ'ল, "আরে কেয়া জানে, সিধা চলা যাও"। পুলিশ শুধু বৃদ্ধকে কামড়াতে বাকী রেখেছিল। এই যে পুলিশের ব্যবহার এই ব্যবহারের পর জনসাধারণের আস্থা পুলিশের উপর কি ক'রে থাকবে? কি ক'রে সহানুভূতি এবং ভালবাসা হতে পারে? অতএব এই বিলের আয়োজন না ক'রে মুখ্য মন্ত্রীমহাশয় যদি কোলকাতায় এবং বাংলাদেশে পুলিশদের শিষ্টাচার এবং ভদ্রতা শিক্ষা দেবার জন্য জনসাধারণের সঙ্গে সহানুভূতিসম্পন্ন ব্যবহার শিক্ষা দেবার জন্য অন্ততঃ একটি স্কুল বা কলেজ স্থাপন করতেন, তাহ'লে জনসাধারণ সত্যিই কৃতজ্ঞ হত। জনসাধারণ বিপদে পড়লে পুলিশ যদি স্বেচ্ছায় সেখানে যায়, যেমন বিলেতের পুলিশ যায়, বন্ধুর মতন যদি সাহায্য করে ও পরামর্শ দেয়, তাহ'লে এই "ঘটক বাহিনী" স্পেশাল পুলিশের প্রয়োজন হয় না।

তা ছাড়া, মুখ্যমন্ত্রী এই যে এ্যান্টি-সোশাল ক্রাইমসের কথা বলেছেন, এসব ক্রাইমস কেন হয়—কিসের জন্য বেড়ে চলেছে—কিসের জন্য হচ্ছে সেটা খোঁজ করা দরকার। তা না ক'রে শুধু ঘটক বাহিনী স্থাপন করলেই ঐসব ক্রাইমস চলে যাবে? আমি যে পাড়ায় বাস করি সেই পাড়ায় আমি নিজে দেখেছি যে ভদ্রঘরের ছেলে থার্ড ডিভিশনে ম্যাট্রিকুলেশন পাশ করল, কিন্তু সে কলেজে ঢুকতে পারল না, অথবা ফেল করলে সে বেকার হয়ে বসে থাকল। প্রত্যেক পাড়ায় রাস্তার মোড়ে এইরকম ছেলেরা ছেঁড়া হাফসার্ট গায়ে বসে আছে, তাদের কোন চাকরী নেই চাকরীর আশাও নেই। পাশের দোকান থেকে এক তাড়া বিড়ি বিনা পয়সায় আদায় করে, তারপরে তাদের উন্নতি হয় এবং এক প্যাকেট কাঁচি সিগারেট আদায় করে। তারপরে সে পাড়াতে যখন ফলওয়ালা ঢোকে তার মাথা থেকে একটা ক'রে ফল তুলে নেয়। তারপর নজর পড়ে স্কুল-কলেজের মেয়েদের উপর, কুৎসিত কটাক্ষ, ইঙ্গিত, ইত্যাদি। তারপর আর বাকীটা ডারউইনের থিওরি অব ইভলিউশন অনুযায়ী পাক্কা গুণ্ডা, এ্যান্টি-সোশাল এলিমেন্টে পরিণত হয়। বর্তমান গভর্নমেন্ট মৌলিক কারণ এই বেকার সমস্যার সম্বন্ধে এ্যাবসলিউটলি ইনডিফারেন্ট, তাঁদের এই ঔদাসিন্যই, অক্ষমতাই এরজন্য দায়ী এবং সেইজন্য এই গভর্নমেন্টকে গুণ্ডা ম্যানুফ্যাকচারিং কোম্পানী, আনলিমিটেড, আখ্যা দেওয়া যেতে পারে। তাঁদেরই ইনএফিসিয়েন্সি, ইনডিফারেন্সেতে গুণ্ডা তৈরী করছেন। আবার নিজের সৃষ্ট গুণ্ডামি রোধ করবার জন্য তাঁরা তৈরী করছেন এই "ঘটক বাহিনী"। এই দেখে আমার একটা কথা মনে পড়ছে। ই.আই.আর. রেলেতে একটা লোক দেখেছিলাম। সে নস্যি বিক্রি করতো, সে বলতো—"আমার নস্যির এমন গুণ যে যদি কারো মাথা ধরে থাকে, তাহ'লে এই নস্যি নিলে তার মাথা ছেড়ে যাবে। আর যদি কাহারো মাথা না ধরে থাকে তবে অন্ততঃ ধরিয়ে উপকার দেবে"। তাই বলছিলাম—সরকারী নীতিতে গুণ্ডা তৈরী হচ্ছে এবং সেই গুণ্ডা দমন করার জন্য আবার বিল তৈরী হচ্ছে। সরকারের কৃপায় বর্তমান অর্থনীতির যা পরিস্থিতি তার কোন প্রতিকার না করে, অর্থনীতির আমূল পরিবর্তন না ক'রে যদি শুধু "ঘটক বাহিনী" তৈরী করলেই যে এ্যান্টি-সোশাল এলিমেন্টস লোপ পেয়ে যাবে, এটা আমি বিশ্বাস করি না এবং জনসাধারণ, যাদের অন্ততঃ সাধারণ জ্ঞান বা যুক্তি আছে, তারাও বিশ্বাস করবে না।

এই ঘটক বাহিনী সৃষ্টি করবার কথা ৮৯ বছরের পুরানো আইনে ছিল তা আমরা জনি। আরও অনেক আইন বৃটিশ সাম্রাজ্যবাদীদের আমলেও ছিল। মাস্টারমহাশয় অর্থাৎ মুখ্যমন্ত্রী যখন সুরেন্দ্রনাথের বিরুদ্ধে প্রথম ইলেকটেড হন তখন আমরা তাঁর হয়ে ভলান্টারী করেছি। তখন এ্যাসেমব্লিতে গিয়ে শুনেছি যে তাঁরাই রেগুলেশন ৩ অব ১৮১৮কে রাস্টি রেগুলেশন বলতেন। আজ সেই প্রকারই রাস্টি রেগুলেশন ৮৯ বছর আগেকার ক্যালকাটা পুলিশ আইনের দোহাই দেওয়াটা দেখে লজ্জা হয়, দুঃখও হয়। আজকের দিনে পুরাতন ইংরাজ আমলের আইনের দোহাই দেওয়ার কোন অর্থই হয় না। জনসাধারণ এবং পুলিশের মধ্যে ঘনিষ্ঠতা স্থাপন করতে যদি "ঘটক বাহিনী" সৃষ্টি করাই একমাত্র প্রকৃষ্ট পন্থা বলে মনে করা হয়, তাহ'লে বুঝতে হবে আমাদের ইন্টেলেকচুয়াল ব্যাঙ্করাপ্টসি হয়েছে এবং কোন দিক দিয়ে এই প্রব্লেমকে এ্যাপ্রোচ করতে হয় সেটা আমাদের দৃষ্টির বহির্ভূত।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় স্পীকারমহাশয়, গতকাল থেকে এই বিলের আলোচনা হচ্ছে। আমাদের মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয় বা স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয় যে উক্তি করেছেন তার মধ্যে দিয়ে এই বিলকে সমর্থন করবার মতন কিছুই পাওয়া যায় নি। তিনি প্রথমে বলেছেন এ্যাকট ১৮৬১তে সমস্ত ব্যবস্থাই ছিল, মাত্র সেই সেই সর্তগুলি এনে এই এ্যাকট অব ১৯৫৬-এর মধ্যে সংযুক্ত করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি যদি ১৮৬১ সাল থেকে এই স্পেশাল পুলিশ অফিসার না নিয়ে বাংলাদেশের শাসনব্যবস্থা চলতে পারে, তাহ'লে হঠাৎ এমন কি কারণ হ'ল যার জন্যে এটার নূতন করার প্রয়োজন থাকতে পারে। তিনি নিজেই বলেছেন যে, অপরাধের সংখ্যা কমে আসছে। সুতরাং নূতন ক'রে আবার একটা বেসরকারী পুলিশ বাহিনী গঠনের কি আবশ্যকতা থাকতে পারে? যদি বুঝতাম এবং যদি তার মধ্য দিয়ে এটা প্রকাশ পেত যে, বেসরকারী পুলিশ বাহিনী গঠনের মধ্য দিয়ে বাংলাদেশের পুলিশের খরচা কিছু কমে যাচ্ছে, তার নাম্বার কিছু কমান হচ্ছে, তাহ'লে বুঝতাম যে এটার

একটা সার্থকতা আছে। যদি আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় এই কথাই বলতেন যে, বাংলাদেশের পুলিশ স্ট্রাইক করেছিল, আবার কোন সময়ে কি কারণে স্ট্রাইক করবে তার ত কিছুই ঠিক নাই, অতএব বাংলাদেশের নিরাপত্তার জন্য এবং ইমারজেন্সির জন্য কিছু স্পেশাল পুলিশ করার প্রয়োজনীয়তা আছে তাহ'লেও বুঝতাম যে তাঁর যুক্তির মধ্যে কিছু সারবত্তা আছে। কিন্তু সেই সম্বন্ধে কোন কিছুই তিনি বলেন নি। শুধু একটিমাত্র কথা তিনি বলেছেন; সেটা হচ্ছে জনসাধারণ এবং পুলিশের মধ্যে যে ব্যবধান আছে তার মধ্যে একটা ব্রীজ তৈরী করা বা একটা সেতু নির্মাণ করাই হবে এই পুলিশ বাহিনীর কাজ। তাতে কিন্তু অনেক বিপদ হবে।

এখন বর্তমান পুলিশকে যে পরিমাণে সেলাম এবং সেলামী দেওয়া হয়, এই বেসরকারী পুলিশ বাহিনী মধ্যবর্তী এলে, যে কথা ডাঃ চ্যাটার্জি বলেছেন যে নতুন ঘটক তৈরী হচ্ছে এবং জনসাধারণ সেখানে বড় বিপদে পড়বেন। তিনি এই কথা তাঁর প্রথম পর্যায় আলোচনার সময়ে বলেছেন এবং এই ৯০০ লোক নিযুক্তের মধ্যে সেই নৈবিদ্যের উপর রম্ভা কিম্বা একটা চিনির বলদের মতন জনকয়েকের নাম করেছেন। তাঁরা নাকি খুব বড় বড়। তাঁদের মধ্যে এ্যাসিস্ট্যান্ট ডাইরেকটর আছেন, ডাক্তার আছেন, প্রফেসর আছেন, এ্যাড্‌ভোকেট আছেন। কিন্তু বাকী ৯০০ জন লোকের মধ্যে আর সব কি স্তরের লোক সে কথা আজও আমরা জানতে পারলাম না। ২।৪ জন পোষাকী লোক থাকতে পারেন, কিন্তু এই বিষয়ে আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতাও আছে অনেক।

যদিও ১৮৮৬ সালের পুলিশ এ্যাক্ট অনুসারে এই স্পেশাল কনস্টেবল মফঃস্বলে আগে হয় নি, কিন্তু১৯৫১-৫২ সালে এটার নূতন পত্তন করা হচ্ছে। সেখানে আমরা দেখছি কম্যানডান্টের নাম নিয়ে অতি অযোগ্য, যিনি চলৎশক্তিহীন অথচ নামডাক আছে এমন একজন ব্যক্তি, যিনি কখনও ড্রিল বা প্যারেড এ্যাটেন্ড করতে পারেন না, যাঁর পক্ষে বাহিরে যাওয়াও সম্ভব নয়, তিনি পোষাকী নাম নিয়ে বসে আছেন। আর বাকী সমস্ত লোক ঠিক ধর্মের ষাঁড়ের মতন চরে খাচ্ছে। তারা বিনা পয়সায় রিকশা চাপছে এবং যা কিছু করা সম্ভব, এই বাঁকুড়া সহরে তাই করছে। তার যে পুনরাবৃত্তি কোলকাতায় হবে না তারই বা কি গ্যারাণ্টি রয়েছে। বরং সাধারণ পুলিশ অফিসার যারা বেতনভোগী তাদের একটা সার্ভিস রুল আছে, প্রোমোশন হ'লে বেতন বাড়বে, তাদের একটা ভয়ের কারণ আছে চাকুরী যাবে, তার মিনস অব সাবসিস্টেন্স নষ্ট হয়ে যাবে। সুতরাং সে বরং জনসাধারণকে ভয় ক'রে চলবে এবং যাতে তাদের অপরাধটা ধরা না পড়ে কিম্বা তাকে যাতে অপরাধ করতে না হয় সে সেই মনোবৃত্তি নিয়েই চলার চেষ্টা করবে। কিন্তু এদের মধ্যে তার কোন বালাই নেই। বিজনেস হ'লেই বা কি আর গেলেই বা কিছু তাতে যায় আসে না। সুতরাং জনকয়েক বিরাট লোকের নাম ডাঃ রায় করার ফলেই যে সিচুয়েশনের কিছুটা পরিবর্তন হয়েছে এইরকম কারণও আমরা দেখতে পাচ্ছি না। এক কথায় বলতে গেলে বলতে হয় যে, যদি ডাঃ রায় বিলের উদ্দেশ্যের কথায় বলতেন যে বাংলাদেশের বেকার সংখ্যা খুব বেড়ে গেছে, সুতরাং এটা বেনামীভাবে, সরকারের বিনা খরচায় এবং বিনা আয়াসে এই বেকার সমস্যা সমাধানের একটা প্রচেষ্টা তিনি করছেন তাহ'লে আমাদের বলার কিছু নেই। যেটা আমরা নিজেরা পারছি না, অতএব তোমরা পার তো একটু চরে খাও। এবং এই পাঞ্জাপাট্টাও দিয়ে দিচ্ছি। এইরকম আমরা মোগল যুগেও দেখেছি এবং এক সময়ে জমিদারদের গল্পেও শুনতে পাওয়া যায় যে সেইরকম ব্যবস্থা নাকি ছিল। যদি তিনি এইরকম বলতেন তাহ'লে আমরা বুঝতাম যে, বেনামীতে তাদের একটা ভরণপোষণের বন্দোবস্ত করা হচ্ছে। তাও যখন তিনি স্বীকার করেন নি তখন বিলের যে কি উদ্দেশ্য তা যদি তিনি আমাদের বোঝাতে পারতেন তাঁর যুক্তিতর্কের দ্বারা, তাঁর রিজন্স প্রয়োগের দ্বারা যে বাস্তবিকই বাংলাদেশের এমন অবস্থা হচ্ছে যার জন্য এখানে একটা বেসরকারী পুলিশ বাহিনী গঠন না করলে বাংলার ক্ষতি হতে পারে, তাহ'লেও আমরা অন্ততঃ বুঝতাম। কিন্তু এইরকম কিছুই তিনি দেখাতে পারেন নি। সুতরাং এটা একটা সম্পূর্ণ অনাবশ্যক এবং এর পেছনে রিজন্স বা লজিক নেই। অবশ্য তিনি পুনঃপুনঃ বলেছেন এবং তিনি নিজেও স্বীকার করেন এবং বিশ্বাসও করেন যে, যে আইন আসুক না কেন তা পাশ হবেই। সুতরাং বিরোধীপক্ষের যুক্তির মধ্যে যতই সারবত্তা থাক, ডাঃ রায় অস্বীকার করলেও তিনি মনে মনে

অন্ততঃ বোঝেন যে, এর মধ্যে কোন ম্ল্যু আছে কি না। আমি তাঁকে সেজন্য অন্রোধ করব যে বাস্তবিকই এর কোন প্রয়োজন আছে কি না, তিনি সেটা চিন্তা করে দেখ্ন। যেটা এতদিন ছিল না, তার হঠাৎ পত্তন ক'রে তিনি কেন লোকের মনে অহেতুক সংশয় এবং সন্দেহের কারণ ঘটাবেন।

[5-20—5-30 p.m.]

তিনি সেদিন ক্রিমিন্যাল প্রোসিডিওর কোডের যে প্রকার একসটেন্ড ক'রে গেলেন জাস্টিস অব পিস এ্যাপয়েন্ট ক'রে, তার সংগে সংগে স্পেশাল প্লিশ এবং কনস্টেব্লারী, এবং তার সংগে সংগে আবার সিকিউরিটি এ্যাকটকে আরও পাঁচ বছর জীবন দান ইত্যাদি ক'রে এমন একটা বিভীষিকার রাজত্ব তৈরী করা হবে তার আর বলবার প্রয়োজন হয় না। ডেপ্রটি স্পীকার-মহাশয়, সকলেই জানেন যে এক প্লিশের নামে ঊর্ধ্বতন তিন প্রুষ এবং নিম্নতন তিন প্রুষ সাধারণ লোকের হ্ৎকম্প হয়। আর এ শ্ধ্ব প্লিশ নয়, এ আবার স্পেশাল প্লিশ। একে ছেড়ে দেওয়া হচ্ছে জনসাধারণের মাঝে এবং এরা আবার বেতনও নেবে না। স্তরাং বিনা বেতনে এরা কাজ ক'রে যাবে।

ডাঃ রায় মাত্র ৯ জনের নাম করেছেন। আমি জিজ্ঞাসা করি, তাঁদের কার্যতালিকায় তাঁরা কতদিন প্যারেডে গিয়েছিলেন, কতদিন ড্রিল এ্যাটেন্ড করেছিলেন এবং মাসের মধ্যে কত ঘণ্টা বা কতদিন তাঁদের কর্তব্য কর্মে নিয্ক্ত ছিলেন, যে ৯ জনের নাম ডাঃ রায় করেছেন। আমার মনে হয়, বছরে ২।১ দিন ঐ সেরিমোনিয়াল প্যারেড এ্যাটেন্ড করেছিলেন কিম্বা খেলার মাঠে গিয়েছিলেন। তার উদ্দেশ্য হচ্ছে খেলাও দেখা হ'ল আর পোষাকও পরা হ'ল। এরকম ছাড়া দ্বিতীয় কিছ্ কাজ করেছেন কি না সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আমার আছে। তাই আমি বলব, বিনা পয়সায় লোক ছাড়তে হ'লে যেসব লোকের দরকার সেই লোক রিক্রট করতে গেলে আমাদের পক্ষ থেকে প্রস্তাব আনা হয়েছিল যে সিলেকশন বোর্ড কর্ন, তা না করলে হবে না। কারণ আমরা অনেক জায়গায় দেখেছি যে, অনেক লোকও এর মধ্যে গিয়েছিলেন এই উদ্দেশ্য নিয়ে যে, দেশ স্বাধীন হয়েছে, যদি কিছ্ ভাল কাজ করা যেতে পারা যায়। কিন্তু দ্রভাগ্যের কথা হচ্ছে যে, কিছ্দিন পরে দেখা গেল যে সেই সমস্ত লোকদের নাম বাদ দেওয়া হয়েছে। ২।১টি লোককে নেহাৎ বাদ দেওয়া যায় না ব'লে তাদের রাখা হয়েছে। বাকী সমস্ত লোককে রেখে দেওয়া হয়েছে, কারণ তারা হয় কোন দলবিশেষের লোক কিম্বা তাঁদের অন্রাগভাজন। কারণ, যেখানে অনারারী সার্ভিসের কথা বলছেন, দেশরক্ষা করার প্রয়োজনের কথা বলছেন, অথচ সেখানে ভালো লোককে নেওয়া হয় না। তাঁরা এ্যাটেন্ড করা সত্ত্বেও, এ্যাপ্লিকেশন করা সত্ত্বেও কোন অজ্ঞাত কারণ আছে জানি না তাঁদের আস্তে আস্তে বাদ দেওয়া হয়েছিল। বাদ দেওয়া হয়েছিল যেহেতু

They do not subscribe the view with the ruling party.

এই ব্যাপার আজকে ঘটছে। এ যদি জানতে চান আমি দেখিয়ে দেব। স্তরাং একটা কথা আছে —"কাজ নাই আমার বেতনে—মেরে দিব তোমায় খেটনে"। ঐ খেটনের লোক যদি ছেড়ে দেন তাহ'লে আপনার পক্ষে সম্ভব হবে না উদ্দেশ্যটাকে ভাল করবার।

মিঃ গ্প্ত কালকে বলেছেন যে, প্লিশের মধ্যে অনেক খারাপ লোক রয়েছে। সেই খারাপ প্লিশকে ভাল করবার জন্য যদি আপনি স্বরাষ্ট্রমন্ত্রী হয়ে খণ্ডিত বাংলার বিরাট প্রুষ ব'লে যে দাবী আপনার আছে এবং অনেকেই এই ধারণাও করেন, সেখানে আপনি যদি এই অযোগ্য প্লিশী ব্যবস্থার সংগে কিছ্ আবার ফারদার প্লিশ এ্যাড করেন, তাহ'লে তাতে কি যোগ্যতা হবে না অযোগ্যতার পরিমাণ ব্দ্ধি হবে? সেটা আপনার সর্বাগ্রে চিন্তা করা দরকার। মিঃ গ্প্ত হয়ত বিলটার উদ্দেশ্য ভাল ক'রে না পড়েই সমর্থন করতে উঠে বলেছিলেন যে, এই বিলের উদ্দেশ্য হচ্ছে প্লিশের মধ্যে যে দ্নীতি রয়েছে সেই দ্নীতি যাতে দ্রীভূত হয় তারই জন্য তাঁরা এটার দ্বারা একটা প্রচেষ্টা করছেন। কৈ, এই বিলের মধ্যে সেসব কিছ্ কোথাও নাই? তাও যদি করাতে পারেন তাহ'লে সেটা এখনই সম্ভব এবং আমরাও সানন্দে এটাকে গ্রহণ করব। নিজেদের অফার করব এবং আমরা সেই প্লিশ ডিপার্টমেন্টের স্পেশাল প্লিশে নাম

লেখাব। তা না হয়ে ১০ আনা ৬ আনার কারবার সেখানে চলবে এবং চলছে। সুতরাং আপনার মতন লোকের এইসব সমর্থন করা উচিত নয়। এমন আইন আপনি করুন যাতে পুলিশকে চেক করা যেতে পারে এবং সেজন্য লোকও আপনি পাবেন। নচেৎ শুধু সমর্থন করতে হবে ব'লেই সমর্থন করবেন, এটা অন্ততঃ আপনার কাছ থেকে আমরা আশা করি নি।

Sj. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষমহোদয়, এই যে বিল আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী এনেছেন এইটির পক্ষে বিপক্ষে সমর্থনে অসমর্থনে অনেক আলোচনা হয়ে গেছে। একটা সবচেয়ে বড় জিনিষ আপনারা তলিয়ে দেখলেন না যে ডাঃ রায় কি ভুল করছেন! দিন কয়েক আগে ডাঃ রায়ের প্রধান স্নেহাস্পদ শ্রীতরুণ-কান্তি ঘোষমহাশয়ের নগর সংকীর্তন, যাতে দেশের চোর-ডাকাত-গুণ্ডা হতে সকল শ্রেণীর নরনারী মাতোয়ারা হ'ল, এর ফলে সমস্ত দেশের এবং কলকাতার অনাচার দূর হবে ব'লে আমরা আশান্বিত হয়েছিলাম; কিন্তু ডাঃ রায় তার প্রতি অনাস্থা জানালেন এই বিলের দ্বারা (হাস্য)। এটা পরিষ্কারভাবে প্রমাণিত হয়ে গেল। যেটা আমার কথা রাখহরিবাবু বললেন যে অন্য দেশের পুলিশ গণসংযোগ করছে আর আমার দেশের পুলিশ তার কাছে মানুষ গেলেই অর্থাৎ কিনা লোকজনকে দেখলেই 'তেরি' ব'লে এমন একটা অশ্লীল ভাষা ব'লে দিল যাতে লোকে তখনই বুঝল যে সামাজিকতা ব'লে যদি কিছু থাকে তাহ'লে তার এই পুলিশই হ'ল শত্রু। আপনি ব্রহ্মচারী লোক, ঘরসংসার করেন নি, আপনি হয়ত বুঝলেন যে ভাল ঘরের ছেলেদের এনে বিলেতের মত পুলিশ ক'রে দিই। আপনার পুলিশের নাম জনসাধারণের বিশ্বাস ও আস্থা অর্জন করতে এখনও দু'টি যুগ যাবে। আপনি যদি একটা অন্য নাম দিতেন, যেমন—নগর সংকীর্তন বাহিনী অথবা সংস্কৃতি বাহিনী ইত্যাদি, সে একটা মন্দ জিনিষ হত না; কিন্তু এ যে উপ-পুলিশ—সেই নূতন চৈতন্যের মত নূতন এক ধরণের যদি বদলান হয়ে গেল বলেন তাহ'লে সে বদলান ঠিক হবে না। এখন আসল কথা আমাদের পক্ষ থেকে বলছি যে, আমাদের যে ধরছেন এবং তার জন্য যদি আরও আইন কড়া করেন তার জন্য আমরা ভীত নই। কারণ, একটু গরম ক'রে না দিলে আমরা, স্যার, থাকতে পারব না। কারণ, এই হাউসেই তো অস্থির ব্যাপার। আমরা যারা গ্রাম থেকে আসি তাদের এমন ঠাণ্ডা ক'রে দিয়েছেন যে তাতে আমাদের চর্বি জমে যাচ্ছে। আমি কোট পরে এসেছি। আজকে যত কিছু ব্যবস্থাই করুন তাতে আমাদের কিছু হবে না, কারণ আমরা জানি এটা আমাদের জন্য হচ্ছে, কারণ এটা করলে তো আমরা শক্তিশালী হয়ে যাবো—ডাঃ রায়, তিনি ভাল ডাক্তার, তিনি এটা ভাল ক'রেই জানেন। এ কাবুলি দাওয়াই আমাদের দেবেন না। দেবেন রাস্তার লোককে। কিন্তু কথা হচ্ছে যে, এ কাজের জন্য কাদের নেওয়া হবে। তালিকা করলেন ভাল কথা—তার মধ্যে আর্টিস্টদের নাম আছে দেখলাম—মহিলা আর্টিস্টদের কথা এখনও উঠে নি, আর্টিস্টদের গণসংযোগ হচ্ছে জানি—মহিলা পুলিশ কাজ করছে তাও জানি। কিন্তু জমিদার বা বড় বড় লোক জমিদারী দখল আইন প্রভৃতিতে যদিও তাদের এই দাঁত ভাংগা যাচ্ছিল, কোন কোন লোক এতে মনে করছিল যে সমাজতান্ত্রিক ধাঁচে কিছুটা হচ্ছে। আপনাদের সংগে আমাদের যে অমত যে জমিদারী কেড়ে নেওয়ার পর তাদের পুরষ্কার না দেওয়া বা যারা আজ পর্যন্ত দাপটে জমিদারী চালিয়ে লোকের উপর অত্যাচার করেছে তাদের কিছু না দেওয়া। কিন্তু এই আইনের ফলে এখানে তাদের পুনঃপ্রতিষ্ঠ করা হচ্ছে। তাদের বলা হ'ল তোমরা বেঁচে থাক। তোমাদের একটা একটা ক'রে অনাহারী পুলিশ ক'রে দিচ্ছি যার ফলে তোমরা লোককে আগের মতই চোখ রাঙাতে পারবে। যাদের সম্পত্তি বেশী, যাদের টাকাকড়ি বেশী, তাদের ইনফ্লুয়েন্স কমে যাচ্ছিল ব'লে আপনারা তাদের জন্য এই ব্যবস্থাটি ক'রে দিলেন। এর ফলে জনসাধারণ আবার আতঙ্কিত হবে। তাই তারা তুমুলভাবে লড়বে এই বিষয়ে। আমরা মনে করি যে, আপনি কিছুটা শক্তিশালী হয়েছেন এই পশ্চিম বাঙলায় এবং কংগ্রেসও শক্তিশালী হয়েছে। মানুষ যখন দুর্বল হয় তখনই তো পুলিশ ডাকে! আপনি যেরূপ পুলিশী ব্যবস্থা করছেন তাতে মনে হয় উপরেই আপনারা বড়—ভিতরে কিছু গলদ আছে। সেইজন্য এখনও আপনাদের বলছি যে, যদি কিছু শক্তিশালী হন তাহ'লে অন্ততঃপক্ষে জনসাধারণকে প্রমাণ দেখাবার জন্য এইসব পুলিশ কমান। নূতন অনাহারী পুলিশ রেখে আপনাদের যে পজিশন তাকে আপনারা খাটো করবেন না। গুপ্ত সাহেব—উনি গুরুজন ব্যক্তি বরাবরই মেনে থাকি—উনি যা বলেছেন তা

হচ্ছে সকলকে পুলিশ হতে হবে দুই বাহু তুলে। [হাস্য] ও'র একটু এ বিষয়ে বরাবর টান আছে, উনি এককালে সিভিক গার্ড ছিলেন শুনেছি......[নয়েজ]

যাক, তিনি বলছেন—না। যাই হোক, তিনি পুলিশপ্রেমী এবং সত্যিকারের তাঁর ও'দের প্রতি দরদ আছে। তিনি যদি ভাল পুলিশ দিতেন তো ভাল কথা। উনি সত্যেনবাবুকে দিয়েছেন। গ্রামে গ্রামে যেসমস্ত পুলিশ রয়েছে, যারা চাঁদা তুলে বেড়ান—পুলিশি চাঁদা না দিলে তোমরা এখানে টিকতে পারবে না, সেগুলো কি উনি দেখেন নি? এই স্পেশাল পুলিশ দ্বারা ঐসমস্ত পুলিশের কার্যের তদন্ত বা সংস্কারের ব্যবস্থা হ'ত, তাহ'লেও না হয় বুঝতাম! ভাল কথা বললেও ডাঃ রায় তা শোনেন না। তিনি একবার যেটা ঠিক করেছেন আর সেটাকে সংশোধন করবেন না। এ তাঁর অন্যায় জেদ! বলে ফেলেছেন গাই, তবুও যদি সেটা বলদ হয় তাহ'লে সেটা বলবেন গাইমুখো বলদ। শুনবেন না কিছুই—তবুও জানাচ্ছি যদিও আমরা বিরোধী জনসাধারণ বা বিরোধীপক্ষের লোক।

[5-30—5-40 p.m.]

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় ডেপুটী স্পীকারমহাশয়, আজকে পুলিশ বিলের তৃতীয় ধারা আলোচনাকালে বিভিন্ন সদস্যরা বিভিন্নভাবে বিভিন্ন দিক থেকে সমালোচনা করেছেন। বিশেষ ক'রে সমালোচনার আর কিছু বাকী আছে ব'লে মনে হয় না। আইন যখন তাঁরা তৈরী করেছেন এবং তাঁদের যখন এই হাউসে ভর্তি লোক রয়েছে, তখন এই আইন পাশ হয়ে যাবে। আমি কেবল একটুখানি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, আজকে সত্যই উপর তলার পুলিশ থেকে নীচের তলার পুলিশের মধ্যে পার্থক্য করা হচ্ছে কেন? একটা কারণ আছে—হয়ত ডাক্তার রায় নীচের তলার পুলিশের উপর বিশ্বাস রাখতে পাচ্ছেন না। যদি সেকথা ঠিক হয়, তাহ'লে পুলিশ তিনি কমিয়ে দিন, দিয়ে স্পেশাল পুলিশ করুন এবং তাঁর যত কেন খুসী অনুযায়ী তিনি এই পুলিশ শাসনকে নিজের ইচ্ছানুযায়ী চালাবার চেষ্টা করুন। কিন্তু তা হচ্ছে না, পুলিশ কমানো হচ্ছে না এবং কি কারণে আজকে স্পেশাল পুলিশের আইন ৮৬ বছর পরে তিনি আবার এদেশে চালু করতে যাচ্ছেন তার যুক্তিযুক্ত কারণ তিনি দেখাচ্ছেন না। তিনি অবশ্য এর পূর্বে ব'লে গেলেন কতকগুলি ভদ্রলোকের নাম এবং বললেন যে যাঁরা এইসমস্ত পুলিশ অফিসার হয়েছেন, তাঁরা খুব বড় বড় কাজ করেছেন। ভাল কাজে আমাদের কোন আপত্তি নেই। যদি এইরকম ধরণের পুলিশ অফিসার—জহর গাঙ্গুলীর মত লোককে পুলিশ অফিসার করেন, তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু প্রশ্নটা হচ্ছে, তিনি সংখ্যা নির্ধারণ ক'রে দিচ্ছেন না। তিনি নয়টি লোকের নাম কি আটটি লোকের নাম করেছেন। কিন্তু তিনি যে এত ব্যাপক ক্ষমতা কমিশনার, ডেপুটি কমিশনারদের দিচ্ছেন, তবে কেন তাঁদের সংখ্যা নির্ধারিত করা হয় নি? কত সংখ্যক থাকবে, কত লোককে পুলিশ অফিসার করবেন তিনি তা নির্ধারিত ক'রে দেন নি। আমাদের জে, সি, গুপ্তমহাশয় ব'লে গেছেন যে, পশ্চিম বাংলার সমস্ত মানুষ পুলিশ হবে। আমি বলি তা নয়—পশ্চিম বাংলার সমস্ত মানুষ, ভদ্রলোকের পুলিশ হয়ে আর কাজ নেই। কারণ আজকে পুলিশের যা চেহারা, তাতে সেইসমস্ত লোকেরা ভদ্রলোক হোক, কিন্তু পুলিশ হোক —এই আশীর্বাদ গুপ্ত সাহেব আর করবেন না। সেইজন্য তিনি নিজে একটা সংখ্যা নির্ধারণ ক'রে দিন যে, এত লোক এই এলাকায় থাকবে, এই এলাকার মধ্যে এতজন থাকবে। তিনি কোনরকম একটা স্পেসিফিক নাম্বার দিচ্ছেন না। একটা এলাকা নির্ধারণ করছেন না যে কতখানি এলাকার মধ্যে ক'জন পুলিশ থাকবে। অতএব আমরা ধরে নিলুম, অগণিত পুলিশ থাকবে। কিন্তু অগণিত পুলিশ এই পশ্চিম বাংলার জীবনকে কিভাবে অতিষ্ঠ ক'রে তুলেছে তা সকলেই জানেন। তারপর সত্যেনবাবু যে আইন তৈরী করেছেন, বর্গাদার আইনের কথা আমি বলছি এই যে চাষীদের উচ্ছেদ করবার ব্যবস্থাটা তিনি প্রবল ক'রে তুলেছেন, আজকে তিনি যদি গাঁয়ে গাঁয়ে যান তাহ'লে দেখবেন যে সেখানে পুলিশ এবং জোতদারেরা কতদূর তাঁর আইনের মর্যাদা রেখেছে। এটা যদি তিনি দেখেন এবং নিরপেক্ষভাবে তদন্ত করেন তাহ'লে আমি বলছি—তিনি যদি বলেন আমি তাহ'লে নিশ্চয়—উনি যদি আমায় বলেন আমি সেইসমস্ত সংবাদগুলি ও'র কাছে ডিটেলস দিতে পারি। কোথায় কিভাবে অত্যাচার হচ্ছে,

অন্ততঃ আমার যেটুকু জানা আছে, কোথায় কি অত্যাচার হচ্ছে এবং কিভাবে আইনের মর্যাদা রক্ষিত হচ্ছে। আইন তৈরী করবেন ঠিক কথা, তৈরীও করেছেন—আপনারা আইন মেজরিটির জোরে পাশ করিয়ে নেন, কিন্তু কিভাবে আইনের মর্যাদা রক্ষিত হচ্ছে সেটা আপনারা দেখেন না। আপনারা নিজের চোখে দেখেন না, নিজের কাণেও শোনেন না, যদি কিছু দেখেন তা পরের চোখেই দেখেন। সত্যেনবাবু গাঁয়ে কমই যান। সাঁকরাইলে তাঁর বাড়ী হতে পারে। সেখান থেকে তিনি দাঁড়াবেন, কাজেই মাঝেমাঝে সেখানে যেতে হবে। পাড়াগাঁয়ের কাদাজল ভেঙ্গে তিনি যেতে চান না এবং দেখেনও না তাঁর আইনের মর্যাদা রক্ষিত হচ্ছে কি না? ডাক্তার রায় বলেছেন যে, তিনি কারো সমালোচনা সহ্য করতে পারেন না। কিছু বললেই বলেন—যাঁরা নিজেদের বিশ্বাস করেন না, তাঁরা কাউকে বিশ্বাস করতে পারবেন না। কিন্তু আমরা বলছি এর উদ্দেশ্য উনি খোলাখুলিভাবে বললে পরে সেখানে যদি বিশেষ কিছু থাকে তাহ'লে আমরা বিশ্বাস করবো, না অবিশ্বাস করবো এটা সত্যিকারের ঘটনা নয়। সেইজন্য সেটা উনি পরিষ্কার ক'রে বলুন। আজকে পুলিশের ভেতর যে গলদ ঢুকেছে, আজকে পুলিশ যেভাবে শাসনযন্ত্রকে পরিচালনা করছে, উনি সে দিকটা লক্ষ্য রেখে আজকে এই পুলিশ বিভাগকে ভাল ক'রে তৈরী করবার ব্যবস্থা করুন। কালকে প্রথম ধারার বক্তৃতায় জ্ঞানবাবু ব'লে গেছেন স্কটল্যান্ড ইয়ার্ডে তিনি কিছু খরচ ক'রে লোক পাঠান, ভাল ছেলেদের সেখানে পাঠিয়ে দিন, তারা শিখে আসুক, শিখে এসে সত্যিকারের তারা দেখুক সেখানকার পুলিশ কিভাবে চলে আর এখানকার পুলিশও কিভাবে চলে।

আপনারা এত টাকা ধার করছেন, না হয় আরও কিছু টাকা হাওলাত করুন। স্কটল্যান্ড ইয়ার্ডে পাঠিয়ে দিন, শিখে আসুক সত্যিকার পুলিশের কর্তব্য কি। এইভাবে পুলিশ বিভাগকে পরিষ্কার করুন। আজকে
anti-social element, unsocial element
এর কথা বলছেন। আজ যদি পাড়ায় অসামাজিক কিছু ঘটে, কোন গুণ্ডা বা ডাকাতের উপদ্রব বা আক্রমণ হয় তাহ'লে আমরা জানি যে, যারা সৎলোক, যারা ভদ্রলোক আছেন, তারা এগিয়ে আসবে সেই গুণ্ডা বা ডাকাতকে ধরবার জন্য। আজকে যদি গুণ্ডা বা অসামাজিক লোকেরা অভিযান কোথাও চালায় তাহ'লে সেই ভাল লোকেরাই নিশ্চয়ই সমবেতভাবে সাহায্য করবে। এর জন্য আইন ক'রে পুলিশ কমিশনার ও ডেপুটী কমিশনারের হাত থেকে ক্ষমতা নিয়ে যদি মনে করেন এইসমস্ত লোক দিয়ে দেশ শাসন করবেন তাহ'লে আমি মনে করি যে তারা ভুল ক্যালকুলেশন করেছেন। যে ক্ষমতা আইন ক'রে এইসমস্ত লোককে দিচ্ছেন, তাতে যদি কোন রাজনৈতিক উদ্দেশ্য সফল করাই কাম্য না হয় তাহ'লে এই বিল প্রত্যাহার ক'রে প্রমাণ করুন। আমি সেজন্য বলছি এই বিল প্রত্যাহার করুন।

[5-40—5-50 p.m.]

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় ডেপুটী স্পীকারমহোদয়, ক্যালকাটা এ্যান্ড সুবার্বান পুলিশ এ্যামেন্ডমেন্ট বিল ১৯৫৫, যেটা আনা হয়েছে, আমরা তার বিরোধী। আমরা জানি যে, এই সরকার মানুষের মনে ত্রাসের সৃষ্টি ক'রে জনসাধারণকে বঞ্চিত করছেন তাদের উপজীবিকা থেকে, তাদের ভালভাবে, কল্যাণ-জনকভাবে বাঁচবার অধিকার থেকে। তারা যাতে তাদের অভিযোগ প্রকাশ করতে না পারে তারই জন্য আমরা মাঝেমাঝে দেখতে পাই, এই মন্ত্রীসভার পক্ষ থেকে পুলিশের বিল আনছেন পুলিশী রাজত্ব বহাল করবার জন্য। যে বিল এখানে এসেছে তার মাধ্যমে আমরা দেখতে পাচ্ছি যে, এই স্পেশ্যাল পুলিশ ব'লে একজাতীয় পুলিশ সৃষ্টি করা হচ্ছে। এই প্রসঙ্গে বলা হচ্ছে যে, এইসমস্ত স্পেশাল পুলিশদের নিয়ে পুলিশের মধ্যে আজ যে দুর্নীতি দেখা দিচ্ছে সেইসমস্ত দুর্নীতি যাতে দূর করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। তাই আমি মন্ত্রীমহাশয়কে বলতে চাই, যদি তাই হ'ত তাহ'লে পরে যে স্পেশাল পুলিশ এসট্যাবলিসমেন্ট বিভাগ আছে তারা পুলিশের বিরুদ্ধে এমন কি মন্ত্রীদের বিরুদ্ধেও তাদের দুর্নীতি জনসাধারণের সামনে উপস্থিত করতে পারে। সেইজন্য তাদের আজকে শক্তিশালী করা উচিত ছিল। আমরা দেখতে পাচ্ছি যে, যে পুলিশের বিরুদ্ধে জনসাধারণের বিক্ষোভ এবং পুলিশ সম্পর্কে যেসব অভিযোগ

আছে সেই পুলিশের শক্তি বৃদ্ধি করবার জন্য এই স্পেশাল পুলিশ সৃষ্টি করা হয়েছে। স্পেশাল পুলিশের পরিচয় যতটুকু আমরা পেয়েছি, তাতে দেখেছি যে, ঐ পুলিশ দেশের উপকার করা তো দূরের কথা, অপকারই করছে। আমি জানি, যেসব অঞ্চলে মদ চোলাই হয়, যেসব অঞ্চলে জুয়া খেলা হয়, যেসব অঞ্চলে বেশ্যাবৃত্তি অত্যন্ত প্রখর, সেইসমস্ত অঞ্চলে স্পেশাল পুলিশ, জাতীয় সেবাদল ও সরকারী এইজাতীয় প্রতিষ্ঠানের সদস্যরা সাধারণ পুলিশের সঙ্গে সহযোগিতা ক'রে জঘন্য উপায়ে অর্থোপার্জনের ভাগ বাটোয়ারা ব্যাপারে তারা লিপ্ত রয়েছে। এইসমস্ত স্পেশাল পুলিশের মধ্যে ভাল মানুষ দু'-একজন থাকতে পারেন। কিন্তু ১ হাজার পুলিশের মধ্যে ভাল ৯ জনের নাম আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় এই সভায় করতে পারলেন কিন্তু বাকী পুলিশ কিরকম সেটা তিনি জানাবেন কি?

মাননীয় ডেপুটি স্পীকার, আমি ক' মিনিট বলব?

Mr. Deputy Speaker:

আপনার পাঁচ মিনিট হয়ে গেছে।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

সকলেই কি পাঁচ মিনিট বলেছেন?

Mr. Deputy Speaker:

হাঁ।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

আমি আর খানিকটা বলব—আর মিনিট তিনেক। আমি তো খারাপ কথা কিছু বলছি না। ভাল কথাই বলছি।

Mr. Deputy Speaker:

আচ্ছা বলুন।

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় সহকারী সভাপতিমহাশয়, আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, স্পেশাল পুলিশ সৃষ্টি ক'রে দেশের ভিতর কল্যাণ করা যাবে না। যদি তাঁরা সত্যিই কল্যাণকর রাষ্ট্র করতে চান তাহ'লে দেশের যে অর্থনৈতিক সমস্যা আছে সে দিকে বিবেচনা করতে হবে। আজ বেকার সমস্যা অত্যন্ত ভয়াবহরূপে দেখা দিয়েছে। আজ তারই ফলে এ্যান্টি সোশাল এলিমেন্টের বৃদ্ধি হচ্ছে। কিছুদিন আগে যিনি পুলিশ কমিশনার ছিলেন তিনি একথা স্বীকার করেছেন। সুতরাং এই যে অর্থনৈতিক দিকটা তার দিকে কোনরকম দৃষ্টি না দিয়ে শুধু পুলিশের সংখ্যা যদি বাড়িয়ে যান তাহ'লে "এ্যান্টি সোশাল এলিমেন্ট" দমনের নামে আমরা শুধু একটা দেশের বুকে ত্রাসের সৃষ্টি করব। আমরা সেইজন্যই এই মন্ত্রীসভার কাছে আশা করি—দেশকে গঠন করবার জন্য, দেশকে এগিয়ে নিয়ে যাবার জন্য যেসমস্ত বিল আনা উচিত সেইরকম বিল তাঁরা আনবেন। তাহ'লে দেখতে পাবেন আমরা বিরোধীপক্ষরা দেশের কল্যাণের জন্য তাঁদের সহযোগিতা করব। কিন্তু তার বদলে এইসমস্ত জঘন্য বিল এনে যদি উপস্থিত করেন এবং নিজেদের যে টলমল অবস্থা তাকে পুলিশী সন্ত্রাস দিয়ে টিঁকিয়ে রাখবার অপচেষ্টা করেন তাহ'লে বলব ভুল করছেন। বর্তমানে দলত্যাগী কোন একজন কংগ্রেস এম,এল,এ, বলেছেন যে, আমরা এই যে আন্দোলন করছি বিরোধীপক্ষ থেকে তার উদ্দেশ্য হচ্ছে আগামী নির্বাচন; এবং তাতে আমাদের আশা না কি সুদূর অরণ্যে। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে, জনসাধারণের কল্যাণই হচ্ছে আমাদের কাম্য। জনসাধারণের মঙ্গলের জন্য যদি আমাদের এ্যাসেম্বলী থেকে চলে যেতে হয়, তার জন্য আমরা প্রস্তুত আছি। কিন্তু তাঁরা যেন মনে না করেন যে, তাঁদের এই যে সংখ্যাগরিষ্ঠতা তা চিরকাল অক্ষুণ্ণ থাকবে। তাঁদের আমি অঙ্গুলি সংকেত করতে চাই পূর্ব বাংলার দিকে। সেখানে মুসলিম লীগ প্রাধান্য যখন ছিল তখন তাঁরাও বর্তমান কংগ্রেসী বন্ধুদের মতো ভাবতেন যে এই মসনদ থেকে কেউই তাঁদের নামাতে পারবে না। কিন্তু জনসাধারণের তীব্র অসন্তোষ

ও তাদের জাগ্রত চেতনা মুসলিম লীগের সংখ্যাগরিষ্ঠতা নির্মূল করে দিয়েছিল পূর্ব বাংলায় অনুষ্ঠিত গত নির্বাচনে। আমরা তাই বলি, দেওয়ালে যে কথা লেখা আছে তাই স্মরণ করুন।

Sj. Jogesh Chandra Gupta:

সহকারী অধ্যক্ষমহাশয়, বিরোধীপক্ষ থেকে যখন কোন অনুরোধ হয়েছে তখন সেটা অনিচ্ছাসত্ত্বেও আমাকে স্বীকার করতে হবে। কয়েকটি কথা যা এখানে বলা হয়েছে বিশেষ ক'রে আমার উক্তি নিয়ে সে বিষয়ে কিছু বলবার জন্যই আমি এখানে দাঁড়িয়েছি। প্রথমতঃ ডাঃ চ্যাটার্জি বলেছেন যে, আমি নাকি একটি নাম করেছি আর নাম খুঁজে পাই নি—রায়বাহাদুর সত্যেন মুখার্জি। তা নয়, আমি আরও নাম করেছি। তাঁদের কারও এখানে দোষারোপ করার সুযোগ বা অবকাশ হয় নি। দ্বিতীয়তঃ, একটি কথা বলেছেন যে ৮০ বৎসর পর্যন্ত এই যে ধারা চলে আসছিল সেটা কোন কাজে আসে নি; এখন কেন এটা আনা হচ্ছে। আমি একটু আশ্চর্য হয়েছি।। আমাদের স্বাধীনতা যখন এসেছে তার আগে জনসাধারণের ভিতরে অন্যায় বন্ধ করার ক্ষমতা কিম্বা যেখানে আন-সোশাল এলিমেন্ট আছে তা রুখে দেবার কথা বিদেশী শাসকরা কখনও মনে করে নি। কিন্তু আজ আমরা সোশাল ওয়েলফেয়ার স্টেট আনতে যাচ্ছি, আজ জনসাধারণের সহযোগিতা সমস্ত কাজে দরকার। তা না হ'লে কোন বিভাগেই আমরা আমাদের উদ্দেশ্য সাধন করতে সমর্থ হব না। সুতরাং যে ক্ষমতা আগে ছিল, এতদিন পর্যন্ত বিদেশী শাসকরা যে ক্ষমতা ব্যবহার করেন নি সেই ক্ষমতা যদি আজ আমরা ব্যবহার করার জন্য দৃঢ়প্রতিজ্ঞ হই, তাহ'লে আমরা কিছুতেই স্বরাষ্ট্রমন্ত্রীকে অপরাধী করতে পারি না। একটা কথা বারবার বলা হয়েছে যে, 'হাঁ, আমাদের সকলকে পুলিশ হতে হবে' একথা বলেছি। আমি আপনাদের একটি দুটি মাত্র দৃষ্টান্ত দিচ্ছি।

[5-50—6-15 p.m.]

কয়েক মাস পূর্বে হঠাৎ রাত্রি ১১টার সময় একটা গোলযোগ উপস্থিত হ'ল। প্রথম একজন লোক আমার কাছে এলেন যে, থানায় টেলিফোন ক'রে দিন। তারপরে আর একজন লোক এল এবং বললে যে ওখানে যেরকম অবস্থা হয়েছে তাতে এখুনিই একটা কমিউন্যাল রাইঅট হয়ে যাবে। ঘটনা হচ্ছে এই যে, একটি টাইপরাইটিংয়ের দোকান থেকে দুটি টাইপরাইটার চুরি হয়ে গেছে। সে ওয়াচ করছিল কারা করেছিল দেখাবার জন্য। ওয়াচ ক'রে দেখে রাত্রি সাড়ে ১০টার সময় দুটি লোক তালা ভেংগে ঢুকছে তার ভিতরে। তারপর তাকে গিয়ে দৌড়ে ধরে ফেলে। চোর ধরলে পরে একটু মারধোর করে তা আপনারা জানেন। যে চোরটিকে ধরেছে সে একজন মুসলমান। তারপর তার সংগে যারা ছিল তারা বললে যে, মুসলমান ছেলেকে হিন্দুরা ধরে মেরে ফেলছে। অমনি প্রায়১০০।১৫০ মুসলমান গোরাচাঁদ রোডের কাছে এসে হৈ-হুল্লোড় আরম্ভ করতে লাগল। আমি খবর পেয়ে সেখানে পেঁ'ছলাম এবং দেখলাম সবাই গোলমাল করবার চেষ্টা করছে। একটা কম্যুনিস্ট ছেলে দেখলাম গোলমাল যাতে না হয় তার চেষ্টা করছে। পুলিশ তখন এসে পড়েছে। তারা বললে যে, আমরা চার জন এসে যখন গোলমাল দেখলাম তখন আরও পুলিশ ডাকলাম। পুলিশ আসতে একটু দেরী হয়েছে। যাই হোক, আমরা যদি না এসে পড়তাম তাহ'লে সেখানে একটা কমিউন্যাল রাইঅট হয়ে যেত। পুলিশ আসতে দেরী হওয়ার কারণ হ'ল সেকেন্ড অফিসার বাড়ী চলে গেছে, আর অফিসার-ইন-চার্জ মাত্র খেতে বসেছে। সুতরাং স্বরাষ্ট্রমন্ত্রী যা বলেছেন যে লোকালিটিতে যদি সংগে সংগে পুলিশ গিয়ে না পড়ে তাহ'লে অনেক সময় অনেক অঘটন ঘটতে পারে। আপনাদের পার্টির লোক জানেন সেখানে কিরকম ব্যাপার হয়েছিল। সুতরাং যদি আমি বলি সকলকে পুলিশের মত অধিকার দেওয়া থাকবে তাতে কোন অন্যায় হবে না। তারপর আর একটা কথা বলেছেন। আমাদের রাখহরিবাবু যে, 'তিনি কি এটা বলতে পারেন যে স্পেশাল পুলিশ হ'লে করাপশন বন্ধ হবে?' আমি রাখহরিবাবুকে একটি খবর দিচ্ছি। ভিজিল্যানস পার্টি আমরা ওখানে অরগানাইজ করেছিলাম। দুই জন ভলেনটিয়ার্স আর এক জন কনস্টেবল পাহারা দিতেন। রাত্রি ১২টায় যান আর সাড়ে চারটার সময় ফেরে। আমাকে ভলেনটিয়াররা এসে বলল যে, স্যার, যে কনস্টেবলটি আমার সংগে গিয়েছিল সে বলে যে, এই মাত্র আমি কনস্টেবল হয়েছি ম্যাট্রিক পাশ ক'রে এবং বিবাহ করেছি। তারপর বাড়ীভাড়া দিতে হয়। এতে চলে না। রাত্রিতে লোক টোক ধরলে ২।১ টাকা ক'রে পাওয়া যায়। কিন্তু সংগে থাকায় সেটা বন্ধ হয়ে যায়। ঠিক

এইরকমভাবে যদি ভিজিল্যান্স পার্টি বা স্পেশাল পুলিশ করা হয় তাহ'লে বাস্তবিকপক্ষে করাপশন বন্ধ হবে। আমি একথা কখনও বলি না যে ঢুকলেই ডিসমিসালের পাওয়ার থাকবে না। আমি নিজে ব্যবস্থা করেছি কোন স্পেশাল পুলিশের দুর্নীতি দমন করবার জন্য। কাজেই আপনারা যদি এটা কোন প্রেজুডিস নিয়ে না দেখেন তাহ'লে এখানে দোষের কিছু থাকে না। আমি যে আপনাদের বলছি এটা আমার অভিজ্ঞতা থেকে। (নয়েজ) আমি জানি সেই কনস্টেবলের ব্যাপারে পুলিশ অফিসার স্টেপ নিয়েছে। অবশ্য বিবাহ ইত্যাদি করেছে ব'লে সাবধান ক'রে দিয়ে এইসব দূর করবার চেষ্টা করা হচ্ছে। আমি বলছি, যে কথা রাখহরিবাবু উঠিয়েছেন যে, এইরকম হ'লে পরে এ্যান্টি-সোশাল এলিমেন্ট কম হবে। আমি তো দেখছি যেটা হয় এবং সর্বদাই যেটা হাতে বাধ্য। কেন আমি বলি এরকম পুলিশ আমাদের হওয়া কর্তব্য—আমি একটা তার উদাহরণ দেবো। রাইঅটের সময় হঠাৎ একটা গোলযোগ দেখা গেল পার্কসার্কাসের দিকে, একটা আওয়াজ পাওয়া গেল খুব গোলমাল হচ্ছে। ছুটে বেরুলাম আমরা দু'-একজন। সেখানে গিয়ে দেখা গেল যে, একজন মাতাল এ্যাংগলো-ইন্ডিয়ান একটি মুসলমান ছেলেকে তাড়া করছে। আমরা যখনই গিয়ে পেঁছিলাম তখন দু'টো বন্দুকের গুলি হয়ে গেল। সেই লোকটা আঘাত পেয়েছে। কিন্তু আমরা তখন গিয়ে না পেঁছিতাম তাহ'লে কেউ বিশ্বাস করত না সেই অঞ্চলে যে হিন্দু ঐ মুসলমানটাকে আঘাত করে নি—এটা কমিউন্যাল ব্যাপার নয়--একটা এ্যাংগলো-ইন্ডিয়ান করেছে। এখানে এইরকম করলে খুব ভাল হবে। আমি আমার অভিজ্ঞতা থেকে একটা দু'টো কথা বললাম, আরও কতকগুলি আছে। আমি যখন আপনাদের অনুরোধ করি তখন আমার নিজের অভিজ্ঞতা থেকেই বলি যে, রাইঅট যখন হয় তা বন্ধ হয়ে যেতে পারে যদি এইরকম ব্যবস্থা করা হয়। আমার কোন পুলিশপ্রীতি নেই। আমি যত পুলিশ অফিসারের বিরুদ্ধে বা যত রিপোর্ট করেছি এরকম কেউ করে নি। আমাদের এই ভিজিল্যানস পার্টিতে হয়ত কোন পুলিশ কমিশনার এলেন—তাঁর সপ্তাহে আসা চাই—আমি তাঁকে ব'লে কনস্টেবলদেরএগেনস্টে স্টেপ নিই। আপনারা নিজেরা যদি এ বিষয়ে একটু অগ্রসর হয়ে এটা করেন তাহ'লে আপনাদের অভিজ্ঞতা থেকে এটা বুঝতে পারবেন যদি আপনারা ওয়েলফেয়ার স্টেট তৈরী করতে চান বা যদি আমরা বিশ্বাস করি যে, আমাদের এই যে অবস্থা এটাকে উন্নত করতে হবে—আমাদের এ্যান্টি-সোশাল এলিমেন্ট বন্ধ করতে হবে। যদি সব দিক দিয়ে এটা বিচার করেন তাহ'লে আপনারা এটাকে উপহাস করবেন না।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[6-15—6-25 p.m.]

Mr. Speaker: Sj. Provash Chandra Roy may now speak.

Dr. Atindra Nath Bose: Sir, I shall speak on the third reading.

Mr. Speaker: All right.

Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপালমহাশয়, ডাঃ রায় আমাদের সামনে এই বিলটা উপস্থিত করেছেন এবং ইতিপূর্বে আমরা একথা বলেছি যে, এই বিলটা জনসাধারণের স্বার্থবিরোধী এবং সেজন্য এই বিলটা জনমত সংগ্রহের প্রস্তাব আমরা করেছিলাম। ডাঃ রায় কিন্তু সে প্রস্তাব অগ্রাহ্য করেছেন এবং অগ্রাহ্য করা উপলক্ষে তিনি কয়েকটী যুক্তির অবতারণা করেছেন। সেইসমস্তের পর আমরা বিভিন্ন ধারায় যেসমস্ত সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম, সেই প্রস্তাবগুলিও তিনি অগ্রাহ্য করেছেন এবং সেই অগ্রাহ্য করা উপলক্ষে তিনি কয়েকটী যুক্তি আমাদের কাছে উপস্থিত করেছেন। মুখ্য মন্ত্রীমহাশয় যেসব যুক্তি উপস্থিত করেছেন এই বিলের সমর্থনে, আমরা বিরোধীপক্ষরা মনে করি সেই যুক্তিগুলি অত্যন্ত দুর্বল এবং এই বিলকে যে সমর্থন করা যায় না তারই প্রমাণ করে তাঁর সেই যুক্তিগুলি। তিনি যে গণতন্ত্রে বিশ্বাস করেন না সেটাও তাঁর যুক্তি থেকে প্রমাণিত হয়। আপনার মাধ্যমে তাঁর সেই যুক্তিগুলি খণ্ডন করবার জন্য আমি আমার বক্তব্য উপস্থিত করছি। আমাদের পক্ষ থেকে অন্যতম সদস্য বন্ধুবর ডাঃ নারায়ণ

রায় বলেছেন—যদি ডাঃ রায় এটা চান যে, সত্যিকার জনসাধারণের কল্যাণ করবেন, তাহ'লে এইরকম লোকদের স্পেশাল পুলিশ অফিসার করা হোক—যারা ডাক্তার, প্রফেসর, ইঞ্জিনিয়ার এবং হাইস্কুলের শিক্ষক। এই ধরণের লোকদের মধ্যে থেকে বেছে এই স্পেশাল পুলিশ অফিসার করা হোক। আমরা জানি, এই প্রস্তাবের বিরুদ্ধে ডাঃ রায় কোন যুক্তি দিতে পারেন নি যে এই প্রস্তাব ন্যায়সঙ্গত নয়। একথাও জানি, যারা আজ পর্যন্ত সমাজের মধ্যে শুভবুদ্ধি-সম্পন্ন ব্যক্তি ব'লে পরিচিত আমাদের দেশে, তাঁরা হচ্ছেন এই ডাক্তার, ইঞ্জিনিয়ার, প্রফেসর এবং হাইস্কুলের শিক্ষক। এ'রা সমাজের শ্রদ্ধার পাত্র। এ'দের মধ্যে থেকে স্পেশাল পুলিস অফিসার নিয়োগের প্রস্তাব তিনি অগ্রাহ্য করেছেন কেন, তা তাঁর কাছে জানতে চাই। প্রস্তাব করা হয়েছিল, যদি তিনি সত্যিই গণতন্ত্রে বিশ্বাস করেন তাহ'লে একটা বোর্ড মারফৎ তাদের নিয়োগ করা হোক। আমাদের এই এ্যাসেম্বলীর নির্বাচিত বিভিন্ন দলের প্রতিনিধিদের নিয়ে একটা কমিটি করা হোক, সেই কমিটি এই স্পেশাল পুলিশ অফিসার নিয়োগ করবেন। যদি তিনি সত্যিই সৎ মানুষ চাইতেন এই স্পেশাল পুলিশ অফিসারের জন্য, তাহ'লে আমরা জানি তিনি আমার এই প্রস্তাব গ্রহণ করতেন। কিন্তু তিনি এই প্রস্তাব গ্রহণ করতে সাহস করেন না। তার মানে হচ্ছে, এই বোর্ড মারফতে যাদের এ্যাপয়েন্ট করা হবে, তাঁরা তাঁর হুকুম তামিল করতে পারবে না। সেইজন্য তিনি এই বোর্ড মারফৎ স্পেশাল পুলিশ অফিসার নিয়োগের প্রস্তাব অগ্রাহ্য করেছেন।

Mr. Speaker:

ঐ পার্টিকুলার এ্যামেন্ডমেন্টে বক্তৃতা করছেন কেন? এটা থার্ড রিডিং, স্পেসিফিক এ্যামেন্ডেমেন্টে বলবার দরকার নাই।

Sj. Provash Chandra Roy:

সব পয়েন্টগুলির উত্তর দিচ্ছি, স্যার।

Mr. Speaker:

এখন থার্ড রিডিং চলছে। বিলের এ্যামেন্ডমেন্ট তো হয়ে গেছে।

Sj. Provash Chandra Roy:

আমি থার্ড রিডিংয়ে বলছি। তিনি এই পয়েন্টগুলির উত্তর দিলে খুসী হব। কিন্তু তিনি উত্তর দেন নাই। তিনি যে ৯।১০ জনের নাম করেছেন, তার মধ্যে আমরা দেখেছি কয়েকজন কারখানার ম্যানেজার ও জমিদারদের নাম রয়েছে। সেটা তিনি করেছেন এইজন্য—তিনি জানেন, কারখানার যারা ম্যানেজার ও জমিদার সেই কারখানার মজুর এবং কৃষকদের দমন করবার জন্য এই ক্ষমতা তাদের হাতে তুলে দিয়েছেন। বাংলাদেশে যে বেকার সমস্যা দেখা দিয়েছে সেই বেকার সমস্যা সমাধানের পথ খুঁজে বের করতে না পেরে, সেই বেকার সমস্যা সমাধানের আন্দোলন দমন করবার জন্য বাংলার কৃষক-মজুর-জনসাধারণের আন্দোলন দমন করবার জন্য সরকার তাদের স্পেশাল পুলিশ অফিসার নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছেন। তিনি বলেছেন পুলিশ কমিশনার, ডেপুটী কমিশনারের মারফৎ এইসব স্পেশাল পুলিশ অফিসার নিয়োগ করা হবে। কিন্তু আমরা জানি, তাঁরা যে ব্যাপকভাবে পুলিশ নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছেন, তাতে ডেপুটী কমিশনার বা পুলিশ কমিশনার শুধু দেখে দেখে লোক ঠিক করবেন না, তাদের অধীনস্থ দারোগা কর্মচারীরা তাদের নাম পাঠাবেন, তাদের দেওয়া নাম এ'রা গ্রহণ করবেন। আমরা জানি, এই নিম্নপদস্থ কর্মচারীর কাছ থেকে কাদের নাম আসবে। নাম আসবে তাদের, যারা থানার সঙ্গে, থানা অফিসারের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত, যারা সমাজ-বিরোধী কাজ ক'রে বেড়াচ্ছে। সেইজন্য আমি বলছি—এই ব্যাপকভাবে পুলিশ রিক্রুটের মধ্য দিয়ে সরকার সমাজবিরোধী কার্যকলাপে লিপ্ত লোকদের এই স্পেশাল পুলিশ অফিসাররূপে নিযুক্ত করবেন। যারা গ্রামের মধ্যে তাদের দলীয় লোক, তাদের দলীয় মতকে সমর্থন করবেন, এইসমস্ত লোককে সরকার স্পেশাল পুলিশ অফিসার নিযুক্ত করবেন। বাংলাদেশে কি জন্য মানুষের দুর্বৃত্ত মনোভাব জাগে, সে দিক দিয়ে তার সমাধানের পথ খুঁজে না পেয়ে, এই সমাধানের পথ নিয়েছেন।

Mr. Speaker: You have got a large number of speakers from your side. Please sit down. Dr. Atin Bose, you may speak now.

Dr. Atindra Nath Bose:

মাননীয় অধ্যক্ষমহাশয়, কিছুক্ষণ আগে কংগ্রেসপক্ষের মাননীয় সদস্য জে, সি, গুপ্তমহাশয় যে যুক্তি দিয়ে বিলকে সমর্থন করলেন, আমি সেই যুক্তির সারবত্তা সম্বন্ধে নিঃসন্দেহ। এবং তিনি সেই যুক্তিকে যেমন দু'-একটা ঘটনার দ্বারা সমর্থন করেছেন, তেমনি.........

Mr. Speaker:

বিলকে তো সমর্থন করা হয়েছে। এখন থার্ড রিডিং চলছে।

Dr. Atindra Nath Bose:

আপনি যদি চান আমি বসে পড়ছি। তিনি কয়েকটি পয়েন্ট বলেছেন, আমি তার জবাব দিতে চাচ্ছি।

If it is a debate, then the Opposition Member has every right to answer to any point raised by a member on the other side.

Mr. Speaker: It is my duty to see how to conduct the debate. I am only telling you how the Third Reading should be conducted.

Dr. Atindra Nath Bose: May I be told where I am wrong?

Mr. Speaker: Third Reading is on the Bill as passed.

Dr. Atindra Nath Bose:

আমি কোনটা বলতে ভুল করেছি, ইররিলিভেন্ট বলেছি তা বলুন।

Before I speak my point you interfere. What does this mean?

Mr. Speaker: Third Rreading does not mean that you have to reply to every point.

Dr. Atindra Nath Bose: A member has every right to answer to the point raised by the other side.

Mr. Speaker: You have to speak in support of the Bill as passed.

Dr. Atindra Nath Bose:

তিনি একটা ঘটনার দ্বারা তাঁর যুক্তির সারবত্তা প্রতিষ্ঠিত করছেন। আমিও তেমনি আর একটা ঘটনার বর্ণনা করছি। আমি দীর্ঘ বক্তৃতার মধ্যে যাব না। বিগত সাধারণ নির্বাচনের সময় জে, সি, গুপ্তমহাশয়ের প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন ঐ কেন্দ্রে শ্রীসমর গুহ। তাঁর নির্বাচন কেন্দ্রের অফিস ছিল ৪০, সার্কাস এ্যাভিনিউ। নির্বাচন শেষ হওয়ার সঙ্গে সঙ্গে একদল গুণ্ডা গিয়ে সেই কেন্দ্রের অফিসে হানা দেয় এবং সমর গুহ ও কিছু স্বেচ্ছাসেবককে আহত করে। থানায় সংবাদ দেওয়া হয়, কিন্তু থানার পুলিশ এসে কোন গুণ্ডাকে ধরতে পারে নি বা কোন প্রতিকার করতে পারে নি। জে, সি, গুপ্তমহাশয়ের বাড়ী খুব নিকটে। তখন যদি এই আইন থাকত এবং তিনি যদি স্পেশাল পুলিশ হতে পারতেন তাহ'লে নিশ্চয় এমন ঘটনা হ'তে পারত না। তাঁর ইন্টারভেনশনের ফলে নিশ্চয়ই তার বিরোধীপক্ষের উপর এই যে গুণ্ডারা হামলা করলে সেটা হ'তে পারত না।

Sj. Jogesh Chandra Gupta:

হামলা আমার বাড়ীতেই হয়েছিল।

Dr. Atindra Nath Bose:

তিনি ছিলেন না ব'লেই এইরকম হয়েছিল। আগামী সাধারণ নির্বাচনের সময়—যখন এই বিল আইন হবে তখন—এই আইনের ফলে কংগ্রেস পক্ষের অধিকাংশ সভ্যেরা এইরকম হামলা

নিশ্চয় বন্ধ করতে পারবেন, কারণ এই আইন তাঁদের যথেষ্ট ক্ষমতা দেবে। সেখানে স্পেশাল কনস্টেবল হিসাবে নিজেদের এনরোল ক'রে এইরকম হামলা বন্ধ করতে পারবেন।

Sj. Bankim Chandra Kar: Mr. Gupta's house was attacked by a mob.

Mr. Speaker: That is for Mr. Gupta to say.

Sj. Hemanta Kumar Ghosal:: Are you an agent of Mr. Gupta?

Sj. Bankim Chandra Kar: Yes, I am entitled to say that.

Sj. Hemanta Kumar Ghosal: No, you are not.

Sjkta. Mani Kuntala Sen:

স্পীকারমহাশয়, এই বিলের সম্পর্কে আমি তীব্র বিরোধিতা করি। যদিও বিলটা কার্যতঃ পাশ হয়ে গেছে তথাপি শেষ সময়ে হ'লেও আমি প্রতিবাদ জানিয়ে রাখা প্রয়োজন বোধ করি। ডাঃ রায় বিলের যোগ্যতা সম্পর্কে উত্তর দিতে গিয়ে এ পর্যন্ত আমাদের কাছে কোন যুক্তিপূর্ণ তথ্য উপস্থাপিত করতে পারেন নি। তাঁর নিজের কথাই আমি নিজে ঘুরিয়ে বলছি। তিনি বলেছেন—

"The man who does not trust himself cannot trust others".

সম্ভবতঃ উনি কোন লোককে বিশ্বাস করতে পারেন না, সেইজন্য তিনি পুলিশ পরিবেষ্টিত হয়ে বসে থাকতে ভালবাসেন, অথবা তিনি কোন লোককে বিশ্বাস করেন না এবং সমস্ত লোককে পুলিশ পরিবেষ্টিত ক'রে রাখতে চান। এই দুটোর একটা কারণ না হ'লে এরকম একটা আইন, এরকম একটা বিল হঠাৎ আনবার কি প্রয়োজন ঘটেছিল তা আমার অন্ততঃ মাথায় আসে না। তিনি সেই ১৮৬১ সালের এবং ১৮৬৬ সালের যে আইন ছিল সেই আইনটাকে এখন সামঞ্জস্যপূর্ণ করবার কথাই শুধু বলেছেন এবং যুক্তি হিসাবে ঐটাই দিয়েছেন। আমি বুঝতে পারলাম না যে সামঞ্জস্যপূর্ণ করবার দরকার কেন? সামঞ্জস্যপূর্ণ করবার কথা কিসে ওঠে? এ আইন সে সময়ও কেউ পছন্দ করেন নি, এ সময়ও কেউ পছন্দ করবে এ ধারণা করবার ও'র কি কারণ আছে? বৃটিশ আমলে যে আইন ছিল তাতে সেই স্পেশাল পুলিশ করবার তাদের ক্ষমতা ছিল। সেই স্পেশাল পুলিশ ক'রেও তারা সাধারণ মানুষের কাছে জনপ্রিয় করতে পারে নি। উনি যে ওকে তা করতে পারবেন সে সম্ভাবনা কোথা থেকে আসবে? তিনি যেসমস্ত নামের তালিকা দিয়েছেন তার মধ্যে এটা বোঝাতে চেয়েছেন যে, এই যেসমস্ত লোককে করেছি তারা কোন পার্টিবিশেষের পক্ষপাতী নয়। তারা যে কংগ্রেসের বিশেষ পক্ষপাতী অথবা সরকারের বিশেষ সমর্থক—এরকম কোন গুণাবলী তাদের নাই। এই জিনিষটা প্রমাণ করতে তিনি ১০।১২ জন লোকের নাম উল্লেখ করেছেন, অথচ বাকী ৯৯০ জন লোকের নাম প্রকাশ করেন নি। স্পেশাল পুলিশ এবং স্পেশাল কনস্টেবল এ পর্যন্ত যা করেছেন তার সম্বন্ধে আমাদের বহু অভিজ্ঞতা আছে, তিনি তাদের গুণাবলীর যথেষ্ট বর্ণনা এখানে করেছেন। কিন্তু যে ১০।১২টি নাম তিনি তার কথার প্রমাণে করেছেন সে প্রমাণ টেঁকে না। বৃটিশরাও এই আইন করেছিল, তারাও বলত যে, যেসকল লোক দিয়েছি তারা নন-অফিসিয়াল, নিরপেক্ষ লোক; কাজেই এটা কোন কথাই নয় যে, এই নিরপেক্ষ লোকদের আমরাও বাছাই ক'রে নিচ্ছি। বিশেষতঃ যে কটা নাম আছে তার মধ্যে একজন আছেন এক্স জেনারেল ম্যানেজার অব রেলওয়ে। তিনি এখন 'হিন্দ মোটর' কারখানার জেনারেল ম্যানেজার। এইসমস্ত লোক কি ক'রে নিরপেক্ষ হয় তা জানি না এবং কি ক'রে যে তাঁরা গণসংযোগ করবেন, কোথায় জনতার কাছে গিয়ে মিশবেন তা বুঝি না। জনতা তাঁর কাছে যাবে কি ক'রে? তিনিই বা কোথায় জনতার কাছে মিশবেন? তাঁর কাছে লোকজন গিয়ে দেখা করবে—এইটাই কি উনি আমাদের বোঝাতে চান, না বিশ্বাস করাতে চান? অথবা তাঁরা লোকজনের কাছে বাড়ী বাড়ী গিয়ে গণসংযোগ করবার মত লোক? এক্স আর্মিমেন—তারা গণসংযোগ করবেন—এইটা কি বিশ্বাস করাতে চাইছেন? সুতরাং তাঁরা সরকারপক্ষের লোক নন, বা কংগ্রেসপক্ষের লোক নন—একথাই কি বিশ্বাস করাতে চান? কয়েকজন শিল্পী, রাইটার, প্রফেসর এইরকম লোকের নাম দিয়েছেন। অথচ যে গুণ্ডা বাহিনীকে পুলিশভুক্ত করলেন, তাদের হয়ত স্পেশাল পাওয়ার অনুযায়ী গ্রেপ্তার করবারও

ক্ষমতা দিচ্ছেন। তিনি নিজে জানেন, যে পাড়ায় বাস করেন—মুচিপাড়া থানা ও তালতলা থানায় যেসমস্ত গুণ্ডা বাহিনী থাকে—তাদের নামের দরকার নাই—তিনি জানেন তা। সেইসমস্ত লোক, যারা তাঁর নাকের ডগায় বাস করে, তাদের কি খবর পুলিশ রাখে না, পুলিশ কি তাদের জানে না? আজ পর্যন্ত তাদের দমন করবার, আজ পর্যন্ত তাদের গ্রেপ্তার করবার ব্যবস্থা করেছেন? সেখানে তারা স্পেশাল পুলিশ অফিসার হ'লে যে কি হবে তা বুঝতে পারি। এনটালী ইলেকশনের সময়—আমরা জানি—হয়ত নরেশবাবু এখানে উপস্থিত আছেন—সেই সময় কারা সেখানে গুণ্ডামী করেছিল? এবং কার নেতৃত্বে করেছিল? স্পেশাল কনস্টেবলকে নেতৃত্ব করতে দেখেছি সেইসমস্ত গুণ্ডা বহিনীর—হয়ত এখন স্পেশাল কনস্টেবলের সঙ্গে সঙ্গে সেই গুণ্ডা বাহিনীকে স্পেশাল অফিসার করবেন। মাঝখানে হবে যেসমস্ত গুণ্ডা বাহিনীকে দমন করা প্রয়োজন; তাদের বেসরকারী নাম দিয়ে তাদের পদস্থ পুলিশ বাহিনী ক'রে রেখে দেবেন গ্রেপ্তারের জন্য। তিনি আরও একটা ফিরিস্তি দিয়েছেন উত্তর দেবার সময় যে, তারা কি কি ভাল কাজ করেছে। জে, সি, গুপ্তমহাশয় বলেছেন, তারা অনেক ভাল কাজ করেছে। তারা যেসমস্ত কুকার্য ক'রে থাকে স্পেশাল পুলিশ অফিসারেরা ও পুলিশ অফিসারেরা তাও সত্যি ক'রে বলা উচিত ছিল। একটা লোকের গুণাবলী ব্যাখ্যা করলে আর বাকী লোকের যে দোষ তা চাপা দেওয়া ঠিক কাজ হয় না।

[6-25—6-35 p.m.]

তারপরে একটা কথা স্ববিরোধী মনে হয়। তিনি বলেছেন গণসংযোগ হবে। গণসংযোগ করে কি স্পেশাল কনস্টেবল? গণসংযোগ আজ পর্যন্ত করেছে। তারা ভাল করছে কি মন্দ করছে তা জানেন। কিন্তু গ্রেপ্তার করবার ক্ষমতা কেন দেওয়া হচ্ছে? 'জাস্টিস অব দি পীস'কে গ্রেপ্তার করবার ক্ষমতা দেওয়া হয়েছে কেন? স্পেশাল পুলিশ অফিসারদের গ্রেপ্তারের ক্ষমতা কেন? পুলিশেরই ত গ্রেপ্তার করবার ক্ষমতা আছে। মীরা দত্তগুপ্ত জাস্টিস অব দি পীস এখনও আছেন। 'জাস্টিস অব দি পীস'এর উপরে তাঁকে গ্রেপ্তার করবার ক্ষমতা দেওয়া হচ্ছে। মীরা দত্তগুপ্ত জনপ্রিয় লোক; গণসংযোগ কি ক'রে করতে হয়, আশা করি তিনি তা জানেন এবং ক'রে থাকেনও। কিন্তু আমার মনে হয়, যদি নিজের মর্যাদাবোধ থাকে তাহ'লে গ্রেপ্তার করবার ক্ষমতা দেবার পর তিনি হয়ত গণসংযোগের কাজ করা ছেড়ে দেবেন। তখন আর তাঁর সেখানে থাকবার কোন কারণ থাকবে না। জাস্টিস অব দি পীস হিসাবে, আমার মনে হয়, গণসংযোগ করবার জন্য গ্রেপ্তারী পরোয়াণা দেবার মত ক্ষমতা দেওয়ার প্রয়োজন নাই। তাই শুধু মনের ভিতর এই আশঙ্কা করি—এদের হাতে গ্রেপ্তার করবার ক্ষমতা দেওয়ার আসল উদ্দেশ্য গণসংযোগ নয়, বরং তা আর একটা জঘন্য উদ্দেশ্যে করা হচ্ছে। সেটা এই যে নির্বাচনে এইসমস্ত লোককে ব্যবহার করবেন। এইসমস্ত লোককে নির্বাচনের হাতিয়ার হিসাবে ব্যবহার করবার জন্য আগে থেকেই তাদের গ্রেপ্তারী পাওয়ার দেওয়া; পুলিশী ক্ষমতা দেওয়া হয়েছে এবং সমস্ত গুণ্ডা বাহিনীকে অতঃপর পুলিশ বাহিনী হিসাবে আমাদের দেখতে হবে।

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকারমহাশয়, আজকে আমাদের সামনে যে বিল উপস্থিত করা হয়েছে এবং তার সম্বন্ধে যেসব আলোচনা হয়ে গেল তার মধ্যে মোটামুটি আমরা যা দেখতে পাচ্ছি এবং এর "এমস এ্যান্ড অবজেকটসে"র মধ্যে বলা হচ্ছে যে, "স্পেশাল পুলিশ" নিয়োগ করবার ক্ষমতা যা "বেঙ্গল পুলিশ এ্যাকটে"র মধ্যে ছিল, সেটাকে "সুবারবান এবং ক্যালকাটা পুলিশ এ্যাকটে"র ভিতর নিয়ে নেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। দ্বিতীয় একটি উদ্দেশ্য সম্বন্ধে বলা হচ্ছে যে, গণসংযোগ করবার জন্য এই "স্পেশাল" পুলিশ নিয়োগের ব্যবস্থা হচ্ছে। তৃতীয় উদ্দেশ্য সম্বন্ধে যা বলেছেন তাতে বলা হচ্ছে যে, সমাজবিরোধী কাজ যাতে বন্ধ হয় তার ব্যবস্থার জন্য এই "স্পেশাল" পুলিশ নিয়োগের ব্যবস্থা করা হচ্ছে। কিন্তু এই সমাজবিরোধী কাজ বন্ধ রাখতে গেলে তাঁদের সর্বাগ্রে যেটা করার দরকার ছিল সেটা না ক'রে পুলিসের সাহায্যে সমাজবিরোধী কাজ বন্ধ করতে যাচ্ছেন। কিন্তু আমার মনে হয় যে, সমাজবিরোধী কাজ বন্ধ করতে গেলে সমাজের ভেতর যেসব অন্যায়-অবিচার চলছে তার প্রতিকার আগে প্রয়োজন। জনসাধারণ তাদের অভাব-অভিযোগ সম্বন্ধে মন্ত্রীবর্গের দৃষ্টি আকর্ষণ করবার জন্য অনেক চিঠিপত্র দেয় এবং আবেদন নিবেদনও করে, কিন্তু তারা জবাব কোনদিন পায় না, প্রতিকার

ত দূরের কথা। কাজেই শুধু "স্পেশাল" পুলিশ নিয়োগ ক'রে কেমন ক'রে যে জনসংযোগ হবে তা আমি বুঝতে পারি না।

তারপর কথা হচ্ছে—"স্পেশাল কনস্টেবল" নিয়োগের ব্যাপারে আমরা দেখেছি যে পূর্বে জনসাধারণকে পীড়ন করার উদ্দেশ্যে, দমন করার উদ্দেশ্যে এবং শাসন করার উদ্দেশ্যে "স্পেশাল কনস্টেবল" নিযুক্ত হয়েছিল। তারপর এই স্বাধীনতা প্রাপ্তির পর অন্যান্য মফঃস্বল সহরে যেসব "স্পেশাল কনস্টেবল" নিযুক্ত হয়েছিল সৎ উদ্দেশ্যে তাদের মধ্যে আমরা দেখেছি সমাজের উচ্চস্তরের লোকেদের এবং অফিসারদের নিযুক্ত করা হয়েছিল। কিন্তু তাঁদের যখন "ট্রেনিং"য়ের ব্যবস্থা করা হ'ল, "প্যারেডে"র ব্যবস্থা করা হ'ল, তখন তাঁরা সকলেই একযোগে ছাড়বার জন্য প্রস্তুত হলেন। কাজেই আজ মুখ্য মন্ত্রীমহাশয় আমাদের কাছে যেসব বিশিষ্ট লোকের নাম বললেন, যাঁরা স্পেশাল কনস্টেবলের কাজ ক'রে আসছেন, তাঁদের যদি এইরকম "প্যারেড" করান হয় এবং অন্যান্য পুলিশের শিক্ষামূলক ব্যবস্থা যদি তাঁদের ভিতরে চালান হয়, আমি জানি না, কোন্ ভদ্রলোকের ছেলে তার মধ্যে থাকবে,—সে সম্বন্ধে আমার যথেষ্ট সন্দেহ আছে। তারপর যদি মনে হয় যে, এমন একটা বিশেষ অবস্থা দেশের মধ্যে আসছে, তাদের ক্রিয়াকলাপ বন্ধ করবার জন্য, তাদের আন্দোলন দমন করবার জন্য যদি "স্পেশাল পুলিশের" দরকার হয়ে থাকে, তাহ'লে সেটা স্বতন্ত্র কথা। কিন্তু আজকে সেরকম কোন ঘটনা আমাদের সামনে নেই। তারপর আমাদের তরফ থেকে বলা হয়েছিল যে, কোন্ "ক্যাটিগোরির" লোকদের নেওয়া হবে তার একটা ব্যবস্থা স্থির করবার জন্য। সেই সম্বন্ধে সরকারপক্ষ কিছুই স্বীকার করলেন না। আমার আপনার কাছে নিবেদন এই যে, আমরা এসেছি সাধারণের সেবা করবার জন্য। অনেক ক্ষেত্রে প্রেসিডেন্ট পঞ্চায়েতের নির্বাচনের সময় দেখা যায়.........

[At this stage the red light was lit.]

স্যার, আমার ২।৪ মিনিট সময় আরও লাগবে।

[6-35—6-45 p.m.]

সেই ক্ষেত্রে দেখা যায় যে অনেকে দরখাস্ত করে "সারকেল অফিসারের" কাছে, "এ.ডি.এমে"র কাছে—দরখাস্তে লেখেন যে, "আমাকে এই প্রেসিডেন্ট পঞ্চায়েত পদটি দিয়া প্রতিপালন করিতে আজ্ঞা হোক"। হয়ত সেইরকম শ্রেণীর লোক এই "স্পেশাল পুলিশ"রূপে নিযুক্ত হওয়ার জন্য এগিয়ে আসবেন। আবার এইসব প্রেসিডেন্ট পঞ্চায়েতের মধ্যে এমন লোক আছে, খবর বেরিয়েছে এবং খবরকাগজেও আমরা দেখেছি যে, ৫।৭ বছরের ছেলে মালিকের অনুমতি না নিয়ে হয়ত তার গাছের থেকে আম পেড়ে খেয়েছিল, তার জন্য তাদের ধরে নিয়ে গিয়ে সারাদিন বেঁধে, বসিয়ে রেখে, ৫।৬ মাইল হাঁটিয়ে নিয়ে তাদের থানায় উপস্থিত করেছিলেন। যদি এইভাবের লোক "হুজুর মালিক নিবেদন ইতি" মনোভাবের যেসব লোক, বা "এই পদটী দিয়া প্রতিপালন করিতে আজ্ঞা হোক" এই প্রকৃতির সেইসব লোক, যদি "স্পেশাল পুলিশ" নিযুক্ত হয়ে আসে তাহ'লে পর সমাজের উপর কিরকম অত্যাচার সুরু করবে চিন্তার বিষয়।

তারপর আমার আর একটি কথা বলবার বিষয় এই যে, যদি সত্যিই সমাজবিরোধী কার্যকলাপ বন্ধ করতে হয়, তাহ'লে পর আমার মনে হয় যেমন গ্রাম্য রক্ষীদল গঠিত হচ্ছে, সেইরকমভাবে কোলকাতা এবং "সুবারবানের" মধ্যে এইরকম রক্ষীদল গঠন করা হোক প্রতি পল্লীতে এবং তাদের বিশেষ ক্ষমতা দিয়ে পরিচালিত ক'রে এসব সমাজবিরোধী কার্যকলাপ বন্ধ করবার চেষ্টা করা হোক। তাহ'লে পর সেটা সংযত হ'ত। তা না হ'লে এই "স্পেশাল পুলিশ" নিয়োগ ক'রে এই উদ্দেশ্য আপনাদের কোনদিনই সফল হ'তে পারে না। সেজন্য আমার মনে হয় অনর্থক যে আইন প্রণয়ন হতে যাচ্ছে সেটা বন্ধ হওয়াই উচিত। আমার মনে হয় সরকারপক্ষ থেকে এটা প্রত্যাহার করলেই ভাল হ'ত।

Sj. Hemanta Kumar Ghosal:

মিঃ স্পীকার, স্যার, এই বিল সম্বন্ধে বহু আলোচনা হয়েছে এবং আমরা অনেক সংশোধনী প্রস্তাব দিয়েছি। এবং আমাদের তরফ থেকে এই বিলের কেন বিরোধিতা করছি সেটা বহু বক্তা বহু যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন। কিন্তু ডাঃ রায় এবং তাঁর অনুচরেরা এটাকে

তাঁদের আত্মরক্ষার কবচ হিসাবে মনে করছেন ব'লে এই বিলকে কার্যকরী করবার আপ্রাণ চেষ্টা করছেন। আমাদের বিরোধীপক্ষ থেকে এটা বারবার বলেছি যে, বিরোধী শক্তি এবং গণতান্ত্রিক আন্দোলন নষ্ট করবার জন্যই এই ধরণের বিল আনা হয়েছে, সে জিনিষটা আমি দু'-একটি ঘটনা দিয়ে আপনার কাছে রাখতে চাই। আমি এখন যে জায়গায় বাস করি সেটা ডাঃ রায়ের বাড়ীর কাছাকাছি। ডাঃ রায়ের স্পেশ্যাল পুলিশ বাহিনী আছে, পুলিশ বাহিনী আছে এবং অধিক রাত্রি পর্যন্ত তার বাড়ীর সামনে তারা পাহারা দেয়। যে ঘটনার কথা বলছি সেটা ডাঃ রায়ও নিশ্চয়ই জানেন যে তাঁরই বাড়ীর কাছাকাছি একটা রাস্তা আছে সেখানে একটা মিশনারির স্কুল আছে.........

Mr. Speaker:

এটা থার্ড রিডিংয়ের সাবজেকট নয়।

Sj. Hemanta Kumar Ghosal:

আমি শুধু, স্যার, একটা ঘটনার কথা বলতে চাই। সেখানে হত্যাকারী একটি মহিলাকে ছিন্ন মস্তকে ফেলে পালিয়ে গেল অথচ সেখানে পুলিশ ছিল, স্পেশ্যাল কনস্টেবল ছিল। আমি জানি এইসব পাড়ায় নাম করা রেজিস্টার্ড গুণ্ডা আছে, যাদের সঙ্গে পুলিশের, স্পেশ্যাল কনস্টেবলদের যোগাযোগ আছে। আর এ ধরণের মানুষকেই এরা স্পেশ্যাল কনস্টেবল হিসাবে নিযুক্ত করেছেন এবং তাদের উপরই বিশেষ ক্ষমতা, গ্রেপ্তার করবার ক্ষমতা দিচ্ছেন। কাজেই আমার বক্তব্য হচ্ছে, এই ধরণের লোককে যদি স্পেশ্যাল পুলিশ ক'রে ক্ষমতা দেওয়া হয় তাহ'লে পাড়ায় কোন মানুষ বাস করতে পারে না। আমি গ্রামে বাস করি, গ্রামাঞ্চলের অভিজ্ঞতা থেকে বলতে পারি, গ্রামে ভিলেজ রেজিসট্যান্স পার্টি রয়েছে। আমি আমার কনস্টিটিউয়েন্সীতে গিয়েছিলাম তখন কিছু লোক আমার সঙ্গে দেখা করতে আসে ইনক্লুডিং এ ওম্যান। রাত ১০.৩০টার পর ফিরবার পথে তারা ভিলেজ রেজিসট্যান্স পার্টির হাতে এ্যারেস্টেড হয় এবং সব কিছু বলা সত্ত্বেও তাদের সেই রাত্রিতে একটি স্কুলে আটক ক'রে রাখে। পরে আমি থানায় যেয়ে ইন্সপেকটরের সঙ্গে দেখা ক'রে ছাড় করি। অথচ এই ভিলেজ রেজিসট্যান্স পার্টিতে কংগ্রেস পঞ্চায়েত আছে, ভাইস-প্রেসিডেন্ট আছে, স্পেশ্যাল ক্যাডের আছে। এইসব লোককে যদি স্পেশ্যাল কনস্টেবল করা হয় এবং তাদের হাতে গ্রেপ্তারী পরোয়ানার ক্ষমতা দেওয়া হয় তাহ'লে দেশের অবস্থা যে কি হবে তা সহজেই অনুমান করা যায়।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকারমহাশয়, আজকের দিনে এই বিল আনার কোন যৌক্তিকতা দেখতে পাই না। এখানে একটা কথা বলা হয়েছে যে, এই বিলের দ্বারা পুলিশ এবং জনসাধারণের মধ্যে গণসংযোগ করার ব্যবস্থা হবে। শুনেও আশ্চর্য লাগে এই গভর্নমেন্ট গণসংযোগ করবেন—এবং এই পুলিশ দ্বারা। এই বিল আনয়নের উদ্দেশ্যই নাকি গণসংযোগ গঠন করা। আরেকটা কথা এখানে বলা হয়েছে; সেটা হচ্ছে এর দ্বারা নাকি নাগরিক অধিকার সম্বন্ধে জনসাধারণকে অবহিত করা হবে। এই বিলের রচয়িতাকে আমি বলতে চাই, নাগরিক অধিকার কি পুলিশ দ্বারা রক্ষা করা হবে? রাজা রামমোহনের দেশে, বিদ্যাসাগরের দেশে, পুলিশের মাধ্যমে নাগরিক অধিকার শিখতে হবে? অন্যরকম রাস্তা কিছু নাই? এর জন্য আইন করার সার্থকতা আছে কি? আমি ডাঃ রায়কে অনুরোধ করব তিনি যেন এই বিল আইনে পরিণত না করেন। যদি করেন তবে এই বাংলাদেশ সম্বন্ধে তিনি যে স্বপ্ন দেখেন এবং যে মোহ তাঁর আছে তা কখনো পূরণ হবে না। এই বিলের মধ্যে তিনি যে সংগঠনের কথা বলতে চেয়েছেন তা পুলিশ বাদ দিয়ে জনসাধারণের মধ্যে থেকেই গড়ে উঠবে। এই আমার নিবেদন।

[6-45—6-55 p.m.]

Sj. Bankim Mukherji:

সভাপাল মহাশয়, সম্প্রতি আমরা কেন্দ্রের স্বরাষ্ট্র মন্ত্রীর একটা ভাষণ শুনেছি—পাটনায় গুলিচালনার ব্যাপার উপলক্ষ্য ক'রে তিনি বলেছেন যে, এদেশে এখনও পর্যন্ত পুলিশ সেই পুরাণ মনোভাব রেখে আছে -জনসাধারণের উপর শাসন করবার যে মনোভাব তার পরিবর্তন

প্রয়োজন। আমি মনে করি, এইটেই হচ্ছে সারা ভারতবর্ষের লোকের মনোভাব যে, সমস্ত পুলিসের ভিতরকার একটা পরিবর্তন দরকার। যে প্রয়োজনে পুলিশ তৈরী হয়েছিল, সাম্রাজ্যবাদী শাসকেরা যে প্রয়োজনে করেছিল তা আজকের দিনে বর্তমান নেই। আমরা জানি, ১৮৫৭ সালের সিপাহী বিদ্রোহ শেষ হবার ৪ বৎসর পরে বেঙ্গল পুলিশ, ৯ বছর পরে ক্যালকাটা পুলিশ এ্যাক্ট আসে। সিপাহী বিদ্রোহ গুলি মেরে ঠান্ডা করবার পর দেশ তখন খুব গরম, তখনও পর্যন্ত ভারতবর্ষের লোককে লয়াল করা যায় নি। ইস্ট ইন্ডিয়া কোম্পানীর হাত থেকে কুইন ভিক্টোরিয়া রাজত্ব নিয়েছেন অর্থাৎ বৃটিশ সাম্রাজ্যবাদ তখন একেবারে সামনে এসে শাসন করছেন। সেই সময়ের যে পুলিশ এ্যাক্ট আমরা আশা করেছিলাম তা ওলোটপালট ক'রে প্রতিক্রিয়াশীল যাকিছু ছিল তা বদলান হবে, কিন্তু আশ্চর্য হলাম যে বাংলা কংগ্রেসের প্রধানমন্ত্রী, তিনি আনলেন পুলিশ এ্যাক্টের ভিতরে সবচেয়ে প্রতিক্রিয়াশীল যে অংশটুকু, সেকশনগুলি অর্থাৎ যেখানে স্পেশাল কনস্টেবল করবার কথা। কংগ্রেস সত্যাগ্রহ আমলে ইংরেজের চর ছিল পুলিশ কনস্টেবল—আমাদের পিটান এবং ধরে জেলে নিয়ে যাওয়া ছিল এদের কাজ। এর মধ্যে কোন ভদ্রলোক যেতে ঘৃণা বোধ করতেন। অথচ ডাঃ রায় করলেন কি না তার মধ্যে যা কিছু ত্রুটি আছে অর্থাৎ এক পা এখানে আর এক পা আর এক জায়গায় ইত্যাদি যা রয়েছে তিনি সেই দু' পা একত্র করছেন। যুক্তি শুনে সেদিন অবাক হ'লাম। এই পুলিশের কাজ কি ছিল? আমরা জানি, আজ পর্যন্ত এই পুলিশ কেন এত হেয়, কেন আজও কোন ভদ্রলোক কোন পুলিশ অফিসারের সঙ্গে তাঁর মেয়ের বিবাহ দিতে চান না। আজ বাংলার সমাজে পুলিসের এই স্থান হবার কারণ কি? ক্যালকাটা স্পেশাল কনস্টেবল—যাদের নিয়ে এই পুলিশ বাহিনী সৃষ্টি করা হয়েছিল এবং তাদের প্রধান কর্তব্য কি ছিল? ইংরাজ প্রভুদের শুধু ধনসম্পত্তি রক্ষা নয়, তাদের ইজ্জৎ পর্যন্ত বাড়িয়ে দেওয়া—তারা যে শাসক এটা সর্বতোভাবে প্রকাশ করা। রেলওয়ে স্টেশন, পাবলিক প্লেসেস, সর্বত্র এরা মোতায়েন থেকে ইউরোপিয়ান অফিসারদের মর্যাদা রক্ষা করত। এদের অত্যাচার আমরা বহু বৎসর ধরে ভোগ করেছি, আজ প্রয়োজন ছিল এই পুলিশ কর্মচারীদের মনোভাবের পরিবর্তন করা।

Mr. Speaker: Mr. Mukherji, 15 members of your party have already spoken and yours is like the first reading speech. You may consider the Bill as passed. This is the third reading.

Sj. Bankim Mukherji: The Bill is not yet passed.

আমার এখনও পর্যন্ত আশা আছে, হয়ত ভ্রান্ত ধারণা আছে যে, ডাঃ রায়ের শেষ পর্যন্ত শুভবুদ্ধি আসবে। আপনি যদি বলেন, অরণ্যে রোদন হবে তাহ'লে বলব না। যাই হোক, আমরা দেখেছি এই তাঁদের কাজ। তারপর এদেশের বড় বড় লোক যারা তাদেরও কিছু কিছু করা হ'ত, যারা ইংরাজ প্রভুদের অতি বিশ্বস্ত অনুচর হিসাবে দেশের সর্বনাশ করতেন। আশ্চর্যের বিষয় কয়েকজন মেম্বার, যারা পুলিশের বিরুদ্ধে ব্রাইবারী ইত্যাদি নানারকম চার্জ এনেছিলেন এই ৬ মাস আগে, আজ তারা এই বিলটি সমর্থন করছেন—জানি না কেন। আমার প্রধান বক্তব্য, আজকে প্রয়োজন ছিল এই সেকশনগুলি তুলে দেওয়া, এর পাদপূরণ করা নয়। যে সময় কংগ্রেস সোশালিস্ট প্যাটার্ন অব সোসাইটি সৃষ্টি করতে যাচ্ছে সেই সময় এই যে অগণতান্ত্রিক মনোভাব দেখছি, এটা সত্যিই লজ্জার কথা। একজন লোকের কাছে তার ধনসম্পত্তি এবং জীবন যতখানি মূল্যবান তেমনি তার স্বাধীনতা। আমাদের স্বাধীনতা কি এমন তুচ্ছ জিনিষ যে যে-কোন লোকের উপর আমাদের গ্রেপ্তার করবার ভার দিতে পারি? ফ্রান্সে কোন ম্যাজিস্ট্রেটের ওয়ারেন্ট ছাড়া কোন পুলিশ অফিসার কিছু করতে পারে না। ইংল্যান্ডে গ্রেপ্তার করলে ২৪ ঘণ্টার মধ্যে তাকে ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করতে হয়। আমাদের এখানে পুলিশের অনেক ক্ষমতা আছে। আসলে এরা চাইছেন, যাদের এ'রা ভালমন্দ করবেন, ইচ্ছামত তাদের গ্রেপ্তার করবার ক্ষমতা, তাদের স্বাধীনতা হরণ করবার ক্ষমতা যাতে এ'দের পার্টির উপর রুলিং পার্টির লোকের উপর কোন আঘাত না পড়ে। শ্রীযুত অতীন্দ্র বসুমহাশয় ব্যঙ্গচ্ছলে যে কথা বলেছেন যে ও'রা আমাদের রক্ষাকর্তা, আসলেই তাই। তাই আজকে বারবার এই কথা উঠছে, আজকে নির্বাচনের পূর্বে এই প্রকার কতকগুলি সাধারণ লোকের হাতে এই প্রকার ক্ষমতা দেওয়ায় আমরা আশঙ্কিত হতে পারি। পূর্বে যা দেখেছি সেই হিসেবে

আশঙ্কিত হ'লে আশ্চর্য হবার কিছু নেই। পুলিশের পরিবর্তনের কি দেখলাম, এই অফিসারদের কি দেওয়া হবে? ট্রেনিং দেওয়া হবে উল্লেখ আছে। ড্রিলিং, প্যারেডিং শিক্ষা দেওয়া হবে অর্থাৎ আর সব তাদের জানা আছে। যদি বুঝতাম সিভিক ডিউটি ইত্যাদি ট্রেনিং হবে তাহ'লেও বুঝতাম। পুলিশ এ্যাকটে ড্রিলিং, প্যারেডিং এটা বড় কথা নয়, জনসাধারণকে সেবা করবার শিক্ষা ইংরেজরা যা কোনদিন দেয় নি আজকে দেশের সেই শিক্ষাই প্রয়োজন। দ্বিতীয় কথা, শ্রেণী বিচার ক'রে নেওয়া হবে, গণতান্ত্রিক পদ্ধতিতে নেওয়া হবে না। আজকে কোন্ শ্রেণী থেকে জাস্টিস অব পীস করা হবে? সাধারণ চাষীমজুর থেকে কি করা হবে? একটা প্রিভিলেজ ক্লাস থেকে এঁদের নেওয়া হবে। যারা এক্সপ্লয়েট করবে, শোষণ করবে আর শাসন করবে।

[6-55—7-5 p.m.]

বড় বড় মিলমালিক ডিরেক্টারদের জাস্টিস অব পীস ও স্পেশাল পুলিশ অফিসার ক'রে একটি বিশিষ্ট শ্রেণীকে একটি বিশিষ্ট পজিসন ও বিস্তারিত ক্ষমতা দেওয়া হচ্ছে। এই ক'রেই কি আপনারা সোশালিস্টিক প্যাটার্ন অব সোসাইটি তৈরী করবেন? এটা সাংঘাতিক জিনিষ। তবে এতে ক'রে আমাদের পক্ষে সুবিধা হচ্ছে—এইসমস্ত লেজিসলেশনের স্বরূপ আজকে জনসাধারণের সামনে প্রকাশ ক'রে দিতে পারছি। এর জন্য মন্ত্রীমহাশয়কে আমাদের ধন্যবাদ জানাচ্ছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Mr. Speaker, Sir, I have seldom listened to speeches which are both wandering and irrelevant. I was wondering why they are bringing in the Police while discussing this particular Bill because, as Mr. Dasarathi Tah said, if it had been a *sanskritik bahini* or if the Police had not been mentioned there, probably there would have been no such opposition. In the course of the debate you have heard Police being maligned right and left. I do not want to say much about the honorary police volunteers because they have been working for the last six years. It is nothing new. But I have felt that while they are working they have not much power under the Act as it stands today. My friends think that an Act which is sixty or eighty years old should not be touched. We have been touching many old Acts including the Permanent Settlement. Why be afraid of it? The question is whether these men would be useful in public life. One of the objections has been that they would be selected by the Police Commissioner and, therefore, my friends attacked them. That is the sort of argument which has been furnished. I do not want to say anything about the Police, but I may be permitted to read out extracts from three or four letters which I have received from persons, which bear unsolicited testimony to the Police.

This is from Sj. Bishalakha Bose:

"It is the cry of the day that the world of today is in the hands of the devil, and villany and not honesty is the order of the day Whenever there is any talk in a society of men, both cultured and uncultured, the only refrain is that corruption is rampant and that in today's world there is no room for goodness and no scope for honesty. As I listen to these talks I am pained at heart. In my young days people had profound faith in the inherent integrity and sincerity of humanity. I am today 68 and am glad to report to you of an incident which will speak out for itself and will perhaps remind the unbelievers that every dark cloud has a silver lining, that all is not bad in this world even today, though it may happen that the storm of evil sometimes blinds our eyes for a while.

I have been a daily passenger from Burdwan to Howrah since 1925. Yesterday I travelled in the Down Punjab Mail of the E. I. Railway from Burdwan to Howrah with one of my distinguished

friends. After entraining at Burdwan I put off my coat and hung it on the hook. The coat contained the following amongst other articles, (1) six bearer cheques for the value of Rs. 8,000 only; (2) two hundred and odd rupees in cash; (3) small coins worth fourteen annas; (4) one golden pocket watch; (5) one pair of golden spectacles; (6) one first class monthly ticket from Burdwan to Howrah; and (7) a few other important papers.

My friend and myself got down at Howrah Station at 10 a.m. I completely forgot all about the coat and it remained hanging in the first class compartment of the train in which we travelled. My friend also did not notice that I did not wear my coat and that I had only my shirt and *chadar* on.

I took my friend in my car to the High Court where he got down. Then I went to the Writers' Buildings. Before getting down from the car I searched for the coat and found it missing. I asked my driver about it and he said that while I detrained at Howrah station I did not wear any coat. I then realised that the coat remained hanging in the compartment in which I travelled while I detrained. and became sorry to have lost it. But my driver said that perhaps it could be found if I went to the station direct.

A drowning man catches at a straw and I, therefore, decided to take a chance and started for the Howrah station at once. When I reached platform No. 6 of the Howrah station where the train came it was quarter to eleven. The train still stood at the platform lifeless and inert it seemed. There were then very few men on the said platform and as I rushed to the first class compartment in which I travelled a ticket-checker challenged me for ticket. I got annoyed and said, "Don't you now trouble me for the ticket. I have lost my coat and I have come back for it'. At once did he reply, 'There is your coat' and, lo! to my utter surprise a gentleman ordinarily dressed holding my coat in his hand and coming to me smilingly handed it over to me. I found everything intact and wanted to reward the gentleman who very politely refused my offer. I thanked him, but no thanks could be too much for him. The gentleman in plain dress appeared to me to be a Police official. I would request you, Sir, to find out the gentleman and reward him in the way you think best for this piece of excellent service rendered by him to the member of the public. His name is Rakhal Das Bose. Now he is in the C.I.D."

So it is not only Sj. S. N. Mukherji who is to be praised.

Then there is another letter which I received—it was written on the 14th August, 1955—from a man named Sj. Ramana Rao of Vizianagram. He is not a Congressman, nor a *badmash*, nor a pick-pocket, nor a murderer. He wrote to us—

"I write this letter to convey to you my sincere and high appreciation of the Calcutta Traffic Police. I visited Calcutta recently and did the trip by car all the way from here. I stayed there for fifteen days. I was new to the city and quite ignorant of the traffic regulation. But for the unfailing courtesy, great consideration and sympathetic attitude shown by the policemen I should have undergone great trouble and inconvenience. Every single policeman without exception was so ready to proffer a helping hand, so affable to talk to, so correct in their guidance

and so pleasingly polite that they had evoked my heartfelt admiration. Will you please take a suitable opportunity to convey to them my very best sincere thanks, and my even greater esteem for them? A compliment to them is a compliment to you. Please convey my appreciation to the Commissioner of Police and the Deputy Commissioner of Police.

Sir, I will read out two more letters and then I will finish. This letter is with reference to an incident which happened in front of the Great Eastern Hotel. It is written by a gentleman called Sj. Birendra Chandra Purkaista, dated the 12th May, 1955:

"This is an appreciation of the conduct of some of your officers, issued from the pen of an humble person. I am relating this episode in a few words. At about 6-30 p.m. on Tuesday, the 10th May, 1955, while I was passing through Old Court House Street my attention was drawn to a crowd gathered in front of the Great Eastern Hotel. I found a poor old woman was being assaulted by one of the durwans of the Hotel. I ascertained from her that after alighting from a Howrah tram while she was waiting for the bus for Bhawanipur she enquired of a person who was standing by where the bus stop was and the durwan who was standing near-by presumably mistaking it for her solicitation for begging, twisted her hands and gave her a slap on the cheek. The public got enraged at this and the durwan scenting trouble got inside the hotel premises. Nobody was seriously trying to console the poor creature. I volunteered to do my humble bit for her.

[7-5—7-15 p.m.]

"First I took her to the Information Room, Lal Bazar, where the officers sympathetically heard my narration. They showed us the Control Room. Here was an Anglo-Indian gentleman. He noted down my statement and said that as the incident had occurred within the jurisdiction of the Hare Street thana he would be phoning there and would also send us there. Myself and that old woman were sent in a police van to the Hare Street thana. Here we met the officer on duty as the O/C was temporarily absent. This officer patiently heard me and requested me to write down my story. Within 15 minutes the O/C returned. He had been on a visit to the Great Eastern Hotel. I was shown to him. He said that he had come from the Hotel and had been told by the hotel people that the public created a row when the hotel durwan tried to drive away the begger woman. I explained everything to him and he also examined the poor woman and from her deposition it was clearly understood that she was a retired school teacher and not a beggar woman. When he was satisfied with the truth of our version he asked me what was our minimum demand. I replied that I would not be satisfied with anything less than an unqualified apology from the hotel people. He phoned the Hotel Manager and explained everything to him and told him that unless an unqualified apology was tendered, the matter would go up to the Law Court. The Manager agreed to the proposal and the Assistant Manager and the durwan appeared at the thana in due course and tendered an apology. Being an old political worker I still hold a prejudiced view against the Police Department as a whole but inspite of that I cannot but

appreciate the humane conduct and the sense of duty of all the police officers I met on this occasion and in this connection I make a special mention of Mr. Mukherji, O/C, Hare Street thana. I shall be glad if the Police Department as a whole can gradually undergo complete metamorphosis."

There, again, it is not Mr. S. N. Mukherjee who may be considered in this connection.

Last but not the least I am putting before you the testimony of a person who is a *persona grata* with the opposition. He presided at the meeting on the 17th at the Maidan—no less a person than Mr. Mrinal Kanti Bose whose letter I received last evening after I went away from the Assembly. It is this:

"I feel it my duty to communicate to you an important part of my Presidential Speech at the Maidan Rally held on Wednesday last which had been omitted in the newspaper reports. For myself and on behalf of the vast gathering I express my gratitude for the splendid behaviour of the police, in sharp contrast to that of the Bombay police, on the occasion. I am sure this was done on your initiative. The peacefulness of the *hartal* in the situation, the biggest within living memory was due to the excellent management of the police authorities. The growing spirit of co-operation between the police and the public we all welcome."

Sir, this is the testimony of a person who is speaking on behalf of the large number that crowded at the Maidan on the 17th of August last, so that, it is not that I am saying anything in favour of the police but the hundreds of letters I have got here from different persons who have written these letters unsolicited tell us how the police gradually is getting more and more humane and responsive. My friends opposite perhaps remember the olden days when they were hunted down by the police and naturally they have got an understandable resistance to the word 'police'. I would beg of them that it is by trusting anybody—and this is what I would mean in reply to what Sjkta. Mani Kuntala Sen suggested—that it is by trusting them and having some faith in human nature that they will be able to raise the very policemen, about whom they are complaining, into being real servants of the people, about which Pandit Govind Ballav Pant spoke the other day.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Calcutta and Suburban Police (Amendment) Bill, 1955, as settled in the Assembly be passed, was then put and a Division taken with the following result:—

AYES—125.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Kanailal (Ausgram).
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dev, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Goswamy, Sj. Bijoy Gopal

Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Karan, Sj, Koustuv Kanti
Kazim Ali Meerza, Janab
Khatick, Sj. Pulin Behary
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

NOES—33.

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Biren
Basu, Sj. Amarendra Nath
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chowdhury, Sj. Benoy Krishna
Dalui, Sj. Nagendra
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Khan, Sj. Madan Mohon
Mukherji, Sj. Bankim
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Saha, Sj. Madan Mohon
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Tah, Sj. Dasarathi

The Ayes being 125 and the Noes 33, the motion was carried.

Adjournment

The House was then adjourned at 7-15 p.m. till 3 p.m. on Wednesday, the 24th August, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 24th August, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers. 12 Deputy Ministers and 199 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Procedure for appointment of Assistant Headmasters in Government High Schools

***95. Sj. Ganesh Ghosh:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) what is the usual procedure for appointment of Assistant Headmasters in Government High Schools;

(*b*) if it is a fact that a Provincial Panel was prepared for promotion to the post of Assistant Headmasters in 1949;

(*c*) if so, how many were enlisted in that panel, how many of the panel were since promoted and how many left out;

(*d*) if it is a fact that before the first list of 1949 was exhausted a new panel was formed; and

(*e*) if so, whether all the teachers left out of the first panel were included in the subsequent panel?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose): (*a*) By promotion and by direct recruitment.

(*b*) Yes.

(*c*) 12 empanelled of which 9 were promoted and 3 were left out.

(*d*) Yes, as it lapsed in the usual course, i e., after two years.

(*e*) No.

Sj. Gnnesh Ghosh: With regard to answer (*c*), will the Hon'ble Minister please tell us why the three were left out?

The Hon'ble Pannalal Bose: Because before promotions were made, two years had passed and the list lapsed.

Sj. Ganesh Ghosh: With regard to your answer (*e*), why, when a fresh list was prepared, the names of these three persons were not included in the fresh list?

The Hon'ble Pannalal Bose: You know the appointments are made by a Selection Committee. The Committee selects—that is a statutory thing and sometimes they make a panel, i.e., supposing they find that in two years there is likely to be ten vacancies or so, they make a panel of, say, 12 and as

the vacancies occur, they go on filling them, but the list in the panel can last only for two years, according to the Government orders, because many things may happen in two years—even there may be difference in qualifications—so that after 9 persons were appointed out of that panel, the panel lapsed.

Sj. Ganesh Ghosh: What becomes of those persons then whose names are left out or who do not get any chance?

The Hon'ble Pannalal Bose: They might get included in the next panel if they are considered fit.

Daspara Free Primary School, Domjur, Howrah

***96. Sj. Tarapada Dey:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(ক) হাওড়া জেলার ডোমজুড় থানার অন্তর্গত উত্তর ঝাপড়দহ ইউনিয়নের দাসপাড়া ফ্রী প্রাইমারী স্কুল সরকারের স্পেসাল ক্যাডার স্কীমে বর্তমান বৎসরে অনুমোদন লাভ করিয়াছে কিনা;

(খ) এই স্কুলে কতজন ছাত্র অধ্যয়ন করে;

(গ) কতজন সরকারের অনুমোদিত এবং কতজন অননুমোদিত শিক্ষক শিক্ষকতা করিতেছেন;

(ঘ) ঐ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতার নাম কি এবং তিনি কি ঐ স্কুলের অন্যতম শিক্ষক; এবং

(ঙ) সত্য হইলে, তিনি কি সরকার নিযুক্ত শিক্ষকরূপে গণ্য?

The Hon'ble Pannalal Bose:

(ক) হ্যাঁ, করিয়াছে।

(খ) ১১৪ জন।

(গ) অনুমোদিত ৩ জন; অননুমোদিত কোন শিক্ষক নাই।

(ঘ) শ্রীযুত রামব্রহ্ম ঘোষ মহাশয় এই বিদ্যালয়টি পরিচালনা করিতেন এবং তিনি ৮ বৎসর ঐ বিদ্যালয়ে কার্য করিয়াছিলেন। জাতীয় শিক্ষা সম্প্রসারণ ও সমাজকল্যাণ পরিকল্পনা (Scheme for Expansion of Education and Welfare Services) আরম্ভ হওয়ার পূর্বেই তিনি শারীরিক অসুস্থতাবশতঃ ঐ বিদ্যালয় ত্যাগ করিয়াছেন। তিনি এখন আর ঐ বিদ্যালয়ে কার্য করেন না।

(ঙ) প্রশ্ন উঠে না।

Sj. Tarapada Dey:

আপনি (গ)-এ বলেছেন, অননুমোদিত শিক্ষক নেই, যখন এই স্কুলকে স্যাংশন দেওয়া হয়েছিল সেই সময় কি কোন অননুমোদিত শিক্ষক ছিল? বর্তমানে নাই বলেছেন, কিন্তু স্যাংশন যখন করেছিলেন তখন ছিল কি না?

The Hon'ble Pannalal Bose:

যে কয়জন শিক্ষক সেখানে আছেন, তাদের এখান থেকে অনুমোদিত ক'রে পাঠান হয়েছিল। সেখানে যদি কোন এইরকম লোক থেকে থাকে তা আমি জানি না।

Sj. Tarapada Dey:

আপনি বলেছেন যে, শ্রীযুত রামব্রহ্ম ঘোষমহাশয় জাতীয় শিক্ষা সম্প্রসারণ ও সমাজকল্যাণ পরিকল্পনা আরম্ভ হবার পূর্বেই শারীরিক অসুস্থতাবশতঃ ঐ বিদ্যালয় ত্যাগ করিয়াছেন। তিনি কতদিন আগে ঐ বিদ্যালয় ত্যাগ করেছেন?

The Hon'ble Pannalal Bose:

ছেড়ে চলে গিয়েছেন?—আট বৎসর আগে।

Sj. Tarapada Dey:

না, না, তিনি আট বৎসর কাজ করেছিলেন। আমি জিজ্ঞাসা করছি যে, তিনি কতদিন আগে ছেড়ে চলে গিয়েছেন?

The Hon'ble Pannalal Bose:

শ্রীযুক্ত রামব্রহ্ম ঘোষমহাশয় এই বিদ্যালয়টি পরিচালনা করিতেন এবং তিনি ৮ বৎসর ঐ বিদ্যালয়ে কার্য করিয়াছিলেন। আর জাতীয় শিক্ষা সম্প্রসারণ ও সমাজকল্যাণ পরিকল্পনা আরম্ভ হয় ১৯৫৪এ——

Sj. Tarapada Dey:

কতদিন আগে ছেড়ে চলে গিয়েছেন?

The Hon'ble Pannalal Bose:

আমি তা জানি না।

Sj. Tarapada Dey:

তিনি ছেড়ে যাবার পর অন্য কোন শিক্ষক কাজ করছিলেন কি?

Mr. Speaker:

এইসব প্রশ্নের উত্তর কি ক'রে দেবেন?

Sj. Tarapada Dey:

আপনি বলেছেন যে, স্কীম হবার পূর্বেই তিনি ছেড়ে চ'লে গিয়েছেন অথচ আপনি বলছেন যে, তিনি ঐ স্কুল প্রতিষ্ঠা করেছেন - এটা কি ক'রে হতে পারে?

The Hon'ble Pannalal Bose:

বুঝতে পারলাম না। আবার বলুন।

Sj. Tarapada Dey:

আমার প্রশ্ন হচ্ছে, হাওড়া জেলার ডোমজুড় থানার অন্তর্ভুক্ত উত্তর ঝাপড়দহ ইউনিয়নে দাসপাড়া ফ্রী প্রাইমারী স্কুল সরকারের স্পেশাল ক্যাডার স্কীমে বর্তমান বৎসরে অনুমোদন লাভ করিয়াছে কি না? কিন্তু এখন বললেন যে, তিনি স্কুল আরম্ভ হবার আগেই চলে গিয়েছেন অথচ এখানে বলছেন যে, তিনিই এই বিদ্যালয় পরিচালনা করতেন—এটা কি ক'রে হতে পারে?

The Hon'ble Pannalal Bose:

১৯৫৪ সালের ফেব্রুয়ারী মাসে যখন এই নিউ ক্যাডার টিচার সিস্টেম তৈরী হয় তার আগে চলে গিয়েছেন।

Sj. Tarapada Dey:

আপনি কি জানেন যে শ্রীযুক্ত রামব্রহ্ম ঘোষমহাশয় এই বিদ্যালয় করেন নি, তিনি তার ১০ মাইল দূরে করেছিলেন?

Mr. Speaker:

এটা ত আপনি জানেন।

What you know don't ask, what you do not know you ask. It is not for corroboration or confirmation but to get information.

The Hon'ble Pannalal Bose:

আমি এটা জানি না।

Sj. Tarapada Dey:

এটা কি সত্য যে, এই স্কুলটি রণজিত মুখার্জি মহাশয় তৈরী করেন?

Mr. Speaker:

এটা এই কোয়েশ্চেনের মধ্যে আসে না।

That question does not arise out of this. You know that information. You cannot have it confirmed by this question.

Sj. Tarapada Dey:

আমি জিজ্ঞাসা করছি, রণজিত মুখার্জি এই স্কুল করেছিল কি না?

Mr. Speaker: Don't argue: I have given my decision.

Sj. Tarapada Dey:

আপনি কি জানেন যে, এই স্কুলে তিনি কাজ করেছিলেন এবং দরখাস্ত করেছিলেন তাঁর নিয়োগের জন্য?

Mr. Speaker:

সে ত আপনি জানেন।

The Hon'ble Pannalal Bose:

না, এইরকম দরখাস্ত পাই নি।

Sj. Tarapada Dey:

এটা কি সত্য তাদের ঐ স্কুলে কাজ করার জন্য অনুমোদন দিয়ে পাঠালেন, কিন্তু হাওড়া জেলার সিলেকশন কমিটি তাদের নেয় নি আপনার অনুমোদন সত্ত্বেও?

The Hon'ble Pannalal Bose:

আমি জানি না।

Sj. Tarapada Dey: Supplementary questions, Sir——

Mr. Speaker:

একটার উপর কত কোয়েশ্চেন করবেন?

Sj. Tarapada Dey:

ওঁরা স্কুল তৈরী করবেন আর এদের নেবেন না, তাড়িয়ে দেবেন, এরা বেকার হয়ে থাকবে। আবার প্রশ্ন করতে গেলেও আপনি প্রশ্ন করতে দেবেন না?

Mr. Speaker:

২৫টা ত প্রশ্ন করলেন, আবার বলছেন যে প্রশ্ন করতে দিচ্ছেন না? আপনি এটা উইথড্র করুন।

Sj. Tarapada Dey: I have got my right.

Mr. Speaker: I have given you that right.

Sj. Tarapada Dey: I think you are curtailing my right.

Mr. Speaker: Next question

Publication of the magazine of the Barasat Government Intermediate College

***97. Dr. Atindra Nath Bose:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) whether it is a fact that magazine fees are collected from students of the Barasat Government College;

(*b*) if so, how many issues of the magazine, if any, have so far been published;

(*c*) whether there are any extra-curricular activities in the college; and

(*d*) if so, what?

Minister-in-charge of the Education Department (the Hon'ble Pannalal Bose): (*a*) and (*c*) Yes.

(*b*) Three.

(*d*) Outdoor and indoor games, such as football, cricket, volley-ball, badminton, table-tennis and carrom; wall magazine, Common Room Library, Debate and Discussion, Social Gathering.

Dr. Atindra Nath Bose: What is the amount of magazine fee collected every year from this college?

The Hon'ble Pannalal Bose: The magazine is published annually and the fee is Rs. 2 per year.

Dr. Atindra Nath Bose: For how many years is this magazine fee being collected?

The Hon'ble Pannalal Bose: Three issues in three years.

Dr. Atindra Nath Bose: Your answer does not say three years. Your answer only says that three copies of the magazine have been published. My question is, during how many years these three copies have been published? For how many years is this college going on? What is the life of this college?

The Hon'ble Pannalal Bose: There have been three issues in three years.

[3-10—3-20 p.m.]

Dr. Atindra Nath Bose: My question is for how many years is this College going on?

The Hon'ble Pannalal Bose: When the College was started I do not know exactly. It was during the time of my predecessor in office.

Dr. Atindra Nath Bose: Obviously this is more than three years. How do you say that three copies of the magazine were published in three years?

Mr. Speaker: What is your question?

Dr. Atindra Nath Bose: If it was done during your predecessor's time then obviously the life of the college is more than three years.

Mr. Speaker: Please put your question.

The Hon'ble Pannalal Bose: I do not know when the college was started.

Dr. Atindra Nath Bose: My question is during how many years were these three issues of the magazine published?

The Hon'ble Pannalal Bose: I have told you that this is an annual magazine one issue per year and there have been three years. From that I judge that the magazine has been running for three years.

Dr. Atindra Nath Bose: How many years after the foundation of the college was the first issue of the magazine published?

The Hon'ble Pannalal Bose: On this specific point I want notice.

Dr. Atindra Nath Bose: When was the third issue, i.e., the last issue of the magazine published?

The Hon'ble Pannalal Bose: I am afraid, I want notice.

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Requirement and supply of fish in Calcutta

39. Sj. Ajit Kumar Basu: Will the Hon'ble Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(*a*) what is the total requirement of fish for the city of Calcutta per day·

(*b*) what is the average daily supply in Calcutta at present;

(*c*) what are the percentages of—

(*i*) local supply,

(*ii*) import from East Pakistan, and

(*iii*) import from other States; and

(*d*) what is the amount of catches made by the two Government cutters namely, "Baruna" and "Sagarika" each year from 1950-54?

Minister-in-charge of Forests and Fisheries Department (the Hon'ble Hemchandra Naskar): (*a*) About 5,500 maunds per day.

(*b*) 2,656 maunds (during the year 1954).

(*c*) Percentage of supply in the year 1954—

(*i*) West Bengal—20·6.

(*ii*) East Pakistan—40·3.

(*iii*) Other States—39·1.

(*d*)—

	Maunds.
1950-51	3,077
1951-52	7,949
1952-53	11,322
1953-54	9,039
1954-55	4,676
Total ...	36,063

Sj. Biren Banerjee:

माननीय मन्त्रीमहाशय प्रश्नोत्तर (डि)ते "वरुणा" এবং "সাগরিকা" দ্বারা ১৯৫০-৫৫ সাল পর্যন্ত কত মণ মাছ ধরা হয়েছে তার যে হিসাব দিয়েছেন তাতে দেখছি সবচেয়ে বেশী মাছ

ধরা হয়েছে ১৯৫২-৫৩ সালে—১১,৩২২ মণ। অথচ কলকাতায় দৈনিক মৎস্য লাগে ৫,৫০০ মণ। এখন এত অল্প মৎস্য ধরবার জন্য "বরুণা" ও "সাগরিকা" রাখার সার্থকতা সম্বন্ধে বিবেচনা করছেন কি?

Mr. Speaker: You are asking a question about the whole policy of fishing. That is not a supplementary arising out of this question.

Sj. Biren Banerjee:

আমি আর একটা প্রশ্ন করি। প্রত্যহ কলকাতায় ৫,৫০০ মণ মাছ প্রয়োজন বলেছেন—এ তথ্য নিশ্চয়ই আপনার অফিস থেকে নয়?

The Hon'ble Hemchandra Naskar:

সেন্সাস রিপোর্টে বৃহত্তর কলকাতায় যে পপুলেশন দেওয়া আছে তারই হিসাবে ৪০ লক্ষ লোকের বাস—তার মধ্যে ২০ পারসেন্ট ছেড়ে দিয়ে বাকী পপুলেশনের মাথা পিছু ২ আউন্স ধরে এবং সেভাবে হিসাব ক'রে প্রায় সাড়ে পাঁচ হাজার মণ মাছ লাগে এবং ধরা হয়েছে।

Sj. Provash Chandra Roy:

আপনি (বি)-এর উত্তরে যা বলেছেন—২,৬৫৬ মণ মাছ কলকাতায় সরবরাহ করা হয় (১৯৫৪ সালে এরূপ হয়)। এই পরিমাণ বাড়ছে না কমছে?

The Hon'ble Hemchandra Naskar:

আগেকার চেয়ে সরবরাহ বাড়ছে। আমাদের পার্টিশনের আগে ১৯৪৫ সালে—১,৭৫০ মণ ইষ্ট বেঙ্গল থেকে আসত, ওয়েষ্ট বেঙ্গল থেকে হ'ত ৩০০ মণ এবং আদার স্টেটস থেকে হ'ত ৪৫০ মণ; ১৯৪৮ সালে ইষ্ট বেঙ্গল থেকে কলকাতায় আসত ১,৪৮৭ মণ, ওয়েষ্ট বেঙ্গল থেকে ৩১১ মণ, আদার স্টেটস ৪২১ মণ; ১৯৫৪ সালে ইষ্ট বেঙ্গল থেকে আসত ১,০৬২ মণ, ওয়েষ্ট বেঙ্গল থেকে ৫৫৮ মণ এবং আদার স্টেটস থেকে ১,০৩৬ মণ; আর ১৯৫৫ সালের প্রথম ৬ মাস যে সংখ্যা তাতে গড়পড়তা কলকাতায় দৈনিক মাছ সরবরাহ হয়েছে ইষ্ট বেঙ্গল ১,৭৭৯ মণ, ওয়েষ্ট বেঙ্গল ৫০৬ মণ এবং আদার স্টেটস থেকে ১,০৮৮ মণ।

Sj. Provash Chandra Roy:

প্রশ্নোত্তর সি-(থ্রী-আই)এ বলেছেন, আদার স্টেটস ৩৯·১ পারসেন্ট মাছ আসে। আদার স্টেটস বলতে কোন্ স্টেট এবং কত আসে ১৯৫০ সাল থেকে বলবেন কি?

The Hon'ble Hemchandra Naskar:

কোন্ কোন্ স্টেট থেকে আসে বলছি। মাদ্রাজ, উড়িষ্যা, রাজস্থান, বিহার, বোম্বাই, ইউ,পি, এবং দিল্লী ইত্যাদি স্টেট থেকে আসে।

Sj. Provash Chandra Roy:

"বরুণা" এবং "সাগরিকা" দ্বারা আমাদের লাভ হচ্ছে না লোকসান হচ্ছে, এটা দয়া ক'রে বলবেন কি?

Mr. Speaker: That question does not arise.

Sj. Biren Banerjee:

এই যে আপনি সি (আই), (টু আই), (থ্রি আই)তে উত্তরে বলেছেন—পারসেন্টেজ অব ইস্ট পাকিস্তান, ওয়েস্ট বেঙ্গল এ্যান্ড আদার স্টেটস—এটা ১৯৫৪ না ১৯৫৫র?

Mr. Speaker: It is written there "in the year 1954".

Sj. Biren Banerjee:

এই পারসেন্টেজ আগের চেয়ে বাড়ছে না কমছে?

Mr. Speaker: That question does not arise.

Sj. Biren Banerjee:

ওয়েষ্ট বেঙ্গলের অর্থাৎ লোকাল প্রোডাকশন এ্যাভারেজ আগের চেয়ে বাড়ছে না কমছে?

The Hon'ble Hemchandra Naskar:

বাড়ছে। ১৯৪৫ সালে ছিল ৩০০ মণ, ১৯৪৮ সালে হ'ল ৩১১ মণ এবং ১৯৫৪ সালে হ'ল ৫৫৮ মণ। এবং এবারে প্রথম ৬ মাসের যে হিসাব তাতে দৈনিক সাপ্লাই ৫০৬ মণ—সুতরাং বাড়ছে।

Sj. Ajit Kumar Basu:

১৯৫৪-৫৫ সালে ৪,৫০০ মণের কিছু বেশী মাছ "বরুণা" ও "সাগরিকা" দ্বারা ধরা হয়েছে। সারা বছরে এত কম মাছ হবার কারণ কি?

The Hon'ble Hemchandra Naskar:

নোটিশ দিলে জেনে বলতে পারি।

Sj. Ajit Kumar Basu:

সারা বছর চালু রাখার জন্য এই "বরুণা" ও "সাগরিকাতে" কত খরচ বলবেন কি?

The Hon'ble Hemchandra Naskar:

এই প্রশ্ন উঠে না, এটা মাছ সরবরাহের প্রশ্ন।

Sj. Ajit Kumar Basu:

ফিসারমেনরা গভর্নমেন্টের কো-অপারেশন না পেলে কনভেয়ান্স ফেসিলিটি ইত্যাদি ব্যাপারে, কি ক'রে তারা মাছ আনবে?

Mr. Speaker: That is not a proper supplementary arising out of this.

Absorption of Food Department employees in Fisheries Department

40. Sj. Dasarathi Tah: (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Fisheries Department be pleased to state if it is a fact—

(*i*) that a circular from the Chief Secretary, West Bengal, was issued to all Departments of Government that unless employees from the Food and Civil Supplies Department were absorbed, outsiders would not be taken in; and

(*ii*) that several Assistant Fishery Officers were recruited in violation of that order?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the reason of violating the order of the Chief Secretary;

(*ii*) whether Government received any complaint as to preferential treatment in the matter of new appointment under the Fishery Directorate;

(*iii*) if so, what is the number of such Assistant Fishery Officers; and

(*iv*) if they were appointed through the Public Service Commission?

The Hon'ble Hemchandra Naskar: (*a*) (*i*) Yes.

(*ii*), (*b*)(*ii*) and (*iv*) No.

(*b*)(*i*) and (*iii*) Do not arise.

Sj. Dasarathi Tah:

মাননীয় মৎস্যমন্ত্রীমহাশয় এই প্রশ্নের জবাবে বলেছেন যে, চীফ সেক্রেটারী একটি সার্কুলার দিয়েছেন যতক্ষণ না ফুড ডিপার্টমেন্টের উদ্বৃত্ত কর্মচারীদের চাকুরিতে নিযুক্ত করা হয়, ততক্ষণ বাইরে থেকে কোন কর্মচারী ডিপার্টমেন্টে নেওয়া হবে না। কিন্তু এই সার্কুলার অমান্য ক'রে এমন একজনকেও কি নেওয়া হয়েছে যিনি ফিশারী ডাইরেকটরের বড় কুটুম্ব সুশেন সাহ?

Mr. Speaker: What is your question?

Sj. Dasarathi Tah:

আমার প্রশ্নটা হচ্ছে এই যে এই চীফ সেক্রেটারীর সার্কুলার অমান্য ক'রে অন্ততঃ একজনকেও রিক্রুট করেছেন কি না, যিনি মিঃ কে, সি, সাহা, ফিশারী ডাইরেকটারের বড় কুটুম্ব? [লাফটার]

The Hon'ble Hemchandra Naskar:

আমাদের ফিশারী ডিপার্টমেন্টে একজন ক্লার্ক হিসাবে কাজ করত। তিনি আই,এস,সি, পাশ করেন এবং বি,এস,সি, পাশ করেন। তিনি ডিপার্টমেন্টেরই লোক, তার প্রমোশন হয়েছে এ,এফ,ও, হিসাবে। আর যে লোক নেওয়া হয় সেটা স্পেশাল অফিসারের এমপ্লয়মেন্টের অনুমতি অনুযায়ীই নেওয়া হয়।

[3-20—3-30 p.m.]

Sj. Dasarathi Tah:

এ্যাসিস্ট্যান্ট ফিশারী অফিসার নিয়োগে আপনি এই ফিশারী ডিপার্টমেন্টে কোন পাঁচশালা পরিকল্পনা কার্যকরী করেছেন কি?

The Hon'ble Hemchandra Naskar:

সেটা এতে কি ক'রে আসে?

Sj. Dasarathi Tah:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি গত পাঁচ বৎসরের মধ্যে উক্ত ডাইরেকটরের পাঁচজন শালাকে নেওয়া হয়েছে কি না?

Mr. Speaker:

অপরের শালাদের খবর উনি কি ক'রে জানবেন?

Sj. Dasarathi Tah:

তাঁর আরো পাঁচজন শালাকে নিয়োগ করা হয়েছে কি না?

Mr. Speaker: That question does not arise.

Repair of embankments in Kakdwip, Sagar and Mathurapur police-stations in 1954-55

41. Sj. Haripada Baguli: Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

১৯৫৪-৫৫ সালে সুন্দরবনে বাঁধ মেরামতের যে পরিকল্পনা আছে তাহাতে সাগর, কাকদ্বীপ ও মথুরাপুর থানার কোন্ কোন্ বাঁধ ও লাটদারগণের কোন্ কোন্ বাঁধ মেরামত করা হইবে?

Minister-in-charge of Irrigation and Waterways Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):

১৯৫৪-৫৫ সালে সাগর, কাকদ্বীপ ও মথুরাপুর থানায় নিম্নলিখিত বাঁধগুলি মেরামত করা হইয়াছে:—

সাগর থানা

(১) কচুবাড়িয়া ও মুড়িগঙ্গা;
(২) নরহরিপুর, কৃষ্ণনগর; ও
(৩) কাশিমারার চর।

কাকদ্বীপ থানা

(১) মন্মথপুর;
(২) মৃণালনগর; ও
(৩) গোপালনগর।

মথুরাপুর থানা

(১) দক্ষিণ জয়কৃষ্ণপুর;
(২) পূর্ব শ্রীধরপুর;
(৩) উত্তর গোপালপুর;
(৪) রাধাকৃষ্ণনগর;
(৫) কৃষ্ণপুর;
(৬) দক্ষিণ গোপালপুর;
(৭) মাধবনগর;
(৮) রামগঙ্গা;
(৯) দক্ষিণ মহেন্দ্রপুর;
(১০) গোবিন্দপুর;
(১১) উত্তর ও দক্ষিণ সুরেন্দ্রগঞ্জ; ও
(১২) শ্রীধরনগর।

Filling up of permanent posts of Overseer-Estimators under Irrigation Department

42. Sj. Tarapada Dey: (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state if it is a fact—

(*i*) that advertisement inviting applications from both the temporary hands in Subordinate Engineering Service as well as outsiders was published in *The Weekly West Bengal* on the 19th August, 1954, for filling up 90 permanent vacancies in the said cadre; and

(*ii*) that claims of those temporary incumbents whose process for confirmation was already complete as per usual procedure obtaining in the departments concerned prior to the Government order amalgamating the cadres of Overseers and Estimators were not taken into account?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state the reasons for not taking into account the claims of those incumbents?

The Hon'ble Ajoy Kumar Mukherji: (*a*) (*i*) Yes.

(*ii*) and (*b*) Government have since decided that selection of candidates for appointments to the existing permanent vacancies in posts of Overseer-Estimators under the Irrigation and Waterways Department should be made only from persons who are employed as temporary Overseer-Estimators under that Department and that the suitability of the temporary Overseer-Estimators for appointment to the permanent posts should be considered on the basis of their merit.

Sluice gate in Uttarbhag-Dabu Khal, 24-Parganas

43. Sj. Lalit Kumar Sinha: Will the Hon'ble Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(ক) চব্বিশ-পরগণা জেলার অন্তর্গত উত্তরভাগ-ডাবু খালের স্লুইস গেট প্রস্তুত করিতে কত ব্যয় হইয়াছে;

(খ) এ-গেটগুলি এক্সপার্ট দিয়া পরীক্ষা করানর পর কন্ট্রাক্টরের বিল মিটানো হইয়াছে কিনা;

(গ) এ-গেটগুলির মধ্যে কয়টি কার্যকরী আছে;

(ঘ) উত্তরভাগ-ডাবু খাল খননের জন্য কত জমি একোয়ার করা হইয়াছে;

(ঙ) এ-জমির বদলে চাষীদের জমি দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কিনা;

(চ) না থাকিলে, ক্ষতিপূরণের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন;

(ছ) ক্ষতিপূরণ হিসাবে জমির মূল্য নগদ টাকায় দেওয়া হইবে কিনা; হইলে, বিঘাপ্রতি কত টাকা দেওয়া হইবে; এবং

(জ) ক্ষতিপূরণ বাবদ জমি অথবা টাকা কত দিনে জমির মালিককে দেওয়া হইবে?

The Hon'ble Ajoy Kumar Mukherji:

(ক) ১৯৫৫ সালের জানুয়ারী মাস পর্যন্ত ১,৩৮,৫০২, টাকা খরচ হইয়াছে। বাকী কাজের বিল এখনও মিটানো হয় নাই।

(খ) হ্যাঁ।

(গ) সব কয়টিই কার্যকরী আছে।

(ঘ) প্রায় ৬৪০·৬৪ একর বা ১,৯২২ বিঘা।

(ঙ) না।

(চ) ও (ছ) চব্বিশ পরগণা জেলা-শাসক কর্তৃক জমি বাবদ ক্ষতিপূরণ নগদ টাকায় দেওয়া হইবে এবং ক্ষতিপূরণের হার জমির প্রকৃতি এবং সংশ্লিষ্ট এলাকায় ঐরূপ জমির বর্তমান দর অনুসারে বিচার করা হইবে।

(জ) যত শীঘ্র সম্ভব হয়।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Revision of pay scales and other facilities of Health Assistants

*98. **Sj. Dharani Dhar Sarkar:** Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—

(*a*) whether West Bengal Government Health Assistants appointed during and from 1943 are still treated as temporary hands;

(*b*) whether along with the revision of pay scales of other Government employees of this State the pay scale of those Health Assistants was revised;

(*c*) whether there is any housing facility for these Health Assistants; and

(*d*) what steps, if any, are proposed to be taken by the Government to redress the grievances of the Health Assistants?

The Minister of State for Medical and Public Health Department (the Hon'ble Dr. Amulyadhan Mukharji): (*a*) Yes.

as aforesaid, and, in case of dispute as to the sufficiency of the amount so paid or tendered, he shall at once refer the dispute to the decision of a Collector"—I want to stop there, because the Collector should decide and not "other Chief Revenue Officer of the district". These words are sought to be deleted, because it is proper that such a decision should be made by the Collector. The proviso concludes by saying that such decisions shall be final. Then we seek to provide that any objection to the acquisition should be made within thirty days. The other proposal is, as you are aware, that in the case of acquisition under this Act a scheme has to be prepared, and the preparation of the scheme is a condition precedent to further steps being taken for the purpose of acquisition. There is a standard scheme for the distribution of land among the refugees upon land being acquired. So in those cases it is not necessary to prepare a scheme beforehand. The process is commenced by the issue of a notification. If objections are raised, these objections are heard and considered. After the objections are decided, steps are taken for acquiring the land and distributing the same among the refugees. In section 6 a specific provision is being made that in acquiring the underground mines and minerals may be excluded. We really want the surface land, not any underground right. In acquiring land we may by declaration exclude mines and minerals from acquisition. Then the first portion of section 9 is to be omitted. That portion says "Notwithstanding anything elsewhere contained in this Act or in any rule or order made thereunder, the State Government may, if it so considers expedient, retain, let on hire, lease, sell, exchange or otherwise dispose of any land acquired in pursuance of this Act". The State Government does not intend to utilise any land for some of these purposes, for hire, for exchange, etc. Therefore, we have omitted this portion of section 9.

These are broadly the amendments that have been proposed in this Bill.

Mr. Speaker: With regard to circulation motions I may tell something to the members of this House. I find that these circulation motions are sometimes tabled as a dilatory measure; the purpose of those motions is not simply to oppose the Bill, because there is a substantive motion for consideration, and any member who wants to oppose the Bill can speak on that motion, any member who wants to support the Bill can also speak on that motion, any member who partially supports or partially opposes the Bill can also speak on the consideration motion. But I find that circulation motions are always tabled as a matter of dilatory tactics. Therefore, I think that so many circulation motions are not necessary to be tabled.

Sj. Jyotish Joarder: Sir, here there are only two circulation motions.

[4-10 4-20 p.m.]

Mr. Speaker: If you support the Bill there is no scope for your moving any circulation motion. You can kill the Bill by opposing the motion of the Hon'ble Minister that the Bill be taken into consideration. Whatever you have got to say you may speak without tabling any circulation motion.

Sj. Sudhir Chandra Rai Chaudhuri: Sir, the other day because I had no circulation motion I was not allowed to speak first. I was allowed when all those who tabled circulation motions spoke. So unless a member moves a circulation motion he does not get the first chance to speak.

Sj. Haripada Chatterjee: Sir, if I oppose the consideration motion then I will have first preference.

Sj. Subodh Banerjee: Sir, I think the circulation motion is not always tabled or moved with a view to make some delay in the introduction and in

the passing of the Act. I think the intention of the member to circulate a Bill is that he is more concerned with the object of getting the opinion of the public on the Bill——

Mr. Speaker: I fully realise your point. You need not make a long speech for that. I have seen that members who have tabled circulation motions support the Bill in their speeches. This is against the fundamental principle of circulation motion. If you table a circulation motion you cannot support the Bill. This is a contradiction which often happens in this House. I want to prevent that contradictory attitude.

Sj. Subodh Banerjee: But the motive of the member in moving a circulation motion may not always be the delaying tactics.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that the West Bengal Land Development and Planning (Amendment) Bill, 1955, be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th of November, 1955.

মাননীয় স্পীকারমহোদয়, এই

West Bengal Land Development and Planning

সংশোধনী বিল এসেছে; আপাতদৃষ্টিতে একে নির্দোষ ব'লে মনে হ'লেও আমরা ভাল ক'রে লক্ষ্য করলে দেখতে পাই, এর মধ্যে সত্যি সত্যি জনসাধারণের ক্ষমতা অপহরণ করবার একটা অপচেষ্টা রয়েছে। এর উদ্দেশ্যের ফিরিস্তিতে অনেক কিছু আছে। তার মধ্যে একটা কথা হচ্ছে যে, এ বিলের বলে জমি দখলের বেলায় ক্ষতিপূরণের একটা হার বাদ দেওয়া হবে। এ সম্বন্ধে আসল কথা হচ্ছে যে, সে বাদের বোঝা গরীবকেই বহন করতে হবে। তারপরে সেখানে অত্যন্ত একটা মামুলী কথা আছে—এ বিলের প্রয়োগকালে ভারত সরকারের অধিকার যাতে ক্ষুণ্ণ না হয় অর্থাৎ ভারত সরকারের যে উন্নয়ন পরিকল্পনা ইত্যাদি তার অধিকার যেন বেদখল না হয়ে যায়। এর পূর্বে যে মূল এ্যাক্ট ছিল, তার মধ্যে আছে সহর নির্মাণ, মডেল টাউন, রুরাল ডেভ্‌লপ্‌মেন্ট, ইন্ডাস্ট্রি ইত্যাদি। সেখানে বাস্তুহারাদের জন্য নানারকম ব্যবস্থা করা ইত্যাদির উল্লেখ ছিল। মূল আইনের ২নং ধারার (ডি) উপধারাতে এরকম যেখানে কতকগুলি ক্ষমতা আছে সেখানে "পাবলিক পারপাস" বলে যা ইনক্লুডেড ছিল তার মধ্যে ছিল একটি বাস্তুহারাদের ব্যবস্থা, সহর, মডেল ভিলেজ নির্মাণ আর একটা আরবান এলাকায় বেটারমেন্ট অব লাইফ। এখন সরকার যে বিলটা এনেছেন তাতে বলা হয়েছে ভারত সরকারের অনুরূপ অধিকার যাতে ক্ষুণ্ণ না হয় তারজন্য

"but does not include a purpose of the union"

—এই কথাগুলি অনুপ্রবিষ্ট ক'রে দেওয়া হোক। কাজেই এটা মামুলী ব্যাপার ছাড়া আর কিছু নেই। এর পরে আছে এই বিলেতে যাদের জমি দখল করা হবে তাদের একটা অধিকার দেওয়া হবে; সে অধিকার হচ্ছে আপত্তি উত্থাপনের অধিকার। আমরা পুরাণ এ্যাক্টের ৪নং সেকশন যদি খুলি তাতে দেখব সেখানে কমপেনসেশনের ব্যাপারে যদি কোন আপত্তি আসে তাহ'লে সেটা উত্থাপন করা যেত এবং তার ডেফিনিশনও পরিষ্কার ছিল। এখানে বলা হয়েছে, যদি আপত্তি কারও থাকে সেখানে কালেকটরের কাছে তা বলতে পারবেন। যাঁরা ক্ষমতাপ্রাপ্ত হয়ে জমি দখল করবেন তাঁরা সেটা দখলের পূর্বে নোটিফাই করবেন। এবং তখন সেখানে যাবেন এবং তার অধিকার কি কি তা শুনবেন। তারপরে প্রয়োজনবোধে তিনি মূল আইনের ৪ ধারা বলে সেখানে নালি কাটতে পারেন, স্ট্যান্ডিং ক্রপস নষ্ট করতে পারেন, ওয়াল ভেঙ্গে ফেলতে পারেন এবং নানারকম ক্ষমতা আরও তাঁর আছে। এইসমস্ত ব্যাপারে তিনি যদি কোথাও যান, শুধু "নোটিফায়েড এরিয়া"র যোগ্যতা নির্ধারণ করতে এইসব ধ্বংসের কাজ তিনি করতে পারবেন। এই বিলে অধিকার দেওয়া হচ্ছে যার জমি দখল করা হবে তিনি কালেকটরের কাছে আপত্তি উত্থাপন করতে পারেন। কিন্তু কালেকটর ওপ্‌ন হিয়ারিং নেবেন না, তিনিই বলবেন এটা ন্যায্য বা অন্যায্য হয়েছে। যদি সেখানে থাকত ওপ্‌ন কোর্টে বিচার হবে, যদি থাকত হাইয়ার কোর্টে প্রয়োজনবোধে তিনি যেতে পারবেন তাহ'লে বুঝতাম। জমি নেওয়া যা হবে সেটার যুক্তিসঙ্গত কারণ থাকা দরকার, সেই জমি কাজে লাগান দরকার। পূর্ব বিলে ছিল

কমপেনসেশনের ব্যাপারে কালেকটরস ডিসিশন ফাইনাল হবে। এখানে দেখছি তাঁর ডিসিশন ফাইনাল হবে।

আর একটা কথা বাস্তুহারাদের অধিকার সম্বন্ধে অরিজিনাল বিলেতে পরিষ্কার রয়েছে। সেকশন ২, ক্লজ (ডি)(আই)-এ আছে যে বাস্তুহারাদের স্বীকার করা হচ্ছে, তাদের জন্য যদি জমি দখল করতে হয় সেটা "পাবলিক পারপাস" ডেফিনিশনে পড়বে। এটা নতুন কথা নয়। এখানে দেখছি বাস্তুহারাদের জন্য জায়গা দখল ক'রে সেই জায়গা নিয়ে টালবাহানা করা যাবে, কিন্তু কোন স্কীম ডিক্লেয়ার করা আবশ্যক হবে না। কারণ কি? একটা স্কীম যদি সরকার ঘোষণা করেন সেটা যদি বদলাতে না পারেন, পরে সংকট হতে পারে। তা সত্য হ'লে সেখানে আমাদের আপত্তি না থাকতে পারে। কিন্তু বস্তুত সমস্যাটি আদৌ তেমন ধারার নয়। দেখা যাচ্ছে, এখানে আসল উদ্দেশ্য হচ্ছে কোন ডেফিনিশন না দিয়ে জায়গা আটকে রাখা। যদি জমি জরুরী কাজে লাগান ইচ্ছা হত তাহ'লে হত। সেকশন (৭) অব দি অরিজিনাল এ্যাকটের বলে সেখানে এমন অধিকার দেওয়া আছে যার ফলে জরুরী অবস্থা বিবেচনায় ডেভ্‌লপ্‌মেন্ট স্কীম দাখিল না ক'রেও জমি দখল করতে পারা যায় এবং সেকশন (৭)-এ আছে, যখন খুসী ডেভ্‌লপ্‌মেন্ট না ক'রেও অধিকৃত নামে জমি ছেড়ে দিতে পারা যায়, বিক্রী ক'রে দিতেও বাধা নেই। স্কীম দাখিল না ক'রে যত ডিক্লেয়ারড এরিয়া বলে জমি আটকে রাখা যাবে তাতে সত্যিসত্যিই লোকের তত অধিকার খর্ব করা হবে। তাই এ ক্ষেত্রে আমার বক্তব্য হ'ল, বাস্তুহারার উদ্দেশ্যে নির্দিষ্ট প্রতিটি নোটিফায়েড এরিয়া ঘোষণার সংগে এক একটি বিশেষ সরকারী স্কীম যুক্ত ক'রে দিতে হবে।

[4-20—4-30 p.m.]

তা ছাড়া, এই বিলের রচনার মধ্যেও আমরা দেখতে পাই, বহুরকম গলদ রয়েছে, তার মধ্যে আমি একটা মেনশন করবো।' যদি সত্যসত্যই এই বিল আনতে হয় এই হাউসের মধ্যে তাহ'লে অন্তত এইটুকু দেখা দরকার যে, এই যে "প্রভিন্সিয়াল গভর্নমেন্ট" ও "প্রভিন্স" নামক অকেজো শব্দগুলো আছে সেগুলো পরিবর্তন ক'রে দিলে কোন কনট্রোভার্সির যখন অবকাশ নেই, তখন সময়োপযোগী সংশোধন যেন করা হয়। তাড়াহুড়া ক'রে মামুলী সংশোধন বিল আনা হচ্ছে, তারজন্য সময় ও অর্থ নষ্ট হচ্ছে, সেটা যেন বন্ধ হয়। অরিজিনাল বিলের সেকশন এই যে দু'টা কথা রয়েছে—প্রভিন্স এবং প্রভিন্সিয়াল গভর্নমেন্ট—এই দু'টা কথা বিলের সেকশন থেকে উঠিয়ে দিলে ভাল কাজই করা হবে, এবং এতে কেউ আপত্তি করবে না। কারণ, বর্তমান অবস্থায় এ শব্দগুলি অবান্তর, এর কোন অর্থ নাই। অথচ অরিজিনাল বিলটা যখন এ্যামেন্ড করা হচ্ছে তখন যেটা অবসোলিট সেটাকে বাদ দিয়ে করা হ'ল না। এর মানে হচ্ছে, তারা ক্ষমতা অপহরণ করতে এত ব্যস্ত। সুতরাং তাঁদের এইসমস্ত ত্রুটি দূর করার দিকে খেয়াল থাকে না, এইরকম একটা অবসোলিট ব্যাপার, অন্যায় জিনিষ তিনি চালিয়ে যাচ্ছেন। তাঁরা মুখে বলছেন এক আর কাজের বেলায় করছেন অন্যরকম। সেইজন্য আমার শেষ অনুরোধ এই যে, বিলটিকে জনমত সংগ্রহের জন্য সার্কুলেশনে দেওয়া হোক। এবং জনমতের আলোকে নূতন ক'রে যুক্তিপূর্ণভাবে আবার রচনা করা হোক।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় স্পীকারমহোদয়, এই বিলে যে সাবট্যানসিয়াল পরিবর্তন আনছেন সেটা অত্যন্ত গুরুতর, অন্যগুলি টেকনিকাল, মামুলী ব্যাপার। আসল যে জিনিষ সেটা মন্ত্রীমহাশয় প্রথম এই বিল উত্থাপনের সময় তাঁর ভাষণে বলেছিলেন—"এখন চাষীদের কাছ থেকে ভিন্ন ভিন্ন পাবলিক পারপাসের যে জমি নেওয়া হবে তার জন্য পূর্বে ১৮৯৪ সালের ল্যান্ড এ্যাকুইজিশন এ্যাকটে যে বন্দোবস্ত ছিল অর্থাৎ মার্কেট ভ্যালু যা তার উপর ১৫ পারসেন্ট ক'রে তারা মূল্য পাবে। কিন্তু এখন যেটা ক'রে দিচ্ছেন তাতে তারা ঐ ১৫ পারসেন্ট পাচ্ছে না। তা ছাড়া, তিনি বক্তৃতায় বলেছেন ১৯৪৬ সালে জমির যে মার্কেট ভ্যালু ছিল সেই অনুসারে তারা মূল্য পাবে, এই জিনিষটা খুব গুরুতর হয়েছে। কারণ ডি.ভি.সি.র জন্য এবং অন্যান্য পরিকল্পনার জন্য সাধারণ চাষীর বহু পরিমাণ জমি নেওয়া হচ্ছে। কোন ইন্টারমিডিয়ারি বা জমিদারের জমি নেওয়া হ'লে অবশ্য এ প্রশ্ন উঠতো না। কিন্তু আজ প্রশ্ন উঠছে এইজন্যই যে, সাধারণ কৃষক যাদের মাত্র

দু'-এক বিঘা ক'রে জমি আছে, সেটা সরকার নিচ্ছেন। ধরুন, যেহেতু একজন কৃষক মার্কেট ভ্যালু ধরে স্বেচ্ছায় তাঁর জমি বিক্রয় করেছে, সেখানে যা মার্কেট ভ্যালু পেলো সেটা সে নিতে পারে। কিন্তু এখানে জোর ক'রে তাদের জমি নেওয়া হচ্ছে, সুতরাং ল্যান্ড এ্যাকুইজিশন এ্যাক্ট, বহু পুরাণ এ্যাক্ট, তাতে ১৫ পার্সেন্ট বেশী মূল্য দেওয়া প্রয়োজন মনে ক'রেছিলেন এবং তা দেবার ব্যবস্থা হয়েছিল। কিন্তু এখানে সেই জিনিষটা চলে যাচ্ছে। বলা হচ্ছে, ১৯৪৬ সালে জমির যে মূল্য ছিল সেটা দেওয়া হবে। অথচ এ'রা বলে থাকেন নানারকম বিভিন্ন ডেভ্লপ্মেন্ট স্কীমে উন্নয়নমূলক কাজের জন্য জমির মূল্য বাড়ছে। এবং এমন হতে পারে যে, ১৯৪৬ সালের পরে যারা জমি কিনেছে বেশী দাম দিয়ে, সেই জমি এখন গভর্নমেন্টকে নিতে গেলে তাকে কম ক্ষতিপূরণ দেওয়া হবে; এটা অত্যন্ত অন্যায়। এবং এর অর্থ কি তা আমরা বুঝি না। সেইজন্য এই যে তাঁরা নূতন এ্যামেন্ডমেন্ট এনেছেন, এটা অত্যন্ত অন্যায়, অযৌক্তিক ব'লে আমরা মনে করি। এই যে সাবস্ট্যানটিভ পরিবর্তন এসেছে, এতে কৃষকদের পক্ষে অত্যন্ত ক্ষতিকর হবে। মন্ত্রীমহাশয়কে এ সম্বন্ধে জিজ্ঞাসা করতে গেলে, তিনি বলেন, "আপনারা ত বলেন, জমির মালিককে কমপেনসেশন দেবার বিরুদ্ধে উইথ ভেনজিয়েন্স"। কিন্তু আমি বলতে চাই, যেখানে আদৌ কমপেনসেশন না দেবার কথা সেখানে তাঁরা অকুণ্ঠিতভাবে কমপেনসেশন দিচ্ছেন এবং যেখানে গরীব সাধারণ চাষীর প্রশ্ন, যেখানে আসলে কমপেনসেশন দেওয়া উচিত, সেখানে তাঁরা দিতে চাচ্ছেন না। তারপর বলতে হয়, এইসমস্ত সাধারণ চাষীর স্থায়ী রুজি-রোজগারে পথের জন্য শুধু মূল্য দিলেই, সেখানে তাদের উচিত ক্ষতিপূরণ দেওয়া হয় না। অনেক জায়গায় দেখা যায়, চাষীরা চাচ্ছে তাদের জমির বদলে জমি। কিন্তু অনেক জায়গায় জমি নেওয়া হয়েছে অনেক কম মূল্যে এবং সেটা ফেরৎ দিতে হ'লে যা বর্তমান মূল্য তার চেয়ে অনেক কম দিয়ে যদি সেই জমি দিতে চান তাহ'লে অন্যায় করা হবে। সেইজন্য এটা বিবেচনা করা দরকার। বিশেষ ক'রে যখন সাধারণ কৃষকের বহু পরিমাণ জমি সরকারের নানারকম উন্নয়ন পরিকল্পনার জন্য নেওয়া হচ্ছে; সেক্ষেত্রে এইরকম ধরণের একটা বিল আনা অত্যন্ত ক্ষতিকর হচ্ছে।

Sj. Biren Roy:

মিঃ স্পীকার, স্যার, মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ, বিনয়বাবু যে কথা বললেন সেটা যেন তিনি মেনে নেন।

The motion of Sj. Jyotish Joarder that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of the Hon'ble Satyendra Kumar Basu that the West Bengal Land Development and Planning (Amendment) Bill, 1955, be taken into consideration, was then put and agreed to.

Clause 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 4, for the proposed section (4A) the following be substituted, namely:—

"4A. Person or persons interested in land within a notified area may either individually or collectively within sixty days from the date of issue of the notification specifying the area to be notified area object to the acquisition of the land in which the person or persons are interested."

Sir, I also beg to move that in clause 4, in the proposed section 4A(*1*), line 3 for the words "thirty days", the words "sixty days" be substituted.

Sir, I further beg to move that in clause 4, in the proposed section 4A(*2*), in line 1, after the word "objection", the words "either individually or collectively" be inserted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 4, in the proposed section 4A(*2*), line 3, after the word "objector" the words "or, his agent duly authorised" be inserted.

Sir, I also beg to move that in clause 4, in the proposed section 4A(*2*), lines 3 to 8, for the words beginning with "and shall" and ending with "on the objections" the words 'in open court and shall pass an order on the application of objection" be substituted.

Sir, I further beg to move that in clause 4, after the proposed section 4A(*2*), the following sub-section be added, namely:—

"(*3*) The objector may appeal to the District Judge against the order of the Collector within 30 days of passing the said order".

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that in clause 4, to the proposed new section 4A, the following proviso be added, namely:—

"Provided that, before submitting his report, the Collector shall duly consider the injury that the acquisition in question may cause to the objector or to the local public and also whether public purpose will be served if some other suitable land is acquired".

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকারমহোদয়, আমার যেসমস্ত সংশোধনী প্রস্তাব আছে, তার মধ্যে প্রথম সংশোধনী প্রস্তার হচ্ছে এই যে, যখন কোন জায়গায় নোটিফাই করা হ'ল যে, "এই জায়গাটা নেওয়া হবে", তখন সেখানে আমি দেখেছি যে সময়ের যে অসুবিধা থাকে, সেই অসুবিধাটা যাঁরা জমির প্লটের মালিক তাঁদেরই ভোগ করতে হয়। কলকাতায় গেজেটে বেরুলো, তারপর সেটা গ্রামের চাষীদের পক্ষে জানতে বেশ কিছু দেরী হয়। আমরা দেখেছি, Collector's office or Subdivisional Officer's office notification-টা দিয়ে দেওয়া হ'ল; তারপর যখন সেটা গ্রামে গেল তখন দেখা গেল, দু'তিন দিন সময় উত্তীর্ণ হয়ে গিয়েছে। তারপর এর জন্য যখন অবজেকশন দিতে যাওয়া হয় তখন দেখা যায়, একটা গ্রামের ১০টা কি ১২টা প্লট এ্যাকোয়ার করা হবে ব'লে ঠিক হয়ে যায় এবং দেখা যায় সেখানে ১০ জনের মধ্যে দুইজন মাত্র সচেতন আর বাকী ৫ জন সচেতন নন এবং বাকী হয়ত ৩ জন অফিসারের সঙ্গে একটা রফা ক'রে নিয়েছেন। এইরকম যখন অবস্থা তখন সেখানে ঠিক অবজেকশন দেওয়া হয় না এবং সকলেই বলেন, সময় জানেন না ব'লে খুব মুস্কিল হয়। সুতরাং এখানে আমার বক্তব্য, এই জন্য উপযুক্ত সময়, দেওয়া উচিত; অর্থাৎ ৩০ দিনের বদলে ৬০ দিন সময় দেওয়া হোক—এইটা হ'ল আমার এক নম্বর এ্যামেন্ডমেন্ট। আর দুই নম্বর হচ্ছে, তাঁরা ব্যক্তিগতভাবে না ক'রে কালেকটিভলি একসঙ্গে যাতে অবজেকশন দিতে পারে

কালেকটরের কাছে তাহ'লে তাদের পক্ষে ভাল হয়। আমি মনে করি, এটা সবাই বুঝতে পারবেন। এ ছাড়া, অন্য দিক দিয়ে আরও অসুবিধা আছে। যেগুলির সম্বন্ধে আমি এ্যামেন্ডমেন্ট দিতে পারি নি, কারণ মন্ত্রীমহাশয়ের কাছে শুনেছি সেটা লাগে না। তারপর কোর্ট ফীজ স্ট্যাম্প দাবী করা হয় এবং সেখানে যে অবজেকশন থাকে সেটা সব সময় করা যায় না। সেইজন্য এই কোর্ট ফীজ স্ট্যাম্প ব্যাপারে আমি একটা সংশোধনী এনেছি যে, এখানে একটা সময় দেওয়া হোক যাতে তারা অবজেকশন দিতে পারে।

দ্বিতীয়তঃ হচ্ছে, তারা যাতে ইন্ডিভিজুয়ালী অর কালেকটিভলি অবজেকশন দিতে পারে তার জন্য ব্যবস্থা করা হোক। এটা যদি করা হয় তাহ'লে তাদের ব্যক্তিগত অবজেকশন কালেকটরের কাছে সময়মত রাখতে পারে এবং সকল দিক দিয়ে কাজ যুক্তিযুক্ত হয়। এইজন্যই আমার এই এ্যামেন্ডমেন্ট বা সংশোধনী আনবার উদ্দেশ্য।

[4-30—4-40p.m.]

Sj. Jyotish Joarder:

স্পীকারমহাশয়, আলোচ্য ৪নং ক্লজের যে উপ-ধারাগুলো তার মধ্যে আমার এ্যামেন্ডমেন্ট ৬নং, ৭নং এবং ৮নং। আমার মনে হয় যে, এ্যামেন্ডমেন্টগুলো পড়লে এর তাৎপর্য বুঝা যায় এবং এ সম্বন্ধে আরো কিছু বলবার প্রয়োজন হয় না। ২নং উপ-ধারাতে আছে যে, যখন কোন সংশ্লিষ্ট ব্যক্তি অবজেকশন তুলবেন সে সম্বন্ধে লিখিত দরখাস্ত তাঁকে দাখিল করতে হবে। উক্ত ধারার ৩য় লাইনে "অবজেকটর" শব্দটির পর আমি যুক্ত করে দিচ্ছি—"অর হিজ এজেন্ট ডিউলি অথরাইজড"।

কাজেই এইটুকু যে আমি এ্যাড ক'রে দিচ্ছি, এর মধ্যে কোন দ্বন্দ্ব নাই। তারপরে আছে যে, যদি অবজেকশন করেন তাহ'লে কালেকটরের কাছে শুনানী হবে এবং এই শুনানীর পরেতে আমি বলছি যে প্রাইভেট হিয়ারিং,—প্র্যাকটিক্যালি এটা কোন কোর্টের কথা নয়,—আমি এখানে বলছি যে ওপ্ন কোর্টে সেটা হউক। আমি সেই জায়গাতে এ্যাড ক'রে দিচ্ছি—যেখানে আছে যে, কালেকটর

"will give the objector an opportunity of being heard"

সেখানে আমি বলছি, এই "হার্ড" শব্দটির পর থেকে

"in open court and shall pass an order on the application of objection,"

এই কথাগুলো যুক্ত ক'রে দেওয়া হোক। অর্থাৎ একটা ওপ্ন কোর্টে হিয়ারিং নিয়ে কালেকটর সেখানে সত্য নির্ধারণ ক'রে তাঁর অর্ডার দিন—এই আমার বক্তব্য।

তারপরে ৩নং অণুচ্ছেদ হিসাবে আমি একটি সাব-ক্লজ এ্যাড ক'রে দিচ্ছি; এবং ২নং উপ-ধারায় ৩য় লাইনে এই যে একটা পোরশন আছে, সেখানে "এ্যান্ড শ্যাল" দিয়ে শুরু ক'রে ৮ম লাইনে "অবজেকশনস" দিয়ে শেষ হয়েছে এবং মোদ্দা কথাটা আছে যে, কালেকটর প্রয়োজন বোধ করলে এনকোয়ারী করবেন না এবং তার ফলাফল যা তিনি মনে করেন সেটা স্টেট গভর্নমেন্টের কাছে সাবমিট করবেন। এই কথা সবটাই আমি বাদ দিয়ে দিচ্ছি। বিশেষ ক'রে তিনি যদি সেখানে ওপ্ন কোর্টে বিচার করেন তাহ'লে তার রুলস এবং অর্ডারগুলি সেখানে প্রাইভেটলি সাবমিট করতে হবে না। প্রাইভেট হিয়ারিংয়ের প্রাইভেট রুল আর গভর্নমেন্টের কাছে দিতে হবে না। তারপরে সাব-সেকশন ৩ এ্যাড ক'রে দিচ্ছি, সেটার অর্থ হ'ল—

"The objector may appeal to the District Judge against the order of the Collector within 30 days of passing the said order."

অর্থাৎ যদি ম্যাজিস্ট্রেটের অর্ডার সম্বন্ধে তাদের কোন আপত্তি থাকে তাহ'লে এই অধিকার তাদের দেওয়া হোক। কারণ তাদের জায়গাটা যখন বেদখল ক'রে নেওয়া হবে বা পাবলিক পারপাসে নেওয়া হবে তখন ন্যায্য কোর্টে শুনানীর সুযোগ দেওয়া হোক এবং আপীল করবার সুযোগ দেওয়া হোক। এই হচ্ছে আমার ৩টি ক্লজের উদ্দেশ্য। কাজেই এখানে মাননীয় বিল-উত্থাপক আপত্তির সুযোগটি, সেটি যখন উত্থাপন করেছেন তখন আমার মনে হয়, এখানে

আমার এ্যামেন্ডমেন্টের সঙ্গে তার মৌলিক কোন বিরোধ নাই; এবং সেইহেতুই এইভাবে এটা গ্রেটফুলি গ্রহণ করতে পারবেন আমি আশা করি।

Sj. Tarapada Bondopadhyay: My objection is very simple and it has been brought in to clarify the proposed clause 4A. Of course it is well and good that provision has been made for the person whose property is acquired or whose land is acquired to raise objections before a Collector. This is the new section 4A. "Any person interested in any land within a notified area may, within thirty days from the date of issue of the notification specifying the area to be a notified area, object to the acquisition of the land in which he is interested." This is well and good. Because, Sir, it is a compulsory sale or compulsory acquisition. Therefore provision must be made for allowing the person whose property is taken or acquired to represent his case or his grievances properly. Sub-clause 2 of this proposed section 4A says that the Magistrate should take into consideration all the objections and shall finally report the matter with his recommendations on the objections. But, Sir, it has been our experience that in cases like this the objections raised by the person whose property is going to be acquired are rather unceremoniously and summarily rejected or disposed of. There is no criterion which should guide the deliberations of the Collector who is to hear these objections. Therefore I am here for giving some criterion which should guide the mind of the Collector in the matter of disposal of those objections. How is he to guide himself when he would consider these objections? Now, Sir, as I have already submitted this is a compulsory acquisition and therefore the process of this acquisition and the acquisition itself should be made as humane as possible. Therefore, I have stated that among other things, while disposing of these objections, the Collector should guide himself by the following principle, namely, that before submitting his report the Collector shall duly consider the injury that the acquisition in question may cause to the objector or to the local public and also whether public purpose will be served if some other suitable land is acquired. I should like to lay stress on the fact that in all cases the petition of a particular person should be allowed when it is seen that the acquisition of that land of the particular person will entail a heavy loss or injury upon him or cut him to the quick so to say, and that there is some alternative land which may be acquired and which may also serve the purpose of that acquisition. These two things should be considered side by side. This is the whole purpose of my amendment.

Dr. Atindra Nath Bose: Sir, I want to speak on amendments 3 and 9. I lend my support to these two amendments. The Bill should provide for collective objection when notice is given for acquisition of land, for it may happen on many occasions that land which is already used for public purposes, for instance, grazing or cremation ground or such other ground, may be notified for acquisition. In such cases there should be provision for collective objection. In the case of individual objection it may be withdrawn, but collective objection is the proper safeguard against acquisition of land in which the local public is interested and which is used for local public purposes.

Sj. Balailal Das Mahapatra:

এটা আমি এজন্য সাপোর্ট করছি যে, এক মাসের যে নোটিশ দেওয়া হবে তাতে বড়ই অসুবিধা হবে। অনেকে যাঁরা মফঃস্বলে থাকেন তাঁদের পক্ষে জানা অসম্ভব; কারণ সাধারণ গেজেট নোটিশ দেওয়া হ'লে প্রায় লোকের পক্ষে সম্পূর্ণ জানা অসম্ভব যে গেজেটে কবে বেরিয়েছে না বেরিয়েছে। সেইজন্য এটা জানা অসম্ভব, তাই এটা দু'মাস করা হউক এই কথা বলছি।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, with regard to the point taken by my friend Dr. Atin Bose, I am afraid he has not read the Bill because by this Bill the explanation to section 8, sub-section (*1*), is being deleted. The explanation says "for the purpose of this clause the decision of the State Government as to whether any land is or is not waste or arable land shall be final". That is being deleted, so that if any person is affected by any acquisition the door is open to him to agitate the matter.

With regard to the objection taken by my friend Shri Benoy Chowdhury, I was rather surprised. He did not probably listen to me when I was explaining to the House the purpose of this Bill. I made it clear that the rate of compensation on the basis of the market rate as on the 31st December, 1946, applies only to acquisition of lands for the settlement of displaced perssns from East Bengal.

[4-40—4-50 p.m.]

It does not apply to any acquisition for any other purpose whatsoever. In the case of acquisition by the Damodar Valley, this amendment does not apply. The usual rule for payment of compensation will be followed.

My friend has made another mistake. In section 8, which is a section which deals with compensation, there is no provision for payment of the extra 15 per cent. by way of solatium, but there is a reference to section 23 of the Land Acquisition Act. That section of the Act provides for such extra payment. We thought it better to clear it up and we have done so by the amendment of another Act. The West Bengal Acquisition and Requisition Act, 1948, was amended so as to do away with the liability of the State Government to pay this 15 per cent. extra.

With regard to acquisition for re-settlement of refugees, I will inform my friends that generally big blocks are acquired—blocks which previously belonged to intermediaries or large owners.

One of my friends has suggested that power should be given to file joint objections. There is no objection to that. In fact, I will draw the attention of my friends to section 14(*a*) of the General Clauses Act where it says that the singular includes the plural. In fact, very often applications are filed jointly and if it is convenient, that may be done, but I do not think it is necessary to amend the clause in the Bill. With regard to the time within which objections have to be made, I think, Sir, thirty days is a reasonable time. What happens now is that the Collector hears objections. Objections come in driblets. The objectors are misled—they do not know when to apply, with the result that some of them come after the Collector has made his report and the objections already filed have been considered. That is very inconvenient. Therefore, a time is sought to be fixed within which objections must be filed so that all objections may be considered together and a report made to the State Government. The State Government considers the report and the objection and all the papers which are filed and then comes to a decision as to whether any acquisition should be made and, if so, what is the area of the land that should be acquired. These are Sir, very urgent cases. Therefore, we must proceed with a certain amount of expedition. It is common law that a party can always be represented by an agent. For that purpose no specific provision is necessary. The Collector is not a court. Therefore, he makes a report in his capacity as an executive officer. That report is placed before the Government and the Government comes to a decision and, in accordance with that decision, proceeds. There fore, there is no question of appeal to the District Judge.

With regard to the objection of my friend Sir Tarapada Bandyopadhya he says that the Collector should take into consideration the question of injury to the local public and so on. These are all covered by the amendment

which is indicated in the Bill. I do not think any specific provision need be made. The Collector must take into consideration all the circumstances relating to the acquisition of the property. I do not think any of the amendments is necessary and I oppose them.

Dr. Atindra Nath Bose: Will you kindly explain how the omission of the proviso to section 8 eliminates the possibility of notification upon land which is used for public purpose?

The Hon'ble Satyendra Kumar Basu: We can only acquire, as I told you, for public purpose, mentioned in section 2(*d*). "Public purpose" has been defined there. We have provided here that only where the land is acquired for public purpose, mentioned in section 2(*d*)(*i*), i.e., settlement of immigrants who have migrated into the State of West Bengal on account of circumstances beyond their control, that the provision in section 8 as regards payment of compensation will apply. What is going to be omitted is the explanation.

Dr. Atindra Nath Bose: Is there anything in your Bill which prevents the Collector from issuing notice upon a piece of land which is already being used for public purpose by the villagers?

The Hon'ble Satyendra Nath Basu: If the people of the village claim the land to be a land used by the public of that area, the Callector will take that into consideration and eventually he will make a report and the State Government will decide whether that land should be acquired or not.

Dr. Atindra Nath Bose: That is why we seek the modification. You have provided that none can object. All that we wanted is that the villagers collectively may also give objection to such notification.

The Hon'ble Satyendra Nath Basu: There is no objection to that. I have told you that section 14(*ii*) of the General Clauses Act enables you to do it—singular always includes plural.

The motion of Sj. Monoranjan Hazra that in clause 4, for the proposed section 4A the following be substituted, namely:—

> "4A. Person or persons interested in land within a notified area may either individually or collectively within sixty days from the date of issue of the notification specifying the area to be notified area object to the acquisition of the land in which the person or persons are interested."

was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that in clause 4, in the proposed section 4A(*1*), line 3, for the words "thirty days", the words "sixty days" be substituted was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that in clause 4, in the proposed section 4A(*2*), in line 1, after the word "objection", the words "either individually or collectively" be inserted was then put and lost.

The motion of Sj. Jyotish Joarder that in clause 4, in the proposed section 4A(*2*), line 3, after the word "objector" the words "or, his agent fully authorised" be inserted was then put and lost.

The motion of Sj. Jyotish Joarder that in clause 4, in the proposed section 4A(*2*), lines 3 to 8, for the words beginning with "and shall" and ending with "on the objections" the words "in open court and shall pass an order on the application of objection" be substituted was then put and lost.

The motion of Sj. Jyotish Joarder that in clause 4, after the proposed section 4A(*2*), the following sub-section be added, namely:—

"(3) The objector may appeal to the District Judge against the order of the Collector within 30 days of passing the said order,"

was then put and lost.

The motion of Sj. Tarapada Bandopadhyay that in clause 4, to the proposed new section 4A, the following proviso be added, namely:—

"Provided that, before submitting his report, the Collector shall duly consider the injury that the acquisition in question may cause to the objector or to the local public and also whether public purpose will be served if some other suitable land is acquired,"

was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that clause 5(*a*) be omitted.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 5(*a*) in the proposed proviso, line 4, after the words section 2" the words "in case a specific Government scheme of Rehabilitation be announced along with the declaration under section 6 of the original Act" be inserted.

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি সেটা হ'ল এই বিলের ৫নং ধারার ১নং উপ-ধারায় যে প্রভাইসো যোগ করতে চাওয়া হয়েছে সেটা বাদ দেওয়া হউক। এ প্রসঙ্গে প্রথম কথা হ'ল, এই প্রভাইসোটা এই বিলে নূতন ক'রে কেন যোগ করতে চাওয়া হচ্ছে? চাওয়া হচ্ছে এইজন্য যে, উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য যে জমি দখল করা হবে তার জন্য যাতে কোন ডেভেলপ্‌মেন্ট স্কীম দাখিল করার দরকার না পড়ে, সেই ব্যবস্থা করার জন্য এই প্রভাইসোটা আনা হয়েছে। আমার বক্তব্য, উদ্বাস্তু পুনর্বাসনের ক্ষেত্রেও ডেভেলপ্‌মেন্ট স্কীম দাখিল করার প্রয়োজন আছে। কেন? প্রথম কথা, সমস্ত ক্ষেত্রেই সরকার কর্তৃক কোন জমি অধিকার করার সময় কি উদ্দেশ্যে জমি দখল করা হয় তা বলা হয় এবং জমি নিয়ে কি করা হবে তা ডেভেলপ্‌মেন্ট স্কীমের মধ্যে দেওয়া থাকে। এইসমস্ত ক্ষেত্রে সরকার যে জমি দখল করেন তাও

for public purpose and not for private purpose:

সুতরাং অন্যান্য ক্ষেত্রে জমি অধিকারের জন্য সরকারকে যদি ডেভেলপ্‌মেন্ট স্কীম দাখিল করতে হয় তখন উদ্বাস্তু পুনর্বাসনের জন্য জমি দখল করার বেলায় কেন ডেভেলপ্‌মেন্ট স্কীম দাখিল করতে হবে না? উদ্বাস্তু পুনর্বাসনের সঙ্গে অন্যান্য বিষয়ের অহেতুক প্রভেদ টানার কোন যুক্তি থাকতে পারে ব'লে আমি মনে করি না। দ্বিতীয় কথা হচ্ছে এই যে, ডেভেলপ্‌মেন্ট স্কীম দাখিল করার প্রয়োজনীয়তা অন্য দিক থেকেও আছে। আমি একটা উদাহরণ দিতে পারি। দক্ষিণ কলিকাতা অঞ্চলের কোন একটা বিশেষ জায়গায় সরকার জমি দখল ক'রে নিলেন কোন এক পাবলিক পারপাসের জন্য। কিন্তু যে উদ্দেশ্যে জমি অধিকার করা হ'ল তা সরকার করলেন না, উপরন্তু তাঁরা করলেন কি? কিছু খাতিরের লোককে সেই জমিগুলি পরে সরকার বিলি ক'রে দিলেন। আমার বক্তব্য যদি ডেভেলপমেন্ট স্কীম থাকত তাহ'লে সেই স্কীম অনুসারেই সরকারকে কাজ করতে হত, সমস্ত যাদের জমি অধিকার করা হয়েছে তা ফিরিয়ে দিতে হত। ডেভেলপ্‌মেন্ট স্কীম না থাকার জন্য এই ক্ষেত্রে কোনটাই করা হ'ল না। এই ফাঁক যাতে না থাকে এবং পক্ষপাতিত্ব যাতে না করা যেতে পারে সেইজন্য জমি দখল করার সময় ডেভেলপ্‌মেন্ট স্কীম

দাখিল করতে হবে—এই কথা বলছি। যে জমি পুনর্বাসনের নাম ক'রে অধিকার ক'রে নিয়েছেন সেটা অন্য কাজে খরচ করা কিংবা পুনর্বাসনের নাম ক'রে বড় বড় লোকদের মধ্যে বিলি ক'রে দেওয়া—এ ব্যবস্থা হবে ডেভেলপমেন্ট স্কীম না দাখিল করলে। যেসব উদ্বাস্তু আজকে ভাল ভাল জমি পাচ্ছে তাদের খুব কমই আদতে বাস্তুহারা; তাদের অধিকাংশই হ'ল বাস্তুঘুঘু। এদের পোষার জন্য সরকারের হাতে আমরা অঢেল ক্ষমতা দিতে রাজী নই। আমার বক্তব্য হচ্ছে, অন্যান্য পাবলিক পারপাসের জন্য দখল করার ক্ষেত্রে যদি ডেভেলপমেন্ট স্কীম দাখিল করতে হয় উদ্বাস্তু পুনর্বাসনের ক্ষেত্রেও সেইরকম স্কীম দাখিল করতে হবে এবং সেই স্কীম অনুসারে কাজ করতে হবে। কাজ না হ'লে যার জমি অধিকার করা হয়েছিল সেই জমি তাকে ফিরিয়ে দিতে হবে এই জিনিষটা থাকার দরকার আছে।

[4-50—5 p.m.]

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকারমহাশয়, এখানে আমার এ্যামেন্ডমেন্ট সম্বন্ধে আমি মনে করি, যেকথা আমি দিয়ে দিয়েছি ১১নং এ্যামেন্ডমেন্টের বেলায়, সেখানে এটা পরিষ্কার এবং স্বয়ংসম্পূর্ণ মনে হয়। এখানে যে প্রভাইসো সম্বন্ধে মাননীয় সভ্য সুবোধবাবু বলে গেলেন, তাঁর প্রস্তাব যদি এখানে মাননীয় বিল-প্রস্তাবক গ্রহণ করতে পারেন তাহ'লে আমার বিশেষ কিছু আপত্তি থাকে না, যদিও আমি জানি যে, আমাদের প্রস্তাবের কিছু ফল হয় না। কাজেই দেখ্‌ছি যে, আমার এ্যামেন্ডমেন্টটাকে অন্ততঃ গ্রহণ করতে পারেন কি না। এখানে তিনি বলেছেন যে, প্রভিশনে বলা হচ্ছে বাস্তুহারাদের ক্ষেত্রে কোন স্কীম দেওয়ার প্রয়োজন হবে না। এটাকে আমি ভয়াবহ মনে করি। কারণ, বাস্তুহারাদের ব্যাপারে সবচেয়ে বেশী স্কীম দেওয়ার প্রয়োজন। আন-প্ল্যানড অবস্থায় বাস্তুহারাদের যে অবস্থা হয়েছে এবং এত বৎসর ধরে যা চলেছে সে অবস্থায় বাস্তুহারাদের সম্বন্ধে প্ল্যান কেন দেওয়া যাবে না, বিশেষ ক'রে ৭নং ধারাতে (অরিজিন্যাল এ্যাক্টে) একটা কথা আছে যে, সেখানে তাঁরা "ইমারজেন্সি" মনে করলে উইদাউট সাবমিশন অব দি স্কীমেতে তাঁরা সেই জায়গাটা দখল করতে পারেন। কাজেই ৭নং স্কীমে অলরেডি সেই ক্ষমতা রয়েছে, তাঁরা যেখানে "ইমারজেন্সি" মনে করেন সেখানে তাঁরা সেইভাবে দখল করতে পারেন। এবং বাস্তুহারাদের ক্ষেত্রে যদি মনে করেন যে "ইমারজেন্সি", তাহ'লে সেইভাবে দখল ক'রে নিতে পারেন। সেখানে উপস্থিত বিলের ৫(এ) উপ-ধারার অনুবর্তী প্রভাইসো রাখার দরকার হয় না। আর যদি এটা তাঁরা রাখতে চান তাহ'লে তার শেষে আমি জুড়ে দিচ্ছি

"in case a specific Government scheme of rehabilitation be announced along with the declaration under section 6 of the original Act". Section 6 of the original Act—

এর মধ্যে আছে যে ডিক্লারেশন করতে হ'লে একটা স্কীম লাগবে। আমি বলছি যে, সেই স্কীমটা পাবলিককে ডেকে টেন্ডার কল ক'রে নানাভাবে না ক'রে নিতে পারলেও সেখানে তাঁরা গভর্নমেন্টের স্ট্যান্ডার্ড স্কীম দিয়ে দিন এবং বলুন যে এই স্কীম আমরা ঠিক কার্যকরী করব। তাতেও কোন আপত্তি নাই। কিন্তু একটা স্কীমের সঙ্গে জুড়ে দিন এবং সেই স্কীম পরে যদি প্রয়োজন হয় সেটা বদল করতে পারবেন এবং ৯নং সেকশন অব দি অরিজিন্যাল এ্যাক্টে তার স্কোপ আছে। কাজেই সেটা যদি প্রয়োজন হয়, বদল করতে পারবেন। আর আর্জেন্ট বা ইমারজেন্সি যদি কিছু হয় তাহ'লে সেখানে উইদাউট স্কীমে কর্তৃপক্ষ জমি অকুপাই করতে পারেন এবং এটা শেষ পর্যায়ে আছে। কাজেই বাস্তুহারাদের প্রতি দরদ যদি সত্যই থাকে তাহ'লে মিছামিছি এইরকম একটা নিগেটিভ ক্লজ কেন যুক্ত করছেন? এই প্রভাইসোর অর্থ হচ্ছে যে, বাস্তুহারাদের এতদিন যে ইনক্লুড করা হয়েছে পাবলিক পারপাসের মধ্যে এবং এখানে যে এ্যামেন্ডমেন্ট এই বিলেতে এসেছে সেটার উদ্দেশ্য হবে যে, সেটা নিগেট ক'রে দেওয়া, সেটা ব্যর্থ ক'রে দেওয়া। কাজেই আমি এখানে বলছি যে, সুবোধবাবুর যে প্রস্তাব রয়েছে যে এই প্রভাইসো বাদ দিয়ে দিন নয়ত আমার যে এ্যামেন্ডমেন্ট সেটা গ্রহণ করুন। তাহ'লে এখানে কোন ক্ষতি হবে না এবং এখানে স্পষ্ট হয়ে যাবে যে, বাস্তুহারাদের জন্য সত্যই বিশেষ দরদের কারণ আছে এবং সরকারের মনে সেই ইচ্ছা আছে।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, in answer to my friend Sj. Subodh Banerjee, I may point out to him that this Bill is seeking to restrict the power of the State Government to divert the land acquired to other purposes. We are deleting these words in section 9 of the original Act, namely, "Notwithstanding anything elsewhere contained in this Act or in any rule or order made thereunder, the State Government may, if it so considers expedient, retain, let on hire, lease, sell, exchange or otherwise dispose of any land acquired in pursuance of this Act." These words have been deleted, so that this is in consonance with what my friend has suggested.

With regard to preparation of schemes prior to declaration you are perhaps aware that lands are acquired on large scale for the purpose of rehabilitating displaced persons from East Bengal. They are also acquired for regularising squatters' colonies. The squatters are already there. It is no use preparing a scheme before steps for acquisition are taken. You have to acquire the land and then you may arrange for allotment of different parcels of land so occupied to different squatters. In a case other than for rehabilitation of refugees a scheme may be prepared as a condition precedent to acquisition, but in the case of rehabilitation of refugees a standard scheme is followed. Therefore there is no point in having a separate scheme with regard to each acquisition. The standard scheme is that which is sanctioned by the Central Government as for residential purposes you have to allot a fixed area per family and for agricultural refugees you have to allot so much per family and after the land is acquired a lay-out is prepared, and the land is eventually distributed among the refugees, so that in a case like this there is no point in having a scheme prepared as a condition precedent to taking further steps in the process of acquisition of land.

The motion of Sj. Subodh Banerjee that clause 5(*a*) be omitted, was then put and lost.

The motion of Sj. Jyotish Joarder that in clause 5(*a*), in the proposed proviso, line 4, after the words "section 2" the words "in case a specific Government scheme of Rehabilitation be announced along with the declaration under section 6 of the original Act" be inserted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 6.

Sj. Jyotish Joarder: Sir, I beg to move that in clause 6(*a*), in the proposed sub-section (1*a*), line 2, for the words "any report submitted" the words "any final result of objection" be substituted.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 6(*b*), in the proposed section 3, in line 4, after the word "that", the words "agricultural land" be inserted.

Sj. Jyotish Joarder:

মাননীয় স্পীকারমহাশয়, এই ৬নং ধারায় যে উপ-ধারা তার ১এ-তে দ্বিতীয় লাইনে আছে যে, এনি রিপোর্ট সাবমিটেড। এই কথাটা ৪নং ধারার ২নং উপ-ধারার একটা ফল। এই বিষয়টাতে আমার যে এ্যামেন্ডমেন্ট তার বলে এখানে যদি সংগতি রক্ষা করতে হয় তাহ'লে আমার এই এ্যামেন্ডমেন্টের প্রয়োজন হয়। আমি যেখানে ওপ্‌ন কোর্টেতে বিচার চেয়েছি সেখানে আমায় বলতে হচ্ছে—

any final result of objection under clause 4 above,

এখন সেখানে যদি কোন কোর্টের রুলিং হয় বা কোর্টের ডিসিশন হয় তাহ'লে অটোমেটিক্যালি ডিসিশন হয়ে সেটা সবরকমের কাজে আসবে। কাজেই সেখানে বিবেচনার বিষয় আছে। অতএব এখানে যদি 'প্রাইভেট হিয়ারিং' না থাকে তাহ'লে "এনি রিপোর্টে"র কোন প্রয়োজন

হবে না। আর সেখানে ফাইন্যাল রেজাল্ট অব অবজেকশন আন্ডার ক্লজ ফোর—সেটা সেখানে প্রয়োজন হবে। এইভাবে আমি আমার সংশোধনী প্রস্তাব এনেছি যে, এটা গ্রহণ করা হোক।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকারমহাশয়, আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি, সেটা এগ্রিকালচারাল ল্যান্ড সম্পর্কে। এগ্রিকালচারাল ল্যান্ড এর থেকে বাদ দেওয়া প্রয়োজন ব'লে মনে হয়। তা না হ'লে এতে স্থানীয় কৃষকদের এবং সমবেতভাবে দেশের ক্ষতি হবে। কতগুলি ঘটনা ঘটে গিয়েছে—এই রিষড়া, কোন্নগর, উত্তরপাড়া প্রভৃতি জায়গায়। সেখানে সমস্ত চাষের জমি এ্যাকোয়ার করা হয়েছে এবং সেখানে বাস্তুহারাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। এতে বহু চাষের জমি গিয়েছে। বাস্তুহারাদের সঙ্গে স্থানীয় লোক—বিশেষ ক'রে কৃষকদের সঙ্গে ঝগড়া লেগে প্রতিনিয়ত মামলা হচ্ছে। মাননীয় মন্ত্রীমহাশয় বাস্তুহারাদের দুঃখদুর্দশা সম্বন্ধে অবহিত হয়েছেন এবং তাদের ভাল করতে চাচ্ছেন—এটা আশার কথা, কিন্তু বাস্তুহারাদের ভাল করতে গিয়ে কৃষকদের মারা না হয় সেদিকেও লক্ষ্য রাখতে বলছি। বাস্তুহারাদের সঙ্গে আমাদের রক্তের সম্পর্ক। দুই দিকই যাতে রক্ষা করা যায় তাই ভেবেই আমি এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি। আশা করি, মাননীয় মন্ত্রীমহাশয় এটা গ্রহণ করবেন।

[5—5-10 p.m.]

Sj. Hemanta Kumar Ghosal:

আমি মনোরঞ্জনবাবুর এই এ্যামেন্ডমেন্টকে সাপোর্ট ক'রে বলছি যে, কেন এটা হওয়া উচিত। এটা আমাদের অভিজ্ঞতা থেকে দেখছি। বিশেষ ক'রে আমাদের জেলার—২৪-পরগণা জেলার দু'একটা ঘটনা আমরা জানি। পুনর্বসতির নামে যেভাবে জমিগুলি দখল করা হয়েছে এবং হচ্ছে তাতে আসলে আরও কিছু লোককে বাস্তুহারা করা হচ্ছে। সেটা উনি জানেন—এরকম বহু দরখাস্ত আমরা তাঁকে দিয়েছি। বিশেষ ক'রে যেখানে ঘনবসতি অঞ্চল, যেমন হাড়োয়া থানা এবং ভাঙ্গড় থানা, রাজারহাট, ইত্যাদি বিভিন্ন স্থানে ও'রা যেসমস্ত জমি দখল করবার ব্যবস্থা করেছেন তার শতকরা ৮০ ভাগ জমি হচ্ছে চাষের জমি। একথা আমরা রিফিউজি বিভাগে জানিয়েছি। এই রিকুইজিশনে প্রকাশ্য বাজার, চাষের জমি, এমন কি স্কুলবাড়ী পর্যন্ত পড়ে। যদি এই ধারাটাকে যোগ করা হয় তাহ'লে দু'টো দিক হয়। একটা হচ্ছে, এতে একটা সেফগার্ড থাকে। সেটা হচ্ছে, যাঁরা এ্যাকুইজিশন করেন, তারা প্রত্যক্ষভাবে তদন্ত না ক'রে,—যে আসলে এটা চাষের জমি কি না,—যেটা পুরোনো অভিজ্ঞতা আছে তার থেকে তারা যে এ্যাকুইজিশন করেন, সেটা আর করতে পারবেন না। একটু খেটেখুটে তারা দেখেন না। সেটা ও'রা স্বীকার করেছেন। অনেক ক্ষেত্রে আমরা যখন ডেপুটেশনে গিয়ে এসব আলোচনা করেছি তাঁরা স্বীকার করেছেন যে, লোকাল অফিসাররা ভাল ক'রে তদন্ত না ক'রেই এইগুলি করেন। এইরকম ঘটনাই ঘটবে; কারণ এ মেসিনারী দিয়েই তাদের এই কাজগুলি করতে হবে। ফলে যে ডেভ্‌লপ্‌মেন্ট করবার চেষ্টা করছেন, যে দৃষ্টিভঙ্গী তাঁদের আছে এটা করতে গিয়ে গ্রাম্য এলাকাতে তাতে ডেভ্‌লপ্‌মেন্ট তো হবেই না বরং ক্ষতিগ্রস্ত হবে। এই ঘটনার জন্য যেটা আমাদের জানা আছে যে, শতকরা ৮০ ভাগ জমি এই হাড়োয়া, রাজারহাট প্রভৃতি থানাতে আমরা দেখেছি যে সংখ্যালঘু যারা তাদের মধ্যে এই ডেভ্‌লপ্‌মেন্টের নামে এবং পুনর্বসতির নামে সেইসব চাষীদের উৎখাত করবার চেষ্টা চলেছে। এটা আমরা দেখেছি। সেইজন্য আমরা এটাকে দৃঢ়ভাবে সমর্থন করছি এবং অনুরোধ করছি যে, যেটা তাদের অভিজ্ঞতা, সেটাকে তাদের সামনে রেখে এটাকে গ্রহণ করলে পর অনেকটা সেফগার্ড থাকবে। এবং তাতে পুনর্বসতির দিকটায় কিছুটা অগ্রসর হতে পারবেন। এইজন্যই আমি বলি যে, এই ধারাটি গ্রহণ করা হোক।

The Hon'ble Satyendra Kumar Basu: Sir, among these refugees there are also agricultural families. They have got to be resettled in West Bengal and land has to be provided to them so that they can carry on agriculture. In fact, as far as possible, many families have been sent outside Bengal because there is not much land within the State. So far as land acquired for homestead is concerned care is taken to avoid agricultural

land as much as possible but you will see that in considering the acquisition of an area there may be one or two small patches of agricultural land which may fall within the lay-out. In these circumstances it is not always possible to exclude or avoid those patches of agricultural land. I can assure my friends that for homestead purpose Government will try to avoid acquisition of agricultural land as far as possible. The Collector makes a report and that report is not final. It comes up before the Government and the report, objections and everything connected with the proposed acquisition—all are considered by a committee on which there are officers of different departments. I can assure my friends that we try to avoid as much wastage of agricultural land as possible. Therefore I oppose the amendments.

The motion of Sj. Jyotish Joarder that in clause 6(*a*), in the proposed sub-section (1*a*), line 2, for the words "any report submitted" the words "any final result of objection" be substituted was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that in clause 6(*b*), in the proposed section 3, in line 4, after the word "that", the words "agricultural land" be inserted was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7.

Sj. Tarapada Bandopadhyay: Sir, I beg to move that in clause 7(*2*) in the proposed sub-section (*2*) lines 5 to 7, the words beginning with "but no amount" and ending with "the award" be omitted.

Mr. Speaker, Sir, my amendment comes in this way. In the Statement of Objects and Reasons it has been stated that this Bill provides among other things for the exclusion of the additional compensation of 15 per cent. payable under sub-section (*2*) of section 23 of the Land Acquisition Act of 1894 from the amount of compensation payable under the West Bengal Land Development and Planning Act of 1948. With this end in view the old original clause 2, section 8, has been proposed to be recast and re-written and this is the proposal that when the amount of compensation has been determined under sub-section (*1*) the Collector shall make an award in accordance with the principle set out in section 11 of the said Act, but no amount referred to in sub-section (*2*) of section 23 of the said Act shall be included in the award. Of course, the Hon'ble Minister has stated that already as the law stands it is not possible or feasible for the person whose property is compulsorily acquired to get this 15 per cent. but still to clarify the matter this has been specifically introduced here in this Bill. Of course, it is a matter of interpretation. When the Hon'ble Minister has thought it fit to introduce this amendment in specific terms it must be discussed in its proper perspective. Now, there has been a healthy and wholesome practice to give as compensation to the person whose property is compulsorily acquired not only the market value of the property but also something more and according to the Land Acquisition Act it is 15 per cent. Well, Sir, it is not for nothing that the sum is paid. I submit that it is a reasonable practice that when a man has to part with his property compulsorily under the provisions of some Act certainly the market value of that property is not his proper compensation. There is something like a permanent loss—a recurring loss—and in order to compensate an additional solatium of 15 per cent. is given to him. This is very much reasonable because if a fertile land or a tank of mine which is very paying is compulsorily acquired today by the Government then I am deprived of the benefits of the produce or income from that land and from that tank.

Although the market price is given to me it may not be possible for me in the near future or throughout my life to buy with that money another piece of land or another tank equally fertile, equally valuable or equally productive. Therefore, in cases like these it is proper and reasonable that in order to make up for this permanent loss, recurring loss, something more than an addition to the market value of the particular property should be given. I should say that this amendment should not be introduced. If this is done then the State will try to thrive at the cost of the individuals. Of course it is the duty of the individual to co-operate with the Government in all weighty matters, but it must be seen that the individual is properly compensated. If he is not properly compensated there will be unrest, there will be anger which I think no Government would like to invite. I have given my amendment to the effect that in clause 7(*2*) in the proposed sub-section (*2*), lines 5 to 7, the words beginning with "but no amount" and ending with "the award" be omitted. It is the trend of Congress legislation nowadays to thrive at the cost of the individual. Any encroachment upon the fundamental rights of the individual should not be encouraged.

[5-10—5-20 p.m.]

Sj. Benoy Krishna Chowdhury:

মিঃ স্পীকার, স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় আগেই একটা জিনিষ ক্লিয়ার করেছেন। এখন প্রশ্ন হচ্ছে যেটা রিহ্যাবিলিটেশনের জন্য যে ল্যান্ড নেওয়া হবে সেই ল্যান্ডের ক্ষেত্রে যদি ১৯৪৬-এর ভ্যালুয়েশন দেওয়া হয় সেটা কি ওনলি ওয়েষ্ট ল্যান্ড? চাষীদের হাত থেকেও যেসমস্ত জমি নেওয়া হচ্ছে সেগুলিকে যদি ওয়েষ্ট লান্ড বলা হয় তাহ'লে আমরা দেখেছি অন্ততঃপক্ষে পশ্চিমবঙ্গ গভর্নমেন্টের ফিগার হচ্ছে ২৯ লক্ষ একর ওয়েষ্ট ল্যান্ড আছে।

Mr. Speaker: But you have no amendment to that effect.

Sj. Benoy Krishna Chowdhury:

এ বিষয়ে আমার এ্যামেন্ডমেন্ট আছে। আমি কমপেনসেশন সম্বন্ধে আসছি। ও'রা বলেছেন ১৯৪৬-এর ভ্যালুয়েশন ধরে কমপেনসেশন দেবেন। সেটা ইন্টারমিডিয়ারি ও জমিদারদের দিলে হবে। ওয়েষ্ট ল্যান্ডের সংজ্ঞা যদি ক্লিয়ার হ'ত, তাহ'লে ভাল জমি ও ওয়েষ্ট ল্যান্ড যা গভর্নমেন্ট নিয়েছেন তার তারতম্য অনুসারে কমপেনসেশন দেওয়া যুক্তিসংগত হ'ত। তাহ'লে আর এই নিয়ে কোন সমস্যা দেখা দিত না।

Assistant Livestock Officers. To other services appointment is made partly by direct recruitment and partly by promotion, such as appointments to the West Bengal Higher Agricultural Service and the West Bengal Agricultural Service. Ratio between direct recruitment and promotion is 2:1 in the case of West Bengal Higher Agricultural Service and 1:1 in the West Bengal Agricultural Service. Selection for promotion is made by the appointing authority in consultation with the Public Service Commission, when promotions are made to gazetted rank on the basis of service record and merit.

There are no rules relating to transfers which are made in the exigencies of public service.

(*e*) No.

(*f*) Does not arise.

(*g*) No provision has been made by Government. The Union Agricultural assistants, like most other Government employees, find their accommodation.

Sj. Gangapada Kuar:

(জি) প্রশ্নোত্তরে বলেছেন—এগ্রিকালচার্যাল এ্যাসিস্ট্যান্টদের অন্যান্য এমপ্লয়িজদের ন্যায় এ্যাকোমোডেশান খ‌ুঁজে নিতে হয়। এ-কথা কি মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন যে বহ‌ু এগ্রিকালচার্যাল এ্যাসিস্ট্যান্ট বাসা খ‌ুঁজে না পেয়ে বিভিন্ন ইউনিয়নএ থাকে এবং সেটা তার নিজের ইউনিয়ন থেকে বহ‌ু দ‌ূরে?

Janab Abdus Shokur:

এ খবর আমার জানা নাই।

Sj. Gangapada Kuar:

হাউস রেন্ট কত?

Janab Abdus Shokur:

৫ টাকা ক্যাম্প এ্যালাউয়েন্স।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপ‌ুটি মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ৫ টাকা ক'রে হাউস রেন্ট এ্যালাউয়েন্স দিলে তারা যে-সব অঞ্চলে আছেন সেই সব অঞ্চলে ঘর ৫ টাকায় পাওয়া যায় কি না?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপ‌ুটি মন্ত্রী মহাশয় জানেন কি যে হাউস এ্যালাউয়েন্স যা দেন তাতে ঘর না পাওয়ায় তাদের কাজের ক্ষতি হয়?

Janab Abdus Shokur:

না, আর গ্রামাঞ্চলে ঘর পাওয়া যাবে না সেটা কি ক'রে ব‌ুঝবো?

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপ‌ুটি মন্ত্রী মহাশয় জানেন কি যে, যে-সমস্ত জায়গায় তাদের বাস করতে হয়, তারা সে জায়গায় না থেকে হেড কোয়ার্টার্সএ এসে থাকে তারজন্য কাজের ক্ষতি হয়?

Janab Abdus Shokur:

এর‌ূপ সংবাদ আমার জানা নাই।

Sj. Hemanta Kumar Ghosal:

এ-কথা জানবার চেষ্টা করবেন কি?

Janab Abdus Shokur:

স্পেসিফিক কেস জানাবেন তাহ'লে চেষ্টা করবো।

Sj. Hemanta Kumar Ghosal:

হাউস এ্যালাউয়েন্স বাড়াবার কোন পরিকল্পনা আছে কি না?

Janab Abdus Shokur:

হ্যাঁ, একটা পরিকল্পনা আছে। কিন্তু ২৪ হাজার লোকের জন্য বাড়ী করতে গেলে হাজার টাকা হিসাবেও ২৪ লক্ষের মত খরচ পড়ে, আমরা বিবেচনা ক'রে দেখছি এটা খরচ করতে পারা যাবে কি না।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপুটি মন্ত্রী মহাশয় বলবেন কি এখন তারা যেভাবে বাস করছে সে অবস্থায় কোন মানুষ থাকতে পারে কি না?

Mr. Speaker:

এ প্রশ্ন উঠে না।

Sj. Madan Mohon Khan:

ইউনিয়ন এ্যাসিষ্ট্যান্টদের কোন বাড়ী তৈরীর পরিকল্পনা আছে কি না?

Mr. Speaker:

সে কথা তো আগেই হয়েছে—ঐ যে বল্লেন ২৪ লক্ষ টাকা খরচ পড়বে!

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপুটি মন্ত্রী মহাশয় স্বীকার করবেন কি যে বর্ত্তমানে তারা যে অবস্থায় আছে সে অবস্থায় কোন মানুষ বাস করতে পারে না?

Mr. Speaker:

এ প্রশ্ন উঠে না।

That is a vague question.

Rate of bus fare in different bus routes of Contai subdivision

***121. Sj. Natendra Nath Das:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state whether Government are aware—

(*i*) that the rate of bus fare prevailing in the different bus routes of Contai subdivision such as the Contai-Midnapore, Contai-Khargpur, Contai-Belda, Contai-Digha and Contai-Kalinagar routes is higher than the rates prevailing in other districts; and

(*ii*) that the High Court decided in favour of the R.T.A., Midnapore, in respect of the power of R.T.A., Midnapore, to reduce the rate of bus fares?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what steps, if any, Government have taken or propose to take for reduction of bus fares in Contai subdivision?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) whether Government have fixed maximum and minimum limits in fixing bus fares in Midnapore district; and

(*ii*) if so, whether Government consider the desirability of fixing bus fares for different routes in Midnapore district within those limits?

Deputy Minister for Home (Transport) Department (Sj. Satish Chandra Roy Singh): (*a*) and (*c*)(*i*) No.

(*b*) and (*c*)(*ii*) Do not arise.

Sj. Natendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় (*a*)(*i*)এ যে প্রশ্ন ছিল—

that the rate of bus fare prevailing in the different bus routes of Contai subdivision such as the Contai-Midnapore, Contai-Khargpur, Contai-Belda, Contai-Digha and Contai-Kalinagar routes is higher than the rates prevailing in other districts.

এর উত্তরে বলেছেন 'নো', তাহ'লে 'হাইয়ার' যখন নয় তখন 'লোয়ার' কি?

Sj. Satish Chandra Roy Singh:

অন্যান্য জেলা থেকে বাস ফেয়ার বেশী নয়।

Sj. Natendra Nath Das:

বাঁকুড়া জেলার বাস ফেয়ার রেট আপনার নিকট আছে কি?

Sj. Satish Chandra Roy Singh: Bankura one anna per mile, Birbhum average one anna per mile, whereas Contai subdivision nine pies per mile.

[3-30—3-40 p.m.]

Issue of permits for motor vehicles on certain routes of Malda district

***122. Sj. Dharani Dhar Sarkar:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(ক) মালদহ-রাজমহল রোড, খেজুরিয়া রোড, বালুরঘাট-গঙ্গারামপুর রোড, এই-সকল রাস্তায় মোটর বাস ও ট্রাক-চালনার পারমিট কাহার দ্বারা দেওয়া হয়;

(খ) সরকার কি অবগত আছেন যে, ঐসব রাস্তায় প্রয়োজনের তুলনায় মোটর বাস অনেক কমসংখ্যক দেওয়ায় যাতায়াতকারীদের অসুবিধা ভোগ করিতে হয়;

(গ) সত্য হইলে, তাহার প্রতিকারের সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) ইহা কি সত্য যে, ট্রান্সপোর্ট কোম্পানী ছাড়া স্থানীয় প্রাইভেট কোম্পানীকে ঐসব রাস্তায় মোটর বাস বা ট্রাক চালাইবার পারমিট দেওয়া হইতেছে না?

Sj. Satish Chandra Roy Singh:

(ক) এইসকল রাস্তার যে অংশ মালদহ জেলায় পড়িয়াছে তাহার জন্য মালদহের R.T.A. পারমিট দিয়া থাকেন, এবং যে অংশ পশ্চিম দিনাজপুর জেলায় পড়িয়াছে তাহার জন্য পশ্চিম দিনাজপুরের R.T.A. পারমিট দেন, এবং যে সমস্ত বাস ও ট্রাক এই সমস্ত রাস্তায় এক জেলা হইতে অপর জেলার মধ্যে যাতায়াত করে তাহাদের পারমিট দুই R.T.A.-এর যুক্ত অনুমতিতে দেওয়া হইয়া থাকে।

(খ) না, এই সব রাস্তায় প্রয়োজন অনুপাতে উপযুক্তসংখ্যক যানবাহনের পারমিট দেওয়া হইয়াছে।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) না।

Sj. Dharani Dhar Sarkar:

মালদহ-বীরভূম রাস্তায় এখনও বাসের অভাবে লোককে একদিন পর্য্যন্ত সেখানে থেকে যেতে হয়, এ খবর জানেন কি?

Sj. Satish Chandra Roy Singh:

এ সংবাদ পাওয়া যায় নি।

Village Defence Party

***123. Sj. Amulya Charan Dal:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(ক) পশ্চিম বাংলার গ্রামরক্ষী বাহিনীতে কতজন যোগ দিয়াছেন;

(খ) ইঁহাদের দ্বারা কি কি কাজ করান হয়;

(গ) এই গ্রামরক্ষী বাহিনীতে recruitment-এর পদ্ধতি কি; এবং

(ঘ) এঁদের জন্য কোন allowance বা যাতায়াত খরচ দেওয়া হয় কিনা?

Deputy Minister for Home (Defence) Department (Sj. Satyendra Chandra Ghosh Maulik):

(ক) ১৯৫৪ সালের শেষ পর্যন্ত ১,২৪০,৯৮১ জন।

(খ) গ্রামাঞ্চলে চুরি-ডাকাতি প্রভৃতি অপরাধ দমন এবং চুরি-ডাকাতি করিয়া ঐ-সকল অপরাধীরা পালাইবার পূর্বে তাহাদিগকে বন্দী করাই এই গ্রামরক্ষী বাহিনীর প্রধান কাজ।

(গ) গ্রামবাসীরা নিজেদের উদ্যোগে এই রক্ষীবাহিনী গঠন করিতে পারেন। কোথাও বা থানা কর্তৃপক্ষের প্রচেষ্টায়ও ইহা গঠিত হইয়া থাকে। তবে ঐ বাহিনীর সভ্যগণকে প্রথমতঃ থানা কর্তৃপক্ষের এবং পরে জেলা পুলিশ সুপারিন্টেণ্ডেন্টের দ্বারা অনুমোদিত হইতে হয়।

(ঘ) না।

Sj. Madan Mohon Khan:

গ্রাম্য রক্ষী দলকে কোন সাহায্য করবার পরিকল্পনা আছে কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

কোন সাহায্য এখনও দেওয়া হয় নি, তবে হুইসেল, টর্চ লাইটএর জন্য কিছু দেওয়া হয়।

Sj. Madan Mohon Khan:

টর্চ লাইটএর ব্যাটারি বাবদ কিছু খরচা করবেন কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

পরে বিবেচনা করা যাবে।

Sj. Hemanta Kumar Ghosal:

মাননীয় ডেপুটি মন্ত্রী মহাশয় বলবেন কি এই যে রক্ষী বাহিনী গ্রাম থেকে রিক্রুট করা হয় কি কি কোয়ালিফিকেশনএর উপরে?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

যারা এই সমস্ত কষ্ট করতে রাজী হয় এবং পুলিস অফিসার যদি তাদের কাজের উপযুক্ত মনে করেন তাহ'লে নেওয়া হয়।

Sj. Hemanta Kumar Ghosal:

এদের সততা নির্দ্ধারণ কে করে?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

বলেছি তো পুলিস অফিসার।

Sj. Hemanta Kumar Ghosal:

এটা কি সত্য গ্রামেতে যারা কংগ্রেসের কর্ত্তৃপক্ষ তারাই এটা ঠিক করেন?

Mr. Speaker: That question does not arise.

Sj. Ananda Gopal Mukherjee: Almost all the villagers are Congressmen.

Sj. Ganesh Ghosh:

গ্রামের কৃষক সমিতির পক্ষ থেকে সভা হ'লে কিংবা কোন রাজনৈতিক দলের সভা হ'লে এই রক্ষীরা কি সেটা থানায় খবর দেন?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

এটা তাদের কর্ত্তব্যের মধ্যে নয়।

Sj. Kanai Lal Bhowmick:

এই গ্রাম্য রক্ষী দল স্থানীয় ইউনিয়ন বোর্ড'এর সঙ্গে কোন যোগাযোগ রক্ষার কাজ করে কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

দরকার হ'লে যার সঙ্গে সংযোগ রক্ষা করা আবশ্যক তাহা করেন।

Sj. Bibhuti Bhushon Ghosh:

গ্রামের রক্ষী বাহিনীর যে ক্যাপটেন তার কোন বিশেষ কর্ত্তব্য আছে কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

সকলের যা কর্ত্তব্য চুরি -ডাকাতি বন্ধ করা, তারও তাই কর্ত্তব্য।

Sj. Bibhuti Bhushon Ghosh:

গ্রামের বিশেষ বিশেষ সংবাদ সংগ্রহ করার কর্ত্তব্য নির্দ্ধারণ করেন কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

আগেই যা বলবার বলেছি।

Sj. Bibhuti Bhushon Ghosh:

এই ক্যাপটেন কোন মাইনে পায় কি?

[No reply.]

Sj. Kanai Lal Bhowmick:

এই যে গ্রাম্য রক্ষী দল, এরা ইউনিয়ন বোর্ড'এর সঙ্গে যোগাযোগ রক্ষা করে কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

আগেই তো বলেছি।

Sj. Kanai Lal Bhowmick:

ইউনিয়ন বোর্ড সেই ইউনিয়নএর শান্তি রক্ষার জন্য দায়ী, সেই ইউনিয়ন বোর্ডএর সঙ্গে যোগাযোগ রক্ষার নির্দেশ কেন দেওয়া হয় না?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Dharani Dhar Sarkar:

এই সমস্ত গ্রাম্য রক্ষীদের থানায় কোন ট্রেনিং দেওয়ার ব্যবস্থা আছে কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

না, এখনও পর্য্যন্ত কোন ব্যবস্থা নেই।

Sj. Balailal Das Mahapatra:

রক্ষীরা কর্ত্তব্য পালন না করলে কোন শাস্তির ব্যবস্থা আছে কি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

আছে।

Sj. Ambica Chakrabarty:

এই রক্ষী দলের ক'জন চুরি-ডাকাতির সঙ্গে যুক্ত আছে খবর পেয়েছেন?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

জানি না।

Sj. Ambica Chakrabarty:

খবরের কাগজে দেখেন নি?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

খবরের কাগজে অনেক কিছুই তো বের হয়।

Sj. Balailal Das Mahapatra:

রক্ষী দলের ক্যাপটেনএর কোন কাজ না ক'রেও সুপারিন্টেন্ডেন্ট থেকে সার্টিফিকেট দেবার ব্যবস্থা আছে কি?

Mr. Speaker: That is a matter of opinion.

Sj. Hemanta Kumar Ghosal:

আপনি কি জানেন যে রক্ষী দলে যাঁরা আছেন তাঁদের ওই কাজের মারফৎ সংসার চলে?

Mr. Speaker: That is not allowed.

Collective fines realised from Arambagh subdivision during 1942

***124. Sj. Madan Mohon Saha:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, ১৯৪২ সালের আগষ্ট আন্দোলনের সময় হুগলী জেলার আরামবাগ মহকুমার অনেক গ্রামে পাইকারী জরিমানা ধার্য এবং আদায় করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ গ্রামে পাইকারী জরিমানা আদায় করা হইয়াছিল;

(গ) ইহা কি সত্য যে, বর্ত্তমান সরকার বহু গ্রামের আদায়ীকৃত জরিমানা ফেরৎ দিয়াছেন;

(ঘ) সত্য হইলে, কোন্ কোন্ গ্রামের জরিমানা কোন্ কোন্ প্রতিষ্ঠান অথবা ব্যক্তির মারফৎ ফেরৎ দেওয়া হইয়াছে;

(ঙ) ইহা কি সত্য যে, গোঘাট থানার শ্যামবাজার, বেলডিহা, মামুদপুর গ্রামে যে জরিমানা আদায় করা হইয়াছিল, তাহা আজ পর্যন্ত ফেরৎ দেওয়া হয় নাই; এবং

(চ) সত্য হইলে, কি কারণে ফেরৎ দেওয়া হয় নাই?

Deputy Minister for Home (Publicity and Public Relations) Department (Sj. Gopika Bilas Sen Gupta):

(ক) হ্যাঁ।

(খ) নিম্নলিখিত গ্রামগুলি হইতে পাইকারী জরিমানা আদায় করা হইয়াছিলঃ—

বড়নন্দনপুর, নন্দনপুর, নতিবপুর, পাটুল, আঁকড়ী-ফতেপুর, প্যারচামপুর, শ্যামপুর, বড়দঙ্গল, দহরকুণ্ডু, বালী, দিগড়া, কলাগাছিয়া, শ্যামবাজার, বেলডিহা, মামুদপুর, খেজুরবন্দী।

(গ) না।

(ঘ) ও (চ) প্রশ্ন উঠে না।

(ঙ) ফেরৎ দেওয়ার প্রশ্ন উঠে না, তবে হুগলী জেলা হইতে সমষ্টিগতভাবে আদায়ীকৃত মোট জরিমানা উক্ত জেলার জনহিতকর কার্যে ব্যয় করিবার জন্য সমবায় সমিতি মারফৎ প্রদান করিবার আদেশ দেওয়া হইয়াছে।

Mr. Speaker: This question relates to incidents in 1942. This Ministry is not responsible what happened in 1942.

Sj. Madan Mohon Saha:

আপনি বলেছেন জরিমানা ফেরৎ দেবার আদেশ দেওয়া হয়েছে। কোন সমিতি মারফৎ দেওয়া হচ্ছে?

Sj. Gopika Bilas Sen Gupta:

সমবায় সমিতি লেখাই তো রয়েছে।

[3-40—3-50 p.m.]

Dr. Kanailal Bhattacharya:

এই যে আপনি (ঙ)তে বলেছেন, ফেরৎ দেওয়ার আদেশ দেওয়া হয়েছে, এটা কোন্ সমিতির মারফৎ?

Sj. Gopika Bilas Sen Gupta:

সমবায় সমিতির মারফৎ তো লেখাই আছে।

Dr. Kanailal Bhattacharya:

কোন্ সমবায় সমিতির মারফৎ?

Sj. Gopika Bilas Sen Gupta:

নোটিস দেবেন, পরে বলবো।

Sj. Ganesh Ghosh:

আপনি (ঘ) ও (চ)এর উত্তরে বলেছেন, প্রশ্ন ওঠে না, কিন্তু ইংরাজ আমলে ১৯৪২ সালে ইংরাজের বিরুদ্ধে আন্দোলন করায় যাদের ফাইন করা হয়েছিল, এখন স্বাধীন দেশের কংগ্রেস সরকার সেই টাকা তাদের ফেরৎ দেবে না কেন?

Mr. Speaker: That is a matter of opinion.

Fixation of rate of motor transport fare in Malda district

***125. Sj. Dharani Dhar Sarkar:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলায় মোটর ট্রান্সপোর্ট-এর ভাড়ার রেট পশ্চিম-বঙ্গের অন্যান্য জেলাগুলির মোটর ট্রান্সপোর্টের তুলনায় বেশী; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং এই রেট কমাইয়া অপরাপর জেলার রেটের সমান করার কথা সরকার বিবেচনা করেন কিনা?

Sj. Gopika Bilas Sen Gupta:

(ক) হ্যাঁ, সামান্য কিছু বেশী।

(খ) মোটরযান আইন অনুসারে স্থানীয় R.T.A. সমস্ত ব্যবস্থা বিবেচনা করিয়া ভাড়া নির্দ্ধারণ করেন, এবং যদি এই ভাড়াতে কাহারও আপত্তি থাকে তাহা হইলে উক্ত R.T.A. এর নিকট আবেদন করিতে পারেন।

Sj. Dharani Dhar Sarkar:

এই যে (ক)এর উত্তরে বলেছেন, হ্যাঁ, সামান্য কিছু বেশী, এই বেশী হওয়ার কারণটা জানাবেন কি?

Sj. Gopika Bilas Sen Gupta:

এটা আর, টি, এ, এরা ব্যবস্থা করেন, আমাদের কিছু করবার নাই।

Sj. Madan Mohon Khan:

এই আর, টি, এ, কি ফাইন্যাল?

Sj. Gopika Bilas Sen Gupta:

হ্যাঁ, সেটাই ফাইনাল।

UNSTARRED QUESTIONS

(answers to which were laid on the table)

Discharge of surplus employees of Food Department allotted to Agriculture Department

49. Sjkta. Manikuntala Sen:, Will the Hon'ble Minister-in-charge of the Food Department be pleased to state—

(*a*) how many surplus employees of the Food Department, if there be any, were absorbed in Agriculture Department of the Government of West Bengal;

(*b*) if it is a fact that a number of absorbed employees have been discharged soon after joining the Agriculture Department;

(*c*) if so, how many such employees have thus been discharged; and

(*d*) the reasons for the same?

Minister-in-charge of the Food, Relief and Supplies Department (the Hon'ble Prafulla Chandra Sen): (*a*) One hundred and six persons up to 15th July, 1955.

(*b*) Yes.

(*c*) and (*d*) Thirteen; nine for abolition of posts on completion of the project and four on account of their unsuitability in practical work.

Yield of food crops in the State

50. Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Will the Hon'ble Minister-in-charge of the Food, Relief and Supplies Department be pleased to state—

(*a*) what is the estimated yield of food crops in maunds in West Bengal during 1954-55;

(*b*) what is the actual yield of food crops in maunds in West Bengal during 1953-54;

(*c*) per capita availability of cereals in 1953-54 and that estimated in 1954-55;

(*d*) extent of damage in maunds to food crops, if any, in 1954-55 due to flood and drought in West Bengal;

(*e*) stock of rice in Government godowns at present;

(*f*) if it is a fact that the Government of West Bengal have got in their possession two lakh tons of surplus rice;

(*g*) if it is a fact that one lakh tons of surplus rice has been handed over to the Centre; and

(*h*) if so, the reasons of accumulation of surplus stock in Government godowns?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) and (*b*)—

[Figures in lakh maunds.]

	Actual yield, 1953-54.	Actual yield, 1954-55.
(*i*) Cereals	14,55,31	10,55,11
(*ii*) Other foodgrains	1,13,07	1,12,78
(*iii*) Sugarcane (in terms of cane), potato and edible oilseeds.	2,97,78	3,59,28
Total ..	18,66,16	15,27,17

(*c*) Per capita availability of cereals out of the production for 1953-54 and 1954-55 is 5·11 maunds and 3·68 maunds, respectively.

(*d*) Estimated damage to

rice due to flood—38 lakh maunds.

rice due to drought—174 lakh maunds.

This does not include a loss of about 114 lakh maunds caused by reduction of acreage of paddy by about 8 lakh acres due to drought.

(*e*) and (*f*) Stock in hand of Government on 30th June, 1955, was 97·6 thousand tons including paddy in terms of rice.

(*g*) 203 thousand tons in terms of rice had been offered to the Government of India out of the stock available at the time of decontrol.

(*h*) To meet the commitments for the period of control, procurement was made both internally and externally in 1954. The bulk of the purchase was made during the usual peak procurement season from January to May. As a result of decontrol and derationing with effect from the 10th July, 1954, there was free movement of rice/paddy all over the State, and this led to the accumulation of stock.

Beggars and homeless vagrants in the State

51. Sj. Gangapada Kuar: Will the Hon'ble Minister-in-charge of the Relief Department be pleased to state—

(*a*) whether the Government have got any statistics showing the approximate number of beggars and homeless vagrants in the State;

(*b*) if so, what is the total number of beggars and homeless vagrants in the State;

(*c*) whether the Government have got any scheme for the social and economic rehabilitation of those beggars and homeless vagrants; and

(*d*) if not, whether the Government consider the desirability of preparing any scheme to this effect in the near future?

The Hon'ble Prafulla Chandra Sen: (*a*) and (*c*) Yes.

(*b*) 42,625.

(*d*) Does not arise.

Sj. Gangapada Kuar: With reference to answer to question (*c*), will the Hon'ble Minister be pleased to state what scheme is there for the social and economic rehabilitation of beggars and homeless vagrants in the State?

The Hon'ble Prafulla Chandra Sen: As soon as a person is declared vagrant he is taken charge of and sent to one of the homes either in Golapbagh or in Calcutta.

Amalgamation of cadres of Overseers and Estimators with the West Bengal Subordinate Engineering Service

52. Sj. Tarapada Dey: (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Works and Buildings Department be pleased to state if it is a fact—

(*i*) that there was an order for amalgamation of cadres of Overseers and Estimators with the West Bengal Subordinate Engineering Service; and

(*ii*) that no option was given to the Overseers and Estimators to come under the new amalgamated cadre?

(*b*) Will the Hon'ble Minister be pleased to state—

(*i*) how many vacancies there were in the respective cadres of the Overseers and Estimators in 1950;

(*ii*) whether the new cadre has been given effect to up till now;

(*iii*) if so, in how many cases; and

(*iv*) if not, why this delay?

Minister-in-charge of the Works and Buildings Department (the Hon'ble Khagendra Nath Das Gupta): (*a*)(*i*) and (*b*)(*ii*) Yes.

(*a*)(*ii*) Yes, as the amalgamation did not affect the prospects of the individual incumbents.

(*b*)(*i*) 24 and 13, respectively, as on 1st January, 1950.

(*iii*) In all cases.

(*iv*) Does not arise.

Small irrigation schemes within Sankrail, Gopiballavpur and Nayagram thanas, Midnapore

53. Sj. Dhananjoy Kar: Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও সাঁকরাইল থানায় ১৯৫৩-৫৪ ও ১৯৫৪-৫৫ সালে উক্ত বিভাগের দ্বারা কোন সেচব্যবস্থা করা হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মন্ত্রীমহাশয় দয়া করিয়া জানাইবেন কি—

(১) কোথায় হইয়াছে, এবং

(২) কত পরিমাণ জমির সেচকার্য হইতেছে?

Minister-in-charge of the Agriculture and Animal Husbandry Department (the Hon'ble Dr. Rafiuddin Ahmed):

(কে) হ্যাঁ, সাঁকরাইল থানায় করা হইয়াছে।

(খ) (১) সাঁকরাইল থানার অন্তর্গত পাথরা ও নায়কানসোল-এ।

(২) ৩২০ একর।

Sj. Dhananjoy Kar:

(ক) প্রশ্নের উত্তরে আপনি বলেছেন, হ্যাঁ, সাঁকরাইল থানায় করা হইয়াছে ৩২০ একর, গোপীবল্লভপুর ও নয়াগ্রাম থানায় ইরিগেশনএর কোন ব্যবস্থা না করার কারণ কি?

Janab Abdus Shokur:

আমাদের আর একটা ইরিগেশনএর নূতন বাঁধের স্কীম আছে, তাতে এই নয়াগ্রামের ৬০০ একর জমিতে সেচ দেওয়ার ব্যবস্থা হবে।

Mobilisation of National Volunteer Force for attending to dock work during dock strike

54. Dr. Jatish Ghosh: (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state whether he is aware of the fact that a notice of "Mobilisation of N.V.F." under Memo. No. 6823(25), dated the 1st December, 1954, issued by the Subdivisional Officer, Ghatal, to Shri Bishnupada Samontha of Gharprotapnagore, Ghatal, and about 15 others of Ghatal to start for Howrah, for the purpose of attending mobilisation?

(*b*) Will the Hon'ble Minister be pleased to state whether it is a fact that they were taken to Kidderpore Docks and compelled to do the work of dock coolies while those coolies were on strike?

Deputy Minister for Home (Defence) Department (Sj. Satyendra Chandra Ghosh Maulik): (*a*) Yes.

(*b*) Only five of them reported at the docks. They performed such duties including a certain amount of loading and unloading work as were assigned to them and which they were bound to do under section 4 of the West Bengal National Volunteer Force Act. Our boys bravely maintained supplies essential to the community.

Dr. Jatish Ghosh:

মন্ত্রীমহাশয় এই যে (এ)এর উত্তরে বলেছেন "ইয়েস", তাহ'লে তাদের খিদিরপুর ডকে নিয়ে যাওয়া হয়েছিল কেন?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

সেইখানে তাঁদের কাজে নিযুক্ত করা হবে ব'লে।

Dr. Jatish Ghosh:

মবিলিজেশনের জন্য কি তাদের খিদিরপুর ডকে নিয়ে যাওয়া হয়েছিল?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

এই মবিলিজিশনএর জন্য ওয়েস্ট বেঙ্গল ন্যাশান্যাল ভলান্টিয়ার ফোর্সএর লোকদের ডাকা হয় আন্ডার সেক্সন ৪ অফ দি এ্যাক্ট এবং সেখানে তাদের পাঠান হয়।

Dr. Jatish Ghosh:

যখন মবিলিজেশন হয়েছিল তখন খিদিরপুর ডকে কুলি ধর্মঘট চলছিল কি না এবং তাদের এই কথা বলা হয়েছিল কি না যে, তাদের খিদিরপুর ডকের কাজে নিয়োগ করা হবে?

Sj. Satyendra Chandra Ghosh Maulik:

ন্যাশান্যাল ভলান্টিয়ার ফোর্স এ্যাক্ট অনুসারে এসেন্সিয়াল সার্ভিস মেনটেন করবার জন্য তাদের যে-কোন কাজে নিয়োগ করা যেতে পারে।

Sj. Bankim Mukherji:

যদি তখন ধর্ম্মঘট না-ই চল্‌ছিল তাহ'লে এই ন্যাশান্যাল ভলান্টিয়ার ফোর্স ডাকবার প্রয়োজন কি হয়েছিল? এই ন্যাশান্যাল ভলান্টিয়ার ফোর্সএর কাজ ডকের কাজ করবার জন্য নয়। সুতরাং কি অবস্থার কারণে এদের ডাকা হয়েছিল?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Chairman of the Port Commissioners asked us to give them help for the purpose of loading and unloading and we had to send these people.

Publication of advertisements regarding Kalyani township in the "Searchlight" of Bihar

55. Dr. Jatish Ghosh: Will the Hon'ble Minister-in-charge of the Home (Publicity) Department be pleased to state—

বিহার হইতে প্রকাশিত "সার্চলাইট" পত্রিকায় পশ্চিমবঙ্গ সরকার প্রতিষ্ঠিত "কল্যাণী" নগরীর বিজ্ঞাপন দেওয়া হয় কিনা?

Deputy Minister for Home (Publicity and Public Relations) Department (Sj. Gopika Bilas Sen Gupta):

হ্যাঁ।

Sj. Balailal Das Mahapatra:

এই যে আছে—বিহার হইতে প্রকাশিত "সার্চলাইট" পত্রিকায় পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞাপন দেওয়া হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি এই "সার্চলাইট" পত্রিকা বাঙ্গালী ও বাংলাদেশের বিরুদ্ধে সর্ব্বদা মিথ্যা প্রচার করে?

Mr. Speaker: That is not a proper question.

Notice of an adjournment motion regarding demonstration by refugees near Murshidabad.

Sj. Jyoti Basu: Sir, I gave notice of an adjournment motion on the tragic death of four refugees near Murshidabad; many others have been seriously injured in a railway accident. I gave notice of an adjournment motion because I make the Government at least indirectly responsible for this affair, for the demonstration was being held against the delay of Government in sending cash dole. Perhaps you know, recently arrangements have been made whereby the scheme of separation of Accounts from Audit in respect of the Education, and Refugee Relief and Rehabilitation

Department has been introduced and at 4, Brabourne Road, an office of the West Bengal Government has been set up. There is such chaos reigning there since the 1st August, I am told, that clerks and officers are unable to do their work there. As a result the order did not reach the refugees in time. Therefore, the refugees came on demonstration when this tragic incident took place. As such I should have thought that at least you would give us consent so that we could hear what the Government has to say and we can also have our say in the matter.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We are making enquiries. We will make a statement tomorrow.

Mr. Speaker: I can tell you the reasons for not giving consent to the adjournment motion. One of the reasons is that in the notice for adjournment motion the main cause was the death of persons, and death being caused by railway accident it is a Central subject. Secondly, I am informed that the relations of the persons killed and injured have already filed cases against the driver of the train and the driver of the train has also filed cases against those persons for obstruction. The matter is clearly *sub judice*. I had to refuse consent. However, when Government will make a statement the members will have an opportunity............

Dr. Atindra Nath Bose: Sir, there are other things involved apart from the accident.

Mr. Speaker: There cannot be any discussion now......

Dr. Atindra Nath Bose: I am not discussing.

Mr. Speaker: On an adjournment motion this is the practice. The mover of the motion has given reasons for it and there cannot be any discussion and I am not going to hear you, Dr. Bose.

Dr. Atindra Nath Bose: I am speaking on a different matter.

Mr. Speaker: I allowed the mover of the motion to state his case and to give his reasons. In Parliament even that is not done.

Dr. Atindra Nath Bose: I am going only to inform you that I am giving notice of a short notice question about the grievances and other things which are involved in this matter.

Mr. Speaker: You can send your question. You have the right to table a question. You need not waste the time of the House by saying that you are going to table a question.

Dr. Atindra Nath Bose: It is because I want to table a short notice question and they take so much time to answer these questions.

Mr. Speaker: You can table it.

Petitions regarding Land Reforms Bill

Sj. Bankim Mukherji:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফতে মুখ্য মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে, বাংলার বিভিন্ন জেলা থেকে ৩১,৩০০ জন কৃষক গণ-দরখাস্ত ক'রে পাঠিয়েছে, এই ল্যান্ড রিফর্মস বিল সম্বন্ধে। তাদের দাবী সম্বলিত সেই গণ-দরখাস্ত আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে পেশ করতে চাই।

Mr. Speaker: I think I have got one petition. I shall refer it to the Petitions Committee.

Let us now resume discussion on the Sports Bill.

GOVERNMENT BILL

The Calcutta Sports Bill, 1955

[3-50—4 p.m.]

Sj. Bibhuti Bhushon Ghose:

স্পীকার, স্যার, প্রধান মন্ত্রী এই বিলের দ্বারা প্রত্যেক ক্রীড়ামোদীদের মনে যে সব সমালোচনার অবকাশ উপস্থিত করেছেন সেটুকু আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাচ্ছি। এই কথা সত্যি যে আজকে পশ্চিম বাংলায় যাঁরা ক্রীড়াজগতের কর্ণধার, যাঁরা ক্রীড়া পরিচালনা করছেন তাঁদের যথেষ্ট গলদ আছে, যার ফলে আজকে সত্যিকার পশ্চিমবাংলায় ক্রীড়ার মান উন্নত হ'তে পারছে না। নানান রকম দুর্নীতি এবং ক্লিক ইত্যাদি এ্যাক্টিভিটিস থাকার ফলে আজকে পশ্চিম বাংলায় ক্রীড়ার মান এত অবনত স্তরে এসেছে যে, আজকে সেটা সমস্ত ক্রীড়াবিদকে ভাবিয়ে তুলছে। এই সময় পশ্চিম বাংলার রাষ্ট্র কর্ণধার খেলাধুলাকে সরকারের হাতে নিয়ে আসবার জন্য যে প্রচেষ্টা করছেন, তাঁর সেই চেষ্টার বিরুদ্ধে সমালোচনার কিছুই থাকত না যদি দেখা যেত যে, যেভাবে খেলাধুলার এবং খেলোয়াড়দের উন্নতি করা যায় সেই সমস্ত বিষয় বস্তুগুলি যথাযথভাবে সন্নিবিষ্ট ক'রে এই বিলটি হাউসের সামনে রাখা হয়েছে।

প্রথম যে কথাটা আমাদের মনে জাগে সেটা হচ্ছে এই যে, যেই মুহূর্ত্তে পশ্চিম বাংলার কংগ্রেসের কর্ণধার খেলোয়াড়কে টাকার তোড়া দিচ্ছেন, ঠিক সেই সময় ডাঃ রায় এই বিলটি আমাদের কাছে নিয়ে আসছেন। সাধারণ মানুষের মনে এই কথাই আজকে জাগবে যে, যেহেতু পশ্চিম বাংলার জনসাধারণ অত্যন্ত ক্রীড়ামোদী এবং ক্রীড়ানুরাগী সেহেতু বোধ হয় আজকে ষ্টেডিয়ামের সংশোধন এবং আদার রিজনস দিয়ে সমস্ত খেলাধুলাকে সরকার কুক্ষিগত করবার চেষ্টা করছেন। এই বিলটা যদি ডাঃ রায় সমস্ত বাংলার বিশিষ্ট ক্রীড়ামোদীদের নিয়ে অন্ততঃ যাঁরা খেলাধুলা নিয়ে থাকেন কিম্বা খেলাধুলার প্রতি যাদের ভালবাসা আছে, একদিন যাঁরা খেলাধুলার জগতে বিশিষ্ট আসন গ্রহণ করেছিলেন, আজও যাঁরা খেলাধুলার উন্নতির জন্য চেষ্টা করেন, আজও যে-সমস্ত সংস্থা আছে, তাঁরা ভুল করুক বা ত্রুটি করুক, কিন্তু তাঁরাই আজ বাংলার খেলাধুলাকে পরিচালনা করছেন, তাঁদের সকলকে ডেকে নিয়ে, যদি যুক্তিতর্ক দিয়ে তাঁদের সঙ্গে আলাপ আলোচনা ক'রে এই বিলটা আজ হাউসের সামনে আনতেন তাহ'লে কারুর সমালোচনা করবার কোন কথাই থাকত না। কারণ এই বিলের যে কয়েকটি ধারা মানুষের মনে স্বভাবতঃই সন্দেহের উদ্রেক করে সেটা হচ্ছে যে ডাঃ রায় সমস্ত জিনিষের মতন খেলাধুলাটাকে সরকারের কুক্ষিগত করবার চেষ্টা করছেন। তা ছাড়া যে গলদ এতদিন ধ'রে মুষ্টিমেয় কয়েকটি মানুষ, যারা খেলার জগতে ছিল তাদের মধ্যে সেই গলদ সীমাবদ্ধ ছিল, কিন্তু আজকে তিনি স্পোর্টস বোর্ড ক'রে তাদের হাতে ব্যাপক ক্ষমতা দেওয়াতে সমস্ত খেলাধুলা আজকে জাহান্নমে গেল। তিনি তাঁর "ষ্টেটমেন্ট অফ অবজেক্ট এ্যান্ড রিজন্স"এ যেটা দিয়েছেন তাতে তিনি বলেছেন যে, কিছু নয় বাপু, আমরা মাত্র ৩টি সংস্থা করছি। তার মধ্যে প্রথম এবং প্রধান সংস্থা হচ্ছে স্পোর্টস এ্যাসোসিয়েশান, সেটা হবে সমস্ত ক্লাবের রিপ্রেজেন্টেটিভদের নিয়ে। সেখানে আমি তাঁকে জিজ্ঞাসা করি বাংলার এবং কোলকাতার যত খেলাধুলা আছে তাদের প্রত্যেক মেম্বার যদি কেবল তারা নির্দ্ধারিত টাকা দিয়ে, অবশ্য তিনি কত টাকা ফিস্ দিতে হবে সেটা নির্দ্ধারিত করেন নি, সেই নির্দ্ধারিত ফিস দিলে পরেই যদি সমস্ত লোকেরা সেই এ্যাসোসিয়েসানের মেম্বার হয় তাহ'লে এটা একটা কি হোরের হাট হবে না? যেভাবে সাধারণের ভোট কেনা হয়, সেইভাবে ভোট কেনাকেনি থাকলে আজকে যে উদ্দেশ্য নিয়ে এই এ্যাসোসিয়েসান গ'ড়ে তুলছেন সে উদ্দেশ্য কি ব্যর্থ হবে না? কারণ মনে করুন আজকে যাঁদের টাকা দেবার ক্ষমতা থাকবে তাঁরাই সেই এ্যাসোসিয়েসানের মেম্বার হবেন। ভোট দিয়ে এই এ্যাসোসিয়েসানে যে ১২ জন প্রতিনিধি নির্বাচিত করা হবে, সে ১২ জন প্রতিনিধি কোথা থেকে আসবে, তা বলা হয় নাই। কারণ যত রকমের খেলাধুলা আছে তিনি সমস্তগুলোই এর মধ্যে ঢুকিয়েছেন। সেখানে মনে করুন এই ১২ জনের মধ্যে

৬ জন এলেন হাডুডু থেকে, ৩ জন সুইমিং ক্লাব থেকে, আর ২ জন বাস্কেটবল থেকে। এই ত এই রকম করেই'ত ৯।১০ জন হয়ে গেল, তাহ'লে আর বাকী ২।৩ জন যে রইল তারা হয় ত ফুটবলার বা ফুটবল, ক্রিকেট থেকে এল। তাহ'লে আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, এই যে যারা সুইমিং ক্লাবের বা বক্সিং ক্লাবের লোকেরা এল, যাদের হাতে তিনি ফুটবল খেলার দায়িত্ব ছেড়ে দিতে যাচ্ছেন, কিন্তু তারা কি ক'রে ফুটবলের মান উন্নয়ন করবে, তারা কি ক'রে ফুটবল খেলাকে সাধারণ পর্য্যায় থেকে আরও উন্নত পর্য্যায়ে নিয়ে যাবে?

তিনি স্পোর্টস কন্ট্রোল বোর্ড করছেন ২৫ জন সভ্য নিয়ে। তার মধ্যে আবার ৯ জনকে তিনি আগে থেকেই সরকারী মনোনীত ক'রে রেখে দিলেন। ৯ জন বলতে আমি এই কথা বলতে চাচ্ছি যে স্পোর্টস বোর্ডে-এ এক্স-অফিসিও হিসাবে ৫ জন এবং ৪ জন গভর্ণমেন্ট নমিনি। এই ৯ জনকে তিনি আগে থেকেই বাছাই ক'রে রেখে দেবেন। এই ২৫ জনের মধ্যে এক্স-অফিসিও হিসাবে বোর্ডের চেয়ারম্যান যদি থাকত এবং বাদবাকী সমস্ত নমিনেটেড হ'লে এটা সুন্দর এবং সুষ্ঠু হ'ত।

তারপরের কথা হচ্ছে, আজকে ষ্টেডিয়ামের স্যাংশন দিচ্ছেন। যারা খেলাধূলা করে কিংবা খেলাধূলা ভালবাসে তারা আজকে সকলে ডাঃ রায়কে বলবেন, অবশ্য উনি এত দিন যদি সিরিয়াসলি চেষ্টা করতেন তাহ'লে ষ্টেডিয়াম অনেক দিন আগে হ'য়ে যেত, কারণ ওঁদের ১৪ তলা বাড়ী যদি এক বছরের মধ্যে রাতারাতি হয়ে যেতে পারে তাহ'লে আজকে ষ্টেডিয়ামে ৫০ লক্ষ টাকা খরচ করা এঁদের পক্ষে এমন কিছু নয়, এবং তিনি তা করতে পারতেন। কিন্তু যেহেতু তাঁর নিজের এতদিন সে ইচ্ছা জাগে নি সেজন্য এটা তৈরীও হয় নি। আজকে আমাদের যাঁরা ওঁদের অনুরোধ করছেন তাঁরাও হয় ত খেলাধূলা সম্বন্ধে এতদিন বলেন নাই, সেজন্য এই জিনিষটা হয় নাই। সুতরাং আজকে এই সামান্য ষ্টেডিয়ামের একটা সেন্টিমেন্ট দিয়ে একটা ব্যাপক ক্ষমতা যদি রেখে দেন এবং যে ক্ষমতাটা চালানোর ক্ষেত্রে অনভিজ্ঞ ব্যক্তি যারা এবং যাদের কোন যোগ্যতা নাই বা যোগ্যতা আছে কি না এখানে জানান নাই এই রকম ধরণের লোকের হাতে ক্ষমতা দেন।

[At this stage the red light was lit.]

স্যার, আমার আর একটু সময় লাগবে। লোকের হাতে যদি আজকে এই ব্যাপক ক্ষমতা আসে খেলাধূলা চালাবার জন্য তাহ'লে উনি যে উদ্দেশে করতে যাচ্ছেন, তা উনি নিজেই চিন্তা ক'রে দেখবেন যে, সে উদ্দেশ্য পূর্ণ হবে কিনা। কিন্তু চাঁদার হার কোন রকম একটা নির্দ্ধারণ যদি ক'রে দেন যে, কত টাকা চাঁদা দিলে এদের এ্যাসোসিয়েশনে মেম্বার হওয়া যায়। আমি বলি—উনিও হয় ত জানেন—যে প্রায় ১ হাজার মেম্বার যারা রয়েছে এবং যাদের এক হাজার টাকা ক'রে চাঁদা রয়েছে তারা এই এ্যাসোসিয়েশনের মেম্বার হ'তে পারবে। আজকে দেখা যাচ্ছে এদের হাতে এই পরিচালনা কমিটির সকল ক্ষমতা এসে পড়ে তাহ'লে আমার মনে হয় খেলা এবং খেলোয়াড়দের উন্নতি করার যে প্রচেষ্টা করা যাচ্ছে সে প্রচেষ্টা ব্যর্থ হ'তে বাধ্য। তিনি এই ষ্টেডিয়াম করতে গিয়ে বলেছেন যে, "কমবাইণ্ড" ষ্টেডিয়াম করতে গেলে অসুবিধা আছে। কিন্তু আমি তাঁর কাছে অনুরোধ করব যে ফুটবল খেলার জন্য যে ষ্টেডিয়াম হবে তাতে যদি ক্রিকেট খেলা হয়——

Mr. Speaker: That is not the subject-matter of the Bill.

Sj. Bibhuti Bhushon Ghose:

তাঁর বক্তৃতায় তিনি বলে গিয়েছেন যে একটী ষ্টেডিয়াম করবেন এবং কমবাইণ্ড ষ্টেডিয়াম করতে পারবেন না। কিন্তু তাতে অসুবিধা হবে। কারণ যারা ক্রিকেট খেলা দেখবে তারা ত আর মানুষটাকে দেখবে না, কিন্তু যারা ফুটবল খেলা দেখবে তারা মানুষটাকে দেখবে এবং বলটাকে দেখবে।

[4—4-10 p.m.]

Mr. Speaker: What is to be done is not decided in the Bill. In the first reading you must confine yourself to the provisions of the Bill.

Sj. Bibhuti Bhushon Ghose:

স্যার, আমি সে কথাই বলতে চাচ্ছি। আমার বলার উদ্দেশ্য আর কিছুই নয়। আমাদের ভবিষ্যত খেলোয়াড়দের উন্নতি হোক। খেলোয়াড়রা যাতে ভাল খেতে পায়, পরতে পায় এবং তাদের স্বাস্থ্য যাতে ভাল হয় তার ব্যবস্থা হোক। আজ বাংলার ক্রীড়ার মান উন্নত হোক, এটা আমরা চাই। কিন্তু যদিও আজকে এটা দেরী ক'রে আনা হয়েছে এবং অনেকদিন আগে গ্রহণ করা উচিত ছিল, তবুও আমি বলব যে কয়েকটি জিনিষ আমরা দেখিয়ে দিতে চাই। সেটি হচ্ছে এই যে, তিনি উন্নত এই আইনগুলি উন্নয়ন করবার আগে আর একবার এখানে যে সমস্ত ভাল সংস্থা আছে এবং আজও যারা এই খেলাধুলা পরিচালনা করছেন তাদের সংগে ভাল ক'রে যুক্তি ক'রে তাদের "ওপিনিয়ন"টাকে ঠিক করুন। তিনি বলেছেন যে, গুণ্ডামি এবং রাওডিজম্ হয়, সেগুলিকে শেষ করতে হবে। কিন্তু তারজন্য পুলিস আছে এবং তারজন্য ওঁর ন্যাশন্যাল ফোর্স আছে। তিনি সেগুলি দিয়ে চেক্ করতে পারেন। অতএব সেজন্য সমস্ত ক্ষমতা এই সকল ক্রীড়া সংস্থার হাত থেকে নেওয়া মোটেই যুক্তিসংগত নয়, আজ সত্যই জাতীয় সরকারের প্রয়োজন আছে জাতীয় খেলাধুলার মান উন্নয়ন করা। আজকে সরকার যদি ইচ্ছা করে তাহ'লে তারা সুযোগ সুবিধা পাবে এবং সেই সুযোগ সুবিধার দ্বারা সত্যকারের খেলোয়াড়ী জীবনকে তাঁরা গ'ড়ে তুলতে পারবেন। আমি তাঁকে অনুরোধ করি যদি সত্যই তিনি খেলাধুলার মান উন্নত করতে চান তাহ'লে একটি "রেসিডেন্সিয়েল" টীম করুন এবং সেখানে একজন ট্রেনার দিন এবং খেলোয়াড়দের সমস্ত খরচ বহন করুন এবং দেখা যাক যে দু'-বৎসরের মধ্যে তারা উন্নতি করতে পেরেছে কিনা।

স্যার, আমি আর একটা জিনিষ বলব। আমার "এ্যামেণ্ডমেন্টের" মধ্যে আছে যে সত্যিকারের খেলোয়াড় কোথা থেকে আসে। সত্যিকারের খেলোয়াড় আসবে শুধু কলিকাতা থেকে নয়, সত্যিকারের খেলোয়াড় আসবে পাড়াগাঁ থেকে। আজ পাড়াগাঁয়ের খেলা একেবারে বাদ দিয়ে দিয়েছেন যে, পাড়াগাঁয়ের খেলার দরকার নাই। স্কুল, কলেজের দিকে লক্ষ্য করলে দেখতে পাবেন যে সেখানে যে-সমস্ত ড্রিল মাষ্টার যায় তাঁরা দৌড়াতে পারেন না, "এটেনশন" কি ক'রে করতে হয় তাই জানেন না, অথচ তাঁরা ড্রিল মাষ্টার হয়ে বসে আছেন। যদি আজকে সত্যকারের খেলার মান উন্নত করতে চান তাহ'লে ক্রীড়া জগতে সত্যকারের যে-সমস্ত অভিজ্ঞ এবং দরদী খেলোয়াড় আছেন তাঁদের ডেকে এবং আর একটু ভাল ক'রে বিবেচনা ক'রে এবং তাড়াহুড়া না ক'রে এই আইনটা পাশ করাবার চেষ্টা করুন।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকার মহাশয়, প্রথম থেকে শেষ পর্যন্ত দেখছি কলিকাতা শহরে ষ্টেডিয়াম একটী করা হবে না, দুইটী করা হবে বা কয়েকটী করা হবে এইটী প্রধান মন্ত্রীর উদ্দেশ্য। আমি সেজন্য বলেছিলাম এই বিলের নাম দিন, ক্যালকাটা ষ্টেডিয়াম বিল এবং আমি আমার এ্যামেণ্ডমেন্টে দিয়েছি যে, এর কলিকাতার বদলে বাংলাদেশে করা হোক। কারণ আপনি বোধ হয় জানেন আমাদের মেদিনীপুর শহরে ১০।১২ বৎসর পূর্ব্বে জনসাধারণ তাদের নিজেদের টাকাতে ও চেষ্টায় একটী ষ্টেডিয়াম তৈরী করেছিল। সেই ষ্টেডিয়ামের কতক অংশ আজ কয়েক বৎসর হইল ঝড়ে ভেংগে পড়ে গেছে এবং অর্থাভাবে মেরামত পর্য্যন্ত করতে পারা যাইতেছে না। সেইজন্য বলছিলাম যে, এই বিলটি যদি গোটা বাংলাদেশের জন্য করতেন তাহ'লে হয় ত এই সুযোগে আমরা আমাদের মেদিনীপুরের ভাংগা ষ্টেডিয়ামটা অর্থাৎ বাংলাদেশের প্রথম ষ্টেডিয়ামটি মেরামত ক'রে নিতে পারতাম। (এ ভয়েসঃ শুধু মেদিনীপুরে?) অন্য কোথায় আছে কিনা জানব কি ক'রে। সে ত আপনারা বলতে পারবেন। আমরা এখানে আশা করেছিলাম যে, একটা এমন কমিটি হবে, যে কমিটিতে যাঁরা ভাল ভাল খেলোয়াড় হবেন, তাঁরা থাকবেন এবং সেই খেলোয়াড়গণ যেখানে খেলার কমিটি

আছে বা দল আছে তাঁরা সেখানে যেয়ে কিভাবে খেলা করতে হয় তা শিখাবে এবং সেই দেখে আমাদের দেশের ছেলেরা খেলা ভাল ক'রে শিখবে ও পৃথিবীর সামনে মাথা তুলে দাঁড়াতে পারবে, আজকে গোটা পৃথিবীতে, অলিম্পিকে যেয়ে তাঁরা স্থান গ্রহণ করতে পারেন। কিন্তু দুঃখের বিষয় আজকের বিলেতে তাঁদের কোন স্থান দিয়েছেন ব'লে আমি ত মনে করতে পারি না। আমি আপনার কাছে এখনও আশা করি যে, এমন একটা কমিটি তৈরী করুন যে কমিটি আমাদের কলিকাতায় বলুন, আর গোটা বাংলাদেশ বলুন, তাঁরা প্রত্যেকে ঘুরে ঘুরে, প্রত্যেক বিদ্যালয়ে বা যেখানে যত টীম আছে বা কমিটি আছে তাদেরকে ভাল ক'রে খেলা শিখাতে পারে। আমি জানি যে, বৃটিশ গভর্ণমেন্টের আমলে এই রকম কয়েকজন শিক্ষক প্রতি জেলাতে থাকতেন। তাঁহারা ডিষ্ট্রিক্টে যেতেন এবং প্রত্যেক স্কুলের ছাত্রদের কিভাবে খেলা শিখান যায় তার ব্যবস্থা করতেন। কিন্তু আজকে আমাদের যারা নিপুণ খেলোয়াড় তাঁরা কোন জেলায় যেয়ে কোন স্কুলে বা কোন টীমে যেয়ে খেলা শিখান ব'লে আমি আজ পর্য্যন্ত দেখি নাই বা জানি নাই।

তারপর আর একটী জিনিষ এই বিলের ভিতর দিয়েছেন যে, তাঁরা (কমিটি) ইচ্ছামত শেয়ার বিক্রয় ক'রে টাকা তুলতে পারবে এবং টাকাটা যাতে জনসাধারণ ফেরৎ পায় তারজন্য আমাদের গভর্ণমেন্ট সম্পূর্ণ দায়িত্ব বহন করবেন। কিন্তু সেখানে দিয়েছেন যে, সেই কমিটির ইচ্ছামত একজন অডিটর অডিট করবেন। যেখানে টাকার দায়িত্ব সম্পূর্ণ আমাদের গভর্ণমেন্টের আছে, সেখানে আমি বলব যে, কেন আমাদের গভর্ণমেন্টের অডিটর, অডিট করবেন না? এই ব্যবস্থা করা তাঁর উচিত ছিল। যে-সমস্ত ছেলেদের খেলায় নিজেদের ঝোঁক আছে আমি মনে করি সেই সমস্ত ছেলেদের খেলতে দেবার পূর্ব্বে তাদের শরীর পরীক্ষা ক'রে নেবার যদি কোন ব্যবস্থা থাকত তাহ'লে সেই সমস্ত ছেলেদের খেলা উচিত কিনা দেখে তবে খেলতে নেওয়া হোত এবং সেই সমস্ত ছেলেরা ভাল খেলোয়াড় হয়ে আসতে পারত। আমি এইটুকু ব'লেই শেষ অনুরোধ করছি যে মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় এই বিলটি সমস্ত পশ্চিমবাংলার জন্য চালু করুন ও ছেলেদের খেলতে দেবার পূর্ব্বে শরীর পরীক্ষার সুব্যবস্থা করুন।

[4-10—4-20 p.m.]

Sj. Ganesh Ghosh:

মিঃ স্পীকার, স্যার, বহুদিন বাংলাদেশের এবং কলকাতার জনসাধারণ খেলাধূলার সুব্যবস্থা সম্পর্কে সরকারের নিকট দাবী ক'রে এসেছে। আমরাও এই সম্বন্ধে অনেক দাবী করেছি। যখন শুনলাম এই বিল আসছে তখন অনেক আশা করেছিলাম। কিন্তু বিল দেখে আশাহত হয়েছি। কালকে ডাঃ রায়ের বক্তৃতা শুনে আশাহত হয়েছি। আমরা যা চেয়েছিলাম, কলকাতার জনসাধারণ যা চেয়েছিল এই বিলের মধ্যে তার অনেকটাই নাই। কলকাতায় খেলা হয়। কলকাতায় খেলাধূলার একটা আবহাওয়া আছে। দুইটি জনপ্রিয় দলের মধ্যে যখন খেলা হয় তখন অধিকাংশ লোকই ভিতরে ঢুকতে পারে না। বাইরে থাকতে হয় অনেককে। বাইরে ঘোড়ার লাথি, পুলিসের লাঠি খায়, গাছ থেকে প'ড়ে মারা যায়। এ-সম্বন্ধে আরেকটা কথা হচ্ছে আমাদের দেশে খেলার মান নেবে যাচ্ছে। কালকে মাননীয় প্রধান মন্ত্রী স্বীকার করেছেন যে, আগে যে মান ছিল সেই মান আর নাই। ষ্টেডিয়ামএর দাবীও অনেক দিনের। ষ্টেডিয়ামএর অভাবে অনেক অসুবিধা ভোগ ক'রে আসছে কলকাতার ক্রীড়ামোদী জনসাধারণ। এনিয়ে খবরের কাগজে লেখা হয়েছে অনেক—অনেক সভা ও বক্তৃতা হয়েছে। এই সরকারের কাছেও অনেকবার বলা হয়েছে। কিন্তু এপর্য্যন্ত সরকার পক্ষ থেকে পুলিসের বেড়া ও লাঠি ছাড়া আর কিছুই ব্যবস্থা করা হয় নি। ডাঃ রায় বলেছেন কলকাতার মাঠে খেলা নিয়ে রায়োটিং হয়, মারামারি হয়, আর তারই জন্য নাকি তিনি ষ্টেডিয়াম করতে যাচ্ছেন। তাহ'লে আমি বলব যারা মারামারি করে তাদের অভিনন্দন জানাতে হয়। এই বিলের মধ্যে অনেক জিনিষ নাই; অনেক দুর্ব্বলতা আছে। অন্যান্য বিলে আমরা যেমন ক'রে বাধা দিই সেইরকম বাধা এই বিলে দিতে চাই না। তবে ডাঃ রায়ের কাছে আমাদের প্রস্তাব

আছে, সাজেস্‌সান আছে। আমি আশা করি তিনি আমাদের সাজেস্‌সানগুলি বিবেচনা করবেন। সেই সাজেস্‌সানগুলি এখানে রাখ্‌ছি। কিন্তু আমি বিশ্বাস করতে পারি না তিনি সেগুলি গুরুত্ব দিয়ে বিবেচনা করবেন। তাঁর কতকগুলি মনোভাবে একটি বিশেষ দৃষ্টিভঙ্গি আছে। তাঁর সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির পার্থক্য আছে। বাংলাদেশের জনসাধারণের ভোটে আপনারা এখানে এসেছেন। বাংলাদেশের জনসাধারণের ১০০ কোটি টাকার দায়িত্ব আপনারা নিতে পারেন। আমরা বিশ্বাস করি না বাংলাদেশের খেলার মান উন্নত করার জন্য যে টাকার দরকার তার দায়িত্ব আপনারা নিতে পারেন না। প্রাথমিক কম্‌পালসরি শিক্ষাব্যবস্থার কথা অনেকদিন শুনে আসছি অথচ এই কয় বংসরে তা করা হ'ল না। এই সরকার ৫০ লক্ষ টাকার দায়িত্ব দিতে পারেন না কারণ তাঁদের মতে "৫০ লক্ষ টাকার দায়িত্ব 'অল এ্যাণ্ড সানড্রি'কে দেওয়া যায় না"। মিঃ স্পীকার, স্যার, ঐ ব্লক ছাড়া আর সবাই হচ্ছে "অল এ্যাণ্ড সান্‌ড্রি"। তাই সাজেস্‌সান দিলেও তিনি বিবেচনা করবেন না। তবুও কতকগুলি কথা বলা দরকার, তাই বলছি। কয়েক বছর ধ'রেই সরকার-পক্ষকে খেলাধুলার মান উন্নতির জন্য একটা সংগঠন—একটা কমিটির ব্যবস্থা করার জন্য বলা হচ্ছে। শুধু কলকাতায় নয়, সারা বাংলাদেশেরই জন্য। শুধু কলকাতার জন্য খেলাধুলার সংগঠন করলেই বাংলাদেশের খেলাধুলার মান উন্নত হবে কি? সোভিয়েট রাশিয়া থেকে ফুটবল টিম আসে—তাদের কাছে কলকাতার একটা টিমও দাঁড়াতে পারল না। বাংলাদেশের খেলোয়াড়রা কোনক্ষেত্রেই খুব বেশী নাম করতে পারছে না। কিন্তু বিলের ভিতর খেলাধুলার মান উন্নতি করবার কোন ব্যবস্থা নাই। এটা কি তাঁর মনেও হয় না? আশ্চর্য্য! এটা কি তাঁর চোখেও লাগে না? আমরা যেটুকু জানি, এই বিলের মধ্যে আসল কথা বাদ দিয়ে আর সবকিছুই আছে। এটা ডাঃ রায় চিন্তা ক'রে দেখবেন কি? তাঁর চারপাশে যাঁরা থাকেন, যাঁদের উপর তিনি নির্ভর করেন তাঁরা কি এ-কথাটা তাঁকে বলতে পারেন না? আজ বাংলাদেশের ক্রীড়াক্ষেত্রে, যে অসম্ভব দুর্নীতি চল্‌ছে, তা যদি তিনি জানতেন—আমার ধারণা তিনি ভাল ক'রে জানেন না—তবে সেই দুর্নীতি দমন করবার জন্য একটা পন্থা নিশ্চয়ই দেখতে পেতেন। এ বিলের মধ্যে কোচিংএর কোন ব্যবস্থা নাই। খেলার মান উন্নত করতে হ'লে ছোট বয়স থেকেই—"স্কুল স্টেজ" থেকেই—খেলাধুলা শিখতে হয়। ছেলেরা যাতে খেলাধুলায় পারদর্শী হ'তে পারে তার জন্য বাইরে থেকে আউটষ্ট্যাণ্ডিং প্লেয়ারস নিয়ে খেলার উন্নতির জন্য কোচিংএর ব্যবস্থা করতে হবে। কিন্তু বিলে সেই ব্যবস্থাও নাই। আজ বাংলাদেশের খেলাধুলার ব্যাপারে যাঁরা শীর্ষস্থান অধিকার ক'রে বসে আছেন তাঁদের খেলাধুলার সঙ্গে কোন সম্পর্ক ছিল না। আর যাঁদের নিয়ে বাংলাদেশ গর্ব্ব করে তাঁদেরই পাত্তা নাই। গোষ্ঠ পাল—যাঁর নামে বাংলার মুখোজ্জ্বল হয়—তিনি আজ খেতে পান না। ভাগ্যের পরিহাস—আজ কংগ্রেস সংগঠন থেকে তাঁকে সম্মান দেখান হচ্ছে, অথচ তিনি খেতে পান না। শ্রীযুক্ত প্রামানিক, যাঁকে নিয়ে বাংলাদেশ গর্ব্ব বোধ করে তিনি একটা সিনেমা হাউসের টিকেট পাঞ্চ ক'রে তাঁর গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করেন। অথচ ছদ্মবেশীরা ক্রীড়াজগতে বেশ পাকাপোক্তভাবে বসে আছেন। আজ আই, এফ, এ, সেক্রেটারী—হাজার টাকা বেতন পান তিনি—অথচ খেলাধুলায় তাঁর নাম কখনো শুনি নি। আর এক ভদ্রলোক ক্যালকাটা করপোরেশনএ কাজ করতেন—তিনি এখন লিয়েন নিয়ে বসে আছেন—তিনিও খেলাধুলায় যুক্ত হয়েছেন! ডাঃ রায় কি এসব কথা জানেন না? আজ তিনি রবীন্দ্রনাথের বাংলা, জগদীশচন্দ্র বসুর বাংলা তৈরীর জন্য উঠে প'ড়ে লেগেছেন। কিন্তু ইম্পোষ্টাররা আজ যেভাবে লুটেপুটে খাচ্ছে তার দিকে তাঁর দৃষ্টি কোথায়? এই বিলের মধ্যে থাকা উচিত ছিল ক্রীড়াজগতে যাঁরা পারদর্শী, তাঁদেরই শুধু স্পোর্টস বোর্ড-এ নেওয়া হবে। কিন্তু সেই ব্যবস্থাও নাই। আরেকটা কথা হচ্ছে, সারা বাংলাদেশকে কেন এই বিলের আওতায় নেওয়া হবে না? কালকে এখানে ডাঃ রায় বলেছেন কলকাতায় হ'য়ে গেলে বাংলাদেশেও হ'য়ে যাবে। কিন্তু এর সঙ্গে বাংলাদেশের ১৪টি জেলা জুড়ে দিতে বাধা কি ছিল?

[At this stage the blue light was lit.]

কলকাতার সঙ্গে সারা বাংলাদেশের কথা যদি জুড়ে দেওয়া হ'ত তাহ'লে হকি, ক্রিকেট, ফুটবল ইত্যাদি সবকিছুই একসঙ্গে হ'য়ে যেত। খেলাধুলার মান উন্নত করতে হ'লে শুধু কলকাতার প্লেয়ারসএর দিকে নজর দিলেই চলবে না। মফঃস্বলের জেলায় জেলায় স্পোর্টস এ্যাসোসিয়েসান আছে। তারা টাকা পায় না।

[4-20—4-30 p.m.]

এজন্যে প্রয়োজন সারা বাংলাকে এর সঙ্গে জড়িয়ে দেওয়া—একটা সংগঠন করা, যাতে বাংলার বিভিন্ন অঞ্চলে সাহায্য যেতে পারে; সেখান থেকে প্লেয়ার তৈরী হয়ে এখানে আসতে পারে। এই প্লেয়ার তৈরী নিয়ে একটা কথা বলি। সম্প্রতি সোভিয়েট রাশিয়া ভারতবর্ষ থেকে একটি ফুটবল টিম ইনভাইট করেছে—সমস্ত খরচ তাদের। আশা করেছিলাম এখান থেকে যারা আসল খেলোয়াড় তারাই যাবেন। কিন্তু হ'ল কি? যিনি মাতব্বর হয়ে বসে আছেন তিনি ২২ জন প্লেয়ার নিলেন আর নিলেন ৮ জন অফিসার। তাঁর স্ত্রীও একজন কর্ম্মকর্ত্তা হয়ে সোভিয়েট রাশিয়া ঘুরে আসছেন। যারা ইয়ং প্লেয়ার তাঁরা যেতে পারলেন না। আর একটি কথা বলি—খেলা যখন ডাঃ রায় অরগেনাইজ করতে যাচ্ছেন সেখানে প্রধান একটি ব্যাপার মাঠের কথা। সারা কলকাতার উপর মাত্র ৩০টি মাঠ আছে—তার মধ্যে ২২টি ময়দানে, সাউথএ ২টি। পার্ক সার্কাসএর ছেলেরা খেলতে পায় না। সেদিন হরতাল হোল, দেখা গেল বড় বড় মানুষরা আপার সার্কুলার রোডের রাস্তার উপর জুতো দিয়ে গোল পোষ্ট করে ফুটবল খেলছেন। আগে শ্রদ্ধানন্দ পার্কে, দেশপ্রিয় পার্কে ছেলেরা খেলতে পারত, এখন নোতুন কমিশনার এসে পার্কের মধ্যে গাছ পুঁতে দিলেন। আশুতোষ কলেজের ছেলে-মেয়েরা ওখানকার মাঠে, হাজরা পার্কে, ব্যাডমিন্টন খেলত, এখন ছাদের উপরে খেলে। এই যে মাঠের ব্যবস্থা, এ-সম্বন্ধে ডাঃ রায় কি করছেন তার কিছু উল্লেখ নেই। অথচ একটি ছোট দেশ হাঙ্গারী, সেখানে মাত্র নব্বুই লক্ষ লোক, কিন্তু সেখানে প্রায় ১৪ হাজার মাঠ আছে, আর অনেক ষ্টেডিয়াম আছে। এসব কথা আশা করেছিলাম উনি চিন্তা করবেন এবং এখানে সেই রকম একটা চেষ্টা করবেন। আর একটা কথা এ্যাসোসিয়েসনএর কথা, এ্যাসোসিয়েসন প্যারেন্ট বডি এ-সম্বন্ধে সাজেস্সান দিচ্ছে, আশা করি ডাঃ রায় সেগুলি বিবেচনা করবেন। এ্যাসোসিয়েসন প্যারেন্ট বডি, কিন্তু কোন ক্ষমতা তাকে দেওয়া হয় নি। যখন বিল ড্রাফ্ট করা হয়েছিল তাতে ছিল যে এরা বাজেট তৈরী করবেন। বাজেট ফাইন্যালি যাবে বোর্ডএর কাছে, বোর্ড প্লেস করবেন গভর্ণমেন্টএর কাছে। টাকা-পয়সা কন্ট্রোল করা দরকার, কিন্তু সেটা করলেই কি প্লেয়ার সৃষ্টি হবে? এ্যাসোসিয়েসনএর মেম্বারসিপএর কথা বলি। উনি যা কাল বল্লেন কারা এবং কত মেম্বার হবে। ৫০০ মেম্বার হবে, তারা ১০০০ টাকা ক'রে দিলে তবে মেম্বার হবে। তা কতজন দিতে পারবে? যারা দিকপাল, বিশেষ বিশেষ রাজনৈতিক দলের লোক তারাই শুধু মেম্বার হ'তে পারবে। কিন্তু ছোট ছোট ক্লাবএর সদস্য যারা ১২ টাকা, ১০ টাকা ফি দেয় তারা কি ক'রে এত টাকা দিতে পারবে? সুতরাং ডাঃ রায় যদি ওইরকম একটা হিউজ এ্যামাউন্ট না ধ'রে অল্প ক'রে হার ধ'রে বেশী লোকের কাছ থেকে টাকা নিতেন, তাহ'লে অনেকে মেম্বার হ'তে পারত। ১০০ টাকা ক'রে ধরলেও অনেকে দিতে পারবে না। লাইফ মেম্বারএর ব্যবস্থা করুন, ডিষ্টিনগুইসড মেম্বার যারা তাদের কাছ থেকে পাঁচ হাজার টাকা ক'রে নিন্ কিন্তু ব্যাপক মেম্বারশিপএর জন্যে একটা সাম ঠিক করুন যেটা অনেকের পক্ষে দেওয়া সম্ভব। নতুবা এটা সত্যিকারের এ্যাসোসিয়েসন হবে না।

তারপর সমস্ত পর্য্যায়ে—একটা প্যারেন্ট বডি, দুইটি ডটার বডি, একটি বোর্ড এবং একটা কমিটি। সব কটিতেই মনোনয়নের ব্যবস্থা হয়েছে। প্রথম যে প্যারেন্ট বডি সেটা মনোনয়ন করবেন। যেটা স্পোর্টস কমিটি, সেটা খেলাধুলার ব্যবস্থা করবে, মাঠের ব্যবস্থা করবে, কোচিংএর ব্যবস্থা করবে, সেখানে কেন মনোনয়নের ব্যবস্থা থাকবে বুঝি না। তারপর বোর্ডএর কথা। সেখানে সরকারের মনোনীত ব্যক্তি চিরস্থায়ী হয়ে থাকবে। খেলাধুলাতে আমরা দলীয় রাজনীতি নিতে চাইনে। ডাঃ রায়ের মনে আছে আমরাই প্রথমে এই প্রস্তাব করেছিলাম, অথচ আমাদের তিনি ডাকলেন না, ডাকলেন শ্রীঅতুল্য ঘোষকে—বিশেষ পার্টির বিশেষ কর্ত্তাকে।

খেলাধূলার ব্যাপারে সহযোগিতা করা ছাড়া আর কোন উদ্দেশ্য আমাদের নেই। লক্ষ লক্ষ লোক আজ খেলাধূলাতে ইন্টারেস্টেড—আমরা চাই সহযোগিতা ক'রে এটাকে সত্যিকারের ভাল ব্যবস্থায় পরিণত করতে। কিন্তু ডাঃ রায় তা চাইছেন না। এই যে মনোনয়নের ব্যাপার, আমাদের সন্দেহ হচ্ছে, এর ফলে খেলাধূলার সংগঠনের ভিতর কেবল মাত্র একটি দলের একচেটিয়া প্রভুত্বই স্থাপিত হবে। সর্ব্বত্রই যাঁরা এখন খেলাধূলায় ডমিনেট করছেন তাঁদের বদলে ওই শূন্য গদীতে আর এক দলের হাতে ক্ষমতা গিয়ে পড়বে। হয়ত শেষ পর্যন্ত D. C. Headquarters, Chief Secretary, Commissioner of Police তাঁরাই বোর্ডএ যাবেন। অথবা অত্যন্ত বড় লোক যাঁরা—ফট্‌কা বাজারের কারবারী—তাঁরাই হয়ত বোর্ডে যাবেন। আমরা চাই শ্রীগোষ্ঠ পালের মত ব্যক্তি, তিনি বোর্ডে যান। আমরা চাই খেলাধূলার ব্যাপার রাজনৈতিক খেলার ভূমি না হয়ে দাঁড়ায়, কংগ্রেস পলিটিকস বা দলীয় পলিটিকস সেখানে আসর না জমায়।

[4-30—4-40 p.m.]

Sj. Ratanmoni Chattopadhyaya:

মাননীয় স্পীকার মহাশয়, আমি ক্রীড়া সংক্রান্ত বিলটি সমর্থন করতে দাঁড়িয়েছি এবং সমর্থন-কালে দু'-একটি কথা বলছি। আমরা দেখছি যে বিলের ক্ষেত্র হচ্ছে কলকাতা। কিন্তু কলকাতার সম্বন্ধে বলা হয়েছে যে কলকাতার সঙ্গে সুবার্বকেও অর্থাৎ সহরতলীকেও বোঝাবে। আর যে ক'টি খেলার উল্লেখ করা হয়েছে তাতে দেখছি (আমি বিল থেকেই পড়ে দিচ্ছি) বলা হয়েছে যে ক্রিকেট, ফুটবল, হকি, টেনিস, ভলিবল, ব্যাডমিন্টন এবং আরও অন্য খেলার কথাও আছে। যে ক'টি খেলার উল্লেখ করা গেল এইগুলি সব সর্ব্বজনবিদিত। কিন্তু আরও কতকগুলি খেলা আছে যেগুলি ধীরে ধীরে সর্ব্বজনবিদিত হয়ে আসছে। সেগুলির কথাই আমি এখানে বলতে চাই।

প্রথমে আমি কপাটি খেলার কথা বলব। কলকাতায় আজকাল স্থানে স্থানে কপাটি খেলা হচ্ছে। যাঁরা গোলদীঘির ধারে ঘোরেন তাঁরা দেখবেন যে গোলদীঘির ঈশান কোণেতে সন্ধ্যার পর খুব জোরালো আলো জেলে কপাটি খেলা হচ্ছে। আজ খুব আনন্দের কথা যে, এই খেলাটি ইণ্ডিয়ান অলিম্পিকে স্থান লাভ করেছে। আজকে এটা সর্ব্বভারতীয় খেলা হয়েছে। এই খেলার গোড়াতে কোন নিয়ম ছিল না। ১৯১৫-১৬ সালেতে চন্দননগর এবং বালি এই দুই জায়গার দল মিলে কপাটি খেলাকে বিধিবদ্ধ করে। তখন তাদের স্বপ্ন ছিল যে একদিন এই খেলাটি সর্ব্বভারতীয় রূপ নেবে। আজকে তাদের সেই আশা সফল হয়েছে। এই খেলার যে প্রসার হচ্ছে তার লক্ষণও চারিদিকে রয়েছে। আর খুব আনন্দের কথা যে আমাদের এই বাংলার দল গত বছর মাদ্রাজে অলিম্পিকে কপাটী খেলায় জয়ী হয়ে এসেছিল। অবশ্য এবারে আমাদের বাংলার দল বিজিত হয়েছে; আমার বিশ্বাস এবার জয়ী হয়েছে রাজপুতানা। আমরা জানি যে বোম্বে, নাগপুর, মারাঠায়, মাদ্রাজে এই খেলাটির খুব প্রসার হচ্ছে। নাগপুর সম্বন্ধে জানি যে সেখানকার য়ুনিভারসিটির মেয়েরা পর্য্যন্ত সেখানে আলাদা কোর্ট কেটে কপাটি খেলা অভ্যেস করছেন। কপাটি খেলা উপস্থিত আমাদের কলকাতায় রয়েছে, আবার বর্ত্তমানে কলকাতার ক্ষেত্র থেকে এটা চারিদিকে বিস্তার লাভ করছে। সেজন্য আশা করি যে, এই বিলের তালিকায় কপাটি খেলাও অন্তর্ভুক্ত হবে। তালিকাটা সম্পূর্ণ নয়। "এনি আদার" কথাটা সেখানে বলা হয়েছে, সুতরাং তার মধ্যে অন্য খেলাও আসতে পারে। সেজন্য আমি কপাটি খেলার কথাটি বললাম। কপাটি খেলার সুবিধে হচ্ছে এই যে এরজন্য একটা প্রকাণ্ড ক্ষেত্রের বা মাঠের দরকার হয় না। পূর্ব্বের বক্তা বললেন যে, ফুটবল খেলায় ভিড়ের কারণে গাছ থেকে প'ড়ে মরতে হয়, ঘোড়ার পায়ের তলায় চাপা পড়তে হয়, কিন্তু কপাটি খেলায় এই রকম কোনই সম্ভাবনা নেই। কারণ কপাটিতে ফুটবলের মত উত্তেজনার উন্মত্ততা হয় না। সেখানে আর যা কিছু হয় সেটা আনন্দ। যাঁরা কপাটি খেলা দেখেছেন তাঁরা জানেন যে এই খেলা পরম উপভোগ্য, অল্প পরিসর স্থানেতে হয়, শক্তি বাড়ে এবং সমস্ত দিকে আমাদের স্বাস্থ্যের উন্নতি করে।

কপাটি খেলার পরে আমি এবার অন্য একটি খেলার কথা বলছি। এবার আমি বলছি সাঁতার সম্বন্ধে। আপনারা জানেন যে এক সময়ে চন্দননগর থেকে আহিরীটোলা ঘাট পর্য্যন্ত সাঁতার হ'ত। সাঁতারে যত সাহসের দরকার, তত বা শক্তির দরকার। আমরা দেখেছি ভাগীরথীর দুই তীরে গঙ্গার ঘাটের সব নরনারী দাঁড়িয়ে গিয়েছে চন্দননগর থেকে কলকাতা পর্য্যন্ত সাঁতার দেখবার জন্য। সাঁতারু ১৫।২০ জন, কি কোনবার ৩০।৩৫ জনও হয়েছে, তারা সাঁতার দিয়ে আসছে। তখন কত নৌকা ভেসেছে, তাদের সঙ্গে সঙ্গে বোট রয়েছে পাছে কোন বিপদ-আপদ হয়। এমন এই যে খেলাটা এটা সম্প্রতি স্তিমিত হয়ে গেছে। সুতরাং এর পুনরুদ্ধার করা বিশেষ দরকার, বিশেষ ক'রে আমাদের বাংলাদেশে। কারণ আমাদের এটা নদীমাতৃক দেশ, এবং এখানে প্রত্যেকটি ছেলের সাঁতার জানা দরকার।

সাঁতারের সঙ্গে এসে পড়ে ওয়াটারপোলো খেলা। যাকে আমরা জল-বল ব'লে থাকি। ওয়াটারপোলো খেলা দেখা যায় কোলকাতায় হেদোর পুকুরে হচ্ছে। খুব চমৎকার খেলা। এতে যতটা কৌশল দরকার, ততটা সাঁতার শিক্ষা দরকার এবং দমও খুব বেশী থাকা দরকার। এই খেলাটির যদিও ক্রিকেট ও টেনিসের মতন খুব নাম হয় নি, কিন্তু এই খেলার প্রয়োজন আমাদের বাংলাদেশে খুব রয়েছে।

আর একটি কথা, কলকাতায় যদি সংগঠনের দ্বারা সমস্ত ক্রীড়াগুলিকে সংহত করতে যায়, নিয়ন্ত্রিত করতে চায়, বিভিন্ন ক্রীড়ার মধ্যে যে বিশৃঙ্খলা আছে সেটা যদি দূর করতে চায় এবং একটা নিয়মের মধ্যে নিয়ে এসে ক্রীড়াগুলিকে সর্বদিক দিয়ে প্রসারিত এবং উন্নত করতে চায়, তাহ'লে এই বিলের উদ্দেশ্য সফল করতে গিয়ে কলকাতায় যে ব্যাপারটা ঘটবে, কলকাতার সঙ্গে মফঃস্বলেও তার হাওয়া পেঁছবে। এবং কলকাতায় যে বিল সীমাবদ্ধ থাকবে সেই বিল ক্রমে কলকাতার সীমা ছাড়াবে ও মফঃস্বলে তার সুপ্রভাব ছড়িয়ে পড়বে। আমরা দেখেছি যে এই সাঁতার এবং জল-বল খেলা আমাদের এই বাংলাদেশের পল্লীগ্রামেও জানে। সেখানে দিকে দিকে কত বড় বড় দীঘি রয়েছে। উত্তর বাংলায়, মধ্য বাংলায় এবং রাঢ় দেশেও বড় বড় অনেক দীঘি রয়েছে। যদি ঐ দীঘিগুলি মাঝে মাঝে এখানে-ওখানে উদ্ধার ক'রে দেওয়া হয়, তাহ'লে সেখানে সন্তরণ প্রতিযোগিতা এবং জল-বল খেলা, এই দুটোই চলতে পারে। এমন কি সেই দীঘিতে ছোট ছোট ডিঙ্গিতে বাচ্ খেলাও চলতে পারে।

এবার আমি এই বাচ্ খেলা সম্বন্ধে আপনাদের কিছু ব'লব। আমি এই সাঁতারের ব্যাপারের সঙ্গে, জল-বল খেলার সঙ্গে এবং বাচ্ খেলার সঙ্গে জড়িত রয়েছি। আর এর সঙ্গে আমাদের নদীর সঙ্গে একটা অঙ্গাঙ্গী সম্পর্কও রয়েছে। পূর্ব্ব-বাংলায় কত যে বাচ্ খেলা ছিল তা আপনারা সকলেই নিশ্চয় জানেন। বড় বড় ছিপেতে দুর্গাপূজার বিজয়ার দিন বাচ্ খেলা হ'ত। আমাদের পশ্চিম বাংলায় ভাগীরথীর উপরে এই বাচ্ খেলার চলন বহুদিন ধ'রেই রয়েছে। সম্প্রতি এই বাচ্ খেলার পুনরুদ্ধার হচ্ছে এবং ১৯৫২ সালে যেখানে মাত্র তিনখানি বাচের নৌকা ছিল, সেখানে আজকে খুব আনন্দের সহিত বলা যাচ্ছে যে বাচের নৌকার সংখ্যা হচ্ছে দশখানি। দশখানি নূতন নৌকা গঠিত হয়েছে। ১৯৫২ সালের নভেম্বর মাসে এই বাচ্ খেলার উৎসাহ দেবার জন্য আমাদের রাজ্যপাল মহোদয় বালির নৌকা "অলকানন্দা" ভাগীরথীবক্ষে ভাসিয়ে এসেছিলেন এবং বলেছিলেন যে যদি এই বাচ্ খেলার প্রসার হয় তাহ'লে তিনি এই খেলার জন্য একটা পারিতোষিক দেবেন। তারপর কয় বৎসরে এই বাচ্ খেলার প্রসার দেখে তিনি একটি পারিতোষিকও দিয়েছেন। তিনি তাঁর নাম দিয়েছেন "রাজ্যপাল জয়-নিধি"—গভর্ণরর্স ট্রফির এই নূতন দেশী নামকরণ। গতবারও এই খেলা হয়েছিল। উত্তরপাড়ার গঙ্গায় এই বাচের লীগ খেলা হয়। লীগে গতবার ৮২টি খেলা হয়েছিল। সেইসব খেলা উত্তরপাড়ার লাইব্রেরীর ঘাটের সুমুখের গঙ্গায় হয়। এই লাইব্রেরীর মাঠ খুব বিখ্যাত। এই লাইব্রেরীতে মাইকেল মধুসূদন একদিন বাস করেছিলেন, এই মাঠেতে আলিপুর বোমার মামলা থেকে মুক্তি পেয়ে বেরিয়ে এসে শ্রীঅরবিন্দ তাঁর বিখ্যাত উত্তরপাড়া বক্তৃতা দিয়েছিলেন। এই মাঠের কোলে যে ঘাট আছে সেখানেই বাচ্ খেলা হয়। আর এই বাচ্ খেলায় ভাগীরথীর দুই তীরের দল বালি,

উত্তরপাড়া, বেলুড়, লিলুয়া, ওদিকে চাতরা, এদিকে এড়েদা, বরানগর, দক্ষিণেশ্বর, বেনেটোলা ইত্যাদি দল যোগদান করে এবং দেখবার জন্য গঙ্গার দুই তীরে অনেক লোকের সমাগম হয়। আর এই বাচ্ খেলা সম্পর্কে আমরা লক্ষ্য করেছি যে যারা শীতকালে ভোরবেলায় নৌকা টানা অভ্যাস করে তাদের প্রত্যেকটি খেলোয়াড়ের, প্রত্যেকটি যুবকের শরীর ও স্বাস্থ্য খুব ভাল হয়েছে।

আমার কোন কোন বন্ধু সোভিয়েট দেশের কাছে আমরা ফুটবল খেলায় হেরে গেছি ব'লে যেমন সোভিয়েটের অপূর্ব্ব কৌশল দেখে বিস্মিত হয়েছেন, তেমনি নিজের দেশের ছেলেরা হেরে গেছেন ব'লেও দুঃখিত হয়েছেন। সেজন্য আমি একটা কথা বলতে চাই। খেলায় ত হারজিৎ রয়েছেই। আমাদের দেশ দু-এক বছর আগে হকি খেলায় ত জগৎ জয় ক'রে এসেছে, সেখানে ত একটাও পরাজয় হয় নাই। সব জায়গায় হারজিৎ আছেই। সোভিয়েট অনেকদিন থেকে আমাদের চেয়ে এগিয়ে গেছে, অনেক বছর ধ'রে অভ্যাস করেছে। সুতরাং আমাদের দেশের লোক যদি এই বছর ৩ গোলে হেরে থাকে, তাহ'লে ৩ বছর পরে আমরা জিতে আসব এমন আশাও ত আমরা করতে পারি। এখন আমি সর্ব্বান্তঃকরণে এই খেলার বিলকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়কে এই অনুরোধ করছি যে আমাদের দেশীয় সাঁতার, বাচ্ এবং কবাটি প্রভৃতি খেলার প্রচলন আছে সেইগুলি উনি যেন গ্রহণ করেন এবং গ্রহণ ক'রে সর্ব্বতোভাবে এইসব খেলার প্রসারের জন্য চেষ্টা করেন, তা অর্থ সাহায্য দিয়েই হোক বা তাঁর সমর্থন দিয়েই হোক। কলকাতার সমর্থনে এইসব দেশীয় খেলা অচিরে দূরে সর্ব্বত্র প্রসারিত হবে এবং বাংলাদেশে দেশীয় ক্রীড়া প্রচার ও প্রসারের একটা নবযুগ আসবে।

Dr. Kanailal Bhattacharya:

স্পীকার মহাশয়, আমার একটি সার্কুলেসন মোসন দেওয়া আছে এবং সেইটার সমর্থনেই আমি ব'লব। এই বিলটির সার্কুলেসন মোসন আলোচনা হবার আগে আপনি আমাদের যে নির্দ্দেশ দিয়েছিলেন, সেটা মনে রেখেই আমি বলছি যে, আমি মনে করি, যে বিলটি এখন আমাদের সামনে দেওয়া হয়েছে সেই বিলটির উদ্দেশ্য হয়ত' সাধু হ'তে পারে কিন্তু যে জন্য এই বিলের প্রয়োজন সেই উদ্দেশ্য সাধিত হবে না। আমরা মনে করি যে, এই বিলটি অত্যন্ত তাড়াতাড়ি ড্রাফ্ট করা হয়েছে। যার ফলে বিলের মধ্যে অনেক গলদ রয়ে গিয়েছে। যেগুলো না ভালভাবে সোধরাতে পারলে আমাদের কলকাতার খেলাধুলো ভালভাবে কন্ট্রোল করা যাবে ব'লে আমার মনে হয় না। আমরা অবশ্য চাই যে, খেলাধুলো কন্ট্রোল করার জন্য একটি আইন প্রণীত হোক।

[4-40—4-50 p.m.]

আমরা চাই যে, বাংলাদেশে যতগুলি খেলাধুলোর প্রতিষ্ঠান আছে সেই সবগুলিকে একটা সংগঠনের মধ্যে এনে বাংলাদেশের খেলাধুলোকে একটা কেন্দ্রীভূত করা হোক। কিন্তু আমি মনে করি যে, এই বিলের দ্বারা সেই উদ্দেশ্য সাধিত হবে না। ডাঃ রায় আমাদের বলেছেন যে, একটা ষ্টেডিয়াম তৈরী করার জন্য এই বিলটা আনা হচ্ছে। ষ্টেডিয়াম তৈরী করা ছাড়াও বিলের মধ্যে অন্যান্য যে সমস্ত প্রভিসন রয়েছে সেই প্রভিসনগুলোর দ্বারা আমার মনে হয় বাংলাদেশের খেলাধুলো বেশ ভালভাবে কন্ট্রোল করা যাবে না। তার একটা প্রথম কারণ হিসাবে আমি দেখাচ্ছি যে, এই বিলের মধ্যে আছে যে ক্যালকাটা স্পোর্টস এ্যাসোসিয়েসন তৈরী হবে এবং সেই এ্যাসোসিয়েসনের বিভিন্ন সাব-কমিটি তৈরী ক'রে বিভিন্ন খেলাধুলো তার মাধ্যমে সংগঠিত করাবেন। কিন্তু আমি মুখ্য মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, আজকে যে সমস্ত সংগঠন রয়েছে, যেমন ইণ্ডিয়ান ফুটবল এ্যাসোসিয়েসন, ক্রিকেট এ্যাসোসিয়েসন অফ বেঙ্গল, বেঙ্গল হকি এ্যাসোসিয়েসন, তারা এক একটি খেলা পরিচালনা করেন। আমরা বিলের মধ্যে দেখতে পাচ্ছি যে, এ্যাসোসিয়েসনও এই রকম এক একটি সাব-কমিটি তৈরী করবেন এবং তারা এই সমস্ত খেলাধুলোগুলি পরিচালনা করবেন। তা যদি হয় তাহ'লে আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, এই আইন চালু হ'লে ইণ্ডিয়ান ফুটবল এ্যাসোসিয়েসন কিম্বা ক্রিকেট এ্যাসোসিয়েসন অফ বেঙ্গল বা ওয়েষ্ট

বেঙ্গল হকি এ্যাসোসিয়েসন তাদের কি কর্ত্তব্য থাকবে। ডাঃ রায় আমাদের শুনিয়েছেন যে, তারা তাদের কাজ ক'রে যাবে—তাদের কোন কাজ এই বিলের দ্বারা ব্যাহত হবে না। তা যদি হয় তাহ'লে বাংলাদেশের খেলাধুলা পরিচালনা ব্যাপারে একটা দ্বৈতশাসন হয়ে যাবে। যার ফলে আমি মনে করি যে, ক্রীড়া জগতে একটা কনফিউসনের সৃষ্টি হবে। যদি এই বিলের মাধ্যমে সমস্ত খেলাগুলোকে কেন্দ্রীভূত করতে হয় তাহ'লে আমি মনে করি এই বিলটাকে পাবলিকের মধ্যে সার্কুলেট করা হোক। এই সমস্ত সংগঠনের মধ্যে এই বিলকে আলোচনা করবার জন্য সুযোগ দেওয়া হোক, যাতে এই বিলটিকে ভালভাবে সংশোধিত ক'রে তারা নিজেরা এই এ্যাসোসিয়েসনের মধ্যে আসতে পারেন। এর মধ্যে এসে বাংলাদেশের ক্রীড়া জগৎকে ভালভাবে পরিচালনা করতে পারেন। যারা বাংলাদেশের ক্রীড়ামোদী এবং ক্রীড়া সম্বন্ধে বোঝেন কিম্বা ভাল ভাল খেলোয়াড়, তাদের নিয়ে এসে এই সংগঠন করুন। এ ছাড়াও আর একটা জিনিষ আমি মুখ্য মন্ত্রী মহাশয়ের গোচর করতে চাই। সেটা হচ্ছে এই যে বিলের মধ্যে আমরা যা দেখছি তাতে মনে হচ্ছে গভর্ণমেন্ট কর্ত্তৃক স্পোর্টসকে কন্ট্রোল করবার একান্ত প্রচেষ্টা এই বিলের মধ্যে রয়েছে। প্রথম কথা হচ্ছে যে, যারা খেলোয়াড় এবং ক্রীড়ামোদী তাদের দ্বারা এই খেলা পরিচালনা হওয়া দরকার। সরকারের পক্ষ থেকে কেবল সাহায্য করা দরকার।

[At this stage the red light was lit.]

Mr. Speaker:

শেষ করুন।

Dr. Kanailal Bhattacharya:

আমার দু-এক মিনিট লাগবে, স্যার। আমি মনে করি যে সরকারের পক্ষ থেকে এই জিনিষটাকে সাহায্য করা প্রয়োজন। একে কন্ট্রোল করার কোন প্রয়োজন নাই। কিন্তু আমরা দেখতে পাচ্ছি একটি ধারা বিলের মধ্যে সন্নিবেশিত রয়েছে যার মাধ্যমে কন্ট্রোল বোর্ড তৈরী করা হবে এবং যার হাতেই সবচেয়ে বেশী ক্ষমতা নিহিত করা হয়েছে। এবং সেই বোর্ড সরকার কর্ত্তৃক মনোনীত হবে। বিভিন্ন ধারার মধ্যে সরকার কিভাবে খেলাধুলোকে কন্ট্রোল করবেন সেইটাই রয়েছে বেশী। আমি মনে করি এর দ্বারা ক্রীড়া জগতের ভাল গ্রোথ হবে না। বরং এর দ্বারা গ্রোথ অনেকখানি "হ্যামপার্ড" হবে ব'লে আমি মনে করি। আজকে এটা সরকার কন্ট্রোল করবেন এবং সরকার কন্ট্রোল করা মানেই, যে রাজনৈতিক দল সরকারের মধ্যে থাকবেন তাঁরাই কন্ট্রোল করবেন। তাহ'লে অন্যান্য রাজনৈতিক দল যারা বিরোধী পক্ষ তাঁরাও সেটা কন্ট্রোল করবার চেষ্টা করবেন, যার ফলে দেখা যাবে খেলাধুলোর মধ্যে রাজনীতির অনুপ্রবেশ ঘটেছে। এর দ্বারা আমি মনে করি যে, খেলাধুলোর মান অনেকখানি নষ্ট হয়ে যাবে।

আর একটি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। সেটা হচ্ছে যে, যে-সমস্ত খেলোয়াড়রা আজকে বাংলাদেশে নাম করেছেন কিম্বা আগে করেছিলেন তাঁদের সম্বন্ধে কোন বন্দোবস্ত করার জন্য বিলের মধ্যে কোন নির্দ্দেশ নেই। সেই নির্দ্দেশ থাকলেই খুব ভাল হোত। আর যে-সমস্ত আলোচনা আমার আছে তা আমি ক্লজ বাই ক্লজ যখন আলোচনা হবে তখন পেশ করব। কিন্তু তার আগে আমি হাউসকে অনুরোধ করব যে, এই বিলের মধ্যে অনেক গলদ রয়েছে তাই এটাকে সার্কুলেট করা হোক যাতে বিভিন্ন স্পোর্টস অরগ্যানাইজেসন এটা আলোচনা করতে পারে এবং উপদেশ দিতে পারে, যার ফলে এই বিলটি একটি ভাল আইনে পরিণত হ'তে পারবে এবং যার দ্বারা আমাদের ক্রীড়া জগতের আরও উন্নতি হবে এবং তার দ্বারা আমাদের ক্রীড়া কেন্দ্রীভূত হবে।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যখন এই বিলটার কথা শুনেছিলাম—অনেক দিন আগে থেকেই শুনেছিলাম—গভর্ণমেন্ট একটা কিছু করবেন তখন একটা আশার আলো জেগেছিল। কিন্তু বিলটা যখন প্রথম দেখলাম তখনই একটা ষ্টেজ অফ ডিসিলিউসানমেন্ট হ'ল। কিন্তু

কাল মুখ্য মন্ত্রী মহাশয়ের বক্তৃতায় আমার আশার ব্যারোমিটারএর মার্কারি একেবারে "০"তে নেমে গিয়েছে। তিনি বলেছেন, বিলের উদ্দেশ্য প্রথম, মাঠে যে অনেক সময় গণ্ডগোল হয়, রায়ট হয়, রাউডিজম হয়, স্টেডিয়াম হ'লে সেটা বন্ধ হবে, এবং তাঁর দ্বিতীয় পয়েন্ট হচ্ছে স্টেডিয়াম করবার জন্য ফাইনান্সিয়াল এক্সপেক্টেসান। আমরা দেখেছি তাঁর বক্তৃতার দুটো দিক—একটার মধ্যে হোম মিনিস্টারের মূর্ত্তি আর একটা দিকে ফাইনান্স মিনিস্টারের মূর্ত্তি। কিন্তু বিলের মধ্যে কোন জায়গায় দেখতে পাই না যে স্পোর্টসএর উন্নতির জন্য তিনি স্পন্সোর অফ স্পোর্টস হিসেবে কিছু বলেছেন।

আমার প্রথম বলবার কথা—বক্তৃতা প্রসঙ্গে তিনি বলেছেন যে বর্ত্তমানে যে-সমস্ত সংস্থা আছে তার এ্যাডমিনিষ্ট্রেসনএর মধ্যে বিশেষ হস্তক্ষেপ করা হবে না, তাদের অটোনমি বজায় থাকবে। কিন্তু একটা জিনিষ আমি বলতে চাই, সেটা হলো, আমাদের যে-সব খেলাধুলো আছে, যেমন ফুটবল, হকি, ক্রিকেট এগুলো—অল ইণ্ডিয়া ব্যাপার।
All-India Football Federation, All-India Hockey Federation
আছে। যদি এই এ্যাসোসিয়েসনগুলি আজকে ষ্টেট এ্যাসোসিয়েসন বা ক্যালকাটা স্পোর্টস বিলএর মধ্যে আসে, তাহ'লে তাদের দুটো মনিব হবে; এবং অল ইণ্ডিয়া ফেডারেসান হ'লেও এখানকার যে-সমস্ত আইন হচ্ছে, তার মধ্যে থাকতে হবে। এর ফলে
serving two masters at the same time
যে কি ডিফিকাল্ট তা সকলেই জানেন।

দ্বিতীয় কথা—এক বন্ধু ব'লে গেলেন, "এখানকার এ্যাসোসিয়েসানের সঙ্গে রয়েছে প্রত্যেক ক্লাবের সম্পর্ক, আর ক্লাবের সঙ্গে মেম্বারদের বা প্লেয়ার্সদের সম্পর্ক রয়েছে, অতএব ধরতে গেলে ব্যক্তিগতভাবে বিলে যা ধরা হয়েছে সেই পার্সনএর সঙ্গে আলটিমেটলি অল ইন্ডিয়া ফোরামএর সম্পর্ক আছে"।

তৃতীয় কথা—তিনি বলেছেন, এ্যাসোসিয়েসন যে তৈরী হবে তার সভ্য হবে প্রায় পাঁচ হাজার। এই পাঁচ হাজার মেম্বার হাজার টাকা ক'রে দিলে ৫০ লক্ষ টাকা হ'য়ে যাবে। ষ্টেডিয়ামএর জন্য কত ক্যাপিটাল তা বলা হয় নাই। কিন্তু আমি জিজ্ঞাসা করি—এই যে এইরূপ ব্যাপার ঘটলে সেটা প্র্যাক্টিক্যালি ষ্টেডিয়ামটা কি হ'য়ে দাঁড়ায় না একটা লিমিটেড কনসার্ন? এই যে লিমিটেড কনসার্ন এতে হাজার টাকার শেয়ার ফ্লোট করলে সে ত একটা লিমিটেড কোম্পানি হ'য়ে যায়, এবং তার শেয়ার-হোল্ডারসদের ভিতর থেকেই বোর্ড অফ ডিরেক্টরস হয়। এবং লিমিটেড কোম্পানির শেয়ার-হোল্ডারসদের নির্ব্বাচিত বোর্ড অফ ডিরেক্টাররাই টাকা হ্যাণ্ডেল করে। কাজে তাদের হয় ত অনেক সময় গলদ হয়, ভুল হয়, এবং ডাইরেক্টরদের দোষে অনেক কোম্পানি উল্টেও যায়—কিন্তু ইংরেজীতে একটা কথা আছে,
Even in democracy we must have the right to commit mistakes
এ-কথা সত্য। কিন্তু মিসটেক যে করতে হবে তা বলছি না। কিন্তু এ-কথা কখনো শোনা যায় নি যে মেম্বারস অফ দি এ্যাসোসিয়েসন তাদের কোন কন্ট্রোল থাকবে না—থাকবে বোর্ডের হাতে। নমিনেটেড ডাইরেক্টরস যাঁরা হবেন লিমিটেড কনসার্নএ তাঁরা দেবেন আর একজনকে জবাবদিহি, এবং বাজেট সেখানে যে তৈরী করবেন তা যাবে ষ্টেট গভর্ণমেন্টে, এই ব্যাপার দেখে মনে প'ড়ল একটা কথা—

"লঙ্কায় রাবণ ম'ল,
বেহুলা কেঁদে বিধবা হ'ল।"

[4-50—5 p.m.]

অর্থাৎ কি সম্পর্ক রইল
between the members and the controlling authority
সেটা বুঝতে পারলাম না। আর একটা জিনিষ হচ্ছে টাকা দিয়ে যে মেম্বারস হবে, আপনারা বুঝতে পারছেন—অন্ততঃ কংগ্রেস বন্ধুরা জানেন আবাদী কংগ্রেসের সোসিয়েলিষ্টিক

প্যাটার্ণ,—হাজার টাকা দিয়ে অর্ডিনারী গরীব লোকরা মেম্বার হ'তে পারবে না। অথচ জনসাধারণ মেম্বার হ'তে পারে এই ব্যবস্থা যদি থাকতো অর্থাৎ অল্প মূল্যে যদি মেম্বার হওয়া যেতো তাহ'লে সোসিয়েলিজ্‌ম্‌এর আর একটা মূর্ত্তি দেখতে পাওয়া যেতো। এ জিনিষ করা হচ্ছে কি, আপনারা বলছেন স্পোর্টসএর মধ্যে সবই ভাল আছে, তা নয়। কিন্তু যে জিনিষ সাজেস্ট করা হচ্ছে, ট্রিটমেন্ট হিসাবে সেটা হচ্ছে

transfering the monopoly or autonomy from some hand to some other:

আমাদের খালি ভয় হয়

the treatment suggested by the biggest physician might be worse than the disease itself

এই কথাই আমাদের মনে হয়।

দ্বিতীয় কথা হচ্ছে, এই বিলকে ক্যালকাটা স্পোর্টস বিল কেন নাম দেওয়া হ'ল? আমরা চেয়েছি বাংলাদেশে খেলাধূলার উন্নতি করবার প্রচেষ্টা। আজকে মুখ্য মন্ত্রী মহাশয় বলেছেন বর্ত্তমানে আমরা কলিকাতায় করছি, তারপর মফঃস্বলে, জেলা ও মহকুমায় করবো এবং ডাঃ ব্যানার্জ্জিও সে-কথা বলেছেন। আমি বল্‌বো তাই যদি উদ্দেশ্য থাকে সেটা নামকরণ থেকে আরম্ভ করলেই হয়। এটাকে যদি বেঙ্গল স্পোর্টস বিল নাম দেওয়া হয় তাহ'লে কোন ক্ষতি হ'ত না। আপনারা অনেক বিলের এ্যাপ্লিকেশন করেছেন বাই ষ্টেজেস, কিছু কিছু ফলের উপর ট্যাক্স ধার্য্য করেছেন, জানি না নিষ্ফল হবে কি না। পরে এটাকে এক্সটেন্ড করতে পারবেন এই প্রভিসনটা রেখে বেঙ্গল স্পোর্টস বিল যদি নাম দিতেন তাহ'লে মফঃস্বলের লোকের মনে আশার সঞ্চার হ'ত। আমি আশা করি নামকরণ ক্ষেত্রে মন্ত্রী মহাশয় এটা করতে পারেন।

[At this stage the blue light was lit.]

আমার আর একটু সময় লাগবে। আমার বক্তব্য এইটুকুই বলবো, নামটা চেঞ্জ ক'রে দিলে মহাভারত অশুদ্ধ হবে না এবং কলিকাতায় ষ্টেডিয়াম করার কোন বিঘ্ন হ'তে পারে না। কিন্তু তাতে কলিকাতার বাইরে যারা আছে তাদের মনে একটা আশা জাগবে যে একদিন ডিষ্ট্রিক্টএ ষ্টেডিয়াম হ'তে পারে। মুখ্য মন্ত্রী মহাশয়কে বলছি যে অন্যান্য দেশে ষ্টেডিয়াম যে শুধু মেট্রোপলিসএই থাকে তা নয়, কাউন্টিতে কাউন্টিতেও থাকে। আমি স্কটিশ ফুটবল দেখে এসেছি। আমাদের এখানে সবচেয়ে ভাল খেলা মোহন বাগান-ইষ্ট বেঙ্গলের এবং তা খেলা হয় সব সময়েই কলিকাতায়। কিন্তু সেখানে দেখেছি ফুটবল এডিনবারাতে এই সীমাবদ্ধ নয় গ্লাসগোএ আছে, এবারডিনএ আছে। ফলে, সেখানে সমস্ত দেশটাই স্পোর্টস-মাইণ্ডেড এবং তারমধ্যে থেকেই ভাল ভাল খেলোয়াড় বেরিয়ে আসে। আপনারা দেখবেন বাংলাদেশের সব জায়গাকে চুসে কলিকাতার ফুটবল তৈরী হয়েছে। এটা সোসিয়েলিষ্টিক প্যাটার্ণ নয়, এটা হচ্ছে ক্যাপিটালিষ্টিক। আপনারা জানেন প্রকৃত প্লেয়ার্স কোথা থেকে আসে। "কুমার" এসেছিল কোথা থেকে; "সামাদ" এসেছিল কোথা থেকে? এখানে প্লেয়ার প্রোডিউস হয় না। এখানে যারা আসে তাদের এক্সপ্লয়েট করা হয়, তারা কলকাতার পোষ্যপুত্র। অতএব এখানে প্লেয়ারস তৈরী হয় না। ক্যালকাটা প্রায় এ্যাবসলিউটলি ষ্টেরাইল, অন্ততঃ ফুটবল প্লেয়ার তৈরী করার ব্যাপারে। সুতরাং মফঃস্বলকে যদি এই বিলের মধ্যে ইন্‌ক্লুড না করা হয় তাহ'লে আমি বলবো সত্যই মফঃস্বলের প্রতি একটা অবিচার করা হচ্ছে এবং সেদিক দিয়ে অনুরোধ করবো আপনারা অন্ততঃ নামকরণের দিক দিয়ে এর বিরোধিতা করবেন না। আপনারা ভালর জন্যই করছেন। এটা যদি করেন তাহ'লে অন্ততঃ আবাদী কংগ্রেসের সোসিয়েলিষ্টিক রেসোলিউসনএর একটা দিক ফুটে উঠবে। আমাদের দেশ স্পোর্টস-মাইণ্ডেড হবে।

আমার তৃতীয় কথা হচ্ছে স্পোর্টসএর মধ্যে কপাটি খেলার কথা অনেকেই বলেছেন। আমি বলতে চাই, আপনারা জানেন কপাটি খেলার মধ্যে অনেক বিভিন্ন ক্ষেত্রে ভাল লোক রয়েছে। শ্রমিক শ্রেণীর মধ্যে আছে, চাষীর মধ্যেও আছে, তাদের পক্ষে এই বিলের সুযোগ

নেওয়ার কোন প্রোভিসন এই বিলের মধ্যে নেই। যারা এরিস্টোক্র্যাট তারাই আজ এই বোর্ড বা এ্যাসোসিয়েসনএর মেম্বার হবে। যারা লক্ষপতি তারা থাকবেন কিন্তু যারা সাধারণ ক্রীড়াবিদ তাদের বল্‌বার কিছু নেই। দরিদ্র জনসাধারণ বা নিম্নস্তরের লোকের কিছু বলার থাকবে না, যদিও তাদের মধ্যে অনেক উপযুক্ত লোক আছে। আমি এই কথাই বলবো—

> "Full many a gem of purest ray serene,
> The dark unfathomed caves of ocean bear."

সেখানে তাদের তুলবার জন্য কি হবে সে কথা এই বিলের মধ্যে নেই। আর একটা কথা আমি বলবো, এই যে আমাদের যে প্লেয়ারস আছে এই প্লেয়ারসদের মধ্যে অনেকে জানেন এবং অনেকে বলেছেন দুর্নীতির কথা। মুখ্য মন্ত্রী মহাশয় বলেছেন যে স্পেশ্যাল পুলিস আমাদের খেলায় সাহায্য করে। স্পেশ্যাল পুলিস থাকলে গুণ্ডাইজম্, রাউডিজিম্ কেন হয়? তাঁর পুলিস কাজ করে না, তাঁর ইন্টেলিজেন্স ব্রাঞ্চ আছে, তিনি কি জানেন না ইডেন গার্ডেনের গাছের তলায় চ্যারিটি ম্যাচএর টিকিটের ব্ল্যাক-মারকেটিং হয়? যদি এই খবর তাঁর কাছে গিয়ে পেঁৗছে না থাকে, তাহ'লে আমি বলবো তাঁর পুলিস বিভাগ এ্যাবসলিউটলি ওয়ার্থলেস। এবং এ জিনিষ আজকে নয় অনেক বৎসর ধ'রে চলছে। উনি আমাদের কাছে বলুন এর জন্য পুলিস ডিপার্টমেন্টএ যারা দায়ী তাদের পানিশমেন্ট দেবার কি করেছেন? অতএব দুর্নীতি বন্ধ করবার জন্য এই বিল আনার প্রয়োজন ছিল না। যে ক্ষমতা গভর্ণমেন্টের হাতে আছে তাতেই হ'ত। পুলিস এবং অন্যান্য লোক যাদের গুণগান উনি করছেন তারা যদি তাদের নিজেদের কর্ত্তব্য করতো তাহ'লে দুর্নীতি, রাউডিজম্‌এর জন্য এই বিল আনার প্রয়োজন ছিল না। ষ্টেডিয়াম করার জন্য এই বিল আনার প্রয়োজন ছিল না। গভর্ণমেন্ট ষ্টেডিয়াম তৈরী করবেন কিন্তু যদি দুর্নীতি বন্ধ করতে চান তাহ'লে এ বিলএর সম্পর্কে "স্পোর্টস" কথাটা তুলে দিয়ে অন্ততঃ

combating of rioting and the erection of Stadium Bill

এই করলেই হ'ত। আমি এইটুকুই বলতে চাই যে আপনারা জানেন অন্যান্য যেসব সংস্থা আছে—যেমন ইণ্ডিয়ান ফুটবল এ্যাসোসিয়েসন—তারা একটা জয়েন্ট ষ্টেটমেন্ট দিয়েছিল, তাদের মধ্যে অন্ততঃ দায়িত্বজ্ঞানহীন লোক আছে এ-কথা বলবো না। বর্ত্তমানের আই, এফ, এ,র প্রেসিডেন্ট, মিঃ এস, এম, বসু, ক্রিকেট এ্যাসোসিয়েসানএর বেঙ্গলএর প্রেসিডেন্ট শ্রীতুষারকান্তি ঘোষ, যাদের নাম লোকে অন্ততঃ জানে এবং আমাদের কংগ্রেস গভর্ণমেন্ট যাঁদের বিশ্বাস করেন, তাঁরা এই কথা বলেছেন যে বিলএর সমস্ত প্রোভিসনগুলি দেখে তাঁরাও সন্তুষ্ট হ'তে পারেন নি। বিলের ড্রাফ্‌টিংএর সময় তাঁদের কন্সাল্ট করা হয় নি।

It was news to me to know this.

আমরা ভেবেছিলাম যে-সমস্ত এ্যাসোসিয়েসন আছে, মুখ্য মন্ত্রী মহাশয় তাদের ডেকে তাদের সঙ্গে আলোচনা ক'রে এবং যারা স্পোর্টস পরিচালনা করেন—সে কংগ্রেস দলেরই হ'ক বা বিরোধী দলেরই হ'ক—তাদের সঙ্গে আলোচনা ক'রে এই বিল ড্রাফ্‌টেড হয়েছে। আমি অবশ্য সহযোগিতার মনোভাব নিয়েই এই কথা বলছি যারা কংগ্রেসম্যান তারা ফুটবল ভালবাসে, আমরাও ভালবাসি। স্পোর্টস দেখতে সকলেই ভালবাসে। কারণ এর মধ্যে দলাদলি বা রাজনীতির কথা নেই। কিন্তু সেটা সুষ্ঠুভাবে করতে গেলে পর যে দৃষ্টিভঙ্গী নিয়ে বিলটা ড্রাফ্‌টেড হওয়া উচিত ছিল, দেখা যাচ্ছে যে তা হয় নি। সি, এ, বি,র প্রেসিডেন্ট তুষার বাবু—যেখানে আমাদের মুখ্য মন্ত্রী মহাশয় একদিন প্রেসিডেন্ট ছিলেন; কাজেই দলের প্রশ্ন উঠে না। আমি এখানে বলছি যে

provision of the Bill is so far-reaching,

এতে ইম্‌প্লিকেসানস এত বেশী কেন জানি না। ধীরে ধীরে যাওয়া উচিত ছিল। যদি গুণ্ডা দমন, মারামারি বন্ধ করার জন্য এই বিল হয়ে থাকে, তা তিনি তাঁর ওপেনিং স্পীচএ ব'লে গিয়েছেন, তাহ'লে এই বিলের প্রয়োজনীয়তা আমরা দেখছি না। খেলার জন্য এই বিলটা হ'ক। বিলটাতে এমন প্রোভিসন করুন। আপনি অনুগ্রহ ক'রে বিলটাকে তাড়াতাড়ি পাশ না করিয়ে, এতদিন গিয়েছে, আর দুই দিন বিবেচনা ক'রে, যারা যারা ক্রীড়ামোদী বা

অন্যান্য যে-সমস্ত দল আছে, তাদের সঙ্গে পরামর্শ ক'রে আপনি এমন একটা বিল আনুন যাতে সমস্ত দল নিরপেক্ষভাবে একসঙ্গে বসে সেটা ক্যারি করতে পারে। তাহ'লে আর ডিভিসনএর প্রয়োজন হবে না। তাহ'লে অন্ততঃ বাংলাদেশের মুখ্য মন্ত্রী মহাশয় একটা কীর্ত্তি রেখে যাবেন।

[5—5-10 p.m.]

Sj. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ তিন বছর ধ'রে আমরা যে আবেদন ক'রে এসেছিলাম, যে দাবী করেছিলাম যে আড়াই কোটি বাঙ্গালীর খেলাধুলার জন্য সরকার কিছু চেষ্টা করুক—বাঙ্গালী জাতির যাতে স্বাস্থ্যের উন্নতি হয়—বাঙ্গালীর আগেকার দিনের যে খেলাধুলো ছিল এবং সহরে আজ যেসব খেলাধুলার চলিত হয়েছে—আমি বলি না সে খেলাধুলো দেশী কি বিদেশী, যে খেলা আজ বাংলাদেশের সহরে এবং গ্রামে সাধারণ ছেলেরা এবং যুবকেরা খেলে থাকে তারই যাতে উন্নতি হয় সরকার তার চেষ্টা করুক। এবং সাথে সাথে আমাদের এ দাবীও ছিল যে কলিকাতা সহরে অন্ততঃ একটি ষ্টেডিয়াম তৈরী করা হোক যার দ্বারা ক্রীড়ামোদী দর্শক যারা তাদের সুবিধা হবে এবং এই টিকিটের যে লীলাখেলা চলে বা কালোবাজারী চলে সেটা দূর হবে। মুখ্য মন্ত্রী মহাশয় যেটাকে গুণ্ডামি বলেন সেটা দূর হবে। দর্শকদের দেখবার অত্যন্ত ইচ্ছা এবং দেখতে না পেলে যে চাঞ্চল্য আসে এবং সেই চাঞ্চল্যের ফলে ছেলেরা যে উত্তেজিত হয়ে পড়ে সেটা গুণ্ডামী নয়। অন্ততঃ আমরা সেটা গুণ্ডামী বলি না। [নয়েজ]

Sj. Koustuv Kanti Karan:

ষ্টেডিয়াম হ'লেও রেফারিকে মারাটা——

Sj. Amarendra Nath Basu:

ষ্টেডিয়াম হ'লেও রেফারিকে মারতে পারে ভাই! আমরা যখন বিলটির আসার কথা শুনেছিলাম তখন ভাবছিলাম যে মুখ্য মন্ত্রী মহাশয় সকল দিক চেয়ে এই রকম একটি বিল আনবেন যা নিয়ে আমরা গত তিন বছর আলোচনা করেছি। কিন্তু এখন দেখতে পাচ্ছি তা নয়। জানি না এই যে তিনি আইন করেছেন এবং কমিটি করেছেন তাতে কতদূর কি করতে পারবেন। কিন্তু এখন সাধারণভাবে যা দেখছি তাতে একটি ষ্টেডিয়ামমাত্র খাড়া করা যেতে পারে। যাক আমরা এটাকে প্রথম পদক্ষেপ হিসাবে ধ'রে নিলাম কিন্তু আমি বলব যে আমাদের পক্ষ থেকে যে-সব সংশোধনী প্রস্তাবগুলি এসেছে সেগুলি তিনি চিন্তা ক'রে দেখুন। এ ক্ষেত্রে অন্ততঃ এই বিলের আলোচনার সময় তিনি যেন মনে না করেন যে ওঁরা সরকার পক্ষ এবং আমরা বিরোধী পক্ষ। যখন আমরা আড়াই কোটি লোকের স্বাস্থ্যের বা খেলাধুলার কথা চিন্তা করি তখন নিশ্চতই আমরা মনে করি যে এই আড়াই কোটি লোকের মধ্যে বহু কংগ্রেসের লোক আছেন এবং আমাদেরও লোক আছেন। আমরা কাউকে বাদ দিয়ে চিন্তা করি না। আমরা সেখানে সমস্ত জাতির কথা ভেবেই চিন্তা করি। সেইজন্য মন্ত্রী মহাশয় যেন মনে না করেন যে আমাদের এই আলোচনাগুলি বিরোধী পক্ষের আলোচনা। এই বিলটিকে আরও ভাল ক'রে, কাজে লাগাবার উপযুক্ত ক'রে চালু করবার জন্যই আমরা এই সংশোধন প্রস্তাবগুলি এনেছি। সত্যিই আমার সহকর্ম্মী শ্রীগনেশ ঘোষ মহাশয় যেসব কথাগুলি বলেছেন, খেলা শিক্ষা দেবার কথা তা চিন্তা করবার কথা। অবশ্য পরে শিক্ষা দেবার কথা আপনারা তুলেছেন। এদিকে প্রথম নজর দেওয়া উচিত ছিল। আজকে আমরা একটা বিরাট ষ্টেডিয়াম করছি এবং তাতে বোধ হয় এক লক্ষ লোক বসতে পারবে কিন্তু খেলার মান যদি না বাড়ে তাহ'লে তারা দেখতে আসবে কেন? বিদেশ থেকে

যারা খেলতে আসবে তারা যদি সকল দিক থেকে আমাদের হারিয়ে দিয়ে চ'লে যায় তাহ'লে সেখানে টিকিট বিক্রী হবে কেন? কাজেই এই ১ লক্ষ দর্শক যোগাড় করবার জন্যও আজ সারা জেলাতে ফুটবল, টেনিশ, হকি, ক্রিকেট, ব্যাডমিন্টন, টেবিল টেনিশ, কুস্তি, লাঠি, সাঁতার এমন কি আদিবাসীরা যেসব খেলা করে যা আমরা জানি না সেই তীর-ধনুক থেকে আরম্ভ ক'রে সবগুলির উন্নতির চেষ্টা তিনি করুন। আমি নিশ্চিত তাঁকে বলতে পারি যে তার জন্য যদি তিনি প্রস্তুত থাকেন তাহ'লে আমরা পরিপূর্ণ সহযোগিতা তাঁকে দেবো। কিন্তু তিনি যদি তা না মনে ক'রে এই কথাই ভাবেন যে যারা এই দুর্নীতি করছে এই খেলার মধ্যে সেই সব লোকগুলোকে নিয়ে আবার আর একভাবে এই খেলাধুলার মধ্যে বিশৃঙ্খলা সৃষ্টি করবেন তাহ'লে পরিপূর্ণ সমর্থন আমরা জানাতে পারি না। আমি আশা করব যদি তিনি আমাদের এই সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করেন তাহ'লে বুঝতে পারব তাঁর মন কোনদিকে চলছে। এই অবস্থায় আমি তাঁকে অনুরোধ করব এই সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করতে। আমার বন্ধু শ্রীগনেশ ঘোষ যখন বক্তৃতা দিচ্ছিলেন এবং বলছিলেন যে কলকাতার পার্ককে শুধু গাছ দিয়ে আর বেড়া দিয়ে রেখে দেওয়া হয়েছে ছোট ছোট ছেলেদের খেলবার সুযোগ ক'রে দেওয়া হচ্ছে না বরং খেলা বন্ধ ক'রে দেওয়া হচ্ছে তখন আমার কংগ্রেসী বন্ধু একজন বলেছিলেন যে ভাল কাজই কার হচ্ছে। আমি তাঁকে এই কথাই বলব ছোট ছেলেরা আজ রাস্তায় ফুটবল খেলে। ঐ গাছ উপড়ে দিয়ে মুখ্য মন্ত্রী মহাশয় নির্দ্দেশ দিন কর্পোরেসনকে ছোট বড় যতগুলি পার্ক আছে তাতে ছেলে-মেয়েদের খেলার বন্দোবস্ত করে দিতে। ঐ গাছ দিয়ে বাহার করবার দরকার আজকে নাই। যেখানে ডালভাত মানুষকে দিতে পাচ্ছি না সেখানে মাংস খাওয়াবার কথা চিন্তা করলে চলবে না। আগে ছেলেদের খেলাধুলা, পরে আমরা বাহারের জন্য কলকাতায় ভাল বাগান করতে পারি। আজ আমি এই আশা রাখব যে আমাদের মুখ্য মন্ত্রী মহাশয় বীরেন বাবুর এবং গনেশ বাবুর, ডাঃ নারায়ণ রায়, আরও আরও যাঁরা যে সংশোধনী প্রস্তাবগুলি এনেছেন সেগুলো বিবেচনা ক'রে গ্রহণ করবেন। প্রয়োজন হ'লে তিনি ১ ঘন্টার মত সভা বন্ধ রেখে তাদের সঙ্গে আলোচনা করবেন এবং তা ক'রে এই বিলটিকে সর্ব্বাঙ্গ সুন্দর করবেন।

Sj. Raipada Das: Mr. Speaker, Sir, instead of calling the Bill "The Calcutta Sports Bill, 1955" it would have been more appropriate to name it "The Calcutta Sports Board Bill, 1955" in view of the plenary powers proposed to be given to the Board. All the five members of the Board shall be appointed by the State Government, and the manner of appointment and the terms of service shall also be determined by the State Government. The Board will have absolute power, regarding the management and control of any play-ground and sports stadium erected by or transferred to it. All the members of the Board shall be *ex officio* members of the Sports Control Committee to be constituted by the Association. The whole show, as will be crystal clear to any who cares to go through the Bill, will be bossed by the Board. And the Board with its sweeping powers will be nothing short of or nothing more than a Government Secretariat to carry out the whims and caprices of the Government. Thus, sports, the only virile and healthy pastime of the youth of the country, will be regimented and will lose the fervour and youthful abandon which go to make sports really enjoyable.

Our Congress Government, which is spreading its tentacles all around, has now chosen to come down upon sports in the name of expanding and improving them. What the people asked for was a stadium. Instead, they find themselves in a quandary, so ingeniously conceived and created by the Government. The people's clamour for a stadium could not have been more heinously gagged.

Now, about the Association and the Committee. For the first two years it will consist only of such persons as the State Government may appoint members thereof. Thus, it will be under the absolute control of

the Government, and neither the C.A.B. nor the general public will have any say in the matter. The special sub-committee of the C.A.B. met at the Amritabazar Patrika city office on Monday last and were unanimously of the opinion that the Calcutta Sports Bill in its present form was unworkable and was likely to defeat the very purpose for which it had been framed. Even after the expiry of the first two years the Association will have no control of the Sports Fund which shall be vested in and be under the control of the Board. All moneys credited to the Sports Fund shall be received by the Board which may, from time to time, advance to the Association or the Committee such amounts as it may think necessary to oblige the Association or the Committee. So, to all intents and purposes, it is the Board which will be the controlling authority and not the Association which will be something like an Advisory Body, divested of all executive functions. As it is with the Association, so will it be with the Committee where all the Government appointed members of the Board will be *ex officio* members. In short, the popular element disappears altogether and the Congress bureaucracy steps in. Thus, a stadium, if at all erected, will fail to rouse enthusiasm in the people who will look askance at it and will never regard it as their own.

[5-10—5-20 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have not heard much of serious comment over the proposition that is before the House, namely, the enactment of a Sports Bill. Sir, there are certain points in which there is no difference of opinion, namely, that there are abuses in the sports circle or that there has been disturbance in the conduct of matches, that there are vested interests which have entrenched themselves behind these sports organisations, that the general standard of sports in Calcutta and West Bengal has gone down. It is a common ground and it is also clear—nobody can deny that fact—that if you want to bring in new blood—as you must—then you must also think in terms of development of sports amongst children, give them playgrounds, give them food for their nourishment and so on and so forth. They are all very important questions, but the question that we have before the House today is that you have to begin somewhere and my feeling is that you should begin first of all by providing accommodation for the sports loving people. It would be wrong for anyone to say that this Bill has been hatched without consulting anybody. I have consulted all the representative associations including Kabadi Association, Swimming Association, Tennis Association and so on. Various associations came and saw me and it has been discussed over and over again by various representatives. It is possible that some persons in the Assembly who may be important exponents of the games have not been consulted. Surely, I did not consult Sj. Atulya Ghosh alone, as Sj. Ganesh Ghosh seems to think, but he is not an untouchable. He has got his own right of saying what he thinks best in the matter of sports in Bengal. So does the ex-Mayor of Calcutta and the ex-Deputy Mayor. Can I stop them? Everybody has his own opinion. The first point that I want to draw your attention to is that although the Bill is called the Calcutta Sports Bill and although it is said that it extends to Calcutta, if you read through the Bill you will see that the affiliated sports associations need not be an organisation in Calcutta. Any sports organisation can be recognised by the Association if it so desires. It is according to the rules that are framed. I found from different sports organisations whom I consulted that different sports have got different standards of development—football has its own development, cricket has also got its own and that is also the case with regard to kabadi, swimming,

and lawn tennis, etc. But the latter have not got such well-organised associations behind them as we have got in football and cricket. Therefore, we have kept it vague to a certain extent saying that the Association will recognise not merely the organisations in Calcutta but organisations all over Bengal. So the operation of the Bill and the activities of the Association need not be confined to Calcutta. Read the Bill and you will find it.

The next point is that the Association has not been given any power. It has been given important power, namely, the power of constituting the Sports Control Committee under section 6. It is also given the power to affiliate sports organisations on payment of fee prescribed in this behalf. I feel that these are the two most fundamental powers which the Association possess. Now, you will find also in the amendment of Sj. Gopika Bilas Sen Gupta which makes it clear that in case of those who want to become members of the Association the fees that are payable would be as prescribed by the rules, but we have deliberately put in "subject to such exemptions from payment of fees as may be prescribed in this behalf" with the result that any important and prominent man in sports circle if he cannot pay the fees prescribed by the rules there may be rules that will exempt him from paying fees. Therefore, all this bogey about having only the big capitalists has no legs to stand upon.

The next question is, as I said before, that it is not enough to provide a stadium but it is also necessary that we should have arrangements for the development of the sports, and training of sportsmen. Sir, about Shri Subodh Banerjee's suggestion for the training of sportsmen, at first I did not think that we would burden the Committee with the task of training of the sportsmen as I was advised that if we put down the words "take steps for the development of sports" that would include a variety of things not merely the question of giving proper food or giving proper nourishment or helping the poor sportsmen but various other things will be included in that particular language.

Then the question has been raised as to what arrangements have been made for the different associations to have contact with associations outside India. Sir, I did refer to it in my opening speech and I may repeat again that the Control Committee may delegate its power to arrange and manage matches by a sub-committee constituted according to such rules as may be prescribed, the rules being made to provide for the representation of affiliated sports organisations interested in the particular branch of the sport for which it is constituted.

[5-20—5-45 p.m.]

As you know, we have started with not very good data about the organisational condition of the different sports. Therefore, we have suggested that the Sports Control Committee will have small sub-committees to whom power will be delegated to arrange, organise and manage sports and matches. Such sub-committees will consist of representatives of affiliated organisations interested in a particular branch of sport, with the result that if the Indian Hockey Association or the Bengal Association is to play a game with a hockey team from Yugoslavia all that we need do is that the sub-committee which will be in charge of hockey will get in touch with the organisation outside. Similarly it will happen with regard to all other organisations. I do not think that we can visualise all the conditions that may arise—and which have arisen in the minds of some of my friends here—in future about our relationship in matches and sports with the outside world, but as we go along if we cannot

provide for all the contingencies by means of rules we shall have to make alterations in our Act. That can come in after experience.

The charge has been made that we have suggested the formation of a Sports Board consisting of five nominated members. My friend Sj. Sudhir Ray Chaudhuri said that they would be Commissioner of Police, Deputy Commissioner of Police and so on. Of course, if my Commissioner of Police and Deputy Commissioner of Police could be trusted to raise funds—and to them people will give money and people will give loan—I do not mind. But I know that there must be men who are men of substance, because it is provided in the Bill that "The Sports Fund shall become vested in and be under the control of the Board and shall be held in trust." So the trustees are not the Board of Directors as my friends have suggested; they are trustees on behalf of the public for holding the fund. In regard to Sports Fund it is stated that "Expenses incurred by the Association, the Board and the Committee in carrying out their functions under this Act shall be met out of the Sports Fund and the Board may, from time to time, advance to the Association or the Committee such amounts as may be necessary to enable the Association or the Committee, as the case may be, to carry out its functions." I can visualise that the Committee or its Sub-Committee may say in the case of development of football that so many grounds have to be cleared up, so many play fields will have to be conducted, so many children will have to be taken in and so on. Let them make the scheme and the Government will be responsible for the money. I do not think that the Sports Fund will have large receipts either from the membership fees of the Association or from donations or admission fees for sports. There may be some money received by admission fees of sports and matches. Probably the Sports Board will have to take a loan and get money from the Government. When Government gives money to an organisation consisting of men, however important they may be, it is we who are responsible. We have got to answer for anything that happens with regard to the Board and, therefore, we ought to know who the persons are to whom the money is given. It is not a question, as some have said, of trying to take power.

I have here a letter from the Veterans' Football Club in which it is said that the resolution of the Club is that it wholeheartedly supports the Bill and eagerly awaits the day when it will come into force. It sincerely feels that nationalisation of sports is the only solution to the general degradation.

Therefore, Sir, it is not that the opinion is only one-sided. I feel that it is necessary, if the Government should undertake any responsibility, at least so far as the custodianship of the money is concerned, that it should be in the hands of those who are nominated by the Government.

Government have also taken the power to nominate four members on the Control Committee and the reason is quite simple. Four members are there not for the purpose of influencing the votes because four out of 15 or more—I think 25—is not of much moment, but we expect that they be important members who are interested in sports but who cannot come in either by election through the Association or by representation from the different sports associations and yet whose presence in the Sports Control Committee will give us a sense of confidence. Therefore, I do not think that there is anything wrong in our having a provision of this type.

I do not want to go into the details of the different provisions. They will come up as the different sections are being discussed, but I can say this definitely that it is not, as my friend Sj. Sudhir Chandra Ray Chaudhuri said, that I am trying to have this Act in order that they might

support me and my party. *We do not depend upon the Sports Bill for this purpose. We have the people to support us; we have people to give* us help and nourishment. But what we do feel is that we have been very greatly pained on reading the incidents that happened recently in the maidan and on seeing the lowering of the standard of sports in West Bengal.

With these words, I oppose all the motions for circulation.

Sj. Subodh Banerjee: Sir, on a point of information; may we know the name of the veteran football player who wrote the letter to the Chief Minister?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: No.

Mr. Speaker: He has given you the name of the Association.

Sj. Subodh Banerjee: May we get the name of the veteran football player?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is the Veterans' Football Club. Go and find out the name of the veteran player. I cannot give you the name.

The motion of Dr. Atindra Nath Bose that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

Mr. Speaker: The rest of the amendments falls through.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Calcutta Sports Bill, 1955, be taken into consideration was then put and agreed to.

[At this stage the House was adjourned till 5-45 p.m.]

[After adjournment.]

[5-45—5-55 p.m.]

Point of Privilege

Sj. Jyoti Basu: Mr Speaker, just before the recess a resolution of some sporting organization was read out by the Chief Minister and on previous occasions also extracts have been read out from certain letters. Now, I think it would be a very salutary rule that such resolutions or documents should be placed on the table for the members to see. I think that should be done at least on this occasion because we would like to know what the organization is and what actually is its resolution. I think there is a rule that if you read from a document that document should be placed on the table.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I did not read out any resolution. I simply said that they have written a letter saying that this is the way in which it should be done. I told you that the name of the club is the Veterans' Football Club.

Sj. Jyoti Basu: I raise this on a question of privilege, that it is the usual rule in parliamentary practice that if you read out any document then it is placed before the House. I would like to know whether it is correct or not.

Mr. Speaker: Private documents are not placed.

Sj. Subodh Banerjee: I think, Sir, before any member reads out any portion or the whole of any letter it should be placed before the Speaker for verification of its authenticity.

Mr. Speaker: Well, leave it to the dignity and honour of each member.

Sj. Subodh Banerjee: I would request you Mr. Speaker to ask for that letter from the Chief Minister and to verify the authenticity of that particular letter. A similar situation arose on a former occasion when you asked me to produce the original letter and I produced it.

Mr. Speaker: But that question was raised in the House.

Sj. Subodh Banerjee: This time I would request you to ask the Chief Minister to produce the original letter so that you could verify its authenticity. Mr. Speaker, I want your decision on this point.

Mr. Speaker: This is not a new decision. Private documents are never laid but public documents have got to be laid.

Sj. Subodh Banerjee: How can we know that this is authentic? You should be satisfied first of all that the letter is authentic. The Chief Minister should place the letter before you.

Mr. Speaker: If you raise the question of authenticity of the letter, if you raise it as an issue, then I have got to go into the question.

Sj. Subodh Banerjee: Definitely; otherwise why should I raise it?

Mr. Speaker: You cannot, Mr. Banerjee. It is too late in the day.

GOVERNMENT BILL

The Calcutta Sports Bill, 1955

Clause 1

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that in clause 1(1), line 1, for the words "Calcutta Sports Act" the words "West Bengal Sports Act" be substituted.

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that in clause 1(2), line 1, for the word "Calcutta" the words "the whole of West Bengal" be substituted.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 1(2), in line 1, after the word "Calcutta" the comma and words ", Howrah and 24-Parganas Districts" be inserted.

Mr. Speaker: All the motions to clause 1 are of the same nature—"Calcutta" be substituted by "West Bengal". I think one speaker will be sufficient—Dr. Chatterjee. Please be very brief, Dr. Chatterjee. You have also referred to this in your opening speech.

Dr. Hirendra Kumar Chatterjee:

মিঃ স্পীকার, স্যার,............

Mr. Speaker:

ডাঃ চ্যাটার্জ্জি, আপনি সেম আর্গুমেন্ট দেবেন না।

Dr. Hirendra Kumar Chatterjee:

আমার কথার মধ্যে সেম আর্গ্মেন্ট কোথায় আছে! আমি মুখ্য মন্ত্রী মহাশয়ের একটা কথা যা শ্নেছি শ্ধ্ সেই কথাটার উত্তর দেব। একটা জিনিষ উনি বলেছেন, এই বিলের স্কোপ সমস্ত ওয়েষ্ট বেঙ্গলে হয়ে যাবে। তা যদি হয়, আমার অন্রোধ ছিল, মিনতি ছিল, ওঁকে বলেছি এটাকে ক্যালকাটা স্পোর্টস বিল না ক'রে ওয়েষ্ট বেঙ্গল স্পোর্টস বিল করলে পরে মফঃস্বলের যারা ক্রীড়ামোদী তাদের মনটা সন্তুষ্ট হয় এবং তারা মনে ভাববে যে আমরা নেগ্লেক্টেড্ নই। ওয়েষ্ট বেঙ্গল এ্যাসেম্ব্লির তরফ থেকে আমরা যা বলছি সেইর্প এই স্পোর্টিংস এ্যাক্টটা হ'লে ওয়েষ্ট বেঙ্গলএর সমস্ত জায়গার লোকই সন্তুষ্ট হবে, তাহ'লে সেই মত নামকরণ করলে কি মহাভারত অশ্বদ্ধ হবে তা আমি ব্ঝতে পারি না। উনি যেটা ম্খে বলেছেন, সেইটে ক'রে দিলে যদি সত্যই জনসাধারণের বিশ্বাস হয়, তাহ'লে সেটা করতে কি বাধা থাকতে পারে আমি ব্ঝতে পারি না।

দ্বিতীয়তঃ, উনি বলেছেন, অর্গানিজেশন কতকগ্নলি তারা ওয়েষ্ট বেঙ্গলএর পরিধির মধ্যেই আছে। কিন্তু সেটা গৌণভাবে, ম্খ্যভাবে নয়। কলকাতায় যে ষ্টেডিয়ামটা হবে আপনারা কি মনে করেন সেই রকম ষ্টেডিয়াম ডিষ্ট্রিক্ট টাউনে হ'তে পারে না? যেমন ইংলন্ডে কাউন্টিতে কাউন্টিতে আছে, সেই রকম এখানেও ডিষ্ট্রিক্টে ডিষ্ট্রিক্টে হ'তে পারে। আজ না হোক, দ্ব-পাঁচ বছর পরে হ'তে পারে, যদি বিলের মধ্যে তার প্রভিশন থাকে। এখানে হয় ত ৫০ লক্ষ টাকা দিয়ে ষ্টেডিয়াম হবে, কিন্তু ডিষ্ট্রিক্ট টাউন যেগ্নলি আছে সেখানে ষ্টেডিয়াম করতে ঢের কম খরচ হবে। কলকাতায় যখন দ্ব'বছর লাগবে, তখন মফঃস্বলে আরো দ্ব'বছর বেশী লাগবে। কিন্তু আজ থেকে যদি এখানকার লোকদের বলা হয় যে তোমাদের কথা আমরা ভাবছি, তাহ'লে সেখানকার লোকে আশ্বস্ত হবে যে খেলাধ্লার উন্নতি করতে সরকার ব্যাপকভাবে, বিস্তারিতভাবে চেষ্টা করছেন। এই বিশ্বাস জন্মাবার জন্য আবার তাঁকে অন্রোধ করব, এই বিলের নামকরণ ওয়েষ্ট বেঙ্গল স্পোর্টস বিল, অন্গ্রহ ক'রে কর্ন—এইট্কু আমি তাঁকে অন্রোধ করব।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I may state at once in order to dispel any fear that, although we have stated it as "Calcutta", the membership of the Sports Association is not confined to Calcutta. The activities of the sub-committee shall not be confined to Calcutta. I can quite visualise that the sub-committee may have its activities extended to places like Burdwan, Jalpaiguri, or in Serampore in swimming competitions. I do not see any difficulty at all, but, as I said in my speech, if there is any technical difficulty, I shall come forward with suitable amendment. The reason why we said "Calcutta" is—as Dr. Banerjee said—we wanted to observe the activity of this particular organisation in Calcutta. But it is not limited in its sports activity to Calcutta.

[5-55—6-5 p.m.]

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 1(1), line 1, for the words "Calcutta Sports Act" the words "West Bengal Sports Act" be substituted was then put and a division taken with the following result:—

AYES—39

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan

Dalui, Sj. Nagendra
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Mondal, Sj. Bijoy Bhuson
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar

NOES—122

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Bhattacharjee, Sj. Shyamapada
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram).
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Jana, Sj. Prabir Chandra
Jha. Sj. Pashu Pati
Kamar, Sj. Prankrishna
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Khatick, Sj. Pulin Behary
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Mahbert, Sj. George
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukherji, Sj. Dhirendra Narayan
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Mahitosh

Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 39 and the Noes 122, the motion was lost.

Mr. Speaker: The rest of the motions falls through.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 2(*h*), in line 2, after the word "badminton" the words "table-tennis, swimming, boxing, wrestling, kabadi" be inserted.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 2(*h*), in line 2, after the word "badminton" the words "table-tennis, swimming, boxing, basket ball, kabadi" be inserted.

Sj. Biren Banerjee: Sir, I beg to move that in clause 2(*h*), line 4, for the words "State Government" the word "Association" be substituted.

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, যে স্পোর্টস বিল এসেছে সেই স্পোর্টস বিলটাকে কলকাতার মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে এবং কতকগুলি খেলা তার মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে। সেইজন্য আমি চেয়েছি টেবিল টেনিশ, সুইমিং, বক্সিং, বাস্কেট-বল, এবং কপাটি প্রভৃতি যে-সমস্ত খেলা আছে, যে সমস্ত স্পোর্টস আছে, সেগুলি এর মধ্যে ইনক্লুড করতে এবং এগুলি কলকাতায় যেমন আছে, কলকাতার বাইরেও তেমন আছে। কাজে কাজেই এই প্রসঙ্গে আমার কথা হচ্ছে এই যে, বর্তমানে যখন স্পোর্টস বিল আনা হচ্ছে, খেলাধূলার উন্নতি করা হবে, তখন এর মধ্যে এইগুলিও ঢোকানো হোক্। অন্য দিকটা হচ্ছে, এটা আমাদের একটা জাতীয় উন্নতি। সেদিক থেকে চিন্তা করে যে সংশোধনী আমি এনেছি, আমি আশা করি যে আমাদের বিলের রচয়িতা এটা গ্রহণ করবেন। কেন না এই খেলাগুলি যেমন কলকাতায় চলে, তেমন কলকাতার বাইরেও চলে। কাজেই কলকাতার বাইরেও এগুলির দরকার আছে। বর্ত্তমানে এই বিলটা যদি কলকাতায় সীমাবদ্ধ থাকে তাহ'লে কলকাতার মধ্যেই খেলার উন্নতি হবে সেটা আমরা সমর্থন করি। কিন্তু মফঃস্বলের যেসমস্ত জায়গা আমরা দেখতে পাচ্ছি সেখানে খেলাধূলার কোন উন্নতি হয় নি। কাজেই সে জায়গাগুলি অন্ধকারে নিমজ্জিত থাকবে। আমি এর আগে বার বার গত ৪ বছর ধ'রে বলেছি যে মফঃস্বলে খেলার গ্রাউণ্ডগুলি নষ্ট হয়ে যাচ্ছে সিল্ট ড্রেণের দরুন এবং খেলাধূলা সব উঠে যেতে বসেছে। কিন্তু আজকের দিনে স্পোর্টস বিলের মধ্যে যদি এগুলিকে ইনক্লুড করা হোত তাহ'লে গ্রামের যারা আছে তারা নূতন চেতনা পেত এবং এর ফলে খেলাগুলিও উন্নত হোত এবং আমাদের জাতীয় সমাজ জীবনের একটা উন্নতি হোত। এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে টেবিল টেনিশ, সুইমিং, বক্সিং, রেসলিং এবং কপাটি এগুলিও ইনক্লুড করা হোক্। এর উদ্দেশ্য হচ্ছে যে আমাদের যদি স্পোর্টসের উন্নতি করতে হয় তাহ'লে শুধু কলকাতায় ফুটবল বা ক্রি. খেলা সুন্দরভাবে হোক্ তা করলেই সব হয়ে যাবে না। আমাদের গ্রামাঞ্চলে যেসমস্ত খেলা আছে, যেমন ধরুন আদিবাসীদের মধ্যে বহু ক্রীড়ার প্রচলন আছে যেগুলি লোপ পেতে বসেছে—যেমন কপাটি খেলা—সেগুলিরও উন্নতি করা দরকার। মন্ত্রী মহাশয় ছেলেবেলাই হয় ত এই খেলা দেখেছেন বা খেলেওছেন, আজকে এই কপাটি খেলা দেশ থেকে উঠে যেতে বসেছে। আজকে

এই সমস্ত খেলাগুলির যদি উন্নতি করতে হয়, যদি সামগ্রিকভাবে আমাদের জাতীয় খেলাধুলার উন্নতি করতে হয়, তাহ'লে এই খেলাগুলিকে ভুললে চলবে না, আজ এই খেলাগুলির উপর ঝোঁক দিতে হবে। গ্রামাঞ্চলের দিকে যদি তাকিয়ে দেখেন তাহ'লে দেখতে পাবেন যে বহু জায়গায় কপাটি, হাডুডু এবং ঐ জাতীয় বহু খেলা আছে এবং অনুন্নত জাতি, আদিবাসীদের মধ্যেও ঐ রকম বহু খেলা প্রচলিত আছে যেগুলি বর্ত্তমানে লোপ পেতে বসেছে।

তারপর আমাদের দেশে লাঠি খেলাও উঠে গেছে, ছোরা খেলা উঠে গেছে। আমরা দেখি একসার্জিবিসনে দুটি মেয়েকে ভাড়া করে নিয়ে এসে ছোরা খেলা দেখানো হয়। কিন্তু আমাদের সেল্ফ ডিফেন্সের জন্য কোনরকম শিক্ষা দেওয়া হয় না। এই জাতীয় খেলাগুলির দিকে বিশেষ নজর দেওয়া উচিত।

[6-5—6-15 p.m.]

তারপর ২২নং এ্যামেন্ডমেন্ট। সেটা হচ্ছে ষ্টেট গভর্ণমেন্ট ঠিক ক'রে দেবেন কোন্ কোন্ খেলা ঠিক হবে। তা না ক'রে, আমরা বলছি এ্যাসোসিয়েসান ঠিক করবে কোন্ খেলা স্পোর্টসএর মধ্যে পড়বে। যখন যেটা সুবিধা করতে পারবেন সেটা ইনক্লুড করবেন, তাতে আমাদের আপত্তি নাই। তাঁরা ঠিক করবেন কোন্ কোন্ খেলা হবে এবং কোন্ কোন্ খেলার উন্নতি করবেন। এই দুইটি সিম্পল্ এ্যামেন্ডমেন্ট। খেলাধুলার উন্নতির দৃষ্টি দিয়ে যদি দেখা যায় তবে এই দুটো এ্যাক্সেপ্ট করতে কোন আপত্তি থাকবে না।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Bill says something more than is asked for by my friends. Supposing it is a question of volley ball, it is not there. Supposing it is a question of *jujutsu* it is not there. Secondly, if you want to develop these sports, you will have to do something more than running an organisation. The reasons why the State Government should come in are two-fold. First of all there are difficulties about arrangements, etc. Supposing an enquiry will have to be made from different areas as to what types of sports there are—that can only be done by the Government. Secondly, if you want to develop any of those sports, it would mean money. Therefore, Government must realise to what extent it can go at a particular moment and how many games, how many different items of sports can be included in a scheme. Therefore, the State Government must come into the picture. I entirely agree with my friends who have moved the amendments that all these four or five games that are mentioned should be included, and if I may say so, so far as the State Government is concerned, it will include those games. But I want to go further, if possible. I do not like to limit it to those four or five additional types of sports.

With these words I oppose the amendments.

The motion of Sj. Biren Banerjee that in clause 2(*h*), in line 2, after the word "badminton" the words "table-tennis, swimming, boxing, wrestling, kabadi" be inserted, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that in clause 2(*h*), in line 2, after the word "badminton" the words "table-tennis, swimming, boxing, basket ball, kabadi" be inserted, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that in clause 2(*h*), line 4, for the words "State Government" the word "Association" be substituted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that clause 4(1)(*b*) be omitted.

I also move that in clause 4(2), lines 1 and 2, the words "Whether a member of an affiliated sports organisation or not" be omitted.

I next move that in clause 4(4)(*g*), line 1, for the word "imposed" the word "enjoined" be substituted.

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that in paragraph (*b*) of sub-clause (1) of clause 4 of the Bill the words "according to such rules as may be prescribed" be added at the end.

I also move that in sub-clause (2) of clause 4 of the Bill, the words "subject to such exemptions from payment of fees as may be allowed in accordance with such rules as may be prescribed in this behalf," be added before the words "No person".

I then move that paragraph (*c*) of sub-clause (4) of clause 4 of the Bill, be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I move that the following further proviso be added to clause 4(2), namely:—

"Provided further that the Association may admit persons who are editors of sports-journals or sports-editors of daily newspapers or who are specially interested in sports to its membership as honorary members but the number of such members shall not exceed 20."

I also move that in clause 4(4), after item (*c*), a new item (*c1*) be inserted, namely:—

"(*c1*) to elect at the annual general meeting honorary members."

Sj. Ganesh Ghosh: Sir, I move that in clause 4(3), line 3, for the words "two years" the words "one year" be substituted,

Dr. Kanailal Bhattacharya: Sir, I move that in clause 4(3), line 4, for the words "such persons as the State Government may appoint" the words "all *bona fide* members of the existing sports organisations, whose names are borne on the Registers of such organisations and all other persons as may be nominated by the State Government" be substituted.

I move that in clause 4(4)(*a*), lines 1 and 2, for the words and figures "under section 6" the words and figures "and sports board, under sections 5 and 6" be substituted.

I then move that the following new item be added after clause 4(5), namely:—

"(6) As soon as the Association is formed, the existing sports organisations, which will be integrated, will cease to exist."

Sj. Biren Banerjee: Sir, I move that in clause 4(4)(*a*), line 1, the word "control" be omitted.

Dr. Narayan Chandra Ray: Sir, I move that after clause 4(4)(*g*), the following new item be inserted, namely:—

"(*h*) To lay down the principle which the Board shall follow."

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমার প্রথম যে এ্যামেণ্ডমেন্ট সেটা হচ্ছে এই যে, clause 4(1)(*b*) omit করা হোক।

তার কারণ হচ্ছে., এইমাত্র মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন—

all other persons as may be admitted by the Association to its membership

এতে তিনি বলেছেন যে, যাঁরা খেলায় পারদর্শী, অথরিটি, পুরোণো প্লেয়ার্স, তাঁরাই আসবেন। কিন্তু অল আদার পারসনন্স বল্লে ক্রীড়ামোদী ছাড়া রাস্তাঘাটের যেকোন লোক আসতে পারে। ক্রীড়ামোদী ও এক্সপিরিয়েন্সড লোক আসবেন তাতে কোন আপত্তি নাই। কিন্তু অল আদার পারসন্স বল্লে সেই আইডিয়া কনভে করে না। তাই আমরা চাই অল আদার পারসন্স কথাটা ড্রপ করা হোক। তারপর ক্লজ ৪(২)তে বলছি

the words "Whether a member of an affiliated sports organisation" or not be omitted.

তারপর ইম্‌পোজ এই কথাটা বড় আনহ্যাপি। সেইজন্য বলছি এখানে ইম্‌পোজ না ব'লে এনজয়েন বল্লে কথাটা একটু মধুর হয়।

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার সংশোধনী প্রস্তাবগুলি ছোট। বিশেষ বলার কিছু নাই। আমার প্রথম কথা হচ্ছে অনরারি মেম্বারদের সম্বন্ধে। তারজন্য একটা প্রস্তাব দিয়েছিলাম—

"Provided further that the Association may admit persons who are editors of sports-journals or sports-editors of daily newspapers or who are specially interested in sports to its membership as honorary members but the number of such members shall not exceed 20."

সরকার পক্ষ থেকে একটা প্রস্তাব আনা হয়েছে গোপিকাবিলাস বাবুর নামে ২৭সি নং সংশোধনী প্রস্তাবে। সেখানে অন্ততঃ এটুকু দেখছি যে, অনরারি মেম্বার গ্রহণ করার নীতি সরকার স্বীকার ক'রে নিয়েছেন। কিন্তু কাদের অনরারি মেম্বার করা হবে এ-কথা সেখানে বলা হয় নি। এই ফাঁক আইনে আমরা রাখতে চাই না। ডাঃ রায় বক্তৃতা প্রসঙ্গে বলেছেন যে, নামকরা খেলোয়াড়দের মধ্য থেকে এই অনরারি মেম্বার নেওয়া হবে, কিন্তু সে কথা আইনে পরিষ্কার ভাষায় বলা দরকার। তা না হ'লে পরে সরকার যেভাবে মনে করবেন, খুসিমত সেইভাবেই অনরারি মেম্বার মনোনীত করবেন তা আমরা হতে দিতে রাজী নই। যাঁরা সংবাদ-পত্রের ক্রীড়া-সম্পাদক হিসাবে কাজ ক'রে যথেষ্ট অভিজ্ঞতা সঞ্চয় করেছেন এবং যাঁরা খেলাধূলায় উৎসাহী এবং এই রাজ্যের খেলার উন্নতির ক্ষেত্রে যাঁদের অবদান উল্লেখযোগ্য তাঁদেরই শুধু অনরারি মেম্বার হিসাবে মনোনয়ন দেওয়া হবে—এ নির্দ্দেশ আইনে থাকা দরকার। আমার সংশোধনী প্রস্তাব সেই উদ্দেশ্যে আনা। তারপর দ্বিতীয় কথা হচ্ছে—প্রত্যেক ক্লাবের গঠনতন্ত্র যদি দেখেন তাহ'লে দেখবেন যে, অনরারি মেম্বারএর সংখ্যা বেঁধে দেওয়া থাকে। কেবলমাত্র ক্লাবের গঠনতন্ত্রই নয়, ট্রেড ইউনিয়নগুলিতেও অনরারি মেম্বার যখন গ্রহণ করা হয় তখন তাদের সংখ্যা বেঁধে দেওয়া হয়। এই সংখ্যা বেঁধে না দিলে বলা সম্ভব নয় কতজন অনরারি মেম্বার থাকবেন।

[6-15—6-25 p.m.]

কিন্তু কতজন অনরারি মেম্বারস থাকবেন এই বিলে তা বলা যায় নি, ভবিষ্যতে যদি কোন কায়েমী স্বার্থের হাতে এই এ্যাসোসিয়েসন যায় তাহ'লে এই আইনগত ত্রুটীর সুযোগে

তারা নিজের দলের লোকদের অনরারি মেম্বারস হিসাবে ঢুকিয়ে নিয়ে সংখ্যাধিক দলে পরিণত হ'তে পারবে; চাঁদা দেওয়া সভ্যের চেয়ে অনরারি মেম্বারদের সংখ্যা বেশী করতে পারবে। ট্রেড ইউনিয়নগুলিতে সাধারণতঃ এই সদস্য সংখ্যার সীমা এইভাবে বেঁধে দেওয়া হয়—

the number of honorary members shall not exceed one-third of the total number of members of the Executive Committee.

এই বিলেও আমি ওরকম একটা সংখ্যা বেঁধে দেওয়ার কথা বলেছি।

এই প্রসঙ্গে তৃতীয় কথা হ'ল এই যে, অনরারি মেম্বারস নির্ব্বাচন করবেন কে এবং কখন? বিভিন্ন ক্লাবএর সংবিধানে এ-সম্বন্ধে নিয়ম আছে। বাৎসরিক অধিবেশনে অনরারি মেম্বার নির্ব্বাচন করা হয়ে থাকে। এই বিলে সেই রকম কোন ধারা নেই। তাহ'লে কে এবং কখন নির্ব্বাচন করবে? সেদিক থেকে আমার বক্তব্য হ'ল এই যে, বাৎসরিক সাধারণ অধিবেশনে উপস্থিত সদস্যরা অনরারি মেম্বার নির্ব্বাচন করবেন। তাই সেক্‌সন ৪, সাব-সেক্‌সন (৪)এর পরে নোতুন একটা ক্লজ যোগ ক'রে দিতে হবে—

to elect at the annual general meeting honorary members.

এর মধ্যে নীতিগত কোন প্রশ্ন নেই। সরকারপক্ষের এটা গ্রহণ ক'রে নেওয়া উচিত।

Sj. Ganesh Ghosh:

যাঁরা বিভিন্ন স্পোর্টস এ্যাসোসিয়েসনের সঙ্গে কলিকাতায় যুক্ত আছেন তাঁরা সবাই এ্যাসোসিয়েসনের মেম্বার হ'তে পারবেন, এ-কথা বিলে আছে। কিন্তু নিশ্চয় প্রথমবার যখন এ্যাসোসিয়েসনের প্রতিষ্ঠা হবে, তখন ইলেকসনের প্রশ্ন দিয়ে হবে না। সেখানে সরকারই মনোনীত ক'রে দেবেন। সে বিষয়ে আমরা আপত্তি করছি না। কার্য্যতালিকার (ফাংসান) দিক দিয়েও আপত্তি করার কোন মানে হয় না। শুধু সময়টাকে আমি সংক্ষেপ করতে বলছি। বিলে বলা হচ্ছে যে প্রথম সদস্যরা দুই বছর থাকবেন। অর্থাৎ যাঁরা বিভিন্ন স্পোর্টস এ্যাসোসিয়েসনের সঙ্গে কানেকটেড কেবলমাত্র তাঁরাই দুই বছরের জন্য এই এ্যাসোসিয়েসনে আসতে পারবেন। সেই সময়টাকে কমিয়ে দিয়ে আমি এক বছর করতে চাই। এক বছর পরে, যা আছে অর্থাৎ এই বিলে যে-সমস্ত প্রভিসান আছে সেগুলি যেন এক বছর পরে চালু হয়। এই কথাটি আমি শুধু বলতে চাইছি যে দুই বছরের জায়গায় এক বছর করা হোক।

Dr. Kanailal Bhattacharya:

আগের বক্তৃতার সময় ব'লেছিলাম যে, এই যে এ্যাসোসিয়েসন হচ্ছে এতে যে-সমস্ত এক্‌জিষ্টিং স্পোর্টস অরগেনাইজেসন আছে, যেমন আই, এফ, এ, বেঙ্গল হকি এ্যাসোসিয়েসন, সি, এ, বি, ইত্যাদিগুলিকে এই এ্যাসোসিয়েসনের মধ্যে ইন্টিগ্রেট করা উচিত ব'লে আমি মনে করি। কারণ আজকে যদি তাদের এই এ্যাসোসিয়েসনের মধ্যে ইন্টিগ্রেট করা না হয় তাহ'লে এ্যাসোসিয়েসনের ফাংসানের সঙ্গে তাদের ফাংসানের একটা ক্ল্যাস লাগবে এবং স্পোর্টস ওয়ার্ল্ডএ ডুয়েল লিডারসিপ এসে যাবে ব'লে আমি মনে করি। যাতে তারা এর মধ্যে আসে এবং যেসমস্ত সংগঠন এই এ্যাসোসিয়েসনের মধ্যে আসবে তাদের যারা বোনাফাইড মেম্বার, সেই সমস্ত বোনাফাইড মেম্বারদের নিয়ে এবং সরকার যেসমস্ত মেম্বার নোমিনেট করবেন তাদের নিয়ে প্রথম বছর বোর্ড ফর্ম করা হোক। কিন্তু প্রথম বছর সরকার যদি সম্পূর্ণ এ্যাসোসিয়েনটাকে মনোনীত করেন তাহ'লে আমি মনে করি স্পোর্টস ওয়ার্ল্ডএর মধ্যে এই সমস্ত এ্যাসোসিয়েসনগুলি থেকে যাবে এবং তাদের সঙ্গে একটা ক্ল্যাস লাগার সম্ভাবনা রয়েছে। সেজন্য আমার প্রথম এ্যামেণ্ডমেন্ট হচ্ছে যে এক্‌জিষ্টিং যে-সমস্ত এ্যাসোসিয়েসন আছে, সেই সমস্ত স্পোর্টস এ্যাসোসিয়েসনকে এর মধ্যে ইন্টিগ্রেট করার জন্য বলা হোক এবং তাদের যারা মেম্বার আছেন তারা এ্যাসোসিয়েসনের মেম্বার ব'লে গণ্য হন। এবং যাদের ক্রীড়ামোদী ব'লে নাম আছে তাদের সরকার নমিনেট করুন।

দ্বিতীয় এ্যামেণ্ডমেন্ট আমার হচ্ছে যে, স্পোর্টস বোর্ড যেটাকে সরকার ৫এর ক্লজে ফর্ম করার কথা বলছেন, সেই স্পোর্টস বোর্ডকে এ্যাসোসিয়েসন ইলেক্ট করতে পারবে। শুধু স্পোর্টস কন্ট্রোল বোর্ড নয় তার সঙ্গে সঙ্গে স্পোর্টস বোর্ডও ইলেক্ট করা হোক।

তৃতীয় এ্যামেণ্ডমেন্ট হচ্ছে যে, এটা একটা নূতন ক্লজ। যে-সমস্ত স্পোর্টস এ্যাসোসিয়েসন এই এ্যাসোসিয়েসনের সঙ্গে ইন্ট্রিগেট হ'য়ে যাবে, তাদের কথা থাকবার আর কোন প্রয়োজন নেই।

They should cease to exist

এবং এই এ্যাসোসিয়েসনের যে-সমস্ত স্পোর্টিং অরগেনাইজেসন আসবে তাদের যে-সমস্ত ফাংসান আছে সে-সমস্ত ফাংসানগুলি তারা করতে পারবে; যেমন আই, এফ, এ, আমাদের এখানে ফুটবল অরগানাইজ করেন। অতএব সেগুলি এ্যাসোসিয়েসনের যে ফুটবল সাব-কমিটি থাকবে তারাই সেটাকে কন্ট্রোল করবে। এটাই হচ্ছে আমার বলার মূল উদ্দেশ্য।

Dr. Narayan Chandra Ray:

আমার এই ৩৯ এ্যামেণ্ডমেন্টএ বলছি "এ টু জি" পর্যন্ত যে লাইনগুলি আছে— এ্যাসোসিয়েসনএর যে-সমস্ত ফাংসান তারপরে একটা নূতন কথা যোগ করেছি—

"to lay down the principle which the board shall follow".

কথাটা একটু এলাবোরেট করি। সরকার পক্ষ থেকে গোপিকা বাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন তার জন্য আমার সংশোধনী আরও ইমপরটেন্ট হয়ে উঠেছে। আমি মন্ত্রীকে একটা কথা বলছি, যেটা আমাদের মনে সন্দেহ ছিল সেটা আমার এই সংশোধনী দিয়ে দূর হয় কি না দেখতে চেয়েছিলাম অর্থাৎ সরকারী সংশোধনী একটু বাড়িয়ে দিয়ে এটা দেখতে চেয়েছিলাম। এই এ্যাসোসিয়েসনএর যে অল্প অধিকার ছিল তার মধ্যে ছিল—

to consider at the general meeting the estimates of expenditure proposed by the Board

এ্যাসোসিয়েসন নিজে কোন এষ্টিমেট দিচ্ছে না, বোর্ড দেবে সেটা, তাঁরা বিবেচনা করবেন।

Prepare and submit a consolidated budget for the ensuing financial year

অর্থাৎ কি না সেটার উপর আলোচনা ক'রে ফাইনেল'ইজ করা। এটুকু অধিকার যা ছিল সরকার তা প্রথম বিলে আপত্তি করেন নি। সুতরাং আমার এই সংশোধনী আরও প্রয়োজনীয় হয়ে উঠেছে। আমার এ্যামেণ্ডমেন্টএর কোন ফাইনান্সিয়েল ইমপ্লিকেসান, কন্ট্রোল রাখি নি। ক্ষমতা বোর্ডএর থাকবে এবং একটা ব্রড-বেসড এ্যাসোসিয়েসন থাকবে, জাষ্ট লাইক এ সেক্রেটারী কোন কাজ থাকবে না। সুতরাং আমি বলছি এ্যাসোসিয়েসন যখন বসবেন সে—

broad outline of the policy

কেন দেবে না। সমস্ত কিছু করুক বোর্ড আমার তার বিরুদ্ধে কিছু বলার নেই। কিন্তু আমার এই যে

plain and simple amendment "to lay down principle which the Board will follow"

এটা গ্রহণ করলে কোন ক্ষতির কারণ নেই। তাই মন্ত্রীকে অনুরোধ করব এটা যেন এ্যাক্সেপ্ট করেন।

Dr. Hirendra Kumar Chatterjee:

মিঃ স্পীকার, স্যার, এ্যামেণ্ডমেন্ট ছিল যে আরটিকল নং ৪(এ)তে কন্ট্রোল কথটা ড্রপ করা দরকার, কারণ, স্পোর্টস কমিটির ক্ষেত্রে কন্ট্রোল কথাটা বসালে সেখানে তার উপর একটু রেস্ট্রিকসান বা ইমপোজিসানএর আইডিয়া এসে পড়ে। এজন্যে এটাকে ভাল করবার জন্যে কন্ট্রোল কথাটা ড্রপ করা উচিত, কারণ কন্ট্রোলএর মধ্যে রয়েছে ইমপোজ বাই ইমপ্লিকেসানএর ভাব এবং একটা লিমিটেসান ইমপোজ করা হয়। তা না করে শুধু

স্পোর্টস কমিটি হ'লে এটা ইমপ্রুভড হবে, শুধু একটু নোমেনক্লেচারএ পরিবর্ত্তন। এটা একটা ইন্নোসেন্ট এ্যামেণ্ডমেন্ট, আশা করি মুভার এটা গ্রহণ করতে আপত্তি করবেন না।

[6-25—6-35 p.m.]

Sj. Sankar Prasad Mitra: We feel that in clause 4(4)(*g*), line 1, the word "imposed" is rather unhappy. Dr. Hirendra Kumar Chatterjee has suggested the substitution of the word "enjoined" for that word, but the word "enjoined" is a literary word and not a legal word.

I, therefore, move that instead of the word "imposed" in clause 4(4)(*g*), line 1, the word "conferred" be substituted.

Dr. Hirendra Kumar Chatterjee: I accept the amendment of Sj. Sankar Prasad Mitra.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee, as amended by the amendment of Sj. Sankar Prasad Mitra, moved on the floor of the House and accepted by Dr. Hirendra Kumar Chatterjee, that in clause 4(4)(*g*), line 1, for the word "imposed" the word "conferred" be substituted, was then put and agreed to.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I want to clear up one or two points raised by my friends.

Sj. Subodh Banerjee thinks that the words "honorary members" should be there and the number should be restricted. The words used are "subject to such exemptions from payment of fees". That does not mean complete exemption. What I was visualising is that a very important person who belongs to a particular club—I mean a very important sports man who belongs to a particular club—desires to be a member of the Association but he is not able to pay the fees of the Association. He has paid something to the club. Partial exemption is also contemplated.

Secondly, there may be and there will be some members who will not pay at all. Whether those members will have votes in the Association meeting or not has not yet been considered. Therefore, we have made a general rule "subject to such exemptions, either partial or whole from payment of fees as may be allowed in respect of both groups of persons, (*a*) and (*b*)". That is the answer to my friend.

The next point is about the word "control". We have given the power according to the amendment of my friend Sj. Gopika Bilas Sen Gupta, to the Committee for managing sports and arranging for matches and so on. We have given power to them to arrange for the development of sports and also for increasing the number of people that may like to be good sportsmen. Secondly, we have also given the power to the Committee or the Sub-Committee for the time being in a case where somebody has done some very unsportsmanlike act, to suspend him. Therefore, the control should be there.

The next point is that Dr. Bhattacharya has suggested that the present organisations should cease to exist. I am sorry he has not followed the scheme in the Bill at all. It is not the purpose of the Bill or the Association created under it to usurp any of the functions which the ordinary sports associations are performing. I agree that it requires a great deal of consultation between this Association or this Committee with any existing sports association as to what the relationship would be between the two. But we want the sports associations to continue to function, because it is they who can arrange for matches and it is they and the clubs

affiliated to them who will play the matches; I cannot abolish them. We will bring together these persons as far as possible and try and get them to play under a certain amount of restriction. We cannot afford to abolish them altogether as has been suggested by Dr. Kanailal Bhattacharya.

Dr. Narayan Chandra Ray says—I do not understand what he means—"lay down the principle which the Board shall follow". To clause 4(4) he puts it as (*h*) sub-clause, but the whole of clause 4(4) is with reference to the functions of the Association—not of the Board. How does the Board come in and the principles which the Board will follow will come in here, I do not know. In any case whatever the meaning is, I do say that when we have a Board, I should certainly have the Board at the early stages to follow a certain line of conduct which is in consonance with the purposes of the Act.

Sir, I accept the amendments of Sj. Gopika Bilas Sen Gupta and oppose all the others.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that clause 4(1)(*b*) be omitted, was then put and lost.

The motion of Sj. Gopika Bilas Sen Gupta that in paragraph (*b*) of sub-clause (1) of clause 4 of the Bill the words "according to such rules as may be prescribed" be added at the end, was then put and agreed to.

The motion of Sj. Gopika Bilas Sen Gupta that in sub-clause (2) of clause 4 of the Bill, the words "subject to such exemptions from payment of fees as may be allowed in accordance with such rules as may be prescribed in this behalf," be added before the words "No Person", was then put and agreed to.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 4(2), lines 1 and 2, the words "whether a member of an affiliated sports organisation or not" be omitted, was then put and lost.

The motion of Sj. Subodh Banerjee that the following further proviso be added to clause 4(2), namely:—

> "Provided further that the Association may admit persons who are editors of sports-journals or sports-editors of daily newspapers or who are specially interested in sports to its membership as honorary members but the number of such members shall not exceed 20",

was then put and lost.

The motion of Sj. Ganesh Ghosh that in clause 4(3), line 3, for the words "two years" the words "one year" be substituted, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 4(3), line 4, for the words "such persons as the State Government may appoint" the words "all bona fide members of the existing sports organisations, whose names are borne on the Registers of such organisations and all other persons as may be nominated by the State Government" be substituted, was then put and lost.

The motion of Sj. Biren Banerjee that in clause 4(4)(*a*), line 1, the word "control" be omitted, was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that in clause 4(4)(*a*), lines 1 and 2, for the words and figures "under section 6" the words and figures "and sports board, under sections 5 and 6" be substituted, was then put and lost.

The motion of Sj. Gopika Bilas Sen Gupta that paragraph (*c*) of sub-clause (4) of clause 4 of the Bill be omitted, was then put and agreed to.

The motion of Sj. Subodh Banerjee that in clause 4(4), after item (*c*), a new item (*cl*) be inserted, namely:—

"(*cl*) to elect at the annual general meeting honorary members.",

was then put and lost.

The motion of Dr. Narayan Chandra Ray that after clause 4(4)(*g*) the following new item be inserted, namely:—

"(*h*) To lay down the principle which the Board shall follow.",

was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that the following new item be added after clause 4(5), namely:—

"(6) As soon as the Association is formed, the existing sports organisations, which will be integrated, will cease to exist.",

was then put and lost.

The question that clause 4, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Sj. Ganesh Ghosh: Sir, I beg to move that for clause 5(1), the following be substituted, namely:—

"5. (1) The Board shall consist of nine members of which two shall be elected by the Association, two nominated by the State Government and the rest elected by the members of the State Assembly on the basis of single transferable vote."

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 5(1), in line 2, after the words "the State Government" the words "from the names recommended by the Association" be inserted.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that the following proviso be added to clause 5(1):—

"Provided that no person having any connection as Official or Committee Member with any existing Sporting Association or Clubs shall be appointed as a Member of the Sports Board."

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that in clause 5(2), line 2, for the word "Board" the word "Association" be substituted.

Sir, I also beg to move that in clause 5(2), line 5, for the word "Board" the word "Association" be substituted.

Sir, I also beg to move that in clause 5(3), line 1, for the word "Board" the word "Association" be substituted.

Sir, I also beg to move that in clause 5(3), line 10, for the word "Board" the word "Association" be substituted.

Sir, I also beg to move that in clause 5(4), line 1, for the word "Board" the word "Association" be substituted.

Sir, I also beg to move that in clause 5(4), lines 3 and 4, the words "The repayment of such loans shall be guaranteed by the State Government" be omitted.

Sir, I further beg to move that after clause 5(4) the following new clause be added, namely:—

"(5) The finances, properties and assets of the Association shall be administered by the Board."

Traffic Jam at Howrah

Sj. Jyoti Basu:

স্যার, আমি একটা কথা জানাতে চাই, এই হাউস খানিকক্ষণ পরেই শেষ হয়ে যাবে। কলিকাতা হাওড়ার কাছে, বালী ব্রীজের ওখানে এমন একটা অবস্থা হয়েছে যে, আমার কাছে এইমাত্র খবর এল, সেখানে সমস্ত গাড়ী, ঘোড়া, লরী সব দাঁড়িয়ে গিয়েছে। সেখানে পুলিসের সঙ্গে, আমি সেদিন এই ঘুষঘুষের ব্যাপার সম্বন্ধে বলেছিলাম, লরীওয়ালাদের সঙ্গে ঘুষ নিয়ে হাঙ্গামা লেগেছে। এই খবর নিয়ে তাঁরা এখানে এসেছেন, বোধ হয় ডাঃ রায়ের সঙ্গে এখনো কনট্যাক্ট করতে পারেন নাই। সেখানে পুলিসের বড় কর্ত্তারা গিয়েছিলেন। কিন্তু তাঁরা কোন ব্যবস্থা করতে পারেন নাই।

Mr. Speaker:

আর আধ ঘন্টার মধ্যে হাউস বন্ধ হয়ে যাবে, তখন ডাঃ রায়কে বলবেন।

Sj. Jyoti Basu:

সেটাই তো বিপদ। হয়ত আমাদের এখান থেকে বাড়ী ফিরে যাওয়া একেবারে বন্ধ হয়ে যাবে। কারণ ট্রাম-বাস বন্ধ হয়ে যেতে পারে। হয়ত খবর ওঁর কাছে পেণছেছে। এর একটা ব্যবস্থা করা দরকার।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have asked them to come at 7 o'clock. I will talk to them.

[6-35—6-45 p.m.]

The Calcutta Sports Bill, 1955

Sj. Ganesh Ghosh:

আমি এই বোর্ডের ব্যাপার নিয়ে কিছু বলতে চাই। এই বোর্ডটাই ক্ষমতাসম্পন্ন একটা সংগঠন তৈরী হচ্ছে এবং তার হাতেই সমস্ত ক্ষমতা থাকবে; স্পোর্টস কন্ট্রোল কমিটি বা এ্যাসোসিয়েসন যাই করুক না কেন বোর্ড থেকে টাকা না পেলে কিছু হবে না। এই বোর্ডটাই সম্পূর্ণভাবে মনোনীত সদস্য দ্বারা তৈরী হবে। এতে আমাদের আপত্তি আছে। সত্যই আজকে সতর্ক হওয়া দরকার—যারা টাকা নিয়ে ক্রীড়া জগতে ছিনিমিনি খেলছে তাদের সরিয়ে দেওয়া দরকার এবং বিশ্বাসযোগ্য একটা সংগঠনের হাতে টাকার ভার দেওয়া দরকার। সেদিক থেকে ডাঃ রায় যা ভেবেছেন সেটা ভালই ভেবেছেন। কিন্তু এই বোর্ডের ভিতরে কেন সবাই থাকবার সুযোগ পাবে না? কেন নির্ব্বাচিত প্রতিনিধি থাকবে না? সরকারের মনোনীত প্রতিনিধিও নিশ্চয়ই থাকা উচিত কারণ তারা ট্রাষ্টি হবেন এবং তাঁদের দ্বারা সেখানে তাঁদের নীতির কথাও বলতে পারবেন কিন্তু আমার কথা হচ্ছে এর ভেতরে এ্যাসোসিয়েসনের প্রতিনিধি, সরকারের প্রতিনিধি এবং এই হাউসের প্রতিনিধি থাকা উচিত। সেটা যদি সিঙ্গল ট্রান্সফারেব্‌ল্ ভোটে হয় তবে বিভিন্ন মতবাদের প্রতিনিধি যাঁরা আছেন তাঁরাও সেখানে স্থান পাবেন। বিভিন্ন পলেটিক্যাল পার্টি যদি সেখানে থাকে তাহ'লে দুর্নীতি নিশ্চয়ই কম হবে এবং বিভিন্ন দলের প্রতিনিধির উপর যদি টাকার ভার থাকে তাহ'লে তাঁরা নিশ্চয়ই এ-বিষয়ে সতর্ক হবেন যাতে টাকার অপব্যয় না হয়, যাতে টাকা নষ্ট না হয়। এই কথাটা আমি ওঁকে কিছুতেই বোঝাতে পারছি না। একজন অজানা লোককে যদি বিশ্বাস করা যায় তাহ'লে নিশ্চয়ই এখানে যাঁরা প্রতিনিধি আছেন তাঁদের বিশ্বাস করা যায়। তাঁরা যদি কোন অন্যায় কাজ করেন তাহ'লে তাঁরা জনসাধারণের কাছে কৈফিয়ত দিতে বাধ্য। তাঁরা দুর্নীতি নিশ্চয়ই বন্ধ করার চেষ্টা করবেন এবং এদিক দিয়ে

আমি মনে করি যদি ডাঃ রায় এটা বিবেচনা করেন তাহ'লে ভাল হয়। উনি একটা জিনিষ ভেবে রেখে দিয়েছেন এবং সেখান থেকে উনি কিছুতেই নড়ছেন না। সেটা হচ্ছে যে "এটা হবে ট্রাষ্টি, এখানে আমি কাউকে আসতে দেবো না। এখানে এমন লোককে আসতে দেবো যে টাকা দিতে পারবে"। বেশ ভাল কথা। এ্যাসোসিয়েসন থেকে যারা আসবে তারা কলকাতার বহু লোক দ্বারা নির্ব্বাচিত হয়ে আসবে কিন্তু এই হাউসে যাঁরা আছেন তাঁরাও নির্ব্বাচিত হয়ে এসেছেন এবং তাঁরা যদি থাকেন (এবং সিঙ্গল ট্রান্সফারেবল্ ভোটের যদি ব্যবস্থা হয় তাহ'লে এই ৫ জনের ভিতরে হয় ত ৪ জনই কংগ্রেসের যাবেন) তাঁদের তো ডাঃ রায় নিশ্চয়ই বিশ্বাস করতে পারেন। সুতরাং এটা যদি করা হয় সমস্ত দলের সহযোগিতা নিয়ে এবং ভাল ভাল লোক নিয়ে এই বোর্ড যদি ডাঃ রায় গঠন করেন তাহ'লে তাঁরা নিশ্চয়ই জনসাধারণের আস্থা বেশী পাবেন। তাতে দুর্নীতি নিশ্চয়ই হবে না। এই কথা আমি ডাঃ রায়কে বিবেচনা করতে বলছি।

Sj. Monoranjan Hazra:

আমার এ্যামেণ্ডমেন্ট সোজা। যাদের বোর্ডে নেওয়া হবে, ষ্টেট গভর্ণমেন্ট যাদের এ্যাপয়েন্ট করবেন তাদের ক'জনকে এবং কিরকম লোক নেওয়া হবে সে সম্বন্ধে আমি শুধু বলতে চাই, যে তিনি কোন ক্লাবের সভ্য হলেন না। তার কারণ, সব দেখে আমাদের পরিষ্কার যে ধারণা হয়েছে তাতে এই কথা বলতে বাধ্য এবং সেটার দুই-তিনটা উদাহরণ দিচ্ছি। বর্ত্তমানে ভারতের ফুটবল দল রাশিয়ায় গিয়েছে। সেখানে তাঁরা ৩০ জনকে নিমন্ত্রণ করেছিলেন। দেশের যারা জুনিয়ার প্লেয়ার তাদের কোনরকম চান্স না দিয়ে ৮ জনকে নমিনেট করেছেন এবং আই, এফ, এ-র সেক্রেটারী ও শ্রীমতী সেক্রেটারীও গিয়েছেন। এই রকমভাবে সেখানে অন্যায় আবদার চলে। কয়েক মাস আগে এখানে রাশিয়ান টীম খেলতে এসেছিল—ভারতবর্ষের সঙ্গে একটা সম্প্রীতি ও সৌহার্দ্দের চিহ্নস্বরূপ। তাঁরা কয়েকখানা টিকেট চান বিনা পয়সায়; তাঁরা এখানে খেললেন কিন্তু আই, এফ, এ-র কর্ত্তৃপক্ষ তাঁদের একটা টিকেট পর্য্যন্ত দিলেন না। তাঁরা ফেরার সময় দমদম বিমানঘাঁটিতে জিনিসপত্র নিয়ে যাবার জন্য ২টা ব্যাগ চেয়েছিলেন, দুটো থলে পাঠিয়ে দেওয়া হয়েছিল। তাঁরা ভদ্রতার খাতিরে দুটা সুটকেস চামড়ার ব্যাগ পাঠিয়ে দেন। এখন কথা এই, তাঁরা রাশিয়া থেকে খেলতে এসেছিলেন ভারতবর্ষের সঙ্গে সম্প্রীতি ও সৌহার্দ্দ স্থাপন করার জন্য। সেখানে ঐভাবে, জাতীয়ভাবে তাঁদের সম্বর্দ্ধনা না কোরে, ভদ্র ব্যবহার না কোরে খারাপ ব্যবহার করলেন। এটা আমাদের জাতির পক্ষে গৌরবের কথা নয়। সেই দিক থেকে বিবেচনা কোরে এই রকমভাবে কোন ক্লাবের মেম্বার যদি কমিটির মেম্বার হন এবং তিনি যদি ইন্টারেষ্টেড হন তখন গভর্ণমেন্টের এই রকম লোককে এ্যাপয়েন্ট করলে বিপদ আছে। সেইজন্য আমি প্রস্তাব করছি একটা প্রোভাইসো এখানে এ্যাড করা হউক।

Dr. Hirendra Kumar Chatterjee:

স্পীকার মহাশয়, আমার যে এ্যামেণ্ডমেন্টগুলো আছে সেগুলো অতি সহজ। আমার উদ্দেশ্য হচ্ছে যেখানে "বোর্ড" কথাটি আছে সেখানে ঐটা সাবষ্টিটিউট ক'রে "এ্যাসোসিয়েসন" কথাটা করার। এর উদ্দেশ্যটা হচ্ছে এই যে, আপনারা জানেন যে এ্যাসোসিয়েসন হচ্ছে "পেরেন্ট বডি", অতএব এখানে যা কিছু বলা আছে তার সমস্তটাকে যদি এনট্রাষ্ট করা হয় যে

State Government may from time to time transfer to the Association

কেন না এ্যাসোসিয়েসনটাকে আমরা পেরেন্ট বডি মনে করছি। সেইজন্য বিলের সব জায়গাতে "এ বোর্ড"এর বদলে "এ্যাসোসিয়েসন" কথাটা দেবার জন্য আমি অনুরোধ করছি। আপনার অনুমতি নিয়ে বীরেন বাবুর যে এ্যামেণ্ডমেন্ট যা ছিল সেটাও আমি বলে যাচ্ছি। সেটা হচ্ছে ক্লজ ফাইভ ৪, লাইনস থ্রি এ্যাণ্ড ফোর—

the words "repayment of such loan shall be granted by the State Government."

কথাটা লোপ করবার কথা বলা হয়েছে। এটা এজন্য বলা হয়েছে যে, আজকে মুখ্য মন্ত্রী মহাশয় এ-কথা বলছেন যে, যারা বোর্ডে আসছেন তাঁরা খুব আস্থাভাজন লোক, সাঁসালো

লোক, তাঁদের হাতে টাকা দিয়ে বিশ্বাস করা যায় এবং তাঁরা যে অপব্যয় করবেন না এটা বুঝতে পারলাম। কিন্তু চিরদিন আমরাও থাকবো না বা কেউই থাকবেন না। যদি এরকম লোক না হয় তাহ'লে গভর্ণমেন্টকে সাফার করতে হবে, যদি অপব্যয়ী হয়। তারজন্য কি করা হবে? যদি অপব্যয় ক'রে তাঁরা দেনদারী হয়ে পড়ে তাহ'লে গভর্ণমেন্ট সে টাকা দেবে, এ জিনিষটা অন্ততঃ গরীব জনসাধারণের টাক্স নিয়ে সেটা শোধ করা অর্থাৎ এই দায়িত্বটা গভর্ণমেন্টের নেওয়া আমার মনে হয় সমীচীন হবে না।

বীরেন বাবুর দ্বিতীয় এ্যামেণ্ডমেন্ট হচ্ছে—নূতন একটা ক্লজ যোগ করার জন্য—
that the finances, properties and assets of the Association shall be administered by the Board
মুখ্য মন্ত্রী মহাশয় গোড়াতেই বলেছিলেন এটা। অতএব ক্লিয়ারলি এটা এ্যাড ক'রে দিলে পরে সেটা আরও স্পষ্ট হয়ে উঠে। এবং এইজন্যই এই এ্যামেণ্ডমেন্টটা দেওয়া হয়েছে।

Dr. Kanailal Bhattacharya:

স্পীকার মহাশয়, যদিও আমার এ্যামেণ্ডমেন্টটা আউট অফ অর্ডার হয়েছে অন টেকনিক্যাল গ্রাউণ্ড, তাহ'লেও এর ভিতর দিয়ে যে বক্তব্যটা আমি রাখতে চেয়েছিলাম সেটার সম্বন্ধে এবং এই বোর্ডের কন্‌ষ্টিটিউসন সম্বন্ধে দু-একটি কথা আমি বলতে চাই। প্রথম কথা হচ্ছে যে, এই বোর্ডটাকে ষ্টেট গভর্ণমেন্ট এনটায়ারলি নমিনেট করছেন। সেখানে আমাদের বক্তব্য ছিল যে এই বোর্ডটা ইলেক্‌টেড হ'লে ভাল হোত। আমি বলেছিলাম যে কলকাতার যে-সমস্ত বড় বড় ক্লাব আছে তারাই এর ইলেকটার হতে পারবেন, এইটা থাকা উচিত। আমি মনে করি যদি এই বোর্ডের হাতে ফাইন্যান্সের দায়িত্ব আসে তাহ'লে প্রিমিয়ার ক্লাবসএর যারা রিপ্রেজেনটেটিভ তাদের যথেষ্ট দায়িত্বপূর্ণ ব'লে আমি মনে করি এবং তাদের হাতে দিলে এমন কিছু খারাপ হোত না। এরা আজ পর্য্যন্ত ক্যালকাটা স্পোর্টস চালিয়ে আসছে।

আর একটা কথা আমি মুখ্য মন্ত্রী মহাশয়কে বলতে চাই। আমার আগেকার বক্তৃতার উত্তরে তিনি যা বল্লেন তাতে আমি যা বলেছিলাম সেটা তিনি হয়ত ঠিক বুঝতে পারেন নি। আমি যেটা ওঁকে পয়েন্ট আউট করেছি সেটা এখনও বলছি, যে, বিলের মধ্যে যে-সমস্ত প্রভিসন রয়েছে তাতে ক্রীড়া জগতে একটা ডুয়েল সিষ্টেম হবার চান্স রয়েছে, যদি না তিনি যে-সমস্ত এক্‌জিষ্টিং এ্যাসোসিয়েসন আছে তাদের বুঝিয়ে যে এ্যাসোসিয়েসন করতে যাচ্ছেন তার মধ্যে না ঢোকাতে পারেন। অবশ্য মুখ্য মন্ত্রী মহাশয় বল্লেন যে এটা তাদের সঙ্গে আলাপ আলোচনা করেই করবেন। কিন্তু তা সত্ত্বেও আমার মনে হচ্ছে যদি এটা অন্যভাবে বিবেচনা না করা যায় তাহ'লে এই সম্ভাবনা যথেষ্ট রয়েছে।

[6-45—6-58 p.m.]

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, স্পোর্টস বোর্ড গঠন সম্পর্কে ডাক্তার রায় যা বলেছেন তার সারমর্ম্ম হ'ল এই—যেহেতু সমগ্র আর্থিক দায়িত্ব স্পোর্টস বোর্ডএর এবং যেহেতু স্পোর্টস বোর্ড কর্তৃক আর্থিক কমিটমেন্ট ও তার দায় শেষ পর্য্যন্ত সরকারের, সেইহেতু স্পোর্টস বোর্ডএর সমস্ত সদস্য সরকারের মনোনয়ন করা দরকার—এই হ'ল তাঁর যুক্তি। এই যুক্তি দেবার সময় প্রধান মন্ত্রী বলেছেন যে, যদি বোর্ডের সভ্য ঠিক করার ক্ষেত্রে নির্ব্বাচন প্রথা মেনে নেওয়া হয় তাহ'লে যে সমস্ত লোক আসবে তাদের হাতে এই টাকা পয়সার ব্যাপার ছেড়ে দেওয়া যেতে পারে না। অর্থাৎ ডাঃ রায়ের কথা হ'ল, নির্ব্বাচিত প্রতিনিধিদের হাতে আর্থিক দায়িত্ব ছেড়ে দেওয়া যেতে পারে না। এ-কথা আমরা কোনরকমে মানতে পারি না। কারণ, পশ্চিমবঙ্গের প্রধান মন্ত্রী নির্ব্বাচিত প্রতিনিধি; নির্ব্বাচিত হয়েও তিনি যদি এই রাজ্যের আর্থিক ব্যাপারের দণ্ডমুণ্ডের কর্ত্তা হয়ে বসতে পারেন তাহ'লে বোর্ডের সদস্যদের

বেলায় নির্ব্বাচনে আপত্তি কোথায়? ডাঃ রায়ের হাতে যে শুধু এই রাজ্যের আর্থিক দায়িত্ব এসেছে তাই নয়, তিনি পশ্চিমবাংলাকে একেবারে দেউলিয়া করে ছেড়ে দিয়েছেন। প্রত্যেক বছর কয়েক কোটি টাকা করে বাংলাদেশের ঘাটতি বাজেট হয়। ডাঃ রায়ের যুক্তি যদি মানতে হয় তাহ'লে ডাক্তার রায়কে মন্ত্রীত্ব ছেড়ে দিয়ে চলে যেতে হয় কারণ তাঁর কথামত নির্ব্বাচিত প্রতিনিধিদের হাতে টাকা পয়সার খরচ ছেড়ে দিতে পারা যায় না। ডাক্তার রায় যে টাকা পয়সা খরচ করছেন এটা ডাক্তার রায়ের নিজস্ব টাকা নয়। তিনি যেসব কমিটমেন্ট করেছেন তা তাঁর ব্যক্তিগত ব্যাপার নয়। তাঁর সরকার যখন চলে যাবে তখন তার সমস্ত আর্থিক দায় ভবিষ্যতে যে সরকার আসবে তার উপর বর্ত্তাবে এবং তাকে বহন করতে হবে। বোর্ডের ক্ষেত্রেও সেই একই নিয়ম হবে—পূর্ব্বতন বোর্ডের দায় পরবর্ত্তী বোর্ডের উপর বর্তাবে। নির্বাচিত প্রতিনিধি হ'লে টাকা পয়সা তচনচ্ করবে এই ভয়ে কি পশ্চিম-বাংলা সরকারের অর্থনৈতিক ক্ষমতা ও খরচ করার ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে? তা হয় নি। কারণ ডাঃ রায়ের এই যুক্তি মেনে নিলে ফরম্যাল ডেমোক্র্যাসির ভিত্তিতে গঠিত কোন সরকারই চলতে পারে না। তাই আমি বলবো নির্ব্বাচিত প্রতিনিধিদের হাতে টাকা দিলে তারা তচনচ্ করবে এই ভয় অমূলক। তারপর এই নির্ব্বাচন অন্যান্য প্রতিষ্ঠানেও আছে। ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাষ্টএর দিকে তাকিয়ে দেখুন, সেখানেও বোর্ডকে আর্থিক ক্ষমতা দেওয়া হয়েছে, ঋণ করার ক্ষমতাও দেওয়া হয়েছে। তার আর্থিক দায়ও সরকারের। ডেভালেপমেন্ট বোর্ডএরও যে ক্ষমতা দেওয়া হবে তার আর্থিক দায়ও সরকারের। এই সমস্ত ক্ষেত্রে বোর্ডের আর্থিক দায়িত্ব থাকা সত্ত্বেও বোর্ডের আর্থিক দায় সরকারের উপর বর্ত্তাবে, যদিও নির্ব্বাচিত প্রতিনিধি থাকায় আপত্তি হয় নি। তাহ'লে এখানে স্পোর্টস বোর্ডএর বেলায় নির্ব্বাচনে আপত্তি কেন? এ্যাসোসিয়েসন থেকে বোর্ডে একজন লোকও আসবে না—এ কিরকম যুক্তি আমি বুঝি না। ডাক্তার রায়ের যুক্তির মূল কথা হল, তিনি সব নিজের হাতে রাখতে চান মনোনয়ন দিয়ে। এ যুক্তি মেনে নেওয়া যায় না। সেইজন্য আমার মোটামুটি কথা হচ্ছে যে, যদি বোর্ডের সমস্ত সদস্যকে নির্ব্বাচনের মাধ্যমে স্থির করতে আপত্তি থাকে তবে অন্ততঃ এ্যাসোসিয়েসনএর প্রতিনিধি হিসাবে কিছু লোককে সেখানে নেওয়া দরকার। খেলাধুলার উন্নতি করবে কন্ট্রোল কমিটি, অথচ তা করতে হ'লে যে টাকা-পয়সা খরচ করা দরকার সে সম্বন্ধে তার কোন হাত নেই। কারণ টাকা-পয়সা মঞ্জুর করবে বোর্ড। কন্ট্রোল কমিটিকে টাকা দেওয়া যায় কি না তাও বিবেচনা করবে বোর্ড। অথচ এই বিবেচনার সময় কমিটির প্রতিনিধি কেউ থাকবে না বোর্ডে। তা হ'লে কে বোর্ডকে এ্যাসোসিয়েসন বা কন্ট্রোল কমিটির কথা বলবে, যদি বোর্ডএর মধ্যে এ্যাসোসিয়েসনএর লোক না থাকে? সেইজন্য আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি তাতে বলেছি—

members of the Board shall be nominated according to the recommendations by the Association.

সরকার পক্ষের এই কথাটি গ্রহণ করা উচিত।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I am really amazed at the arguments which my friends opposite put forward. At one stage they say that clause 4(1)(*b*) be omitted. That means that the Sports Association should not have persons who may be admitted by the Association to its membership, i.e., there will be no income or no receipts of the Association for the erection of a stadium. On the other hand, if there is money received, then the State Government will not guarantee. Then who will pay? Where is the money to come from? My friends do not see the reality of the whole situation. Some have suggested "let it be on the basis of nomination or a panel being sent by the Association or let them be elected by single transferable vote". You can do anything you like, but will you get money from the public unless the five men who will be put in there can attract money? That is the whole thing. My friends opposite do not know what it is to raise money and what creates credit in the Board and what creates confidence in the minds of the public. If the Board were to depend on money coming from heavens, the effect would be

the same as happened with regard to the N.C.C. Pavilion which you see there. It will grow for a little while and then stop. If you want to do things properly, you have got to raise money, you have got to take loans. Therefore, we must have members on the Board who can attract money from the public. But such money again will not be given simply to five members, however qualified and brilliant those men may be, unless Government gives a guarantee. And what is the difficulty? After the stadium is erected, the loan that may be taken is covered by an asset and there is no difficulty in the Government giving a guarantee when there is an asset. The difficulty comes in if the money comes and if the money disappears without leaving any tangible asset—then comes the difficulty.

Sir, I oppose all the amendments.

The motion of Sj. Ganesh Ghosh that for clause 5(1), the following be substituted, namely:—

"5. (1) The Board shall consist of nine members of which two shall be elected by the Association, two nominated by the State Government and the rest elected by the members of the State Assembly on the basis of single transferable vote.",

was then put and a division taken with the following result:—

AYES—35

Baguli, Sj. Haripada
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Ganesh
Haldar, Sj. Nalini Kanta
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, D . Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Sinha, Sj. Lalit Kumar

NOES—123

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal

Gupta, Sj. Jogesh Chandra
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Amrita Lal
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kamar, Sj. Prankrishna
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Khatick, Sj. Pulin Behary
Let, Sj. Panchanon
Mahammad Ishaque, Janab
Mahbert, Sj. George
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Dhajadhari
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mookerjee, Sj. Naresh Nath
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, Sj. Ardhendu Sekhar
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Priya Ranjan
Sen Gupta, Sj. Gopika Bilas
Shaw, Sj. Kripa Sindhu
Shaw, Sj. Mahitosh
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Wangdi, Sj. Tenzing
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.
Ziaul Haque, Janab M.

The Ayes being 35 and Noes 123 the motion was lost.

The motion of Sj. Subodh Banerjee that in clause 5(1), in line 2, after the words "the State Government" the words "from the names recommended by the Association" be inserted, was then put and lost.

The motion of Sj. Monoranjan Hazra that the following proviso be added to clause 5(1):—

"Provided that no person having any connection as Official or Committee Member with any existing Sporting Association or Clubs shall be appointed as a Member of the Sports Board.",

was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 5(2), line 2, for the word "Board" the word "Association" be substituted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 5(2), line 5, for the word "Board" the word "Association" be substituted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 5(3), line 1, for the word "Board" the word "Association" be substituted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 5(3), line 10, for the word "Board" the word "Association" be substituted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 5(4), line 1, for the word "Board" the word "Association" be substituted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that in clause 5(4), lines 3 and 4, the words "The repayment of such loans shall be guaranteed by the State Government" be omitted, was then put and lost.

The motion of Dr. Hirendra Kumar Chatterjee that after clause 5(4) the following new clause be added, namely:—

"(5) The finances, properties and assets of the Association shall be administered by the Board.",

was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker: The House stands adjourned till 3 p.m. tomorrow. There will be non-official business for the first two hours tomorrow. Then Sports Bill will be taken up. There will be no question tomorrow.

Adjournment

Accordingly, the House was adjourned at 6-58 p.m. till 3 p.m. on Friday, the 26th August, 1955, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 26th August, 1955, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 201 Members.

Point of Information

[3—3-10 p.m.]

Dr. Ranendra Nath Sen:

মাননীয় মন্ত্রীমহাশয় কিছু বলার আগে আমার বক্তব্য এমপ্লয়িজ স্টেট ইনসিওরেন্স স্কীম সম্পর্কে যে ষ্ট্রাইক চলছে তা সংক্রামিত হওয়ার খুব সম্ভাবনা সমগ্র হাওড়া জেলায়। এই বিষয়ে গভর্নমেন্ট প্রেস-নোট-এ আজকে বেরিয়েছে। এই বিষয়ে গভর্নমেন্টের বক্তব্য যদি এসেম্বলি হাউসের সামনে পরিষ্কার ক'রে রাখা হয় তাহলে ভাল হয়। নতুবা লাখ দু'য়েক লোকের অবিলম্বে ষ্ট্রাইক করবার সম্ভাবনা। তাদের দাবি হচ্ছে যতদিন না তাদের মাহিনা বৃদ্ধি হচ্ছে ততদিন যেন এটা স্থগিত রাখা হয়, দ্বিতীয়ত যারা ষ্ট্রাইকের সংগে যুক্ত তারা যদি কাজে যেতে চায় তাহলে এই ষ্ট্রাইক করার জন্য কোন বাধা দেওয়া হবে না। তিন নম্বর, কোন কোন ফার্মকে এর থেকে এক্সেম্পট করা হবে কিনা? কারণ এক্সেম্পট সম্বন্ধে গভর্নমেন্টের আজকে একটা কিছু পেয়েছি।

The Hon'ble Kali Pada Mookerjee: Government has clarified its position by publishing a Press-note. It has appeared in all the papers this morning. I think the whole matter has been clarified. I have got nothing further to say than what has already appeared in the Press-note.

Mr. Speaker: If necessary, Government may make a further statement on Tuesday when the House will meet again.

Statement regarding the Kurmitola Camp incident

The Hon'ble Renuka Ray: The Government has already issued a Press-note in which a mention was made of the incident which happened on the evening of the 23rd instant at Kurmitola near Murshidabad Station. I will confine the statement only to the question of the delay in payment of doles which occurred in the Kurmitola group of camps, as you, Sir, have pointed out that the incident that followed the squatting on the railway track is now *sub judice* as a case has been started.

The inmates of camps are given doles once a fortnight. The House is aware that with effect from 1st August, 1955, a new system of separation of "*Payment and Accounts*" from "Audit" has been introduced in the Relief and Rehabilitation Department. According to this system the dole that had to be given from the 16th of August to the end of the month was to be sent to Kurmitola group of camps after receipt of a bill by the Accounts Officer from the camp authorities. The bills came in time, but due to the fact that the office arrangements are new, there was a delay of two days in the signing of the cheques. Unfortunately there was further delay because the clerk in the Accounts Office whose duty it was to send the cheques on the 19th did not despatch them in time. On the 18th of August the District Magistrate complained to the Accounts Office that the cheques had not arrived. On the 19th he was told that the cheques had

been sent. After this the Magistrate informed the Relief and Rehabilitation Department that the cheques had not arrived. On further enquiry it was found that the cheques although written on the 19th had not been despatched until the 23rd by the Accounts Office. Thereupon the Relief and Rehabilitation Department instructed the District Magistrate to advance the money from the Treasury, in case the cheques did not even reach by the 24th.

The representatives of the refugees of these camps had discussions regarding the delay with the Subdivisional Officer and the District Magistrate. On the 23rd morning, the Subdivisional Officer assured them that irrespective of the fact whether the cheques came or not, they would positively be paid their doles on the very next day and this seemed to satisfy them.

Evidently, without informing their representatives or the Camp or Railway authorities, some inmates of the camp decided to mark their protest against the delay in payment of doles by taking about 500 persons to the railway track between Murshidabad and Nashipur stations. The doles were distributed on the 24th August after a delay of 8 days and the cheque also arrived the same day but it was then too late as the incident had already occurred.

A decision has now been taken to relax the provisions of Treasury Rules permitting the District Officers to draw money from the Treasury for payment of doles where cheques fail to arrive within the due date of distribution. It was a very unfortunate incident and the clerk concerned has been suspended by the Accountant-General's office and an enquiry is being made with regard to his negligence.

Government is deeply grieved that the lives of six refugees have been lost and others injured. All arrangements for care of the injured and for looking after the families of those who have lost their lives or have been otherwise incapacitated due to serious injuries have been made.

Sj. Jyoti Basu: Sir, I think there should be some debate on this statement.

Mr. Speaker: Only the statement was to be made and no discussion on it as the matter is *sub judice*.

Sj. Jyoti Basu: I am not talking about the incident but it is such a serious matter. A poor typist, one Saroj Haldar, has been suspended. I brought to your notice about the affairs in 4 Brabourne Road, where the West Bengal Government has an office which is responsible for not having done their part of the job. Everything is in chaos there. In the circumstances only a typist was suspended as if due to his fault alone the unfortunate incident took place. I think the Government should have gone into the question of the whole organisation. What was happening there I brought to your notice. There was a demonstration also at Brabourne Road but that even did not open the eyes of Government. This seems to be strange.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not know what the demonstration was about but I may tell my friend that that office is still under the control of the Accountant-General. That office has not been transferred to us. In our enquiry it was found that this clerk—poor he may be—was responsible for the delay. I was annoyed when I found that the clerk kept the bill somewhere on the 16th. He did not come to office on the 17th due to "hartal". He also did not come to office on the 18th.

He did not inform the superior officer that the bills were waiting. On the 19th after a telephone message from the District Magistrate he gets the thing done.

[3-10—3-20 p.m.]

Then he gets the cheque signed on the 19th. He does not send it till the 23rd. Although when enquiry was made on the 20th and 22nd he said that the cheque had been despatched, it was not despatched. I admit that the whole thing is in a chaotic condition at the present moment, and I can tell you that yesterday we had a long discussion with the Accountant-General, and also today, to see that this sort of mess is not allowed. I may tell you that we have made arrangements also that in future none of these things can happen, because so far as the doles are concerned arrangements have been made to keep one month's dole in advance in the hands of the District Magistrate controlling these camps. So I hope in future no repetition of this will occur.

Non-official Resolutions

Mr. Speaker: Two hours have been allotted for non-official business. I fix one hour for the first resolution and another hour for the second resolution.

Dr. Saurendra Nath Saha: Sir, I beg to move that in view of the low basic wage obtaining in this State and in view of miserable condition of industrial workers, this Assembly is of opinion that the Government of West Bengal should take suitable measures to make the Industrialists in this State to grant a minimum annual bonus of three months' wages and dearness allowance to all categories of workers and employees in various establishments and factories in this State.

I have moved my resolution. Dr. Ranendra Nath Sen will now speak on it.

Dr. Ranendra Nath Sen:

মিঃ স্পীকার, স্যার, আমাদের দেশে শ্রমিক এবং কর্মচারীকে বাঁচবার মত মজুরী দেওয়া হয় না, অর্থাৎ লিভিং ওয়েজ দেওয়া হয় না, সেইজন্য সেখানে বোনাসের দাবী প্রত্যেক বছর শ্রমিক এবং কর্মচারীর তরফ থেকে উঠে থাকে। এটা যে শুধু কারখানার শ্রমিকরাই তুলে থাকে তা নয়, আজকে বিভিন্ন সওদাগরী অফিসে, এমনকি গভর্নমেন্ট অফিসে পর্যন্ত এই দাবী প্রত্যেক বছর উঠে থাকে। এই দাবী সম্পর্কে সমগ্র ট্রেড ইউনিয়ন মুভমেন্ট ট্রেড ইউনিয়ন আন্দোলন একমত। শ্রীখান্দুভাই দেশাই যিনি কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্য তিনি সংযুক্ত আই, এন, টি, ইউ, সি-র সঙ্গে। সেই আই, এন, টি, ইউ, সি, হিন্দ মজদুর সভা, অল-ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেস প্রভৃতি প্রত্যেকটি সংগঠন তাদের বারবার বোনাসের দাবী উপস্থিত করে থাকেন। শুধু তাই নয় যে বেতনভুক্ কর্মচারীদের সম্বন্ধে বলা হ'ত যে তারা সমাজের বিশিষ্ট স্থান অধিকার করে আছে, সেই বেতনভুক সাংবাদিকরা পর্যন্ত এই বোনাসের দাবী তুলে আসছে।

All India Working Journalists Association

তাঁর'ও এই দাবী গত কয়েক বছর ধরে করছেন।

All-India Newspapers Editors' Conference, Indian Language Newspapers Association

প্রভৃতি যে সমস্ত সংগঠন আছে তারাও এই দাবী করেছে। আমাদের দেশে আজকের দিনে বলা হয় যে শ্রমিক এবং কর্মচারী তারাই দেশের উৎপাদন বাড়িয়ে থাকে। তাদের সম্পর্কে পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় যে টেনটেটিভ ফ্রেম বেরিয়েছিল, সেই টেনটেটিভ ফ্রেমের মধ্যে বলা হয়েছিল যে সোসিয়াল জাস্টিস, সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠিত করতে হবে। তিনি এই কথা বলেছেন যে দেশে উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে দেশে যারা নিম্নস্তরের লোক আছে তাদের প্রতি

সামাজিক ন্যায়বিচার করবার প্রয়োজন রয়েছে। এই কথা বারবার গভর্নমেন্টকে বলা হয় যে, যদি শ্রমিক এবং কর্মচারীদের সন্তুষ্ট রাখতে পারেন তাহলে পর দেশে উৎপাদন বাড়বে এবং দেশ সমৃদ্ধির পথে এগিয়ে যেতে পারবে ; আর তা যদি না হয়, তাহলে দেশে শিল্পে অশান্তি হয়, উৎপাদনে অত্যন্ত ব্যাঘাৎ ঘটে এবং সমগ্রভাবে দেশে একটা বিশৃঙ্খলা দেখা দেয়।

বর্তমানে রাষ্ট্রবীমা আন্দোলন নিয়ে শ্রমিকদের যে ধর্মঘট চলেছে তার মধ্যে প্রধান কথা হচ্ছে তারা বলে থাকে এত অল্প মজুরী থেকে মাইনে কেটে যদি বীমা পরিকল্পনা চালান যায়—, তাহলে শ্রমিকরা খাবে কি? সুতরাং তার জন্য স্ট্রাইক হয়, ধর্মঘট হয়, বিক্ষোভ হয়। অথচ যদি আমাদের দেশে বীমার হার বেশী না হয়ে —যদি প্রতি বছর তিন মাস করে বোনাস্ দেওয়ার ব্যবস্থা থাকতো তাহলে আজকের দিনে সমগ্র দেশে কলিকাতা ও হাওড়ার শিল্পাঞ্চলে যে বিক্ষোভ দেখা দিচ্ছে, তা দেখা দিত না।

আপনারা জানেন সমগ্র চাবাগান এলাকায় বোনাসের দাবীতে কিছুদিন আগে থেকে বিক্ষোভ পুঞ্জীভূত হচ্ছিল। দার্জিলিং-এ সম্প্রতি যে ধর্মঘট হয়, সেই ধর্মঘট উপলক্ষে সরকারের পুলিসের গুলিতে যে ছয়জন শ্রমিক মারা যায়, তার মধ্যে দু'জন মেয়ে ও একজন ১২ বছরের শিশু শ্রমিক। দার্জিলিং শ্রমিকদের দাবীর মধ্যে অন্যতম দাবী ছিল এই বোনাস। সমগ্র শিল্পাঞ্চলে, সমগ্র সওদাগরী অফিসে এই বোনাসের দাবী অত্যন্ত জোরের সঙ্গে উঠে থাকে। ডুয়ার্সে বর্তমানে যে ধর্মঘট করছে, ৩০।৩৪ হাজার শ্রমিকের এই ব্যাপারে দাবী রয়েছে—এই চাবাগান শ্রমিকদের বোনাস দেওয়া হোক। আগে গভর্নমেন্টের তরফ থেকে এটাকে বলা হ'ত এক্স-গ্রাশিয়া পেমেন্ট অর্থাৎ বকশিশ। কিন্তু যতগুলি লেবার ট্রাইবুনালের রায় বেরিয়েছে, বর্তমানে এই কথা সমস্ত ট্রাইবুনাল স্বীকার করেছেন—এমনকি ভারত সরকারও তা স্বীকার করেছেন, এই এক্স-গ্রাসিয়া পেমেণ্ট রাখা যায় না এবং নীতিগতভাবে এই বোনাস্ দেওয়া হোক—এটা সাধারণভাবে স্বীকৃত হয়েছে। যদিও কোন্‌ভাবে বা কোন্ সময় দেবে, সে সম্বন্ধে মত পার্থক্য থাকতে পারে।

এই বোনাসের দাবী সম্পর্কে আমার মনে আছে ৫।৭ বছর আগে পর্যন্ত হেসে উড়িয়ে দেওয়া হ'ত। গত বছর প্রেস কমিশনের রায় বের হয়। জাষ্টিস্ রাজাধ্যক্ষের মত লোক, যিনি সারা ভারতবর্ষে একজন বিচক্ষণ গুণী ব্যক্তি বলে পরিচিত ছিলেন, তিনিও এই বোনাসের ব্যাপারে ওয়ার্কিং জারনালিষ্ট এসোসিয়েশন-এ যে দাবী ছিল, তাতে তিনি বলেছেন—এই বোনাসের কথা সমগ্র মালিক শ্রেণী এবং প্রত্যেকের বিচার ক'রে দেখা উচিত এর ন্যায্যতা। তিনি বলেছেন—শুধু শিল্পে নয়—প্রেসের ব্যাপারে—সাংবাদিকদের বলেছিলেন ট্যাক্স বাদ দিয়ে, ডেপ্রিসিয়েসন-এর ফোর পার্সেন্ট ইন্টারেস্ট বাদ দিয়ে যা কিছু মুনাফা থাকবে, সেই মুনাফাকে তিন ভাগে বণ্টন করে দেওয়া উচিত। এক ভাগ শিল্পের দিকে তার লভ্যাংশ হিসাবে, আর এক ভাগ দেওয়া উচিত যারা শিল্পে চাকরী করে, প্রেস কর্মচারী ও সাংবাদিকদের এবং আর এক ভাগ প্রেসের উন্নতির জন্য দেওয়া উচিত। সুতরাং আজকের দিনে আমার বক্তব্য হচ্ছে সমস্ত ভারতবর্ষে যে কোন সংস্থা বলুন, যে কোন গভর্নমেন্ট কমিশনই বলুন, সেখানে বিভিন্নভাবে বোনাসের দাবী স্বীকৃত হচ্ছে। ১৯৪৮ সালে বোনাসের উপর ভারত গভর্নমেন্টের একটা কমিশন বসেছিল—একটা সাব-কমিটি বসেছিল। সেখানে কমিশন অবশ্য বলেছিলেন—কয়েকটা কয়েকটা শিল্পে যে সার্প্লাস প্রফিট হবে, তার শতকরা ৫০ ভাগ শ্রমিক ও কর্মচারীদের বোনাস দেওয়া উচিত। সুতরাং আজকের এই প্রস্তাবে দাবী করা হচ্ছে যেহেতু শ্রমিক কর্মচারী অত্যন্ত কম বেতন পেয়ে থাকে, যেহেতু বোনাস ইত্যাদি ব্যাপার সরকার এখনো স্বীকার করছেন না, সেইজন্য দাবী উঠেছে, এদের বোনাস দেওয়া হোক্ কর্মতি বেতনের পরিপূরক হিসাবে। প্রত্যেক কারখানায় ও সওদাগরী অফিসে আজ দাবী উঠেছে কমপক্ষে তিন মাসের করে বোনাস্ দেওয়া হোক। আজ কোন কারখানায় যদি দেখা যায় যে, তাদের সেই পরিমাণ মুনাফা হচ্ছে না, তাহলে তাদের যে রিজার্ভ ফাণ্ড আছে, তাই থেকে কমপক্ষে এক মাসের বোনাস্ দেওয়া হোক।

[3-20—3-30 p.m.]

আমাদের বাংলাদেশের যা চিত্র তা দেখুন। এখানকার চটকলের শ্রমিক মাসে ৬৩৷৷৹ টাকা মাগ্‌গী ভাতা সমেত পেয়ে থাকে, সুতাকলের শ্রমিক ৫২৲ টাকা পেয়ে থাকে—সর্বনিম্ন বেতন,

ইঞ্জিনিয়ারিং কারখানায় ৬১৲ টাকা পেয়ে থাকে, চাবাগানের হিসাব নিলে দেখবেন যে, দার্জিলিংএ —আজকের কাগজের খবর দৈনিক ১৷৵৹ আনা এবং তার আগে ১৷৹ আনা ছিল। জলপাইগুড়ী এবং ডুয়ার্সে ১৷৷৵৹ ও ১৷৷৶১০ শ্রমিকদের বেতনের দৈনিক হার। বহু জায়গায় শ্রমিক ও কর্মচারী আগেকার দিনে তারা বোনাস পেত, কিন্তু গভর্নমেন্টের এ সম্বন্ধে সুস্পষ্ট নীতি না থাকার ফলে বরং উল্‌টো হয়েছে। মালিকের বোনাস না দেবার যে প্রচেষ্টা আছে তাতে সাহায্য হচ্ছে। ফলে আজকে মালিকেরা দিতে অস্বীকার করছে। যেমন বর্তমানে কলিকাতার উপর যে ধর্মঘট চলছে—জেনারাল ইলেক্‌ট্রিক কোম্পানীর—মস্ত বড় বিলাতী কোম্পানীর—তাদের দাবীর মধ্যে অন্যতম দাবী বোনাস, এবং এই কোম্পানী বিগত ৫ বছর বরাবর তা দিয়ে এসেছে কিন্তু শেষ দু'বছর ধ'রে গভর্নমেন্টের নীতির ফলে তারা বলছে 'আমরা দিতে পাবর না'। কেননা ১৯৫৩ সালে এই দাবীতে যখন সমস্ত পশ্চিমবাংলা কেঁপে উঠেছিল তখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, লাভ না হ'লে পর কি ক'রে এই দাবী ন্যায্য ব'লে স্বীকার করা যায়? সুতরাং লাভ যে কিরকম হচ্ছে তার একটা সংক্ষিপ্ত চিত্র আপনাদের সামনে তুলে ধ'রব। প্রথম চা-বাগান—যেখানে বোনাসের দাবী জোরদার, ডুয়ার্সে হরতাল চলেছে, দার্জিলিংএ হরতাল চলেছে এবং খবরের কাগজে প্রকাশ যে, ডুয়ার্সের হরতাল আরও বেশী ব্যাপক হবে। চা-বাগানের লাভের অঙ্কটা দেখুন—

হান্তাপাড়া চাবাগান—ডান্‌কান্‌ ব্রাদার্সের—

১৯৫২ সালে শতকরা ৫ পার্শেন্ট ডিভিডেণ্ড দিয়েছিল,

আর ১৯৫৩ সালে শতকরা ২৫ পার্শেন্ট ডিভিডেণ্ড দিয়েছে।

হাসিমারা—ড্যাভেনপোর্ট কোম্পানীর—

সেখানে ১৯৫২ সালে শতকরা ১৫ ভাগ ডিভিডেণ্ড দিয়েছিল।

আর ১৯৫৩ সালে শতকরা ২৫ ভাগ ডিভিডেণ্ড দিয়েছে।

বানারহাট—এন্‌ড্রু ইউল্‌ কোম্পানীর—ইংরাজ কোম্পানী—

সেখানে ১৯৫২ সালে ৩৫ পার্শেণ্ট ডিভিডেণ্ড দিয়েছিল।

১৯৫৩ সালে ৪৫ পার্শেন্ট দেওয়া হয়েছে।

ডুয়ার্সে ২৩৯টা চাবাগানের মূলধন ১,৮২,৫৭,৮০০৲ টাকা লাভ করেছে ১৯৫৩ সালে ১,৪৬,০৬, ৩৭৭৲ নেট প্রফিট প্রায় ঐ যা মূলধন যতটা তত দেখুন, তাদের বছর বছর কি রকম নেট প্রফিট্‌। আবার ১৯৫৪ সালে ৩ কোটি টাকা এক বছরে মুনাফা হবে। চাবাগানের মালিকেরা দিতে অস্বীকার করেন এবং গভর্নমেন্টেরও কোন নীতি ঠিক হয় নাই।

দার্জিলিং চাবাগানের ৮৫,৪৮,০৫০৲ মূলধন, সেখানে ১৯৫৩ সালে ১৯,৮২,৯৭১৲ টাকা নেট মুনাফা করেছেন, অথচ বোনাস দেবার বেলা অস্বীকার করেন এবং পশ্চিমবাংলা সরকার সে বিষয়ে এখনও কিছু বলতে রাজী নন।

অন্যান্য শিল্পের ২।১টা উদাহরণ দিচ্ছি। পশ্চিমবাংলায় ১৯৪৯-৫৩ সালের মধ্যে Gillanders, Balmer Lawrie, Shaw Wallace, Bird, Calcutta Tramways Company, and Calcutta Electric Supply Corporation—

এই কয়টি কোম্পানী নেট প্রফিট করেছে ১৪,৭৭,১৫,২২৪৲ টাকা আর, ২০টা ইঞ্জিনিয়ারিং ফার্ম ১৯৫০-১৯৫৪ সালের মধ্যে নেট্‌ প্রফিট করেছে ১৪,৭০,০৫,৭৯৫৲ এবং ৫০টা চটকল শুধু ১৯৫০-৫৫ সালের মধ্যে নেট্‌ মুনাফা করেছে ১৫,৭৬,৫৩,১৩৬৲ টাকা। এই আমি সামান্য একটা উদাহরণ দিলাম। আরও অনেক বেশী উদাহরণ আছে। ১৯৫২-৫৩-৫৪ সালে বছরের পর বছর বড় বড় যারা শিল্পপতি তাদের মুনাফা বেড়ে যাচ্ছে, কিন্তু শ্রমিক ও কর্মচারীদের বেতনবৃদ্ধি বা বোনাসের দাবী অস্বীকার করছে এবং গভর্নমেন্টের তরফ থেকে ব্যবস্থাও হচ্ছে না। এই পশ্চিম বাংলায় যেখানে বিশেষ ক'রে শ্রমিক ও কর্মচারীদের বেতন খুব কম সেখানে এই দাবী জোরের সঙ্গে উঠেছে। আমাদের এই প্রস্তাবে তাই বলা হয়েছে যে, প্রত্যেকটা শ্রমিক

এবং কর্মচারী যারা শিল্পের সঙ্গে সংযুক্ত হয়ে কাজ করছে তাদের জন্য বৎসরে অন্ততঃ ৩ মাস ক'রে বোনাস দেওয়া হউক। এই আমার বক্তব্য।

Sj. Bibhuti Bhushon Ghose:

মাননীয় স্পীকার মহাশয় আপনিও বোধ হয় স্বীকার করবেন যে, পশ্চিমবাংলার বর্তমান শ্রমনীতি বেকার সমস্যার সমাধান করতে পারবে না। সেইজন্য শিল্পে নিযুক্ত শ্রমিকদের জীবনের মান উন্নয়ন করা যে একান্ত প্রয়োজন একথা বোধহয় ডাঃ রায় ও শ্রমমন্ত্রী আজ অস্বীকার করতে পারেন না। একদিকে দেখা যাচ্ছে মালিকদের মুনাফার পাহাড় জমে যাচ্ছে, আর একদিকে যারা মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন বাড়াবার হাতিয়াররূপে ব্যবহৃত হচ্ছে দিনের পর দিন তাদের অবস্থা খারাপ হচ্ছে। আজ যদি সাধারণভাবে বর্তমান শ্রমিকদের মিনিমাম বেসিক ওয়েজেস নিয়ে আমাদের শ্রমমন্ত্রী এখানে উপস্থাপিত হন তাহলে চটকলের কথা বলুন, সুতাকলের কথা বলুন, ইঞ্জিনিয়ারিং কারখানার কথা বলুন—যেখানেই বলুন না কেন, একথা তিনি নিজেই স্বীকার করবেন যে, সত্যই আজকে একজন মজুরের যা দিনমজুরী তাতে তার ভরণপোষণ হয় কিনা? সে তার সংসারযাত্রা নির্বাহ করতে পারে কিনা। একথা তিনি নিজে যদি বুঝে দেখেন যে, আজকে পশ্চিমবাংলার সাধারণ মজুরের যে মূল বেতন সেই মূল বেতন পাওয়ার পর সে স্ত্রীপুত্র নিয়ে সুখেস্বচ্ছন্দে ঘরসংসারের ব্যবস্থা করতে পারে কিনা একথা তিনি ভাল ক'রেই বুঝতে পারবেন। কারণ, তাঁর কাছে স্ট্যাটিস্‌টিক্‌স্‌ রয়েছে। প্রতিটি মজুরের দৈনন্দিন মজুরীর হার তাঁর কাছে কষা আছে। তিনি যদি সেই স্ট্যাটিসটিক্‌স্‌ উপস্থাপিত করেন তাহলে বুঝতে পারা যাবে যে, আজকে প্রতিটি শ্রমশিল্পে নিযুক্ত শ্রমিকদের ৩ মাসের জন্য বোনাসের যে প্রস্তাব রাখা হয়েছে তার সততা, সাধুতা এবং কার্যকারিতা সম্বন্ধে অস্বীকার করবার নিশ্চয়ই কিছু থাকবে না। যখন চটকলে পূজার বোনাসের জন্য আন্দোলন হয় তখন আমি ডাঃ রায়কে বলেছিলাম যে এর পূর্বে ১৯৪৮ সালে মিনিমাম্‌ বেসিক ওয়েজেস নির্ধারণ করে যে ট্রাইবিউন্যাল এওয়ার্ড দিয়েছিল সেই নির্ধারিত এওয়ার্ড ইম্‌প্লিমেন্ট করবার ব্যবস্থা করুন, যাতে চটকলের ওয়ার্কারেরা নির্ধারিত মিনিমাম্‌ বেসিক ওয়েজেস পেতে পারে, তাহলে আমরা পূজার বোনাসের দাবী ছেড়ে দেব। তিনি বলেছিলেন, আমি দিল্লী যাচ্ছি, এটা বিবেচনা করব। এখন বোনাস কেন দিতে হবে? সত্যিকারের যে হিসাব রণেন বাবু দিলেন এই আনুপাতিক হারে মালিক যদি মুনাফা লোটে তাহলে কেন তাঁরা মজুরদের মুনাফার অংশ দেবেন না? মুনাফার অংশ দেবার জন্য কেন্দ্রীয় শ্রমমন্ত্রী খান্দুভাই দেশাইও বার বার বলেছেন। আজকে মজুর এবং মালিকের সম্বন্ধ তার মুনাফার অংশ বন্টনের দ্বারা নির্ধারিত হবে?

[3-30—3-40 p.m.]

আজকে যদি আপনারা উৎপাদন বাড়াতে চান, তাহলে সাধারণ মজুরকে পেটভরে খেতে দিতে হবে, তাদের সংসার নির্বাহের একটা সুষ্ঠু ব্যবস্থা ক'রে দিতে হবে, তাদের ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা করতে হবে, স্বাস্থ্যের ব্যবস্থা করতে হবে, ডাক্তারের ব্যবস্থা করতে হবে। এটা যদি না করেন তাহলে আপনারা কি ক'রে আশা করতে পারেন উৎপাদন বাড়াবার। কি ক'রে তারা উৎপাদন বাড়াবারহাতিয়ার হয়ে থাকবে না খেয়ে। এই কথা আমাদের মন্ত্রীমহাশয় নিশ্চয় বুঝিয়ে দেবেন। সেইজন্য আমরা যখন এই বোনাসের কথা বলি, তখন সেটা কেবল আন্দোলন করবার জন্যই নয়, হৈ হল্লা করবার জন্য নয়। হয়ত তাঁরা এটা মনে করতে পারেন যে, বামপন্থী দলের কিছু একটা না করার থাকলে একটা না একটা কিছু তাঁরা খুঁচিয়ে বের করেন। কিন্তু তিনি যদি এই হাউসকে কনভিন্স করতে পারেন যে, আজকে সমস্ত শ্রমশিল্পে নিযুক্ত শ্রমিকদের ক্ষুদ্র বেতন যাহা ট্রাইবুনালের দ্বারা নির্ধারিত হয়েছে সেই নির্ধারিত মূল বেতনের দ্বারা কি কোনও মানুষের জীবন নির্বাহ করা সম্ভবপর? তাহলে নিশ্চয় আমরা এই বোনাসের কথা তুলে নেব, আমরা আর বোনাসের কথা বলবো না। এত অবিচার, এত অন্যায় কেন হবে? একদিকে এত অর্থনৈতিক অসামঞ্জস্য বিধান মানুষের সঙ্গে মানুষের থাকবে কেন? যেখানে আপনারা সমাজতান্ত্রিক ধাঁচে রাষ্ট্র কাঠামো করবেন, সেখানে একজন মানুষের সঙ্গে আর একজন মানুষের ১শো-২শো ২হাজার গুণ জীবনধারণের পার্থক্য থাকবে কেন, এই কথা আমাদের বুঝিয়ে দিন। এই যদি চলতে থাকে, তাহলে কি করে সমাজতান্ত্রিক

ধাঁচে রাষ্ট্রগঠন করবেন, সেটা মন্ত্রীমহাশয় আমাদের বুঝিয়ে দেবেন। সেজন্য আজকে দেখা যাচ্ছে কি? চটকলে, সুতাকলে আন্দোলন—আজকে তারা যে ষ্টেট্ ইনসিউরেন্সে পয়সাটা দিতে পারছে না, কেন পারছে না? সেদিন যখন আমি শ্রমমন্ত্রীর কাছে গিয়েছিলাম তখন আমি তাঁকে মিনিমাম্ বেসিক্ ওয়েজেস-এর কথা বলেছিলাম। আমি বলেছিলাম সুতাকলে যে পয়সা কাটবেন—সুতাকলে ট্রাইবুনাল বসেছিল ১৯৪৮ সালে। আজ আপনারা জানেন যে সুতাকলের ট্রাইবুনাল শ্রমিকদের নিম্নতম মূল বেতন কত ধার্য করেছিলেন? ২০.১০ পয়সা থেকে ২৬টাকা ৯ পয়সা। যেখানে কোটি কোটি টাকা মালিকরা মুনাফা লুটবে, সেখানে একজন শ্রমিকের মূল বেতন হবে কত, না ২০ টাকা ২ পয়সা। এই অবিচার, এই অন্যায় অত্যাচার, এই শোষণ যদি চলতে থাকে তাহলে সমাজতান্ত্রিক রাষ্ট্রের কাঠামো কি করে গ'ড়ে উঠবে, কি ক'রে সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন আপনারা করবেন, এটা আমাদের ক্ষুদ্র বুদ্ধিতে আমরা বুঝতে পারি না। আজ চটকলের মজুরদের একমাত্র দাবী মূল বেতন বাড়ানো। কেউই অস্বীকার করে না যে, ষ্টেট্ ইনসিওরেন্স ভ'লো চায় না এই কথা কেউ বলে না যে, স্বাস্থ্য-বীমার প্রয়োজন নেই, কিন্তু কেন তারা এটার বিরুদ্ধে আন্দোলন করছে? তাদের একমাত্র দাবী, একমাত্র কথা হচ্ছে ট্রাইবুনাল চলছে, ট্রাইবুনাল চলাকালীন তাদের মাইনে কাটবেন না। মাইনে কাটার পূর্বে তাদের মূল বেতন কিছু পরিমাণে বাড়িয়ে দিন, দেবার পরে তার থেকে কাটুন। তাহলে হাসিমুখে তারা আপনাদের পয়সা দেবে, হাসিমুখে যে সুন্দর স্কীম আপনারা করেছেন তা তারা সমর্থন করে নেবে, নানা গলদ থাকা সত্ত্বেও। কিন্তু তাদের একটু বোঝবার সময় দিতে হবে যে, হ্যাঁ, যে পয়সা দিচ্ছি তা দেব কোথা থেকে, তারা পয়সা পাবে কোথা থেকে? তাদের যদি দেবার ক্ষমতা থাকতো, তা হলে আজকে তারা এইরকম গুলীর সামনে দাঁড়িয়ে ৩।৪ দিন ধরে থাকতো না, যেখানে যে কোন মুহূর্তে একটা অঘটন ঘটে যেতে পারে, যেখানে যেকোন মুহূর্তে তাদের জীবন বিপন্ন হতে পারে। আজকে তাদের জীবন এমনই দুর্বিসহ হয়ে উঠেছে যে, তাদের পক্ষে দু' আনা পয়সা দেওয়াটাও যেন একটা কতখানি বিপজ্জনক ব্যাপার। এটা বাস্তবিকই বোঝার দরকার আছে। তাই আমি আপনাদের কাছে অনুরোধ করেছিলাম যে এই চটকলের ট্রাইবুন্যালের রায় বেরিয়ে যাক্, তাতে যাতে তাদের মাইনে বাড়ে অন্তত সেই উপায়টা আপনারা করুন, তারপরে ষ্টেট্ ইনসিওরেন্স স্কীম তাদের কাছে নিয়ে যান। আমরা জানি না আজকে প্রেস-নোটের মধ্যে বেরিয়েছে, সমস্ত টি ইউ সি ফ্রন্টগুলো নাকি এ স্কীম স্বীকার করে নিয়েছে। আমি বলবো তাঁদের দায়িত্ব ছিল এটা শ্রমিকরা চায় কিনা সে সম্বন্ধে তাদের মতামত নেওয়া। সেটা না করার দরুণ আজকে যে দুর্ঘটনা ঘটতে যাচ্ছিল সেই দুর্ঘটনার জন্য দায়ী আমরা সকলে হতাম। সেইজন্য আমি বারবার আপনাদের কাছে বলেছিলাম যে, আপনারা অন্ততঃপক্ষে চটকল এবং সুতাকলের শ্রমিকদের মূল বেতন নির্ধারণ ক'রে দিন এবং নির্ধারণ ক'রে দেবার পর ষ্টেট্ ইনসিওরেন্স চালু করুন। অবশ্য সেদিন শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে সুতাকলের যে মজুররা এসেছিল তাদের কাছে তিনি আশ্বাস দিয়েছেন যে, তিনি কাগজপত্র সমস্ত দেখে চেষ্টা করবেন সুতাকলের জন্য একটা ট্রাইবুনাল বসাতে পারেন কিনা? আমি মনে করি মন্ত্রীমহাশয় নিশ্চয় তাঁর সেই কথা স্মরণ করে সুতাকলের একটা ট্রাইবুনাল বসাবার চেষ্টা করবেন এবং সঙ্গে সঙ্গে আমি একথাও বলছি যে, বোনাসের দাবীটা ভিক্ষা নয়। মালিকরা যেখানে কোটি কোটি টাকা লুটবেন, মালিকরা যেখানে করবে কোটি কোটি টাকার মুনাফার পাহাড় তৈরি, মালিকরা যেখানে বাড়ীর পর বাড়ী, গাড়ীর পর গাড়ী করবে, সেখানে একটা সামান্য মজুর খেতে পাবে না, তাদের ছেলেমেয়েদের যক্ষ্মাকাশ হ'লে চিকিৎসা করাতে পারবে না, তাদের জীবনে কোন সুখ শান্তি আসবে না, এতবড় অবিচার, এতবড় অন্যায় আজকের শ্রমিকরা কখনও বরদাস্ত করতে প্রস্তুত নয়। আমরা মনে করি সত্যিকারের এই কংগ্রেস গভর্নমেন্টের যদি সমাজতান্ত্রিক ধাঁচে রাষ্ট্র কাঠামো করবার প্রকৃত ইচ্ছা থাকে, তাহলে মজুরদের জীবনধারণের মান উন্নয়ন করতে হবে, মজুরদের মূল বেতন বাড়াবার একান্ত প্রয়োজনীয়তা অনুভব করতে হবে, শ্রমশিল্পে নিযুক্ত প্রত্যেকটি শ্রমিকের তাদের যে স্বাস্থ্য-বীমা তৈরি করেছেন সেই স্বাস্থ্য-বীমায় যে কনট্রিবিউসন দেবে, সেটা তারা কোথা থেকে দেবে একথা আপনাদের ভাবতে হবে, তাদের ছেলেমেয়েদের জন্য সুখস্বাচ্ছন্দ্যের ব্যবস্থা করতে হবে, শিক্ষার ব্যবস্থা করতে হবে, স্বাস্থ্যের ব্যবস্থা করতে হবে। এইগুলি যদি না করতে পারেন তাহ'লে আমরা জানবো যে এই সমাজতান্ত্রিক রাষ্ট্রের যে কথা

আপনারা বলেন সেটা আপনারা নিজেরাই বিশ্বাস করেন না। সত্যিকারের সমাজতান্ত্রিক রাষ্ট্র গঠন করতে গেলে পর বর্তমানে মানুষে মানুষে যে এতখানি অর্থনৈতিক বৈষম্য গ'ড়ে উঠেছে সেই সমাজ-ব্যবস্থাকে ভেঙ্গে চুরমার করে আর একটা নূতন সমাজ গঠন করতে হবে। এই পচা ধসা অর্থনৈতিক সমাজ-ব্যবস্থাকে যদি ভেঙ্গে না দেন, যদি শ্রমিক-মালিকের মধ্যে এতখানি ব্যবধান দূর না করতে পারেন তাহ'লে আমি বলবো যে, যে সমাজতান্ত্রিক ধাঁচের রাষ্ট্র কাঠামোর কথা আপনারা বলেন সেটা ধাপ্পাবাজী ছাড়া আর কিছুই নয়। এতে জনসাধারণ নিশ্চয় আপনাদের ধীক্কার দেবে বলে আমি বিশ্বাস করি।

Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই প্রস্তাবটি সমর্থন করতে উঠে এই কথাগুলিই বলতে চাই শ্রমিকদের আজকে মালিকদের কাছ থেকে একটা দাবী করে কিছু আদায় করাটাই বড় কথা নয়, বোনাস পাওয়াটাই আজকে শ্রমিকদের জীবনে একান্ত প্রয়োজন। যে কোন বস্তীতে বা শ্রমিক এলেকায় গেলে দেখতে পাওয়া যাবে কিম্বা প্রতিদিন তারা যেখানে কাজ করছে বা প্রতিদিন দিন অতিক্রম করছে সেখানে গেলে দেখতে পাওয়া যাবে তাদের কি অবস্থা। ফ্যাক্টরী থেকে যখন তারা বেরিয়ে আসে, বেরিয়ে এসে জীবনের যা কিছু প্রয়োজনীয় জিনিস সেগুলি যখন হাটবাজার করতে বেরোয়, তখন দেখা যায় দুদিনের বেশী বা একদিনের বেশী তাদের কোন সপ্তাহের বা মাসের বেতন ৩।৪ দিনের বেশী চলে না। তাদের সেইজন্য আবার চড়া সুদে টাকা ধার করতে হয়। এই রকম করেই তাদের দিন চলে এবং এমনভাবে তাদের প্রতিটি দিন চলতে চলতে জীবনে তাদের ক্ষয় ধরে। কাজেই শ্রমিকদের সাধারণভাবে জীবন-ধারণের জন্য তারা যাতে ২।৪টা কাপড় কি জামা বা ঔষধপত্র কিনতে পারে, সেইজন্যেই তাদের আজকে বোনাসের দরকার আছে। কাজেই শুধু মালিকদের কাছ থেকে দাবী করে কিছু আদায় করাটা বড় কথা নয়, পাওয়াটাই সবচেয়ে বড় কথা। এদিক দিয়ে আজকে সরকারকে ভাবতে বলবো, চিন্তা করতে বলবো।

কতকগুলি মর্মান্তিক দুর্ঘটনার কথা সকলেই জানেন এবং সেইগুলি সংবাদপত্রেও বেরিয়েছে। আমার অভিজ্ঞতা থেকে বলছি পূজার সময় একটি চটকলের শ্রমিক ছেলেকে একটা জামা দিতে পারে নি বলে গলায় দড়ি দিয়েছিল। তারপর আর একটা ঘটনায় একজন শ্রমিক ছেলেকে জামা দিতে পারে নি ব'লে আফিং খেয়েছিল। এইরকম বহু ঘটনার দৃষ্টান্ত দিতে পারা যায়। সুতরাং এই অবস্থায় যদি তারা পূজার সময় একটা বোনাস পায়, সামান্য কিছু একটা পায়, তাহলে তাতে তাদের খানিকটা সাশ্রয় হ'ত।

[3-40—3-50 p.m.]

এই দিক থেকে বোনাসের প্রয়োজনীয়তা আছে একথা নিশ্চয়ই কেউ অস্বীকার করতে পারবেন না। ভারতবর্ষে বিভিন্ন ওরগানাইজেসন যা আছে প্রত্যেক জায়গাতেই এই দাবী উঠেছে এবং একটু আগে শ্রদ্ধেয় সদস্য রণেন সেন মহাশয় বলেছেন যে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী যে সংগঠনের সঙ্গে জড়িত সেই সংগঠনও বোনাসের দাবী অস্বীকার করতে পারে নি। এদিক থেকে আজ ভারতবর্ষের, বিশেষকরে বাংলাদেশের মানুষের দাবী যে অন্ততঃ বৎসরে ৩ মাসের বোনাস পাওয়া দরকার। এটা যদি কতগুলি অঙ্ক এবং ঘটনার যাহায্যে চেষ্টা করেন তাহলে দেখতে পাবেন এর বাস্তব ভিত্তি আছে। এখানে আমি সেজন্য বিশেষকরে বাংলাদেশের শ্রমিকদের বাৎসরিক আয়ের একটা চার্ট রাখছি। ইন্ডিয়ান লেবার গেজেট-এ দেখছি—টেক্সটাইল ইন্ডাষ্ট্রি ইন অল স্টেজেস ১,১১৫·১, ওয়েষ্ট বেঙ্গল-এ ৮৫৯·৫, পেপার অ্যান্ড পেপার প্রডাক্টস ৯৫৮·৫, ওয়েষ্ট বেঙ্গল-এ ৯২৩·৬। লেবার এন্ড লেবার প্রডাক্টস অন্য ষ্টেট ৯৭৯·১, ওয়েষ্ট বেঙ্গল-এ সেখানে হচ্ছে ৬৫৪·৭। পেট্রল এন্ড কোল প্রোডাক্টস ১,৪৬০·১, সেখানে ওয়েষ্ট বেঙ্গল-এ হচ্ছে ৯৯·২। ইলেকট্রিসিটি, গ্যাস এন্ড ষ্টীম, ১,৪১২·৮, ওয়েষ্ট বেঙ্গল-এ হচ্ছে ১,৩৫১·৬, ওয়াটার এন্ড স্যানিটারি সার্ভিস মিউনিসিপ্যালিটিগুলিতে দেখবেন ৮৯৮·৭, সেখানে ওয়েষ্ট বেঙ্গলে হচ্ছে ৮৫০·২। এভাবে শ্রমিকদের আয় কমে যাচ্ছে। ১৯৫২-৫৩ সালে শ্রমিকদের আয় ২·৪ পার্শেন্ট কমে গিয়েছে। কাজেই বাস্তব ভিত্তিতে আজকে শ্রমিকদের সাময়িকভাবে হলেও খানিকটা আয় বাড়ানোর প্রয়োজনীয়তা আছে এটা পরিষ্কার দেখতে পাওয়া যাবে। এখানে অনেকে তর্ক করবেন কি ক'রে বোনাস দেওয়া যাবে। সংস্থান থাকলে তো দেবে।

লস হচ্ছে, কাথা থেকে দেবে? সাধারণভাবেও এই প্রসঙ্গে বলা যেতে পারে এদেশে এত কম বেতন দেওয়া হয় যে, এই বেতনে—আমি আগেই বলেছি—জীবনযাত্রা চলতে পারে না। যে মূল বেতন দেওয়া হয় সেটাও যদি কিছু বাড়ান যায় তাহলেও এই প্রশ্নটা দূরে রাখা যেত যদি মূল বেতনও কিছু বাড়ান যায় তা হ'লেও শ্রমিকদের প্রতি কিছুটা সুবিচার করা হয়। এদিক থেকে সরকারের কাছে আবেদন করি এদিকটা যেন সরকার বিবেচনা করেন। ১৯৫৩ সালে ডাঃ রায় প্রেস কনফারেন্স ক'রে এ ব্যাপারে একটা বিবৃতি এবং একটা নির্দেশও দিয়েছিলেন। কিন্তু তারপর বাংলাদেশে বোনাসের আন্দোলন দমন করা নিয়ে একটা ১৯৪২ সাল হ'য়ে গেল। প্রত্যেকটি শ্রমিক অঞ্চলে, ফ্যাক্টরি অঞ্চলে শ্রমিকদের উপর টিয়ার গ্যাস, লাঠি চালান হয়েছে, গ্রেপ্তার করা হচ্ছে, নানারকমভাবে জবরদস্তি করা হচ্ছে। আমার আবেদন হচ্ছে এই যে, বোনাসের দাবীর ন্যায্যতা যেখানে রয়েছে সেই দাবী দমন করার জন্য যেন সেই পুরাণো দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করবেন না। শ্রমিকদের যে দুর্দশা চলছে সেদিকে একটু সহানুভূতি-পূর্ণ দৃষ্টি দিয়ে দেখা দরকার। যদি সোসিয়ালিষ্ট প্যাটার্ণ অফ সোসাইটি সত্যিই করতে হয় তাহ'লে সেই পুরাণো দৃষ্টিভঙ্গি থাকা উচিত নয়। এটা বড় লজ্জার কথা, দুঃখের কথা। আজকের এই অবস্থাই যদি চলতে থাকে তাহলে সরকারকে আমি স্মরণ করিয়ে দেব—সত্যের খাতিরে, মানবতার খাতিরে এখনও তাঁদের এটা দরদ দিয়ে বিবেচনা করা দরকার—শ্রমিকরা তাদের বোনাসের দাবীকে কখনো নিষ্ফল হতে দেবে না। এই কথা ব'লে আমি সমর্থন জানাচ্ছি।

Sj. Rakhahari Chatterjee:

মাননীয় সভাপাল মহাশয়, যে প্রস্তাব ডাঃ সাহা এনেছেন তার মূলতত্ব সংগে আমি একমত। তার কারণ হচ্ছে এই যে বাংলাদেশের যে বর্তমান অর্থনৈতিক অবস্থা তাতে একমাত্র কৃষির উপর যে বাংলাদেশের সমস্যা সমাধান হতে পারে না এটা সরকারও স্বীকার করেছেন এবং এটা সর্বজন বিদিত। সুতরাং এ দেশকে বড় করতে গেলে এবং দেশের বেকার সমস্যা সমাধান করতে গেলে শিল্পের যে প্রসার অতি প্রয়োজন এটা সকলে স্বীকার করেন। কিন্তু শিল্প প্রসারের যে বড় বাধা মালিক এবং শিল্পীদের মধ্যে যে বিরোধ বাধে এবং তার যে মূল কারণ শিল্পীদের বেতন এবং বোনাসের যে দাবী সেটা যতদিন পর্যন্ত না স্থায়ী ও সঙ্গত ব্যবস্থা করা যায়, ততদিন সত্যই বাংলা দেশের শিল্প স্থায়ী করা যাবে না। এই কারণের জন্যই বহু সময় আমরা দেখতে পাই ষ্ট্রাইক চলে যার ফলে বিদেশী জিনিষ মারকেটকে অধিকার করে বসে এবং বাংলা দেশের সমস্যাকে জটিল থেকে আরও জটিলতর করে তোলে। সুতরাং আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীমহাশয়কে এই রেজলিউসনের যে মর্মকথা তা খুব চিন্তার সহিত উপলব্ধি করবার জন্যে আমি অনুরোধ করি। ১৯৫২-৫৩ সালের বাজেট অধিবেশনের সময়ও এ কথা আমি বলেছিলাম যে যদি আমরা সত্যই স্থায়ী কল্যাণ চাই তাহলে প্রত্যেক ফ্যাক্টরী বা ইন্ডাষ্ট্রীর যে ইনকাম হবে, যেটা নেট প্রফিট তাকে তিনভাগে ভাগ করা উচিত। সে সময় শ্রম মন্ত্রীমহাশয় বলেছিলেন যে এ বিষয়ে তিনি চিন্তা করছেন। কিন্তু দুর্ভাগ্যের কথা তিন বৎসর অতীত হয়ে গেছে সমস্যার সমাধান তো হয়ই নি, পরন্তু ঐ রকমের আমরা কিছু দেখতে পাচ্ছি না। বিশেষতঃ শ্রমিকের যে অবস্থা, শুধু বোনাস নয়, তাদের যে বেতন বাড়াবার যথেষ্ট দরকার এবং তারা যে পরিবেশের মধ্যে বাস করে তারু উন্নতিবিধানের প্রয়োজন। আরও দরকার সরকার এবং যারা শ্রমিকদের কল্যাণে নিযুক্ত থাকেন তাদের জীবনযাত্রা কি করে ভাল করতে পারা যায় সে সম্বন্ধে শ্রমিকদের সচেতন করা এবং শিক্ষিত করা দরকার। যারা শ্রমিক নেতা তাদের আমি অনুরোধ করি এবং গভর্নমেন্টকে স্পেশ্যালি বলি যে তাদের এই অবস্থাকে পরিবর্তন করবার জন্য বিশেষ চেষ্টা করা দরকার। বোনাস সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে, সত্যই তারা যে বেতন পায় এবং যেভাবে তাদের সংসার চলে সেটাকে মানুষের বেঁচে থাকা বলে না। তবে একটা কথা যে, ভগবান তাদের প্রাণে মারে না তাই তারা বেঁচে আছে। বোনাস ওদের তিন মাসের দেওয়া চলবে কি আরও কমানো চলবে সে কথা আমার পক্ষে বলা সম্ভব নয়। এ চিন্তা সরকারকে করতে হবে।

[3-50—4 p.m.]

কিন্তু এ কথা ঠিক যে, যদি বোনাস না দেওয়া যায় তাহলে বিনাশ অবশ্যম্ভাবী। হয় বোনাস কিম্বা বিনাশ। একদিকে শ্রমিক মরবে কিম্বা দেশের শিল্প মরবে যার ফলে আমাদের সকলকে দুর্ভোগ

ভোগ করতে হবে। সেইজন্যই আমি বলব যে যদিও এই প্রস্তাব কমিউনিষ্ট পার্টির পক্ষ থেকে এসেছে তবুও সরকারপক্ষকে অনুরোধ করব, এ বিষয়ে চিন্তা করার জন্য এবং তা খুব প্রয়োজন। তারা যদি কোন এমেন্ডমেন্ট দিয়ে এর সংশোধনের চেষ্টা করতেন যে, বাস্তবিকই এভাবে না করে এভাবে করা উচিত, তাহলে অন্ততঃপক্ষে আমরা যারা দুয়ের মাঝে আছি তারা একটু আশ্বস্ত হতে পারব। আমার বক্তব্য হচ্ছে যে প্রথম আমি সরকারকে অনুরোধ করব আপনার মাধ্যমে এই কথা বলে যে যে শিল্প বা ইন্ডাষ্ট্রি আমাদের দেশে রয়েছে তারা যে ক্যাপিটেল লেআউট করেছেন তার উপর মিনিমাম কি ইনকাম হওয়া উচিত, কি প্রফিট দেওয়া উচিত, এটা যদি সরকারপক্ষ থেকে একটু বাঁধবার চেষ্টা করেন তাহলেপর বোনাস সম্বন্ধে কত টাকা দেয়া দরকার বা কতটা সম্ভব সেটা অনায়াসেই আমরা ঠিক করতে পারি। সুতরাং ঐ একটা দুটো আইন করে ইন্ডাষ্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট-এ কোন কেস হোল কি না হোল সেটা দেখলে হবে না। মিনিমাম ওয়েজেস এ্যাক্ট হয়েছে বটে এবং তা কোন কোন ক্ষেত্রে প্রয়োগও হয়েছে বটে কিন্তু অধিকাংশ ক্ষেত্রে আমরা দেখেছি এই এ্যাক্ট কাজ করে না। আজকে বহু কম বেতনে মানুষকে কাজ করতে বাধ্য করে। কারণ বাঁচার ভয় সবচেয়ে বেশী। আমি উপোষ দিয়ে মরব? তারচেয়ে কিছু কমই পেলাম—এতেই করি। সুতরাং আইন যখন করা হয় তাতে প্রত্যেক লোক যারা নিযুক্ত আছেন তারা আইন অনুসারে যাতে কাজ করে এবং শ্রমিকশ্রেণীর দারিদ্রের সুযোগ গ্রহণ করে তাদের এক্সপ্লয়েট যাতে না করে তারও দেখার প্রয়োজন আছে। আমার অনুরোধ হচ্ছে এই যে এ বিষয়ে গভীর চিন্তা করে দেখা দরকার। এই বোনাসের দাবী নিয়ে তাদের বহু রক্তপাত করতে হয়েছে তাদের বহু দুঃখ কষ্টের মধ্যে যেতে হয়েছে যার ফলে সরকার বাধ্য হয়েছেন আইন করবার জন্য। যদি আইন না করে সরকার যদি আজকে বলতেন যে, তারা সোসিয়ালিষ্টিক প্যাটার্নএ সবকিছু করবেন এবং যে জন্য আজকে জমি নিয়ে নেওয়া হচ্ছে। এটা যদি করছেন তখন মুষ্টিমেয় লোককে এইরূপ বিলাসের সুযোগ দিয়ে শ্রমিকদের বঞ্চিত করা হবে কেন? এখানে সরকারের কর্তব্য শ্রমিক এবং মালিকের উপর সমান দৃষ্টিভঙ্গী রেখে শ্রমিকদের যে নেয্য দাবী তা তারা যদি স্বীকার করে নেন এবং সেই অনুসারে যদি পশ্চিমবঙ্গের শ্রমবিভাগ পরিচালিত হয় তাহলে আমি মনে করি যে বাংলা দেশের শিল্পের প্রসারও হবে এবং শ্রমিকেরও কল্যাণ হবে এবং তার সঙ্গে সঙ্গে বাংলা দেশের যে সমস্ত বাইরের জিনিষ চালু আছে বা যে প্রতিযোগিতামূলক বাজার আছে সেখান থেকে আমরা নেয্য মূল্যে জিনিষ পাব। বাঙ্গালী এবং বাংলা সর্বদিক থেকে উন্নত হবে এবং খানিকটা অকল্যাণ আমরা এড়াতে পারব। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Janab A. M. A. Zaman:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে রেজলিউসনটা আমাদের বন্ধুবর এনেছেন তা পড়লে প্রথমে মনে হয় যে সত্যই এরা শ্রমিক দরদী। শেষের অংশটুকু পড়লে দেশের যারা আইনকানুন বোঝেন যারা দেশকে জানেন তারাও বুঝবেন যে, এ ধোকাবাজী ছাড়া আর কিছুই নাই। আসল উদ্দেশ্য গভর্নমেন্টকে হেয় করা নিরীহ শ্রমিককে ধোকা দেওয়া। আমরা যারা কংগ্রেসেরপক্ষ থেকে ট্রেড ইউনিয়ন করি তাদেরকে হেয় করা। এ যেন জাপানী খেলনার মত একটা খেলনা তারা তৈরী করেছেন। গতবারের আগে চটকলের শ্রমিকদের ২৫টি দাবী নিয়ে আমরা যখন প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করছিলাম এবং কি কোরে এইসব ট্রাইবুনালএর মাধ্যমে আদায় করা যায় তার ব্যবস্থা করছিলাম সেই সময় সস্তায় নাম নেবার জন্য ও'রা ডিক্লেয়ার করলেন একদিনের হরতাল করে তিন মাসের বোনাস আদায় হবে। সে কথা অনেকেই জানেন। এবং তার ফলে কি হয়েছিল তাও অনেকেই জানেন। আলিপুর কোর্টএ একটা মোকদ্দমা উঠেছিল তাদের নামে, স্ট্রাইকের নামে প্রায় আঠার হাজার টাকা মারার ব্যাপারে তাতে আরও হলো যে একদিন স্ট্রাইক করার ফলে ১৪ দিন বছরের যে আরন্ড লীভ তা পর্যন্ত পেল না। ওখানে বোনাস পাওয়া তো দূরের কথা এ সর্বনাসটা তারা করেছিলেন। সেইজন্য বজবজ শ্রমিকদের চোখ খুলে গিয়েছিল। আজকে দেশের সব জায়গাতে ওদের তল্পী গুটাতে হচ্ছে। আমি একবার জিজ্ঞাসা করতে চাই ওদের কাঁছে গড়ের মাঠের বক্তৃতার মত শুধু বক্তৃতা করে দিলেই কাজ হয় না। শুধু চেঁচামেচি করলেই তিন মাসের বোনাস আদায় হয় না। কোম্পানীর আইনকানুন জানা দরকার। ট্রাইবুনাল আছে তাদের সমস্ত কিছু আইনকানুন আছে তাদের মাধ্যমে

না গিয়ে কোন কোম্পানী বাধ্য নয় বোনাস দিতে। বোনাসের যে আইন আছে তা শ্রমিকদের কাছে ওরা কোন দিনই বলে নি। ফলে কারখানায় দেখা যায় ওরা শ্রমিকদের কাছে গিয়ে বলেন কোম্পানীর কাছ থেকে বোনাস আদায় করতে নতুবা ডাঃ রায়কে গদি ছাড়তে হবে। আমি ডাঃ রায়কে অনুরোধ করবো একদিনের জন্য গদী ওদের ছেড়ে দিন দেখি কেমন করে আইন ছাড়া বোনাস ও অন্যান্য দাবী আদায় করে। তাই বলছি এই প্রস্তাবটিতে জনসাধারণকে ধোকা দেওয়া ছাড়া আর কিছুই নাই। তাদের জানা দরকার আজকে ইঞ্জিনিয়ার, টেক্সটাইল, এদের এওয়ার্ড হয়েছে। মেটালবক্সে ১৭½ পার্সেন্ট বোনাস দেওয়া হয়েছো তাদের প্রফিট হিসেব করে। বহুক্ষেত্রে শ্রমিকরা ট্রাইবুনালএর মাধ্যমে গিয়ে বোনাস আদায় করে নিচ্ছে। আজকে যদি চটকলের অবস্থা দেখা যায় সেখানে কয়েকটিতে ছাড়া আর কোন জায়গায় লাভ হয় নাই। ওদের জানা উচিত কোম্পানীগুলি নিজেদের এজেন্সির মাধ্যমে মাল কিনিয়া চড়া দামে খরচ বেশী দেখায়। প্রস্তাব আনা দরকার কোম্পানী যাতে তাদের খরচ করার একটা লিমিট হয় এবং তারা কত টাকা খরচ করবে। এবং কত প্রফিট হলে তার উপরে বোনাস দেবেন। কিন্তু সে মাধ্যমে ওরা যাবেন না। কারণ সস্তায় একটা বাজীমাত করাই ওদের ইচ্ছা। এবং অন্যায়ভাবে চেষ্টা করে যখন কিছু হয় না তখন বলেন সরকার দিল না। কোম্পানী এ্যাক্ট রয়েছে আইন রয়েছে এই আইনের কোন মানে বুঝতে ওরা চায় না এবং শ্রমিকদেরও তা বুঝাতে চায় না। তাদের শুধু বুঝান হয়, যাও ঘেরাও কর—এসেম্ব্লিতে যাও, রাইটার্স বিল্ডিংএ যাও—এতে কোম্পানীর কাছ থেকে টাকা আদায় একি কেউ দেখেছেন ম্যানেজারকে আটকে রেখে টাকা আদায় হয় এ কেউ ভাবতে পারেন। ম্যানেজার একজন কর্মচারী, কিছু দিতে গেলে তার পকেট থেকে দিতে হয়। তাই বলছি এরা দেশকে উচ্ছৃংখলার পথে নিয়ে যেতে চান।

[4—4-10 p.m.]

কাজেই আমি অনুরোধ করবো এই পথে না যেতে। আমি ট্রেড ইউনিয়নের কাজ ২৪ ঘণ্টা করে থাকি। শ্রমিকদের দাবী আদায়ের জন্য তাদের চেয়ে বেশী ফাইট করি। আমরা তাদের মত অন্যদিকে না গিয়ে সত্যি, সত্যি ট্রেড ইউনিয়ন করে শ্রমিকদের দাবী কি করে আদায় করতে হয় তা জানি। তাই আমি বলবো অন্য লাইনে একটা প্রস্তাব আনুন, তা আমরা সমর্থন করবো। আপনাদের এই ধোকাবাজী সমর্থন করতে পারি না। তাই অনুরোধ করছি [illegible] এই প্রস্তাব উইথড্র করে নিন।

Sj. Biren Banerjee:

মাননীয় স্পীকার মহোদয়, আমি এই প্রস্তাবের সমর্থনে কিছু বলতে উঠেছি। ইতিপূর্বে ভিন্নপক্ষীয় সদস্য মহোদয় যে সমস্ত কথা বললেন আমি সেই সমস্ত কথা কানে তুলছি না। এইজন্য কানে তুলছি না, যে তাঁর বহু প্রশ্ন গ্রহণযোগ্য নয়, প্রণিধান যোগ্যও নয়; তবে একটা কথা তিনি বলেছেন যে এই রেজলিউসন এনে নাকি ধোকাবাজী দেওয়া হয়েছে। আমি রেজ-লিউসনটা বার বার পড়লাম এরমধ্যে ধোকাবাজী যে কোথায় তা জানতে পারলাম না। (এ ভয়েসঃ জামান সাহেব ভাল ইংরাজী জানেন না তাই বোধ হয় তিনি এইরকম ভাবছেন।) আমি জিজ্ঞাসা করতে চাই সদস্য মহোদয় এবং মন্ত্রীমহোদয়কে যে এই রেজলিউসনএর বিরোধীতা করবার আগে তিনি পরিষ্কার করে বলুন যে আজকে পুজার সময় হোক বা যে কোন সময় হোক, বিশেষকরে পুজার এক মাস আগে থেকে সমস্ত ইন্ডাষ্ট্রিয়াল বেল্টএ বোনাসএর কথা ওঠে কিনা? চটকল, সুতাকল, গেঞ্জীর কল বা ছোটখাট খেলনার কারখানা অর্থাৎ যে কোন সংস্থার শ্রমিকই হোক, প্রত্যেকটি কারখানায় আজকাল ব্যাপকভাবে বোনাসের প্রশ্ন ওঠে। সেখানে আন্দোলন করা হোক বা না হোক, কাটাকাটি, মারামারি করা হোক বা না হোক, প্রসেসন বা ডিমনষ্ট্রেসন করা হোক বা না হোক, জামান সাহেবের কথায় যে 'ধোঁকাবাজী', সে থাক বা না থাক, প্রত্যেকটি ক্ষেত্রে এই বোনাসের প্রশ্নের কথা ওঠে কিনা? যদি এই কথা ওঠে, তাহলে আজকে ভাববার প্রয়োজন আছে যে কেন অন্য সমস্ত প্রশ্ন থাকা সত্ত্বেও এই বোনাসের প্রশ্ন কোন বিশিষ্ট সময় ওঠে? এবং এটা কাদের কারসাজী? কারণ, এমন বহুজায়গা আছে আমরা জানি যেখানে কোন ইউনিয়নের ঝান্ডা বা কোথাও 'ধোঁকাবাজী' নেই, সেখানে সাধারণ শ্রমিকরা এই বোনাসের দাবীর প্রশ্ন নিয়ে এগিয়ে যায়। তারা কেন যায়? অতএব আজ গভর্নমেন্টকে এই জিনিষটা ভাল করে বিবেচনা

করে দেখা দরকার, প্রণিধান করে দেখা দরকার। বোনাস তিন মাস কি ছয় মাসের হবে সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে বাঁচার মত মজুরী। আজকে তারা লিভিং ওয়েজ পাচ্ছে কিনা সেটা দেখা দরকার। রেজলিউসনএ বলা হয়েছে তারা লিভিং ওয়েজ পায় না, তাদের বেসিক ওয়েজ অত্যন্ত কম; সেইজন্য এই বোনাসের প্রশ্ন আসছে অত্যন্ত সংগত কারণে। আজ এখানে যদি এই এসেম্ব্লির মধ্যে এই নিয়ে বাদানুবাদ হয়, সেটা অত্যন্ত দুঃখের কথা। এর পিছনে একটা অকাট্য যুক্তি আছে বলেই জামান সাহেবের যে সংস্থা, অর্থাৎ তাঁদের আই, এন, টি, ইউ, সি, ইউনিয়ন তারা ত ১৯৫৩ সালে এই বোনাসের আন্দোলনকে সমর্থন করেছিল। কিন্তু আজকে যদি তিনি এসে বলেন বোনাসের কোন আইন নেই, তাহলে আমি বলবো বোনাসের বিরুদ্ধেই বা কোথায় আইন আছে সেটা খুলে বলুন? তা তিনি কিছু বললেন না। যাক, আমার মূল বক্তব্য হচ্ছে আলিপুরে যে একটা কেস হয়েছিল সেটা তিনি আগে বললেন না কেন? অসত্য কারণ দেবারও একটা সীমা আছে। অতএব এই ব্যাপারটা হচ্ছে একটা যুক্তির ব্যাপার। এর পরেই মন্ত্রীমহোদয় বলবেন, তাঁর কাছে এই কথা জিজ্ঞাসা করতে চাই তিনি বলুন কেন এই আন্দোলনটা ব্যাপকভাবে হয়? যদি ব্যাপকভাবে আন্দোলন হয়, তাহলে এই বোনাসের যৌক্তিকতা আছে কিনা?

দ্বিতীয় কথা হচ্ছে মালিকরা যে মুনাফা করেন সেটা তাঁরা সম্পূর্ণ নিয়ে যান কিনা শ্রমিকদের ফাঁকী বা কম দিয়ে। এটা যদি সত্য হয় তাহলে বোনাসের যুক্তি একটা অকাট্য যুক্তির উপর দাঁড়িয়ে আছে, এর যৌক্তিকতা সম্পূর্ণ আছে। এই যৌক্তিকতার যে কারণ আছে, সেটা ট্রাইবুনাল স্বীকার করেছেন, এমনকি প্রত্যেকটি কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন স্বীকার করেছেন। এখন স্বীকার করবার পর, তাদের এই বোনাস কতখানি দেওয়া হবে, তিন মাস কি ছয় মাস হবে সেটা ঠিক করতে হবে। বহু জায়গায় তিন মাসের বোনাস শ্রমিক কর্মচারীরা পেয়েছে। আমরা এটা তিন মাস রাখছি এইজন্য যে কোন কোন জায়গায় মালিকদের সংগে কথাবার্তার মধ্য দিয়ে রিসেন্টলি ঠিক হয়েছে যে তাঁরা তিন মাসের বোনাস দিতে রাজী হয়েছেন।

আমার শেষ কথা হচ্ছে এই যে এত অকাট্য যুক্তি, তার পিছনে যদি এত আন্দোলন থেকে থাকে তাহলে এই বোনাসের প্রশ্ন অত্যন্ত যুক্তিসংগত এবং বোনাস সম্পর্কে সিদ্ধান্ত করা গভর্নমেন্টের অচীরে প্রয়োজন।

The Hon'ble Kali Pada Mookerjee:

মাননীয় স্পীকার মহোদয়, বিরোধী পক্ষের বন্ধুদের তরফ থেকে যে প্রস্তাব উপস্থাপিত করা হয়েছে সেই প্রস্তাবের মূল নীতি এবং উদ্দেশ্য যদি এই হয় যে শ্রমিকদের কল্যাণসাধন করা, তাদের বর্তমান অর্থনৈতিক মানের উন্নতিসাধনের সংগে সরকার সত্যই একমত। কিন্তু একটা কথা আমি স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে নিবেদন করতে চাই যে তাদের এই বোনাস-এর সংগে তাদের লভ্যাংশ যে এক অংগাংগী সম্বন্ধ আছে, সেই সম্বন্ধে কে অস্বীকার করে আইনের আওতায় ফেলে সবাইকে যদি এক ঘাটের জল খাওয়াবার ব্যবস্থা করা হয় তাহলে সেটা সুষ্ঠু নীতির কথা নয়। ইতিপূর্বে বোনাস সম্বন্ধে বহু আন্দোলন হয়েছে এবং সেই আন্দোলনকে আমরা সহানুভূতির দৃষ্টি নিয়ে দেখেছি। (এ ভয়েসঃ হাঁ, তাদের সব জেলে পাঠাবার ব্যবস্থা করেছেন।) শ্রমিকদের অর্থনৈতিক মানের উন্নতিসাধনের জন্য পশ্চিমবঙ্গ সরকার ১৯৪৭ সাল থেকে বহু ট্রাইবুনাল এর মাধ্যমে ১৯৪৬ সালে তাদের যে মজুরীর হার ছিল, যে দুর্মূল্য ভাতা ছিল তার বহুগুণ বাড়ান সম্ভবপর হয়েছে। এবং আমরা বিশ্বাস করি একটা অনিশ্চিত বোনাসের পিছনে না গিয়ে, যদি তাদের সুনিশ্চিত মজুরীর হার আরও বাড়াতে পারি, তাহলে শ্রমিকদের সত্যিকারের কল্যাণসাধন করবো। এর সংগে সংগে আর একটা কথা এখানে বলা প্রয়োজন যে দেশে বড় বড় শিল্প প্রতিষ্ঠানের কথা বলি না; মাঝারি এবং ছোট শিল্পের সংখ্যা বেশী, এবং আজ তাদের যে অবস্থা, যেরকম অর্থনৈতিক অবস্থার মধ্যে তারা পড়ে আছে সেটা সত্যই চিন্তা করবার বিষয়। আমরা অনেক সময় বেকার সমস্যা সমাধানের কথা বলতে চাই, সুতরাং তাদের দিকে যদি আমরা দৃষ্টি না দিই, তাঁদের অর্থনৈতিক অবস্থা যদি বিশ্লেষণ না করে তাদের উপর বোনাসের বোঝা যদি চাপিয়ে দেওয়া হয় তাহলে বেকারী আরও বাড়বে এবং শ্রমিকদের কল্যাণসাধনের জন্য যে চেষ্টা করছি, তাতে শ্রমিকদের অকল্যাণকে ডেকে আনবো।

[4-10—4-20 p.m.]

কাজেই আজকের দিনে তাদের অর্থনৈতিক মানের উন্নতিসাধন প্রয়োজন, এটা অনস্বীকার্য এবং তারজন্য জুটমিলে বা ইঞ্জিনিয়ারিং বা টেক্সটাইল এই সমস্ত বহুবিধ প্রতিষ্ঠানে বহু ট্রাইব্যুনালের মাধ্যমে তাদের মজুরী এবং দুর্মূল্য ভাতা অনেক বেড়েছে। কিছুদিন পূর্বে যখন এই বোনাসের আন্দোলন বিরোধীদলের বন্ধুরা যার উল্লেখ করেছেন সেই আন্দোলন অবলম্বন কোরে শ্রমিকদের অর্থনৈতিক মানের উন্নতিসাধন যে প্রয়োজন তা উপলব্ধি কোরে আবার জুট ইন্ডাস্ট্রিতে ওমনিবাস ট্রাইবিউন্যাল দিয়েছিলাম, এবং আপনারা জানেন যে ১৯৪৭ সালে জুটে যেখানে ৪৬ টাকা সামগ্রিক আয় ছিল সেখানে আজ সেটা সাড়ে তেষট্টি টাকা হয়েছে, এবং আমি বিশ্বাস করি আগামী যে ট্রাইবিউন্যাল বসছে তাতে আরও কিছু বাড়তে পারে। এইরকমভাবে আমরা শ্রমিক ও কর্মচারীদের দুর্মূল্য ভাতা বাড়িয়ে দিয়ে তাদের অর্থনৈতিক মানের উন্নতি-সাধনের চেষ্টা করি। বোনাস সম্বন্ধে নানা ট্রাইবিউন্যাল, নানা জজ নানামত পোষণ করেন। বন্ধুবর রণেন সেন বলেছেন এটা ডেফার্ড ওয়েজ, কিন্তু আমি তাঁকে সবিনয়ে নিবেদন ক'রব যে এটা ডেফার্ড ওয়েজ নয়; কারণ, এর সম্বন্ধে সুপ্রীম কোর্টের সম্প্রতি যে রায় হয়েছে তাতে তাঁরা স্পষ্টাক্ষরে জানিয়েছেন—

Bonus is not a deferred wage because if it were so it would necessarily claim for precedence before the dividend. Dividend can only be paid out of profit and unless and until profits are made no occasion or question can arise for distribution of any sum as bonus amongst the employees.

তা ছাড়া বোনাস সম্বন্ধে আরও অনেকে অনেক মত পোষণ করেন। কেউ বলেন প্রডাকশন-এর সংগে লিংক্ট আপ থাকা উচিত, উৎপাদন বাড়ার সংগে সংগে বোনাস সে পেতে পারে; আবার কেউ বলেন প্রফিট এর সংগে তার লিংক্ট আপ থাকা উচিত। কাজেই নানা লোকের নানা মত; এমন কি, আপীল ট্রাইবিউন্যালও বিভিন্ন মত পোষণ করেন। তা ছাড়া কিছু দিন পূর্বে আপীল ট্রাইবিউন্যাল এক সুস্পষ্ট নীতি যা নির্ধারণ করেছেন সেই নীতিতে সরকারের দ্বারা বাংলাদেশে বহু ক্ষেত্রে বোনাস দেওয়া হচ্ছে; যেখানে প্রফিট করেছে, সেই প্রফিটের একটা অংশ বোনাস হিসাবে দেওয়া হয়।

কাজেই বোনাস যে এখানে দেওয়া হয় না একথা ঠিক নয়। কারণ, ইঞ্জিনিয়ারিং ট্রাইবিউন্যাল এওয়ার্ড-এর মাধ্যমে সেখানে বোনাসের নীতি গৃহীত হয়েছে টেকস্‌টাইল ট্রাইবিউন্যালে বোনাস নির্ধারিত হয়েছে, এবং আপনাদের অবগতির জন্য সভাপতি মহাশয়কে নিবেদন করতে পারি যে শতাধিক ক্ষেত্রে যেখানে পশ্চিম বাংলা গভর্নমেন্ট মনে করেছেন যে কোম্পানী লাভ করেছে এবং সেই লাভের এক অংশ শ্রমিকদের মধ্যে সুষ্ঠুভাবে বণ্টন করা প্রয়োজন সেখানে আমরাও বোনাসের দাবীকে ট্রাইবিউন্যালের মার্ফত বিচার করবার জন্য পাঠিয়েছি, এবং শতাধিক ক্ষেত্রে এই চেষ্টা হয়েছে। কিন্তু আজকের দিনে সকলকে এক ঘাটে জল খাওয়াবার যে প্রস্তাব করা হয়েছে সেটা সুষ্ঠুনীতি নয়, দেশের স্বার্থের পক্ষে সমীচীন নয় এবং যাদের কল্যাণসাধন করবার জন্য এই প্রস্তাব আনা হয়েছে তাদের কল্যাণ না কোরে এতে অকল্যাণই করা হবে; কারণ, সেখানে ছাঁটাই বাড়বে, বেকারী বাড়বে। কাজেই আমি মূলনীতির দিক থেকে বলতে পারি যে এটা অর্থনৈতিক উন্নতিসাধন করার রাস্তা নয় এবং এর মধ্য দিয়ে আমি তার সুস্পষ্ট অভিব্যক্তি দেখতে পাচ্ছি।

আর একটা কথা অনেকে বোনাস সম্বন্ধে বলেছিলেন যে ট্রাইবিউন্যালের রায় আমি যেমন বলেছি ডেফারড্ ওয়েজেস নয়, সেইরকম আর একটা কথা বলছি যে বোনাসের সংগে লাভের সম্বন্ধ রয়েছে, কারণ সুপ্রীম কোর্টের ৪ জন জজের অভিমত আপনাদের কাছে পড়ছি—

There are two conditions which have to be satisfied before a demand for bonus can be justified. They are—when wages fall short of the living standard and the industry makes huge profits parts of which are due to the contribution which the workmen make in increasing production, the

demand for bonus becomes an industrial claim when either or both these conditions are **satisfied.**

কাজেই এখানে সুপ্রীম কোর্ট একটা নীতি নির্ধারণ করেছেন।

কাজেই সর্বত্র যদি এই বোনাসের দাবী প্রয়োগ করতে চাই তাহলে আইনতঃ আমরা ভুল করব। এবং যাদের কল্যাণের জন্য আমরা এই প্রস্তাব আনছি তাদের কল্যাণ না কোরে অকল্যাণই করব। সেইজন্য আমি আজ এই প্রস্তাবের ঘটনাচক্রে বিরোধিতা করতে বাধ্য হচ্ছি।

[4-20—4-30 p.m.]

The motion of Dr. Saurendra Nath Saha that in view of the low basic wage obtaining in this State and in view of miserable condition of industrial workers, this Assembly is of opinion that the Government of West Bengal should take suitable measures to make the Industrialists in this State to grant a minimum annual bonus of three months' wages and dearness allowance to all categories of workers and employees in various establishments and factories in this State was then put and a division taken with the following result:—

AYES—56.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Banerjce, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Ajit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhandari, Sj. Sudhir Chandra
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Nath
Das, Sj. Raipada
Das, Sj. Sudhir Chandra
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghose, Sj. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, Sj. Amulya Ratan
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Hansda, Sj. Jagatpati
Hazra, Sj. Monoranjan
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Panda, Sj. Rameswar
Pramanik, Sj. Surendra Nath
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, Sj. Sudhir Chandra
Roy, Sj. Jyotish Chandra (Falta)
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sen, Dr. Ranendra Nath
Tah, Sj. Dasarathi

NOES—138.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Sj. Satindra Nath
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Bose, The Hon'ble Pannalal
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhyaya, Sj. Ratanmoni
Das, Sj. Banamali
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)

Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gahatraj, Sj. Dalbahadur Singh
Garga, Kumar Deba Prasad
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hasda, Sj. Loso
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kamar, Sj. Prankrishna
Kar, Sj. Bankim Chandra
Kar, Sj. Sasadhar
Karan, Sj. Koustuv Kanti
Let, Sj. Panchanon
Lutfal Hoque, Janab
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Mahbert, Sj. George
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Pulin Behari
Maiti, Sj. Subodh Chandra
Majhi, Sj. Nishapati
Mal, Sj. Basanta Kumar
Maliah, Sj. Pashupatinath
Mandal, Sj. Annada Prasad
Mandal, Sj. Umesh Chandra
Maziruddin Ahmed, Janab
Mitra, Sj. Keshab Chandra
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammed Israil, Janab
Mojumder, Sj. Jagannath
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherjee, Sj. Shambhu Charan
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Mukhopadhyaya, Sj. Phanindranath
Munda, Sj. Antoni Topno
Murarka, Sj. Basant Lall
Murmu, Sj. Jadu Nath
Naskar, The Hon'ble Hemohandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Poddar, Sj. Anandilall
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Pramanik, Sj. Tarapada
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Arabinda
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Bijoyendu Narayan
Roy, Sj. Biswanath
Roy, Sj. Hanseswar
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy Singh, Sj. Satish Chandra
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra
Sarkar, Sj. Bejoy Krishna
Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen, Sj. Rashbehari
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Kripa Sindhu
Sikder, Sj. Rabindra Nath
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Zaman, Janab A. M. A.

The Ayes being 56 and the Noes 138, the motion was lost.

Mr. Speaker: For the next motion of Sj. Subodh Banerjee I fix one hour.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in view of the acute housing problem in the city of Calcutta and the exorbitant rent charged by landlords and in keeping with the accepted principle of doing away with concentration of lands and buildings in the hands of a few, this Assembly is of opinion that Government should take measures for the purpose of acquiring all buildings and parts thereof in Calcutta in excess of what is needed for the bona fide and rational use by the landlords in order to distribute them to persons belonging to lower income groups.

Mr. Speaker, Sir,

কলিকাতার লোকসংখ্যার এবং জনপ্রতি ঘর বাড়ী বণ্টনের যদি হিসাব নেই তাহলে আমরা দেখবো যে, ভারতবর্ষের সর্বশ্রেষ্ঠ এই সহরে কি প্রচণ্ড থাকার অসুবিধা রয়েছে। ১৯৫১ সালের লোক গণনার হিসাবে দেখি যে, গড়ে এক একটা ঘরে ছয়জন লোক বাস করে। একথা পরিস্কারভাবে ১৯৫১ সালের সেন্সাস রিপোর্টএ বলা হয়েছে; আমি প্রয়োজনীয় অংশটুকু আপনাকে পড়ে শুনাচ্ছি;

"The average which marks acute cases of congestion where more than two families of different castes were frequently found to occupy the same room".

শুধু বেশী লোক বাস করে তাই নয় পরন্তু, বিভিন্ন পরিবার একটা ঘরের মধ্যে বাস করে। অবস্থা এমন সঙ্গীন যে, এক একটি ঘরে ৩০টি পর্যন্ত পরিবার বাস করে। বাস্তুহারাদের মধ্যে এই ধরণের ঘটনার অভাব নেই। সেক ক্যাম্পের খবর যাঁরা রাখেন তাঁরা জানেন যে, একখানা ঘরের মধ্যে ৩০-৪০টি পরিবার বাস করছে—এমন ঘটনা সেখানে স্বাভাবিক। শুধু উদ্বাস্তুদের ক্যাম্পে যে এই অবস্থা তা নয়; বস্তির দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন যে, সেখানেও এই একই অবস্থা দাঁড়িয়েছে; সেখানেও ৪ হাত×৩ হাত ঘরে ৬ জন লোক বাস করে। এইভাবে অস্বাস্থ্যকর ও অপ্রীতিকর অবস্থায় বাস করার ফলে সমাজদেহে শুধু যে শারীরিক ব্যাধির বিস্তার বাড়ছে তাই নয়; শিক্ষা সংস্কৃতির মূলে কুঠারাঘাত করছে এবং অপরাধ প্রবণতা বৃদ্ধি করছে। সমাজজীবনে সুস্থতা ফিরিয়ে আনতে হলে বসবাসের এই অব্যবস্থা ঘুচিয়ে মানুষকে মানুষের মত বাস করতে দিতে হবে। একদিকে ২০ খানা ঘর নিয়ে একটা পরিবার বাস করছে অন্যদিকে অসংখ্য লোক পার্কে ও গাছতলায় শুয়ে রাত কাটাচ্ছে কিংবা একটি সংকীর্ণ ঘরে কুকুর বেড়ালের মত জীবন যাপন করছে—এই হল এখানকার বাস্তব অবস্থা। এই অব্যবস্থা থাকতে দেওয়া যেতে পারে না। মনে রাখতে হবে কল্যাণরাষ্ট্রের সত্য শুধুমাত্র লিগাল জাষ্টিস দেওয়া নয়; সোসিয়াল জাষ্টিস চালু করতে হবে। সেই দৃষ্টিভঙ্গী থেকেই ঘরবাড়ীর এই অব্যবস্থা পরীক্ষা করে তার প্রতিকারের দরকার আছে। যে কারণে জমিদারী জোতদারী প্রথা বিলোপ করার প্রয়োজন, সেই কারণেই ঘরবাড়ীর ক্ষেত্রে জমিদারী দূর করার প্রয়োজন। আমাদের দেশে লাখ লাখ চাষীর হাতে কোন জমি নেই অথচ কিছু জমিদার জোতদারের হাতে সব জমি গিয়ে কেন্দ্রীভূত হয়েছে। এই অসাম্যের অর্থনৈতিক পরিণাম হিসাবে সমাজজীবনে তার প্রচণ্ড খারাপ ফলাফল দেখা দিয়েছে। এই কুফল দূর করার উদ্দেশ্যেই দাবী উঠেছে জমিদারী জোতদারী প্রথার বিলোপ চাই এবং চাষীর হাতে জমি চাই। আইনতঃ জমিদারী প্রথা বিলোপ করা হয়েছে ও চাষীর মধ্যে জমি বিনামূল্যে বিলি করা হবে—একথা সরকার বলছেন। অবশ্য এই বলা মুখের কথামাত্র কার্যতঃ চাষীর হাতে জমি দেওয়া হচ্ছে না। তবুও জমিদারী জোতদারী প্রথার বিলোপের এবং চাষীর হাতে জমি বিলির নীতি মুখে অন্ততঃ সরকারকে স্বীকার করতে হচ্ছে। বাড়ীঘরের ক্ষেত্রেও সেই নীতি প্রযোজ্য তাতে কোন সন্দেহ নেই। অনেকে বলবেন, জমির পরিমাণ স্থির, তাকে বাড়ান যায় না তাই সরকারকে জমিদারী প্রথা বিলোপ করতে হয়েছে; বাড়ীর সংখ্যাবৃদ্ধি করা যেতে পারে, তা স্থির নয়, সুতরাং বাড়ীর ক্ষেত্রে জমি অধিকারের নীতি খাটে না। এযুক্তি টেঁকে না; কারণ এই যুক্তি মানলে কলকারখানা যানবাহন জাতীয়করণ করা যায় না। যেহেতু কলকারখানা যানবাহন প্রভৃতি স্থির নয় তার সংখ্যা সহজেই বৃদ্ধি করা যায়। কলিকাতায় যাদের বড় বড় ও বহু বাড়ী আছে, হরিশঙ্কর পালের মত লোক যাদের কলিকাতায় ৩০।৪০ খানা বাড়ী আছে তারা জমিদারের চেয়ে কোন অংশে কম নয়। চাষের জমির বদলে এদের হাতে ঘরবাড়ী কেন্দ্রীভূত হয়েছে—এই যা প্রভেদ। এদের বাড়ীগুলি গ্রহণ না করার কি যুক্তি থাকতে পারে তা আমি বুঝি না। এই সঙ্গে সঙ্গে আর একটা কথা বলতে হয়। অনেকের ধারণা হতে পারে যে, এইভাবে বাড়ীগুলি অধিকার করলে মধ্যবিত্তদের উপর তার চাপ পড়তে পারে, তারা গৃহহীন হয়ে যাবে। কিন্তু এ ধারণা ঠিক নয়। কারণ কলিকাতায় যেসব প্রকৃত মধ্যবিত্ত আছে তাদের একখানার বেশী বাড়তি বাড়ী নেই এবং তাদের বসবাসের পর প্রয়োজনীয়াতিরিক্ত ঘরের সংখ্যাও নগণ্য। তাছাড়া আমার প্রস্তাবে প্রয়োজনের অতিরিক্ত যাদের বাড়ী আছে তাদের বাড়ীগুলিই নেবার কথা বলা হয়েছে,

সমস্ত বাড়ী কেড়ে নেবার কথা বলা হয় নি। সুতরাং কলিকাতার মধ্যবিত্তদের তাতে ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা নেই। সেন্ট্রাল এভিনিউতে দেখান দেখি কোথায় মধ্যবিত্তদের বাড়ী আছে। কলিকাতাকে যতই উন্নত করা হচ্ছে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এর নানা পরিকল্পনার মাধ্যমে ততই বাড়ীঘর কেন্দ্রীভূত হচ্ছে মুষ্টিমেয় কয়েকজনের হাতে। অতীতে ছোট ছোট বাড়ীর অধিকারী যে সমস্ত বাসিন্দা ছিল তারা আজ ভেসে গিয়েছে। এইভাবে চলতে থাকলে আর কয়েক বছরের মধ্যে বাংলার মধ্যবিত্ত পরিবারের কলিকাতার বুকে কোন জমি বা বাড়ী থাকবে না। সুতরাং এইরকম ক্ষেত্রে আমার প্রস্তাব গ্রহণ করলে মধ্যবিত্তদের কোন ক্ষতি হবে বলে মনে করি না। এখানে যে সমস্ত ধনীদের বড় বাড়ী আছে তা যদি সরকার গ্রহণ করেন তাহলে এইসব বাড়ীওয়ালাদের যে অত্যাচার তার হাত থেকে ভাড়াটেরা রক্ষা পাবে। সমস্ত বাড়তি বাড়ীকে সরকারী নিয়ন্ত্রণাধীনে না নিয়ে এলে বাড়ীওয়ালার অত্যাচার বন্ধ হতে পারে না। কিন্তু জমিদারী অধিকার বিলের সময় দেখেছি যে, যাদের কলিকাতায় অনেক জমি আছে তাদের গায়ে সরকার হাত দেন নি। কলিকাতায় যাদের হাতে অনেক জমি কিংবা বাড়ী আছে, যাদের হাতে রিয়াল প্রপার্টি আছে তাদের সরকার স্টেটস একুইজিসন এক্ট-এর আওতা থেকে বাদ দিয়ে দিয়েছেন। কলিকাতায় যে সমস্ত বড় বড় লোক আছে, রাজা, মহারাজা আছে, যেমন বর্ধমানের মহারাজা, দ্বারভাঙ্গার মহারাজা, যাদের বিরাট বিরাট বহু বাড়ী আছে তাদের সেই ঘরবাড়ী অধিকার করে কম আয়যুক্ত লোকের মধ্যে বিলি করলে গৃহ সমস্যার কিছুটা সুরাহা হতে পারে। কিন্তু সরকার এই সমস্ত কায়েমী স্বার্থবাদীর গায়ে হাত দিতে চান না। তাই আমি বলছি যে, কলিকাতায় যে সমস্ত বড় বড় বাড়ী আছে এবং বড়লোক যাদের প্রয়োজনের অতিরিক্ত বাড়ী আছে সেই সব বাড়তি বাড়ীগুলি অধিকার করে সাধারণ লোকের মধ্যে বিলি করে দেওয়া হ'ক। আমি মানি এতে গৃহসমস্যার সমাধান হবে না। গৃহসমস্যার সমাধান করতে হলে সরকারের বহু বাড়ী তৈরি করতে হবে। কিন্তু সরকারের কম আয়ের লোকদের জন্য বাড়ী তৈরি করার সাথে সাথে ধনীদের বাড়তি বাড়ী দখল করতে এবং তা কম আয়যুক্ত লোকেদের মধ্যে বিলি করতে হবে। বাড়ী ভাড়াকে সরকারী নিয়ন্ত্রণাধীনে আনতে হবে। আমার এই প্রস্তাব এমন কিছু নুতন নয়। ডাক্তার রায় যখন প্রধানমন্ত্রী হননি, ডাক্তার ঘোষের আমলে এই মর্মে একটা পরিকল্পনা গ্রহণ করার চেষ্টা হয়েছিল যে, কলিকাতায় যেসমস্ত বড় বড় ও বাড়তি বাড়ী আছে সেগুলি গ্রহণ করে সাধারণ মানুষের মধ্যে বিলি করা হ'ক যাতে বাড়ীওয়ালারা চড়া ভাড়া না নিতে পারে। বাড়ীওয়ালারা চড়া ভাড়া আদায় করছে ভাড়াটেদের উপর নানারকম অত্যাচার করছে, ইলেকট্রিক কনেকসন কেটে দিচ্ছে, জল বন্ধ করে দিচ্ছে—এই সমস্ত কথা স্মরণ করে আমার এই প্রস্তাব গ্রহণ করা উচিত বলে আমি মনে করি।

[4-30—4-40 p.m.]

ইলেকট্রিক কনেকসন কেটে দেওয়া, জলের কনেকসন কেটে দেওয়া একটা নিত্য-নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। রেন্ট কন্ট্রোলার কোর্টএর কর্তৃত্ব দিয়ে এই ধরণের অত্যাচার বন্ধ করা যাচ্ছে না, আর ভাড়াটেরা আদালত আর ঘর করতে করতে জেরবার হয়ে যাচ্ছে। ধনী বাড়ীওয়ালার সংগে গরীব ভাড়াটে পারবে কেন? তাই আজকে সরকারের উচিত এমন কার্যকরী পন্থা নেওয়া যাতে সমস্ত বাড়তি বাড়ী গ্রহণ করা যায় এবং সে সমস্ত বাড়ী গ্রহণ করে কম আয়যুক্ত লোকের মধ্যে বিলি করা যায়। বাড়ীতে তো ভাড়াটে আছে ; সুতরাং সেই ঘরবাড়ী অধিকার করলে গৃহসমস্যার কিছুটা সুরাহা কি করে হবে এ প্রশ্ন উঠতে পারে। এর জবাবে আমার বক্তব্য—মধ্যস্বত্বের জমিও তো প্রজাদের মধ্যে বিলি ব্যবস্থা ছিল তবুও কেন তা অধিকার করতে হয়েছে। অধিকার করতে হয়েছে চড়া খাজনার হার বন্ধ করতে এবং জমির মালিকানা চাষীর হাতে দেওয়ার উপায় হিসাবে। এক্ষেত্রেও তাই। বাড়ীওয়ালার নানা অত্যাচার বন্ধ করতে এবং অধিকৃত বাড়ী কমআয়যুক্ত লোকের মধ্যে বিলি করার জন্য বাড়তি বাড়ী অধিকার করা দরকার। শুধু তাই নয় বড়লোকদের সব বাড়ীতে ভাড়াটেও নেই ; বহু বাড়ীতে প্রয়োজনের অতিরিক্ত ঘর তারা ব্যবহার করছে। এই অসাম্যও বন্ধ করা যাবে বাড়তি বাড়ী অধিকার করে নিলে।

Sj. Tarapada Bandopadhyay: Mr. Speaker, Sir, I whole-heartedly support the resolution. Now, Sir, it is in the fitness of things that this resolution should come in the wake of the Estates Acquisition Act and

the Land Reforms Bill which is on the legislative anvil. Now, Sir, the two problems that face us, the Bengalis, so gravely are the food problem and the housing problem. We have already taken steps to tackle this food problem by making provision for taking the surplus agricultural land from the possession of the owners and by distributing that surplus land among the needy peasants. Sir, certainly that goes to a certain extent to solve the food problem of the province, to do away with unemployment among the ranks of those poor peasants and to push up the overall food production in the country. But, Sir, the solution of the housing problem also cannot brook any delay. As you know, Sir, all these houses in Calcutta are owned by capitalists and by very rich men, and these capitalists and these rich men cannot be allowed to go on merrily for ever. Therefore they should make their contribution towards the solution of the housing problem. The cowdung should not be allowed to laugh at the cost of the burning dung cake for any length of time. Now, Sir, the time has come, and they must contribute properly to the solution of the housing problem. How grave the housing problem is can at once be clear if we pay our attention to the unfortunate, inhuman and sub-human condition of street dwellers and slum dwellers. It is for this reason, Sir, that I was saying that the solution of this problem does not brook any delay. Now, Sir, the Government are trying in their own way to solve the housing problem by building huts, by erecting buildings, as far as they can, but from the very nature of the thing, Sir, this effort on their part would be a tardy and slow process, but the slum dwellers and street dwellers cannot wait for such a length of time. Therefore, it is in the fitness of things that Government should not lose any moment, so to say, to take into their possession the surplus accommodation and all surplus buildings that are in the possession of the capitalists and the rich people of Calcutta. I say, Sir, that the housing problem is the gravest in Calcutta. It is as grave as ever, and it is far graver in Calcutta than in the rural area of West Bengal. Therefore we should lay our hands first of all on Calcutta. Of course the Government will say "Well, the expenses that are involved in taking the surplus accommodation, surplus buildings here, will be too much." But the Constitution has been amended, and the Government has got a clean cut policy not to pay the market price for the properties that they are to acquire compulsorily. Therefore I should say that the expense that will be involved in the matter of taking over the surplus buildings in Calcutta would not be much, would not be forbidding, and we should only give the owners of those buildings which are to be acquired only the minimum price, the minimum compensation, according to the discretion of the Government. So, Sir, I should say that Bengal should hang down her head in shame in view of the appalling condition in which the *bustee*-dwellers and street dwellers are. Therefore, it is in the fitness of things that this resolution has come in the wake of the Estates Acquisition Act and the Land Reforms Bill, and I think it will be supported very heartily from all quarters of this House.

Dr. Ranendra Nath Sen: Sir, I beg to move that in line 2, after the words "housing problem" the words "particularly of the low income group" be inserted.

I also beg to move that in line 2, after the word "Calcutta" the words "as well as in the industrial suburbs of Calcutta" be inserted.

I further beg to move that for the words beginning with "and in keeping with" in line 3 and ending with "lower income groups" in the last line, the following be substituted, viz.,—

"The Government of West Bengal should take up in right earnest construction of suitable houses for the low income groups, and

make the employers construct from their Reserve Fund adequate number of houses for the benefit of workers and employees employed under them in various capacities."

আমার যে এমেন্ডমেন্ট এটা ঠিক সুবোধবাবুর প্রস্তাবের বিরোধিতা করা তা নয়। আমি আর একটু সংশোধন করছি যাতে আরও ভাল হয়। আমি শুধু এটা করতে চাইছি যে প্রথমতঃ লো ইনকাম গ্রুপ কথাটা যুক্ত করছি। দ্বিতীয় এখানে শুধু কলকাতা আছে সেখানে বলছি কলকাতা এবং সহরতলী। তৃতীয়তঃ বাকীটা বাদ দিয়ে এভাবে উপস্থিত করছি—

The Government of West Bengal should take up in right earnest construction of suitable houses for the low income groups, and make the employers construct from their Reserve Fund adequate number of houses for the benefit of workers and employees employed under them in various capacities.

এটা উপস্থিত করছি এজন্য যে——

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

এমেন্ডমেন্টটা আবার কাইন্ডলি পড়ুন, ঠিক বুঝতে পারলাম না।

Dr. Ranendra Nath Sen: In view of the acute housing problem particularly of the low income group in the city of Calcutta as well as in the industrial suburbs of Calcutta and the exorbitant rent charged by landlords, the Government of West Bengal.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Will you read the whole resolution as it will stand after your amendments?

Dr. Ranendra Nath Sen: It will read thus: In view of the acute housing problem particularly of the low income group in the city of Calcutta as well as in the industrial suburbs of Calcutta and the exorbitant rent charged by landlords, the Government of West Bengal should take up in right earnest construction of suitable houses for the low income groups, and make the employers construct from their Reserve Fund adequate number of houses for the benefit of workers and employees employed under them in various capacities.

আমার মোটামুটি সংশোধনী এজন্য দিচ্ছি প্রথমতঃ সমস্যাটা শুধু কলকাতা সহরের নয়। কলকাতার সহরতলীতে যেসমস্ত মিউনিসিপালিটি আছে বিশেষ করে পার্টিকিউলারলি ইন্ডাষ্ট্রিয়াল এরিয়া যার মধ্যে পশ্চিমবঙ্গের প্রায় ⅓ পপুলেসন আছে তার কথাই বলছি। দ্বিতীয়তঃ শুধু কলকাতার কিছু বাড়ীঘর দখল করলেই কলকাতার যে বৃহৎ সমস্যা সেটা দূর হবে না। আসল সমস্যা দূর হতে পারে না যদি না গভর্নমেন্ট-এর তরফ থেকে সত্যিকার হাউসিং স্কীম নিয়ে অগ্রসর না হয় এবং দ্বিতীয় নম্বর হচ্ছে সহরতলীতে যেখানে শুধু শ্রমিক সম্প্রদায় বাস করে সেখানে মালিক পক্ষ থেকে বাড়ী হলে পর এই সমস্যার সমাধান হতে পারে। এই সম্পর্কে বলি যে সুবোধবাবুর এটা ভেবে দেখা দরকার। কলকাতা সহরে সেটা সংবাদপত্রে প্রকাশ—কলকাতার ডেনসিটি অফ পপুলেসন ৩৪০ পার একার যেখানে ইন্টারনেসন ফিগার ১০০ পার একার। এই বস্তী অঞ্চলেই সবচেয়ে ডেনসিটি অফ পপুলেসন বেশী আর ৮ লক্ষ লোকই বাস করে এই বস্তী অঞ্চলে। এই বস্তী অঞ্চলের বাইরে যে সমস্ত নিম্ন মধ্যবিত্ত লোকেরা বাস করে সেখানেও অত্যন্ত কনজেসন হয়ে রয়েছে। এই যে সমস্যা—বাড়ীঘরের সমস্যা এটা শুধু কলকাতার কয়েকটা বাড়ী দখল করলেই সমস্যা সমাধান হবে না। তারপর সহরতলী এবং বিভিন্ন শ্রমিক অঞ্চলে যে গৃহসমস্যা তা যদি দেখেন তাহলে দেখবেন হিন্দুস্থান ষ্টান্ডার্ড'এ ২৫-৪-৫৫ তারিখে যা বেরিয়েছে—৬ লক্ষ মজুর যা নাকি বিভিন্ন শিল্পে নিযুক্ত আছে তার মধ্যে ১ লক্ষ ২০ হাজারের জন্য ঘরবাড়ীর ব্যবস্থা কোনরকমে মালিকরা করেছে বাকী ৪ লক্ষ ৮০ হাজার শ্রমিকদের সেরকম কোন ব্যবস্থা নাই।

মাননীয় সভাপাল মহাশয়, এরকম লোক দরিদ্র নিম্ন মধ্যবিত্ত লোকেরা কিরকম ভয়াবহ অবস্থায় আছে—বিশেষকরে হাওড়া গেলে সেটা বেশ পরিষ্কার হয়ে উঠে।

[3-40—3-50 p.m.]

সুতরাং এখানে গভর্নমেন্টের সবচেয়ে বড় কর্তব্য নিজেরা বাড়ী করা এবং মালিকদের দিয়ে বাড়ী করান। গভর্নমেন্ট বলতে পারেন আমাদের মালিকদের দিয়ে রিজিউম ফান্ড দিয়ে বাড়ী তৈরী করাবার ক্ষমতা নেই, নানারকম আইনকানুনের কথা বলেন। বলেন মজুরের উন্নতি হয়েছে, মধ্যবিত্তের মাইনে বেড়েছে। অথচ সমগ্র সুতাকলের মজুরেরা গত আট বৎসরের মধ্যে ট্রাইবুনাল পায় নি; ইঞ্জিনিয়ারিং শিল্প পাঁচ বছর ট্রাইবুনাল পায় নি, এই লেবার মিনিষ্টার অর্ডার দিচ্ছেন। ডালহাউসি স্কোয়ারএ যদি আমরা খবর নিই দেখব সেখানে বড় বড় অফিসে কর্মচারীদের মাইনের অবস্থা খারাপ, বর্তমান জীবনযাত্রার মান কিছু কমেছে তাতে চেম্বার অফ কমার্স সেই অনুযায়ী তাদের ডি,এ, কমিয়ে দিচ্ছে। বাড়ীভাড়াতো পাওয়াই যায় না। ষ্টেটসম্যান, ডেটেড ১৩-৭-৫৫, এ বিষয়ে গভর্নমেন্টের কার্য সম্পর্কে কিছু আলোকপাত করেছেন। তারা বলেছেন যে সেন্টার থেকে পশ্চিম বাংলার সরকারের এই বাসস্থান সম্পর্কে প্রস্তাবটি যা গৃহীত হয়েছে তা গৃহীত হলে পরে তাতে ২,১১১টি টেনিমেন্ট হাউস বানান হবে, তার মধ্যে পশ্চিম বাংলা সরকার ৭৮৮টি এবং প্রাইভেট শিল্পপতিরা ১,৩২৩টি করবে। যেখানে ২½ কোটি জনসংখ্যার মধ্যে প্রায় এক কোটি লোকের বাসস্থান নেই সেখানে পশ্চিম বাংলা সরকার ও কেন্দ্রীয় সরকার এই প্ল্যান এপ্রুভ করেছেন। পশ্চিম বাংলা সরকার যে প্ল্যান দেবেন কেন্দ্রীয় সরকার সেই প্ল্যান এপ্রুভ করবেন, কিন্তু এখানে অবস্থা অনুপাতে এই প্ল্যান মোটেই গ্রহণযোগ্য নয়। এতে কি অবস্থা দাড়াচ্ছে? বিভিন্ন রাজ্যসরকারের জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট স্যাংসন করেছেন ২০ লক্ষ ৬১ হাজার টাকা বাড়ীঘর ইত্যাদি বাবদ। তার মধ্যে ৩ লক্ষ ৭২ হাজার টাকা শুধু দেওয়া হয়েছে এবং পশ্চিমবঙ্গ সরকার আজ পর্যন্ত অর্থাৎ আমি যে তারিখের কথা বলছি সেই তারিখ পর্যন্ত ৩০৪টি টেনিমেন্ট হাউস করেছেন। এটা কোন গভর্নমেন্টের পক্ষেই প্রশংসার কথা নয়, সোসিয়ালিষ্ট ষ্টেটএর কথা বাদ দিন, অন্তত ফ্যাসিষ্ট ষ্টেট-এর লোকও এটাকে নিয়ে প্রশংসার দাবী করতে পারে না। তাই আবার ৭ বছর ধরে ঘুরিয়ে ঘুরিয়ে শুনান হয়। আর ২০০ খানা করেছেন এমপ্লয়ার এবং যে গতিতে চলেছে তাতে ২০০ বছর লাগবে পশ্চিম বাংলার লোকের বাসস্থানের ব্যবস্থা হতে এবং লোকসংখ্যাও তো বাড়ছে। ভারত সরকার বলেছেন এবং ডাঃ রায়ও বলেছেন প্রতি বছর ৪৫ লক্ষ লোক সারা ভারতবর্ষে বাড়ছে। হিন্দুস্থান টাইম, দিল্লি, এটা বামপন্থী পত্রিকা নয়, এতে ২২শে জুলাই ১৯৫৫ তারিখে বলা হয়েছে 'হাউস ফর লো ইনকাম গ্রুপস' এতে, ভারত সরকার এবং সমস্ত রাজ্যসরকারের যে প্ল্যান আছে এর অগ্রগতি অত্যন্ত ধীরে ধীরে হচ্ছে—'মেকিং ভেরি স্লো প্রগ্রেস'। বিরলার কাগজ তাই স্লো প্রগ্রেস বলেই সেরেছে। ভারত সরকার কর্জ দিতে রাজী হয়েছেন ২ কোটি ৬১ লক্ষ টাকা। ভারত সরকারের হাতে ২০ কোটি ৭৪ লক্ষ টাকা রয়েছে হাউসিং স্কিমএর জন্য এবং এই টাকাটা ১৩টি রাজ্যসরকার নিচ্ছেন না এবং তার মধ্যে পশ্চিম বাংলা সরকারের নাম করা হয়েছে। আমি বলছি এরকম অবস্থা যেখানে কারখানা শ্রমিকের এই বেতন, যেখানে মধ্যবিত্তের এইরকম বেতন, যেখানে বাড়ীভাড়া এত বেশী এবং তাও পাওয়া যায় না, যেখানে এক কোটি লোক বাড়ী পাচ্ছে না সেই অঞ্চলে এই টাকার দরকার আছে। তাই বলি, সমস্ত এলাকায় কলকাতায় এবং সহরতলীতে গভর্নমেন্ট এবং মালিকদের বাড়ী তৈরী করা দরকার। ডাঃ রায় বলবেন ওই তো কদমতলায় হচ্ছে, ওই ধাপার মাঠে বাড়ী করছি। কিন্তু এইভাবে ১৯৫৫ সালে একটা, ১৯৫৭ সালে আর একটা যদি হতে থাকে তাহলে ২০০ বছর লাগবে এই বাড়ীঘরের সমস্যা সমাধানে। ভারত সরকারের টাকাটা আছে, তাই নিয়ে বাড়ী করুন না। সর্বদিক থেকে তাদের অগ্রসর হওয়া দরকার। ইন্ডাষ্ট্রিয়েল হাউসিং স্কীম যা রয়েছে তাতে অর্ধেক লোন দেবেন অর্ধেক গ্র্যান্ট দেবেন এই ব্যবস্থা আছে এবং বিভিন্ন আর যেসব ব্যবস্থা আছে সেটা করবার জন্য শিল্পপতিদের বাধ্য করুন যাতে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে এত বাড়ী তারা তৈরী করবেন। এইভাবে গেলে এই সমস্যার সমাধান হবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: May I ask Dr. Ranen Sen if he does not mind changing one or two words in his amendment? I would suggest—"Government of West Bengal should take up in right earnest construction of suitable houses for the low income groups", and instead of 'and' put as also "make the employers of industries construct from their Reserve Fund", etc. I want to add 'employers of industries' and instead of using the word 'and' make it 'as also' thereby emphasising that the Government will have to do it and industries will also have to do it.

Dr. Ranendra Nath Sen: I accept it.

[4-50—5 p.m.]

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: I rise to support the resolution that has been brought before the House by Sj. Subodh Banerjee. Sir, I would also like to adopt the resolution that has been moved by Dr. Ranen Sen but that as an addition to what Sj. Subodh Banerjee wants and not as a substitution of the same.

Mr. Speaker: You mean this will remain and that will also remain.

Sj. Sudhir Chandra Ray Chaudhuri: We may accept that on future occasion—amendment of Dr. Ranen Sen. Sir, this is in conformity with the principles that my friends opposite have adopted in acquiring lands under the Estates Acquisition Act. The surplus land the Government has decided should be taken over and redistributed amongst those who have no land. Even then the Government desire to say that the land thus acquired will not be sufficient to provide all those who have no lands. Dearth of accommodation is so keenly felt that it is meet and proper that the Government should take some tangible steps to acquire the excesses,—that is what is meant by this resolution—and to distribute the accommodation amongst those who are suffering from want of accommodation. The Government will take a long time to provide sufficient accommodation to all concerned. In the course of last few years they have not been able to tackle the problem or to make any appreciable progress in the matter. We want, Sir, that the Government should come forward and help the people in the way suggested by Dr. Sen but in the meantime why should not the excesses be acquired and distributed amongst those who are suffering from dearth of accommodation? A ceiling should be fixed as has been done with regard to lands under the Estates Acquisition Act. You fixed the ceiling; say, a family consisting of so many members must have so much accommodation; the excesses must be availed of by others. I am sure that if this resolution is accepted the middle class people will not have to suffer. The rich and the capitalists who have a big house or more houses than one will have to give a portion of their property to the Government so that with that the Government can accommodate those who are suffering from want of accommodation. This is a very fair resolution and we wholeheartedly accept it.

Sj. Koustuv Kanti Karan:

মাননীয় স্পীকার মহোদয়, যে মূল প্রস্তাব সুবোধবাবু এনেছেন, আমি তার বিরোধিতা করছি এবং বন্ধুবর রণেন সেনের সংশোধিত প্রস্তাবের সংশোধন সমর্থন করছি। বন্ধুবর রণেন সেনের সংশোধিত প্রস্তাবের সঙ্গে সুবোধবাবুর মূল প্রস্তাবের নীতিগত পার্থক্য আছে। সুবোধবাবুর প্রস্তাবের উদ্দেশ্য যদি আমি বুঝতে পেরে থাকি, তাহলে আমি বলবো তাঁর ঐ প্রস্তাবের দ্বারা কলিকাতার গৃহসমস্যা সমাধানের কোন ইঙ্গিত বা পথের সন্ধান নাই। এ কথা সত্য যে, কলিকাতার লোক সংখ্যা যেভাবে বেড়ে চলেছে, সেই তুলনায় গৃহের সংখ্যা বাড়ে নাই।

সেজন্য ঘরের উপর অত্যন্ত বেশী চাপ পড়েছে, যারজন্য কলিকাতার লোকের গৃহসমস্যা প্রকৃতই দেশে একটা ভাববার মত বিষয় হয়ে দাঁড়িয়েছে। এই সমস্যার সমাধানের পথ সুবোধবাবু যেভাবে দেখিয়েছেন সেই পথে এর সমাধান হবে না। একথা সত্য যে, কোন কোন ক্ষেত্রে, বাড়ীর মালিকেরা অতিরিক্ত ঘরভাড়া দাবী করেন। তার একটা কারণ হচ্ছে এই, ঘরের অতিরিক্ত ডিম্যান্ড আছে। আমাদের যে 'ওয়েষ্ট বেঙ্গল প্রিমিসেস রেন্ট কন্ট্রোল এ্যাক্ট' আছে, তাতে বাড়ীর মালিক ও ভাড়াটের মধ্যে একটা সম্পর্ক নির্ধারণ করা হয়েছে। সেই এ্যাক্টকে একটা স্থায়ী রূপ দেবার ব্যবস্থা এই অধিবেশনে হবে বলে আশা করছি। আসলে যদি কলিকাতার গৃহসমস্যার সমাধানের জন্য কেবল সরকার থেকে বাড়তি ঘর নিয়ে নেওয়া হয়, তাহলে এই সমস্যার সমাধান হবে না। সুবোধবাবু বলেছেন, বোনাফাইড এ্যান্ড র‍্যাসনাল ইউজের জন্য মালিকদের যা দরকার, সেইটুকু ছেড়ে দিয়ে বাকীটা নিয়ে নেওয়া হবে। আমি বলি এই ওয়েস্ট বেঙ্গল প্রিমিসেস রেন্ট কন্ট্রোল এ্যাক্ট-এর দিকে চেয়ে দেখুন। সেখানে এই বোনাফাইড রিকোয়ারমেন্ট-এর কত রকম ব্যাখ্যা হয়েছে। এই বোনাফাইড এ্যান্ড র‍্যাসন্যাল ইউজ—তার মানে আমাদের বাসের জন্য ঘরের প্রয়োজন আছে। কলিকাতায় হাজার হাজার লক্ষ লক্ষ বাড়ীঘর আছে, যা কেবল মালিকদের বাসের জন্য দরকার হয় না, সেই বাড়ীভাড়ার আয় থেকে তাঁদের সংসার চালাতে হয়। এই বাড়ীভাড়াটাই হচ্ছে তাঁদের একমাত্র সংস্থান। কাজেই এই বোনাফাইড এ্যান্ড রেসন্যাল ইউজ নির্ধারণ করতে গেলে বহু জটিল সমস্যার উদ্ভব হবে—সুবোধবাবুর এই প্রস্তাবে।

দ্বিতীয়তঃ, তিনি একুইজিসন-এর কথা বলেছেন। তিনি হয়তঃ ভুলে গেছেন আমরা যে সংবিধানের উপর দাঁড়িয়ে আছি, এবং যে স্টেটস একুইজিসন এ্যাক্ট নাম করেছি তাতে ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা আছে। কারণ এই ক্ষতিপূরণ দেবার নীতি আমাদের সংবিধানে স্বীকৃত হয়েছে। কাজেই বাড়তি ঘর একোয়ার করতে গেলে তার জন্য ক্ষতিপূরণ দিতে হবে। তছাড়া কলিকাতার সমস্ত বাড়ীঘর সুবোধবাবুর প্রস্তাব অনুসারে একোয়ার করা কত কষ্টসাধ্য হবে সামগ্রিক অর্থনীতির উপর তার চাপ কিরূপ গুরুতরভাবে পড়বে সেটা বিবেচনা করা দরকার।

তৃতীয়তঃ বন্ধুবর রণেন সেন বলেছেন সরকার থেকে চেষ্টা করতে হবে এই সমস্যার মূল সমাধানের জন্য। আজ সমস্যার মূল সমাধান করতে হলে কলকাতার গৃহসমস্যার সমাধান করতে হলে—কলিকাতা সহরের উপর থেকে জনসংখ্যার চাপ কমাতে হবে। আমি মনে করি—কি করে এসব করা যায় যেটা চিন্তা করতে হবে। কলিকাতা বিশ্ববিদ্যালয় ও কলেজ কলিকাতার বাইরে সরিয়ে নেবার প্রয়োজন আছে কিনা—তাও এ সম্পর্কে ভেবে দেখতে হবে। আমার মনে হয়, কলিকাতার চতুপার্শ্বে সহরকে আরও বাড়িয়ে কলিকাতার জনসংখ্যাকে স্থান দেওয়ার ব্যবস্থা করা উচিত। সভাপাল মহাশয়, আপনি জানেন আমাদের মুখ্য মন্ত্রী মহোদয় আগে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে সল্ট লেক রিক্লামেসান স্কীম করেছেন, সেই পরিকল্পনা যদি আজ কার্যে পরিণত হয়, তাহলে সেখানে অন্ততঃ ২৭ হাজার পরিবারকে বাসগৃহ দেওয়া যেতে পারবে। বর্তমানে গভর্নমেন্টের যে পরিকল্পনা আছে—আমি স্বীকার করি—সেই টেনেমেন্ট তৈরীর গতি দ্রুত নয়।

শ্রীযুক্ত রণেন সেন হয়ত ভুলে গেছেন যে, এর আগে ভারত গভর্নমেন্টের টাকা আমরা গ্রহণ করি নি। কিন্তু এবার আপনি জানেন, ভারত সরকার থেকে দু কোটি টাকা এই গৃহনির্মাণ বাবদ দেওয়া হয়েছে—এই ফাইনান্সিয়াল ইয়ারএ এর ১ কোটি ২০ লক্ষ টাকা ব্যক্তিগতভাবে দেওয়া হবে, ৪০ লক্ষ টাকা সমবায় সমিতির মাধ্যমে বিতরণ করা হবে এবং বাকী ৪০ লক্ষ টাকা মিউনিসিপ্যালিটি এ্যান্ড আদার লোকাল বডিস-এর অফিসারদের হাউজ স্কীমএর জন্য খরচ করা হবে। কাজেই রনেন সেন মহাশয় যে কথা বলেছেন তা ঠিক নয়।

আর সুবোধবাবুর প্রস্তাব কেবল অবাস্তব নয়—অবান্তর। এই প্রস্তাব কলিকাতার ভূমি সমস্যা সমাধানের কোন সূত্র তিনি দেখান নি—এ কথা পরিষ্কার। তাঁর এই প্রস্তাবে যদি উইদআউট পেমেন্ট অফ কম্পেনসেসন তিনি মিন করে থাকেন, তাহলে বলবো সে কথাও তিনি পরিষ্কার করে বলেন নাই। তাছাড়া এটা সংবিধান বিরোধীও বটে। কাজেই সুবোধবাবুর

প্রস্তাবের আমি সর্বতোভাবে বিরোধিতা করছি। তিনি বলেছেন—ভূমিকে আমরা যেভাবে একোয়ার করেছি, সঙ্গে সঙ্গে সেইভাবে কলিকাতার গৃহকেও আমাদের একোয়ার করে নিতে হবে। এ দুটা এক জিনিষ নয়।

[5—5-10 p.m.]

সুবোধবাবু বলেছেন ভূমিহীনদের জন্য যেভাবে ল্যান্ড একোয়ার করা হচ্ছে সেইভাবে কলকাতার সমস্ত বিল্ডিং একোয়ার করে নিন, কারণ এখানে ভূমি সমস্যার ক্ষেত্র না হলেও যেভাবে ভূমির ব্যাপারে একটা প্রিভিলেজড ক্লাস গড়ে উঠেছিল, আজ ইনক্রিজড এগ্রিকালচারাল প্রডাকসনের জন্য তাদের হাত থেকে ভূমি ছাড়িয়ে নেওয়া দরকার—একথা স্বীকার করি। সুবোধ-বাবু বলেন যে, যারা বেশী ভাড়া নিয়ে কেপিটালিস্ট হয়ে যাচ্ছে তাদের উপরও সেইভাবে হাত দিতে হবে। কিন্তু আমি বুঝতে পারি না এই সোসিয়েলাইজেসন অফ ল্যান্ড এবং সোসিয়ে-লাইজেসন অফ বিল্ডিং—এই দুটো এক কি করে হতে পারে। এটা আমার বোধের অগম্য বলেই মনে করি, সুবোধবাবুর কাছে এটা কি করে সুবোধ্য হতে পারে তা বুঝতে পারি না। তাঁর প্রস্তাবটা একেবারেই অবাস্তব, সেইজন্য আমি তাঁর প্রস্তাবের বিরোধিতা করছি।

Mr. Speaker: Are you supporting the amendment of Dr. Ranen Sen?

Sj. Koustuv Kanti Karan:

আমি পূর্ণভাবে ডাঃ সেনের সংশোধিত প্রস্তাবটি সমর্থন করছি।

Sj. Ambica Chakrabarty:

মিঃ স্পীকার, কলকাতায় বাড়ীঘর ভাড়া পাওয়া যে অসম্ভব ব্যাপার তা আমরা সকলেই জানি। যুদ্ধের পর থেকেই দিনের পর দিন লোক সংখ্যা ক্রমশঃ বেড়ে যাচ্ছে, এমনকি কলকাতার রাস্তার ফুটপাথ দিয়ে চলাচল অসম্ভব হয়ে পড়েছে। শ্রমিকদেরই শুধু নয়। সাধারণ লোকের বিশেষ করে মধ্যবিত্তদের বাড়ীভাড়া পাওয়া দুরূহ হয়ে দাঁড়িয়েছে। আমি সাধারণ মধ্যবিত্ত যারা তাদের কথাও বলছি, এখানে আমি নিজের সম্বন্ধেও একটা গল্প বলছি। আমি আমার এক বন্ধুকে বলেছিলাম আমাকে একটা বাড়ীভাড়া করে দিতে, তাও সাধারণ বাড়ী, একটিমাত্র রুম হলেই চলবে বলেছিলাম। তিনি আমাকে উত্তর করলেন—বাড়ী ভাড়া পাওয়া যায় না, তারচেয়ে বরং ভগবানকে যোগাড় করে দেওয়া সহজ। আজকাল এই কলকাতায় অনেকেই বাধ্য হয়ে অত্যধিক ভাড়া দিয়ে থাকেন। যদিও রেন্ট কন্ট্রোলএর ব্যবস্থা আছে তবু অনেককেই অধিক ভাড়া দিতে হয়, এমন ব্যবস্থা করেছে বাড়ীওয়ালারা যে ১৫ বছরের লীজ লিখিয়ে নিয়ে এমনভাবে টাকা নিয়ে নেয় যে ভাড়াটিয়ারা আর রেন্ট কন্ট্রোলএ যেতেই পারে না। আমার সরকারের কাছে নিবেদন, এই যে ১৫ বছরের যে লীজের ব্যবস্থা আছে যে ব্যবস্থায় ভাড়াটিয়ারা রেন্ট কন্ট্রোলএ যেতে পারে না, তার প্রতিষেধের ব্যবস্থা আশু করা প্রয়োজন।

তারপর বাড়ীর অভাব যে শুধু কলকাতার উপরই তা নয়, কলকাতার আশেপাশেও বাড়ীর যথেষ্ট অভাব রয়েছে। সুতরাং কলকাতার উপর বড়লোকদের বাড়ী দখল করলেই যে এ অভাব দূর হবে তা নয়। কিন্তু বড়লোকদের বাড়ী নিয়ে সরকার গরীবদের দিন আমরা তার বিরোধী নই, বড়লোকদের বাড়ী নিলেই যদি প্রশ্নের সমাধান হত তাহলে আমরা এ প্রস্তাবের বিরোধীতা করতাম না, যদি সরকার বাড়ী তৈরী করে যাদের বাড়ী নাই সেই গরীবদের দেবার ব্যবস্থা না করেন, তাহলে গরীবদের বাড়ী পাওয়ার আর সম্ভাবনা দেখি না। এবং এটা করা সরকারেরই কর্তব্য। কারণ সমস্ত সভ্য দেশেই দেখেছি হাউসিং প্রব্লেম সলভ করবার জন্য ষ্টেট নিজে দায়িত্ব নিয়ে যাদের বাড়ী নাই তাদের বাড়ী দিচ্ছেন। কলকাতা ছাড়া, ভারতবর্ষ ছাড়া, অন্য কোন সভ্য দেশে এরকম আছে কিনা জানি না যে বাইরে, রাস্তার উপর এত লোক পড়ে থাকে। সমস্ত নাগরিকদের খাবার ও থাকবার বন্দোবস্ত করা সরকারের দায়িত্ব। কাজেই আমি সরকারের কাছে আবেদন করছি—যাতে এই হাউসিং প্রব্লেমটা সলভ হয় এমন একটা স্কীম গ্রহণ করুন, যে স্কীমে সর্বসাধারণ, গরীব, মধ্যবিত্ত সকলেই বাড়ী পেতে পারে, অর্থাৎ যাদের বাড়ী নেই তারা যাতে বাড়ী পেতে পারে এইরকম একটা স্কীম সরকার নিন।

সরকার কোটি কোটি টাকা খরচ করেছেন, তবু বাস্তুহারাদের ব্যবস্থা করতে পারছেন না। বাস্তুহারা ছাড়া যারা সাধারণ নাগরিক তারাও অনেকে বাড়ীর অভাবে রাস্তায় ঘাটে দিন কাটাচ্ছে, এ সমস্যা দিনের পর দিন চরমে উঠছে। সুতরাং সরকার এর ব্যবস্থা শীঘ্র হাতে নেবেন এই নিবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রস্তাবটা আনা হয়েছে তার সংশোধনী প্রস্তাবটা খুব ভাল হয়েছে। এবং সুখের কথা, এতে আমাদের গভর্নমেন্ট সাইডএর বন্ধুদের দিক থেকেও সমর্থন এসেছে। আমি এখানে একটা জিনিষ আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি। একটা বাড়ী রিকুইজিসন করার অসুবিধা আছে। কিন্তু একটা পদ্ধতি যেটা ফ্রান্সে, প্যারিসে দেখে এসেছি সেইটে বলছি এবং সেটা বিবেচনা করে দেখবেন এখানে করা যায় কিনা।

এখানে যাঁরা বাড়ী ভাড়া দেন, তাঁরা সেলামী নেন, পাগড়ী নেন, সে ব্যবস্থা বড়ই দুঃখের। কিন্তু প্যারিসে তা হতে পারে না। সেখানে ষ্টেট বাড়ী রিকুইজিসন করে না। সেখানে একটা ষ্টেট ডিপার্টমেন্ট আছে, মিনিষ্ট্রি অফ হাউসিং। যত লোকের বাড়ী ভাড়া আছে বা ভেকেন্ট আছে তাদের রিপোর্ট করতে হবে সেই ডিপার্টমেন্টে। এবং যারা বাড়ীভাড়ার প্রার্থী তারা বাড়ীওয়ালা বা ওনারএর কাছে গিয়ে দরখাস্ত করে না, দরখাস্ত করে সেই ডিপার্টমেন্টের কাছে, এবং সেই ডিপার্টমেন্ট বাড়ী বিলি করে। সেইজন্য সেলামী, পাগড়ী বা বেশী ভাড়া নেবার ব্যাপার সেখানে থাকে না। এইজন্য আমি অনুরোধ করব—গভর্নমেন্ট হাউসিং স্কীমে বাড়ী তৈরী করুন বা শিল্পপতিদের দ্বারা বাড়ী তৈরী করান। বর্তমানে কলকাতার যা অবস্থা, যে অনাচার যে এক্‌জ্যাকসান চলছে সেটা বন্ধ করতে হলে গভর্নমেন্টের এমন একটা ব্যবস্থা করা উচিত,—কলকাতায় যাদের বাড়ী আছে সেগুলি ইনসপেক্ট করতে হবে—ইনডিভিজুয়েলি একটি লোক এক একটি প্যালেস নিয়ে বাস করবে, সেটা এ্যালাউ করা চলবে না, তাদের বলে দিতে হবে তার আবশ্যকের অতিরিক্ত অংশ ভাড়া দিতে হবে। এবং যেখানে যে বাড়ী ভাড়া দেওয়া হবে সেটা স্টেট বিতরণ করবে। এ যদি না হয় এখন যে অনাচার চলছে তা বন্ধ হবে না। এইটে যদি করা হয় তাহলে ভাড়াটের প্রতি বাড়ীওয়ালারা যে অন্যায় করে তার প্রতিকার করা হবে। যাঁরা এখানে আইন সদস্য আছেন তাঁরা বিবেচনা করবেন এটা এদেশে সম্ভব কিনা। অন্যান্য দেশে এটা সফল হয়েছে। সেখানে প্রত্যেক হোটেলে ফ্লোর স্পেস মাপা আছে, দৈনিক ভাড়া লেখা আছে এবং তাতে সই করা আছে হাউসিং মিনিষ্ট্রির। তারচেয়ে এক ফ্রাঙ্ক বেশী নিলে ক্রিমিন্যাল প্রসিকিউসান হবে। এইভাবেই আপনারা বাড়ী বণ্টন করুন বা অন্য কোন সুষ্ঠভাবেই করুন বাড়ী ভাড়ার ব্যাপার যাতে এক্‌জাকসান না হয় তার ব্যবস্থা করুন।

Dr. Kanailal Bhattacharya:

আমি সুবোধবাবুর মূল প্রস্তাব সমর্থন করি। কিন্তু তার মানে এ নয় যে, রণেনবাবু যে সংশোধনী এনেছেন সেটা আমি চাই না। সুবোধবাবুর এই রেজলুশন ব্যাহত হয়ে যাবে যদি এই এমেন্ডমেন্ট এর সঙ্গে যোগ করে দেওয়া হয়। সুবোধবাবু চান কলকাতার হাউসিং সমস্যার সমাধান তারপর সুবোধবাবুর প্রস্তাবে আর একটা জিনিষ আছে—কলকাতার বাড়ী-ওয়ালারা যেরকম অন্যায়ভাবে অত্যাচার করে তার একটা প্রতিকার হওয়া দরকার, এবং এরজন্য গভর্নমেন্টের একটা স্টেপ নেওয়া দরকার। তাছাড়া আর একটা পয়েন্ট বলতে চাই—সরকার যদি এগুলি ন্যাসানালাইজ না করেন তাহলে এগুলি মিউনিসিপালাইজ হওয়া উচিত। আজকের দিনে সভ্য জগতে যে কোন টাউন বা সিটিতে যাই দেখা যায় সেখানে মিউনিসিপালিটি বা কর্পোরেশন সহরের বেশীর ভাগ বাড়ীর উপর কর্তৃত্ব করেন, তা থেকে মিউনিসিপাল সরকারের একটা ইনকাম আসে। কলকাতা সহরের বড় বড় বাড়ীগুলি যেভাবে পুঁজিপতিদের কুক্ষিগত হয়ে আছে, তাছাড়া মনে করি জনসাধারণের সংস্থা বলতে কলকাতা কর্পোরেশন কিম্বা মিউনি-সিপালিটি বা সরকার তা থেকে যে সমস্ত রাজস্ব পেতে পারতেন তা থেকে তাঁরা বঞ্চিত হচ্ছেন, এবং সেই রাজস্ব জনকতক পুঁজিপতির হাতে গিয়ে পড়ছে। সেই দিক থেকে দেখতে গিয়ে আমি সুবোধবাবুর প্রস্তাব সমর্থন করি।

[5-10—5-20 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, there is no quarrel with the fundamental premises of the resolution as also of the amendment, namely, that there is acute shortage in Calcutta and the neighbouring areas. The question is how to remedy this thing. The suggestion made by my friend Shri Subodh Banerjee may look very tempting but I do not know whether it would be of much use because the total number of houses that would be available for distribution, the money that we will have to pay for compensation and the number of people that could be accommodated, they are no comparison with the upsetting that would be caused by any proposal of this type.

Sir, this Government has put in in the Second Five-Year Plan an amount of Rs. 7 crores for low income groups, Rs. 6 crores for industrial housing and Rs. 2 crores for rural housing. Of course, these amounts have been proposed by us, we are not sure how far the Planning Commission will agree; but I am hoping that a great portion of them will be accepted but the point that I want to stress is that so far as Calcutta and industrial areas are concerned, the difficulty is in getting land at a rate which would make it possible for the rent to be within the reach of the majority of the low income group. The other day a gentleman came to me and said he wanted to give to Government 3 bighas of land in a Central Calcutta place. I was happy because I thought I will make some tenements there but when he said he would ask for Rs. 20 thousand a cotta, then I was aghast! it is impossible to do anything within the reasonable limit to have a building of that type. You may say, why not take away the land and do not pay him Rs. 20 thousand. I doubt very much whether we will succeed in the law court. In order to avoid that we have another scheme before the Planning Commission, viz., recovery of land of the North Salt Lake area, four square miles, which is next to Manicktolla. Four square miles will be recovered and it will be recovered in this way that the silt from the Hooghly river will be deposited in that four square mile area and it will be raised 12 feet so as to be the same level as Manicktolla area. We have calculated that the development cost and reclamation cost would make it possible for the land to be distributed at, say, Rs. 1,400 to Rs. 1,500 a cotta. Of course, I am only giving a tentative figure, it is vastly different from Rs. 20,000 a cotta. Personally I have found that even if a particular piece of land is more than Rs. 3,000 a cotta, it becomes impossible to erect structures on it and then let them out at certain rate which it will be possible for people to pay and it is no use building tenements on it. After all, the money that the Government of India has promised to low income group or to industrial housing is only a loan and I have got to pay back with an interest of 4½ per cent. Therefore, calculating the sinking fund and the 4½ per cent. interest and the value of the land and the value of the structures, the actual rental becomes rather high unless there is a subsidy given. It is possible that so far as industrial housing is concerned we may have to arrange for a subsidy, I do not know. On the other hand my feeling in erecting structures in the industrial areas is very much more important even than the provision of extra allowance or extra bonus and I will tell you why. It not merely gives a shelter and amenity—and I may say at once to my friends here that I have been trying to impress upon the industrialists, particularly the jute and textile industrialists, that they should at the earliest opportunity take upon themselves to build structures, because if the housing is proper and not a wretched hovel which is not good enough even for animals to live in, there is a link established between the management and the labour, and secondly, as I have said, psychologically it has its own

effect. An ordinary worker, even without the instigation that he may get from my friends opposite, cannot realise why while he is a joint worker in developing the industry the Manager should live in a two-storied building, in an air-conditioned room and with beautiful lawn, etc., etc., and he should have a wretched house. This does not require anybody's instigation; naturally the industrial workers have begun to realise the difference between the one and the other. Therefore, it is important and I have no hesitation in accepting the proposition of Dr. Ranen Sen that the employers of industries should construct their houses from the reserve fund—of course, he says 'reserve fund', I do not know whether everybody has got a reserve fund, I would ask every one to construct building by loan. If it is a reserve fund there may be arguments on that point. In any case I feel the approach of Dr. Ranen Sen is much more realistic than the approach of Shri Subodh Banerjee in order to relieve the present difficulty regarding housing.

Therefore, Sir, I accept the amendment of Dr. Ranen Sen with just an alteration of one or two words which he has accepted in order to solve the very acute problem which is facing us today.

Mr. Speaker: Before I put the amended resolution of Dr. Ranendra Nath Sen to vote, I will read the amended resolution as it stands after the amendment which has been accepted by the Government.

> "In view of the acute housing problem, particularly in the city of Calcutta as well as in the industrial suburbs of Calcutta, and the exorbitant rent charged by landlords, this Assembly is of opinion that the Government of West Bengal should take up in right earnest construction of suitable houses for the low income groups as also make the employers of industries construct from their Reserve Fund adequate number of houses for the benefit of workers and employees employed under them in various capacities."

The amendment of Dr. Ranendra Nath Sen that in line 2, after the words "housing problem" the words "particularly of the low income group" be inserted, was then put and agreed to.

The amendment of Dr. Ranendra Nath Sen that in line 2, after the word "Calcutta" the words "as well as in the industrial suburbs of Calcutta" be inserted, was then put and agreed to.

The amendment of the Hon'ble Dr. Bidhan Chandra Roy by way of amendment to the amendment No. 3 of Dr. Ranendra Nath Sen that in line 2, for the word "and" the words "as also" be substituted and in line 3 after the word "employers" the words "of industries" be inserted, was then put and agreed to.

[Amendment No. 3 of Dr. Ranendra Nath Sen fell through.]

The amendement of Dr. Ranendra Nath Sen, as amended by the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Government of West Bengal should take up in right earnest construction of suitable houses for the low income groups, as also make the employers of industries construct from their Reserve Fund adequate number of houses for the benefit of workers and employees employed under them in various capacities.", was then put and agreed to.

The resolution of Sj. Subodh Banerjee, as amended by the amendments of Dr. Ranendra Nath Sen and the Hon'ble Dr. Bidhan Chandra Roy that in view of the acute housing problem particularly of the low income group in the city of Calcutta as well as in the industrial suburbs of Calcutta and the exorbitant rent charged by landlords, this Assembly is of opinion that Government of West Bengal should take up in right earnest construction of

suitable houses for the low income groups as also make the employers of industries construct from their Reserve Funds adequate number of houses for the benefit of workers and employees employed under them in various capacities, was then put and agreed to.

Mr. Speaker: Now, we pass on to the Calcutta Sports Bill.

GOVERNMENT BILL

The Calcutta Sports Bill, 1955

Clause 6

[5-20—5-30 p.m.]

Mr. Speaker: Before I call the amendments, I would remind the respective movers that the amendments to clause 6 are identical to the amendments to clause 5. So, I think that at least in moving the amendments to clause 6, there need not be long speeches because the arguments advanced yesterday are the same arguments with regard to the amendments to clause 6.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that in clause 6(1), line 2, the word "control" be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 6(1)(*a*), line 1, for the word "twelve" the word "twenty" be substituted.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, I beg to move that in clause 6(1)(*a*), line 1, for the word "twelve" the word "fifteen" be substituted.

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that in paragraph (*a*) of sub-clause (1) of clause 6 of the Bill, lines 3 to 6, the words ", the rules being made so as to provide for such representation of different types of sports as the State Government thinks fit" be omitted.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 6(1)(*a*), lines 4 to 6, for the words "such representation of different types of sports as the State Government thinks fit" the words "representation of all the different types of sports as mentioned in section 2(*h*)" be substituted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 6(1)(*b*), line 1, for the word "four" the word "five" be substituted.

I also beg to move that clause 6(1)(*c*) be omitted.

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 6(1), the following new item be added, namely:—

"(*e*) Three representatives from the districts of West Bengal to be elected by the District Sports Associations."

Dr. Narayan Chandra Ray: Sir, I beg to move that in clause 6(1), the following new item be added, namely:—

"(*e*) One representative each of the University Sports Board and Indian Schools Sports Association."

Sj. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 6(1), line 16, the word "control" be omitted.

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 6(2)(*a*), line 3, after the words "date of his election", the words "but if he ceases to represent the affiliated sports organisation or to be a member of the

Association, as the case may be, before the end of his term of office, he shall be removed from office and fresh election shall be made according to sub-section (3)," be inserted.

I also beg to move that clause 6(2)(*b*) be omitted.

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that at the end of sub-clause (2) of clause 6 of the Bill, the words "Provided that if a member of the Committee ceases to be a member of an affiliated sports organisation or to be a member of the Association, as the case may be before the end of his term of office as member of the Committee, he shall cease to hold office as a member of the Committee and there shall be deemed to be a casual vacancy in the seat of such member" be added.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that clause 6(4)(*a*) be omitted.

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that in paragraph (*b*) of sub-clause (4) of clause 6 of the Bill the word "four" be substituted for the word "two" in the second line.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: Sir, I beg to move that in clause 6(4)(*b*), line 2, for the words "two years" the words "one year" be substituted.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 6(4)(*b*), line 3, for the words "nomination by the State Government" the words "election by the Association" be substituted.

I also beg to move that clause 6(4)(*c*) be omitted.

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that for sub-clause (5) of clause 6 of the Bill, the following sub-clause be substituted, namely:—

"(5) The Committee shall have, in accordance with such rules as may be prescribed, the power (a) to arrange, organise, manage and control sports and matches and to regulate the award of trophies, (b) to take steps for the development of sports and training of sportsmen, and (c) to have with the approval of the Board the use of any play ground or sports stadium under the management and control of the Board for the purpose of sports and matches.".

Sj. Subodh Banerjee: Sir, I beg to move that in clause 6, after sub-clause (5) a new sub-clause (5a) be inserted, namely:—

"(5a) The duties of the Committee shall be to train up budding sportsmen, to look after the physical fitness of such sportsmen, to improve the material conditions of sportsmen by removing financial handicap, and to do all such things as will upgrade the standard of sports."

Sj. Gopika Bilas Sen Gupta: Sir, I beg to move that in sub-clause (6) of clause 6 of the Bill, lines 3 and 4, for the words "by it and every such Sub-Committee shall consist of representatives" the words ", according to such rules as may be prescribed, the rules being made to provide for representation" be substituted.

I also beg to move that after sub-clause (6) of clause 6 of the Bill the following sub-clause be inserted, namely:—

"(6a) The Committee and, where for any particular branch of sport a Sub-Committee has been constituted under sub-clause (6), such Sub-Committee, shall have power to enquire into any case

of unsportsman-like conduct referred to in sub-section (1) of section 7; and where the enquiry is held by a Sub-Committee, the Sub-Committee shall submit a report to the Committee:

Provided that when immediate action is considered to be necessary, the Committee or the Sub-Committee, as the case may be, may, after giving, where possible, to the member of the affiliated sports organisation concerned an opportunity to show cause against the action proposed to be taken, suspend him from further participation in sports and matches arranged, organised or managed by it until a final decision is arrived at in the case."

I also beg to move that in sub-clause (7) of clause 6 of the Bill—

(a) the words "and all financial arrangements relating to such sports and matches" be added after the words "sports and matches" in the second line; and

(b) the words "according to such rules as may be prescribed", be added after the words "with the Board" in the third line.

Dr. Kanailal Bhattacharya: Sir, I beg to move that in clause 6(7), lines 3 and 4, the words "subject to the approval of the State Government" be omitted.

Dr. Hirendra Kumar Chatterjee: Sir, my amendment is that in clause 6(1), line 2, the word "control" be omitted. Sir, I explained to you the reason yesterday.

My second amendment is that in clause 6(1)(*a*), line 1, for the word "twelve" the word "fifteen" be substituted. I want to speak on this a few words, because as has been stated there is scope for including other sports as well, and yesterday it was pointed out that there are certain number of sports which can fill up the whole quota of those 12 men. And certainly many of the other sports may not be represented in the Committee. Therefore, I have increased the number from 12 to 15.

Mr. Speaker: Mr. Subodh Banerjee, you go on with your series of amendments.

Sj. Subodh Banerjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার সংশোধনী প্রস্তাব হচ্ছে, স্পোর্টস কন্ট্রোল কমিটি বিভিন্ন এফিলিয়েটেড অরগেনিজেসানএ প্রতিনিধির সংখ্যা পরিবর্তন করা নিয়ে।

Mr. Speaker: Substitution of five by four. No speech is necessary.

Sj. Subodh Banerjee: I won't inflict any lengthy speech of this.

আমার প্রথম সংশোধন হচ্ছে যে জায়গায় বলা হয়েছে ১২ জন প্রতিনিধি থাকবেন সে জায়গায় আমি ২০ জনের কথা বলছি।

Mr. Speaker: On which you are speaking?

Sj. Subodh Banerjee: Amendment No. 55

যে জায়গায় ৪ জনের কথা বলা হয়েছে সভ্যদের প্রতিনিধি হিসাবে আমি সে জায়গায় বলেছি ৫ জন হবেন। এবং সরকার মনোনীত যে ৪ জনের কথা রয়েছে সেটা বাদ দিতে বলছি। মোটামুটি বলতে গেলে স্পোর্টস কন্ট্রোল কমিটিতে ৩০ জন প্রতিনিধি থাকবেন, তার মধ্যে ২০ জন হচ্ছেন বিভিন্ন এফিলিয়েটেডএর প্রতিনিধি, ৫ জন হচ্ছেন এই ক্লাব মেম্বার ছাড়া আর যাঁরা সভ্য থাকবেন তাঁদের নির্বাচিত প্রতিনিধি আর ৫ জন স্পোর্টস বোর্ডএর সদস্য এক্স-অফিসিও হিসাবে থাকবেন। এই হ'ল আমার কথা। এই পরিবর্তনের কারণ কি? প্রথম কারণ হচ্ছে যে, আমি কালকে দেখিয়েছি বিভিন্ন বিভাগের খেলাধূলায় যাতে কমিটিতে প্রতিনিধিত্ব পায় তার ব্যবস্থা করতে হবে। কমিটির সভ্যদের নিয়ে সাব-কমিটি গঠিত হবে। ৬টা বিষয়ে

খেলার জন্য ১২ জন প্রতিনিধি; তাহলে এক একটা বিষয়ে ২ জন করে হয়। এই ২ জন সাব-কমিটিতে থাকবেন এটা যুক্তি নয়। সংখ্যা বাড়িয়ে আরও প্রতিনিধিত্বমূলক করা উচিত ব'লে মনে করি। সাব-কমিটি মূল কমিটির অধীনে। মূল কমিটির সভ্য নয় এমন লোককে তাই সাব-কমিটিতে নেওয়া যেতে পারে না। মূল কমিটির সভ্যের সংখ্যা এই কারণে বাড়ান দরকার। সুতরাং বিভিন্ন এফিলিয়েটেড অরগেনাইজেসনএর প্রতিনিধি বাড়িয়ে দেওয়া হোক এবং সভ্যদের দ্বারা নির্বাচিত সদস্যের সংখ্যাও বাড়ান প্রয়োজন আছে। সরকার পক্ষ মোট ২৫ জনের কথা বলেছেন যার মধ্যে ৪ জন হল মনোনীত এবং বোর্ডের ৫ জন সভ্য—বোর্ডের ৫ জনসভ্যই সরকার মনোনীত; তাহলে মোট মনোনীতের সংখ্যা দাঁড়ায় ৯ জন। সুতরাং ৯ জন মনোনীত সদস্য থাকছেন মোট ২৫ জনের মধ্যে। এটা বড় বেশী বলে মনে করি। সুতরাং এটা বাদ দিতে বলছি। সরকার পক্ষ থেকে বলা হয়েছে যাঁরা ভাল খেলাধূলা করেন, ও খেলাধূলার সংগে জড়িত, তাদের মধ্যে থেকে মনোনীত করবেন। এরকম সভ্য যাঁরা রয়েছেন তাঁদের মধ্যে থেকে কমিটিতে নির্বাচিত হয়ে আসতে পারবেন। পৃথকভাবে মনোনীত করার কারণ কি? কমিটিতে সরকারের লোক নেই বলার উপায়ও নেই কারণ বোর্ডএর প্রতিনিধিরা সকলেই সরকারের লোক। সুতরাং আলাদাভাবে ৪ জনকে মনোনয়নের প্রয়োজন কি আছে? আমার ৪র্থ সংশোধনী প্রস্তাব সরকার পক্ষ গ্রহণ করেছেন। গোপিকাবিলাস বাবুর সংশোধনী প্রস্তাব ৬৯(ক)তে সেটা কভার করছে। সুতরাং বক্তৃতা করার বিশেষ কিছু নাই। আমরা বিরোধী পক্ষে আছি বলেই আমাদের কথা আনরিজনএবল একথা ভাবার কারণ নেই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

সব সময় নয়।

Sj. Subodh Banerjee:

দ্বিতীয় নম্বরে ক্লজ ৬(২)(বি) তুলে দিতে বলেছি। সরকার মনোনীত সদস্য যেহেতু তুলে নিতে চাচ্ছি সেজন্য ৬(২)(বি) বাদ দেওয়া দরকার আছে। এছাড়া একটা নতুন ধারা যোগ করতে চাচ্ছি।

My new sub-clause (5a) reads thus:

"The duties of the Committee shall be to train up budding sportsmen, to look after the physical fitness of such sportsmen, to improve the material conditions of sportsmen by removing financial handicap, and to do all such things as will upgrade the standard of sports."

[5-30—5-40 p.m.]

Mr. Speaker: 'Budding sportsmen' is not a legal language.

Sj. Subodh Banerjee: But you have taken the word "bona fide".

Mr. Speaker: "Bona fide" is a well-established legal expression. Better say "train up sportsmen".

Sj. Subodh Banerjee:

